Al Quran

(Arabic-Bangla)



Ministry of Religious Affairs
Government of the People's Republic of Bangladesh

সূচিপত্র

ছুরা নং	ছুরার নাম	পৃষ্ঠা নং
১	ফাতিহা	১
২	বাকারাহ্	২
৩	আলে-ইমরান	৯৬
৪	নিসা	১৪৯
৫	মায়িদা	২০৫
৬	আনআম	২৪৭
৭	আ'রাফ	২৯৪
৮	আনফাল	৩৪৮
৯	তাওবা	৩৬৭
১০	ইউনুস	৪০৬
১১	হুদ	৪৩৪
১২	ইউসুফ	৪৬৪
১৩	রা'দ	৪৯২
১৪	ইবরাহীম	৫০৪
১৫	হিজর	৫১৮
১৬	নাহল	৫৩১
১৭	বনী ইসরাঈল	৫৬১
১৮	কাহ্ফ	৫৮৬
১৯	মারইয়াম	৬১১
২০	ত্বা-হা	৬২৮
২১	আম্বিয়া	৬৫২
২২	হাজ্জ	৬৭৩
২৩	মু'মিনুন	৬৯৩
২৪	নূর	৭১২
২৫	ফুরকান	৭৩২
২৬	শুআরা	৭৪৭
২৭	নামল	৭৭৬
২৮	ক্বাসাস	৭৯৫
২৯	আনকাবূত	৮১৮

ছুরা নং	ছুরার নাম	পৃষ্ঠা নং
৩০	রূম	৮৩৪
৩১	লুকমান	৮৪৭
৩২	সাজ্দা	৮৫৫
৩৩	আহ্যাব	৮৬২
৩৪	সাবা	৮৮২
৩৫	ফাতির	৮৯৫
৩৬	ইয়াসীন	৯০৭
৩৭	সাফ্ফাত	৯২০
৩৮	সাদ	৯৪২
৩৯	যুমার	৯৫৬
৪০	মু'মিন	৯৭৪
৪১	হা-মীম আস-সাজ্দা	৯৯৪
৪২	শূরা	১০৭
৪৩	যুখরুফ	১০২০
৪৪	দুখান	১০৩৫
৪৫	জাসিয়া	১০৪৫
৪৬	আহ্কাফ	১০৫১
৪৭	মুহাম্মদ	১০৬১
৪৮	ফাত্হ	১০৭০
৪৯	হুজরাত	১০৭৯
৫০	ক্বাফ	১০৮৪
৫১	যারিয়াত	১০৯১
৫২	তূর	১০৯৯
৫৩	নাজ্ম	১১০৬
৫৪	ক্বামার	১১১৪
৫৫	রহ্মান	১১২১
৫৬	ওয়াকি'আ	১১৩১
৫৭	হাদীদ	১১৪২
৫৮	মুজাদালা	১১৫১

ছুরা নং	ছুরার নাম	পৃষ্ঠা নং
৫৯	হাশ্‌র	১১৫৮
৬০	মুমতাহিনাহ	১১৬৫
৬১	সাফ্‌ফ	১১৭০
৬২	জুমু'আ	১১৭৪
৬৩	মুনাফিকুন	১১৭৭
৬৪	তাগাবুন	১১৮০
৬৫	তালাক্ব	১১৮৪
৬৬	তাহরীম	১১৮৮
৬৭	মুল্‌ক	১১৯২
৬৮	ক্বালাম	১১৯৭
৬৯	হাক্কা	১২০৪
৭০	মা'আরিজ	১২১১
৭১	নূহ	১২১৬
৭২	জিন	১২২১
৭৩	মুয্‌যাম্মিল	১২২৬
৭৪	মুদ্দাছ্‌ছির	১২৩০
৭৫	কিয়ামাহ	১২৩৭
৭৬	দাহ্‌র/ইনসান	১২৪২
৭৭	মুরসালাত	১২৪৭
৭৮	নাবা	১২৫২
৭৯	নাযি'আত	১২৫৭
৮০	আবাসা	১২৬২
৮১	তাকবীর	১২৬৭
৮২	ইন্‌ফিতার	১২৭১
৮৩	মুতাফ্‌ফিফীন	১২৭৩
৮৪	ইনশিক্বাক	১২৭৭
৮৫	বুরুজ	১২৮০
৮৬	তারিক	১২৮৩

ছুরা নং	ছুরার নাম	পৃষ্ঠা নং
৮৭	আ'লা	১২৮৫
৮৮	গাশিয়া	১২৮৭
৮৯	ফাজ্‌র	১২৯০
৯০	বালাদ	১২৯৪
৯১	শাম্‌স	১২৯৬
৯২	লাইল	১২৯৮
৯৩	দুহা	১৩০১
৯৪	ইনশিরাহ্‌	১৩০২
৯৫	ত্বীন	১৩০৩
৯৬	আলাক্ব	১৩০৪
৯৭	কাদ্‌র	১৩০৬
৯৮	বায়্যিনাহ	১৩০৭
৯৯	যিল্‌যাল	১৩০৯
১০০	আদিয়াত	১৩১০
১০১	ক্বারি'আ	১৩১১
১০২	তাকাছুর	১৩১৩
১০৩	আস্‌র	১৩১৪
১০৪	হুমাযাহ	১৩১৪
১০৫	ফীল	১৩১৫
১০৬	কুরাইশ	১৩১৬
১০৭	মাউন	১৩১৬
১০৮	কাওছার	১৩১৭
১০৯	কাফিরূন	১৩১৮
১১০	নাস্‌র	১৩১৯
১১১	লাহাব	১৩১৯
১১২	ইখ্‌লাস	১৩২০
১১৩	ফালাক	১৩২০
১১৪	নাস	১৩২১

1- Al-Fatihah - ফাতিহা - الفاتحة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اَلۡحَمۡدُ لِلّٰهِ رَبِّ الۡعٰلَمِيۡنَ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আল্ হ'ামদুলিল্লা-হি রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহ্‌রই,	
	الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আর্‌রাহ'মা-নির রাহ'ীম।	
তরজমা	যিনি দয়াময়, পরম দয়ালু,	
	مٰلِكِ يَوۡمِ الدِّيۡنِ ؕ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	মা-লিকি ইয়াওমিদ্দীন।	
তরজমা	কর্মফল দিবসের মালিক।	
	اِيَّاكَ نَعۡبُدُ وَاِيَّاكَ نَسۡتَعِيۡنُ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইয়্যা-কা না'বুদু ওয়া ইয়্যা-কা নাছ্‌তা'ঈন।	
তরজমা	আমরা শুধু তোমারই 'ইবাদত করি, শুধু তোমারই সাহায্য প্রার্থনা করি,	
	اِهۡدِنَا الصِّرَاطَ الۡمُسۡتَقِيۡمَ ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ইহ্‌দিনাস্‌সিরা-ত'াল মুছ্‌তাক'ীম।	
তরজমা	আমাদেরকে সরল পথ প্রদর্শন কর,	
	صِرَاطَ الَّذِيۡنَ اَنۡعَمۡتَ عَلَيۡهِمۡ ۙ	6
প্রতিবর্ণায়ন	সিরা-ত'াল্লায'ীনা আন্'আমতা 'আলাইহিম্ ।	
তরজমা	তাহাদের পথ, যাহাদেরকে তুমি অনুগ্রহ দান করিয়াছ,	
	غَيۡرِ الۡمَغۡضُوۡبِ عَلَيۡهِمۡ وَلَا الضَّآلِّيۡنَ ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	গাইরিল মাগদূ'বি 'আলাইহিম (৯) ওয়ালাদ্দ'া~ল্লীন।	
তরজমা	তাহাদের পথ নহে যাহারা ক্রোধ-নিপতিত ও পথভ্রষ্ট।	

2 - Al-Baqarah - বাকারাহ্ - البقرة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	الٓمّٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ্ লা~ম~মীম।	
তরজমা	আলিফ্-লাম-মীম,	
	ذٰلِكَ الۡكِتٰبُ لَا رَيۡبَ ۛۚ فِيۡهِ ۛۚ هُدًى لِّلۡمُتَّقِيۡنَ ۙ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	য'া-লিকাল্ কিতা-বু লা-রাইবা ফীহি (صلے) হুদাল্ লিল্মুত্তাক'ীন।	
তরজমা	ইহা সেই কিতাব; ইহাতে কোন সন্দেহ নাই, মুত্তাকীদের জন্য ইহা পথ-নির্দেশ,	
	الَّذِيۡنَ يُؤۡمِنُوۡنَ بِالۡغَيۡبِ وَيُقِيۡمُوۡنَ الصَّلٰوةَ وَمِمَّا رَزَقۡنٰهُمۡ يُنۡفِقُوۡنَ ۙ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউ'মিনূনা বিলগাইবি ওয়াইউক'ীমূনাস্সালা-তা ওয়া মিম্মা-রাঝাক'না-হুম ইউংফিক্'ন।	
তরজমা	যাহারা অদৃশ্যে ঈমান আনে, সালাত কায়েম করে ও তাহাদেরকে যে জীবনোপকরণ দান করিয়াছি তাহা হইতে ব্যয় করে,	
	وَالَّذِيۡنَ يُؤۡمِنُوۡنَ بِمَاۤ اُنۡزِلَ اِلَيۡكَ وَمَاۤ اُنۡزِلَ مِنۡ قَبۡلِكَ ۚ وَبِالۡاٰخِرَةِ هُمۡ يُوۡقِنُوۡنَ ؕ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা ইউ'মিনূনা বিমা~ উংঝিলা ইলাইকা ওয়ামা~ উংঝিলা মিং ক'াবলিকা (ج) ওয়াবিল আ-খিরাতি হুম ইউকি'নূন।	
তরজমা	এবং তোমার প্রতি যাহা নাযিল হইয়াছে ও তোমার পূর্বে যাহা নাযিল হইয়াছে তাহাতে যাহারা ঈমান আনে ও আখিরাতে যাহারা নিশ্চিত বিশ্বাসী,	
	اُولٰٓئِكَ عَلٰى هُدًى مِّنۡ رَّبِّهِمۡ ۗ وَاُولٰٓئِكَ هُمُ الۡمُفۡلِحُوۡنَ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	উলা~ইকা 'আলা-হুদাম্ মির্রাব্বিহিম (ق) ওয়া উলা~ইকা হুমুল মুফ্লিহূ'ন।	
তরজমা	তাহারাই তাহাদের প্রতিপালক-নির্দেশিত পথে রহিয়াছে এবং তাহারাই সফলকাম।	
	اِنَّ الَّذِيۡنَ كَفَرُوۡا سَوَآءٌ عَلَيۡهِمۡ ءَاَنۡذَرۡتَهُمۡ اَمۡ لَمۡ تُنۡذِرۡهُمۡ لَا يُؤۡمِنُوۡنَ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা কাফারূ ছাওয়া~উন 'আলাইহিম আআংয'ার্তাহুম আম্ লাম তুংযি'র্হুম লা-ইউ'মিনূন।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তুমি তাহাদেরকে সতর্ক কর বা না কর, তাহাদের পক্ষে উভয়ই সমান; তাহারা ঈমান আনিবে না।	
	خَتَمَ اللّٰهُ عَلٰى قُلُوۡبِهِمۡ وَعَلٰى سَمۡعِهِمۡ ؕ وَعَلٰۤى اَبۡصَارِهِمۡ غِشَاوَةٌ ۖ وَّلَهُمۡ عَذَابٌ عَظِيۡمٌ ﴿٧﴾	7

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	খাতামাল্লা-হু ‘আলা- কু ূলূবিহিম্ ওয়া ‘আলা-ছাম্‘ইহিম্(ط)ওয়া‘আলা~ আব্সা-রিহিম্ গিশা-ওয়াতুও (ز) ওয়ালাহুম ‘আয ী-বুন ‘আজ ীম।	
তরজমা	আল্লাহ্ তাহাদের হৃদয় ও কর্ণ মোহর করিয়া দিয়াছেন, তাহাদের চক্ষুর উপর আবরণ রহিয়াছে এবং তাহাদের জন্য রহিয়াছে মহাশাস্তি।	
	وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ وَبِالْيَوْمِ الْاٰخِرِ وَمَا هُمْ بِمُؤْمِنِيْنَ ۘ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাই ঁ ইয়াকূ ূলু আ-মান্না- বিল্লা-হি ওয়া বিল্ ইয়াওমিল্ আ-খিরি ওয়ামা-হুম বিমু’মিনীন।	
তরজমা	আর মানুষের মধ্যে এমন লোকও রহিয়াছে যাহারা বলে, ‘আমরা আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনিয়াছি’, কিন্তু তাহারা মু’মিন নয়;	
	يُخٰدِعُوْنَ اللّٰهَ وَالَّذِيْنَ اٰمَنُوْا ۚ وَمَا يَخْدَعُوْنَ اِلَّآ اَنْفُسَهُمْ وَمَا يَشْعُرُوْنَ ۭ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ইউখা-দি‘ঊনাল্লা-হা ওয়াল্লায ীনা আ-মানূ (ج) ওয়ামা- ইয়াখদা‘ঊনা ইল্লা~ আংফুছাহুম্ ওয়ামা-ইয়াশ‘উরূন।	
তরজমা	আল্লাহ্ এবং মু’মিনগণকে তাহারা প্রতারিত করিতে চাহে। অথচ তাহারা যে নিজেদেরকে ভিন্ন কাহাকেও প্রতারিত করে না, ইহা তাহারা বুঝিতে পারে না।	
	فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ ۙ فَزَادَهُمُ اللّٰهُ مَرَضًا ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ۢ بِمَا كَانُوْا يَكْذِبُوْنَ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ফী কু ূলূবিহিম মারাদু ঁং (ﻫ) ফাঝা-দাহুমুল্লা-হু মারাদ ঁাওঁ (ج) ওয়ালাহুম্ ‘আয ী-বুন আলীমুম্ (ﻫ) বিমা- কা-নূ ইয়াকযি ূবূন।	
তরজমা	তাহাদের অন্তরে ব্যাধি রহিয়াছে। অতঃপর আল্লাহ্ তাহাদের ব্যাধি বৃদ্ধি করিয়াছেন ও তাহাদের জন্য রহিয়াছে কষ্টদায়ক শাস্তি, কারণ তাহারা মিথ্যাবাদী।	
	وَاِذَا قِيْلَ لَهُمْ لَا تُفْسِدُوْا فِي الْاَرْضِ ۙ قَالُوْٓا اِنَّمَا نَحْنُ مُصْلِحُوْنَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ী- ক ীলা লাহুম লা-তুফছিদূ ফিল আর্দি ঁ (ﻫ) ক ী-লূ ~ ইন্নামা- নাহ্ ঁনু মুস্লিহূ ঁন।	
তরজমা	তাহাদেরকে যখন বলা হয়, ‘পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিও না’, তাহারা বলে, ‘আমরাই তো শান্তি স্থাপনকারী’।	
	اَلَآ اِنَّهُمْ هُمُ الْمُفْسِدُوْنَ وَلٰكِنْ لَّا يَشْعُرُوْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	আলা~ ইন্নাহুম হুমুল মুফছিদূনা ওয়ালা- কিল্লা- ইয়াশ‘উরূন।	
তরজমা	সাবধান! ইহারাই অশান্তি সৃষ্টিকারী, কিন্তু ইহারা বুঝিতে পারে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذَا قِيْلَ لَهُمْ اٰمِنُوْا كَمَآ اٰمَنَ النَّاسُ قَالُوْٓا اَنُؤْمِنُ كَمَآ اٰمَنَ السُّفَهَآءُ ؕ اَلَآ اِنَّهُمْ هُمُ السُّفَهَآءُ وَلٰكِنْ لَّا يَعْلَمُوْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-ক ীলা লাহুম আ-মিনূ কামা~ আ-মানান্না-ছু ক া-লূ~ আনু'মিনু কামা~আ-মানাছ্ছুফাহা~উ (ط) 'আলা~ ইন্নাহুম হুমুছ্ছুফাহা~উ ওয়ালা-কিল্লা-ইয়া'লামূন।	
তরজমা	যখন তাহাদেরকে বলা হয়, যে সকল লোক ঈমান আনিয়াছে তোমরাও তাহাদের মত ঈমান আনয়ন কর, তাহারা বলে, 'নির্বোধগণ যেরূপ ঈমান আনিয়াছে আমরাও কি সেইরূপ ঈমান আনিব ?' সাবধান! ইহারাই নির্বোধ, কিন্তু ইহারা জানে না।	
	وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَوْا اِلٰى شَيٰطِيْنِهِمْ ۙ قَالُوْٓا اِنَّا مَعَكُمْ ۙ اِنَّمَا نَحْنُ مُسْتَهْزِءُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়াইযা- লাকু'ল্লাযীনা আ-মানূ ক া-লূ~ আ-মান্না-(صلے) ওয়াইযা- খালাও ইলা-শাইয়া-ত ীনিহিম (لا) ক া-লূ~ ইন্না- মা'আকুম (لا) ইন্নামা নাহ নু মুছ্তাহ্ঝিউন।	
তরজমা	যখন তাহারা মু'মিনগণের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা ঈমান আনিয়াছি'; আর যখন তাহারা নিভৃতে তাহাদের শয়তানদের সঙ্গে মিলিত হয় তখন বলে, 'আমরা তো তোমাদের সঙ্গেই রহিয়াছি; আমরা শুধু তাহাদের সঙ্গে ঠাট্টা-তামাশা করিয়া থাকি।'	
	اَللّٰهُ يَسْتَهْزِئُ بِهِمْ وَيَمُدُّهُمْ فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	আল্লা-হু ইয়াছ্তাহ্ঝিউ বিহিম ওয়া ইয়ামুদ্দুহুম ফী তুগইয়া-নিহিম ইয়া'মাহূন।	
তরজমা	আল্লাহ্ তাহাদের সঙ্গে তামাশা করেন এবং তাহাদেরকে তাহাদের অবাধ্যতায় বিভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইবার অবকাশ দেন।	
	اُولٰٓئِكَ الَّذِيْنَ اشْتَرَوُا الضَّلٰلَةَ بِالْهُدٰى ۪ فَمَا رَبِحَتْ تِّجَارَتُهُمْ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লাযীনাশ তারাউদ্দ'লা-লাতা বিলহুদা-(ص) ফামা-রাবিহ ত্তিজা-রাতুহুম ওয়ামা কা-নূ মুহ্তাদীন।	
তরজমা	ইহারাই হিদায়াতের বিনিময়ে ভ্রান্তি ক্রয় করিয়াছে। সুতরাং তাহাদের ব্যবসা লাভজনক হয় নাই, তাহারা সৎপথেও পরিচালিত নহে।	
	مَثَلُهُمْ كَمَثَلِ الَّذِى اسْتَوْقَدَ نَارًا ۚ فَلَمَّآ اَضَآءَتْ مَا حَوْلَهٗ ذَهَبَ اللّٰهُ بِنُوْرِهِمْ وَتَرَكَهُمْ فِىْ ظُلُمٰتٍ لَّا يُبْصِرُوْنَ ﴿١٧﴾	17

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মাছ ালুহুম কামাছ ালিল্লায ীছ্তাওক াদা না-রাং (ج) ফালাম্মা~ আদ া~আত মা-হ্ াওলাহূ য াহাবাল্লা-হু বিনূরিহিম ওয়া তারাকাহুম ফী জু লুমা-তিল্ লা-ইউবসিরূন।	
তরজমা	তাহাদের উপমা : যেমন এক ব্যক্তি অগ্নি প্রজ্বলিত করিল; উহা যখন তাহার চতুর্দিক আলোকিত করিল আল্লাহ্ তখন তাহাদের জ্যোতি অপসারিত করিলেন এবং তাহাদেরকে ঘোর অন্ধকারে ফেলিয়া দিলেন, তাহারা কিছুই দেখিতে পায় না-	
	صُمٌّۢ بُكْمٌ عُمْىٌ فَهُمْ لَا يَرْجِعُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	সুম্মুম্ বুকমুন ‘উমইয়ুং ফাহুম লা-ইয়ার্জি‘উন।	
তরজমা	তাহারা বধির, মূক, অন্ধ, সুতরাং তাহারা ফিরিবে না।	
	اَوْ كَصَيِّبٍ مِّنَ السَّمَآءِ فِيْهِ ظُلُمٰتٌ وَّرَعْدٌ وَّبَرْقٌ ۚ يَجْعَلُوْنَ اَصَابِعَهُمْ فِيْٓ اٰذَانِهِمْ مِّنَ الصَّوَاعِقِ حَذَرَ الْمَوْتِ ۗ وَاللّٰهُ مُحِيْطٌۢ بِالْكٰفِرِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	আও কাসাইয়িবিম মিনাছ্ছামা~ই ফীহি জু লুমা-তুওঁ ওয়া রা‘দুওঁ ওয়া বারকুইঁ (ج) ইয়াজ‘আলূনা আসা-বি‘আহুম ফী~আ-য া-নিহিম মিনাস্সাওয়া-‘ইকি হ াযারাল মাওতি (ط) ওয়াল্লা-হু মুহ ীতূম বিলকা-ফিরীন।	
তরজমা	কিংবা যেমন আকাশের বর্ষণমুখর ঘন মেঘ-যাহাতে রহিয়াছে ঘোর অন্ধকার, বজ্রধ্বনি ও বিদ্যুৎ-চমক। বজ্রধ্বনিতে মৃত্যুভয়ে তাহারা তাহাদের কর্ণে অঙ্গুলি প্রবেশ করায়। আল্লাহ্ কাফিরদের পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।	
	يَكَادُ الْبَرْقُ يَخْطَفُ اَبْصَارَهُمْ ۭ كُلَّمَآ اَضَآءَ لَهُمْ مَّشَوْا فِيْهِ ۙ وَاِذَآ اَظْلَمَ عَلَيْهِمْ قَامُوْا ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ لَذَهَبَ بِسَمْعِهِمْ وَاَبْصَارِهِمْ ۭ اِنَّ اللّٰهَ عَلٰي كُلِّ شَيْءٍ قَدِيْرٌ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ইয়াকা-দুল বারকু ইয়াখত াফু আবসা-রাহুম (ط) কুল্লামা~ আদ া~আ লাহুম্ মাশাও ফীহি (لا) ওয়া ইয া~ আজ লামা ‘আলাইহিম ক া-মূ (ط) ওয়ালাও শা~আল্লা-হু লায াহাবা বিছাম‘ইহিম (ط) ওয়া আবসা-রিহিম ; ইন্নাল্লা-হা ‘আলা-কুল্লি শাইয়িং ক াদীর।	
তরজমা	বিদ্যুৎ-চমক তাহাদের দৃষ্টিশক্তি প্রায় কাড়িয়া নেয়। যখনই বিদ্যুতালোক তাহাদের সম্মুখে উদ্ভাসিত হয় তাহারা তখনই তাহাতে পথ চলিতে থাকে এবং যখন তাহারা অন্ধকারে আচ্ছন্ন হয়, তখন তাহারা থমকিয়া দাঁড়ায়। নিশ্চয়ই আল্লাহ্ ইচ্ছা করিলে তাহাদের শ্রবণ ও দৃষ্টিশক্তি হরণ করিতেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	يٰٓاَيُّهَا النَّاسُ اعْبُدُوْا رَبَّكُمُ الَّذِيْ خَلَقَكُمْ وَالَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহান্না-ছু‘বুদূ রাব্বাকুমুল্লায ী খালাক াকুম, ওয়াল্লায ীনা মিং ক াবলিকুম লা‘আল্লাকুম তাত্তাকূ ন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মানুষ! তোমরা তোমাদের সেই প্রতিপালকের 'ইবাদত কর যিনি তোমাদের ও তোমাদের পূর্ববর্তীগণকে সৃষ্টি করিয়াছেন যাহাতে তোমরা মুত্তাকী হইতে পার,	
	الَّذِىْ جَعَلَ لَكُمُ الْاَرْضَ فِرَاشًا وَّالسَّمَآءَ بِنَآءً ۖ وَّاَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَخْرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزْقًا لَّكُمْ ۚ فَلَا تَجْعَلُوْا لِلّٰهِ اَنْدَادًا وَّاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	আল্লাযী জা'আলা লাকুমুল আরদ'া ফিরা-শাওঁ ওয়াছ্ছামা~আ বিনা~আওঁ (ص) ওয়া আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাআখ্রাজা বিহী মিনাছ্ ছ'ামারা-তি রিঝক'াল্লাকুম (ج) ফালা-তাজ'আলূ লিল্লা-হি আংদা-দাওঁ ওয়া আংতুম তা'লামূন।	
তরজমা	যিনি পৃথিবীকে তোমাদের জন্য বিছানা ও আকাশকে ছাদ করিয়াছেন এবং আকাশ হইতে পানি বর্ষণ করিয়া তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফলমূল উৎপাদন করেন। সুতরাং তোমরা জানিয়া-শুনিয়া কাহাকেও আল্লাহ্‌র সমকক্ষ দাঁড় করাইও না।	
	وَاِنْ كُنْتُمْ فِىْ رَيْبٍ مِّمَّا نَزَّلْنَا عَلٰى عَبْدِنَا فَاْتُوْا بِسُوْرَةٍ مِّنْ مِّثْلِهٖ ۖ وَادْعُوْا شُهَدَآءَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কুংতুম ফী রাইবিম মিম্মা-নাঝ্‌ঝালনা- 'আলা-আব্‌দিনা- ফা'তূ বিছূরাতিম মিম্মিছ্ লিহী (ص) ওয়াদ'উ শুহাদা~আকুম মিং দূনিল্লা-হি ইং কুংতুম সা-দিক'ীন।	
তরজমা	আমি আমার বান্দার প্রতি যাহা অবতীর্ণ করিয়াছি তাহাতে তোমাদের কোন সন্দেহ থাকিলে তোমরা ইহার অনুরূপ কোন সূরা আনয়ন কর এবং তোমরা যদি সত্যবাদী হও তবে আল্লাহ্ ব্যতীত তোমাদের সকল সাহায্যকারীকে আহ্বান কর।	
	فَاِنْ لَّمْ تَفْعَلُوْا وَلَنْ تَفْعَلُوْا فَاتَّقُوا النَّارَ الَّتِىْ وَقُوْدُهَا النَّاسُ وَالْحِجَارَةُ ۖ اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম তাফ'আলূ ওয়া লাং তাফ'আলূ ফাত্তাকু'ন্না-রাল্লাতী ওয়াকূ'দুহান্না-ছু ওয়াল হি'জা-রাতু (صلے) উ'ইদ্দাত লিলকা-ফিরীন।	
তরজমা	যদি তোমরা আনয়ন না কর এবং কখনই করিতে পারিবে না, তবে সেই আগুনকে ভয় কর, মানুষ ও পাথর হইবে যাহার ইন্ধন, কাফিরদের জন্য যাহা প্রস্তুত করিয়া রাখা হইয়াছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اَنَّ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ؕ كُلَّمَا رُزِقُوْا مِنْهَا مِنْ ثَمَرَةٍ رِّزْقًا ۙ قَالُوْا هٰذَا الَّذِيْ رُزِقْنَا مِنْ قَبْلُ ۙ وَاُتُوْا بِهٖ مُتَشَابِهًا ؕ وَلَهُمْ فِيْهَآ اَزْوَاجٌ مُّطَهَّرَةٌ ۙ وَّهُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া বাশ্‌শিরিল্লাযী'না আ-মানূ ওয়া'আমিলুস্‌সালিহা'-তি আন্না লাহুম জান্না-তিং তাজরী মিং তাহ'তিহাল আনহা-রু (ত) কুল্লামা- রুঝিকূ' মিনহা- মিং ছ'ামারাতির্ রিঝক'াং (য) ক'া-লূ হা-য'াল্লায'ী রুঝিক'না- মিং ক'াব্‌লু (য) ওয়া উতূ বিহী মুতাশা-বিহাওঁ (ত) ওয়া লাহুম ফীহা~আঝওয়া-জুম্ মুত'াহ্‌হারাতুওঁ (য) ওয়া হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	যাহারা ঈমান আনয়ন করে ও সৎকর্ম করে তাহাদেরকে শুভ সংবাদ দাও যে, তাহাদের জন্য রহিয়াছে জান্নাত-যাহার নিম্নদেশে নদী প্রবাহিত। যখনই তাহাদেরকে ফলমূল খাইতে দেওয়া হইবে তখনই তাহারা বলিবে, 'আমাদেরকে পূর্বে জীবিকারূপে যাহা দেওয়া হইত ইহা তো তাহাই; তাহাদেরকে অনুরূপ ফলই দেওয়া হইবে এবং সেখানে তাহাদের জন্য পবিত্র সঙ্গিনী রহিয়াছে, তাহারা সেখানে স্থায়ী হইবে।	
	اِنَّ اللّٰهَ لَا يَسْتَحْيٖٓ اَنْ يَّضْرِبَ مَثَلًا مَّا بَعُوْضَةً فَمَا فَوْقَهَا ؕ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَيَعْلَمُوْنَ اَنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّهِمْ ۚ وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا فَيَقُوْلُوْنَ مَاذَآ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۘ يُضِلُّ بِهٖ كَثِيْرًا ۙ وَّيَهْدِيْ بِهٖ كَثِيْرًا ؕ وَمَا يُضِلُّ بِهٖٓ اِلَّا الْفٰسِقِيْنَ ﴿٢٦﴾ ۙ	26
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াছ্‌তাহ্'ঈ~আইঁ ইয়াদ'রিবা মাছ'ালাম্মা- বা'ঊদ'াতাং ফামা- ফাওক'াহা- (ত) ফাআম্মাল্লায'ীনা আ-মানূ ফাইয়া'লামূনা আন্নাহুল হ'াক্কু' মিররাব্বিহিম (জ) ওয়া আম্মাল্লায'ীনা কাফারূ ফাইয়াকূ'লূনা মা-য'া~আরা-দাল্লা-হু বিহা-য'া- মাছ'ালা-(ম) । ইউদি'ল্লু বিহী কাছ'ীরাওঁ (য) ওয়াহ্‌দী বিহী কাছ'ীরাওঁ (ত) ওয়ামা- ইউদি'ল্লু বিহী~ ইল্লাল ফা-ছিক'ীন।	
তরজমা	আল্লাহ্ মশা কিংবা তদপেক্ষা ক্ষুদ্র কোন বস্তুর উপমা দিতে সংকোচ বোধ করেন না। সুতরাং যাহারা ঈমান আনিয়াছে তাহারা জানে যে, নিশ্চয়ই ইহা সত্য-যাহা তাহাদের প্রতিপালকের নিকট হইতে আসিয়াছে। কিন্তু যাহারা কাফির তাহারা বলে, আল্লাহ্ কী অভিপ্রায়ে এই উপমা পেশ করিয়াছেন ? ইহা দ্বারা অনেককেই তিনি বিভ্রান্ত করেন, আবার বহু লোককে সৎপথে পরিচালিত করেন। বস্তুত তিনি পথ-পরিত্যাগকারীগণ ব্যতীত আর কাহাকেও বিভ্রান্ত করেন না-	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الَّذِيْنَ يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ ۠ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ فِى الْاَرْضِ ؕ اُولٰٓئِكَ هُمُ الْخٰسِرُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	আল্লাযী-না ইয়াংকু দূ-না ‘আহ্দাল্লা-হি মিম্ বা‘দি মীছা-কি-হী (ص) ওয়া ইয়াক-তা-‘ঊনা মা~ আমারাল্লাহু বিহী~ আইঁ ইউসালা ওয়া ইউফ্ছিদূনা ফিল আর্দি (ط) উলা~ইকা হুমুল খা-ছিরূন।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র সঙ্গে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হইবার পর উহা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আল্লাহ্ আদেশ করিয়াছেন তাহা ছিন্ন করে এবং দুনিয়ায় অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায়, তাহারাই ক্ষতিগ্রস্ত।	
	كَيْفَ تَكْفُرُوْنَ بِاللّٰهِ وَكُنْتُمْ اَمْوَاتًا فَاَحْيَاكُمْ ۚ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يُحْيِيْكُمْ ثُمَّ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	কাইফা তাকফুরূনা বিল্লা-হি ওয়া কুংতুম আমওয়া-তাং ফাআহ্ইয়া-কুম (ج) ছু্ম্মা ইউমীতুকুম, ছু্ম্মা ইউহ্ঈকুম ছু্ম্মা ইলাইহি তুরজা‘ঊন।	
তরজমা	তোমরা কিরূপে আল্লাহ্‌কে অস্বীকার কর ? অথচ তোমরা ছিলে প্রাণহীন, তিনি তোমাদেরকে জীবন্ত করিয়াছেন, আবার তোমাদের মৃত্যু ঘটাইবেন ও পুনরায় জীবন্ত করিবেন, পরিণামে তাঁহার দিকেই তোমাদেরকে ফিরাইয়া আনা হইবে।	
	هُوَ الَّذِىْ خَلَقَ لَكُمْ مَّا فِى الْاَرْضِ جَمِيْعًا ۚ ثُمَّ اسْتَوٰٓى اِلَى السَّمَآءِ فَسَوّٰىهُنَّ سَبْعَ سَمٰوٰتٍ ؕ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী খালাক-লাকুম্ মা-ফিল আর্দি জামী‘আং (ق) ছু্ম্মাস্ তাওয়া~ ইলাছ্ছামা~ই ফাছাওওয়া-হুন্না ছাব‘আ ছামা-ওয়া-তিওঁ (ط) ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন ‘আলীম।	
তরজমা	তিনি পৃথিবীর সবকিছু তোমাদের জন্য সৃষ্টি করিয়াছেন, তৎপর তিনি আকাশের দিকে মনোসংযোগ করেন এবং উহাকে সপ্তাকাশে বিন্যস্ত করেন; তিনি সর্ববিষয়ে সবিশেষ অবহিত।	
	وَاِذْ قَالَ رَبُّكَ لِلْمَلٰٓئِكَةِ اِنِّىْ جَاعِلٌ فِى الْاَرْضِ خَلِيْفَةً ؕ قَالُوْٓا اَتَجْعَلُ فِيْهَا مَنْ يُّفْسِدُ فِيْهَا وَيَسْفِكُ الدِّمَآءَ ۚ وَنَحْنُ نُسَبِّحُ بِحَمْدِكَ وَنُقَدِّسُ لَكَ ؕ قَالَ اِنِّىْٓ اَعْلَمُ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٣٠﴾	30

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয· ক'া-লা রাব্বুকা লিলমাল~ইকাতি ইন্নী জা-'ইলুং ফিল আর্দি· খালীফাতাং (ط) ক'া-লূ~ আতাজ'আলু ফীহা- মাইঁ ইউফ্ছিদু ফীহা- ওয়া ইয়াছফিকুদ্ দিমা~আ (ج) ওয়ানাহ'নু নুছাব্বিহু· বিহ'াম্দিকা ওয়া নুক'াদ্দিছু লাকা (ط) ক'া-লা ইন্নী~ আ'লামু মা-লা- তা'লামূন।	
তরজমা	স্মরণ কর, যখন তোমার প্রতিপালক ফিরিশতাদের বলিলেন, 'আমি পৃথিবীতে প্রতিনিধি সৃষ্টি করিতেছি', তাহারা বলিল, 'আপনি কি সেখানে এমন কাহাকেও সৃষ্টি করিবেন, যে অশান্তি ঘটাইবে ও রক্তপাত করিবে ? আমরাই তো আপনার সপ্রশংস স্তুতিগান ও পবিত্রতা ঘোষণা করি। তিনি বলিলেন, 'নিশ্চয়ই আমি যাহা জানি তাহা তোমরা জান না।'	
	وَعَلَّمَ اٰدَمَ الْاَسْمَآءَ كُلَّهَا ثُمَّ عَرَضَهُمْ عَلَى الْمَلٰٓئِكَةِ ۙ فَقَالَ اَنْۢبِـُٔوْنِىْ بِاَسْمَآءِ هٰٓؤُلَآءِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া'আল্লামা আ-দামাল আছমা~আ কুল্লাহা- ছু·ম্মা 'আরাদ'াহুম 'আলাল মালা~ইকাতি (ﻉ) ফাক'া-লা আম্বিউনী বিআছমা~ই হা~ উলা~ই ইং কুংতুম সা-দিক'ীন।	
তরজমা	আর তিনি আদমকে যাবতীয় নাম শিক্ষা দিলেন, তারপর সেই সমুদয় ফিরিশতাদের সম্মুখে প্রকাশ করিলেন এবং বলিলেন, 'এই সমুদয়ের নাম আমাকে বলিয়া দাও, যদি তোমরা সত্যবাদী হও।'	
	قَالُوْا سُبْحٰنَكَ لَا عِلْمَ لَنَآ اِلَّا مَا عَلَّمْتَنَا ۭ اِنَّكَ اَنْتَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ছুবহ'া-নাকা লা- 'ইলমা লানা~ ইল্লা-মা 'আল্লাম্তানা-(ط) ইন্নাকা আংতাল 'আলীমুল হ'াকীম।	
তরজমা	তাহারা বলিল, 'আপনি মহান, পবিত্র। আপনি আমাদেরকে যাহা শিক্ষা দিয়াছেন তাহা ছাড়া আমাদের তো কোন জ্ঞানই নাই। বস্তুত আপনি জ্ঞানময় ও প্রজ্ঞাময়।'	
	قَالَ يٰٓاٰدَمُ اَنْۢبِئْهُمْ بِاَسْمَآىِٕهِمْ ۚ فَلَمَّآ اَنْۢبَاَهُمْ بِاَسْمَآىِٕهِمْ ۙ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ اِنِّىْٓ اَعْلَمُ غَيْبَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۙ وَاَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا كُنْتُمْ تَكْتُمُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইয়া~আ-দামূ আম্বি'হুম বিআছমা~ইহিম (ج) ফালাম্মা~আম্বাআহুম বিআছমা~ইহিম (ﻉ) ক'া-লা আলাম আকু·ল্লাকুম ইন্নী~ আ'লামু গাইবাছ্ছামা-ওয়া-তি ওয়ল আর্দি·, ওয়া আ'লামু মা- তুব্দূনা ওয়ামা- কুংতুম তাক্তুমূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তিনি বলিলেন, 'হে আদম! তাহাদেরকে এই সকল নাম বলিয়া দাও।' সে তাহাদেরকে এই সকলের নাম বলিয়া দিলে তিনি বলিলেন, 'আমি কি তোমাদেরকে বলি নাই যে, আকাশমণ্ডল ও পৃথিবীর অদৃশ্য বস্তু সম্বন্ধে আমি নিশ্চিতভাবে অবহিত এবং তোমরা যাহা ব্যক্ত কর বা গোপন রাখ আমি তাহাও জানি?'	
	وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ؕ اَبٰى وَاسْتَكْبَرَ ۫ وَكَانَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া ইয· কু·ল্না- লিলমালা~ইকাতিছ্জুদূ লিআ-দামা ফাছাজাদূ~ ইল্লা~ ইব্লীছা (ط) আবা- ওয়াছতাক্বারা (ق) ওয়া কা-না মিনাল কা-ফিরীন।	
তরজমা	যখন আমি ফিরিশতাদের বলিলাম, 'আদমকে সিজ্দা কর', তখন ইব্লীস ব্যতীত সকলেই সিজ্দা করিল; সে অমান্য করিল ও অহংকার করিল। সুতরাং সে কাফিরদের অন্তর্ভুক্ত হইল।	
	وَقُلْنَا يٰٓاٰدَمُ اسْكُنْ اَنْتَ وَزَوْجُكَ الْجَنَّةَ وَكُلَا مِنْهَا رَغَدًا حَيْثُ شِئْتُمَا ۪ وَلَا تَقْرَبَا هٰذِهِ الشَّجَرَةَ فَتَكُوْنَا مِنَ الظّٰلِمِيْنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়াকু·লনা-ইয়া~ আ-দামুছ্কুন আংতা ওয়াঝাওজুকাল জান্নাতা ওয়াকুলা-মিনহা-রাগাদান হ·াইছু· শি'তুমা- (ص) ওয়ালা-তাক·রাবা- হা-যি·হিশ্শাজারাতা ফাতাকূনা- মিনাজ্জ·া-লিমীন।	
তরজমা	এবং আমি বলিলাম, 'হে আদম! তুমি ও তোমার স্ত্রী জান্নাতে বসবাস কর এবং যেথা ইচ্ছা স্বচ্ছন্দে আহার কর, কিন্তু এই বৃক্ষের নিকটবর্তী হইও না ; হইলে তোমরা অন্যায়কারীদের অন্তর্ভুক্ত হইবে।'	
	فَاَزَلَّهُمَا الشَّيْطٰنُ عَنْهَا فَاَخْرَجَهُمَا مِمَّا كَانَا فِيْهِ ۪ وَقُلْنَا اهْبِطُوْا بَعْضُكُمْ لِبَعْضٍ عَدُوٌّ ۚ وَلَكُمْ فِى الْاَرْضِ مُسْتَقَرٌّ وَّمَتَاعٌ اِلٰى حِيْنٍ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ফাআঝাল্লাহুমাশ্শাইত·া-নু 'আনহা- ফাআখরাজাহুমা- মিম্মা-কা-না ফীহি (ص) ওয়া কু·লনাহ্ বিতূ· বা'দু·কুম লিবা'দি·ন 'আদুওউঁ (ج) ওয়া লাকুম ফিল আর্দি· মুছতাক·ার্রুওঁ ওয়ামাতা- 'উন ইলা-হ·ীন ।	
তরজমা	কিন্তু শয়তান উহা হইতে তাহাদের পদস্খলন ঘটাইল এবং তাহারা যেখানে ছিল সেখান হইতে তাহাদেরকে বহিষ্কার করিল। আমি বলিলাম, 'তোমরা একে অন্যের শত্রুরূপে নামিয়া যাও, পৃথিবীতে কিছুকালের জন্য তোমাদের বসবাস ও জীবিকা রহিল।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَتَلَقَّىٰٓ اٰدَمُ مِنۡ رَّبِّهٖ كَلِمٰتٍ فَتَابَ عَلَيۡهِ ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيۡمُ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ফাতালাক্কা-আ~ আ-দামু মির রাব্বিহী কালিমা-তিং ফাতা-বা ‘আলাইহি (ত) ইন্নাহূ হুওয়াত্তাওওয়া-বুর রাহ ীম।	
তরজমা	অতঃপর আদম তাহার প্রতিপালকের নিকট হইতে কিছু বাণী প্রাপ্ত হইল। আল্লাহ্ তাহার প্রতি ক্ষমাপরবশ হইলেন। নিশ্চয়ই তিনি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।	
	قُلۡنَا اهۡبِطُوۡا مِنۡهَا جَمِيۡعًا ۚ فَاِمَّا يَاۡتِيَنَّكُمۡ مِّنِّىۡ هُدًى فَمَنۡ تَبِعَ هُدَاىَ فَلَا خَوۡفٌ عَلَيۡهِمۡ وَلَا هُمۡ يَحۡزَنُوۡنَ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	কু লনাহ্ বিত্ব মিনহা-জামী‘আং (ج) ফাইম্মা- ইয়া’তিইয়ান্নাকুম মিন্নী হুদাং ফামাং তাবি‘আ হুদা-ইয়া ফালা-খাওফুন ‘আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্ যানূন।	
তরজমা	আমি বলিলাম, ‘তোমরা সকলেই এই স্থান হইতে নামিয়া যাও। পরে যখন আমার পক্ষ হইতে তোমাদের নিকট সৎপথের কোন নির্দেশ আসিবে তখন যাহারা আমার সৎপথের নির্দেশ অনুসরণ করিবে তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।’	
	وَالَّذِيۡنَ كَفَرُوۡا وَكَذَّبُوۡا بِاٰيٰتِنَاۤ اُولٰٓئِكَ اَصۡحٰبُ النَّارِ ۚ هُمۡ فِيۡهَا خٰلِدُوۡنَ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা কাফারূ ওয়াকায্ য াবূ বিআ-য়া-তিনা~ উলা~ইকা আসহ া-বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা কুফরী করিবে এবং আমার নিদর্শনসমূহকে অস্বীকার করিবে তাহারাই অগ্নিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	يٰبَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ اذۡكُرُوۡا نِعۡمَتِىَ الَّتِىۡۤ اَنۡعَمۡتُ عَلَيۡكُمۡ وَاَوۡفُوۡا بِعَهۡدِىۡۤ اُوۡفِ بِعَهۡدِكُمۡ ۚ وَاِيَّاىَ فَارۡهَبُوۡنِ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ইয়া-বানী~ ইছরা~ঈলায্ কুরূ নি‘মাতিয়াল্লাতী~ আন‘আমতু ‘আলাইকুম ওয়াআওফূ বি‘আহদি~ উফি বি‘আহ্দিকুম (ج) ওয়াইয়্যা-ইয়া ফারহাবূন।	
তরজমা	হে বনী ইসরাঈল! আমার সেই অনুগ্রহকে তোমরা স্মরণ কর যদ্দ্বারা আমি তোমাদেরকে অনুগৃহীত করিয়াছি এবং আমার সঙ্গে তোমাদের অঙ্গীকার পূর্ণ কর, আমিও তোমাদের সঙ্গে আমার অঙ্গীকার পূর্ণ করিব। আর তোমরা শুধু আমাকেই ভয় কর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاٰمِنُوْا بِمَآ اَنْزَلْتُ مُصَدِّقًا لِّمَا مَعَكُمْ وَلَا تَكُوْنُوْٓا اَوَّلَ كَافِرٍۢ بِهٖ ۠ وَلَا تَشْتَرُوْا بِاٰيٰتِيْ ثَمَنًا قَلِيْلًا ۫ وَّاِيَّايَ فَاتَّقُوْنِ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়াআ-মিনূ বিমাদ আংঝালতু মুসাদ্দিক'াল্লিমা- মা'আকুম ওয়ালা-তাকূনূদ আওওয়ালা কা-ফিরিম্ বিহী (ص) ওয়ালা-তাশতারূ বিআ-য়া-তী ছ'ামানাং ক'ালীলাওঁ (ز) ওয়াইয়্যা-ইয়া ফাত্তাকূ'ন।	
তরজমা	আমি যাহা অবতীর্ণ করিয়াছি তোমরা তাহাতে ঈমান আন। ইহা তোমাদের নিকট যাহা আছে উহার প্রত্যায়নকারী। আর তোমরাই উহার প্রথম প্রত্যাখ্যানকারী হইও না এবং আমার আয়াতের বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করিও না। তোমরা শুধু আমাকেই ভয় কর।	
	وَلَا تَلْبِسُوا الْحَقَّ بِالْبَاطِلِ وَتَكْتُمُوا الْحَقَّ وَاَنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তালবিছুল হ'াক্ক'া বিলবা-তি'লি ওয়া তাক্তুমুল হ'াক্ক'া ওয়া আংতুম তা'লামূন।	
তরজমা	তোমরা সত্যকে মিথ্যার সঙ্গে মিশ্রিত করিও না এবং জানিয়া-শুনিয়া সত্য গোপন করিও না।	
	وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ وَارْكَعُوْا مَعَ الرّٰكِعِيْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া আক'ীমুস্সালা-তা ওয়া আ-তুঝ্ঝাকা-তা ওয়ার্কা'উ মা'আর্ রা-কি'ঈন।	
তরজমা	তোমরা সালাত কায়েম কর ও যাকাত দাও এবং যাহারা রুকূ' করে তাহাদের সঙ্গে রুকূ' কর।	
	اَتَاْمُرُوْنَ النَّاسَ بِالْبِرِّ وَتَنْسَوْنَ اَنْفُسَكُمْ وَاَنْتُمْ تَتْلُوْنَ الْكِتٰبَ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	আতা'মুরূনান্না-ছা বিল্বির্বি ওয়া তাংছাওনা আংফুছাকুম ওয়া আংতুম তাতলূনাল কিতা-বা (ط) আফালা-তা'কি'লূন।	
তরজমা	তোমরা কি মানুষকে সৎকর্মের নির্দেশ দাও, আর নিজদেরকে বিস্মৃত হও ? অথচ তোমরা কিতাব অধ্যয়ন কর। তবে কি তোমরা বুঝ না ?	
	وَاسْتَعِيْنُوْا بِالصَّبْرِ وَالصَّلٰوةِ ۭ وَاِنَّهَا لَكَبِيْرَةٌ اِلَّا عَلَي الْخٰشِعِيْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়াছ্তা'ঈনূ বিসসাবরি ওয়াসসালা-তি (ط) ওয়া ইন্নাহা-লাকাবীরাতুন ইল্লা-'আলাল খা-শি'ঈন।	
তরজমা	তোমরা ধৈর্য ও সালাতের মাধ্যমে সাহায্য প্রার্থনা কর এবং ইহা বিনীতগণ ব্যতীত আর সকলের নিকট নিশ্চিতভাবে কঠিন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَاَنَّهُمْ اِلَيْهِ رٰجِعُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	আল্লাযী-না ইয়াজু-ন্নুনা আন্নাহুম মুলা-কূ-রাব্বিহিম ওয়াআন্নাহুম ইলাইহি রা-জি'উন।	
তরজমা	তাহারাই বিনীত যাহারা বিশ্বাস করে যে, তাহাদের প্রতিপালকের সঙ্গে নিশ্চিতভাবে তাহাদের সাক্ষাতকার ঘটিবে এবং তাঁহারই দিকে তাহারা ফিরিয়া যাইবে।	
	يٰبَنِيْٓ اِسْرَآءِيْلَ اذْكُرُوْا نِعْمَتِيَ الَّتِيْٓ اَنْعَمْتُ عَلَيْكُمْ وَاَنِّيْ فَضَّلْتُكُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ইয়া-বানী~ ইছরা~ঈলায কুরূ নি'মাতিইয়াল্লাতী~ আন'আমতু 'আলাইকুম ওয়াআন্নী ফাদ্দ'ালতুকুম 'আলাল 'আ-লামীন।	
তরজমা	হে বনী ইসরাঈল ! আমার সেই অনুগ্রহকে স্মরণ কর যদ্দ্বারা আমি তোমাদেরকে অনুগৃহীত করিয়াছিলাম এবং বিশ্বে সবার উপরে শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম।	
	وَاتَّقُوْا يَوْمًا لَّا تَجْزِيْ نَفْسٌ عَنْ نَّفْسٍ شَيْـًٔا وَّلَا يُقْبَلُ مِنْهَا شَفَاعَةٌ وَّلَا يُؤْخَذُ مِنْهَا عَدْلٌ وَّلَا هُمْ يُنْصَرُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকূ ইয়াওমাল্লা-তাজঝী নাফুছুন 'আন্ নাফছিং শাইআওঁ ওয়ালা-ইউক'বালু মিনহা-শাফা-'আতুওঁ ওয়ালা-ইউ'খায মিনহা-'আদলুওঁ ওয়ালা-হুম ইউংসারূন।	
তরজমা	তোমরা সেই দিনকে ভয় কর যেদিন কেহ কাহারও কোন কাজে আসিবে না, কাহারও সুপারিশ গ্রহণ করা হইবে না, কাহারও নিকট হইতে বিনিময় গৃহীত হইবে না এবং তাহারা কোন প্রকার সাহায্যপ্রাপ্তও হইবে না।	
	وَاِذْ نَجَّيْنٰكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ۭ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া ইয নাজজাইনা-কুম মিন আ-লি ফির'আওনা ইয়াছুমূনাকুম ছূ~আল 'আয'া-বি ইউয'াব্বিহূ না আবনা~আকুম ওয়াইয়াছতাহ ইউনা নিছা~আকুম (ط) ওয়া ফী য'া-লিকুম বালা~উম্ মিররাব্বিকুম 'আজ ীম।	
তরজমা	স্মরণ কর, যখন আমি ফির'আওনী সম্প্রদায় হইতে তোমাদেরকে নিষ্কৃতি দিয়াছিলাম, যাহারা তোমাদের পুত্রগণকে যবেহ্ করিয়া ও তোমাদের নারীগণকে জীবিত রাখিয়া তোমাদেরকে মর্মান্তিক যন্ত্রণা দিত; এবং উহাতে তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে এক মহাপরীক্ষা ছিল;	
	وَاِذْ فَرَقْنَا بِكُمُ الْبَحْرَ فَاَنْجَيْنٰكُمْ وَاَغْرَقْنَآ اٰلَ فِرْعَوْنَ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ফারাক'না-বিকুমুল বাহ'রা ফাআংজাইনা-কুম ওয়া আগ্রাক'না~ আ-লা ফির'আওনা ওয়া আংতুম তাংজু'রূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যখন তোমাদের জন্য সাগরকে দ্বিধাবিভক্ত করিয়াছিলাম এবং তোমাদেরকে উদ্ধার করিয়াছিলাম ও ফির'আওনী সম্প্রদায়কে নিমজ্জিত করিয়াছিলাম আর তোমরা উহা প্রত্যক্ষ করিতেছিলে।	
	وَاِذْ وٰعَدْنَا مُوْسٰٓى اَرْبَعِيْنَ لَيْلَةً ثُمَّ اتَّخَذْتُمُ الْعِجْلَ مِنْۢ بَعْدِهٖ وَاَنْتُمْ ظٰلِمُوْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়াইয্ ওয়া- 'আদনা-মূছা~ আরবা'ঈনা লাইলাতাং ছু ম্মাত্ তাখায তুমুল 'ইজলা মিম্ বা'দিহী ওয়া আংতুমজ া-লিমূন।	
তরজমা	যখন মূসার জন্য চল্লিশ রাত্রি নির্ধারিত করিয়াছিলাম, তাহার প্রস্থানের পর তোমরা তখন গোবৎসকে উপাস্যরূপে গ্রহণ করিয়াছিলে; আর তোমরা তো জালিম।	
	ثُمَّ عَفَوْنَا عَنْكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ছু ম্মা 'আফাওনা- 'আংকুম মিম্ বা'দি য া-লিকা লা'আল্লাকুম তাশ্কুরূন।	
তরজমা	ইহার পরও আমি তোমাদেরকে ক্ষমা করিয়াছি, যাহাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর।	
	وَاِذْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ وَالْفُرْقَانَ لَعَلَّكُمْ تَهْتَدُوْنَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইয আ-তাইনা- মূছাল কিতা-বা ওয়াল ফুরক া-না লা'আল্লাকুম তাহ্তাদূন।	
তরজমা	-আর যখন আমি মূসাকে কিতাব ও 'ফুরকান' দান করিয়াছিলাম যাহাতে তোমরা হিদায়াতপ্রাপ্ত হও।	
	وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنَّكُمْ ظَلَمْتُمْ اَنْفُسَكُمْ بِاتِّخَاذِكُمُ الْعِجْلَ فَتُوْبُوْٓا اِلٰى بَارِئِكُمْ فَاقْتُلُوْٓا اَنْفُسَكُمْ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ عِنْدَ بَارِئِكُمْ ؕ فَتَابَ عَلَيْكُمْ ؕ اِنَّهٗ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ক া-লা মূছা- লিক ওমিহী ইয়া-ক ওমি ইন্নাকুম জ ালাম্তুম আংফুছাকুম বিত্তিখা-যি কুমুল 'ইজলা ফাতূবূ~ ইলা-বা-রিইকুম ফাক তুলূ~আংফুছাকুম (ط) য া-লিকুম খাইরুল্লাকুম 'ইংদা বা-রিইকুম (ط) ফাতা-বা 'আলাইকুম (ط) ইন্নাহূ হুওয়াত্তাওওয়া-বুর্রাহ ীম।	
তরজমা	আর যখন মূসা আপন সম্প্রদায়ের লোককে বলিল, 'হে আমার সম্প্রদায়! গো-বৎসকে উপাস্যরূপে গ্রহণ করিয়া তোমরা নিজেদের প্রতি ঘোর অত্যাচার করিয়াছ, সুতরাং তোমরা তোমাদের স্রষ্টার পানে ফিরিয়া যাও এবং তোমরা নিজেদেরকে হত্যা কর। তোমাদের স্রষ্টার নিকট ইহাই শ্রেয়। তিনি তোমাদের প্রতি ক্ষমাপরবশ হইবেন। তিনি অত্যন্ত ক্ষমাশীল, পরম দয়ালু।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نُّؤْمِنَ لَكَ حَتّٰى نَرَى اللّٰهَ جَهْرَةً فَاَخَذَتْكُمُ الصّٰعِقَةُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' কু'ল্তুম ইয়া-মূছা- লান্ নু'মিনা লাকা হ'াত্তা- নারাল্লা-হা জাহরাতাং ফাআ-খায'াতকুমুস্সা-'ইক'াতু ওয়া আংতুম তাংজু'রূন।	
তরজমা	-যখন তোমরা বলিয়াছিলে, 'হে মূসা! আমরা আল্লাহ্কে প্রত্যক্ষভাবে না দেখা পর্যন্ত তোমাকে কখনও বিশ্বাস করিব না', তখন তোমরা বজ্রাহত হইয়াছিলে আর তোমরা নিজেরাই দেখিতেছিলে।	
	ثُمَّ بَعَثْنٰكُمْ مِّنْۢ بَعْدِ مَوْتِكُمْ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা বা'আছ'না-কুম মিম্ বা'দি মাওতিকুম লা'আল্লাকুম তাশকুরূন।	
তরজমা	অতঃপর তোমাদের মৃত্যুর পর আমি তোমাদেরকে পুনর্জীবিত করিলাম যাহাতে তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর।	
	وَظَلَّلْنَا عَلَيْكُمُ الْغَمَامَ وَاَنْزَلْنَا عَلَيْكُمُ الْمَنَّ وَالسَّلْوٰى ؕ كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ ؕ وَمَا ظَلَمُوْنَا وَلٰكِنْ كَانُوْۤا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়াজ'াল্লালনা-'আলাইকুমুল গামা-মা ওয়া আংঝালনা-'আলাইকুমুল মান্না ওয়াছ্ছালওয়া- (ত) কুলূ মিং ত'াইয়িবা-তি মা-রাঝাক'না-কুম (ত) ওয়ামা-জ'ালামূনা- ওয়ালা-কিং কা-নূ~আংফুছাহুম ইয়াজ'লিমূন।	
তরজমা	আমি মেঘ দ্বারা তোমাদের উপর ছায়া বিস্তার করিলাম এবং তোমাদের নিকট মান্না ও সাল্ওয়া প্রেরণ করিলাম। বলিয়াছিলাম, 'তোমাদেরকে যে উত্তম জীবিকা দান করিয়াছি তাহা হইতে আহার কর।' তাহারা 'আমার প্রতি কোন জুলুম করে নাই, বরং তাহারা তাহাদের প্রতিই জুলুম করিয়াছিল।'	
	وَاِذْ قُلْنَا ادْخُلُوْا هٰذِهِ الْقَرْيَةَ فَكُلُوْا مِنْهَا حَيْثُ شِئْتُمْ رَغَدًا وَّادْخُلُوا الْبَابَ سُجَّدًا وَّقُوْلُوْا حِطَّةٌ نَّغْفِرْ لَكُمْ خَطٰيٰكُمْ ؕ وَسَنَزِيْدُ الْمُحْسِنِيْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়াইয' কু'ল্নাদখুলূ হা-যি'হিল ক'ারইয়াতা ফাকুলূ মিনহা-হ'াইছু' শি'তুম রাগাদাওঁ ওয়াদখুলুল বা-বা ছুজ্জাদাওঁ ওয়া কূ'লূ হি'ত্ত'াতুন্নাগ্ফিরলাকুম খাত'া-ইয়া-কুম (ত) ওয়া ছানাঝীদুল মুহ'ছিনীন।	
তরজমা	স্মরণ কর, যখন আমি বলিলাম, 'এই জনপদে প্রবেশ কর, যেথা ইচ্ছা স্বচ্ছন্দে আহার কর, নতশিরে প্রবেশ কর দ্বার দিয়া এবং বল : 'ক্ষমা চাই'। 'আমি তোমাদের অপরাধ ক্ষমা করিব এবং সৎকর্মপরায়ণ লোকদের প্রতি আমার দান বৃদ্ধি করিব।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَبَدَّلَ الَّذِيْنَ ظَلَمُوْا قَوْلًا غَيْرَ الَّذِيْ قِيْلَ لَهُمْ فَاَنْزَلْنَا عَلَى الَّذِيْنَ ظَلَمُوْا رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ফাবাদ্দালাল্লাযীনা জ ালামূ ক াওলান গাইরাল্লাযী ক ীলা লাহুম ফাআংঝালনা- 'আলাল্লাযীনা জ ালামূ রিজ্‌ঝাম্মিনাছ্‌ছামা~ই বিমা- কা-নূ ইয়াফছুকূ ন।	
তরজমা	কিন্তু যাহারা অন্যায় করিয়াছিল তাহারা তাহাদেরকে যাহা বলা হইয়াছিল তাহার পরিবর্তে অন্য কথা বলিল। সুতরাং অনাচারীদের প্রতি আমি আকাশ হইতে শাস্তি প্রেরণ করিলাম, কারণ তাহারা সত্য ত্যাগ করিয়াছিল।	
	وَاِذِ اسْتَسْقٰى مُوْسٰى لِقَوْمِهٖ فَقُلْنَا اضْرِبْ بِّعَصَاكَ الْحَجَرَ ؕ فَانْفَجَرَتْ مِنْهُ اثْنَتَا عَشْرَةَ عَيْنًا ؕ قَدْ عَلِمَ كُلُّ اُنَاسٍ مَّشْرَبَهُمْ ؕ كُلُوْا وَاشْرَبُوْا مِنْ رِّزْقِ اللّٰهِ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া ইযি ছতাছক া-মূছা- লিক াওমিহী ফাকু লনাদ রিব্বি'আসা-কাল হ াজারা (ط) ফাংফাজারাত মিনহুছ্‌ নাতা- 'আশ্‌রাতা 'আইনাং (ط) ক াদ 'আলিমা কুল্লু উনা-ছিম্‌ মাশ্‌রাবাহুম (ط) কুলূ ওয়াশরাবূ মির রিঝকি ল্লা-হি ওয়ালা-তা'ছ াও ফিল আর্‌দি মুফছিদীন।	
তরজমা	স্মরণ কর, যখন মূসা তাহার সম্প্রদায়ের জন্য পানি প্রার্থনা করিল, আমি বলিলাম, 'তোমার লাঠি দ্বারা পাথরে আঘাত কর।' ফলে উহা হইতে দ্বাদশ প্রস্রবণ প্রবাহিত হইল। প্রত্যেক গোত্র নিজ নিজ পান-স্থান চিনিয়া লইল। বলিলাম, 'আল্লাহ্‌-প্রদত্ত জীবিকা হইতে তোমরা পানাহার কর এবং দুষ্কৃতিকারীরূপে পৃথিবীতে নৈরাজ্য সৃষ্টি করিয়া বেড়াইও না।'	
	وَاِذْ قُلْتُمْ يٰمُوْسٰى لَنْ نَّصْبِرَ عَلٰى طَعَامٍ وَّاحِدٍ فَادْعُ لَنَا رَبَّكَ يُخْرِجْ لَنَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ مِنْۢ بَقْلِهَا وَقِثَّآئِهَا وَفُوْمِهَا وَعَدَسِهَا وَبَصَلِهَا ؕ قَالَ اَتَسْتَبْدِلُوْنَ الَّذِىْ هُوَ اَدْنٰى بِالَّذِىْ هُوَ خَيْرٌ ؕ اِهْبِطُوْا مِصْرًا فَاِنَّ لَكُمْ مَّا سَاَلْتُمْ ؕ وَضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ وَالْمَسْكَنَةُ ۗ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ النَّبِيّٖنَ بِغَيْرِ الْحَقِّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿٦١﴾	61

প্রতিবর্ণায়ন	ওয়া ইয॰ কু॰ ল্তুম ইয়া-মূছা-লান্ নাস্বিরা ‘আলা- ত॰া‘আ-মিওঁ ওয়া-হি॰দিং ফাদ‘উলানা-রাব্বাকা ইউখ্রিজলানা- মিম্মা-তুম্বিতুল আরদু॰ মিম্ বাক॰লিহা- ওয়াকি॰ছ্॰ ছ॰া~ইহা-ওয়াফূমিহা- ওয়া‘আদাছিহা-ওয়া বাসালিহা-; ক॰া-লা আতাছতাবদিলূনাল্লায॰ী হুওয়া আদনা-বিল্লায॰ী হুওয়া খাইরুন (ط) ইহ্বিতূ॰ মিস্রাং ফাইন্না লাকুম্ মা- ছাআল্তুম (ط) ওয়া দু॰রিবাত ‘আলাইহিমুয॰যি॰ল্লাতু ওয়ালমাছ্কানাতু (ق) ওয়াবা~উ বিগাদ॰াবিম্ মিনাল্লা-হি (ط) য॰া-লিকা বিআন্নাহুম ক॰া-নূ ইয়াকফুরূনা বিআ-য়া-তিল্লা-হি ওয়া ইয়াক॰তুলূনান্নাবিইঈনা বিগাইরিল হ॰াক্কি॰ (ط) য॰া-লিকা বিমা-‘আসাও ওয়া কা-নূ ইয়া‘তাদূন।	
তরজমা	যখন তোমরা বলিয়াছিলে, ‘হে মূসা! আমরা একইরকম খাদ্যে কখনও ধৈর্য ধারণ করিব না; সুতরাং তুমি তোমার প্রতিপালকের নিকট আমাদের জন্য প্রার্থনা কর-তিনি যেন ভূমিজাত দ্রব্য শাক-সব্জি, কাঁকুড়, গম, মসুর ও পেঁয়াজ আমাদের জন্য উৎপাদন করেন।’ মূসা বলিল, ‘তোমরা কি উৎকৃষ্টতর বস্তুকে নিকৃষ্টতর বস্তুর সঙ্গে বদল করিতে চাও ? তবে কোন নগরে অবতরণ কর। তোমরা যাহা চাও নিশ্চয়ই তাহা সেখানে আছে।’ তাহারা লাঞ্ছনা ও দারিদ্র্যগ্রস্ত হইল এবং তাহারা আল্লাহ্র ক্রোধের পাত্র হইল। ইহা এইজন্য যে, তাহারা আল্লাহ্র আয়াতকে অস্বীকার করিত এবং নবীগণকে অন্যায়ভাবে হত্যা করিত। অবাধ্যতা ও সীমালংঘন করিবার জন্যই তাহাদের এই পরিণতি হইয়াছিল।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا وَالنَّصَارَىٰ وَالصَّابِئِينَ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَهُمْ أَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায॰ীনা আ-মানূ ওয়াল্লায॰ীনা হা-দূ ওয়ান্নাসা-রা- ওয়াসসা-বিঈনা মান আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া‘আমিলা সা-লিহ॰াং ফালাহুম আজরুহুম ‘ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা- খাওফুন ‘আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ॰ঝানূন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা ঈমান আনিয়াছে, যাহারা ইয়াহূদী হইয়াছে এবং খ্রিস্টান ও সাবিঈন-যাহারাই আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনে ও সৎকাজ করে, তাহাদের জন্য পুরস্কার আছে তাহাদের প্রতিপালকের নিকট। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	وَإِذْ أَخَذْنَا مِيثَاقَكُمْ وَرَفَعْنَا فَوْقَكُمُ الطُّورَ خُذُوا مَا آتَيْنَاكُمْ بِقُوَّةٍ وَاذْكُرُوا مَا فِيهِ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ওয়া ইয॰ আখায্না-মীছ॰া-ক॰াকুম ওয়া রাফা‘না-ফাওক॰াকুমুত্ব্॰রা; খুয্॰ মা~ আ-তাইনা-কুম বিকু॰ওওয়াতিওঁ ওয়ায॰কুর্ মা-ফীহি লা‘আল্লাকুম তাত্তাকূ॰ন্।	

তরজমা	স্মরণ কর, যখন তোমাদের অঙ্গীকার নিয়াছিলাম এবং 'তূর'কে তোমাদের উর্ধ্বে উত্তোলন করিয়াছিলাম; বলিয়াছিলাম, 'আমি যাহা দিলাম দৃঢ়তার সঙ্গে গ্রহণ কর এবং তাহাতে যাহা আছে তাহা স্মরণ রাখ, যাহাতে তোমরা সাবধান হইয়া চলিতে পার।'	
	ثُمَّ تَوَلَّيْتُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ ۚ فَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَكُنْتُمْ مِّنَ الْخٰسِرِيْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা তাওয়াল্লাইতুম মিম্ বা'দি যা-লিকা, ফালাও লা-ফাদ'লুল্লা-হি 'আলাইকুম ওয়া রাহ'মাতুহূ লাকুংতুম মিনাল খা-ছিরীন।	
তরজমা	ইহার পরেও তোমরা মুখ ফিরাইলে। আল্লাহ্‌র অনুগ্রহ এবং অনুকম্পা তোমাদের প্রতি না থাকিলে তোমরা অবশ্যই ক্ষতিগ্রস্ত হইতে।	
	وَلَقَدْ عَلِمْتُمُ الَّذِيْنَ اعْتَدَوْا مِنْكُمْ فِي السَّبْتِ فَقُلْنَا لَهُمْ كُوْنُوْا قِرَدَةً خٰسِـِٕيْنَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ 'আলিমতুমুল্লায'ীনা'তাদাও মিংকুম ফিছ্‌ছাব্‌তি ফাকু'লনা-লাহুম কূনূ কি'রাদাতান খা-ছিঈন।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা শনিবার সম্পর্কে সীমালংঘন করিয়াছিল তাহাদেরকে তোমরা নিশ্চিতভাবে জান। আমি তাহাদের বলিয়াছিলাম, 'তোমরা ঘৃণিত বানর হও।'	
	فَجَعَلْنٰهَا نَكَالًا لِّمَا بَيْنَ يَدَيْهَا وَمَا خَلْفَهَا وَمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ফাজা'আলনা-হা-নাকা-লাল্লিমা-বাইনাইয়াদাইহা-ওয়ামা-খাল্‌ফাহা ওয়ামাও'ইজ'াতাল্লিল্‌মুত্তাক'ীন।	
তরজমা	আমি ইহা তাহাদের সমসাময়িক ও পরবর্তিগণের শিক্ষা গ্রহণের জন্য দৃষ্টান্ত ও মুত্তাকীদের জন্য উপদেশস্বরূপ করিয়াছি।	
	وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهٖٓ اِنَّ اللّٰهَ يَاْمُرُكُمْ اَنْ تَذْبَحُوْا بَقَرَةً ۭ قَالُوْٓا اَتَتَّخِذُنَا هُزُوًا ۭ قَالَ اَعُوْذُ بِاللّٰهِ اَنْ اَكُوْنَ مِنَ الْجٰهِلِيْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' ক'া-লা মূছা- লিক'াওমিহী~ ইন্নাল্লা-হা ইয়া'মুরুকুম আং তায'বাহু' বাক'ারাতাং (ط) ক'া-লূ~ আতাত্তাখিযু'না হুঝুওয়াং (ط) ক'া-লা আ'ঊযু'বিল্লা-হি আন আকূনা মিনাল জা-হিলীন।	
তরজমা	স্মরণ কর, যখন মূসা আপন সম্প্রদায়কে বলিয়াছিল, 'নিশ্চয়ই আল্লাহ্‌ তোমাদেরকে একটি গরু যবেহ করার আদেশ দিয়াছেন', তাহারা বলিয়াছিল, 'তুমি কি আমাদের সঙ্গে ঠাট্টা করিতেছ ?' মূসা বলিল, 'আল্লাহ্‌র শরণ লইতেছি যাহাতে আমি অজ্ঞদের অন্তর্ভুক্ত না হই।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا هِيَ ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا فَارِضٌ وَّلَا بِكْرٌ ۖ عَوَانٌ بَيْنَ ذَٰلِكَ ۚ فَافْعَلُوا مَا تُؤْمَرُونَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ক'া-লুদ'উলানা- রাব্বাকা ইউবাইয়িল্লানা- মা-হিয়া (ط) ক'া-লা ইন্নাহূ ইয়াকূ'লু ইন্নাহা- বাক'ারাতুল্ লা-ফা-রিদু'ওঁ ওয়ালা-বিকরুন (ط) 'আওয়া-নুম্ বাইনা য'া-লিকা (ط) ফাফ'আলূ মা-তু'মারূন।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহা কিরূপ ?' মূসা বলিল, 'আল্লাহ্ বলিতেছেন, উহা এমন গরু যাহা বৃদ্ধও নয়, অল্পবয়স্কও নয়- মধ্যবয়সী। সুতরাং তোমরা যাহা আদিষ্ট হইয়াছ তাহা কর।'	
	قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا لَوْنُهَا ۚ قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ صَفْرَاءُ فَاقِعٌ لَّوْنُهَا تَسُرُّ النَّاظِرِينَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ক'ালুদ'উ লানা- রাব্বাকা ইউবাইয়িল্লানা-মা-লাওনুহা- (ط) ক'া-লা ইন্নাহূ ইয়াকূ'লু ইন্নাহা- বাক'ারাতুং সাফরা~উ (ﻻ) ফা-কি''উল্লাওনুহা- তাছুররুন্না-জি'রীন।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহার রং কি ?' মূসা বলিল, 'আল্লাহ্ বলিতেছেন, উহা হলুদ বর্ণের গরু, উহার রং উজ্জ্বল গাঢ়, যাহা দর্শকদের আনন্দ দেয়।'	
	قَالُوا ادْعُ لَنَا رَبَّكَ يُبَيِّنْ لَّنَا مَا هِيَ إِنَّ الْبَقَرَ تَشَابَهَ عَلَيْنَا ۖ وَإِنَّا إِنْ شَاءَ اللَّهُ لَمُهْتَدُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ক'া-লুদ'উলানা-রাব্বকা ইউবাইয়িল্লানা- মা-হিয়া (ﻻ) ইন্নাল বাক'ারা তাশা-বাহা 'আলাইনা- (ط) ওয়া ইন্না~ ইংশা~আল্লা-হু লামুহ্তাদূন।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের জন্য তোমার প্রতিপালককে স্পষ্টভাবে জানাইয়া দিতে বল, উহা কোন্‌টি ? আমরা গরুটি সম্পর্কে সন্দেহে পতিত হইয়াছি এবং আল্লাহ্ ইচ্ছা করিলে নিশ্চয় আমরা দিশা পাইব।'	
	قَالَ إِنَّهُ يَقُولُ إِنَّهَا بَقَرَةٌ لَّا ذَلُولٌ تُثِيرُ الْأَرْضَ وَلَا تَسْقِي الْحَرْثَ ۚ مُسَلَّمَةٌ لَّا شِيَةَ فِيهَا ۚ قَالُوا الْآنَ جِئْتَ بِالْحَقِّ ۚ فَذَبَحُوهَا وَمَا كَادُوا يَفْعَلُونَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নাহূ, ইয়াকূ'লু ইন্নাহা-বাক'ারাতুল্লা- য'ালূলুং তুছ'ীরুল আর্দ'া ওয়ালা-তাছ্কি'ল হ'ারছ'া (ج) মুছাল্লামাতুল্ লা-শিয়াতা ফীহা- (ط) ক'া-লুল আ-না জি'তা বিলহ'াক্কি' (ط) ফায'াবাহূ'হা-ওয়ামা-কা-দূ ইয়াফ'আলূন।	

তরজমা	মূসা বলিল, 'তিনি বলিতেছেন, উহা এমন এক গরু যাহা জমি চাষে ও ক্ষেতে পানি সেচের জন্য ব্যবহৃত হয় নাই-সুস্থ নিখুঁত।' তাহারা বলিল, 'এখন তুমি সত্য আনিয়াছ।' যদিও তাহারা যবেহ করিতে উদ্যত ছিল না, তবুও তাহারা উহাকে যবেহ করিল।	
	وَاِذْ قَتَلْتُمْ نَفْسًا فَادّٰرَءْتُمْ فِيْهَا ؕ وَاللّٰهُ مُخْرِجٌ مَّا كُنْتُمْ تَكْتُمُوْنَ ۚ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া ইয· ক·াতাল্তুম নাফ্ছাং ফাদ্দা-রা'তুম ফীহা- (ط) ওয়াল্লা-হু মুখ্রিজুম্মা-কুংতুম তাকতুমূন।	
তরজমা	স্মরণ কর, যখন তোমরা এক ব্যক্তিকে হত্যা করিয়াছিলে এবং একে অন্যের প্রতি দোষারোপ করিতেছিলে-তোমরা যাহা গোপন রাখিতেছিলে আল্লাহ্ তাহা ব্যক্ত করিতেছেন।	
	فَقُلْنَا اضْرِبُوْهُ بِبَعْضِهَا ؕ كَذٰلِكَ يُحْيِ اللّٰهُ الْمَوْتٰى ۙ وَيُرِيْكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ۚ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ফাকু·লনাদ·রিবূহু বিবা'দি·হা- (ط) কায·া-লিকা ইউহ·ইল্লা-হুল মাওতা- (لا) ওয়া ইউরীকুম আ-য়া-তিহী লা'আল্লাকুম তা'কি·লূন।	
তরজমা	আমি বলিলাম, 'ইহার কোন অংশ দ্বারা উহাকে আঘাত কর।' এইভাবে আল্লাহ্ মৃতকে জীবিত করেন এবং তাঁহার নিদর্শন তোমাদেরকে দেখাইয়া থাকেন, যাহাতে তোমরা অনুধাবন করিতে পার।	
	ثُمَّ قَسَتْ قُلُوْبُكُمْ مِّنْۢ بَعْدِ ذٰلِكَ فَهِيَ كَالْحِجَارَةِ اَوْ اَشَدُّ قَسْوَةً ؕ وَاِنَّ مِنَ الْحِجَارَةِ لَمَا يَتَفَجَّرُ مِنْهُ الْاَنْهٰرُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَشَّقَّقُ فَيَخْرُجُ مِنْهُ الْمَآءُ ؕ وَاِنَّ مِنْهَا لَمَا يَهْبِطُ مِنْ خَشْيَةِ اللّٰهِ ؕ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ছু·ম্মা ক·াছাত কু·লূবুকুম মিম্ বা'দি য·া-লিকা ফাহিয়া কাল হি·জা-রাতি আও আশাদ্দু ক·াছওয়াতাওঁ (ط) ওয়াইন্না মিনাল হি·জা-রাতি লামা-ইয়াতাফাজ্জারু মিনহুল আনহা-রু (ط) ওয়াইন্না মিনহা-লামা-ইয়াশশাক্ক·াকু· ফাইয়াখরুজু মিনহুল মা~উ (ط) ওয়া ইন্না মিনহা-লামা-ইয়াহ্বিতু· মিন খাশইয়াতিল্লা-হি (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন।	
তরজমা	ইহার পরও তোমাদের হৃদয় কঠিন হইয়া গেল, উহা পাষাণ কিংবা তদপেক্ষা কঠিন। কিছু পাথরও এমন যে, উহা হইতে নদী-নালা প্রবাহিত হয় এবং কিছু এইরূপ যে, বিদীর্ণ হওয়ার পর উহা হইতে পানি নির্গত হয়, আবার কিছু এমন যাহা আল্লাহ্র ভয়ে ধসিয়া পড়ে। তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَفَتَطْمَعُوْنَ اَنْ يُّؤْمِنُوْا لَكُمْ وَقَدْ كَانَ فَرِيْقٌ مِّنْهُمْ يَسْمَعُوْنَ كَلٰمَ اللّٰهِ ثُمَّ يُحَرِّفُوْنَهٗ مِنْۢ بَعْدِ مَا عَقَلُوْهُ وَهُمْ يَعْلَمُوْنَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	আফাতাত'মা'ঊনা আইঁ ইউ'মিনূ লাকুম ওয়া ক'াদ কা-না ফারীকু'ম্ মিনহুম ইয়াছমা'ঊনা কালা-মাল্লা-হি ছু'ম্মা ইউহ'াররিফূনাহু মিম্ বা'দি মা- 'আক'ালূহু ওয়া হুম ইয়া'লামূন।	
তরজমা	তোমরা কি এই আশা কর যে, তাহারা তোমাদের কথায় ঈমান আনিবে-যখন তাহাদের একদল আল্লাহ্‌র বাণী শ্রবণ করে; অতঃপর তাহারা উহা হৃদয়ঙ্গম করার পরও বিকৃত করে, অথচ তাহারা জানে।	
	وَاِذَا لَقُوا الَّذِيْنَ اٰمَنُوْا قَالُوْٓا اٰمَنَّا ۚ وَاِذَا خَلَا بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ قَالُوْٓا اَتُحَدِّثُوْنَهُمْ بِمَا فَتَحَ اللّٰهُ عَلَيْكُمْ لِيُحَآجُّوْكُمْ بِهٖ عِنْدَ رَبِّكُمْ ۭ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-লাকু'ল্লায'ীনা আ-মানূ ক'া-লু~ আ-মান্না- (صلے) ওয়াইয'া-খালা-বা'দু'হুম ইলা-বা'দি'ং ক'া-লূ~ আতুহ'াদ্দিছূ'নাহুম বিমা- ফাতাহ'াল্লা-হু 'আলাইকুম লিইউহ'া~জ্জূকুম বিহী 'ইংদারাব্বিকুম (ط) আফালা-তা'কি'লূন।	
তরজমা	তাহারা যখন মু'মিনদের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা ঈমান আনিয়াছি', আবার যখন তাহারা নিভৃতে একে অন্যের সঙ্গে মিলিত হয় তখন বলে, 'আল্লাহ্ তোমাদের কাছে যাহা ব্যক্ত করিয়াছেন তোমরা কি তাহা তাহাদেরকে বলিয়া দাও ? ইহা দ্বারা তাহারা তোমাদের প্রতিপালকের সম্মুখে তোমাদের বিরুদ্ধে যুক্তি পেশ করিবে; তোমরা কি অনুধাবন কর না ?'	
	اَوَلَا يَعْلَمُوْنَ اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	আওয়ালা-ইয়া'লামূনা আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ইউছির্‌রূনা ওয়ামা-ইউ'লিনূন।	
তরজমা	তাহারা কি জানে না যে, যাহা তাহারা গোপন রাখে কিংবা ঘোষণা করে নিশ্চিতভাবে আল্লাহ্ তাহা জানেন ?	
	وَمِنْهُمْ اُمِّيُّوْنَ لَا يَعْلَمُوْنَ الْكِتٰبَ اِلَّآ اَمَانِيَّ وَاِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম উম্মিইয়ূনা লা-ইয়া'লামূনাল কিতা-বা ইল্লা~ আমা-নিইইয়া ওয়াইন্‌হুম ইল্লা-ইয়াজু'ন্নুন।	
তরজমা	তাহাদের মধ্যে এমন কিছু নিরক্ষর লোক আছে যাহাদের মিথ্যা আশা ব্যতীত কিতাব সম্বন্ধে কোন জ্ঞান নাই, তাহারা শুধু অমূলক ধারণা পোষণ করে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَوَيْلٌ لِّلَّذِيْنَ يَكْتُبُوْنَ الْكِتٰبَ بِاَيْدِيْهِمْ ثُمَّ يَقُوْلُوْنَ هٰذَا مِنْ عِنْدِ اللّٰهِ لِيَشْتَرُوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ؕ فَوَيْلٌ لَّهُمْ مِّمَّا كَتَبَتْ اَيْدِيْهِمْ وَوَيْلٌ لَّهُمْ مِّمَّا يَكْسِبُوْنَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ফাওয়াইলুল্ লিল্লাযী-না ইয়াকতুবূনাল কিতা-বা বিআইদীহিম (ق) ছু ম্মা ইয়াকূ লূনা হা-যা-মিন ‘ইংদিল্লা-হি লিইয়াশতারূ বিহী ছ মানাং ক লীলাং (ط) ফাওয়াইলুল্লাহুম মিম্মা-কাতাবাত আইদিহিম ওয়া ওয়াইলুল্লাহুম মিম্মা-ইয়াকছিবূন।	
তরজমা	সুতরাং দুর্ভোগ তাহাদের জন্য যাহারা নিজ হাতে কিতাব রচনা করে এবং তুচ্ছ মূল্য প্রাপ্তির জন্য বলে, ‘ইহা আল্লাহ্‌র নিকট হইতে।’ তাহাদের হাত যাহা রচনা করিয়াছে তাহার জন্য শাস্তি তাহাদের এবং যাহা তাহারা উপার্জন করে তাহার জন্য শাস্তি তাহাদের।	
	وَقَالُوْا لَنْ تَمَسَّنَا النَّارُ اِلَّاۤ اَيَّامًا مَّعْدُوْدَةً ؕ قُلْ اَتَّخَذْتُمْ عِنْدَ اللّٰهِ عَهْدًا فَلَنْ يُّخْلِفَ اللّٰهُ عَهْدَهٗۤ اَمْ تَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ওয়াক া-লূ লাং তামাছ্ ছানান্না-রু ইল্লা~ আইইয়া-মাম্ মা‘দূদাতাং (ط) কু ল আত্তাখায তুম ‘ইংদাল্লা-হি ‘আহদাং ফালাইঁ ইউখ্‌লিফাল্লা-হু ‘আহ্‌দাহূ~ আম তাকূ লূনা ‘আলাল্লা-হি মা-লা-তা‘লামূন।	
তরজমা	তাহারা বলে, ‘দিনকতক ব্যতীত অগ্নি আমাদেরকে কখনও স্পর্শ করিবে না।’ বল, ‘তোমরা কি আল্লাহ্‌র নিকট হইতে অঙ্গীকার নিয়াছ; অতএব আল্লাহ্ তাঁহার অঙ্গীকার কখনও ভঙ্গ করিবেন না কিংবা আল্লাহ্ সম্বন্ধে এমন কিছু বলিতেছ যাহা তোমরা জান না ?’	
	بَلٰى مَنْ كَسَبَ سَيِّئَةً وَّاَحَاطَتْ بِهٖ خَطِيْٓـَٔتُهٗ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	বালা- মাং কাছাবা ছাইয়িআতাওঁ ওয়া আহ া-ত াত বিহী খাত ী~আতুহূ ফাউলা~ইকা আসহ া-বুন্না-রি (ز) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	হাঁ, যাহারা পাপকাজ করে এবং যাহাদের পাপরাশি তাহাদেরকে পরিবেষ্টন করে তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযী-না আ-মানূ ওয়া‘আমিলুসসা-লিহ া-তি উলা~ইকা আসহ া-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	আর যাহারা ঈমান আনে ও সৎকাজ করে তাহারাই জান্নাতবাসী, তাহারা সেখানে স্থায়ী হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَ بَنِيْٓ اِسْرَآءِيْلَ لَا تَعْبُدُوْنَ اِلَّا اللّٰهَ ۖ وَبِالْوَالِدَيْنِ اِحْسَانًا وَّذِى الْقُرْبٰى وَالْيَتٰمٰى وَ الْمَسٰكِيْنِ وَقُوْلُوْا لِلنَّاسِ حُسْنًا وَّاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۭ ثُمَّ تَوَلَّيْتُمْ اِلَّا قَلِيْلًا مِّنْكُمْ وَاَنْتُمْ مُّعْرِضُوْنَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়াইয আখায্না-মীছ্া-ক্া বানী~ ইছরা~ঈলা লা-তা' বুদূনা ইল্লাল্লা-হা (قف) ওয়া বিলওয়া-লিদাইনি ইহ্ছা-নাওঁ ওয়া যি'লকু'রবা- ওয়ালইয়াতা-মা-ওয়াল্মাছা-কীনি ওয়াক্ূলূ লিন্না-ছি হুছনাওঁ ওয়া আক্ীমুসসালা-তা ওয়া আ-তুঝাকা-তা (ط) ছুম্মা তাওয়াল্লাইতুম ইল্লা-ক্ালীলাম্ মিংকুম ওয়া আংতুম্ মু'রিদূন।	
তরজমা	স্মরণ কর, যখন বনী ইস্রাঈলের অঙ্গীকার নিয়াছিলাম, তোমরা আল্লাহ্ ব্যতীত অন্য কাহারও 'ইবাদত করিবে না, মাতাপিতা, আত্মীয়-স্বজন, পিতৃহীন ও দরিদ্রদের প্রতি সদয় ব্যবহার করিবে এবং মানুষের সঙ্গে সদালাপ করিবে, সালাত কায়েম করিবে ও যাকাত দিবে, কিন্তু স্বল্পসংখ্যক লোক ব্যতীত তোমরা বিরুদ্ধভাবাপন্ন হইয়া মুখ ফিরাইয়া নিয়াছিলে।	
	وَاِذْ اَخَذْنَا مِيْثَاقَكُمْ لَا تَسْفِكُوْنَ دِمَآءَكُمْ وَلَا تُخْرِجُوْنَ اَنْفُسَكُمْ مِّنْ دِيَارِكُمْ ثُمَّ اَقْرَرْتُمْ وَاَنْتُمْ تَشْهَدُوْنَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ওয়া ইয আখায্না-মীছ্া-ক্াকুম লা-তাছফিকূনা দিমা~আকুম ওয়ালা-তুখ্রিজূনা আংফুছাকুম মিং দিয়া-রিকুম ছুম্মা আক্রার্তুম ওয়া আংতুম তাশহাদূন।	
তরজমা	-যখন তোমাদের অঙ্গীকার নিয়াছিলাম যে, তোমরা পরস্পরের রক্তপাত করিবে না এবং আপনজনকে স্বদেশ হইতে বহিষ্কার করিবে না, অতঃপর তোমরা ইহা স্বীকার করিয়াছিলে, আর এই বিষয়ে তোমরাই সাক্ষী।	
	ثُمَّ اَنْتُمْ هٰٓؤُلَآءِ تَقْتُلُوْنَ اَنْفُسَكُمْ وَتُخْرِجُوْنَ فَرِيْقًا مِّنْكُمْ مِّنْ دِيَارِهِمْ تَظٰهَرُوْنَ عَلَيْهِمْ بِالْاِثْمِ وَ الْعُدْوَانِ ۭ وَاِنْ يَّاْتُوْكُمْ اُسٰرٰى تُفٰدُوْهُمْ وَهُوَ مُحَرَّمٌ عَلَيْكُمْ اِخْرَاجُهُمْ ۭ اَفَتُؤْمِنُوْنَ بِبَعْضِ الْكِتٰبِ وَ تَكْفُرُوْنَ بِبَعْضٍ ۚ فَمَا جَزَآءُ مَنْ يَّفْعَلُ ذٰلِكَ مِنْكُمْ اِلَّا خِزْيٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ يُرَدُّوْنَ اِلٰٓى اَشَدِّ الْعَذَابِ ۭ وَمَا اللّٰهُ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٨٥﴾	85

প্রতিবর্ণায়ন	ছু ম্মা আংতুম হা ঁউলা~ই তাক তুলূনা আংফুছাকুম ওয়াতুখরিজূনা ফারীক াম্ মিংকুম মিং দিয়া-রিহিম (ز) তাজ া-হারূনা 'আলাইহিম বিলইছ মি ওয়াল'উদ্ওয়া-নি (ط) ওয়াইয়ঁ ইয়া'তূকুম উছা-রা-তুফা-দূহুম ওয়া হুওয়া মুহ ার্‌রামুন 'আলাইকুম ইখ্‌রা-জুহুম (ط) আফাতু'মিনূনা বিবা'দি ল কিতা-বি ওয়া তাকফুরূনা বিবা'দি ং (ج) ফামা-জাঝা~উ মাইঁ ইয়াফ'আলু য া-লিকা মিংকুম ইল্লা-খিঝইয়ুং ফিল হ য়া-তিদ্দুনইয়া-(ج) ওয়া ইয়াওমাল কি য়া-মাতি ইউরাদ্দূনা ইলা ঁ আশাদ্দিল 'আয া-বি (ط) ওয়ামাল্লা-হু বিগা-ফিলিন 'আম্মা-তা'মালূন।	
তরজমা	তোমরাই তাহারা যাহারা অতঃপর একে অন্যকে হত্যা করিতেছ এবং তোমাদের এক দলকে স্বদেশ হইতে বহিষ্কার করিতেছ, তোমরা নিজেরা তাহাদের বিরুদ্ধে অন্যায় ও সীমালংঘন দ্বারা পরস্পরের পৃষ্ঠপোষকতা করিতেছ এবং তাহারা যখন বন্দীরূপে তোমাদের নিকট উপস্থিত হয় তখন তোমরা মুক্তিপণ দাও ; অথচ তাহাদের বহিষ্করণই তোমাদের জন্য অবৈধ ছিল। তবে কি তোমরা কিতাবের কিছু অংশে বিশ্বাস কর এবং কিছু অংশকে প্রত্যাখ্যান কর ? সুতরাং তোমাদের মধ্যে যাহারা এরূপ করে তাহাদের একমাত্র প্রতিফল পার্থিব জীবনে হীনতা এবং কিয়ামতের দিন তাহারা কঠিনতম শাস্তির দিকে নিক্ষিপ্ত হইবে। তাহারা যাহা করে আল্লাহ্ সে সম্বন্ধে অনবহিত নন।	
	أُولَٰئِكَ الَّذِينَ اشْتَرَوُا الْحَيَاةَ الدُّنْيَا بِالْآخِرَةِ ۖ فَلَا يُخَفَّفُ عَنْهُمُ الْعَذَابُ وَلَا هُمْ يُنْصَرُونَ ﴿٨٦﴾	**86**
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনাশ্ তারাউল হ য়া-তাদ্দুন্ইয়া-বিলআ-খিরাতি (ز) ফালা- ইউখাফ্ফাফু 'আন্হুমুল 'আয া-বু ওয়া লাহুম ইউংসারূন।	
তরজমা	তাহারাই আখিরাতের বিনিময়ে পার্থিব জীবন ক্রয় করে; সুতরাং তাহাদের শাস্তি লাঘব করা হইবে না এবং তাহারা কোন সাহায্যপ্রাপ্ত হইবে না।	
	وَلَقَدْ آتَيْنَا مُوسَى الْكِتَابَ وَقَفَّيْنَا مِنْ بَعْدِهِ بِالرُّسُلِ ۖ وَآتَيْنَا عِيسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنَاتِ وَأَيَّدْنَاهُ بِرُوحِ الْقُدُسِ ۗ أَفَكُلَّمَا جَاءَكُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوَىٰ أَنْفُسُكُمُ اسْتَكْبَرْتُمْ ۖ فَفَرِيقًا كَذَّبْتُمْ وَفَرِيقًا تَقْتُلُونَ ﴿٨٧﴾	**87**
প্রতিবর্ণায়ন	ওয়ালাক াদ আ-তাইনা-মূছাল কিতা-বা ওয়া ক াফ্ফাইনা-মিম্ বা'দিহী বিররুছুলি (ز) ওয়াআ-তাইনা-ঈছাব্না মার্‌ইয়ামাল বাইয়িনা-তি ওয়া আইয়াদনা-হুবিরূহি লকু দুছি (ط) আফাকুল্লামা-জা~আকুম রাছূলুম্ বিমা-লা-তাহ্ওয়া ঁ আংফুছুকুমুছ্তাকবার্‌তুম, ফাফারীক াং কায্য া ব্তুম (ج) ওয়া ফারীক াং তাক তুলূন।	

তরজমা	এবং নিশ্চয় আমি মূসাকে কিতাব দিয়াছি এবং তাহার পরে পর্যায়ক্রমে রাসূলগণকে প্রেরণ করিয়াছি, মার্‌ইয়াম-তনয় 'ঈসাকে স্পষ্ট প্রমাণ দিয়াছি এবং 'পবিত্র আত্মা' দ্বারা তাহাকে শক্তিশালী করিয়াছি। তবে কি যখনই কোন রাসূল তোমাদের নিকট এমন কিছু আনিয়াছে যাহা তোমাদের মনঃপূত নয় তখনই তোমরা অহংকার করিয়াছ আর কতককে অস্বীকার করিয়াছ এবং কতককে হত্যা করিয়াছ ?	
	وَقَالُوْا قُلُوْبُنَا غُلْفٌ ۭ بَلْ لَّعَنَهُمُ اللّٰهُ بِكُفْرِهِمْ فَقَلِيْلًا مَّا يُؤْمِنُوْنَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ ক'ূলূবুনা-গুলফুং (ط) বাল্লা'আনাহুমুল্লা-হু বিকুফ্‌রিহিম ফাক'ালীলাম্ মা-ইউমিনূন।	
তরজমা	তাহারা বলিয়াছিল, 'আমাদের হৃদয় আচ্ছাদিত', বরং কুফরীর জন্য আল্লাহ্ তাহাদেরকে লা'নত করিয়াছেন। সুতরাং তাহাদের অল্পসংখ্যকই ঈমান আনে।	
	وَلَمَّا جَاۗءَهُمْ كِتٰبٌ مِّنْ عِنْدِ اللّٰهِ مُصَدِّقٌ لِّمَا مَعَهُمْ ۙ وَكَانُوْا مِنْ قَبْلُ يَسْتَفْتِحُوْنَ عَلَي الَّذِيْنَ كَفَرُوْا ۚ فَلَمَّا جَاۗءَهُمْ مَّا عَرَفُوْا كَفَرُوْا بِهٖ ۚ فَلَعْنَةُ اللّٰهِ عَلَي الْكٰفِرِيْنَ ﴿٨٩﴾	89
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَاشْكُرُوْا لِلّٰهِ اِنْ كُنْتُمْ اِيَّاهُ تَعْبُدُوْنَ ﴿١٧٢﴾	172
প্রতিবর্ণায়ন	ইয়া ~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ কুলূ মিং ত ইয়িবা-তি মা-রায ক না-কুম ওয়াশ্কুরূ লিল্লা-হি ইং কুংতুম্ ইয়্যা-হু তা'বুদূন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদেরকে আমি যেসব পবিত্র বস্তু দিয়াছি তাহা হইতে আহার কর এবং আল্লাহ্র নিকট কৃতজ্ঞতা প্রকাশ কর যদি তোমরা শুধু তাঁহারই 'ইবাদত কর।	
	اِنَّمَا حَرَّمَ عَلَيْكُمُ الْمَيْتَةَ وَالدَّمَ وَلَحْمَ الْخِنْزِيْرِ وَمَاۤ اُهِلَّ بِهٖ لِغَيْرِ اللّٰهِ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَلَاۤ اِثْمَ عَلَيْهِ ؕ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٧٣﴾	173
প্রতিবর্ণায়ন	ইন্নামা-হ ারারামা 'আলাইকুমুল মাইতাতা ওয়াদ্দামা ওয়া লাহ মাল্ খিংঝীরি ওয়ামা ~ উহিল্লা বিহী লিগাইরিল্লা-হি (ج) ফামানিদ্ তু র্রা গাইরা বা-গিওঁ ওয়ালা- 'আ-দিং ফালা- ইছ মা 'আলাইহি (ط) ইনাল্লা-হা গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	নিশ্চয় আল্লাহ্ মৃত জন্তু, রক্ত, শূকর-মাংস এবং যাহার উপর আল্লাহ্র নাম ব্যতীত অন্যের নাম উচ্চারিত হইয়াছে তাহা তোমাদের জন্য হারাম করিয়াছেন। কিন্তু যে অনন্যোপায় অথচ নাফরমান কিংবা সীমালংঘনকারী নয় তাহার কোন পাপ হইবে না। নিশ্চয়ই আল্লাহ্ অতি ক্ষমাশীল, পরম দয়ালু।	

	إِنَّ الَّذِينَ يَكْتُمُونَ مَا أَنزَلَ اللَّهُ مِنَ الْكِتَابِ وَيَشْتَرُونَ بِهِ ثَمَنًا قَلِيلًا ۙ أُولَٰئِكَ مَا يَأْكُلُونَ فِي بُطُونِهِمْ إِلَّا النَّارَ وَلَا يُكَلِّمُهُمُ اللَّهُ يَوْمَ الْقِيَامَةِ وَلَا يُزَكِّيهِمْ وَلَهُمْ عَذَابٌ أَلِيمٌ ﴿١٧٤﴾	174
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা ইয়াক্তুমূনা মা~ আংঝালাল্লা-হু মিনাল্ কিতা-বি ওয়া ইয়াশ্তারূনা বিহী ছ'ামানাং ক'লীলান্ (ন) উলা~ইকা মা-ইয়া'কুলূনা ফী বুতূ'নিহিম্ ইল্লান্না-রা ওয়ালা-ইউকাল্লিমুহুমুল্লা-হু ইয়াওমাল্ কি'য়া-মাতি ওয়ালা-ইউঝাক্কীহিম্ (ঢ) ওয়া লাহুম্ 'আয'া-বুন আলীম।	
তরজমা	আল্লাহ্ যে কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহারা তাহা গোপন রাখে ও বিনিময়ে তুচ্ছ মূল্য গ্রহণ করে তাহারা নিজেদের জঠরে অগ্নি ব্যতীত আর কিছুই পুরে না। কিয়ামতের দিন আল্লাহ্ তাহাদের সঙ্গে কথা বলিবেন না এবং তাহাদেরকে পবিত্র করিবেন না। তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	أُولَٰئِكَ الَّذِينَ اشْتَرَوُا الضَّلَالَةَ بِالْهُدَىٰ وَالْعَذَابَ بِالْمَغْفِرَةِ ۚ فَمَا أَصْبَرَهُمْ عَلَى النَّارِ ﴿١٧٥﴾	175
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লাযীনাশতারাউদ্দ'লা-লাতা বিল্হুদা-ওয়াল্ 'আয'া-বা বিল্মাগ্ফিরাতি (ঢ) ফামা~আস্বারাহুম্ 'আলান্না-র।	
তরজমা	তাহারাই সৎপথের বিনিময়ে ভ্রান্ত পথ এবং ক্ষমার পরিবর্তে শাস্তি ক্রয় করিয়াছে; আগুন সহ্য করিতে তাহারা কতই না ধৈর্যশীল!	
	ذَٰلِكَ بِأَنَّ اللَّهَ نَزَّلَ الْكِتَابَ بِالْحَقِّ ۗ وَإِنَّ الَّذِينَ اخْتَلَفُوا فِي الْكِتَابِ لَفِي شِقَاقٍ بَعِيدٍ ﴿١٧٦﴾	176
প্রতিবর্ণায়ন	য'া-লিকা বিআন্নাল্লা-হা নাঝ্ঝলাল্ কিতা-বা বিল্হ'াক্কি' (ত) ওয়া ইন্নাল্লাযীনাখ তালাফূ ফিল্ কিতা-বি লাফী শিক'া-কি'ম্ বা'ঈদ।	
তরজমা	ইহা এইহেতু যে, আল্লাহ্ সত্যসহ কিতাব অবতীর্ণ করিয়াছেন এবং যাহারা কিতাব সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিয়াছে, নিশ্চয় তাহারা দুস্তর মতভেদে রহিয়াছে।	
	لَيْسَ الْبِرَّ أَنْ تُوَلُّوا وُجُوهَكُمْ قِبَلَ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَلَٰكِنَّ الْبِرَّ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَالْمَلَائِكَةِ وَالْكِتَابِ وَالنَّبِيِّينَ ۚ وَآتَى الْمَالَ عَلَىٰ حُبِّهِ ذَوِي الْقُرْبَىٰ وَالْيَتَامَىٰ وَالْمَسَاكِينَ وَابْنَ السَّبِيلِ ۙ وَالسَّائِلِينَ وَفِي الرِّقَابِ ۚ وَأَقَامَ الصَّلَاةَ وَآتَى الزَّكَاةَ ۚ وَالْمُوفُونَ بِعَهْدِهِمْ إِذَا عَاهَدُوا ۚ وَالصَّابِرِينَ فِي الْبَأْسَاءِ وَالضَّرَّاءِ وَحِينَ الْبَأْسِ ۗ أُولَٰئِكَ الَّذِينَ صَدَقُوا ۖ وَأُولَٰئِكَ هُمُ الْمُتَّقُونَ ﴿١٧٧﴾	177

প্রতিবর্ণায়ন	লাইছাল্ বির্‌রা আং তুওয়াল্লু উজূহাকুম কি'বালাল মাশ্‌রিকি' ওয়াল্ মাগরিবি ওয়ালা-কিন্নাল বির্‌রা মান আ-মানা বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল আ-খিরি ওয়াল্ মালা~ইকাতি ওয়াল্ কিতা-বি ওয়ান্নাবিইয়ীনা (ج) ওয়া আ-তাল্ মা-লা 'আলা-হু' ব্বিহী য'াবি'ল্ কু'রবা- ওয়াল্ ইয়াতা-মা- ওয়াল্মাছা-কীনা ওয়াব্‌নাছ্‌ছাবীলি (لا) ওয়াছছা~ইলীনা ওয়াফির্‌রিক'া-বি (ج) ওয়া আক'া-মাসসালা-তা ওয়া আ-তাব্‌ঝাকা-তা (ج) ওয়াল্‌মূফূনা বি'আহ্‌দিহিম্ ইয'া-'আ-হাদূ (ج) ওয়াসসা-বিরীনা ফিল্ বা'ছা~ই ওয়াদ্দ'ার্‌রা~ই ওয়া হ'ীনাল্‌বা'ছি (ط) উলা~ইকাল্লায'ীনা সাদাকূ' (ط) ওয়া উলা~উকা হুমুল মুত্তাকূ'ন।	
তরজমা	পূর্ব এবং পশ্চিম দিকে তোমাদের মুখ ফিরানোতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ আল্লাহ্, পরকাল, ফিরিশ্‌তাগণ, সমস্ত কিতাব এবং নবীগণে ঈমান আনয়ন করিলে এবং আল্লাহ্‌প্রেমে আত্মীয়-স্বজন, পিতৃহীন, অভাবগ্রস্ত, পর্যটক, সাহায্যপ্রার্থিগণকে এবং দাস-মুক্তির জন্য অর্থ দান করিলে, সালাত কায়েম করিলে ও যাকাত প্রদান করিলে এবং প্রতিশ্রুতি দিয়া তাহা পূর্ণ করিলে, অর্থ-সংকটে দুঃখ-ক্লেশে ও সংগ্রাম-সংকটে ধৈর্য ধারণ করিলে। ইহারাই তাহারা যাহারা সত্যপরায়ণ এবং ইহারাই মুত্তাকী।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا كُتِبَ عَلَيْكُمُ الْقِصَاصُ فِي الْقَتْلٰى ۭ اَلْحُرُّ بِالْحُرِّ وَالْعَبْدُ بِالْعَبْدِ وَالْاُنْثٰى بِالْاُنْثٰى ۭ فَمَنْ عُفِيَ لَهٗ مِنْ اَخِيْهِ شَيْءٌ فَاتِّبَاعٌۢ بِالْمَعْرُوْفِ وَاَدَاۗءٌ اِلَيْهِ بِاِحْسَانٍ ۭ ذٰلِكَ تَخْفِيْفٌ مِّنْ رَّبِّكُمْ وَرَحْمَةٌ ۭ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٨﴾	**178**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ূহাল্লায'ীনা আ-মানূ কুতিবা 'আলাইকুমুল্ কি'সা-সু ফিল্‌ক'াতলা- (ط) আলহু'র্‌রু বিলহু'র্‌রি ওয়াল্ 'আব্‌দু বিল'আব্‌দি ওয়াল্ উংছ'া- বিলউংছা- (ط) ফামান 'উফিয়া লাহু মিন আখীহি শাইউং ফাত্তিবা-'উম্ বিলমা'রূফি ওয়া আদা~উন ইলাইহি বিইহ্'ছা-নিং (ط) য'া-লিকা তাখ্‌ফীফুম্ মির্‌রাব্বিকুম ওয়া রাহ'মাতুং (ط) ফামানি'তাদা-বা'দা য'া-লিকা ফালাহু 'আয'া-বুন আলীম।	
তরজমা	হে মু'মিনগণ! নিহতদের ব্যাপারে তোমাদের জন্য কিসাসের বিধান দেওয়া হইয়াছে। স্বাধীন ব্যক্তির বদলে স্বাধীন ব্যক্তি, ক্রীতদাসের বদলে ক্রীতদাস ও নারীর বদলে নারী, কিন্তু তাহার ভাইয়ের পক্ষ হইতে কিছুটা ক্ষমা প্রদর্শন করা হইলে যথাযথ বিধির অনুসরণ করা ও সততার সঙ্গে তাহার দেয় আদায় বিধেয়। ইহা তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে ভার লাঘব ও অনুগ্রহ। ইহার পরও যে সীমালংঘন করে তাহার জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَلَكُمْ فِي الْقِصَاصِ حَيٰوةٌ يّٰٓاُولِي الْاَلْبَابِ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿١٧٩﴾	**179**

প্রতিবর্ণায়ন	ওয়ালাকুম্ ফিল কিসা-সি হ'য়া-তুঁই ইয়া~উলিল আল্বা-বি লা'আল্লাকুম তাত্তাকূ'ন।	
তরজমা	হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! কিসাসের মধ্যে তোমাদের জন্য জীবন রহিয়াছে, যাহাতে তোমরা সাবধান হইতে পার।	
	كُتِبَ عَلَيْكُمْ إِذَا حَضَرَ أَحَدَكُمُ الْمَوْتُ إِنْ تَرَكَ خَيْرًا الْوَصِيَّةُ لِلْوَالِدَيْنِ وَالْأَقْرَبِينَ بِالْمَعْرُوفِ حَقًّا عَلَى الْمُتَّقِينَ ﴿١٨٠﴾	180
প্রতিবর্ণায়ন	কুতিবা 'আলাইকুম ইয'া-হ'াদ'ারা আহ'াদাকুমুল মাওতু ইং তারাকা খাইরানিল ওয়াসিইইয়াতু লিল্ওয়া-লিদাইনি ওয়াল্ আক'রাবীনা বিল্মা'রূফি (ج) হ'াক্ক'ান 'আলাল মুত্তাক'ীন।	
তরজমা	তোমাদের মধ্যে কাহারও মৃত্যুকাল উপস্থিত হইলে সে যদি ধন-সম্পত্তি রাখিয়া যায় তবে ন্যায়ানুগ প্রথামত তাহার পিতামাতা ও আত্মীয়- স্বজনের জন্য ওসিয়াত করার বিধান তোমাদেরকে দেওয়া হইল। ইহা মুত্তাকীদের জন্য একটি কর্তব্য।	
	فَمَنْ بَدَّلَهُ بَعْدَمَا سَمِعَهُ فَإِنَّمَا إِثْمُهُ عَلَى الَّذِينَ يُبَدِّلُونَهُ إِنَّ اللَّهَ سَمِيعٌ عَلِيمٌ ﴿١٨١﴾	181
প্রতিবর্ণায়ন	ফামাম্ বাদ্দালাহু বা'দা মা-ছামি'আহূ ফাইন্নামা-ইছ'মুহূ 'আলাল্লায'ীনা ইউবাদ্দিলূনাহূ (ط) ইন্নাল্লা-হা ছামীউন্ 'আলীম।	
তরজমা	উহা শ্রবণ করিবার পর যদি কেহ উহার পরিবর্তন সাধন করে, তবে যাহারা পরিবর্তন করিবে অপরাধ তাহাদেরই। নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	فَمَنْ خَافَ مِنْ مُوصٍ جَنَفًا أَوْ إِثْمًا فَأَصْلَحَ بَيْنَهُمْ فَلَا إِثْمَ عَلَيْهِ إِنَّ اللَّهَ غَفُورٌ رَحِيمٌ ﴿١٨٢﴾	182
প্রতিবর্ণায়ন	ফামান খা-ফা মিম্মূছিং জানাফান আও ইছ'মাং ফাআসলাহ'া বাইনাহুম ফালা~ ইছ'মা 'আলাইহি (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ'ীম।	
তরজমা	তবে যদি কেহ ওসিয়াতকারীর পক্ষপাতিত্ব কিংবা অন্যায়ের আশংকা করে, অতঃপর সে তাহাদের মধ্যে মীমাংসা করিয়া দেয়, তবে তাহার কোন অপরাধ নাই। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُتِبَ عَلَيْكُمُ الصِّيَامُ كَمَا كُتِبَ عَلَى الَّذِينَ مِنْ قَبْلِكُمْ لَعَلَّكُمْ تَتَّقُونَ ﴿١٨٣﴾	183
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ-মানূ কুতিবা 'আলাইকুমস্সিয়া-মু কামা-কুতিবা 'আলাল্লায'ীনা মিং ক'াবলিকুম্ লা'আল্লাকুম তাত্তাকূ'ন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের জন্য সিয়ামের বিধান দেওয়া হইল, যেমন বিধান তোমাদের পূর্ববর্তীগণকে দেওয়া হইয়াছিল, যাহাতে তোমরা মুত্তাকী হইতে পার-	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
		184
	أَيَّامًا مَّعْدُودٰتٍ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ وَعَلَى الَّذِيْنَ يُطِيْقُوْنَهٗ فِدْيَةٌ طَعَامُ مِسْكِيْنٍ ؕ فَمَنْ تَطَوَّعَ خَيْرًا فَهُوَ خَيْرٌ لَّهٗ ؕ وَاَنْ تَصُوْمُوْا خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿۱۸۴﴾	
প্রতিবর্ণায়ন	আইয়া-মাম্মা'দূদা-তিং (ত) ফামাং কা-না মিংকুম মারীদ'ান্ আও 'আলা-ছাফারিং ফা'ইদ্দাতুম্ মিন্ আইয়া-মিন উখারা (ত) ওয়া 'আলাল্লায ীনা ইউত ীকূ'নাহূ ফিদ্ইয়াতুং ত'া'আ-মু মিছ্কীনিং (ত) ফামাং তাত'াওওয়া'আ খাইরাং ফাহুওয়া খাইরুল্লাহূ (ত) ওয়া আং তাসূমূ খাইরুল্লাকুম ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	সিয়াম নির্দিষ্ট কয়েক দিনের জন্য। তোমাদের মধ্যে কেহ পীড়িত হইলে বা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিয়া লইতে হইবে। ইহা যাহাদেরকে সাতিশয় কষ্ট দেয় তাহাদের কর্তব্য ইহার পরিবর্তে ফিদ্য়া- একজন অভাবগ্রস্তকে খাদ্য দান করা। যদি কেহ স্বতঃস্ফূর্তভাবে সৎকাজ করে তবে উহা তাহার পক্ষে অধিক কল্যাণকর। আর সিয়াম পালন করাই তোমাদের জন্য অধিকতর কল্যাণপ্রসূ যদি তোমরা জানিতে।	
		185
	شَهْرُ رَمَضَانَ الَّذِىْٓ اُنْزِلَ فِيْهِ الْقُرْاٰنُ هُدًى لِّلنَّاسِ وَبَيِّنٰتٍ مِّنَ الْهُدٰى وَالْفُرْقَانِ ۚ فَمَنْ شَهِدَ مِنْكُمُ الشَّهْرَ فَلْيَصُمْهُ ؕ وَمَنْ كَانَ مَرِيْضًا اَوْ عَلٰى سَفَرٍ فَعِدَّةٌ مِّنْ اَيَّامٍ اُخَرَ ؕ يُرِيْدُ اللّٰهُ بِكُمُ الْيُسْرَ وَلَا يُرِيْدُ بِكُمُ الْعُسْرَ ۖ وَلِتُكْمِلُوا الْعِدَّةَ وَلِتُكَبِّرُوا اللّٰهَ عَلٰى مَا هَدٰىكُمْ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿۱۸۵﴾	
প্রতিবর্ণায়ন	শাহরু রামাদ'া-নাল্লায ী~ উংঝিলা ফীহি'ল্ কু'রআ-নু হুদাল্ লিন্না-ছি ওয়া বাইয়িনা-তিম্ মিনাল্ হুদা- ওয়াল ফুরক'া-নি (ج) ফামাং শাহিদা মিংকুমুশ্শাহ্রা ফালইয়াসুমহু (ত) ওয়া মাং কা-না মারীদ'ান্ আও 'আলা-ছাফারিং ফা'ইদ্দাতুম্ মিন্ আইয়া-মিন উখারা- (ত) ইউরীদুল্লা-হু বিকুমুল ইউছরা ওয়ালা- ইউরীদু বিকুমুল 'উছরা (ز) ওয়ালিতুক্মিলুল্ 'ইদ্দাতা ওয়া লিতুকাব্বিরুল্লা-হা 'আলা-মা-হাদা-কুম ওয়া লা'আল্লাকুম্ তাশকরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	রামাযান মাস, ইহাতে মানুষের দিশারী এবং সৎপথের স্পষ্ট নিদর্শন ও সত্যাসত্যের পার্থক্যকারীরূপে কুরআন অবতীর্ণ হইয়াছে। সুতরাং তোমাদের মধ্যে যাহারা এই মাস পাইবে তাহারা যেন এই মাসে সিয়াম পালন করে। এবং কেহ পীড়িত থাকিলে কিংবা সফরে থাকিলে অন্য সময় এই সংখ্যা পূরণ করিবে। আল্লাহ্ তোমাদের জন্য যাহা সহজ তাহা চাহেন এবং যাহা তোমাদের জন্য কষ্টকর তাহা চাহেন না এইজন্য যে, তোমরা সংখ্যা পূর্ণ করিবে এবং তোমাদেরকে সৎপথে পরিচালিত করিবার কারণে তোমরা আল্লাহ্‌র মহিমা ঘোষণা করিবে এবং যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ করিতে পার।	
তরজমা		
	وَاِذَا سَاَلَكَ عِبَادِىْ عَنِّىْ فَاِنِّىْ قَرِيْبٌ ؕ اُجِيْبُ دَعْوَةَ الدَّاعِ اِذَا دَعَانِ ۙ فَلْيَسْتَجِيْبُوْا لِىْ وَلْيُؤْمِنُوْا بِىْ لَعَلَّهُمْ يَرْشُدُوْنَ ﴿۱۸۶﴾	**186**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-ছাআলাকা ‘ইবা-দী ‘আন্নী ফাইন্নী ক`ারীবুন্ (ط) উজীবু দা‘ওয়াতাদ্দা-‘ই ইযা-দা‘আ-নি (ﻉ) ফাল্ইয়াছ্তাজীবূলী ওয়াল্ ইউ’মিনূ বী লা‘আল্লাহুম্ ইয়ার্শুদূন।	
	আমার বান্দাগণ যখন আমার সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে, আমি তো নিকটেই। প্রার্থনাকারী যখন আমার নিকট প্রার্থনা করে আমি তাহার প্রার্থনায় সাড়া দেই। সুতরাং তাহারাও আমার ডাকে সাড়া দিক এবং আমার প্রতি ঈমান আনুক, যাহাতে তাহারা ঠিক পথে চলিতে পারে।	
তরজমা		
	اُحِلَّ لَكُمْ لَيْلَةَ الصِّيَامِ الرَّفَثُ اِلٰى نِسَآئِكُمْ ؕ هُنَّ لِبَاسٌ لَّكُمْ وَاَنْتُمْ لِبَاسٌ لَّهُنَّ ؕ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ كُنْتُمْ تَخْتَانُوْنَ اَنْفُسَكُمْ فَتَابَ عَلَيْكُمْ وَعَفَا عَنْكُمْ ۚ فَالْئٰنَ بَاشِرُوْهُنَّ وَابْتَغُوْا مَا كَتَبَ اللّٰهُ لَكُمْ ۪ وَكُلُوْا وَاشْرَبُوْا حَتّٰى يَتَبَيَّنَ لَكُمُ الْخَيْطُ الْاَبْيَضُ مِنَ الْخَيْطِ الْاَسْوَدِ مِنَ الْفَجْرِ ۪ ثُمَّ اَتِمُّوا الصِّيَامَ اِلَى الَّيْلِ ۚ وَلَا تُبَاشِرُوْهُنَّ وَاَنْتُمْ عٰكِفُوْنَ ۙ فِى الْمَسٰجِدِ ؕ تِلْكَ حُدُوْدُ اللّٰهِ فَلَا تَقْرَبُوْهَا ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ اٰيٰتِهٖ لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَّقُوْنَ ﴿۱۸۷﴾	**187**

প্রতিবর্ণায়ন	উহি'ল্লা লাকুম লাইলাতাসসিয়া–মির্‌রাফাছু' ইলা–নিছা~ইকুম (ط) হুন্না লিবা–ছুল্লাকুম ওয়া আংতুম লিবা–ছুল লাহুন্না (ط) 'আলিমাল্লা–হু আন্নাকুম্ কুংতুম তাখতা–নূনা আংফুছাকুম ফাতা–বা 'আলাইকুম ওয়া 'আফা– 'আংকুম (ج) ফালআ–না বা–শিরূহুন্না ওয়াবতাগূ মা–কাতাবাল্লা–হু লাকুম (ص) ওয়া কুলূ ওয়াশ্‌রাবূ হ'াত্তা– ইয়াতাবাইয়ানা লাকুমুল খাইতু'ল্ আবইয়াদু' মিনাল খাইতি'ল্ আছওয়াদি মিনাল ফাজরি (ص) ছু'ম্মা আতিম্মুস্ সিয়া–মা ইলাল্লাইলি (ج) ওয়ালা–তুবা–শিরূহুন্না ওয়া আংতুম 'আ–কিফূনা (لا) ফিল্ মাছা–জিদি (ط) তিলকা হু'দূদুল্লা–হি ফালা–তাক'রাবূহা– (ط) কায'া–লিকা ইউবাইয়িনুল্লা–হু আ–য়া–তিহী লিন্না–ছি লা'আল্লাহুম ইয়াত্তাকূ'ন।	
তরজমা	সিয়ামের রাত্রে তোমাদের জন্য স্ত্রী-সম্ভোগ বৈধ করা হইয়াছে। তাহারা তোমাদের পরিচ্ছদ এবং তোমরা তাহাদের পরিচ্ছদ। আল্লাহ্ জানেন যে, তোমরা নিজেদের প্রতি অবিচার করিতেছিলে। অতঃপর তিনি তোমাদের প্রতি ক্ষমাশীল হইয়াছেন এবং তোমাদের অপরাধ ক্ষমা করিয়াছেন। সুতরাং এখন তোমরা তাহাদের সঙ্গে সংগত হও এবং আল্লাহ্ যাহা তোমাদের জন্য নির্ধারণ করিয়াছেন তাহা কামনা কর। আর তোমরা পানাহার কর যতক্ষণ রাত্রির কৃষ্ণরেখা হইতে উষার শুভ্ররেখা স্পষ্টরূপে তোমাদের নিকট প্রতিভাত না হয়। অতঃপর নিশাগম পর্যন্ত সিয়াম পূর্ণ কর। তোমরা মসজিদে ই'তিকাফরত অবস্থায় তাহাদের সঙ্গে সংগত হইও না। এইগুলি আল্লাহ্‌র সীমারেখা। সুতরাং এইগুলির নিকটবর্তী হইও না। এইভাবে আল্লাহ্ তাঁহার বিধানাবলী মানব জাতির জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা মুত্তাকী হইতে পারে।	
	وَلَا تَأْكُلُوٓا۟ أَمْوَٰلَكُم بَيْنَكُم بِٱلْبَٰطِلِ وَتُدْلُوا۟ بِهَآ إِلَى ٱلْحُكَّامِ لِتَأْكُلُوا۟ فَرِيقًا مِّنْ أَمْوَٰلِ ٱلنَّاسِ بِٱلْإِثْمِ وَأَنتُمْ تَعْلَمُونَ ﴿١٨٨﴾	**188**
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তা'কূলূ~ আম্‌ওয়া– লাকুম বাইনাকুম বিল্‌বা–তি'লি ওয়াতুদ্‌লূ বিহা~ ইলাল হু'ক্কা–মি লিতা'কুলূ ফারীক'াম্ মিন আমওয়া–লিন্না–ছি বিলইছ্‌'মি ওয়া আংতুম তা'লামুন।	
তরজমা	তোমরা নিজেদের মধ্যে একে অন্যের অর্থ-সম্পদ অন্যায়ভাবে গ্রাস করিও না এবং মানুষের ধন-সম্পত্তির কিয়দংশ জানিয়া-শুনিয়া অন্যায়ভাবে গ্রাস করিবার উদ্দেশ্যে উহা বিচারকগণের নিকট পেশ করিও না।	

	يَسْـَٔلُوْنَكَ عَنِ الْاَهِلَّةِ ؕ قُلْ هِىَ مَوَاقِيْتُ لِلنَّاسِ وَالْحَجِّ ؕ وَلَيْسَ الْبِرُّ بِاَنْ تَاْتُوا الْبُيُوْتَ مِنْ ظُهُوْرِهَا وَ لٰكِنَّ الْبِرَّ مَنِ اتَّقٰى ۚ وَاْتُوا الْبُيُوْتَ مِنْ اَبْوَابِهَا ۪ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿۱۸۹﴾	**189**
প্রতিবর্ণায়ন	ইয়াছ্আলূনাকা ‘আনিল আহিল্লাতি (ط) কু্ল হিয়া মাওয়া-ক্বীতু লিন্না-ছি ওয়ালহ্াজ্জি (ط) ওয়া লাইছাল বিররু বিআং তা’তুল বুয়ূতা মিং জু্হুরিহা- ওয়ালা-কিন্নাল্বির্‌রা মানিত্তাক্বা- (ج) ওয়া’তুল্ বুয়ূতা মিন্ আব্ওয়া-বিহা- (ص) ওয়াত্তাকু্ল্লা-হা লা‘আল্লাকুম তুফলিহু্ন।	
তরজমা	লোকে তোমাকে নূতন চাঁদ সম্বন্ধে প্রশ্ন করে। বল, ‘উহা মানুষ এবং হজ্জের জন্য সময়-নির্দেশক।’ পশ্চাৎদিক দিয়া তোমাদের গৃহে প্রবেশ করাতে কোন পুণ্য নাই; কিন্তু পুণ্য আছে কেহ তাক্ওয়া অবলম্বন করিলে। সুতরাং তোমরা দ্বার দিয়া গৃহে প্রবেশ কর, তোমরা আল্লাহ্কে ভয় কর, যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	وَقَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يُقَاتِلُوْنَكُمْ وَلَا تَعْتَدُوْا ؕ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿۱۹۰﴾	**190**
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-তিলূ ফী ছাবীলিল্লা-হিল্লায্বীনা ইউক্বা-তিলূনাকুম ওয়ালা-তা‘তাদূ (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি্ব্বুল মু‘তাদীন।	
তরজমা	যাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তোমরাও আল্লাহ্র পথে তাহাদের বিরুদ্ধে যুদ্ধ কর ; কিন্তু সীমালংঘন করিও না। নিশ্চয়ই আল্লাহ্ সীমলংঘন-কারিগণকে ভালবাসেন না।	
	وَاقْتُلُوْهُمْ حَيْثُ ثَقِفْتُمُوْهُمْ وَاَخْرِجُوْهُمْ مِّنْ حَيْثُ اَخْرَجُوْكُمْ وَالْفِتْنَةُ اَشَدُّ مِنَ الْقَتْلِ ۚ وَلَا تُقٰتِلُوْهُمْ عِنْدَ الْمَسْجِدِ الْحَرَامِ حَتّٰى يُقٰتِلُوْكُمْ فِيْهِ ۚ فَاِنْ قٰتَلُوْكُمْ فَاقْتُلُوْهُمْ ؕ كَذٰلِكَ جَزَآءُ الْكٰفِرِيْنَ ﴿۱۹۱﴾	**191**
প্রতিবর্ণায়ন	ওয়াক্তুলূহুম্ হ্াইছু্ ছ্াকি্ফতুমূহুম ওয়া আখরিজূহুম মিন হ্াইছু্ আখরাজূকুম্ ওয়াল্ ফিতনাতু আশাদ্দু মিনাল ক্বাতলি (ج) ওয়ালা-তুক্বা-তিলূহুম্ ‘ইংদাল মাছ্জিদিল হ্ারা-মি হ্াত্তা- ইউক্বা-তিলূকুম্ ফীহি (ج) ফাইং ক্বা-তালূকুম্ ফাক্তুলূহুম (ط) কায্বা-লিকা জাঝা~উল কা-ফিরীন্।	

তরজমা	যেখানে তাহাদেরকে পাইবে হত্যা করিবে এবং যে স্থান হইতে তাহারা তোমাদেরকে বহিষ্কার করিয়াছে তোমরাও সেই স্থান হইতে তাহাদেরকে বহিষ্কার করিবে। ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর। মসজিদুল হারামের নিকট তোমরা তাহাদের সঙ্গে যুদ্ধ করিবে না, যে পর্যন্ত তাহারা সেখানে তোমাদের সঙ্গে যুদ্ধ না করে। যদি তাহারা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করে তবে তোমরা তাহাদেরকে হত্যা করিবে, ইহাই কাফিরদের পরিণাম।	
	فَاِنِ انْتَهَوْا فَاِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٢﴾	192
প্রতিবর্ণায়ন	ফাইনিং তাহাও ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	যদি তাহারা বিরত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَقٰتِلُوْهُمْ حَتّٰى لَا تَكُوْنَ فِتْنَةٌ وَّيَكُوْنَ الدِّيْنُ لِلّٰهِ ؕ فَاِنِ انْتَهَوْا فَلَا عُدْوَانَ اِلَّا عَلَى الظّٰلِمِيْنَ ﴿١٩٣﴾	193
প্রতিবর্ণায়ন	ওয়া ক াতিলূহুম হ াত্তা-লা-তাকূনা ফিতনাতুওঁ ওয়া ইয়াকূনাদ্দীনু লিল্লা-হি (ط) ফাইনিং তাহাও ফালা- 'উদওয়া-না ইল্লা-'আলাজ্জ া-লিমীন।	
তরজমা	আর তোমরা তাহাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যাবত ফিতনা দূরীভূত না হয় এবং আল্লাহ্র দীন প্রতিষ্ঠিত না হয়। যদি তাহারা বিরত হয় তবে জালিমদেরকে ব্যতীত আর কাহাকেও আক্রমণ করা চলিবে না।	
	اَلشَّهْرُ الْحَرَامُ بِالشَّهْرِ الْحَرَامِ وَالْحُرُمٰتُ قِصَاصٌ ؕ فَمَنِ اعْتَدٰى عَلَيْكُمْ فَاعْتَدُوْا عَلَيْهِ بِمِثْلِ مَا اعْتَدٰى عَلَيْكُمْ ۪ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٩٤﴾	194
প্রতিবর্ণায়ন	আশ্শাহরুল হ ারা-মু বিশ্শাহরিল হ ারা-মি ওয়াল্ হু রুমা-তু কি সা-সুং (ط) ফামানি'তাদা-'আলাইকুম ফা'তাদূ'আলাইহি বিমিছ লি মা'তাদা- 'আলাইকুম (ص) ওয়াত্তাকু ল্লা-হা ওয়া'লামু আন্নাল্লা-হা মা'আল মুত্তাক ীন।	
তরজমা	পবিত্র মাস পবিত্র মাসের বিনিময়ে। যাহার পবিত্রতা অলঙ্ঘনীয় তাহার অবমাননা সকলের জন্য সমান। সুতরাং যে কেহ তোমাদেরকে আক্রমণ করিবে তোমরাও তাহাকে অনুরূপ আক্রমণ করিবে এবং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং জানিয়া রাখ যে, আল্লাহ্ অবশ্যই মুত্তাকীদের সঙ্গে থাকেন।	
	وَاَنْفِقُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا تُلْقُوْا بِاَيْدِيْكُمْ اِلَى التَّهْلُكَةِ ۛ وَاَحْسِنُوْا ۛ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿١٩٥﴾	195
প্রতিবর্ণায়ন	ওয়া আংফিকূ ফী ছাবীলিল্লা-হি ওয়ালা-তুল্কূ বিআইদীকুম ইলাত্তাহ্লুকাতি (ج) ওয়া আহ ছিনূ (ج) ইন্নাল্লা-হ া ইউহি ব্বুল মুহ ছিনীন।	

তরজমা	তোমরা আল্লাহ্‌র পথে ব্যয় কর এবং নিজেদের হাতে নিজে-দেরকে ধ্বংসের মধ্যে নিক্ষেপ করিও না। তোমরা সৎকাজ কর, আল্লাহ্ সৎকর্মপরায়ণ লোককে ভালবাসেন।	
	وَاَتِمُّوا الْحَجَّ وَالْعُمْرَةَ لِلّٰهِ ؕ فَاِنْ اُحْصِرْتُمْ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ وَلَا تَحْلِقُوْا رُءُوْسَكُمْ حَتّٰى يَبْلُغَ الْهَدْيُ مَحِلَّهٗ ؕ فَمَنْ كَانَ مِنْكُمْ مَّرِيْضًا اَوْ بِهٖۤ اَذًى مِّنْ رَّاْسِهٖ فَفِدْيَةٌ مِّنْ صِيَامٍ اَوْ صَدَقَةٍ اَوْ نُسُكٍ ۚ فَاِذَاۤ اَمِنْتُمْ ۪ فَمَنْ تَمَتَّعَ بِالْعُمْرَةِ اِلَى الْحَجِّ فَمَا اسْتَيْسَرَ مِنَ الْهَدْيِ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ فِي الْحَجِّ وَسَبْعَةٍ اِذَا رَجَعْتُمْ ؕ تِلْكَ عَشَرَةٌ كَامِلَةٌ ؕ ذٰلِكَ لِمَنْ لَّمْ يَكُنْ اَهْلُهٗ حَاضِرِي الْمَسْجِدِ الْحَرَامِ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْۤا اَنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿۱۹۶﴾	**196**
প্রতিবর্ণায়ন	ওয়া আতিম্মুল হ'াজ্জা ওয়াল্ 'উম্‌রাতা লিল্লা-হি (ط) ফাইন্ উহ'সিরতুম্ ফামাছ্ তাইছারা মিনাল্ হাদ্‌য়ি (ج) ওয়ালা- তাহ'লিকূ' রুঊছাকুম্ হ'াত্তা- ইয়াবলুগাল হাদইউ মাহি'ল্লা-হূ (ط) ফামাং কা-না মিংকুম্ মারীদ'ান্ আও বিহী~আয'াম্ মির রা'ছিহী ফাফিদ্‌ইয়াতুম মিং সিয়া-মিন আও সাদাক'াতিন আও নুছুকিং (ج) ফাইয'া-আমিংতুম (وقفة) ফামাং তামাত্তা'আ বিল 'উমরাতি ইলাল্ হ'াজ্জি ফামাছ্‌তাইছারা মিনাল্ হাদয়ি (ج) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু ছ'ালা-ছ'াতি আইয়া-মিং ফিল্ হ'াজ্জি ওয়া ছাব্'আতিন ইয'া-রাজা'তুম (ط) তিল্‌কা 'আশারাতুং কা-মিলাতুং (ط) য'া-লিকা লিমাল্লাম্ ইয়াকুন্ আহলুহূ হ'া-দি'রিল্ মাছজিদিল্ হ'ারা-মি (ط) ওয়াত্তাকূ'ল্লা-হা ওয়া'লামূ আন্নাল্লা-হা শাদীদুল 'ইক'া-ব।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে হজ্জ ও উমরা পূর্ণ কর, কিন্তু তোমরা যদি বাধাপ্রাপ্ত হও তবে সহজলভ্য কুরবানী করিও। যে পর্যন্ত কুরবানীর পশু উহার স্থানে না পৌঁছে তোমরা মস্তক মুণ্ডন করিও না। তোমাদের মধ্যে যদি কেহ পীড়িত হয় কিংবা মাথায় ক্লেশ থাকে তবে সিয়াম কিংবা সাদাকা অথবা কুরবানীর দ্বারা উহার ফিদ্‌য়া দিবে। যখন তোমরা নিরাপদ হইবে তখন তোমাদের মধ্যে যে ব্যক্তি হজ্জের প্রাক্কালে উমরা দ্বারা লাভবান হইতে চায় সে সহজলভ্য কুরবানী করিবে। কিন্তু যদি কেহ উহা না পায় তবে তাহাকে হজ্জের সময় তিনদিন এবং গৃহে প্রত্যাবর্তনের পর সাতদিন-এই পূর্ণ দশদিন সিয়াম পালন করিতে হইবে। ইহা তাহাদের জন্য, যাহাদের পরিজনবর্গ মসজিদুল হারামের বাসিন্দা নয়। আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ শাস্তি দানে কঠোর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلْحَجُّ اَشْهُرٌ مَّعْلُوْمٰتٌ ۚ فَمَنْ فَرَضَ فِيْهِنَّ الْحَجَّ فَلَا رَفَثَ وَلَا فُسُوْقَ ۙ وَلَا جِدَالَ فِي	197
	الْحَجِّ ۗ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ يَّعْلَمْهُ اللّٰهُ ۗ وَتَزَوَّدُوْا فَاِنَّ خَيْرَ الزَّادِ التَّقْوٰى ۡ وَاتَّقُوْنِ	
	يٰٓاُولِي الْاَلْبَابِ ﴿١٩٧﴾	
প্রতিবর্ণায়ন	আলহ'াজ্জু আশ্হুরুম মা'লূমা-তুং (ج) ফামাং ফারাদ'া ফীহিন্নাল্ হ'াজ্জা ফালা-রাফাছ'া ওয়ালা-ফুছূক'া ওয়ালা- জিদা-লা ফিল্ হ'াজ্জি (ط) ওয়ামা-তাফ্'আলূ মিন খাইরিইঁ ইয়া'লাম হুল্লা-হু (ط) ওয়া তাঝাওওয়াদূ ফাইন্না খাইরাঝ্ঝা-দিত্তাক'ওয়া- (ز) ওয়াত্তাকূ'নি ইয়া~ ঊলিল আল্বা-ব।	
তরজমা	হজ্জ হয় সুনির্দিষ্ট মাসসমূহে। অতঃপর যে কেহ এই মাসগুলিতে হজ্জ করা স্থির করে তাহার জন্য হজ্জের সময়ে স্ত্রী-সম্ভোগ, অন্যায় আচরণ ও কলহ-বিবাদ বিধেয় নহে। তোমরা উত্তম কাজের যাহা কিছু কর আল্লাহ্ তাহা জানেন এবং তোমরা পাথেয়ের ব্যবস্থা করিও, আত্মসংযমই শ্রেষ্ঠ পাথেয়। হে বোধসম্পন্ন ব্যক্তিগণ! তোমরা আমাকে ভয় কর।	
	لَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَنْ تَبْتَغُوْا فَضْلًا مِّنْ رَّبِّكُمْ ۗ فَاِذَآ اَفَضْتُمْ مِّنْ عَرَفٰتٍ فَاذْكُرُوا اللّٰهَ عِنْدَ الْمَشْعَرِ	198
	الْحَرَامِ ۠ وَاذْكُرُوْهُ كَمَا هَدٰىكُمْ ۚ وَاِنْ كُنْتُمْ مِّنْ قَبْلِهٖ لَمِنَ الضَّآلِّيْنَ ﴿١٩٨﴾	
প্রতিবর্ণায়ন	লাইছা 'আলাইকুম জুনা-হু'ন্ আং তাবতাগূ ফাদ'লাম্ মির্রাব্বিকুম (ط) ফাইয'া~আফাদ'তুম্ মিন 'আরাফা-তিং ফায'কুরুল্লা-হা 'ইংদ াল্ মাশ'আরিল্ হ'ারা-মি (ص) ওয়ায'কুরুহু কামা-হাদা-কুম (ج) ওয়া ইং কুংতুম মিং ক'াবলিহী লামিনাদ্দ'া~ল্লীন।	
তরজমা	তোমাদের প্রতিপালকের অনুগ্রহ সন্ধান করাতে তোমাদের কোন পাপ নাই। যখন তোমরা 'আরাফাত হইতে প্রত্যাবর্তন করিবে তখন মাশ'আরুল হারামের নিকট পৌঁছিয়া আল্লাহ্কে স্মরণ করিবে এবং তিনি যেভাবে নির্দেশ দিয়াছেন ঠিক সেইভাবে স্মরণ করিবে; যদিও ইতিপূর্বে তোমরা বিভ্রান্তদের অন্তর্ভুক্ত ছিলে।	
	ثُمَّ اَفِيْضُوْا مِنْ حَيْثُ اَفَاضَ النَّاسُ وَاسْتَغْفِرُوا اللّٰهَ ۗ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٩٩﴾	199
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আফীদূ' মিন্ হ'াইছু' আফা-দ'ান্না-ছু ওয়াছ্তাগ্ফিরুল্লা-হা (ط) ইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ'ীম।	
তরজমা	অতঃপর অন্যান্য লোক যেখান হইতে প্রত্যাবর্তন করে তোমরাও সেই স্থান হইতে প্রত্যাবর্তন করিবে। আর আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করিবে, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَإِذَا قَضَيْتُم مَّنَاسِكَكُمْ فَاذْكُرُوا اللَّهَ كَذِكْرِكُمْ آبَاءَكُمْ أَوْ أَشَدَّ ذِكْرًا ۗ فَمِنَ النَّاسِ مَن يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا وَمَا لَهُ فِي الْآخِرَةِ مِنْ خَلَاقٍ ﴿٢٠٠﴾	200
প্রতিবর্ণায়ন	ফাইয'া-ক'াদ'াইতুম মানা-ছিকাকুম ফায'কুরুল্লা-হা কাযি'করিকুম আ-বা~আকুম আও আশাদ্দা যি'করাং (ط) ফামিনান্না-ছি মাইঁ ইয়াকূ'লু রাব্বানা~আ-তিনা- ফিদ্দুনইয়া-ওয়ামা-লাহু ফিল আ-খিরাতি মিন্ খালা-ক' ।	
তরজমা	অতঃপর যখন তোমরা হজ্জের অনুষ্ঠানাদি সমাপ্ত করিবে তখন আল্লাহ্কে এমনভাবে স্মরণ করিবে যেমন তোমরা তোমাদের পিতৃপুরুষগণকে স্মরণ করিতে, অথবা তদপেক্ষা অভিনিবেশ সহকারে। মানুষের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ইহকালেই দাও', বস্তুত পরকালে তাহাদের জন্য কোন অংশ নাই।	
	وَمِنْهُم مَّن يَقُولُ رَبَّنَا آتِنَا فِي الدُّنْيَا حَسَنَةً وَفِي الْآخِرَةِ حَسَنَةً وَقِنَا عَذَابَ النَّارِ ﴿٢٠١﴾	201
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্হুম মাইঁইয়াকূ'লু রাব্বানা~আ-তিনা-ফিদ্দুনইয়া-হ'াছানাতাওঁ ওয়া ফিল্ আ-খিরাতি হ'াছানাতাওঁ ওয়া কি'না-'আয'া-বান্না-র ।	
তরজমা	আর তাহাদের মধ্যে যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়াতে কল্যাণ দাও এবং আখিরাতে কল্যাণ দাও এবং আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর-'	
	أُولَٰئِكَ لَهُمْ نَصِيبٌ مِّمَّا كَسَبُوا ۚ وَاللَّهُ سَرِيعُ الْحِسَابِ ﴿٢٠٢﴾	202
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম নাসীবুম মিম্মা-কাছাবূ (ط) ওয়াল্লা-হু ছারী'উল হি'ছা-ব ।	
তরজমা	তাহারা যাহা অর্জন করিয়াছে তাহার প্রাপ্য অংশ তাহাদেরই। বস্তুত আল্লাহ্ হিসাব গ্রহণে অত্যন্ত তৎপর।	
	وَاذْكُرُوا اللَّهَ فِي أَيَّامٍ مَّعْدُودَاتٍ ۚ فَمَن تَعَجَّلَ فِي يَوْمَيْنِ فَلَا إِثْمَ عَلَيْهِ ۚ وَمَن تَأَخَّرَ فَلَا إِثْمَ عَلَيْهِ ۚ لِمَنِ اتَّقَىٰ ۗ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُمْ إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٢٠٣﴾	203
প্রতিবর্ণায়ন	ওয়াযْ'কুরুল্লা-হা ফী~আইয়া-মিম্ মা'দূদা-তিং (ط) ফামাং তা'আজ্জালা ফী ইয়াওমাইনি ফালা-ইছ'মা 'আলাইহি (ج) ওয়ামাং তাআখ্খারা ফালা-ইছ'মা 'আলাইহি (لا) লিমানিত্তাক'া- (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়া'লামূ~ আন্নাকুম ইলাইহি তুহ'শারূন ।	

তরজমা	তোমরা নির্দিষ্ট সংখ্যক দিনগুলিতে আল্লাহ্‌কে স্মরণ করিবে। যদি কেহ তাড়াতাড়ি করিয়া দুই দিনে চলিয়া আসে তবে তাহার কোন পাপ নাই, আর যদি কেহ বিলম্ব করে তবে তাহারও কোন পাপ নাই। ইহা তাহার জন্য, যে তাক্‌ওয়া অবলম্বন করে। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, তোমাদেরকে অবশ্যই তাঁহার নিকট একত্র করা হইবে।	
	وَمِنَ النَّاسِ مَنْ يُّعْجِبُكَ قَوْلُهٗ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَيُشْهِدُ اللّٰهَ عَلٰى مَا فِيْ قَلْبِهٖ ۙ وَهُوَ اَلَدُّ الْخِصَامِ ﴿٢٠٤﴾	**204**
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাই ইউ'জিবুকা ক'াওলুহূ ফিল্ হ'য়া-তিদ্দুনইয়া-ওয়া ইউশ্‌হিদুল্লা-হা 'আলা-মা-ফী ক'ালবিহী (ﻯ) ওয়াহুওয়া আলাদ্দুল খিসা-ম।	
তরজমা	আর মানুষের মধ্যে এমন ব্যক্তি আছে, পার্থিব জীবন সম্বন্ধে যাহার কথাবার্তা তোমাকে চমৎকৃত করে এবং তাহার অন্তরে যাহা আছে সে সম্বন্ধে আল্লাহ্‌কে সাক্ষী রাখে। প্রকৃতপক্ষে সে ভীষণ কলহপ্রিয়।	
	وَاِذَا تَوَلّٰى سَعٰى فِي الْاَرْضِ لِيُفْسِدَ فِيْهَا وَيُهْلِكَ الْحَرْثَ وَالنَّسْلَ ۗ وَاللّٰهُ لَا يُحِبُّ الْفَسَادَ ﴿٢٠٥﴾	**205**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-তাওয়াল্লা-ছা'আ-ফিল্ আরদি' লিইউফ্‌ছিদা ফীহা-ওয়া ইউহলিকাল্ হ'ারছ'া ওয়ান্নাছলা (ط) ওয়াল্লা-হু লা-ইউহি'ব্বুল ফাছা-দ।	
তরজমা	যখন সে প্রস্থান করে তখন সে পৃথিবীতে অশান্তি সৃষ্টির এবং শস্যক্ষেত্র ও জীবজন্তু নিপাতের চেষ্টা করে। আর আল্লাহ্ অশান্তি পসন্দ করেন না।	
	وَاِذَا قِيْلَ لَهُ اتَّقِ اللّٰهَ اَخَذَتْهُ الْعِزَّةُ بِالْاِثْمِ فَحَسْبُهٗ جَهَنَّمُ ۗ وَلَبِئْسَ الْمِهَادُ ﴿٢٠٦﴾	**206**
প্রতিবর্ণায়ন	ওয়াইয'া-ক'ীলা লাহুত্তাকি'ল্লা-হা আখায'াত্‌হুল 'ইঝ্‌ঝাতু বিল্‌ইছ'মি ফাহ'াছ্‌বহু জাহান্নামু (ط) ওয়ালাবি'ছাল মিহা-দ।	
তরজমা	যখন তাহাকে বলা হয়, 'তুমি আল্লাহ্‌কে ভয় কর', তখন তাহার আত্মাভিমান তাহাকে পাপানুষ্ঠানে লিপ্ত করে, সুতরাং জাহান্নামই তাহার জন্য যথেষ্ট। নিশ্চয়ই উহা নিকৃষ্ট বিশ্রামস্থল।	
	وَمِنَ النَّاسِ مَنْ يَّشْرِيْ نَفْسَهُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ ۗ وَاللّٰهُ رَءُوْفٌۢ بِالْعِبَادِ ﴿٢٠٧﴾	**207**
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়াশরী নাফছাহুব তিগা~আ মারদ'া-তিল্লাহি (ط) ওয়াল্লা-হু রাঊফুম্ বিল'ইবা-দ।	
তরজমা	মানুষের মধ্যে এমন লোকও আছে, যে আল্লাহ্‌র সন্তুষ্টি লাভার্থে আত্ম-বিক্রয় করিয়া থাকে। আল্লাহ্ তাঁহার বান্দাগণের প্রতি অত্যন্ত দয়ার্দ্র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا ادْخُلُوْا فِي السِّلْمِ كَآفَّةً ۪ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٢٠٨﴾	208
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায~ীনা আ-মানুদ্‌খুলূ ফিছ্‌ছিল্‌মি কা~ফ্‌ফাতাওঁ (ص) ওয়ালা-তাত্তাবি'উ খুতু'ওয়া-তিশ্‌শাইত'া-নি ; ইন্নাহু লাকুম 'আদুওউম্‌ মুবীন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা সর্বাত্মকভাবে ইসলামে প্রবেশ কর এবং শয়তানের পদাংক অনুসরণ করিও না। নিশ্চয় সে তোমাদের প্রকাশ্য শত্রু।	
	فَاِنْ زَلَلْتُمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْكُمُ الْبَيِّنٰتُ فَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٠٩﴾	209
প্রতিবর্ণায়ন	ফাইং ঝালাল্‌তুম্‌ মিম্‌ বা'দি মা-জা~আতকুমুল্‌ বাইয়িনা-তু ফা'লামূ~ আন্নাল্লা-হা, 'আঝীঝুন্‌ হ'াকীম।	
তরজমা	সুস্পষ্ট নিদর্শন তোমাদের নিকট আসিবার পর যদি তোমাদের পদস্খলন ঘটে তবে জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্‌ মহাপরাক্রান্ত, প্রজ্ঞাময়।	
	هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ يَّاْتِيَهُمُ اللّٰهُ فِيْ ظُلَلٍ مِّنَ الْغَمَامِ وَالْمَلٰٓئِكَةُ وَقُضِيَ الْاَمْرُ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿٢١٠﴾	210
প্রতিবর্ণায়ন	হাল ইয়াংজু'রূনা ইল্লা-আইঁয়া'তিয়াহুমুল্লা-হু ফী জু'লালিম্‌ মিনাল্‌ গামা-মি ওয়াল্‌মালা~ইকাতু ওয়া কু'দি'য়াল্‌ আমরু (ص) ওয়া ইলাল্লা-হি তুর্‌জা'উল্‌ উমূর।	
তরজমা	তাহারা শুধু ইহার প্রতীক্ষায় রহিয়াছে যে, আল্লাহ্‌ ও ফিরিশতাগণ মেঘের ছায়ায় তাহাদের নিকট উপস্থিত হইবেন, তৎপর সব কিছুর মীমাংসা হইয়া যাইবে। সমস্ত বিষয় আল্লাহ্‌রই নিকট প্রত্যাবর্তিত হইবে।	
	سَلْ بَنِيْٓ اِسْرَآءِيْلَ كَمْ اٰتَيْنٰهُمْ مِّنْ اٰيَةٍۭ بَيِّنَةٍ ؕ وَمَنْ يُّبَدِّلْ نِعْمَةَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُ فَاِنَّ اللّٰهَ شَدِيْدُ الْعِقَابِ ﴿٢١١﴾	211
প্রতিবর্ণায়ন	ছাল্‌ বানী~ইছরা~ঈলা কাম্‌ আ-তাইনা-হুম মিন্‌ আ-য়াতিম্‌ বাইয়িনাতিওঁ (ص) ওয়া মাইঁ ইউবাদ্দিল নি'মাতাল্লা-হি মিম্‌ বা'দি মা-জা~আত্‌হু ফাইন্নাল্লা-হা শাদীদুল 'ইক'া-ব।	
তরজমা	বনী ইস্‌রাঈলকে জিজ্ঞাসা কর, আমি তাহাদেরকে কত স্পষ্ট নিদর্শন প্রদান করিয়াছি! আল্লাহ্‌র অনুগ্রহ আসিবার পর কেহ উহার পরিবর্তন করিলে আল্লাহ্‌ তো শাস্তিদানে কঠোর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	زُيِّنَ لِلَّذِيْنَ كَفَرُوا الْحَيٰوةُ الدُّنْيَا وَيَسْخَرُوْنَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا ۘ وَالَّذِيْنَ اتَّقَوْا فَوْقَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ ۗ وَاللّٰهُ يَرْزُقُ مَنْ يَّشَآءُ بِغَيْرِ حِسَابٍ ﴿٢١٢﴾	212
প্রতিবর্ণায়ন	ঝুইয়িনা লিল্লায ীনা কাফারুল হ য়া-তুদ্দুনইয়া-ওয়া ইয়াছ্খারূনা মিনাল্লায ীনা আ-মানূ (م)। ওয়াল্লায ী নাত্তাক াও ফাওক াহুম্ ইয়াওমাল্ কি য়া-মাতি (ط) ওয়াল্লা-হু ইয়ারঝুকু মাইঁ ইয়াশা~উ বিগাইরি হি ছা-ব।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের নিকট পার্থিব জীবন সুশোভিত করা হইয়াছে, তাহারা মু'মিনদেরকে ঠাট্টা-বিদ্রূপ করিয়া থাকে। আর যাহারা তাক্ওয়া অবলম্বন করে কিয়ামতের দিন তাহারা তাহাদের উর্ধ্বে থাকিবে। আল্লাহ্ যাহাকে ইচ্ছা অপরিমিত রিযিক দান করেন।	
	كَانَ النَّاسُ اُمَّةً وَّاحِدَةً ۟ فَبَعَثَ اللّٰهُ النَّبِيّٖنَ مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۪ وَاَنْزَلَ مَعَهُمُ الْكِتٰبَ بِالْحَقِّ لِيَحْكُمَ بَيْنَ النَّاسِ فِيْمَا اخْتَلَفُوْا فِيْهِ ۭ وَمَا اخْتَلَفَ فِيْهِ اِلَّا الَّذِيْنَ اُوْتُوْهُ مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ بَغْيًۢا بَيْنَهُمْ ۚ فَهَدَى اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا لِمَا اخْتَلَفُوْا فِيْهِ مِنَ الْحَقِّ بِاِذْنِهٖ ۭ وَاللّٰهُ يَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٢١٣﴾	213
প্রতিবর্ণায়ন	কা-নান্না-ছু উম্মাতাওঁ ওয়া-হি দাতাং (قف) ফাবা'আছ াল্লা-হুন্নাবিইয়ীনা মুবাশ্শিরীনা ওয়া মুংযি রীনা (ص) ওয়া আংঝালা মা'আহুমুল্ কিতা-বা বিলহ াক্কি লিইয়াহ কুমা বাইনান্না-ছি ফীমাখ তালাফূ ফীহি (ط) ওয়ামাখ তালাফা ফীহি ইল্লাল্লায ীনা উতূহু মিম্ বা'দি মা-জা~আতহুমুল বাইয়িনা-তু বাগ্ইয়াম্ বাইনাহুম (ج) ফাহাদাল্লা-হুল্লায ীনা আ-মানূ লিমাখ্তালাফূ ফীহি মিনাল হ াক্কি বিইয নিহী (ط) ওয়াল্লা-হু ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা-সিরা-তি ম মুছতাক ীম।	
তরজমা	সমস্ত মানুষ ছিল একই উম্মত। অতঃপর আল্লাহ্ নবীগণকে সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করেন। মানুষেরা যে বিষয়ে মতভেদ করিত তাহাদের মধ্যে সে বিষয়ে মীমাংসার জন্য তিনি তাহাদের সঙ্গে সত্যসহ কিতাব অবতীর্ণ করেন এবং যাহাদেরকে তাহা দেওয়া হইয়াছিল, স্পষ্ট নিদর্শন তাহাদের নিকট আসিবার পরে, তাহারা শুধু পরস্পর বিদ্বেষবশত সেই বিষয়ে বিরোধিতা করিত। যাহারা বিশ্বাস করে, তাহারা যে বিষয়ে ভিন্নমত পোষণ করিত, আল্লাহ্ তাহাদেরকে সে বিষয়ে নিজ অনুগ্রহে সত্যপথে পরিচালিত করেন। আল্লাহ্ যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।	

		214
	اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَاْتِكُمْ مَّثَلُ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِكُمْ ؕ مَسَّتْهُمُ الْبَاْسَآءُ وَالضَّرَّآءُ وَ زُلْزِلُوْا حَتّٰى يَقُوْلَ الرَّسُوْلُ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ مَتٰى نَصْرُ اللّٰهِ ؕ اَلَآ اِنَّ نَصْرَ اللّٰهِ قَرِيْبٌ ﴿۲۱۴﴾	
প্রতিবর্ণায়ন	আম হ'াছিব্তুম্ আং তাদ্খুলুল্ জান্নাতা ওয়া লাম্মা- ইয়া'তিকুম্ মাছ'ালুল্লায'ীনা খালাও মিং ক'াব্লিকুম (ط) মাছ্ছাতহুমুল্ বা'ছা~উ ওয়াদ্দ'ার্রা~উ ওয়াঝুল্ঝিলূ হ'াত্তা-ইয়াক্'লার্ রাছূলু ওয়াল্লায'ীনা আ-মানূ মা'আহূ মাতা- নাসরুল্লা-হি (ط) আলা-ইন্না নাসরাল্লা-হি ক'ারীব।	
তরজমা	তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে-যদিও এখনও তোমাদের নিকট তোমাদের পূর্ববর্তীদের অনুরূপ অবস্থা আসে নাই ? অর্থ-সংকট ও দুঃখ-ক্লেশ তাহাদেরকে স্পর্শ করিয়াছিল এবং তাহারা ভীত ও কম্পিত হইয়াছিল। এমনকি রাসূল এবং তাঁহার সঙ্গে ঈমান আনয়নকারিগণ বলিয়া উঠিয়াছিল, 'আল্লাহ্র সাহায্য কখন আসিবে ?' জানিয়া রাখ, অবশ্যই আল্লাহ্র সাহায্য নিকটে।	
		215
	يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ؕ قُلْ مَآ اَنْفَقْتُمْ مِّنْ خَيْرٍ فَلِلْوَالِدَيْنِ وَالْاَقْرَبِيْنَ وَالْيَتٰمٰى وَالْمَسٰكِيْنِ وَ ابْنِ السَّبِيْلِ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿۲۱۵﴾	
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা মা-য'া ইউংফিক্'না (ط) কু'ল্ মা~আংফাক'তুম্ মিন খাইরিং ফালিলওয়া-লিদাইনি ওয়াল্ আক'রাবীনা ওয়াল্ ইয়াতা-মা-ওয়াল্ মাছা-কীনি ওয়াবনিছ্ছাবীলি (ط) ওয়ামা-তাফ'আলূ মিন খাইরিং ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম।	
তরজমা	লোকে কি ব্যয় করিবে সে সম্বন্ধে তোমাকে প্রশ্ন করে। বল, 'যে ধন-সম্পদ তোমরা ব্যয় করিবে তাহা পিতামাতা, আত্মীয়-স্বজন, ইয়াতীম, মিস্কীন এবং মুসাফিরদের জন্য। উত্তম কাজের যাহা কিছু তোমরা কর না কেন আল্লাহ্ তো সে সম্বন্ধে সম্যক অবহিত।	
		216
	كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ وَهُوَ كُرْهٌ لَّكُمْ ۚ وَعَسٰٓى اَنْ تَكْرَهُوْا شَيْـًٔا وَّهُوَ خَيْرٌ لَّكُمْ ۚ وَعَسٰٓى اَنْ تُحِبُّوْا شَيْـًٔا وَّهُوَ شَرٌّ لَّكُمْ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿۲۱۶﴾	
প্রতিবর্ণায়ন	কুতিবা 'আলাইকুমুল্ কি'তা-লু ওয়া হুওয়া কুরহুল্লাকুম (ج) ওয়া 'আছা-আং তাক্রাহূ শাইআওঁ ওয়া হুওয়া খাইরুল্লাকুম (ج) ওয়া 'আছা~আং তুহি'ব্বূ শাইআওঁ ওয়া হুওয়া শার্রুল্লাকুম (ط) ওয়াল্লা-হু ইয়া'লামু ওয়া আংতুম লা-তা'লামূন।	

তরজমা	তোমাদের জন্য যুদ্ধের বিধান দেওয়া হইল যদিও তোমাদের নিকট ইহা অপ্রিয়। কিন্তু তোমরা যাহা অপসন্দ কর সম্ভবত তাহা তোমাদের জন্য কল্যাণকর এবং যাহা ভালবাস সম্ভবত তাহা তোমাদের জন্য অকল্যাণকর। আল্লাহ্ জানেন আর তোমরা জান না।	
	يَسْـَٔلُوْنَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيْهِ ۭ قُلْ قِتَالٌ فِيْهِ كَبِيْرٌ ۭ وَصَدٌّ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَكُفْرٌۢ بِهٖ وَالْمَسْجِدِ الْحَرَامِ ۤ وَاِخْرَاجُ اَهْلِهٖ مِنْهُ اَكْبَرُ عِنْدَ اللّٰهِ ۚ وَالْفِتْنَةُ اَكْبَرُ مِنَ الْقَتْلِ ۭ وَلَا يَزَالُوْنَ يُقَاتِلُوْنَكُمْ حَتّٰى يَرُدُّوْكُمْ عَنْ دِيْنِكُمْ اِنِ اسْتَطَاعُوْا ۭ وَمَنْ يَّرْتَدِدْ مِنْكُمْ عَنْ دِيْنِهٖ فَيَمُتْ وَهُوَ كَافِرٌ فَاُولٰۗىِٕكَ حَبِطَتْ اَعْمَالُهُمْ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ وَاُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢١٧﴾	**217**
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা আনিশ্শাহরিল হ'ারা-মি কি'তা-লিং ফীহি (ط) কু'ল কি'তা-লুং ফীহি কাবীরুওঁ (ط) ওয়াসাদ্দুন্ 'আং ছাবীলিল্লা-হি ওয়া কুফরুম্ বিহী ওয়াল্ মাছজিদিল হ'ারা-মি (ق) ওয়া ইখরা-জু আহলিহী মিনহু আকবারু 'ইংদাল্লা-হি (ج) ওয়াল ফিতনাতু আকবারু মিনাল ক'াতলি (ط) ওয়া লা- ইঝা-লূনা ইউক'া-তিলূনাকুম হ'াত্তা- ইয়ারুদ্দূকুম্ 'আং দীনিকুম ইনিছ্তাত'া'উ (ط) ওয়া মাইঁ ইয়ারতাদিদ্ মিংকুম 'আং দীনিহী ফাইয়ামুত ওয়া হুওয়া কা-ফিরুং ফউলা~ইকা হ'াবিত'াত্ আ'মা-লুহুম ফিদ্দুনইয়া-ওয়াল্ আ-খিরাতি (ج) ওয়া উলা~ইকা আসহ'া-বুন্নারি (ج) হুম ফীহা-খা-লিদুন।	
তরজমা	পবিত্র মাসে যুদ্ধ করা সম্পর্কে লোকে তোমাকে জিজ্ঞাসা করে; বল, 'উহাতে যুদ্ধ করা ভীষণ অন্যায়।' কিন্তু আল্লাহ্র পথে বাধা দান করা, আল্লাহ্কে অস্বীকার করা, মসজিদুল হারামে বাধা দেওয়া এবং উহার বাসিন্দাকে উহা হইতে বহিষ্কার করা আল্লাহ্র নিকট তদপেক্ষা অধিক অন্যায়; ফিতনা হত্যা অপেক্ষা গুরুতর অন্যায়।' তাহারা সর্বদা তোমাদের বিরুদ্ধে যুদ্ধ করিতে থাকিবে যে পর্যন্ত তোমাদেরকে তোমাদের দীন হইতে ফিরাইয়া না দেয়, যদি তাহারা সক্ষম হয়। তোমাদের মধ্যে যে কেহ স্বীয় দীন হইতে ফিরিয়া যায় এবং কাফিররূপে মৃত্যুমুখে পতিত হয়, দুনিয়া ও আখিরাতে তাহাদের কর্ম নিষ্ফল হইয়া যায়। ইহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَالَّذِيْنَ هَاجَرُوْا وَجٰهَدُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ۙ اُولٰۗىِٕكَ يَرْجُوْنَ رَحْمَتَ اللّٰهِ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٢١٨﴾	**218**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-জারূ ওয়া জা-হাদূ ফী ছাবীলিল্লা-হি (ﻯ) উলা~ইকা ইয়ারজূনা রাহ মাতাল্লা-হি (ﻁ) ওয়াল্লা-হু গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	যাহারা ঈমান আনে এবং যাহারা হিজরত করে এবং জিহাদ করে আল্লাহ্‌র পথে, তাহারাই আল্লাহ্‌র অনুগ্রহ প্রত্যাশা করে। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম দয়ালু।	
	يَسْـَٔلُوْنَكَ عَنِ الْخَمْرِ وَالْمَيْسِرِ ۭ قُلْ فِيْهِمَآ اِثْمٌ كَبِيْرٌ وَّمَنَافِعُ لِلنَّاسِ ۡ وَاِثْمُهُمَآ اَكْبَرُ مِنْ نَّفْعِهِمَا ۭ وَ يَسْـَٔلُوْنَكَ مَاذَا يُنْفِقُوْنَ ۭ قُلِ الْعَفْوَ ۭ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ۙ ﴿٢١٩﴾	**219**
প্রতিবর্ণায়ন	ইয়াছআলূনাকা ‘আনিল খামরি ওয়াল্ মাইছিরি (ﻁ) কু ল ফীহিমা~ ইছ মুং কাবীরুওঁ ওয়া মানা-ফি‘উ লিন্না-ছি (ﺯ) ওয়া ইছ মুহুমা~ আকবারু মিন্ নাফ‘ইহিমা- (ﻁ) ওয়া ইয়াছআলূনাকা মা-য া- ইউংফিকূ না (ﻁ) কু লিল্ ‘আফওয়া (ﻁ) কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুমুল্ আ-য়া-তি লা‘আল্লাকুম্ তাতাফাক্কারুন।	
তরজমা	লোকে তোমাকে মদ ও জুয়া সম্পর্কে জিজ্ঞাসা করে। বল, ‘উভয়ের মধ্যে আছে মহাপাপ এবং মানুষের জন্য উপকারও; কিন্তু উহাদের পাপ উপকার অপেক্ষা অধিক।’ লোকে তোমাকে জিজ্ঞাসা করে, কী তাহারা ব্যয় করিবে ? বল, ‘যাহা উদ্বৃত্ত।’ এইভাবে আল্লাহ্ তাঁহার বিধান তোমাদের জন্য সুস্পষ্টরূপে ব্যক্ত করেন, যাহাতে তোমরা চিন্তা কর-	
	فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۭ وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْيَتٰمٰى ۭ قُلْ اِصْلَاحٌ لَّهُمْ خَيْرٌ ۭ وَاِنْ تُخَالِطُوْهُمْ فَاِخْوَانُكُمْ ۭ وَاللّٰهُ يَعْلَمُ الْمُفْسِدَ مِنَ الْمُصْلِحِ ۭ وَلَوْ شَاۗءَ اللّٰهُ لَاَعْنَتَكُمْ ۭ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٢٠﴾	**220**
প্রতিবর্ণায়ন	ফিদ্দুনইয়া- ওয়াল্ আ-খিরাতি (ﻁ) ওয়া ইয়াছ্আলূনাকা ‘আনিল্ ইয়াতা-মা (ﻁ) কু ল্ ইসলা-হু ল্লাহুম্ খাইরুওঁ (ﻁ) ওয়া ইং তুখা-লিতূ হুম্ ফাইখওয়া-নুকুম্ (ﻁ) ওয়াল্লা-হু ইয়া‘লামুল্ মুফছিদা মিনাল্ মুসলিহি (ﻁ) ওয়ালাও শা~আল্লা-হু লাআ‘নাতাকুম (ﻁ) ইন্নাল্লা-হা ‘আঝীঝুন হ াকীম।	
তরজমা	দুনিয়া ও আখিরাত সম্বন্ধে। লোকে তোমাকে ইয়াতীমদের সম্পর্কে জিজ্ঞাসা করে; বল, ‘তাহাদের জন্য সুব্যবস্থা করা উত্তম।’ তোমরা যদি তাহাদের সঙ্গে একত্র থাক তবে তাহারা তো তোমাদেরই ভাই। আল্লাহ্ জানেন কে হিতকারী এবং কে অনিষ্টকারী। আল্লাহ্ ইচ্ছা করিলে এ বিষয়ে তোমাদেরকে অবশ্যই কষ্টে ফেলিতে পারিতেন। নিশ্চয়ই আল্লাহ্ প্রবল পরাক্রান্ত, প্রজ্ঞাময়।	

221

وَلَا تَنْكِحُوا الْمُشْرِكٰتِ حَتّٰى يُؤْمِنَّ ؕ وَلَاَمَةٌ مُّؤْمِنَةٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكَةٍ وَّلَوْ اَعْجَبَتْكُمْ ۚ وَ

لَا تُنْكِحُوا الْمُشْرِكِيْنَ حَتّٰى يُؤْمِنُوْا ؕ وَلَعَبْدٌ مُّؤْمِنٌ خَيْرٌ مِّنْ مُّشْرِكٍ وَّلَوْ اَعْجَبَكُمْ ؕ

اُولٰٓئِكَ يَدْعُوْنَ اِلَى النَّارِ ۖ وَاللّٰهُ يَدْعُوْٓا اِلَى الْجَنَّةِ وَالْمَغْفِرَةِ بِاِذْنِهٖ ۚ وَيُبَيِّنُ اٰيٰتِهٖ

لِلنَّاسِ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿۲۲۱﴾

প্রতিবর্ণায়ন

ওয়া লা-তাংকিহু ল্ মুশরিকা-তি হ াত্তা-ইউ'মিন্না (ত) ওয়া লাআমাতুম্ মু'মিনাতুন্ খাইরুম্ মিম্ মুশরিকাতিওঁ ওয়ালাও আ'জাবাত্কুম (চ) ওয়ালা-তুংকিহু ল মুশরিকীনা হ াত্তা- ইউমিনূ (ত) ওয়ালা 'আবদুম্ মু'মিনুন্ খাইরুম্ মিম্ মুশরিকিওঁ ওয়া লাও আ'জাবাকুম (ত) উলা~ইকা ইয়াদ'ঊনা ইলান্না-রি (চ) ওয়াল্লা-হু ইয়াদ্'ঊ~ ইলাল জান্নাতি ওয়াল্ মাগ্ফিরাতি বিইয ্নিহী (চ) ওয়া ইউবাইয়িনু আ-য়া-তিহী লিন্না-ছি লা'আল্লাহুম ইয়াতায াক্কারুন।

তরজমা

ঈমান না আনা পর্যন্ত মুশরিক নারীকে তোমরা বিবাহ করিও না-মুশরিক নারী তোমাদেরকে মুগ্ধ করিলেও, নিশ্চয় মু'মিন ক্রীতদাসী তাহা অপেক্ষা উত্তম। ঈমান না আনা পর্যন্ত মুশরিক পুরুষের সঙ্গে তোমরা বিবাহ দিও না-মুশরিক পুরুষ তোমাদেরকে মুগ্ধ করিলেও, মু'মিন ক্রীতদাস তাহা অপেক্ষা উত্তম। উহারা অগ্নির দিকে আহ্বান করে এবং আল্লাহ্ তোমাদেরকে নিজ অনুগ্রহে জান্নাত ও ক্ষমার দিকে আহ্বান করেন। তিনি মানুষের জন্য স্বীয় বিধান সুস্পষ্টভাবে ব্যক্ত করেন, যাহাতে তাহারা উহা হইতে শিক্ষা গ্রহণ করিতে পারে।

222

وَيَسْـَٔلُوْنَكَ عَنِ الْمَحِيْضِ ؕ قُلْ هُوَ اَذًى ۙ فَاعْتَزِلُوا النِّسَآءَ فِى الْمَحِيْضِ ۙ وَلَا تَقْرَبُوْهُنَّ حَتّٰى يَطْهُرْنَ ۚ

فَاِذَا تَطَهَّرْنَ فَاْتُوْهُنَّ مِنْ حَيْثُ اَمَرَكُمُ اللّٰهُ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ التَّوَّابِيْنَ وَيُحِبُّ الْمُتَطَهِّرِيْنَ ﴿۲۲۲﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয়াছআলূনাকা 'আনিল মাহ ীদি (ত) কু ল হুওয়া আয াং (ঽ) ফা'তাঝিলুন্নিছা~আ ফিল্ মাহ ীদি (ঽ) ওয়ালা- তাক রাবূহুন্না হ াত্তা-ইয়াত হুর্না (চ) ফাইয া-তাত াহ্হারনা ফা'তূহুন্না মিন হ াইছু আমারাকুমুল্লা-হু (ত) ইন্নাল্লাহা ইউহি ব্বুত্তাওওয়া-বীনা ওয়াইউহি ব্বুল মুতাত াহহিরীন।

তরজমা	লোকে তোমাকে রজঃস্রাব সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, 'উহা অশুচি।' সুতরাং তোমরা রজঃস্রাবকালে স্ত্রী-সংগম বর্জন করিবে এবং পবিত্র না হওয়া পর্যন্ত স্ত্রী-সংগম করিবে না। অতঃপর তাহারা যখন উত্তমরূপে পরিশুদ্ধ হইবে তখন তাহাদের নিকট ঠিক সেইভাবে গমন করিবে যেভাবে আল্লাহ্ তোমাদেরকে আদেশ দিয়াছেন। নিশ্চয়ই আল্লাহ্ তওবাকারীকে ভালবাসেন এবং যাহারা পবিত্র থাকে তাহাদেরকেও ভালবাসেন।	
	نِسَآؤُكُمْ حَرْثٌ لَّكُمْ ۠ فَأْتُوا حَرْثَكُمْ أَنَّىٰ شِئْتُمْ ۖ وَقَدِّمُوا لِأَنفُسِكُمْ ۚ وَاتَّقُوا اللَّهَ وَاعْلَمُوا أَنَّكُم مُّلَاقُوهُ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿٢٢٣﴾	223
প্রতিবর্ণায়ন	নিছা~উকুম হ'ারছু'ল্লাকুম (ص) ফা'তূ হ'ারছ'াকুম আন্না-শি'তুম (ز) ওয়া ক'াদ্দিমূ লিআংফুছিকুম (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়া'লামূ~ আন্নাকুম মুলা-কূ'হু (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন।	
তরজমা	তোমাদের স্ত্রীগণ তোমাদের শস্যক্ষেত্র। অতএব তোমরা তোমাদের শস্যক্ষেত্রে যেভাবে ইচ্ছা গমন করিতে পার। তোমরা তোমাদের ভবিষ্যতের জন্য কিছু করিও এবং আল্লাহ্কেও ভয় করিও। আর জানিয়া রাখিও যে, তোমরা আল্লাহ্র সম্মুখীন হইতে যাইতেছ এবং মু'মিনগণকে সুসংবাদ দাও।	
	وَلَا تَجْعَلُوا اللَّهَ عُرْضَةً لِّأَيْمَانِكُمْ أَن تَبَرُّوا وَتَتَّقُوا وَتُصْلِحُوا بَيْنَ النَّاسِ ۚ وَاللَّهُ سَمِيعٌ عَلِيمٌ ﴿٢٢٤﴾	224
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাজ'আলুল্লা-হা 'উরদ'াতাল লিআইমা-নিকুম আং তাবার্রূ ওয়াতাত্তাকূ' ওয়াতুসলিহূ' বাইনান্না-ছি (ط) ওয়াল্লা-হু ছামী'উন্ 'আলীম।	
তরজমা	তোমরা সৎকাজ, আত্মসংযম ও মানুষের মধ্যে শান্তি স্থাপন হইতে বিরত রহিবে-এই শপথের জন্য আল্লাহ্র নামকে তোমরা অজুহাত করিও না। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	لَا يُؤَاخِذُكُمُ اللَّهُ بِاللَّغْوِ فِي أَيْمَانِكُمْ وَلَٰكِن يُؤَاخِذُكُم بِمَا كَسَبَتْ قُلُوبُكُمْ ۗ وَاللَّهُ غَفُورٌ حَّلِيمٌ ﴿٢٢٥﴾	225
প্রতিবর্ণায়ন	লা-ইউআ-খিযু'কুমুল্লা-হু বিল্লাগবি' ফী আইমা-নিকুম ওয়ালা-কিই ইউআ-খিযু'কুম বিমা-কাছাবাত্ কু'লূবুকুম্ (ط) ওয়াল্লা-হু গাফরুন হ'ালীম।	
তরজমা	তোমাদের অর্থহীন শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করিবেন না। কিন্তু তিনি তোমাদের অন্তরের সংকল্পের জন্য দায়ী করিবেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ, ধৈর্যশীল।	
	لِّلَّذِينَ يُؤْلُونَ مِن نِّسَآئِهِمْ تَرَبُّصُ أَرْبَعَةِ أَشْهُرٍ ۖ فَإِن فَآءُو فَإِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٢٦﴾	226

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লিল্লাযী'না ইউ'লূনা মিন্নিছা~ইহিম্ তারাব্বুসু আর্‌বা'আতি আশহুরিং (ج) ফাইং ফা~উ ফাইন্নাল্লা-হা গাফূরুর্ রাহ'ীম।	
তরজমা	যাহারা স্ত্রীর সঙ্গে সংগত না হওয়ার শপথ করে তাহারা চারমাস অপেক্ষা করিবে। অতঃপর যদি তাহারা প্রত্যাগত হয় তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَاِنْ عَزَمُوا الطَّلَاقَ فَاِنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٢٧﴾	**227**
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ 'আঝামুত্ত'ালা-ক'া ফাইন্নাল্লা-হা ছামী'উন 'আলীম।	
তরজমা	আর যদি তাহারা তালাক দেওয়ার সংকল্প করে তবে আল্লাহ্ তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَالْمُطَلَّقٰتُ يَتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ ثَلٰثَةَ قُرُوْٓءٍ ؕ وَلَا يَحِلُّ لَهُنَّ اَنْ يَّكْتُمْنَ مَا خَلَقَ اللّٰهُ فِيْٓ اَرْحَامِهِنَّ اِنْ كُنَّ يُؤْمِنَّ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ وَبُعُوْلَتُهُنَّ اَحَقُّ بِرَدِّهِنَّ فِيْ ذٰلِكَ اِنْ اَرَادُوْٓا اِصْلَاحًا ؕ وَلَهُنَّ مِثْلُ الَّذِيْ عَلَيْهِنَّ بِالْمَعْرُوْفِ ۠ وَلِلرِّجَالِ عَلَيْهِنَّ دَرَجَةٌ ؕ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٢٨﴾	**228**
প্রতিবর্ণায়ন	ওয়াল্ মুত'াল্লাক'া-তু ইয়াতারাব্বাস্না বিআংফুছিহিন্না ছ'ালা-ছ'াতা কুরূ~ইওঁ (ط) ওয়ালা-ইয়াহি'ল্লু লাহুন্না আইয়াক্তুম্না মা-খালাক'াল্লা-হু ফী আরহ'া-মিহিন্না ইং কুন্না ইউ'মিন্না বিল্লা-হি ওয়াল্ ইয়াওমিল্ আ-খিরি (ط) ওয়া বু'উলাতুহুন্না আহ'াক্কু' বিরাদ্দিহিন্না ফী য'া-লিকা ইন্ আরা-দূ~ ইসলা-হ'াওঁ (ط) ওয়া লাহুন্না মিছ'লুল্লায'ী 'আলাইহিন্না বিলমা'রূফি (ص) ওয়া লির্‌রিজা-লি 'আলাইহিন্না দারাজাতুওঁ (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হ'াকীম।	
তরজমা	তালাকপ্রাপ্তা স্ত্রী তিন রজঃস্রাব কাল প্রতীক্ষায় থাকিবে। তাহারা আল্লাহ্ এবং আখিরাতে বিশ্বাসী হইলে তাহাদের গর্ভাশয়ে আল্লাহ্ যাহা সৃষ্টি করিয়াছেন তাহা গোপন রাখা তাহাদের পক্ষে বৈধ নহে। যদি তাহারা আপোস-নিষ্পত্তি করিতে চায় তবে উহাতে তাহাদের পুনঃ গ্রহণে তাহাদের স্বামিগণ অধিক হকদার। নারীদের তেমনি ন্যায়সংগত অধিকার আছে, যেমন আছে তাহাদের উপর পুরুষদের ; কিন্তু নারীদের উপর পুরুষদের মর্যাদা আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	اَلطَّلَاقُ مَرَّتٰنِ ۪ فَاِمْسَاكٌۢ بِمَعْرُوْفٍ اَوْ تَسْرِيْحٌۢ بِاِحْسَانٍ ؕ وَلَا يَحِلُّ لَكُمْ اَنْ تَاْخُذُوْا مِمَّآ اٰتَيْتُمُوْهُنَّ شَيْـًٔا اِلَّآ اَنْ يَّخَافَآ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ؕ فَاِنْ خِفْتُمْ اَلَّا يُقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ۙ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا فِيْمَا افْتَدَتْ بِهٖ ؕ تِلْكَ حُدُوْدُ اللّٰهِ فَلَا تَعْتَدُوْهَا ۚ وَمَنْ يَّتَعَدَّ حُدُوْدَ اللّٰهِ فَاُولٰٓئِكَ هُمُ الظّٰلِمُوْنَ ﴿٢٢٩﴾	**229**

প্রতিবর্ণায়ন	আত্ত ালা-কু মার্‌রাতা-নি (ص) ফাইমছা-কুম বিমা'রূফিন আও তাছরীহু ম্ বিইহ ছা-নিওঁ (ط) ওয়ালা- ইয়াহি ল্লুলাকুম আং তা'খুযূ মিম্মা আ-তাইতুমূহুন্না শাইআন্ ইল্লা আইঁ ইয়াখা-ফা আল্লা-ইউক ীমা- হু দূদাল্লা-হি (ط) ফাইং খিফতুম আল্লা-ইউক ীমা- হু দাল্লা-হি (ﻉ) ফালা- জুনা-হ া 'আলাইহিমা- ফীমাফ্‌তাদাত্‌বিহী (ط) তিল্‌কা হু দূদুল্লা-হি ফালা-তা'তাদূহা- (ج) ওয়ামাইইয়াতা'আদ্দা হু দূদাল্লা-হি ফাউলা~ইকা হুমুজ্জ া-লিমূন।	
তরজমা	তালাক দুইবার। অতঃপর স্ত্রীকে হয় বিধিমত রাখিয়া দিবে অথবা সদয়ভাবে মুক্ত করিয়া দিবে। তোমরা তোমাদের স্ত্রীদেরকে যাহা প্রদান করিয়াছ তন্মধ্য হইতে কোন কিছু গ্রহণ করা তোমাদের পক্ষে বৈধ নহে। অবশ্য যদি তাহাদের উভয়ের আশংকা হয় যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না এবং তোমরা যদি আশংকা কর যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিয়া চলিতে পারিবে না, তবে স্ত্রী কোন কিছুর বিনিময়ে নিষ্কৃতি পাইতে চাহিলে তাহাতে তাহাদের কাহারও কোন অপরাধ নাই। এইসব আল্লাহ্‌র সীমারেখা। তোমরা উহা লংঘন করিও না। যাহারা এইসব সীমারেখা লংঘন করে তাহারাই জালিম।	
	فَاِنْ طَلَّقَهَا فَلَا تَحِلُّ لَهٗ مِنْۢ بَعْدُ حَتّٰى تَنْكِحَ زَوْجًا غَيْرَهٗ ؕ فَاِنْ طَلَّقَهَا فَلَا جُنَاحَ عَلَيْهِمَآ اَنْ يَّتَرَاجَعَآ اِنْ ظَنَّآ اَنْ يُّقِيْمَا حُدُوْدَ اللّٰهِ ؕ وَتِلْكَ حُدُوْدُ اللّٰهِ يُبَيِّنُهَا لِقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿۲۳۰﴾	**230**
প্রতিবর্ণায়ন	ফাইং ত াল্লাক াহা-ফালা-তাহি ল্লু লাহূ মিম্ বা'দু হ াত্তা- তাংকিহ া ঝাওজান গাইরাহূ (ط) ফাইং ত াল্লাক াহা- ফালা-জুনা-হ া 'আলাইহিমা-আই ইয়াতারা-জা'আ ইং জ ান্না-আইঁ ইউক ীমা- হু দূদাল্লা-হি (ط) ওয়া তিল্‌কা হু দূদুল্লা-হি ইউবাইয়িনুহা-লিক াওমিইঁ ইয়া'লামূন।	
তরজমা	অতঃপর যদি সে তাহাকে তালাক দেয় তবে সে তাহার জন্য বৈধ হইবে না, যে পর্যন্ত সে অন্য স্বামীর সঙ্গে সংগত না হইবে। অতঃপর সে যদি তাহাকে তালাক দেয় আর তাহারা উভয়ে মনে করে যে, তাহারা আল্লাহ্‌র সীমারেখা রক্ষা করিতে সমর্থ হইবে, তবে তাহাদের পুনর্মিলনে কাহারও কোন অপরাধ হইবে না। এইগু লি আল্লাহ্‌র বিধান, জ্ঞানী সম্প্রদায়ের জন্য আল্লাহ্ ইহা স্পষ্টভাবে বর্ণনা করেন।	
	وَاِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَاَمْسِكُوْهُنَّ بِمَعْرُوْفٍ اَوْ سَرِّحُوْهُنَّ بِمَعْرُوْفٍ ۪ وَّلَا تُمْسِكُوْهُنَّ ضِرَارًا لِّتَعْتَدُوْا ۚ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ فَقَدْ ظَلَمَ نَفْسَهٗ ؕ وَلَا تَتَّخِذُوْٓا اٰيٰتِ اللّٰهِ هُزُوًا ۠ وَّاذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ وَمَآ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنَ الْكِتٰبِ وَالْحِكْمَةِ يَعِظُكُمْ بِهٖ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿۲۳۱﴾	**231**

প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-ত'াল্লাক'তুমুন্ নিছা~আ ফাবালাগ্না আজালাহুন্না ফাআমছিকূহুন্না বিমা'রূফিন আও ছার্‌রিহ্'হুন্না বিমা'রূফিওঁ (ص) ওয়ালা-তুম্ছিকূহুন্না দি'রা-রাল্ লিতা'তাদূ (ج) ওয়া মাইঁ ইয়াফ'আল য'া-লিকা ফাক'াদ্ জ'ালামা নাফ্ছাহূ (ط) ওয়ালা- তাত্তাখিযূ'~আ-য়া-তিল্লা-হি হুঝুওয়াও (ز) ওয়ায'কুরু নি'মাতাল্লা-হি 'আলাইকুম ওয়ামা- আংঝালা 'আলাইকুম মিনাল কিতা-বি ওয়াল্ হি'কমাতি ইয়া'ইজু'কুম্ বিহী (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়া'লামূ~ আন্নাল্লা-হা বিকুল্লি শাইইন 'আলীম।	
তরজমা	যখন তোমরা স্ত্রীদেরকে তালাক দাও এবং তাহারা ইদ্দত পূর্তির নিকটবর্তী হয় তখন তোমরা হয় যথাবিধি তাহাদেরকে রাখিয়া দিবে অথবা বিধিমত মুক্ত করিয়া দিবে। কিন্তু তাহাদের ক্ষতি করিয়া সীমালংঘনের উদ্দেশ্যে তাহাদেরকে তোমরা আটকাইয়া রাখিও না। যে এইরূপ করে, সে নিজের প্রতি জুলুম করে। এবং তোমরা আল্লাহ্‌র বিধানকে ঠাট্টা-তামাশার বস্তু করিও না এবং তোমাদের প্রতি আল্লাহ্‌র নিয়ামত ও কিতাব এবং হিক্‌মত যাহা তোমাদের প্রতি অবতীর্ণ করিয়াছেন-যদ্দ্বারা তিনি তোমাদেরকে উপদেশ দেন, তাহা স্মরণ কর। তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে জ্ঞানময়।	
	وَاِذَا طَلَّقْتُمُ النِّسَآءَ فَبَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا تَعْضُلُوْهُنَّ اَنْ يَّنْكِحْنَ اَزْوَاجَهُنَّ اِذَا تَرَاضَوْا بَيْنَهُمْ بِالْمَعْرُوْفِ ؕ ذٰلِكَ يُوْعَظُ بِهٖ مَنْ كَانَ مِنْكُمْ يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ؕ ذٰلِكُمْ اَزْكٰى لَكُمْ وَاَطْهَرُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ وَاَنْتُمْ لَا تَعْلَمُوْنَ ﴿٢٣٢﴾	**232**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-ত'াল্লাক'তুমুন্নিছা~আ ফাবালাগ্না আজালাহুন্না ফালা- তা'দু'লূহুন্না আইঁ ইয়াংকিহ'না আঝ্ওয়া-জাহুন্না ইয'া-তারা-দ'াও বাইনাহুম্ বিলমা'রূফি (ط) য'া-লিকা ইউ'আজু' বিহী মাং কা-না মিংকুম ইয়ুমিনু বিল্লা-হি ওয়াল ইয়াওমিল্ আখিরি (ط) য'া-লিকুম আঝকা-লাকুম্ ওয়াআত'হারু (ط) ওয়াল্লাহু ইয়া'লামু ওয়া আংতুম্ লা-তা'লামুন।	
তরজমা	তোমরা যখন স্ত্রীদের তালাক দাও এবং তাহারা তাহাদের ইদ্দতকাল পূর্ণ করে, তাহারা যদি বিধিমত পরস্পর সম্মত হয়, তবে স্ত্রীগণ নিজেদের স্বামীদেরকে বিবাহ করিতে চাহিলে তোমরা তাহাদেরকে বাধা দিও না। ইহা দ্বারা তোমাদের মধ্যে যে কেহ আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে, তাহাকে উপদেশ দেওয়া হয়। ইহা তোমাদের জন্য শুদ্ধতম ও পবিত্রতম। আল্লাহ্ জানেন, তোমরা জান না।	

233

وَالْوَالِدٰتُ يُرْضِعْنَ اَوْلَادَهُنَّ حَوْلَيْنِ كَامِلَيْنِ لِمَنْ اَرَادَ اَنْ يُّتِمَّ الرَّضَاعَةَ ؕ وَعَلَى الْمَوْلُوْدِ لَهٗ رِزْقُهُنَّ وَ
كِسْوَتُهُنَّ بِالْمَعْرُوْفِ ؕ لَا تُكَلَّفُ نَفْسٌ اِلَّا وُسْعَهَا ۚ لَا تُضَآرَّ وَالِدَةٌ ۢ بِوَلَدِهَا وَلَا مَوْلُوْدٌ لَّهٗ بِوَلَدِهٖ ۚ وَعَلَى الْوَارِثِ
مِثْلُ ذٰلِكَ ۚ فَاِنْ اَرَادَا فِصَالًا عَنْ تَرَاضٍ مِّنْهُمَا وَتَشَاوُرٍ فَلَا جُنَاحَ عَلَيْهِمَا ؕ وَاِنْ اَرَدْتُّمْ اَنْ تَسْتَرْضِعُوْٓا
اَوْلَادَكُمْ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِذَا سَلَّمْتُمْ مَّآ اٰتَيْتُمْ بِالْمَعْرُوْفِ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ بِمَا تَعْمَلُوْنَ
بَصِيْرٌ ﴿٢٣٣﴾

ওয়াল্ ওয়া-লিদা-তু ইউরদ্বি'না আওলা-দাহুন্না হাওলাইনি কা-মিলাইনি লিমান্ আরা-দা আই ইউতিম্মার্‌রাদ'া-'আতাওঁ (ط) ওয়া আলাল্ মাওলূদি লাহু রিঝ্‌কু'হুন্না ওয়া কিছ্‌ওয়াতুহুন্না বিলমা'রূফি (ط) লা-তুকাল্লাফু নাফছুন্ ইল্লা- উছ'আহা- (ج) লা-তুদ'া~র্‌রা ওয়া-লিদাতুম বিওয়ালাদিহা- ওয়ালা- মাওলূদুল্লাহু বিওয়ালাদিহি (ق) ওয়া 'আলাল্ ওয়া-রিছি মিছ'লু য'া-লিকা (ج) ফাইন আরা-দা- ফিসা-লান 'আং তারা-দি'ম মিনহুমা-ওয়াতাশা-উরিং ফালা-জুনা-হ'া 'আলাইহিমা- (ط) ওয়া ইন আরাত্তুম্ আং তাছতারদি'উ আওলা-দাকুম ফালা- জুনা-হ'া 'আলাইকুম ইয'া- ছাল্লামতুম্ মা~আ-তাইতুম বিলমা'রূফি (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়া'লামূ~আন্নাল্লা-হা বিমা- তা'মালূনা বাসীর। ২৩৪। ওয়াল্লায'ীনা ইউতাওয়াফ্‌ফাওনা মিংকুম্ ওয়া ইয়ায'ারূনা আঝওয়া-জাইঁ ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না আরবা'আতা আশহুরিওঁ ওয়া'আশরাং (ج) ফাইয'া- বালাগ্‌না আজালাহুন্না ফালা- জুনা-হ'া 'আলাইকুম ফীমা-ফা'আল্‌না ফী~আংফুছিহিন্না বিলমা'রূফি (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর। ২৩৫। ওয়ালা-জুনা-হ'া 'আলাইকুম ফীমা- 'আর্‌রাদ'তুম্ বিহী মিন্ খিত'বাতিন্ নিছা~ই আও আকনাংতুম ফী-আংফুছিকুম (ط) 'আলিমাল্লা-হু আন্নাকুম ছাতায'কুরূনাহুন্না ওয়ালা- কিন্না-তুও, †লখক এবং সাক্ষী যেন ক্ষতিগ্র¯ড় না হয়। যদি †তামরা ক্ষতিগ্রস্ড় কর Z‡ব ইহা †তামাদের জন্য পাপ। তোমরা আj-ানকে ভয় কর এবং তিনি তোমাদেরকে fk¶v দেন। আল-াহ্ সর্বfেষয়ে অবহিত।

প্রতিবর্ণায়ন

তরজমা	যে স্তন্যপানকাল পূর্ণ করিতে চাহে তাহার জন্য জননীগণ তাহাদের সন্তানদেরকে পূর্ণ দুই বৎসর স্তন্যপান করাইবে। জনকের কর্তব্য যথাবিধি তাহাদের ভরণ-পোষণ করা। কাহাকেও তাহার সাধ্যাতীত কার্যভার দেওয়া হয় না। কোন জননীকে তাহার সন্তানের জন্য এবং কোন জনককে তাহার সন্তানের জন্য ক্ষতিগ্রস্ত করা হইবে না। এবং উত্তরাধিকারীরও অনুরূপ কর্তব্য। কিন্তু যদি তাহারা পরস্পরের সম্মতি ও পরামর্শক্রমে স্তন্যপান বন্ধ রাখিতে চায় তবে তাহাদের কাহারও কোন অপরাধ নাই। তোমরা যাহা বিধিমত দিতে চাহিয়াছিলে, তাহা যদি অর্পণ কর তবে ধাত্রী দ্বারা তোমাদের সন্তানকে স্তন্যপান করাইতে চাহিলে তোমাদের কোন গুনাহ নাই। আল্লাহ্‌কে ভয় কর এবং জানিয়া রাখ যে, তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ্ উহার সম্যক দ্রষ্টা।	
	وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا يَّتَرَبَّصْنَ بِاَنْفُسِهِنَّ اَرْبَعَةَ اَشْهُرٍ وَّعَشْرًا ۚ فَاِذَا بَلَغْنَ اَجَلَهُنَّ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا فَعَلْنَ فِيْٓ اَنْفُسِهِنَّ بِالْمَعْرُوْفِ ۗ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٣٤﴾	234
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইউতাওয়াফ্‌ফাওনা মিংকুম্ ওয়া ইয়ায ারূনা আঝওয়া-জাইঁ ইয়াতারাব্বাস্‌না বিআংফুছিহিন্না আরবা'আতা আশহুরিওঁ ওয়া'আশরাং (ج) ফাইয া- বালাগ্‌না আজালাহুন্না ফালা- জুনা-হ া 'আলাইকুম ফীমা- ফা'আল্‌না ফী আংফুছিহিন্না বিলমা'রূফি (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	তোমাদের মধ্যে যাহারা স্ত্রী রাখিয়া মৃত্যুমুখে পতিত হয় তাহাদের স্ত্রীগণ চার মাস দশ দিন প্রতীক্ষায় থাকিবে। যখন তাহারা তাহাদের ইদ্দতকাল পূর্ণ করিবে তখন যথাবিধি নিজেদের জন্য যাহা করিবে তাহাতে তোমাদের কোন গুনাহ নাই। তোমরা যাহা কর আল্লাহ্ সে সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	وَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْمَا عَرَّضْتُمْ بِهٖ مِنْ خِطْبَةِ النِّسَآءِ اَوْ اَكْنَنْتُمْ فِيْٓ اَنْفُسِكُمْ ۗ عَلِمَ اللّٰهُ اَنَّكُمْ سَتَذْكُرُوْنَهُنَّ وَلٰكِنْ لَّا تُوَاعِدُوْهُنَّ سِرًّا اِلَّآ اَنْ تَقُوْلُوْا قَوْلًا مَّعْرُوْفًا ۗ وَلَا تَعْزِمُوْا عُقْدَةَ النِّكَاحِ حَتّٰى يَبْلُغَ الْكِتٰبُ اَجَلَهٗ ۗ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ يَعْلَمُ مَا فِيْٓ اَنْفُسِكُمْ فَاحْذَرُوْهُ ۚ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿٢٣٥﴾ ۩	235

প্রতিবর্ণায়ন	ওয়ালা–জুনা–হ'া 'আলাইকুম ফীমা– 'আর্‌রাদ'তুম্ বিহী মিন্ খিত'বাতিন্ নিছা~ই আও আকনাংতুম ফী–আংফুছিকুম (ط) 'আলিমাল্লা–হু আন্নাকুম ছাতায'কুরূনাহুন্না ওয়ালা– কিল্লা–তুওয়া–'ইদূহুন্না ছির্‌রান্ ইল্লা~আং তাকূ'লূ ক'াওলাম মা'রূফাওঁ (ط) ওয়ালা–তা'ঝিমূ 'উক'দাতান্ নিকা–হি' হ'াত্তা–ইয়াবলুগাল কিতা–বু আজালাহূ (ط) ওয়া'লামূ~আন্নাল্লা–হা ইয়া'লামু মা–ফী আংফুছিকুম ফাহ'য'ারূহু (ج) ওয়া'লামূ~আন্নাল্লা–হা গাফূরুন হ'ালীম।	
তরজমা	স্ত্রীলোকদের নিকট তোমরা ইংগিতে বিবাহ প্রস্তাব করিলে অথবা তোমাদের অন্তরে গোপন রাখিলে তোমাদের কোন পাপ নাই। আল্লাহ্ জানেন যে, তোমরা তাহাদের সম্বন্ধে অবশ্যই আলোচনা করিবে; কিন্তু বিধিমত কথাবার্তা ব্যতীত গোপনে তাহাদের নিকট কোন অঙ্গীকার করিও না; নির্দিষ্ট কাল পূর্ণ না হওয়া পর্যন্ত বিবাহকার্য সম্পন্ন করার সংকল্প করিও না। এবং জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ তোমাদের মনোভাব জানেন। সুতরাং তাঁহাকে ভয় কর এবং জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাপরায়ণ, পরম সহনশীল।	
	لَا جُنَاحَ عَلَيْكُمْ إِنْ طَلَّقْتُمُ النِّسَاءَ مَا لَمْ تَمَسُّوهُنَّ أَوْ تَفْرِضُوا لَهُنَّ فَرِيضَةً وَّ مَتِّعُوهُنَّ عَلَى الْمُوسِعِ قَدَرُهُ وَعَلَى الْمُقْتِرِ قَدَرُهُ مَتَاعًا بِالْمَعْرُوفِ حَقًّا عَلَى الْمُحْسِنِينَ ﴿٢٣٦﴾	**236**
প্রতিবর্ণায়ন	লা–জুনা–হ'া 'আলাইকুম ইং ত'াল্লাক'তুমুন্নিছা~আ মা–লাম তামাছ্‌ছূহুন্না আও তাফরিদূ' লাহুন্না ফারীদ'াতাওঁ (ج) ওয়ামাত্তি'উহুন্না (ج) 'আলাল মূছি'ই ক'াদারুহূ ওয়া 'আলাল মুক'তিরি ক'াদারুহু (ج) মাতা–'আম্ বিলমা'রূফি (ط) হ'াক্ক'ান 'আলাল মুহ'ছিনীন।	
তরজমা	যে পর্যন্ত না তোমরা তোমাদের স্ত্রীদেরকে স্পর্শ করিয়াছ এবং তাহাদের জন্য মাহ্‌র ধার্য করিয়াছ তাহাদেরকে তালাক দিলে তোমাদের কোন পাপ নাই। তোমরা তাহাদের সংস্থানের ব্যবস্থা করিও–সচ্ছল তাহার সাধ্যমত এবং অসচ্ছল তাহার সামর্থ্যানুযায়ী বিধিমত খরচপত্রের ব্যবস্থা করিবে, ইহা নেককার লোকদের কর্তব্য।	
	وَإِنْ طَلَّقْتُمُوهُنَّ مِنْ قَبْلِ أَنْ تَمَسُّوهُنَّ وَقَدْ فَرَضْتُمْ لَهُنَّ فَرِيضَةً فَنِصْفُ مَا فَرَضْتُمْ إِلَّا أَنْ يَعْفُونَ أَوْ يَعْفُوَا الَّذِي بِيَدِهِ عُقْدَةُ النِّكَاحِ وَأَنْ تَعْفُوا أَقْرَبُ لِلتَّقْوَى وَلَا تَنْسَوُا الْفَضْلَ بَيْنَكُمْ إِنَّ اللَّهَ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿٢٣٧﴾	**237**

প্রতিবর্ণায়ন	ওয়া ইং ত'াল্লাক'তুমূহুন্না মিং ক'াবলি আং তামাছছূহুন্না ওয়াক'াদ ফারাদ'তুম্ লাহুন্না ফারীদ'াতাং ফানিসফু মা-ফারাদ'তুম্ ইল্লা~আই ইয়া'ফূনা আও ইয়া'ফুওয়াল্লায~ী বিয়াদিহী 'উক'দাতন নিকা-হি' (ط) ওয়া আং তা'ফূ~আক'রাবু লিত্তাক'ওয়া- (ط) ওয়ালা-তাংছাউল ফাদ্'লা বাইনাকুম (ط) ইন্নাল্লা-হা বিমা-তা'মালূনা বাসীর।	
তরজমা	তোমরা যদি তাহাদেরকে স্পর্শ করার পূর্বে তালাক দাও, অথচ মাহ্র ধার্য করিয়া থাক তবে যাহা তোমরা ধার্য করিয়াছ তাহার অর্ধেক, যদি না স্ত্রী অথবা যাহার হাতে বিবাহ-বন্ধন রহিয়াছে সে মাফ করিয়া দেয়; এবং মাফ করিয়া দেওয়াই তাক্ওয়ার নিকটতর। তোমরা নিজেদের মধ্যে সদাশয়তার কথা বিস্মৃত হইও না। তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	حٰفِظُوْا عَلَى الصَّلَوٰتِ وَالصَّلٰوةِ الْوُسْطٰى ۚ وَقُوْمُوْا لِلّٰهِ قٰنِتِيْنَ ﴿٢٣٨﴾	**238**
প্রতিবর্ণায়ন	হ'া-ফিজূ' 'আলাসসালাওয়া-তি ওয়াসসালা-তিল্ উছ্ত'া- (ق) ওয়াকূ'মূ লিল্লা-হি ক'া-নিতীন।	
তরজমা	তোমরা সালাতের প্রতি যত্নবান হইবে, বিশেষত মধ্যবর্তী সালাতের এবং আল্লাহ্র উদ্দেশে তোমরা বিনীতভাবে দাঁড়াইবে;	
	فَاِنْ خِفْتُمْ فَرِجَالًا اَوْ رُكْبَانًا ۚ فَاِذَآ اَمِنْتُمْ فَاذْكُرُوا اللّٰهَ كَمَا عَلَّمَكُمْ مَّا لَمْ تَكُوْنُوْا تَعْلَمُوْنَ ﴿٢٣٩﴾	**239**
প্রতিবর্ণায়ন	ফাইন্ খিফতুম্ ফারিজা-লান আও রুকবা-নাং (ج) ফাইয'া-আমিংতুম ফায'কুরুল্লা-হা কামা-'আল্লামাকুম্ মা-লাম তাকূনূ তা'লামূন।	
তরজমা	যদি তোমরা আশংকা কর তবে পদচারী অথবা আরোহী অবস্থায় সালাত আদায় করিবে। আর যখন তোমরা নিরাপদ বোধ কর তখন আল্লাহ্কে স্মরণ করিবে, যেভাবে তিনি তোমাদেরকে শিক্ষা দিয়াছেন, যাহা তোমরা জানিতে না।	
	وَالَّذِيْنَ يُتَوَفَّوْنَ مِنْكُمْ وَيَذَرُوْنَ اَزْوَاجًا ۖ وَّصِيَّةً لِّاَزْوَاجِهِمْ مَّتَاعًا اِلَى الْحَوْلِ غَيْرَ اِخْرَاجٍ ۚ فَاِنْ خَرَجْنَ فَلَا جُنَاحَ عَلَيْكُمْ فِيْ مَا فَعَلْنَ فِيْٓ اَنْفُسِهِنَّ مِنْ مَّعْرُوْفٍ ۗ وَاللّٰهُ عَزِيْزٌ حَكِيْمٌ ﴿٢٤٠﴾	**240**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায~ীনা ইউতাওয়াফফাওনা মিংকুম ওয়া ইয়ায'ারূনা আঝওয়াজাওঁ (ج) ওয়াসিইইয়াতাল্ লিআঝওয়া-জিহিম্ মাতা'আন ইলাল হ'াওলি গাইরা ইখরা-জিং (ج) ফাইন্ খারাজনা ফালা-জুনা-হ'া 'আলাইকুম ফী মা-ফা'আলনা ফী~আংফুছিহিন্না মিম্মা'রূফিওঁ (ط) ওয়াল্লা-হু 'আঝীঝুন হ'াকীম।	

তরজমা	তোমাদের মধ্যে যাহাদের মৃত্যু আসন্ন এবং স্ত্রী রাখিয়া যায় তাহারা যেন তাহাদের স্ত্রীদেরকে গৃহ হইতে বহিষ্কার না করিয়া তাহাদের এক বৎসরের ভরণ-পোষণের ওসিয়াত করে। কিন্তু যদি তাহারা বাহির হইয়া যায় তবে বিধিমত নিজেদের জন্য তাহারা যাহা করিবে তাহাতে তোমাদের কোনও নাহ নাই। আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَلِلْمُطَلَّقٰتِ مَتَاعٌۢ بِالْمَعْرُوْفِ ۭ حَقًّا عَلَى الْمُتَّقِيْنَ ﴿٢٤١﴾	241
প্রতিবর্ণায়ন	ওয়ালিল মুত'াল্লাক'া-তি মাতা-'উম্ বিলমা'রূফি (ط) হ'াক্ক'ান 'আলাল্ মুত্তাক'ীন।	
তরজমা	তালাকপ্রাপ্তা নারীদেরকে যথারীতি ভরণ-পোষণ করা মুত্তাকীদের কর্তব্য।	
	كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿٢٤٢﴾	242
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুম আ-য়া-তিহী লা'আল্লাকুম তা'কি'লূন।	
তরজমা	এইভাবে আল্লাহ্ তাঁহার বিধান স্পষ্টভাবে বর্ণনা করেন যাহাতে তোমরা বুঝিতে পার।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ خَرَجُوْا مِنْ دِيَارِهِمْ وَهُمْ اُلُوْفٌ حَذَرَ الْمَوْتِ ۠ فَقَالَ لَهُمُ اللّٰهُ مُوْتُوْا ۣ ثُمَّ اَحْيَاهُمْ ۭ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٢٤٣﴾	243
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায'ীনা খারাজূ মিং দিয়া-রিহি'ম্ ওয়া হুম্ উলূফুন হ'ায'ারাল মাওতি (ص) ফাক'া-লা লাহুমুল্লা-হু মূতূ (قف) ছু'ম্মা আহ'ইয়া-হুম; ইন্নাল্লা-হা লায'ূ ফাদ'লিন্ 'আলান্না-ছি ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইয়াশকুরূন।	
তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহারা মৃত্যুভয়ে হাজারে হাজারে স্বীয় আবাসভূমি পরিত্যাগ করিয়াছিল ? অতঃপর আল্লাহ্ তাহাদেরকে বলিয়াছিলেন, 'তোমাদের মৃত্যু হউক।' তারপর আল্লাহ্ তাহাদের জীবিত করিয়াছিলেন। নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি অনুগ্রহশীল; কিন্তু অধিকাংশ লোক কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	وَقَاتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿٢٤٤﴾	244
প্রতিবর্ণায়ন	ওয়াক'া-তিলূ ফী ছাবীলিল্লা-হি ওয়া'লামূ ~আন্নাল্লা-হা ছামী'উন্ 'আলীম।	
তরজমা	তোমরা আল্লাহ্র পথে যুদ্ধ কর এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	مَنْ ذَا الَّذِيْ يُقْرِضُ اللّٰهَ قَرْضًا حَسَنًا فَيُضٰعِفَهٗ لَهٗٓ اَضْعَافًا كَثِيْرَةً ۭ وَاللّٰهُ يَقْبِضُ وَيَبْصُۜطُ ۠ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢٤٥﴾	245

প্রতিবর্ণায়ন	মাং য'াল্লায ী ইউক'রিদু'ল্লা-হা ক'ারদ'ান্ হ'াছানাং ফাইউদ'া-'ইফাহূ লাহু ~আদ'আ ফাং কাছ ীরাতাওঁ (ط) ওয়াল্লা-হু ইয়াক'বিদু' ওয়া ইয়াবছুতু'(ص) ওয়াইলাইহি তুরজা'ঊন।	
তরজমা	কে সে, যে আল্লাহ্‌কে করযে হাসানা প্রদান করিবে ? তিনি তাহার জন্য ইহা বহুগুণে বৃদ্ধি করিবেন। আর আল্লাহ্ সংকুচিত ও সম্প্রসারিত করেন এবং তাঁহার পানেই তোমরা প্রত্যানীত হইবে।	
	اَلَمْ تَرَ اِلَى الْمَلَاِ مِنْۢ بَنِىْٓ اِسْرَآءِيْلَ مِنْۢ بَعْدِ مُوْسٰى ۘ اِذْ قَالُوْا لِنَبِىٍّ لَّهُمُ ابْعَثْ لَنَا مَلِكًا نُّقَاتِلْ فِىْ سَبِيْلِ اللّٰهِ ؕ قَالَ هَلْ عَسَيْتُمْ اِنْ كُتِبَ عَلَيْكُمُ الْقِتَالُ اَلَّا تُقَاتِلُوْا ؕ قَالُوْا وَمَا لَنَآ اَلَّا نُقَاتِلَ فِىْ سَبِيْلِ اللّٰهِ وَقَدْ اُخْرِجْنَا مِنْ دِيَارِنَا وَاَبْنَآئِنَا ؕ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ تَوَلَّوْا اِلَّا قَلِيْلًا مِّنْهُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالظّٰلِمِيْنَ ﴿٢٤٦﴾	**246**
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা ইলাল মালাই মিম্ বানী~ ইছ্‌রা~ঈলা মিম্ বা'দি মূছা-(م)। ইয' ক'া-লূ লিনাবিইয়িল্লাহুমুব্ 'আছ' লানা-মালিকান্নুক'া-তিল্ ফী ছাবীলিল্লা-হি (ط) ক'া-লা হাল্ 'আছাইতুম্ ইং কুতিবা 'আলাইকুমুল্ কি'তা-লু আল্লা- তুক'া-তিলূ (ط) ক'া-লূ ওয়ামা লানা-আল্লা-নুক'া-তিলা ফী ছাবীলিল্লা-হি ওয়া ক'াদ্ উখ্‌রিজনা-মিং দিয়া-রিনা- ওয়া আব্‌না~ইনা (ط) ফালাম্মা কুতিবা 'আলাইহিমুল কি'তা-লু তাওয়াল্লাও ইল্লা-ক'ালীলাম্ মিনহুম (ط) ওয়াল্লা-হু 'আলীমুম্ বিজ্জ'া-লিমীন।	
তরজমা	তুমি কি মূসার পরবর্তী বনী ইসরাঈল প্রধানদেরকে দেখ নাই ? তাহারা যখন তাহাদের নবীকে বলিয়াছিল, 'আমাদের জন্য এক রাজা নিযুক্ত কর যাহাতে আমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ করিতে পারি।' সে বলিল, 'ইহা তো হইবে না যে, তোমাদের প্রতি যুদ্ধের বিধান দেওয়া হইল তখন আর তোমরা যুদ্ধ করিবে না ?' তাহারা বলিল, 'আমরা যখন স্ব স্ব আবাসভূমি ও স্বীয় সন্তান-সন্ততি হইতে বহিষ্কৃত হইয়াছি, তখন আল্লাহ্‌র পথে কেন যুদ্ধ করিব না ?' অতঃপর যখন তাহাদের প্রতি যুদ্ধের বিধান দেওয়া হইল তখন তাহাদের স্বল্প সংখ্যক ব্যতীত সকলেই পৃষ্ঠ প্রদর্শন করিল। এবং আল্লাহ্ জালিমদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اللّٰهَ قَدْ بَعَثَ لَكُمْ طَالُوْتَ مَلِكًا ؕ قَالُوْٓا اَنّٰى يَكُوْنُ لَهُ الْمُلْكُ عَلَيْنَا وَنَحْنُ اَحَقُّ بِالْمُلْكِ مِنْهُ وَلَمْ يُؤْتَ سَعَةً مِّنَ الْمَالِ ؕ قَالَ اِنَّ اللّٰهَ اصْطَفٰىهُ عَلَيْكُمْ وَزَادَهٗ بَسْطَةً فِى الْعِلْمِ وَالْجِسْمِ ؕ وَاللّٰهُ يُؤْتِىْ مُلْكَهٗ مَنْ يَّشَآءُ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٢٤٧﴾	**247**

প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা লাহুম্ নাবিইয়ুহুম ইন্নাল্লা-হা ক'াদ্ বা'আছ'া লাকুম ত'া-লূতা মালিকাং (ত) ক'া-লূ~ আন্না-ইয়াকূনু লাহুল মুল্কু 'আলাইনা- ওয়া নাহ'নু আহ'াক্কু' বিলমুলকি মিনহু ওয়ালাম্ ইউ'তা ছা'আতাম মিনাল মা-লি (ত) ক'া-লা ইন্নাল্লা-হাস্ত'াফা-হু 'আলাইকুম ওয়াঝা-দাহু বাছত'াতাং ফিল'ইলমি ওয়াল্ জিছমি (ত) ওয়াল্লা-হু ইউ'তী মুলকাহু মাই্ ইয়াশা~উ (ত) ওয়াল্লা-হু ওয়া-ছি'উন্ 'আলীম।	
তরজমা	আর তাহাদের নবী তাহাদের বলিয়াছিল, আল্লাহ্ অবশ্যই তালূতকে তোমাদের রাজা করিয়াছেন। তাহারা বলিল, 'আমাদের উপর তাহার রাজত্ব কিরূপে হইবে, যখন আমরা তাহা অপেক্ষা রাজত্বের অধিক হক্দার এবং তাহাকে প্রচুর ঐশ্বর্য দেওয়া হয় নাই!' নবী বলিল, 'আল্লাহ্ অবশ্যই তাহাকে তোমাদের জন্য মনোনীত করিয়াছেন এবং তিনি তাহাকে জ্ঞানে ও দেহে সমৃদ্ধ করিয়াছেন।' আল্লাহ্ যাহাকে ইচ্ছা স্বীয় রাজত্ব দান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, প্রজ্ঞাময়।	
	وَقَالَ لَهُمْ نَبِيُّهُمْ اِنَّ اٰيَةَ مُلْكِهٖۤ اَنْ يَّاْتِيَكُمُ التَّابُوْتُ فِيْهِ سَكِيْنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَبَقِيَّةٌ مِّمَّا تَرَكَ اٰلُ مُوْسٰى وَاٰلُ هٰرُوْنَ تَحْمِلُهُ الْمَلٰٓئِكَةُ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لَّكُمْ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿۲۴۸﴾	**248**
প্রতিবর্ণায়ন	ওয়াক'া-লা লাহুম নাবিইয়ুহুম্ ইন্না আ-য়াতা মুলকিহী আই ইয়া'তিয়াকুমুত্তা-বূতু ফীহি ছাকীনাতুম্ মির্ রাব্বিকুম ওয়া বাকি'ইইয়াতুম্ মিম্মা-তারাকা আ-লু মূছা-ওয়া আ-লু হা-রূনা তাহ'মিলুহুমুল্ মালা~ইকাতু (ত) ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাল্লাকুম ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	আর তাহাদের নবী তাহাদের বলিয়াছিল, 'তাহার রাজত্বের নিদর্শন এই যে, তোমাদের নিকট সেই তাবূত আসিবে যাহাতে তোমাদের প্রতিপালকের নিকট হইতে চিত্ত-প্রশান্তি এবং মূসা ও হারূন-বংশীয়গণ যাহা পরিত্যাগ করিয়াছে তাহার অবশিষ্টাংশ থাকিবে; ফিরিশতাগণ ইহা বহন করিয়া আনিবে। তোমরা যদি মু'মিন হও তবে অবশ্যই তোমাদের জন্য ইহাতে নিদর্শন আছে।'	
	فَلَمَّا فَصَلَ طَالُوْتُ بِالْجُنُوْدِ ۙ قَالَ اِنَّ اللّٰهَ مُبْتَلِيْكُمْ بِنَهَرٍ ۚ فَمَنْ شَرِبَ مِنْهُ فَلَيْسَ مِنِّيْ ۚ وَمَنْ لَّمْ يَطْعَمْهُ فَاِنَّهٗ مِنِّيْۤ اِلَّا مَنِ اغْتَرَفَ غُرْفَةً بِيَدِهٖ ۚ فَشَرِبُوْا مِنْهُ اِلَّا قَلِيْلًا مِّنْهُمْ ؕ فَلَمَّا جَاوَزَهٗ هُوَ وَالَّذِيْنَ اٰمَنُوْا مَعَهٗ ۙ قَالُوْا لَا طَاقَةَ لَنَا الْيَوْمَ بِجَالُوْتَ وَجُنُوْدِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يَظُنُّوْنَ اَنَّهُمْ مُّلٰقُوا اللّٰهِ ۙ كَمْ مِّنْ فِئَةٍ قَلِيْلَةٍ غَلَبَتْ فِئَةً كَثِيْرَةًۢ بِاِذْنِ اللّٰهِ ؕ وَاللّٰهُ مَعَ الصّٰبِرِيْنَ ﴿۲۴۹﴾	**249**

প্রতিবর্ণায়ন	ফালাম্মা– ফাসালা ত'া–লূতু বিল্‌জুনূদি (لا) ক'া–লা ইন্নাল্লা–হা মুবতালীকুম্ বিনাহারিং (ج) ফামাং শারিবা মিন্‌হু ফালাইছা মিন্নী (ج) ওয়া মাল্লাম্ ইয়াত'আম্‌হু ফাইন্নাহু মিন্নী– ইল্লা– মানিগ্‌তারাফা গুরফাতাম্ বিয়াদিহী (ج) ফাশারিবূ মিনহু ইল্লা–ক'ালীলাম্ মিনহুম্ (ط) ফালাম্মা– জা–ওয়াঝাহু হুওয়া ওয়াল্লায'ীনা আ–মানূ মা'আহু (لا) ক'া–লূ লা–ত'া– ক'াতালানাল ইয়াওমা বিজা–লূতা ওয়া জুনূদিহী (ط) ক'ালাল্লায'ীনা ইয়াজু'ন্নুনা আন্নাহুম মুলা–কু'ল্লা–হি' (لا) কাম্ মিং ফিআতিং ক'ালীলাতিন, গালাবাত্ ফিআতাং কাছ'ীরাতাম্ বিইয'নিল্লা–হি (ط) ওয়াল্লা–হু মা'আসসা–বিরীন।	
তরজমা	অতঃপর তালূত যখন সৈন্যবাহিনীসহ বাহির হইল সে তখন বলিল, 'আল্লাহ্ এক নদী দ্বারা তোমাদের পরীক্ষা করিবেন। যে কেহ উহা হইতে পান করিবে সে আমার দলভুক্ত নহে; আর যে কেহ উহার স্বাদ গ্রহণ করিবে না সে আমার দলভুক্ত; ইহা ছাড়া যে কেহ তাহার হস্তে এক কোষ পানি গ্রহণ করিবে সেও। অতঃপর অল্প সংখ্যক ব্যতীত তাহারা উহা হইতে পান করিল। সে এবং তাহার সঙ্গী ঈমানদারগণ যখন উহা অতিক্রম করিল তখন তাহারা বলিল, 'জালূত ও তাহার সৈন্যবাহিনীর বিরুদ্ধে যুদ্ধ করার মত শক্তি আজ আমাদের নাই।' কিন্তু যাহাদের প্রত্যয় ছিল আল্লাহ্‌র সঙ্গে তাহাদের সাক্ষাৎ ঘটিবে তাহারা বলিল, 'আল্লাহ্‌র হুকুমে কত ক্ষুদ্র দল কত বৃহৎ দলকে পরাভূত করিয়াছে।' আল্লাহ্ ধৈর্যশীলদের সঙ্গে আছেন।	
	وَلَمَّا بَرَزُوْا لِجَالُوْتَ وَجُنُوْدِهٖ قَالُوْا رَبَّنَآ اَفْرِغْ عَلَيْنَا صَبْرًا وَّثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٢٥٠﴾	250
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা–বারাঝূ লিজা–লূতা ওয়াজুনূদিহী ক'া–লূ রাব্বানা–আফ্‌রিগ্ আলাইনা– সাবরাওঁ ওয়া ছ'াব্বিত্ আক'দা–মানা– ওয়াংসুরনা– 'আলাল ক'াওমিল কা–ফরীন।	
তরজমা	তাহারা যখন যুদ্ধার্থে জালূত ও তাহার সৈন্যবাহিনীর সম্মুখীন হইল তখন তাহারা বলিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে ধৈর্য দান কর, আমাদের পা অবিচলিত রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য দান কর।'	
	فَهَزَمُوْهُمْ بِاِذْنِ اللّٰهِ ۙ وَقَتَلَ دَاوٗدُ جَالُوْتَ وَاٰتٰىهُ اللّٰهُ الْمُلْكَ وَالْحِكْمَةَ وَعَلَّمَهٗ مِمَّا يَشَآءُ ۗ وَلَوْلَا دَفْعُ اللّٰهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَّفَسَدَتِ الْاَرْضُ وَلٰكِنَّ اللّٰهَ ذُوْ فَضْلٍ عَلَى الْعٰلَمِيْنَ ﴿٢٥١﴾	251

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাহাঝামূহুম্ বিইয'নিল্লা-হি (لا) ওয়াক'াতালা দা-উদু জা-লূতা ওয়া আ-তা-হুল্লা-হুল্ মুলকা ওয়াল হি'কমাতা ওয়া'আল্লামাহু মিম্মা-ইয়াশা~উ (ط) ওয়া লাওলা-দাফ'উল্লা-হিন্না-ছা বা'দ'াহুম বিবা'দি'ল্ লাফাছাদাতিল্ আরদু ওয়া লা-কিন্নাল্লা-হা যূ ফাদ'লিন্ 'আলাল 'আ-লামীন।	
তরজমা	সুতরাং তাহারা আল্লাহ্‌র হুকুমে উহাদের পরাভূত করিল ; দাউদ জালূতকে সংহার করিল, আল্লাহ্ তাহাকে রাজত্ব ও হিক্‌মত দান করিলেন এবং যাহা তিনি ইচ্ছা করিলেন তাহা তাহাকে শিক্ষা দিলেন। আল্লাহ্ যদি মানব জাতির এক দলকে অন্য দল দ্বারা প্রতিহত না করিতেন তবে পৃথিবী বিপর্যস্ত হইয়া যাইত। কিন্তু আল্লাহ্ জগতসমূহের প্রতি অনুগ্রহশীল।	
	تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ؕ وَاِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ﴿٢٥٢﴾	**252**
প্রতিবর্ণায়ন	তিলকা আ-য়া-তুল্লা-হি নাতলূহা- 'আলাইকা বিলহ'াক্কি' (ط) ওয়া ইন্নাকা লামিনাল মুরছালীন।	
তরজমা	এই সকল আল্লাহ্‌র আয়াত, আমি তোমার নিকট উহা যথাযথভাবে তিলাওয়াত করিতেছি, আর নিশ্চয়ই তুমি রাসূলগণের অন্তর্ভুক্ত।	
	تِلْكَ الرُّسُلُ فَضَّلْنَا بَعْضَهُمْ عَلٰى بَعْضٍ ۘ مِنْهُمْ مَّنْ كَلَّمَ اللّٰهُ وَرَفَعَ بَعْضَهُمْ دَرَجٰتٍ ؕ وَاٰتَيْنَا عِيْسَى ابْنَ مَرْيَمَ الْبَيِّنٰتِ وَاَيَّدْنٰهُ بِرُوْحِ الْقُدُسِ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا اقْتَتَلَ الَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ مِّنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنٰتُ وَلٰكِنِ اخْتَلَفُوْا فَمِنْهُمْ مَّنْ اٰمَنَ وَمِنْهُمْ مَّنْ كَفَرَ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا اقْتَتَلُوْا ۫ وَلٰكِنَّ اللّٰهَ يَفْعَلُ مَا يُرِيْدُ ﴿٢٥٣﴾	**253**
প্রতিবর্ণায়ন	তিলকার্ রুছুলু ফাদ্দ'ালনা- বা'দ'াহুম 'আলা- বা'দ্'(م)। মিনহুম্ মাং কাল্লামাল্লা-হু ওয়া রাফা'আ বা'দ'াহুম দারাজা-তিওঁ (ط) ওয়া আ-তাইনা- 'ঈছাবনা মারইয়ামাল বাইয়িনা-তি ওয়া আই ইয়াদনা-হু বিরূহি'ল কু'দুছি (ط) ওয়ালাও শা~আল্লা-হু মাক'তাতালাল্লায'ীনা মিম্ বা'দিহিম্ মিম্ বা'দি মা-জা~আত্‌হুমুল বাইয়িনা-তু ওয়ালা-কিনিখ্ তালাফূ ফামিনহুম মান আ-মানা ওয়া মিনহুম্ মাং কাফারা (ط) ওয়ালাও শা~আল্লা-হু মাক'তাতালূ (قف) ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়াফ'আলু মা-ইউরীদ।	

তরজমা	এই রাসূলগণ, তাহাদের মধ্যে কাহাকেও কাহারও উপর শ্রেষ্ঠত্ব দিয়াছি। তাহাদের মধ্যে এমন কেহ রহিয়াছে যাহার সঙ্গে আল্লাহ্ কথা বলিয়াছেন, আবার কাহাকেও উচ্চ মর্যাদায় উন্নীত করিয়াছেন। মার্‌ইয়াম-তনয় ‘ঈসাকে স্পষ্ট প্রমাণ প্রদান করিয়াছি ও পবিত্র আত্মা দ্বারা তাহাকে শক্তিশালী করিয়াছি। আল্লাহ্ ইচ্ছা করিলে তাহাদের পরবর্তীরা তাহাদের নিকট স্পষ্ট প্রমাণ সমাগত হওয়ার পরও পারস্পরিক যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইত না; কিন্তু তাহাদের মধ্যে মতভেদ ঘটিল। ফলে তাহাদের কিছুসংখ্যক ঈমান আনিল এবং কিছুসংখ্যক কুফরী করিল। আল্লাহ্ ইচ্ছা করিলে তাহারা পারস্পরিক যুদ্ধ-বিগ্রহে লিপ্ত হইত না; কিন্তু আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْفِقُوْا مِمَّا رَزَقْنٰكُمْ مِّنْ قَبْلِ اَنْ يَّاْتِيَ يَوْمٌ لَّا بَيْعٌ فِيْهِ وَلَا خُلَّةٌ وَّلَا شَفَاعَةٌ ۭ وَ الْكٰفِرُوْنَ هُمُ الظّٰلِمُوْنَ ۝۲۵۴	**254**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ ~আংফিকূ মিম্মা-রাঝাক না-কুম্ মিং ক াবলি আই্ঁ ইয়া'তিইয়া ইয়াওমুল্লা-বাই'উং ফীহি ওয়ালা-খুল্লাতুওঁ ওয়ালা- শাফা-'আতুওঁ (قف) ওয়াল কা-ফিরূনা হুমুজ্জ া-লিমূন।	
তরজমা	হে মু'মিনগণ! আমি যাহা তোমাদেরকে দিয়াছি তাহা হইতে তোমরা ব্যয় কর সেই দিন আসিবার পূর্বে, যেই দিন ক্রয়-বিক্রয়, বন্ধুত্ব ও সুপারিশ থাকিবে না এবং কাফিররাই জালিম।	
	اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ اَلْحَيُّ الْقَيُّوْمُ ۚ لَا تَاْخُذُهٗ سِنَةٌ وَّلَا نَوْمٌ ۭ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ مَنْ ذَا الَّذِيْ يَشْفَعُ عِنْدَهٗٓ اِلَّا بِاِذْنِهٖ ۭ يَعْلَمُ مَا بَيْنَ اَيْدِيْهِمْ وَمَا خَلْفَهُمْ ۚ وَلَا يُحِيْطُوْنَ بِشَيْءٍ مِّنْ عِلْمِهٖٓ اِلَّا بِمَا شَاۗءَ ۚ وَسِعَ كُرْسِيُّهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ وَلَا يَـــُٔـوْدُهٗ حِفْظُهُمَا ۚ وَهُوَ الْعَلِيُّ الْعَظِيْمُ ۝۲۵۵	**255**
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ج) আল হ াইয়ুল ক াইয়ূমু (ج) লা-তা'খুযু হূ ছিনাতুওঁ ওয়ালা-নাওমুন (ط) লাহূ মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) মাং য াল্লায ী ইয়াশফা'উ 'ইংদাহূ~ইল্লা-বিইয নিহী (ط) ইয়া'লামু মা-বাইনা আইদীহিম ওয়ামা-খালফাহুম (ج) ওয়ালা-ইউহ ীতূ না বিশাইইম্ মিন 'ইলমিহী~ইল্লা-বিমা-শা~আ (ج) ওয়াছি'আ কুরছিইয়ুহুছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদ া (ج) ওয়ালা-ইয়াঊদুহু হিফ্‌জু হুমা-(ج) ওয়া হুওয়াল 'আলিইয়ূল 'আজ ীম।	

তরজমা	আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই। তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক। তাঁহাকে তন্দ্রা অথবা নিদ্রা স্পর্শ করে না। আকাশ ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্ত তাঁহারই। কে সে, যে তাঁহার অনুমতি ব্যতীত তাঁহার নিকট সুপারিশ করিবে? তাহাদের সম্মুখে ও পশ্চাতে যাহা কিছু আছে তাহা তিনি অবগত। যাহা তিনি ইচ্ছা করেন তদ্ব্যতীত তাঁহার জ্ঞানের কিছুই তাহারা আয়ত্ত করিতে পারে না। তাঁহার 'কুরসী' আকাশ ও পৃথিবীময় পরিব্যাপ্ত; ইহাদের রক্ষণাবেক্ষণ তাঁহাকে ক্লান্ত করে না; আর তিনি মহান, শ্রেষ্ঠ।	
	لَآ اِكۡرَاهَ فِى الدِّيۡنِ ۙ قَدۡ تَّبَيَّنَ الرُّشۡدُ مِنَ الۡغَىِّ ۚ فَمَنۡ يَّكۡفُرۡ بِالطَّاغُوۡتِ وَيُؤۡمِنۡۢ بِاللّٰهِ فَقَدِ اسۡتَمۡسَكَ بِالۡعُرۡوَةِ الۡوُثۡقٰى ۗ لَا انۡفِصَامَ لَهَا ؕ وَاللّٰهُ سَمِيۡعٌ عَلِيۡمٌ ﴿۲۵۶﴾	**256**
প্রতিবর্ণায়ন	লা~ইকরা-হা ফিদ্দীনি (قف) ক'াত্তাবাইইয়ানার্ রুশ্দু মিনাল গাইয়ি (ج) ফামাইঁ ইয়াকফুর বিত্ত'া-গূতি ওয়া ইউ'মিমবিল্লা-হি ফাক'াদিছ তাম্ছাকা বিল'উরওয়াতিল উছ'ক'া (ق) লাংফিসা-মা লাহা- (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম।	
তরজমা	দীন গ্রহণে জোর-জবরদস্তি নাই; সত্য পথ ভ্রান্ত পথ হইতে সুস্পষ্ট হইয়াছে। যে তাগূতকে অস্বীকার করিবে ও আল্লাহ্র উপর ঈমান আনিবে সে এমন এক মযবূত হাতল ধরিবে যাহা কখনও ভাঙ্গিবে না। আল্লাহ্ সর্বশ্রোতা, প্রজ্ঞাময়।	
	اَللّٰهُ وَلِىُّ الَّذِيۡنَ اٰمَنُوۡا ۙ يُخۡرِجُهُمۡ مِّنَ الظُّلُمٰتِ اِلَى النُّوۡرِ ؕ وَالَّذِيۡنَ كَفَرُوۡۤا اَوۡلِيٰٓـئُهُمُ الطَّاغُوۡتُ ۙ يُخۡرِجُوۡنَهُمۡ مِّنَ النُّوۡرِ اِلَى الظُّلُمٰتِ ؕ اُولٰٓـئِكَ اَصۡحٰبُ النَّارِ ۚ هُمۡ فِيۡهَا خٰلِدُوۡنَ ﴿۲۵۷﴾	**257**
প্রতিবর্ণায়ন	আল্লা-হু ওয়ালিইয়ুল্লায ীনা আ-মানূ (لا) ইউখরিজুহুম মিনাজ্জু লুমা-তি ইলান্ নূরি (ط) ওয়াল্লায ীনা কাফারু~আওলিয়া~উহুমুত্ত'া-গুতু (لا) ইউখরিজূনাহুম মিনান্ নূরি ইলাজ্জু লুমা-তি (ط) উলা~ইকা আসহ'া-বুন্না-রি (لا) হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	যাহারা ঈমান আনে আল্লাহ্ তাহাদের অভিভাবক, তিনি তাহাদেরকে অন্ধকার হইতে বাহির করিয়া আলোকে লইয়া যান। আর যাহারা কুফরী করে তাগূত তাহাদের অভিভাবক; ইহারা তাহাদেরকে আলো হইতে অন্ধকারে লইয়া যায়। উহারাই অগ্নি-অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	اَلَمۡ تَرَ اِلَى الَّذِىۡ حَآجَّ اِبۡرٰهٖمَ فِىۡ رَبِّهٖۤ اَنۡ اٰتٰٮهُ اللّٰهُ الۡمُلۡكَ ۘ اِذۡ قَالَ اِبۡرٰهٖمُ رَبِّىَ الَّذِىۡ يُحۡىٖ وَيُمِيۡتُ ۙ قَالَ اَنَا اُحۡىٖ وَاُمِيۡتُ ؕ قَالَ اِبۡرٰهٖمُ فَاِنَّ اللّٰهَ يَاۡتِىۡ بِالشَّمۡسِ مِنَ الۡمَشۡرِقِ فَاۡتِ بِهَا مِنَ الۡمَغۡرِبِ فَبُهِتَ الَّذِىۡ كَفَرَ ؕ وَاللّٰهُ لَا يَهۡدِى الۡقَوۡمَ الظّٰلِمِيۡنَ ﴿۲۵۸﴾	**258**

প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লাযী হ'া~জ্জা ইবরা-হীমা ফী রাব্বিহী~আন আ-তা-হুল্লা-হুল মুল্‌ক্ (م)। ইয' ক'া-লা ইবরা-হীমু রাব্বিইয়াল্লাযী ইউহ'য়ী ওয়া ইউমীতু (ﻁ) ক'া-লা আনা উহ'ঈ ওয়াউমীতু (ﻁ) ক'া-লা ইবরা-হীমু ফাইন্নাল্লা-হা ইয়া'তী বিশ্‌শামছি মিনাল মাশ্‌রিকি' ফা'তি বিহা- মিনাল মাগরিবি ফাবুহিতাল্লাযী কাফারা (ﻁ) ওয়াল্লা-হু লা ইয়াহদিল ক'াওমাজ্জ'া-লিমীন।	
তরজমা	তুমি কি ঐ ব্যক্তিকে দেখ নাই, যে ইব্‌রাহীমের সঙ্গে তাহার প্রতিপালক সম্বন্ধে বিতর্কে লিপ্ত হইয়াছিল, যেহেতু আল্লাহ্ তাহাকে কর্তৃত্ব দিয়াছিলেন। যখন ইব্‌রাহীম বলিল, 'তিনি আমার প্রতিপালক যিনি জীবন দান করেন ও মৃত্যু ঘটান', সে বলিল, 'আমিও তো জীবন দান করি ও মৃত্যু ঘটাই।' ইব্‌রাহীম বলিল, 'আল্লাহ্ সূর্যকে পূর্ব দিক হইতে উদিত করান, তুমি উহাকে পশ্চিম দিক হইতে উদিত করাও তো।' অতঃপর যে কুফরী করিয়াছিল সে হতবুদ্ধি হইয়া গেল। আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	اَوْ كَالَّذِیْ مَرَّ عَلٰی قَرْیَةٍ وَّهِیَ خَاوِیَةٌ عَلٰی عُرُوْشِهَا ۚ قَالَ اَنّٰی یُحْیٖ هٰذِهِ اللّٰهُ بَعْدَ مَوْتِهَا ۚ فَاَمَاتَهُ اللّٰهُ مِائَةَ عَامٍ ثُمَّ بَعَثَهٗ ؕ قَالَ كَمْ لَبِثْتَ ؕ قَالَ لَبِثْتُ یَوْمًا اَوْ بَعْضَ یَوْمٍ ؕ قَالَ بَلْ لَّبِثْتَ مِائَةَ عَامٍ فَانْظُرْ اِلٰی طَعَامِكَ وَشَرَابِكَ لَمْ یَتَسَنَّهْ ۚ وَانْظُرْ اِلٰی حِمَارِكَ وَلِنَجْعَلَكَ اٰیَةً لِّلنَّاسِ وَانْظُرْ اِلَی الْعِظَامِ كَیْفَ نُنْشِزُهَا ثُمَّ نَكْسُوْهَا لَحْمًا ؕ فَلَمَّا تَبَیَّنَ لَهٗ ۙ قَالَ اَعْلَمُ اَنَّ اللّٰهَ عَلٰی كُلِّ شَیْءٍ قَدِیْرٌ ﴿۲۵۹﴾	**259**
প্রতিবর্ণায়ন	আও কাল্লাযী মার্‌রা 'আলা- ক'ারইয়াতিওঁ ওয়াহিয়া খা-বি'য়াতুন 'আলা- 'উরুশিহা- (ج) ক'া-লা আন্না-ইউহ্'য়ী হা-যি'হিল্লা-হু বা'দা মাওতিহা- (ج) ফাআমাতাহুল্লা-হু মিআতা 'আ-মিং ছু'ম্মা বা'আছ'াহু (ﻁ) ক'া-লা কাম লাবিছ'তা (ﻁ) ক'া-লা লাবিছ'তু ইয়াওমান আও বা'দ'া ইয়াওমিন (ﻁ) ক'া-লা 'বাল্লাবিছ'তা মিআতা 'আ-মিং ফাংজু'র ইলা- ত'া'আ-মিকা ওয়াশারা-বিকা লাম ইয়াতাছান্নাহ্ (ج) ওয়াংজু'র ইলা-হি'মা-রিকা ওয়া লিনাজ'আলাকা আ-য়াতাল্ লিন্না-ছি ওয়াংজু'র ইলাল 'ইজ'া-মি কাইফা নুংশিঝুহা- ছু'ম্মা নাকছূহা- লাহ'মাং (ﻁ) ফালাম্মা-তাবাইয়ানা লাহু (ﻻ) ক'ালা আ'লামু আন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইইং ক'াদীর।	

	অথবা তুমি কি সেই ব্যক্তিকে দেখ নাই, যে এমন এক নগরে উপনীত হইয়াছিল যাহা ধ্বংসস্তূপে পরিণত হইয়াছিল। সে বলিল, 'মৃত্যুর পর কিরূপে আল্লাহ্ ইহাকে জীবিত করিবেন ?' তৎপর আল্লাহ্ তাহাকে একশত বৎসর মৃত রাখিলেন। পরে তাহাকে পুনর্জীবিত করিলেন। আল্লাহ্ বলিলেন, 'তুমি কত কাল অবস্থান করিলে ?' সে বলিল, 'এক দিন অথবা এক দিনেরও কিছু কম অবস্থান করিয়াছি।' তিনি বলিলেন, 'না, বরং তুমি একশত বৎসর অবস্থান করিয়াছ। তোমার খাদ্যসামগ্রী ও পানীয় বস্তুর প্রতি লক্ষ্য কর, উহা অবিকৃত রহিয়াছে এবং তোমার গর্দভটির প্রতি লক্ষ্য কর, কারণ তোমাকে মানবজাতির জন্য নিদর্শনস্বরূপ করিব। আর অস্থিগুলির প্রতি লক্ষ্য কর; কিভাবে সেইগুলিকে সংযোজিত করি এবং গোশত দ্বারা ঢাকিয়া দেই।' যখন ইহা তাহার নিকট স্পষ্ট হইল তখন সে বলিয়া উঠিল, 'আমি জানি যে, আল্লাহ্ নিশ্চয়ই সর্ববিষয়ে সর্বশক্তিমান।'	
তরজমা		
	وَاِذْ قَالَ اِبْرٰهٖمُ رَبِّ اَرِنِیْ كَیْفَ تُحْیِ الْمَوْتٰی ؕ قَالَ اَوَلَمْ تُؤْمِنْ ؕ قَالَ بَلٰی وَلٰكِنْ لِّیَطْمَىِٕنَّ قَلْبِیْ ؕ قَالَ فَخُذْ اَرْبَعَةً مِّنَ الطَّیْرِ فَصُرْهُنَّ اِلَیْكَ ثُمَّ اجْعَلْ عَلٰی كُلِّ جَبَلٍ مِّنْهُنَّ جُزْءًا ثُمَّ ادْعُهُنَّ یَاْتِیْنَكَ سَعْیًا ؕ وَاعْلَمْ اَنَّ اللّٰهَ عَزِیْزٌ حَكِیْمٌ ﴿۲۶۰﴾	260
প্রতিবর্ণায়ন	ওয়া ইয· ক'া-লা ইবরা-হীমু রাব্বি আরিনী কাইফা তুহ·য়িল্মাওতা- (ত) ক'া-লা আওয়ালাম তু'মিং (ত) ক'া-লা বালা- ওয়ালা-কিল্ লিইয়াত·মাইন্না ক'ালবী (ত) ক'া-লা ফাখুয· আরবা'আতাম্ মিনাত·ত'াইরি ফাসুরহুন্না ইলাইকা ছু·ম্মাজ'আল 'আলা-কুল্লি জাবালিম মিনহুন্না জুঝআং ছু·ম্মাদ 'উহুন্না ইয়া তীনাকা ছা'ইয়াওঁ (ত) ওয়া'লাম আন্নাল্লা-হা 'আঝীঝূন হ·াকীম।	
	যখন ইব্রাহীম বলিল, 'হে আমার প্রতিপালক! কিভাবে তুমি মৃতকে জীবিত কর আমাকে দেখাও।' তিনি বলিলেন, 'তবে কি তুমি বিশ্বাস কর না ?' সে বলিল, 'কেন করিব না, তবে ইহা কেবল আমার চিত্ত প্রশান্তির জন্য।' তিনি বলিলেন, 'তবে চারটি পাখি লও এবং উহাদেরকে তোমার বশীভূত করিয়া লও। তৎপর তাহাদের এক এক অংশ এক এক পাহাড়ে স্থাপন কর। অতঃপর উহাদেরকে ডাক দাও, উহারা দ্রুতগতিতে তোমার নিকট আসিবে। জানিয়া রাখ, 'নিশ্চয়ই আল্লাহ্ প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়।'	
তরজমা		
	مَثَلُ الَّذِیْنَ یُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ فِیْ سَبِیْلِ اللّٰهِ كَمَثَلِ حَبَّةٍ اَنْۢبَتَتْ سَبْعَ سَنَابِلَ فِیْ كُلِّ سُنْۢبُلَةٍ مِّاْىَةُ حَبَّةٍ ؕ وَاللّٰهُ یُضٰعِفُ لِمَنْ یَّشَآءُ ؕ وَاللّٰهُ وَاسِعٌ عَلِیْمٌ ﴿۲۶۱﴾	261

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মাছ'ালুল্লায'ীনা ইউংফিকূ'না আমওয়া-লাহুম ফী ছাবীলিল্লা-হি কামাছ'ালি হ'াব্বাতিন আমবাতাত ছাব'আ ছানা-বিলা ফী কুল্লি ছুমবুলাতিম্ মিআতু হ'াব্বাতিওঁ (ط) ওয়াল্লা-হু ইউদ'া-'ইফু লিমইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু ওয়া-ছি'উন 'আলীম।	
তরজমা	যাহারা নিজেদের ধনৈশ্বর্য আল্লাহ্‌র পথে ব্যয় করে তাহাদের উপমা একটি শস্যবীজ, যাহা সাতটি শীষ উৎপাদন করে, প্রত্যেক শীষে একশত শস্যদানা। আল্লাহ্ যাহাকে ইচ্ছা বহু গুণে বৃদ্ধি করিয়া দেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	
	اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ثُمَّ لَا يُتْبِعُوْنَ مَآ اَنْفَقُوْا مَنًّا وَّلَآ اَذًى ۙ لَّهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٦٢﴾	262
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউংফিকূ'না আমওয়া-লাহুম ফী ছাবীলিল্লা-হি ছু'ম্মা লা-ইউতবি'উনা মা~আংফাকূ' মান্নাওঁ ওয়ালা~ আয'াল্ লাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ'ঝানুন।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে ধনৈশ্বর্য ব্যয় করে অতঃপর যাহা ব্যয় করে তাহার কথা বলিয়া বেড়ায় না এবং ক্লেশও দেয় না, তাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের নিকট আছে। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	قَوْلٌ مَّعْرُوْفٌ وَّمَغْفِرَةٌ خَيْرٌ مِّنْ صَدَقَةٍ يَّتْبَعُهَآ اَذًى ۗ وَاللّٰهُ غَنِيٌّ حَلِيْمٌ ﴿٢٦٣﴾	263
প্রতিবর্ণায়ন	ক'াওলুম মা'রূফুওঁ ওয়া মাগফিরাতুন খাইরুম মিং সাদাক'াতিইঁ ইয়াতবা'উহা~ আয'া- (ط) ওয়াল্লা-হু গানিউয়ুন হ'ালীম।	
তরজমা	যে দানের পর কষ্ট দেওয়া হয় তাহা অপেক্ষা ভাল কথা ও ক্ষমা শ্রেয়। আল্লাহ্ অভাবমুক্ত, পরম সহনশীল।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُبْطِلُوْا صَدَقٰتِكُمْ بِالْمَنِّ وَالْاَذٰى ۙ كَالَّذِيْ يُنْفِقُ مَالَهٗ رِئَآءَ النَّاسِ وَلَا يُؤْمِنُ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ ۭ فَمَثَلُهٗ كَمَثَلِ صَفْوَانٍ عَلَيْهِ تُرَابٌ فَاَصَابَهٗ وَابِلٌ فَتَرَكَهٗ صَلْدًا ۭ لَا يَقْدِرُوْنَ عَلٰي شَيْءٍ مِّمَّا كَسَبُوْا ۭ وَاللّٰهُ لَا يَهْدِي الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٢٦٤﴾	264
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায'ীনা আ-মানূ লা-তুবতি'লূ সাদাক'া-তিকুম বিলমান্নি ওয়ালআয'া- (لا) কাল্লায'ী ইউংফিকু' মা-লাহূ রিআ~আন্না-ছি ওয়ালা-ইউমিনু বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি (ط) ফামাছ'ালুহূ কামাছ'ালি সাফওয়া-নিন 'আলাইহি তুরা-বুং ফাআসা-বাহু ওয়া-বিলুং ফাতারাকাহূ সালদান (ط) লা-ইয়াক'দিরূনা 'আলা-শাইইম্ মিম্মা-কাছাবূ (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক'াওমাল কা-ফিরীন।	

তরজমা	হে মু'মিনগণ! দানের কথা বলিয়া বেড়াইয়া এবং কষ্ট দিয়া তোমরা তোমাদের দানকে ঐ ব্যক্তির ন্যায় নিষ্ফল করিও না, যে নিজের ধনসম্পদ লোক দেখানোর জন্য ব্যয় করিয়া থাকে এবং আল্লাহ্ ও আখিরাতে ঈমান রাখে না। তাহার উপমা একটি মসৃণ পাথর-যাহার উপর কিছু মাটি থাকে; অতঃপর উহার উপর প্রবল বৃষ্টিপাত উহাকে পরিষ্কার করিয়া রাখিয়া দেয়। যাহা তাহারা উপার্জন করিয়াছে তাহার কিছুই তাহারা তাহাদের কাজে লাগাইতে সক্ষম হইবে না। আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	وَمَثَلُ الَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمُ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ وَتَثْبِيْتًا مِّنْ اَنْفُسِهِمْ كَمَثَلِ جَنَّةٍۢ بِرَبْوَةٍ اَصَابَهَا وَابِلٌ فَاٰتَتْ اُكُلَهَا ضِعْفَيْنِ ۚ فَاِنْ لَّمْ يُصِبْهَا وَابِلٌ فَطَلٌّ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ بَصِيْرٌ ﴿۲۶۵﴾	265
প্রতিবর্ণায়ন	ওয়া মাছ'ালুল্লায'ীনা ইউংফিকূ'না আমওয়া-লাহুমুব তিগা~আ মারদ'া-তিল্লা-হি ওয়া তাছ'বীতাম্ মিন আংফুছিহিম কামাছ'ালি জান্নাতিম বিরাবওয়াতিন আসা-বাহা- ওয়া-বিলুং ফাআ-তাত উকুলাহা-দি'ফাইনি (ج) ফাইল্লাম ইউসিব্হা-ওয়া-বিলুং ফাত'াল্লুওঁ (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা বাসীর।	
তরজমা	আর যাহারা আল্লাহ্র সন্তুষ্টি লাভার্থে ও নিজেদের আত্মা বলিষ্ঠ করণার্থে ধনৈশ্বর্য ব্যয় করে তাহাদের উপমা কোন উচ্চ ভূমিতে অবস্থিত একটি উদ্যান, যাহাতে মুষলধারে বৃষ্টি হয়, ফলে তাহার ফলমূল দ্বিগুণ জন্মে। যদি মুষলধারে বৃষ্টি নাও হয় তবে লঘু বৃষ্টিই যথেষ্ট। তোমরা যাহা কর আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	اَيَوَدُّ اَحَدُكُمْ اَنْ تَكُوْنَ لَهٗ جَنَّةٌ مِّنْ نَّخِيْلٍ وَّاَعْنَابٍ تَجْرِىْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۙ لَهٗ فِيْهَا مِنْ كُلِّ الثَّمَرٰتِ ۙ وَ اَصَابَهُ الْكِبَرُ وَلَهٗ ذُرِّيَّةٌ ضُعَفَآءُ ۖ فَاَصَابَهَآ اِعْصَارٌ فِيْهِ نَارٌ فَاحْتَرَقَتْ ؕ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمُ الْاٰيٰتِ لَعَلَّكُمْ تَتَفَكَّرُوْنَ ﴿۲۶۶﴾	266
প্রতিবর্ণায়ন	আইয়াওয়াদ্দু আহ'াদুকুম আং তাকূনা লাহু জান্নাতুম মিং নাখীলিওঁ ওয়া আ'না-বিং তাজরী মিং তাহ'তিহাল আনহা-রু (لا) লাহু ফীহা-মিং কুল্লিছ'ছ'ামারা-তি (لا) ওয়া আসা-বাহুল কিবারু ওয়ালাহু যু'র্রিইইয়াতুং দু'আফা~উ (ص) ফাআসা-বাহা~ ই'সা-রুং ফীহি না-রুং ফাহ'তারাক'াত (ط) কায'া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুমুল আ-য়া-তি ল'আল্লাকুম তাতাফাক্কারূন।	

তরজমা

তোমাদের কেহ কি চায় যে, তাহার খেজুর ও আঙুরের একটি বাগান থাকে যাহার পাদদেশে নদী প্রবাহিত এবং যাহাতে সর্বপ্রকার ফলমূল আছে, যখন সে ব্যক্তি বার্ধক্যে উপনীত হয় এবং তাহার সন্তান-সন্ততি দুর্বল, অতঃপর উহার উপর এক অগ্নিক্ষরা ঘূর্ণিঝড় আপতিত হয় ও উহা জ্বলিয়া যায় ? এইভাবে আল্লাহ্ তাঁহার নিদর্শন তোমাদের জন্য সুস্পষ্টভাবে ব্যক্ত করেন যাহাতে তোমরা অনুধাবন করিতে পার।

267

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْفِقُوْا مِنْ طَيِّبٰتِ مَا كَسَبْتُمْ وَمِمَّآ اَخْرَجْنَا لَكُمْ مِّنَ الْاَرْضِ ۖ وَلَا تَيَمَّمُوا الْخَبِيْثَ مِنْهُ تُنْفِقُوْنَ وَلَسْتُمْ بِاٰخِذِيْهِ اِلَّآ اَنْ تُغْمِضُوْا فِيْهِ ۭ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ غَنِيٌّ حَمِيْدٌ ﴿٢٦٧﴾

প্রতিবর্ণায়ন

ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ~ আংফিকূ· মিং ত·াইয়িবা-তি মা-কাছাবতুম ওয়া মিম্মা~আখরাজনা- লাকুম মিনাল আরদি· (ص) ওয়ালা-তাইয়াম্মামুল খাবীছ·া মিনহু তুংফিকূ·না ওয়া লাছতুম বিআ-খিয·ীহি ইল্লা~আং তুগমিদূ· ফীহি (ط) ওয়া'লামূ~আন্নাল্লা-হা গানিইয়ুন হ·ামীদ।

তরজমা

হে মু'মিনগণ ! তোমরা যাহা উপার্জন কর এবং আমি যাহা ভূমি হইতে তোমাদের জন্য উৎপাদন করিয়া দেই তন্মধ্যে যাহা উৎকৃষ্ট তাহা ব্যয় কর ; এবং উহার নিকৃষ্ট বস্তু ব্যয় করার সংকল্প করিও না : অথচ তোমরা উহা গ্রহণ করিবার নও, যদি না তোমরা চক্ষু বন্ধ করিয়া থাক। এবং জানিয়া রাখ যে, নিশ্চয়ই আল্লাহ্ অভাবমুক্ত, প্রশংসিত।

268

اَلشَّيْطٰنُ يَعِدُكُمُ الْفَقْرَ وَيَاْمُرُكُمْ بِالْفَحْشَاۗءِ ۚ وَاللّٰهُ يَعِدُكُمْ مَّغْفِرَةً مِّنْهُ وَفَضْلًا ۭ وَاللّٰهُ وَاسِعٌ عَلِيْمٌ ﴿٢٦٨﴾

প্রতিবর্ণায়ন

আশশাইত·া-নু ইয়া'ইদুকুমুল্ ফাক·রা ওয়া ইয়া'মরুকুম বিলফাহ·শা~ই (ج) ওয়াল্লা-হু ইয়া'ইদুকুম মাগফিরাতাম মিনহু ওয়া ফাদ·লাওঁ (ط) ওয়াল্লা-হু ওয়া-ছি'উন 'আলীম।

তরজমা

শয়তান তোমাদের দারিদ্র্যের ভয় দেখায় এবং অশ্লীলতার নির্দেশ দেয়। আর আল্লাহ্ তোমাদেরকে তাঁহার ক্ষমা এবং অনুগ্রহের প্রতিশ্রুতি প্রদান করেন। আল্লাহ্ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।

269

يُّؤْتِي الْحِكْمَةَ مَنْ يَّشَاۗءُ ۚ وَمَنْ يُّؤْتَ الْحِكْمَةَ فَقَدْ اُوْتِيَ خَيْرًا كَثِيْرًا ۭ وَمَا يَذَّكَّرُ اِلَّآ اُولُوا الْاَلْبَابِ ﴿٢٦٩﴾

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইউ'তিল হি'কমাতা মাইঁ ইয়াশা~উ (ج) ওয়া মাইঁ ইউ'তাল হি'ক্মাতা ফাক'াদ উতিয়া খাইরাং কাছ'ীরাওঁ (ط) ওয়ামা-ইয়ায্'য'াক্কারু ইল্লা~উলুল আলবা-ব।	
তরজমা	তিনি যাহাকে ইচ্ছা হিক্মত প্রদান করেন এবং যাহাকে হিক্মত প্রদান করা হয় তাহাকে প্রভূত কল্যাণ দান করা হয়; এবং বোধশক্তিসম্পন্ন লোকেরাই শুধু শিক্ষা গ্রহণ করে।	
	وَمَآ اَنْفَقْتُمْ مِّنْ نَّفَقَةٍ اَوْ نَذَرْتُمْ مِّنْ نَّذْرٍ فَاِنَّ اللّٰهَ يَعْلَمُهٗ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٢٧٠﴾	270
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আংফাক'তুম মিং নাফাক'াতিন আও নায'ারতুম মিং নায'রিং ফাইন্নাল্লা-হা ইয়া'লামুহু (ط) ওয়ামা- লিজ্জ'া-লিমীনা মিন আংসা-র।	
তরজমা	যাহা কিছু তোমরা ব্যয় কর অথবা যাহা কিছু তোমরা মানত কর নিশ্চয়ই আল্লাহ্ তাহা জানেন। আর জালিমদের জন্য কোন সাহায্যকারী নাই।	
	اِنْ تُبْدُوا الصَّدَقٰتِ فَنِعِمَّا هِيَ ۚ وَاِنْ تُخْفُوْهَا وَتُؤْتُوْهَا الْفُقَرَآءَ فَهُوَ خَيْرٌ لَّكُمْ ؕ وَيُكَفِّرُ عَنْكُمْ مِّنْ سَيِّاٰتِكُمْ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿٢٧١﴾	271
প্রতিবর্ণায়ন	ইং তুবদুসসাদাক'া-তি ফানি'ইমমা-হিয়া (ج) ওয়া ইং তুখফূহা- ওয়া তু'তূহাল ফুক'ারা~আ ফাহুওয়া খাইরুল্লাকুম (ط) ওয়া ইউকাফ্ফিরু 'আংকুম মিং ছাইয়িআ-তিকুম (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	তোমরা যদি প্রকাশ্যে দান কর তবে উহা ভাল ; আর যদি তাহা গোপনে কর এবং অভাবগ্রস্তকে দান কর তাহা তোমাদের জন্য আরও ভাল ; এবং তিনি তোমাদের কিছু কিছু পাপ মোচন করিবেন; তোমরা যাহা কর আল্লাহ্ তাহা সম্যক অবহিত।	
	لَيْسَ عَلَيْكَ هُدٰىهُمْ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِيْ مَنْ يَّشَآءُ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَلِاَنْفُسِكُمْ ؕ وَمَا تُنْفِقُوْنَ اِلَّا ابْتِغَآءَ وَجْهِ اللّٰهِ ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ يُّوَفَّ اِلَيْكُمْ وَاَنْتُمْ لَا تُظْلَمُوْنَ ﴿٢٧٢﴾	272
প্রতিবর্ণায়ন	লাইছা 'আলাইকা হুদা-হুম ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়াহদী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়ামা-তুংফিকূ' মিন খাইরিং ফালিআংফুছিকুম (ط) ওয়ামা-তুংফিকূ'না ইল্লাবতিগা~আ ওয়াজহিল্লা-হি (ط) ওয়ামা-তুংফিকূ' মিন খাইরিয়ঁ ইউওয়াফ্ফা ইলাইকুম ওয়া আংতুম লা-তুজ'লামূন।	
তরজমা	তাহাদের সৎপথ গ্রহণের দায়িত্ব তোমার নহে ; বরং আল্লাহ্ যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর তাহা তোমাদের নিজেদের জন্য এবং তোমরা তো শুধু আল্লাহ্র সন্তুষ্টি লাভার্থেই ব্যয় করিয়া থাক। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর তাহার পুরস্কার তোমাদেরকে পুরাপুরিভাবে প্রদান করা হইবে এবং তোমাদের প্রতি অন্যায় করা হইবে না।	

	لِلْفُقَرَآءِ الَّذِيْنَ اُحْصِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ لَا يَسْتَطِيْعُوْنَ ضَرْبًا فِي الْاَرْضِ ۫ يَحْسَبُهُمُ الْجَاهِلُ اَغْنِيَآءَ مِنَ التَّعَفُّفِ ۚ تَعْرِفُهُمْ بِسِيْمٰهُمْ ۚ لَا يَسْـَٔلُوْنَ النَّاسَ اِلْحَافًا ؕ وَمَا تُنْفِقُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ بِهٖ عَلِيْمٌ ﴿٢٧٣﴾	273
প্রতিবর্ণায়ন	লিলফুক'ারা~ইল্লায'ীনা উহ'সিরূ ফী ছাবীলিল্লা-হি লা-ইয়াছ্তাত'ী'উনা দ'ারবাং ফিল আর্দি' (ز) ইয়াহ'ছাবুহুমুল্ জা-হিলু আগনিয়া~আ মিনাত্তা'আফ্ফুফি (ج) তা'রিফুহুম বিছীমা-হুম (ج) লা-ইয়াছআলূন্না-ছা ইলাহ'া-ফাওঁ (ط) ওয়ামা-তুংফিকূ' মিন খাইরিং ফাইন্নাল্লা-হা বিহী 'আলীম।	
তরজমা	ইহা প্রাপ্য অভাবগ্রস্ত লোকদের; যাহারা আল্লাহ্‌র পথে এমনভাবে ব্যাপৃত যে, দেশময় ঘোরাফেরা করিতে পারে না ; যাচঞা না করার কারণে অজ্ঞ লোকেরা তাহাদেরকে অভাবমুক্ত বলিয়া মনে করে; তুমি তাহাদের লক্ষণ দেখিয়া চিনিতে পারিবে। তাহারা মানুষের নিকট নাছোড় হইয়া যাচঞা করে না। যে ধন-সম্পদ তোমরা ব্যয় কর আল্লাহ্ তো তাহা সবিশেষ অবহিত।	
	اَلَّذِيْنَ يُنْفِقُوْنَ اَمْوَالَهُمْ بِالَّيْلِ وَالنَّهَارِ سِرًّا وَّعَلَانِيَةً فَلَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٤﴾	274
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউংফিকূ'না আমওয়া-লাহুম বিল্লাইলি ওয়ান্নাহা-রি ছিররাওঁ ওয়া'আলা-নিইয়াতাং ফালাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ'ঝানূন।	
তরজমা	যাহারা নিজেদের ধনৈশ্বর্য রাত্রে ও দিবসে, গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে তাহাদের পুণ্য ফল তাহাদের প্রতিপালকের নিকট রহিয়াছে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	اَلَّذِيْنَ يَاْكُلُوْنَ الرِّبٰوا لَا يَقُوْمُوْنَ اِلَّا كَمَا يَقُوْمُ الَّذِيْ يَتَخَبَّطُهُ الشَّيْطٰنُ مِنَ الْمَسِّ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ قَالُوْٓا اِنَّمَا الْبَيْعُ مِثْلُ الرِّبٰوا ۘ وَاَحَلَّ اللّٰهُ الْبَيْعَ وَحَرَّمَ الرِّبٰوا ؕ فَمَنْ جَآءَهٗ مَوْعِظَةٌ مِّنْ رَّبِّهٖ فَانْتَهٰى فَلَهٗ مَا سَلَفَ ؕ وَاَمْرُهٗٓ اِلَى اللّٰهِ ؕ وَمَنْ عَادَ فَاُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٧٥﴾	275

প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়া'কুলুনার্ রিবা-লা-ইয়াকূ মূনা ইল্লা-কামা-ইয়াকূ মুল্লায ী ইয়াতাখাব্বাতু হুশ্শাইত া-নু মিনাল মাছ্ছি (ط) য া-লিকা বিআন্নাহুম ক া-লূ ইন্নামাল বাই'উ মিছ্ লূর রিবা-(م)। ওয়া আহ াল্লাল্লা-হুল বাই'আ ওয়া হ ার্‌রামার্ রিবা- (ط) ফামাং জা~আহু মাওইজ াতুম মির রাব্বিহী ফাংতাহা- ফালাহু মা-ছালাফা (ط) ওয়া আমরুহু ইলাল্লা-হি (ط) ওয়া মান 'আ-দা ফাউলা~ইকা আসহ া-বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা সুদ খায় তাহারা সেই ব্যক্তিরই ন্যায় দাঁড়াইবে যাহাকে শয়তান স্পর্শ দ্বারা পাগল করে। ইহা এইজন্য যে, তাহারা বলে, 'ক্রয়-বিক্রয় তো সুদের মতই।' অথচ আল্লাহ্ ক্রয়-বিক্রয়কে হালাল ও সুদকে হারাম করিয়াছেন। যাহার নিকট তাহার প্রতিপালকের উপদেশ আসিয়াছে এবং সে বিরত হইয়াছে, তবে অতীতে যাহা হইয়াছে তাহা তাহারই; এবং তাহার ব্যাপার আল্লাহ্‌র ইখ্‌তিয়ারে। আর যাহারা পুনরায় আরম্ভ করিবে তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	يَمْحَقُ اللّٰهُ الرِّبٰوا وَيُرْبِي الصَّدَقٰتِ ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ كُلَّ كَفَّارٍ اَثِيْمٍ ﴿٢٧٦﴾	276
প্রতিবর্ণায়ন	ইয়াম্‌হ াকু ল্লা-হুর্ রিবা- ওয়া ইউর্‌বিস্‌সাদাক া-তি (ط) ওয়াল্লা-হু লা-ইউহি ব্বু কুল্লা কাফফা-রিন আছ ীম।	
তরজমা	আল্লাহ্ সুদকে নিশ্চিহ্ন করেন এবং দানকে বর্ধিত করেন। আল্লাহ্ কোন অকৃতজ্ঞ পাপীকে ভালবাসেন না।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاٰتَوُا الزَّكٰوةَ لَهُمْ اَجْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ ۚ وَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٢٧٧﴾	277
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি ওয়া আক া-মুসসালা-তা ওয়া আ-তাউয্‌যাকা-তা লাহুম আজরুহুম 'ইংদা রাব্বিহিম (ج) ওয়ালা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্ ঝানূন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা ঈমান আনে, সৎকাজ করে, সালাত কায়েম করে এবং যাকাত দেয়, তাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের নিকট আছে। তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَذَرُوْا مَا بَقِيَ مِنَ الرِّبٰٓوا اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٢٧٨﴾	278
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ল্লা-হা ওয়ায ারু মা-বাকি য়া মিনার্ রিবা~ ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং সুদের বকেয়া যাহা আছে তাহা ছাড়িয়া দাও যদি তোমরা মু'মিন হও।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَإِنْ لَّمْ تَفْعَلُوْا فَأْذَنُوْا بِحَرْبٍ مِّنَ اللّٰهِ وَرَسُوْلِهٖ ۚ وَإِنْ تُبْتُمْ فَلَكُمْ رُءُوْسُ أَمْوَالِكُمْ ۚ لَا تَظْلِمُوْنَ وَلَا تُظْلَمُوْنَ ﴿٢٧٩﴾	279
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম তাফ'আলূ ফা'য'ানু বিহ'ার্বিম্ মিনাল্লা-হি ওয়ারাছূলিহী (ج)ওয়া ইং তুব্তুম ফালাকুম রুঊছু আমওয়া-লিকুম (ج) লা-তাজ'লিমূনা ওয়ালা-তুজ'লামূন।	
তরজমা	যদি তোমরা না ছাড় তবে আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে যুদ্ধের জন্য প্রস্তুত হও। কিন্তু যদি তোমরা তওবা কর তবে তোমাদের মূলধন তোমাদেরই। ইহাতে তোমরা অত্যাচার করিবে না এবং অত্যাচারিতও হইবে না।	
	وَإِنْ كَانَ ذُوْ عُسْرَةٍ فَنَظِرَةٌ إِلٰى مَيْسَرَةٍ ۚ وَأَنْ تَصَدَّقُوْا خَيْرٌ لَّكُمْ إِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿٢٨٠﴾	280
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কা-না যূ' 'উছ্রাতিং ফানাযি'রাতুন ইলা-মাইছারাতিওঁ (ط) ওয়া আং তাসাদ্দাকূ' খাইরুল্লাকুম ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	যদি খাতক অভাবগ্রস্ত হয় তবে সচ্ছলতা পর্যন্ত তাহাকে অবকাশ দেওয়া বিধেয়। আর যদি তোমরা ছাড়িয়া দাও তবে উহা তোমাদের জন্য কল্যাণকর, যদি তোমরা জানিতে।	
	وَاتَّقُوْا يَوْمًا تُرْجَعُوْنَ فِيْهِ إِلَى اللّٰهِ ۗ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٨١﴾	281
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকূ' ইয়াওমাং তুরজা'ঊনা ফীহি ইলাল্লা-হি (ق) ছু'ম্মা তুওয়াফ্ফা-কুল্লু নাফছিম্ মা-কাছাবাত ওয়াহুম লা-ইউজ'লামূন।	
তরজমা	তোমরা সেই দিনকে ভয় কর যে দিন তোমরা আল্লাহ্র দিকে প্রত্যানীত হইবে। অতঃপর প্রত্যেককে তাহার কর্মের ফল পুরাপুরি প্রদান করা হইবে, আর তাহাদের প্রতি কোনরূপ অন্যায় করা হইবে না।	

يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا تَدَايَنْتُمْ بِدَيْنٍ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى فَاكْتُبُوْهُ ؕ وَلْيَكْتُبْ بَّيْنَكُمْ كَاتِبٌۢ بِالْعَدْلِ ۠ وَلَا يَاْبَ كَاتِبٌ اَنْ يَّكْتُبَ كَمَا عَلَّمَهُ اللّٰهُ فَلْيَكْتُبْ ۚ وَلْيُمْلِلِ الَّذِىْ عَلَيْهِ الْحَقُّ وَلْيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ وَلَا يَبْخَسْ مِنْهُ شَيْـًٔا ؕ فَاِنْ كَانَ الَّذِىْ عَلَيْهِ الْحَقُّ سَفِيْهًا اَوْ ضَعِيْفًا اَوْ لَا يَسْتَطِيْعُ اَنْ يُّمِلَّ هُوَ فَلْيُمْلِلْ وَلِيُّهٗ بِالْعَدْلِ ؕ وَاسْتَشْهِدُوْا شَهِيْدَيْنِ مِنْ رِّجَالِكُمْ ۚ فَاِنْ لَّمْ يَكُوْنَا رَجُلَيْنِ فَرَجُلٌ وَّامْرَاَتٰنِ مِمَّنْ تَرْضَوْنَ مِنَ الشُّهَدَآءِ اَنْ تَضِلَّ اِحْدٰىهُمَا فَتُذَكِّرَ اِحْدٰىهُمَا الْاُخْرٰى ؕ وَلَا يَاْبَ الشُّهَدَآءُ اِذَا مَا دُعُوْا ؕ وَلَا تَسْـَٔمُوْٓا اَنْ تَكْتُبُوْهُ صَغِيْرًا اَوْ كَبِيْرًا اِلٰٓى اَجَلِهٖ ؕ ذٰلِكُمْ اَقْسَطُ عِنْدَ اللّٰهِ وَاَقْوَمُ لِلشَّهَادَةِ وَاَدْنٰٓى اَلَّا تَرْتَابُوْٓا اِلَّآ اَنْ تَكُوْنَ تِجَارَةً حَاضِرَةً تُدِيْرُوْنَهَا بَيْنَكُمْ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ اَلَّا تَكْتُبُوْ, jLKGesmv¶x†hb†	**282**
|wZMÖ¯—bvnq|hw`†Zvgiv¶wZMÖ¯—KiZ‡eBnv†Zvgv‡`iRb¨cvc¶ &ZvgivAvj-vn&‡KfqKiGeswZwb†Zvgv‡`i‡Kwk¶v†`b|Avj-vn† |me©wel‡qAewnZ	

প্রতিবর্ণায়ন

ইয়া˜ আইয়ূহাল্লাযী˜না আ-মানূ˜ ইযা˜-তাদা-ইয়াংতুম বিদাইনিন ইলা-আজালিম্ মুছাম্মাং ফাকতুবূহু (ط) ওয়াল্ইয়াক্তুব্ বাইনাকুম কা-তিবুম্ বিল'আদলি (ص) ওয়ালা-ইয়া'বা কা-তিবুন আইঁ ইয়াক্তুবা কামা-'আল্লামাহুল্লা-হু ফাল্ইয়াক্তুব (ج) ওয়াল ইউমলিলিল্লাযী 'আলাইহিল হ'াক্কু' ওয়াল ইয়াত্তাকি'ল্লা-হা রাব্বাহূ ওয়ালা-ইয়াবখাছ্ মিনহু শাইআং (ط) ফাইং কা-নাল্লাযী আলাইহিল হ'াক্কু' ছাফীহান আও দ'া'ঈফান আও লা-ইয়াছ্তাত'ী'উ আই ইউমিল্লা হুওয়া ফাল্ইউমলিল ওয়ালিইইয়ুহু বিল'আদলি (ط) ওয়াছতাশহিদূ শাহীদাইনি মির্রিজা-লিকুম (ج) ফাইল্লাম ইয়াকূনা রাজুলাইনি ফারাজুলুওঁ ওয়াম্রাআতা-নি মিম্মাং তারদ'াওনা মিনাশ শুহাদা~ই আং তাদি'ল্লা ইহ্'দা-হুমা ফাতুয'াক্কিরা ইহ'দা-হুমাল উখরা (ط) ওয়ালা-ইয়া'বাশ্শুহাদা~উ ইয'া- মা দু'উ (ط) ওয়ালা-তাছআমূ ˜ আং তাকতুবূহু ছাগীরান আও কাবীরান ইলা˜ আজালিহী (ط) য'া-লিকুম আক'ছাতু' 'ইংদাল্লা-হি ওয়াআক'ওয়ামু লিশ্শাহা-দাতি ওয়াআদনা˜ আল্লা-তারতা-বূ˜ ইল্লা˜ আং তাকূনা তিজা-রাতান হ'া-দি'রাতাং তুদীরূনাহা- বাইনাকুম ফালাইছা 'আলাইকুম জুনা-হু'ন আল্লা-তাকতুবূহা- (ط) ওয়াআশহিদূ˜ ইয'া-তাবা-ইয়া'তুম (ص) ওয়ালা-ইউদ'া~র্রা কা-তিবুওঁ ওয়ালা-শাহীদুওঁ (ط) ওয়া ইং তাফ'আলূ ফাই

তরজমা

হে মু'মিনগণ! তোমরা যখন একে অন্যের সঙ্গে নির্ধারিত সময়ের জন্য ঋণের কারবার কর তখন উহা লিখিয়া রাখিও; তোমাদের মধ্যে কোন লেখক যেন ন্যায্যভাবে লিখিয়া দেয়; লেখক লিখিতে অস্বীকার করিবে না। যেমন আল্লাহ্ তাহাকে শিক্ষা দিয়াছেন, সুতরাং সে যেন লিখে এবং ঋণগ্রহীতা যেন লেখার বিষয়বস্তু বলিয়া দেয় এবং তাহার প্রতিপালক আল্লাহ্কে ভয় করে, আর উহার কিছু যেন না কমায়; কিন্তু ঋণগ্রহীতা যদি নির্বোধ অথবা দুর্বল হয় অথবা লেখার বিষয়বস্তু বলিয়া দিতে না পারে তবে যেন তাহার অভিভাবক ন্যায্যভাবে লেখার বিষয়বস্তু বলিয়া দেয়। সাক্ষীদের মধ্যে যাহাদের উপর তোমরা রাযী তাহাদের মধ্যে দুইজন পুরুষ সাক্ষী রাখিবে, যদি দুইজন পুরুষ না থাকে তবে একজন পুরুষ ও দুইজন স্ত্রীলোক ; স্ত্রীলোকদের মধ্যে একজন ভুল করিলে তাহাদের একজন অপরজনকে স্মরণ করাইয়া দিবে। সাক্ষীগণকে যখন ডাকা হইবে তখন তাহারা যেন অস্বীকার না করে। ইহা ছোট হউক অথবা বড় হউক, মেয়াদসহ লিখিতে তোমরা কোনরূপ বিরক্ত হইও না। আল্লাহ্র নিকট ইহা ন্যায্যতর ও প্রমাণের জন্য দৃঢ়তর এবং তোমাদের মধ্যে সন্দেহ উদ্রেক না হওয়ার নিকটতর; কিন্তু তোমরা পরস্পর যে ব্যবসায় নগদ আদান-প্রদান কর তাহা তোমরা না লিখিলে কোন দোষ নাই। তোমরা যখন পরস্পরের মধ্যে বেচাকেনা কর তখন সাক্ষী রাখিও, লেখক এবং সাক্ষী যেন ক্ষতিগ্রস্ত না হয়। যদি তোমরা ক্ষতিগ্রস্ত কর তবে ইহা তোমাদের জন্য পাপ। তোমরা আল্লাহ্কে ভয় কর এবং তিনি তোমাদেরকে শিক্ষা দেন। আল্লাহ্ সর্ববিষয়ে অবহিত।

	وَاِنۡ كُنۡتُمۡ عَلٰى سَفَرٍ وَّلَمۡ تَجِدُوۡا كَاتِبًا فَرِهٰنٌ مَّقۡبُوۡضَةٌ ؕ فَاِنۡ اَمِنَ بَعۡضُكُمۡ بَعۡضًا فَلۡيُؤَدِّ الَّذِى اؤۡتُمِنَ اَمَانَتَهٗ وَلۡيَتَّقِ اللّٰهَ رَبَّهٗ ؕ وَلَا تَكۡتُمُوا الشَّهَادَةَ ؕ وَمَنۡ يَّكۡتُمۡهَا فَاِنَّهٗۤ اٰثِمٌ قَلۡبُهٗ ؕ وَاللّٰهُ بِمَا تَعۡمَلُوۡنَ عَلِيۡمٌ ﴿۲۸۳﴾	283
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কুংতুম ‘আলা-ছাফারিওঁ ওয়ালাম তাজিদূ কা-তিবাং ফারিহা-নুম্ মাক'বূদ'াতুং (ط) ফাইন আমিনা বা‘দু'কুম বা‘দ'াং ফালইউআদ্দিল্লায ী'তুমিনা আমা-নাতাহু ওয়াল ইয়াত্তাকি'ল্লা-হা রাব্বাহূ (ط) ওয়ালা- তাকতুমুশ্শাহা-দাতা (ط) ওয়া মাইঁ ইয়াকতুমহা- ফাইন্নাহু~ আ-ছি'মুং ক'ালবুহু (ط) ওয়াল্লা-হু বিমা-তা‘মালূন ‘আলীম।	
তরজমা	যদি তোমরা সফরে থাক এবং কোন লেখক না পাও তবে হস্তান্তরকৃত বন্ধক রাখিবে। তোমাদের একে অপরকে বিশ্বাস করিলে, যাহাকে বিশ্বাস করা হয় সে যেন আমানত প্রত্যর্পণ করে এবং তাহার প্রতিপালক আল্লাহ্‌কে ভয় করে। তোমরা সাক্ষ্য গোপন করিও না, যে কেহ উহা গোপন করে অবশ্যই তাহার অন্তর পাপী। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা সবিশেষ অবহিত।	
	لِلّٰهِ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الۡاَرۡضِ ؕ وَاِنۡ تُبۡدُوۡا مَا فِىۡۤ اَنۡفُسِكُمۡ اَوۡ تُخۡفُوۡهُ يُحَاسِبۡكُمۡ بِهِ اللّٰهُ ؕ فَيَغۡفِرُ لِمَنۡ يَّشَآءُ وَيُعَذِّبُ مَنۡ يَّشَآءُ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ﴿۲۸۴﴾	284
প্রতিবর্ণায়ন	লিল্লা-হি মা ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি' (ط) ওয়া ইং তুবদূ মা-ফী~ আংফুছিকুম আও তুখফূহু ইউহ'া-ছিবকুম বিহিল্লা-হু (ط) ফাইয়াগ্‌ফিরু লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইউ‘আয্'যি'বু মাইঁ ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু আলা-কুল্লি শাইয়িং ক'াদীর।	
তরজমা	আসমান ও যমীনে যাহা কিছু আছে সমস্ত আল্লাহ্‌রই। তোমাদের মনে যাহা আছে, তাহা প্রকাশ কর অথবা গোপন রাখ, আল্লাহ্ উহার হিসাব তোমাদের নিকট হইতে গ্রহণ করিবেন। অতঃপর যাহাকে ইচ্ছা তিনি ক্ষমা করিবেন এবং যাহাকে খুশি শাস্তি দিবেন। আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اٰمَنَ الرَّسُوۡلُ بِمَاۤ اُنۡزِلَ اِلَيۡهِ مِنۡ رَّبِّهٖ وَالۡمُؤۡمِنُوۡنَ ؕ كُلٌّ اٰمَنَ بِاللّٰهِ وَمَلٰٓئِكَتِهٖ وَكُتُبِهٖ وَرُسُلِهٖ ۟ لَا نُفَرِّقُ بَيۡنَ اَحَدٍ مِّنۡ رُّسُلِهٖ ۟ وَقَالُوۡا سَمِعۡنَا وَاَطَعۡنَا ۖ غُفۡرَانَكَ رَبَّنَا وَاِلَيۡكَ الۡمَصِيۡرُ ﴿۲۸۵﴾	285
প্রতিবর্ণায়ন	আ-মানার্‌রাছূলু বিমা~উংঝিলা ইলাইহি মির রাব্বিহী ওয়াল মু'মিনূনা (ط) কুল্লুন আ-মানা বিল্লা-হি ওয়া মালা~ইকাতিহী ওয়া কুতুবিহী ওয়া রুছুলিহী (قف) লা-নুফাররিকু' বাইনা আহ'াদিম্ মির্ রুছুলিহী (قف) ওয়া ক'া-লূ ছামি‘না ওয়াআতা‘না (ق) গুফরা-নাকা রাব্বানা-ওয়া ইলাইকাল মাসীর।	

রাসূল, তাহার প্রতি তাহার প্রতিপালকের পক্ষ হইতে যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে ঈমান আনিয়াছে এবং মু'মিনগণও। তাহাদের সকলে আল্লাহে, তাঁহার ফিরিশতাগণে, তাঁহার কিতাবসমূহে এবং তাঁহার রাসূলগণে ঈমান আনিয়াছে। তাহারা বলে, 'আমরা তাঁহার রাসূলগণের মধ্যে কোন তারতম্য করি না', আর তাহারা বলে, 'আমরা শুনিয়াছি এবং পালন করিয়াছি। হে আমাদের প্রতিপালক! আমরা তোমার ক্ষমা চাই আর প্রত্যাবর্তন তোমারই নিকট।'

তরজমা

286

لَا يُكَلِّفُ اللّٰهُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ؕ لَهَا مَا كَسَبَتْ وَعَلَيْهَا مَا اكْتَسَبَتْ ؕ رَبَّنَا لَا تُؤَاخِذْنَآ اِنْ نَّسِيْنَآ اَوْ اَخْطَاْنَا ۚ رَبَّنَا وَلَا تَحْمِلْ عَلَيْنَآ اِصْرًا كَمَا حَمَلْتَهٗ عَلَى الَّذِيْنَ مِنْ قَبْلِنَا ۚ رَبَّنَا وَلَا تُحَمِّلْنَا مَا لَا طَاقَةَ لَنَا بِهٖ ۚ وَاعْفُ عَنَّا ۟ وَاغْفِرْ لَنَا ۟ وَارْحَمْنَا ۟ اَنْتَ مَوْلٰىنَا فَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿۲۸۶﴾

লা-ইউকাল্লিফুল্লা-হু নাফছান ইল্লা- উছ'আহা- (ط) লাহা-মা কাছাবাত ওয়া 'আলাইহা-মাক্তাছাবাত (ط) রাব্বানা- লা-তুআ-খিয'না~ ইন্ নাছীনা-আও আখত'ানা- (ج) রাব্বানা-ওয়ালা-তাহ'মিল 'আলাইনা-ইসরাং কামা-হ'ামালতাহূ আলাল্লায'ীনা মিং ক'াবলিনা- (ج) রাব্বানা-ওয়ালা তুহ'াম্মিল্না-মা-লা-ত'া-ক'াতা লানা-বিহী (ج) ওয়া'ফু 'আন্না- (وقفة) ওয়াগফিরলানা-(وقفة) ওয়ারহ'ামনা- (وقفة) আংতা মাওলা-না- ফাংসুরনা- 'আলাল ক'াওমিল কা-ফিরীন।

প্রতিবর্ণায়ন

আল্লাহ্ কাহারও উপর এমন কোন কষ্টদায়ক দায়িত্ব অর্পণ করেন না যাহা তাহার সাধ্যাতীত। সে ভাল যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই এবং সে মন্দ যাহা উপার্জন করে তাহার প্রতিফল তাহারই। 'হে আমাদের প্রতিপালক! যদি আমরা বিস্মৃত হই অথবা ভুল করি তবে তুমি আমাদেরকে পাকড়াও করিও না। হে আমাদের প্রতিপালক ! আমাদের পূর্ববর্তিগণের উপর যেমন গুরুদায়িত্ব অর্পণ করিয়াছিলে আমাদের উপর তেমন দায়িত্ব অর্পণ করিও না। হে আমাদের প্রতিপালক ! এমন ভার আমাদের উপর অর্পণ করিও না যাহা বহন করার শক্তি আমাদের নাই। আমাদের পাপ মোচন কর, আমাদেরকে ক্ষমা কর, আমাদের প্রতি দয়া কর, তুমিই আমাদের অভিভাবক। সুতরাং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।'

তরজমা

3- 'Ali `Imran - আলে-ইমরান - آل عمران

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	الٓمّٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম মী~ম।	
তরজমা	আলিফ-লাম-মীম,	
	اللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۙ الۡحَىُّ الۡقَيُّوۡمُ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ ইলাহা ইল্লা- হুওয়াল হ`াইয়ুল ক`াইয়ূম।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, তিনি চিরঞ্জীব, সর্বসত্তার ধারক।	
	نَزَّلَ عَلَيۡكَ الۡكِتٰبَ بِالۡحَـقِّ مُصَدِّقًا لِّمَا بَيۡنَ يَدَيۡهِ وَاَنۡزَلَ التَّوۡرٰٮةَ وَالۡاِنۡجِيۡلَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	নাঝঝালা ‘আলাইকাল কিতা-বা বিলহ`াক্কি` মুসাদ্দিক`াল্লিমা-বাইনা ইয়াদাইহি ওয়াআংঝালাত্ তাওরা-তা ওয়াল ইংজীল।	
তরজমা	তিনি সত্যসহ তোমার প্রতি কিতাব অবতীর্ণ করিয়াছেন, যাহা উহার পূর্বের কিতাবের সমর্থক। আর তিনি অবতীর্ণ করিয়াছিলেন তাওরাত ও ইনজীল-	
	مِنۡ قَبۡلُ هُدًى لِّلنَّاسِ وَاَنۡزَلَ الۡفُرۡقَانَ ؕ اِنَّ الَّذِيۡنَ كَفَرُوۡا بِاٰيٰتِ اللّٰهِ لَهُمۡ عَذَابٌ شَدِيۡدٌ ؕ وَاللّٰهُ عَزِيۡزٌ ذُو انۡتِقَامٍ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	মিং ক`াবলু হুদাল লিন্না-ছি ওয়া আংঝালাল্ ফুরক`ানা (ط) ইন্নাল্লায`ীনা কাফারূ বিআ-য়া-তিল্লা-হি লাহুম ‘আয`া-বুং শাদীদুওঁ (ط) ওয়াল্লা-হু ‘আঝীঝুং যু`ংতিক`া-ম।	
তরজমা	ইতিপূর্বে মানবজাতির সৎপথ প্রদর্শনের জন্য; আর তিনি ফুরকান অবতীর্ণ করিয়াছেন। যাহারা আল্লাহ্র নিদর্শনকে প্রত্যাখ্যান করে তাহাদের জন্য কঠোর শাস্তি আছে। আল্লাহ্ মহাপরাক্রমশালী, দণ্ডদাতা।	
	اِنَّ اللّٰهَ لَا يَخۡفٰى عَلَيۡهِ شَىۡءٌ فِى الۡاَرۡضِ وَلَا فِى السَّمَآءِ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াখফা- ‘আলাইহি শাইউং ফিল আর্দি` ওয়ালা-ফিছ্ ছামা~ই।	
তরজমা	আল্লাহ্, নিশ্চয়ই আসমান ও যমীনে কিছুই তাঁহার নিকট গোপন থাকে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	هُوَ الَّذِيْ يُصَوِّرُكُمْ فِي الْاَرْحَامِ كَيْفَ يَشَآءُ ؕ لَآ اِلٰهَ اِلَّا هُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী ইউসাওবিরুকুম ফিল আরহা-মি কাইফা ইয়াশা~উ (ط) লা~ইলা-হা ইল্লা-হুওয়াল ‘আঝীঝুল হাকীম।	
তরজমা	তিনিই মাতৃগর্ভে যেভাবে ইচ্ছা তোমাদের আকৃতি গঠন করেন। তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই; তিনি প্রবল পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	هُوَ الَّذِيْٓ اَنْزَلَ عَلَيْكَ الْكِتٰبَ مِنْهُ اٰيٰتٌ مُّحْكَمٰتٌ هُنَّ اُمُّ الْكِتٰبِ وَاُخَرُ مُتَشٰبِهٰتٌ ؕ فَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ زَيْغٌ فَيَتَّبِعُوْنَ مَا تَشَابَهَ مِنْهُ ابْتِغَآءَ الْفِتْنَةِ وَابْتِغَآءَ تَاْوِيْلِهٖ ۚ وَمَا يَعْلَمُ تَاْوِيْلَهٗٓ اِلَّا اللّٰهُ ۘ وَالرّٰسِخُوْنَ فِي الْعِلْمِ يَقُوْلُوْنَ اٰمَنَّا بِهٖ ۙ كُلٌّ مِّنْ عِنْدِ رَبِّنَا ۚ وَمَا يَذَّكَّرُ اِلَّآ اُولُوا الْاَلْبَابِ ۝٧	7
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী আংঝালা ‘আলাইকাল কিতা-বা মিনহু আ-য়া-তুম মুহকামা-তুন হুন্না উম্মুল কিতা-বি ওয়া উখারু মুতাশা-বিহা-তুন (ط) ফাআম্মাল্লাযীনা ফী কুলূবিহিম ঝাইগুং ফাইয়াত্তাবি‘উন মা-তাশা-বাহা মিনহুব্তিগা~আল ফিতনাতি ওয়াবতিগা~আ তা’বিলিহী (ج) ওয়া মা-ইয়া‘লামু তা’বিলাহু~ ইল্লাল্লা-হ (م)। ওয়ার্ রা-ছিখূনা ফিল ‘ইলমি ইয়াকূলূনা আ-মান্না-বিহী (لا) কুললুম্ মিন ‘ইংদি রাব্বিনা- (ج) ওয়ামা- ইয়াযযাক্কারু ইল্লা~ উলুল আল্বা-ব।	
তরজমা	তিনিই তোমার প্রতি এই কিতাব অবতীর্ণ করিয়াছেন যাহার কিছু আয়াত ‘মুহ্কাম’, এইগুলি কিতাবের মূল ; আর অন্যগুলি ‘মুতাশাবিহ্’, যাহাদের অন্তরে সত্য-লংঘন প্রবণতা রহিয়াছে শুধু তাহারাই ফিতনা এবং ভুল ব্যাখ্যার উদ্দেশ্যে মুতাশাবিহাতের অনুসরণ করে। আল্লাহ্ ব্যতীত অন্য কেহ ইহার ব্যাখ্যা জানে না। আর যাহারা জ্ঞানে সুগভীর তাহারা বলে, ‘আমরা ইহা বিশ্বাস করি, সমস্তই আমাদের প্রতিপালকের নিকট হইতে আগত’; এবং বোধশক্তিসম্পন্নেরা ব্যতীত অপর কেহ শিক্ষা গ্রহণ করে না।	
	رَبَّنَا لَا تُزِغْ قُلُوْبَنَا بَعْدَ اِذْ هَدَيْتَنَا وَهَبْ لَنَا مِنْ لَّدُنْكَ رَحْمَةً ۚ اِنَّكَ اَنْتَ الْوَهَّابُ ۝٨	8
প্রতিবর্ণায়ন	রাব্বানা-লা-তুঝিগ কুলূবানা-বা‘দা ইয্ হাদাইতানা- ওয়াহাবলানা- মিল্লা দুংকা রাহ্মাতান (ج) ইন্নাকা আংতাল ওয়াহহা-ব।	
তরজমা	‘হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সত্য লংঘনপ্রবণ করিও না এবং তোমার নিকট হইতে আমাদেরকে করুণা দান কর, নিশ্চয়ই তুমি মহাদাতা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	رَبَّنَآ اِنَّكَ جَامِعُ النَّاسِ لِيَوْمٍ لَّا رَيْبَ فِيْهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	রাব্বানা~ ইন্নাকা জা-মি'উন্না-ছি লিইয়াওমিল্লা-রাইবা ফীহি (ط) ইন্নাল্লা-হা লা-ইউখলিফুল মী'আদ।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! তুমি মানব জাতিকে একদিন একত্রে সমবেত করিবে, ইহাতে কোন সন্দেহ নাই; নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।'	
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ تُغْنِيَ عَنْهُمْ اَمْوَالُهُمْ وَلَآ اَوْلَادُهُمْ مِّنَ اللّٰهِ شَيْـًٔا ؕ وَاُولٰٓئِكَ هُمْ وَقُوْدُ النَّارِ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারু লাং তুগনিয়া 'আনহুম আমওয়া-লুহুম ওয়ালা~ আওলা-দুহুম মিনাল্লা-হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকাহুম ওয়াকূ দুন্না-র।	
তরজমা	নিশ্চয়ই যাহারা কুফরী করে আল্লাহ্র নিকট তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি অবশ্যই কোন কাজে লাগিবে না এবং ইহারাই দোজখের ইন্ধন।	
	كَدَاْبِ اٰلِ فِرْعَوْنَ ۙ وَالَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَاَخَذَهُمُ اللّٰهُ بِذُنُوْبِهِمْ ؕ وَاللّٰهُ شَدِيْدُ الْعِقَابِ ۝١١	11
প্রতিবর্ণায়ন	কাদা'বি আ-লি ফির'আওনা (لا) ওয়াল্লায ীনা মিং ক াবলিহিম (ط) কায্ য াবূ বিআ-য়া তিনা- (ج) ফাআখায াহুমুল্লা-হু বিযু নূবিহিম (ط) ওয়াল্লা-হু শাদীদুল 'ইক া-ব।	
তরজমা	তাহাদের অভ্যাস ফির'আওনী সম্প্রদায় ও তাহাদের পূর্ববর্তিগণের অভ্যাসের ন্যায়; উহারা আমার আয়াতসমূহ অস্বীকার করিয়াছিল; ফলে আল্লাহ্ তাহাদের পাপের জন্য তাহাদেরকে শাস্তিদান করিয়াছিলেন। আল্লাহ্ শাস্তিদানে অত্যন্ত কঠোর।	
	قُلْ لِّلَّذِيْنَ كَفَرُوْا سَتُغْلَبُوْنَ وَتُحْشَرُوْنَ اِلٰى جَهَنَّمَ ؕ وَبِئْسَ الْمِهَادُ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	কু ল লিল্লায ীনা কাফারু ছাতুগলাবূনা ওয়াতুহ শারূনা ইলা- জাহান্নামা (ط) ওয়াবি'ছাল মিহা-দ।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদেরকে বল, 'তোমরা শীঘ্রই পরাভূত হইবে এবং তোমাদেরকে একত্রিত করিয়া জাহান্নামের দিকে লইয়া যাওয়া হইবে। আর উহা কত নিকৃষ্ট আবাসস্থল !'	
	وَلَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ تَفَرَّقُوْا وَاخْتَلَفُوْا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْبَيِّنٰتُ ؕ وَاُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়ালা~তাকূনূ কাল্লাযীনা তাফার্‌রাকূ ওয়াখতালাফূ মিম্ বা'দি মা~জা~আহুমুল বাইয়িনা~তু (ط) ওয়া উলা~ইকা লাহুম 'আযা~বুন 'আজীম।	
তরজমা	তোমরা তাহাদের মত হইও না যাহারা তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আসিবার পর বিচ্ছিন্ন হইয়াছে ও নিজেদের মধ্যে মতান্তর সৃষ্টি করিয়াছে। তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে।	
	يَّوْمَ تَبْيَضُّ وُجُوْهٌ وَّتَسْوَدُّ وُجُوْهٌ ۚ فَاَمَّا الَّذِيْنَ اسْوَدَّتْ وُجُوْهُهُمْ ۫ اَكَفَرْتُمْ بَعْدَ اِيْمَانِكُمْ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাবইয়াদ্দু উজূহুওঁ ওয়া তাছওয়াদ্দু উজূহুং (ج) ফাআম্মাল্লাযীনা নাছ্ওয়াদ্দাত্ উজূহুহুম (قف) আকাফারতুম বা'দা ঈমা~নিকুম ফাযূকুল 'আযা~বা বিমা~কুংতুম তাকফুরূন।	
তরজমা	সেদিন কতক মুখ উজ্জ্বল হইবে এবং কতক মুখ কাল হইবে; যাহাদের মুখ কাল হইবে তাহাদেরকে বলা হইবে, 'ঈমান আনয়নের পর কি তোমরা কুফরী করিয়াছিলে? সুতরাং তোমরা শাস্তি ভোগ কর, যেহেতু তোমরা কুফরী করিতে।'	
	وَاَمَّا الَّذِيْنَ ابْيَضَّتْ وُجُوْهُهُمْ فَفِيْ رَحْمَةِ اللّٰهِ ؕ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿١٠٧﴾	107
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লাযীনাব ইয়াদ্দাত উজূহুহুম, ফাফী রাহমাতিল্লা~হি (ط) হুম ফীহা~ খা~লিদূন।	
তরজমা	আর যাহাদের মুখ উজ্জ্বল হইবে তাহারা আল্লাহ্‌র অনুগ্রহে থাকিবে, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ؕ وَمَا اللّٰهُ يُرِيْدُ ظُلْمًا لِّلْعٰلَمِيْنَ ﴿١٠٨﴾	108

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	তিলকা আ-য়া-তুল্লা-হি নাতলূহা-'আলাইকা বিলহ'াক্কি (ط) ওয়ামাল্লা-হু ইউরীদু জু'লমাল্ লিল'আ-লামীন।	
তরজমা	এইগুলি আল্লাহ্‌র আয়াত, তোমার নিকট যথাযথভাবে তিলাওয়াত করিতেছি। আল্লাহ্ বিশ্বজগতের প্রতি জুলুম করিতে চান না।	
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়ালিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ط) ওয়া ইলাল্লা-হি তুরজ'উল উমূর।	
তরজমা	আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সব আল্লাহ্‌রই; আল্লাহ্‌র নিকটই সব কিছু প্রত্যানীত হইবে।	
	كُنْتُمْ خَيْرَ اُمَّةٍ اُخْرِجَتْ لِلنَّاسِ تَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَتَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَتُؤْمِنُوْنَ بِاللّٰهِ ؕ وَلَوْ اٰمَنَ اَهْلُ الْكِتٰبِ لَكَانَ خَيْرًا لَّهُمْ ؕ مِنْهُمُ الْمُؤْمِنُوْنَ وَاَكْثَرُهُمُ الْفٰسِقُوْنَ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	কুংতুম খাইরা উম্মাতিন উখরিজাত লিন্না-ছি তা'মুরূনা বিলমা'রূফি ওয়াতানহাওনা 'আনিল মুংকারি ওয়া তু'মিনূনা বিল্লা-হি (ط) ওয়া লাও আ-মানা আহলুল কিতা-বি লাকা-না খাইরাল্‌লাহুম (ط) মিনহুমুল মু'মিনূনা ওয়া আকছ'ারুহুমুল ফা-ছিকূ'ন।	
তরজমা	তোমরাই শ্রেষ্ঠ উম্মত, মানবজাতির জন্য তোমাদের আবির্ভাব হইয়াছে; তোমরা সৎকাজের নির্দেশ দান কর, অসৎকাজে নিষেধ কর এবং আল্লাহর উপর বিশ্বাস কর। কিতাবীগণ যদি ঈমান আনিত তবে তাহাদের জন্য ভাল হইত। তাহাদের মধ্যে কিছুসংখ্যক মু'মিন আছে; কিন্তু তাহাদের অধিকাংশ সত্যত্যাগী।	
	لَنْ يَّضُرُّوْكُمْ اِلَّاۤ اَذًى ؕ وَاِنْ يُّقَاتِلُوْكُمْ يُوَلُّوْكُمُ الْاَدْبَارَ ۫ ثُمَّ لَا يُنْصَرُوْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	লাইঁ ইয়াদু'রূকুম ইল্লা~আয'াওঁ (ط) ওয়া ইয়ঁ ইউক'া-তিলূকুম ইউওয়াল্‌লূকুমুল আদবা-রা (قف) ছু'ম্মা লা-ইউংসারূন।	
তরজমা	সামান্য ক্লেশ দেওয়া ছাড়া তাহারা তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। যদি তাহারা তোমাদের সঙ্গে যুদ্ধ করে তবে তাহারা পৃষ্ঠপ্রদর্শন করিবে; অতঃপর তাহারা সাহায্যপ্রাপ্ত হইবে না।	
	ضُرِبَتْ عَلَيْهِمُ الذِّلَّةُ اَيْنَ مَا ثُقِفُوْۤا اِلَّا بِحَبْلٍ مِّنَ اللّٰهِ وَحَبْلٍ مِّنَ النَّاسِ وَبَآءُوْ بِغَضَبٍ مِّنَ اللّٰهِ وَضُرِبَتْ عَلَيْهِمُ الْمَسْكَنَةُ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ كَانُوْا يَكْفُرُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَيَقْتُلُوْنَ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿١١٢﴾	112

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	দু`রিবাত ‘আলাইহিমুয্`যি`ল্লাতু আইনা মা-ছু`কি`ফূ ইল্লা-বিহ`াবলিম মিনাল্লা-হি ওয়াহ`াবলিম মিনান্না-ছি ওয়া বা~উ বিগাদ`াবিম্ মিনাল্লা-হি ওয়া দু`রিবাত ‘আলাইহিমুল মাছকানাতু (قف) য`া-লিকা বিআন্নাহুম কানূ ইয়াকফুরূনা বিআ-য়া-তিল্লাহি ওয়াকতুলূনাল আম্বিয়াআ বিগাইরিল হ`াক্কি (ط) য`ালিকা বিমা য`া-লিকা বিমা-‘আসাওওয়া কা-নূ ইয়া‘তাদূন।	
তরজমা	আল্লাহ্‌র প্রতিশ্রুতি ও মানুষের প্রতিশ্রুতির বাহিরে যেখানেই তাহাদের পাওয়া গিয়াছে সেখানেই তাহারা লাঞ্ছিত হইয়াছে। তাহারা আল্লাহ্‌র ক্রোধের পাত্র হইয়াছে এবং হীনতাগ্রস্ত হইয়াছে। ইহা এইহেতু যে, তাহারা আল্লাহ্‌র আয়াতসমূহ প্রত্যাখ্যান করিত এবং অন্যায়ভাবে নবীগণকে হত্যা করিত; ইহা এইজন্য যে, তাহারা অবাধ্য হইয়াছিল এবং সীমালংঘন করিত।	
	لَيْسُوْا سَوَآءً ؕ مِنْ اَهْلِ الْكِتٰبِ اُمَّةٌ قَآئِمَةٌ يَّتْلُوْنَ اٰيٰتِ اللّٰهِ اٰنَآءَ الَّيْلِ وَهُمْ يَسْجُدُوْنَ ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	লাইছূ ছাওয়া~আম্; মিন আহলিল কিতা-বি উম্মাতুং ক`া~ইমাতুই ইয়াতলূনা আ-য়া-তিল্লা হি আ-না~আল্লাইলি ওয়াহুম ইয়াছজুদূন।	
তরজমা	তাহারা সকলে এক রকম নয়। কিতাবীদের মধ্যে অবিচলিত একদল আছে ; তাহারা রাত্রিকালে আল্লাহ্‌র আয়াতসমূহ তিলাওয়াত করে এবং সিজ্‌দা করে।	
	يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالْيَوْمِ الْاٰخِرِ وَيَاْمُرُوْنَ بِالْمَعْرُوْفِ وَيَنْهَوْنَ عَنِ الْمُنْكَرِ وَيُسَارِعُوْنَ فِى الْخَيْرٰتِ ؕ وَ اُولٰٓئِكَ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	ইউ’মিনূনা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া ইয়া’মুরূনা বিলমা‘রূফি ওয়াইয়ানহাওনা ‘আনিল মুংকারি ওয়া ইউছা-রি‘ঊনা ফিল খাইরা-তি (ط) ওয়া উলা~ইকা মিনাস্‌সা-লিহী`ন।	
তরজমা	তাহারা আল্লাহ্ এবং শেষ দিনে বিশ্বাস করে, সৎকাজের নির্দেশ দেয়, অসৎকাজে নিষেধ করে এবং তাহারা কল্যাণকর কাজে প্রতিযোগিতা করে। তাহারাই সজ্জনদের অন্তর্ভুক্ত।	
	وَمَا يَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَلَنْ يُّكْفَرُوْهُ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِالْمُتَّقِيْنَ ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াফ‘আলূ মিন খাইরিং ফালাই উকফারূহু (ط) ওল্লাহু আলীমুম বিলমুত্তাক`ীন।	
তরজমা	উত্তম কাজের যাহা কিছু তাহারা করে তাহা হইতে তাহাদের কখনও বঞ্চিত করা হইবে না। আল্লাহ্ মুত্তাকীদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	

	إِنَّ الَّذِينَ كَفَرُوا لَن تُغْنِيَ عَنْهُمْ أَمْوَالُهُمْ وَلَا أَوْلَادُهُم مِّنَ اللَّهِ شَيْئًا ۖ وَأُولَٰئِكَ أَصْحَابُ النَّارِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা কাফারূ লাং তুগনিয়া ‘আনহুম আমওয়া-লুহুম ওয়ালা- আওলা-দুহুম মিনাল্লা-হি শাইআওঁ (ط) ওয়া উলা~ইকা আসহ াব্বুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা কুফরী করে তাহাদের ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি আল্লাহ্‌র নিকট কখনও কোন কাজে আসিবে না। তাহারাই দোজখবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	مَثَلُ مَا يُنفِقُونَ فِي هَٰذِهِ الْحَيَاةِ الدُّنْيَا كَمَثَلِ رِيحٍ فِيهَا صِرٌّ أَصَابَتْ حَرْثَ قَوْمٍ ظَلَمُوا أَنفُسَهُمْ فَأَهْلَكَتْهُ ۚ وَمَا ظَلَمَهُمُ اللَّهُ وَلَٰكِنْ أَنفُسَهُمْ يَظْلِمُونَ ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	মাছ াালু মা-ইউংফিকূ না ফী হা-যি হিল হ ায়া-তিদ্দুন্‌ইয়া-কামাছ ালি রীহি ং ফীহা-সির্‌রুন আসা-বাত হ ারছ া ক াওমিং জ ালামু-আংফুছাহুম ফাআহ্‌লাকাত্‌হু (ط) ওয়ামা-জ ালামাহুমুল্লা-হু ওয়ালা-কিন আংফুছাহুম ইয়াজ লিমূন।	
তরজমা	এই পার্থিব জীবনে যাহা তাহারা ব্যয় করে তাহার দৃষ্টান্ত হিমশীতল বায়ু, উহা যে জাতি নিজেদের প্রতি জুলুম করিয়াছে তাহাদের শস্যক্ষেত্রকে আঘাত করে ও বিনষ্ট করে। আল্লাহ্‌ তাহাদের প্রতি কোন জুলুম করেন নাই, তাহারাই নিজেদের প্রতি জুলুম করে।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَتَّخِذُوا بِطَانَةً مِّن دُونِكُمْ لَا يَأْلُونَكُمْ خَبَالًا ۚ وَدُّوا مَا عَنِتُّمْ ۚ قَدْ بَدَتِ الْبَغْضَاءُ مِنْ أَفْوَاهِهِمْ ۖ وَمَا تُخْفِي صُدُورُهُمْ أَكْبَرُ ۚ قَدْ بَيَّنَّا لَكُمُ الْآيَاتِ ۖ إِن كُنتُمْ تَعْقِلُونَ ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাত্তাখিযূ বিত া-নাতাম্ মিং দূনিকুম লা-ইয়া’লূনাকুম খাবা-লাওঁ (ط) ওয়াদ্দূ মা-‘আনিত্তুম (ج) ক াদ্ বাদাতিল বাগদ া~উ মিন আফওয়া-হিহিম (ج) ওয়ামা-তুখফী সুদূরুহুম আকবার (ط) ক াদ বাইইয়ান্না- লাকুমুল আ-য়া-তি ইং কুংতুম তা‘কি লূন।	
তরজমা	হে মু’মিনগণ ! তোমাদের আপনজন ব্যতীত অপর কাহাকেও অন্তরঙ্গ বন্ধুরূপে গ্রহণ করিও না। তাহারা তোমাদের অনিষ্ট করিতে ত্রুটি করিবে না ; যাহা তোমাদের বিপন্ন করে তাহাই তাহারা কামনা করে। তাহাদের মুখে বিদ্বেষ প্রকাশ পায় এবং তাহাদের হৃদয় যাহা গোপন রাখে তাহা আরও গুরুতর। তোমাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বিবৃত করিয়াছি, যদি তোমরা অনুধাবন কর।	

119

هٰٓاَنْتُمْ اُولَآءِ تُحِبُّوْنَهُمْ وَلَا يُحِبُّوْنَكُمْ وَتُؤْمِنُوْنَ بِالْكِتٰبِ كُلِّهٖ ۚ وَاِذَا لَقُوْكُمْ قَالُوْٓا اٰمَنَّا ۖۚ وَاِذَا خَلَوْا عَضُّوْا عَلَيْكُمُ الْاَنَامِلَ مِنَ الْغَيْظِ ۭ قُلْ مُوْتُوْا بِغَيْظِكُمْ ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۱۱۹﴾

প্রতিবর্ণায়ন

হা˜আংতুম উলা~ই তুহি˙ব্বূনাহুম ওয়ালা ইউহি˙ব্বূনাকুম ওয়া তু'মিনূনা বিলকিতা-বি কুল্লিহী (ج) ওয়া ইয˙া-লাকূ˙কুম ক˙া-লূ˜আ-মান্না- (ج) ওয়া ইয˙া-খালাও 'আদ্দূ˙'আলাইকুমুল আনা-মিলা মিনাল্ গাইজি˙ (ط) কু˙ল মূতূ বিগাইজি˙কুম (ط) ইন্নাল্লা-হা 'আলীমুম্ বিয˙া-তিস্ সুদূর।

তরজমা

দেখ, তোমরাই তাহাদের ভালবাস কিন্তু তাহারা তোমাদের ভালবাসে না অথচ তোমরা সমস্ত কিতাবে ঈমান রাখ আর তাহারা যখন তোমাদের সংস্পর্শে আসে তখন বলে, 'আমরা বিশ্বাস করি ; কিন্তু তাহারা যখন একান্তে মিলিত হয় তখন তোমাদের প্রতি আক্রোশে তাহারা নিজেদের অঙ্গুলির অগ্রভাগ দাঁতে কাটিয়া থাকে। বল, 'তোমাদের আক্রোশেই তোমরা মর।' অন্তরে যাহা রহিয়াছে সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।

120

اِنْ تَمْسَسْكُمْ حَسَنَةٌ تَسُؤْهُمْ ۡ وَاِنْ تُصِبْكُمْ سَيِّئَةٌ يَّفْرَحُوْا بِهَا ۭ وَاِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا لَا يَضُرُّكُمْ كَيْدُهُمْ شَيْـــًٔا ۭ اِنَّ اللّٰهَ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطٌ ﴿۱۲۰﴾

প্রতিবর্ণায়ন

ইং তামছাছকুম হ˙াছানাতুং তাছু'হুম (ز) ওয়া ইং তুসিবকুম ছাইয়িআতুই ইয়াফরাহু˙ বিহা- (ط) ওয়া ইং তাসবিরূ ওয়া তাত্তাকূ˙ লা-ইয়াদু˙ররুকুম কাইদুহুম শাইআন (ط) ইন্নাল্লা-হা বিমা-ইয়া'মালূনা মুহ˙ীত˙।

তরজমা

তোমাদের মঙ্গল হইলে উহা তাহাদেরকে কষ্ট দেয় আর তোমাদের অমঙ্গল হইলে তাহারা উহাতে আনন্দিত হয়। তোমরা যদি ধৈর্যশীল হও এবং মুত্তাকী হও তবে তাহাদের ষড়যন্ত্র তোমাদের কিছুই ক্ষতি করিতে পারিবে না। তাহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ তাহা পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।

121

وَاِذْ غَدَوْتَ مِنْ اَهْلِكَ تُبَوِّئُ الْمُؤْمِنِيْنَ مَقَاعِدَ لِلْقِتَالِ ۭ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ﴿۱۲۱﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয˙ গাদাওতা মিন আহলিকা তুবাওবি˙উল মু'মিনীনা মাক˙া-'ইদা লিলকি˙তা-লি (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম।

তরজমা

স্মরণ কর, যখন তুমি তোমার পরিজনবর্গের নিকট হইতে প্রত্যূষে বাহির হইয়া যুদ্ধের জন্য মু'মিনগণকে ঘাঁটিতে বিন্যস্ত করিতেছিলে এবং আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।

122

اِذْ هَمَّتْ طَّاۗىِٕفَتٰنِ مِنْكُمْ اَنْ تَفْشَلَا ۙ وَاللّٰهُ وَلِيُّهُمَا ۭ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿۱۲۲﴾

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয ̇ হাম্মাত ত ̇া~ইফাতা-নি মিংকুম আং তাফশালা- (ﻷ) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুহুমা- (ط) ওয়া ‘আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু’মিনূন।	
তরজমা	যখন তোমাদের মধ্যে দুই দলের সাহস হারাইবার উপক্রম হইয়াছিল অথচ আল্লাহ্ উভয়ের বন্ধু ছিলেন, আল্লাহ্র প্রতিই যেন মু’মিনগণ নির্ভর করে।	
	وَلَقَدْ نَصَرَكُمُ اللّٰهُ بِبَدْرٍ وَّاَنْتُمْ اَذِلَّةٌ ۚ فَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢٣﴾	**123**
প্রতিবর্ণায়ন	ওয়া লাক ̇াদ নাসারাকুমুল্লা-হু বিবাদরিওঁ ওয়া আংতুম আযি ̇ল্লাতুং (ج) ফাত্তাকু ̇ল্লা-হা লা‘আল্লাকুম তাশকুরূন।	
তরজমা	আর বদরের যুদ্ধে যখন তোমরা হীনবল ছিলে আল্লাহ্ তো তোমাদের সাহায্য করিয়াছিলেন। সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর, যাহাতে তোমরা কৃতজ্ঞ হইতে পার।	
	اِذْ تَقُوْلُ لِلْمُؤْمِنِيْنَ اَلَنْ يَّكْفِيَكُمْ اَنْ يُّمِدَّكُمْ رَبُّكُمْ بِثَلٰثَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُنْزَلِيْنَ ﴿١٢٤﴾	**124**
প্রতিবর্ণায়ন	ইয ̇ তাকূ ̇লু লিলমু’মিনীনা আলাইঁ ইয়াক্ফিয়াকুম আইঁ ইউমিদ্দাকুম রাব্বুকুম বিছ ̇ালা-ছ ̇াতি আ-লা-ফিম মিনাল মালা~ইকাতি মুংঝালীন।	
তরজমা	স্মরণ কর, যখন তুমি মু’মিনগণকে বলিতেছিলে, ‘ইহা কি তোমাদের জন্য যথেষ্ট নয় যে, তোমাদের প্রতিপালক-প্রেরিত তিন সহস্র ফিরিশ্তা দ্বারা তোমাদেরকে সহায়তা করিবেন ?’	
	بَلٰٓى ۙ اِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا وَيَاْتُوْكُمْ مِّنْ فَوْرِهِمْ هٰذَا يُمْدِدْكُمْ رَبُّكُمْ بِخَمْسَةِ اٰلٰفٍ مِّنَ الْمَلٰٓئِكَةِ مُسَوِّمِيْنَ ﴿١٢٥﴾	**125**
প্রতিবর্ণায়ন	বালা~ (ﻷ) ইং তাসবিরু ওয়া তাত্তাকূ ̇ ওয়া ইয়া’তূকুম্ মিং ফাওরিহিম হা-য ̇া- ইউম্দিদকুম রাব্বুকুম বিখামছাতি আ-লা-ফিম্ মিনাল মালা~ইকাতি মুছাওবি ̇মীন।	
তরজমা	হ্যাঁ, নিশ্চয়, যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং সাবধান হইয়া চল, তবে তাহারা দ্রুতগতিতে তোমাদের উপর আক্রমণ করিলে আল্লাহ্ পাঁচ সহস্র চিহ্নিত ফিরিশ্তা দ্বারা তোমাদের সাহায্য করিবেন।	
	وَمَا جَعَلَهُ اللّٰهُ اِلَّا بُشْرٰى لَكُمْ وَلِتَطْمَئِنَّ قُلُوْبُكُمْ بِهٖ ۗ وَمَا النَّصْرُ اِلَّا مِنْ عِنْدِ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿١٢٦﴾	**126**
প্রতিবর্ণায়ন	ওয়ামা-জা‘আলাহুল্লা-হু ইল্লা-বুশরা-লাকুম ওয়া লিতাত ̇মাইন্না কু ̇লূবুকুম বিহী (ط) ওয়ামান্নাসরু ইল্লা-মিন ‘ইংদিল্লা-হিল্ ‘আঝীঝিল হ ̇াকীম।	
তরজমা	ইহা তো আল্লাহ্ তোমাদের জন্য শুধু সুসংবাদ ও তোমাদের চিত্ত-প্রশান্তির জন্য করিয়াছেন এবং সাহায্য তো শুধু পরাক্রান্ত, প্রজ্ঞাময় আল্লাহ্র নিকট হইতেই হয়,	

	لِيَقْطَعَ طَرَفًا مِّنَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَوْ يَكْبِتَهُمْ فَيَنْقَلِبُوْا خَاۤىِٕبِيْنَ ﴿١٢٧﴾	127
প্রতিবর্ণায়ন	লিইয়াক॰ত॰া'আ ত॰ারাফাম্ মিনাল্লায॰ীনা কাফারূ আও ইয়াক্বিতাহুম ফাইয়াংক॰ালিবূ খা~ইবীন।	
তরজমা	কাফিরদের এক অংশকে নিশ্চিহ্ন করার জন্য অথবা লাঞ্ছিত করার জন্য; ফলে তাহারা নিরাশ হইয়া ফিরিয়া যায়।	
	لَيْسَ لَكَ مِنَ الْاَمْرِ شَيْءٌ اَوْ يَتُوْبَ عَلَيْهِمْ اَوْ يُعَذِّبَهُمْ فَاِنَّهُمْ ظٰلِمُوْنَ ﴿١٢٨﴾	128
প্রতিবর্ণায়ন	লাইছা লাকা মিনাল্ আমরি শাইউন আও ইয়াতূবা 'আলাইহিম আও ইউ'আয॰যি॰বাহুম ফাইন্নাহুম জ॰া-লিমূন।	
তরজমা	তিনি তাহাদের প্রতি ক্ষমাশীল হইবেন অথবা তাহাদেরকে শাস্তি দিবেন-এই বিষয়ে তোমার করণীয় কিছুই নাই ; কারণ তাহারা তো জালিম।	
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۭ يَغْفِرُ لِمَنْ يَّشَاۗءُ وَيُعَذِّبُ مَنْ يَّشَاۗءُ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি॰ (ত) ইয়াগফিরু লিমাই॰ইয়াশা~উ ওয়া ইউ'আয্॰যি॰বু মাই॰ইয়াশা~উ (ত) ওয়াল্লা-হু গাফুরুর রাহ॰ীম।	
ZiRgv	আসমানে যাহা কিছু আছে ও যমীনে যাহা কিছু আছে সমস্ত আল্লাহ্রই। তিনি যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং যাহাকে ইচ্ছা শাস্তি দান করেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَاْكُلُوا الرِّبٰوٓا اَضْعَافًا مُّضٰعَفَةً ۠ وَاتَّقُوا اللّٰهَ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٣٠﴾	130
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায॰ীনা আ-মানূ লা-তা'কুলুর্ রিবা-আদ॰'আ-ফাম্ মুদ॰া-'আফাতাওঁ (ص) ওয়াত্তাকু॰ল্লা-হা লা'আল্লাকুম তুফলিহূ॰ন।	
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা সুদ খাইও না ক্রমবর্ধমান এবং আল্লাহ্কে ভয় কর যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	وَاتَّقُوا النَّارَ الَّتِيْٓ اُعِدَّتْ لِلْكٰفِرِيْنَ ﴿١٣١﴾	131
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকু॰ন্না-রাল্লাতী উ'ইদ্দাত লিলকা-ফিরীন।	
তরজমা	এবং তোমরা সেই অগ্নিকে ভয় কর যাহা কাফিরদের জন্য প্রস্তুত রাখা হইয়াছে।	
	وَاَطِيْعُوا اللّٰهَ وَالرَّسُوْلَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿١٣٢﴾	132
প্রতিবর্ণায়ন	ওয়া আতি॰'উল্লা-হা ওয়ার্রাছূলা লা'আল্লাকুম তুরহ॰ামূন।	
তরজমা	তোমরা আল্লাহ্ ও রাসূলের আনুগত্য কর যাহাতে তোমরা কৃপা লাভ করিতে পার।	
	وَسَارِعُوْٓا اِلٰى مَغْفِرَةٍ مِّنْ رَّبِّكُمْ وَجَنَّةٍ عَرْضُهَا السَّمٰوٰتُ وَالْاَرْضُ ۙ اُعِدَّتْ لِلْمُتَّقِيْنَ ﴿١٣٣﴾	133

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ছা–রি‘উ˜ইলা– মাগফিরাতিম মির্ রাব্বিকুম ওয়া জান্নাতিন ‘আরদু˙হাছ্ছামা–ওয়া–তু ওয়াল আরদু˙(ﻷ) উ‘ইদ্দাত লিলমুত্তাক ীন।	
তরজমা	তোমরা ধাবমান হও স্বীয় প্রতিপালকের ক্ষমার দিকে এবং সেই জান্নাতের দিকে যাহার বিস্তৃতি আসমান ও যমীনের ন্যায়, যাহা প্রস্তুত রাখা হইয়াছে মুত্তাকীদের জন্য,	
	الَّذِيْنَ يُنْفِقُوْنَ فِي السَّرَّآءِ وَالضَّرَّآءِ وَالْكٰظِمِيْنَ الْغَيْظَ وَالْعَافِيْنَ عَنِ النَّاسِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ۚ ﴿١٣٤﴾	134
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইউংফিকূ˙না ফিছছার্‌রা~ই ওয়াদ্˙দ˙াররা~ই ওয়াল কা–জি˙মীনাল গাইজ˙া ওয়াল‘আ–ফীনা ‘আনিন্না–ছি (ط) ওয়াল্লা–হু ইউহি˙ব্বুল মুহ˙ছিনীন।	
তরজমা	যাহারা সচ্ছল ও অসচ্ছল অবস্থায় ব্যয় করে এবং যাহারা ক্রোধ সংবরণকারী এবং মানুষের প্রতি ক্ষমাশীল; আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন ;	
	وَالَّذِيْنَ اِذَا فَعَلُوْا فَاحِشَةً اَوْ ظَلَمُوْٓا اَنْفُسَهُمْ ذَكَرُوا اللّٰهَ فَاسْتَغْفَرُوْا لِذُنُوْبِهِمْ ۫ وَمَنْ يَّغْفِرُ الذُّنُوْبَ اِلَّا اللّٰهُ ۖ وَلَمْ يُصِرُّوْا عَلٰى مَا فَعَلُوْا وَهُمْ يَعْلَمُوْنَ ﴿١٣٥﴾	135
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইয˙া–ফা‘আলূ ফা–হি˙শাতান আও জ˙ালামূ˜ আংফুছাহুম য˙াকারুল্লা–হা ফাছ্তাগফারু লিযু˙নূবিহিম (ص) ওয়া মাইঁ ইয়াগফিরুয্˙যু˙নূবা ইল্লাল্লা–হু (ص) ওয়ালাম ইউছির্‌রু ‘আলা–মা–ফা‘আলূ ওয়া হুম ইয়া‘লামূন।	
তরজমা	এবং যাহারা কোন অশ্লীল কাজ করিয়া ফেলিলে অথবা নিজেদের প্রতি জুলুম করিলে আল্লাহ্‌কে স্মরণ করে এবং নিজেদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করে। আল্লাহ্ ব্যতীত কে পাপ ক্ষমা করিবে ? এবং তাহারা যাহা করিয়া ফেলে, জানিয়া-শুনিয়া তাহার পুনরাবৃত্তি করে না।	
	اُولٰٓئِكَ جَزَآؤُهُمْ مَّغْفِرَةٌ مِّنْ رَّبِّهِمْ وَجَنّٰتٌ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ؕ وَنِعْمَ اَجْرُ الْعٰمِلِيْنَ ﴿١٣٦﴾	136
প্রতিবর্ণায়ন	উলা~ইকা জাঝা~উহুম মাগফিরাতুম মির রাব্বিহিম ওয়া জান্না–তুং তাজরী মিং তাহ˙তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) ওয়ানি‘মা আজরুল ‘আ–মিলীন।	
তরজমা	উহারাই তাহারা, যাহাদের পুরস্কার তাহাদের প্রতিপালকের ক্ষমা এবং জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত ; সেখানে তাহারা স্থায়ী হইবে এবং সৎকর্মশীলদের পুরস্কার কত উত্তম!	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَدْ خَلَتْ مِنْ قَبْلِكُمْ سُنَنٌ ۙ فَسِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُكَذِّبِيْنَ ﴿١٣٧﴾	137
প্রতিবর্ণায়ন	ক॰াদ খালাত মিং ক॰াবলিকুম ছুনানুং (ন) ফাছীরু ফিল আরদি॰ ফাংজু॰রূ কাইফা কা-না ‘আ-কি॰বাতুল মুকায্॰যি॰বীন।	
তরজমা	তোমাদের পূর্বে বহু বিধান-ব্যবস্থা গত হইয়াছে, সুতরাং তোমরা পৃথিবী ভ্রমণ কর এবং দেখ মিথ্যাশ্রয়ীদের কী পরিণাম !	
	هٰذَا بَيَانٌ لِّلنَّاسِ وَهُدًى وَّمَوْعِظَةٌ لِّلْمُتَّقِيْنَ ﴿١٣٨﴾	138
প্রতিবর্ণায়ন	হা-য॰া-বায়া-নুল্ লিন্না-ছি ওয়া হুদাওঁ ওয়া মাও‘ইজ॰াতুল লিলমুত্তাক॰ীন।	
তরজমা	ইহা মানবজাতির জন্য স্পষ্ট বর্ণনা এবং মুত্তাকীদের জন্য হিদায়াত ও উপদেশ।	
	وَلَا تَهِنُوْا وَلَا تَحْزَنُوْا وَاَنْتُمُ الْاَعْلَوْنَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٣٩﴾	139
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাহিনূ ওয়ালা-তাহ॰ঝানূ ওয়া আংতুমুল আ‘লাওনা ইং কুংতুম মু’মিনীন।	
তরজমা	তোমরা হীনবল হইও না এবং দুঃখিতও হইও না ; তোমরাই বিজয়ী যদি তোমরা মু’মিন হও।	
	اِنْ يَّمْسَسْكُمْ قَرْحٌ فَقَدْ مَسَّ الْقَوْمَ قَرْحٌ مِّثْلُهٗ ۭ وَتِلْكَ الْاَيَّامُ نُدَاوِلُهَا بَيْنَ النَّاسِ ۚ وَلِيَعْلَمَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَتَّخِذَ مِنْكُمْ شُهَدَاۗءَ ۭ وَاللّٰهُ لَا يُحِبُّ الظّٰلِمِيْنَ ﴿١٤٠﴾	140
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়ামছাছকুম ক॰ারহ্॰ং ফাক॰াদ মাছছাল ক॰াওমা ক॰ারহ্॰ম্ মিছ॰লুহু (ত) ওয়া তিলকাল আইইয়া-মু নুদা-বি॰লুহা-বাইনান্না-ছি (জ) ওয়ালিয়া‘লামাল্লা-হুল্লায॰ীনা আ-মানূ ওয়া ইয়াত্তাখিয॰া মিংকুম শুহাদা~আ (ত) ওয়াল্লা-হু লা-ইউহি॰ব্বুজ॰জ॰া-লিমীন।	
তরজমা	যদি তোমাদের আঘাত লাগিয়া থাকে, অনুরূপ আঘাত তো উহাদেরও লাগিয়াছিল। মানুষের মধ্যে এই দিনগুলির পর্যায়ক্রমে আমি আবর্তন ঘটাই, যাহাতে আল্লাহ্ মু’মিনগণকে জানিতে পারেন এবং তোমাদের মধ্য হইতে কতককে শহীদরূপে গ্রহণ করিতে পারেন এবং আল্লাহ্ জালিমদের পসন্দ করেন না ;	
	وَلِيُمَحِّصَ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَيَمْحَقَ الْكٰفِرِيْنَ ﴿١٤١﴾	141
প্রতিবর্ণায়ন	ওয়া লিইউমাহ॰হি॰সাল্লাহুল্লায॰ীনা আ-মানূ ওয়া ইয়ামহ॰াক॰াল কা-ফিরীন।	
তরজমা	এবং যাহাতে আল্লাহ্ মু’মিনদের পরিশোধন করিতে পারেন এবং কাফিরদের নিশ্চিহ্ন করিতে পারেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَمْ حَسِبْتُمْ اَنْ تَدْخُلُوا الْجَنَّةَ وَلَمَّا يَعْلَمِ اللّٰهُ الَّذِيْنَ جٰهَدُوْا مِنْكُمْ وَيَعْلَمَ الصّٰبِرِيْنَ ﴿١٤٢﴾	142
প্রতিবর্ণায়ন	আম হ'াছিবতুম আং তাদখুলুল জান্নাতা ওয়া লাম্মা-ইয়া'লামিল্লা-হুল্লাযী'না জা-হাদূ মিংকুম ওয়া ইয়া'লামাস্সা-বিরীন।	
তরজমা	তোমরা কি মনে কর যে, তোমরা জান্নাতে প্রবেশ করিবে, অথচ আল্লাহ্ তোমাদের মধ্যে কে জিহাদ করিয়াছে আর কে ধৈর্যশীল তাহা এখনও প্রকাশ করেন নাই ?	
	وَلَقَدْ كُنْتُمْ تَمَنَّوْنَ الْمَوْتَ مِنْ قَبْلِ اَنْ تَلْقَوْهُ ۖ فَقَدْ رَاَيْتُمُوْهُ وَاَنْتُمْ تَنْظُرُوْنَ ﴿١٤٣﴾	143
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ কুংতুম তামান্নাওনাল মাওতা মিং ক'াবলি আং তালক'াওহু (ص) ফাক'াদ রাআইতুমূহু ওয়া আংতুম তাংজু'রুন।	
তরজমা	মৃত্যুর সম্মুখীন হওয়ার পূর্বে তোমরা তো উহা কামনা করিতে, এখন তো তোমরা তাহা স্বচক্ষে দেখিলে।	
	وَمَا مُحَمَّدٌ اِلَّا رَسُوْلٌ ۚ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ۭ اَفَاۡىِٕنْ مَّاتَ اَوْ قُتِلَ انْقَلَبْتُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ ۭ وَمَنْ يَّنْقَلِبْ عَلٰي عَقِبَيْهِ فَلَنْ يَّضُرَّ اللّٰهَ شَيْـــًٔا ۭ وَسَيَجْزِي اللّٰهُ الشّٰكِرِيْنَ ﴿١٤٤﴾	144
প্রতিবর্ণায়ন	ওয়ামা-মুহাম্মাদুন ইল্লা-রাছুলুং (ج) ক'াদ খালাত মিং ক'াবলিহির রুছুলু (ط) আফাইম্মা-তা আও কু'তিলাংক'ালাবতুম 'আলা~আ'ক'া-বিকুম (ط) ওয়া মাঁই ইয়াংক'ালিব 'আলা-'আকি'বাইহি ফালাঁই ইয়াদু'ররাল্লা-হা শাইআওঁ (ط) ওয়াছাইয়াজ্ঝিল্লা-হুশ্শা-কিরীন।	
তরজমা	মুহাম্মদ একজন রাসূল মাত্র ; তাহার পূর্বে বহু রাসূল গত হইয়াছে। সুতরাং যদি সে মারা যায় অথবা সে নিহত হয় তবে তোমরা কি পৃষ্ঠ প্রদর্শন করিবে ? এবং কেহ পৃষ্ঠ প্রদর্শন করিলে সে কখনও আল্লাহ্র ক্ষতি করিতে পারিবে না ; বরং আল্লাহ্ শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিবেন।	
	وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تَمُوْتَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ كِتٰبًا مُّؤَجَّلًا ۭ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الدُّنْيَا نُؤْتِهٖ مِنْهَا ۚ وَمَنْ يُّرِدْ ثَوَابَ الْاٰخِرَةِ نُؤْتِهٖ مِنْهَا ۭ وَسَنَجْزِي الشّٰكِرِيْنَ ﴿١٤٥﴾	145
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না লিনাফছিন আং তামূতা ইল্লা-বিইয'নিল্লা-হি কিতা-বাম মুআজ্জালাওঁ (ط) ওয়া মাঁই ইউরিদ ছ'াওয়া-বাদ্দুনইয়া- নু'তিহী মিনহা- (ج) ওয়া মাঁই ইউরিদ ছ'াওয়া-বাল আ-খিরাতি নু'তিহী মিনহা- (ط) ওয়া ছানাজঝিশ্শা-কিরীন।	
তরজমা	আল্লাহ্র অনুমতি ব্যতীত কাহারও মৃত্যু হইতে পারে না, যেহেতু উহার মেয়াদ অবধারিত। কেহ পার্থিব পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং কেহ পারলৌকিক পুরস্কার চাহিলে আমি তাহাকে তাহার কিছু দেই এবং শীঘ্রই কৃতজ্ঞদের পুরস্কৃত করিব।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَكَاَيِّنْ مِّنْ نَّبِيٍّ قٰتَلَ ۙ مَعَهٗ رِبِّيُّوْنَ كَثِيْرٌ ۚ فَمَا وَهَنُوْا لِمَآ اَصَابَهُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَمَا ضَعُفُوْا وَمَا اسْتَكَانُوْا ؕ وَاللّٰهُ يُحِبُّ الصّٰبِرِيْنَ ﴿۱۴۶﴾	146
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিন্ নাবিইয়িং ক'া-তালা (ﻯ) মা'আহু রিব্বিইয়ূনা কাছীরুং (ج) ফামা-ওয়াহানূ লিমা~আসা-বাহুম ফী ছাবীলিল্লা-হি ওয়ামা-দ'া'উফূ ওয়ামাছ তাকা-নূ (ج) ওয়াল্লা-হু ইউহি'ব্বুস্সা-বিরীন।	
তরজমা	এবং কত নবী যুদ্ধ করিয়াছে, তাহাদের সঙ্গে বহু আল্লাহ্ওয়ালা ছিল। আল্লাহ্র পথে তাহাদের যে বিপর্যয় ঘটিয়াছিল তাহাতে তাহারা হীনবল হয় নাই, দুর্বল হয় নাই এবং নত হয় নাই। আল্লাহ্ ধৈর্যশীলদের ভালবাসেন।	
	وَمَا كَانَ قَوْلَهُمْ اِلَّآ اَنْ قَالُوْا رَبَّنَا اغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَاِسْرَافَنَا فِيْٓ اَمْرِنَا وَثَبِّتْ اَقْدَامَنَا وَانْصُرْنَا عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿۱۴۷﴾	147
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না ক'াওলাহুম ইল্লা~আং ক'া-লূ রাব্বানাগ্ ফিরলানা-যু'নূবানা-ওয়া ইছরা-ফানা-ফী~আমরিনা-ওয়াছ'াব্বিত আক'দা-মানা- ওয়াংসুরনা-'আলাল ক'াওমিল কা-ফিরীন।	
তরজমা	এই কথা ব্যতীত তাহাদের আর কোন কথা ছিল না, 'হে আমাদের প্রতিপালক! আমাদের পাপ এবং আমাদের কাজে সীমালংঘন তুমি ক্ষমা কর, আমাদের পা সুদৃঢ় রাখ এবং কাফির সম্প্রদায়ের বিরুদ্ধে আমাদেরকে সাহায্য কর।'	
	فَاٰتٰىهُمُ اللّٰهُ ثَوَابَ الدُّنْيَا وَحُسْنَ ثَوَابِ الْاٰخِرَةِ ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ﴿۱۴۸﴾	148
প্রতিবর্ণায়ন	ফাআ-তা-হুমুল্লা-হু ছ'াওয়া-বাদ্দুন্ইয়া-ওয়াহু'ছনা ছ'াওয়া-বিল আ-খিরাতি (ط) ওয়াল্লা-হু ইউহি'ব্বুল মুহ'ছিনীন।	
তরজমা	অতঃপর আল্লাহ্ তাহাদেরকে পার্থিব পুরস্কার এবং উত্তম পারলৌকিক পুরস্কার দান করেন। আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنْ تُطِيْعُوا الَّذِيْنَ كَفَرُوْا يَرُدُّوْكُمْ عَلٰٓى اَعْقَابِكُمْ فَتَنْقَلِبُوْا خٰسِرِيْنَ ﴿۱۴۹﴾	149
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ূহাল্লায'ীনা আ-মানূ~ইং তুতী'উল্লায'ীনা কাফারু ইয়ারুদ্দূকুম আলা~ আ'ক'বিকুম ফাতাংক'ালিবূ খা-ছিরীন।	
তরজমা	হে মু'মিনগণ ! যদি তোমরা কাফিরদের আনুগত্য কর তবে তাহারা তোমাদেরকে বিপরীত দিকে ফিরাইয়া দিবে এবং তোমরা ক্ষতিগ্রস্ত হইয়া পড়িবে।	
	بَلِ اللّٰهُ مَوْلٰىكُمْ ۚ وَهُوَ خَيْرُ النّٰصِرِيْنَ ﴿۱۵۰﴾	150
প্রতিবর্ণায়ন	বালিল্লা-হু মাওলা-কুম (ج) ওয়া হুয়া খাইরুন্না-সিরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্ই তো তোমাদের অভিভাবক এবং তিনিই শ্রেষ্ঠ সাহায্যকারী।	
	سَنُلْقِيْ فِيْ قُلُوْبِ الَّذِيْنَ كَفَرُوا الرُّعْبَ بِمَآ اَشْرَكُوْا بِاللّٰهِ مَا لَمْ يُنَزِّلْ بِهٖ سُلْطٰنًا ۚ وَمَاْوٰىهُمُ النَّارُ ۭ وَبِئْسَ مَثْوَى الظّٰلِمِيْنَ ﴿١٥١﴾	151
প্রতিবর্ণায়ন	ছানুলকী ফী কু লূবিল্লাযীনা কাফারুর রু'বা বিমা আশরাকূ বিল্লা-হি মা-লাম ইউনাঝ্ঝিল বিহী ছুলত্বা-নাওঁ (ج) ওয়ামা'ওয়া-হুমুন্না-রু (ط) ওয়াবি'ছা মাছ ওয়াজ্জ্বা-লিমীন।	
তরজমা	আমি কাফিরদের হৃদয়ে ভীতির সঞ্চার করিব, যেহেতু তাহারা আল্লাহ্র সঙ্গে শরীক করিয়াছে, যাহার স্বপক্ষে আল্লাহ্ কোন সনদ পাঠান নাই। জাহান্নাম তাহাদের আবাস; কত নিকৃষ্ট আবাসস্থল জালিমদের!	
	وَلَقَدْ صَدَقَكُمُ اللّٰهُ وَعْدَهٗٓ اِذْ تَحُسُّوْنَهُمْ بِاِذْنِهٖ ۚ حَتّٰٓى اِذَا فَشِلْتُمْ وَتَنَازَعْتُمْ فِي الْاَمْرِ وَعَصَيْتُمْ مِّنْۢ بَعْدِ مَآ اَرٰىكُمْ مَّا تُحِبُّوْنَ ۭ مِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الدُّنْيَا وَمِنْكُمْ مَّنْ يُّرِيْدُ الْاٰخِرَةَ ۚ ثُمَّ صَرَفَكُمْ عَنْهُمْ لِيَبْتَلِيَكُمْ ۚ وَلَقَدْ عَفَا عَنْكُمْ ۭ وَاللّٰهُ ذُوْ فَضْلٍ عَلَي الْمُؤْمِنِيْنَ ﴿١٥٢﴾	152
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদ সাদাক্বাকুমুল্লা-হু ওয়া'দাহূ ইয তাহ্ছুনাহুম বিইযনিহী (ج) হাত্তা ইযা-ফাশিলতুম ওয়াতানা-ঝা'তুম ফিল আমরি ওয়া'আসাইতুম মিম্ বা'দি মা আরা-কুম মা-তুহিব্বূনা (ط) মিংকুম মাইঁ ইউরীদুদ্দুনইয়া-ওয়া মিংকুম মাইঁ ইউরীদুল আ-খিরাতা (ج) ছুম্মা সারাফাকুম 'আনহুম লিইয়াবতালিয়াকুম (ج) ওয়া লাক্বাদ 'আফা-'আংকুম (ط) ওয়াল্লা-হু যূ ফাদ্বলিন 'আলাল মু'মিনীন।	
তরজমা	আল্লাহ্ তোমাদের সঙ্গে তাঁহার প্রতিশ্রুতি পূর্ণ করিয়াছিলেন যখন তোমরা আল্লাহ্র অনুমতিক্রমে তাহাদেরকে বিনাশ করিতেছিলে, যে পর্যন্ত না তোমরা সাহস হারাইলে এবং নির্দেশ সম্বন্ধে মতভেদ সৃষ্টি করিলে এবং যাহা তোমরা ভালবাস তাহা তোমাদের দেখাইবার পর তোমরা অবাধ্য হইলে। তোমাদের কতক ইহকাল চাহিতেছিল এবং কতক পরকাল চাহিতেছিল। অতঃপর তিনি পরীক্ষা করার জন্য তোমাদেরকে তাহাদের হইতে ফিরাইয়া দিলেন। অবশ্যই তিনি তোমাদেরকে ক্ষমা করিলেন এবং আল্লাহ্ মু'মিনদের প্রতি অনুগ্রহশীল।	
	اِذْ تُصْعِدُوْنَ وَلَا تَلْوٗنَ عَلٰٓى اَحَدٍ وَّالرَّسُوْلُ يَدْعُوْكُمْ فِيْٓ اُخْرٰىكُمْ فَاَثَابَكُمْ غَمًّۢا بِغَمٍّ لِّكَيْلَا تَحْزَنُوْا عَلٰي مَا فَاتَكُمْ وَلَا مَآ اَصَابَكُمْ ۭ وَاللّٰهُ خَبِيْرٌۢ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٥٣﴾	153

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয ˙ তুস‘ইদূনা ওয়ালা-তালঊনা ‘আলা-আহ ˙ াদিওঁ ওয়ার রাছূলু ইয়াদ‘ঊকুম ফী˜উখরা-কুম ফাআছ ˙ া-বাকুম গাম্মাম্ বিগামমিল লিকাইলা-তাহ ˙ ঝানূ ‘আলা-মা-ফা-তাকুম ওয়ালা-মা˜আসা-বাকুম (ط) ওয়াল্লা-হু খাবীরুম বিমা-তা‘মালূন।	
তরজমা	স্মরণ কর, তোমরা যখন উপরের দিকে ছুটিতেছিলে এবং পিছন ফিরিয়া কাহারও প্রতি লক্ষ্য করিতেছিলে না, আর রাসূল তোমাদেরকে পিছন দিক হইতে আহ্বান করিতেছিল। ফলে তিনি তোমাদেরকে বিপদের উপর বিপদ দিলেন যাহাতে তোমরা যাহা হারাইয়াছ অথবা যে বিপদ তোমাদের উপর আসিয়াছে তাহার জন্য তোমরা দুঃখিত না হও। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	ثُمَّ اَنْزَلَ عَلَيْكُمْ مِّنْۢ بَعْدِ الْغَمِّ اَمَنَةً نُّعَاسًا يَّغْشٰى طَآئِفَةً مِّنْكُمْ ۙ وَطَآئِفَةٌ قَدْ اَهَمَّتْهُمْ اَنْفُسُهُمْ يَظُنُّوْنَ بِاللّٰهِ غَيْرَ الْحَقِّ ظَنَّ الْجَاهِلِيَّةِ ؕ يَقُوْلُوْنَ هَلْ لَّنَا مِنَ الْاَمْرِ مِنْ شَيْءٍ ؕ قُلْ اِنَّ الْاَمْرَ كُلَّهٗ لِلّٰهِ ؕ يُخْفُوْنَ فِيْۤ اَنْفُسِهِمْ مَّا لَا يُبْدُوْنَ لَكَ ؕ يَقُوْلُوْنَ لَوْ كَانَ لَنَا مِنَ الْاَمْرِ شَيْءٌ مَّا قُتِلْنَا هٰهُنَا ؕ قُلْ لَّوْ كُنْتُمْ فِيْ بُيُوْتِكُمْ لَبَرَزَ الَّذِيْنَ كُتِبَ عَلَيْهِمُ الْقَتْلُ اِلٰى مَضَاجِعِهِمْ ۚ وَلِيَبْتَلِيَ اللّٰهُ مَا فِيْ صُدُوْرِكُمْ وَلِيُمَحِّصَ مَا فِيْ قُلُوْبِكُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۱۵۴﴾	**154**
প্রতিবর্ণায়ন	ছু ˙ ম্মা আংঝালা ‘আলাইকুম মিম্ বা‘দিল গাম্মি আমানাতান্ নু‘আ-ছাইঁ ইয়াগশা-ত ˙ া~ইফাতাম্ মিংকুম (لا) ওয়া ত ˙ া~ইফাতুং ক ˙ াদ আহাম্মাত্হুম আংফছুহুম ইয়াজু ˙ ন্নুনা বিল্লা-হি গাইরাল হ ˙ াক্কি ˙ জ ˙ াহ্লিল জা-হিলিইইয়াতি (ط) ইয়াকূ ˙ লূনা হাল্লানা-মিনাল আমরি মিং শাইইং (ط) কু ˙ ল ইন্নাল আমরা কু ˙ ল্লাহূ লিল্লা-হি (ط) ইউখফূনা ফী˜আংফুছিহিম মা-লা-ইউবদূনা লাকা (ط) ইয়াকূ ˙ লূনা লাও কা-না লানা-মিনাল আমরি শাইউম্ মা-কু ˙ তিলনা-হা-হুনা- (ط) কুল্লাও কুংতুম ফী বুয়ূতিকুম লাবারাঝাল্লায ˙ ীনা কুতিবা ‘আলাইহিমুল ক ˙ াতলু ইলা-মাদ ˙ া-জি‘ইহিম (ج) ওয়া লিইয়াবতালিইয়াল্লা-হু মা-ফী সুদূরিকুম ওয়ালিইউমাহ ˙ হি ˙ সা মা-ফী কু ˙ লূবিকুম (ط) ওয়াল্লা-হু ‘আলীমুম্ বিয ˙ া-তিস্সুদূর।	

তরজমা	অতঃপর দুঃখের পর তিনি তোমাদেরকে প্রদান করিলেন প্রশান্তি তন্দ্রারূপে, যাহা তোমাদের একদলকে আচ্ছন্ন করিয়াছিল। এবং একদল জাহিলী যুগের অজ্ঞের ন্যায় আল্লাহ্ সম্বন্ধে অবাস্তব ধারণা করিয়া নিজেরাই নিজেদেরকে উদ্বিগ্ন করিয়াছিল এই বলিয়া যে, 'আমাদের কি কোন অধিকার আছে?' বল, 'সমস্ত বিষয় আল্লাহ্রই ইখ্তিয়ার।' যাহা তাহারা তোমার নিকট প্রকাশ করে না, তাহারা তাহাদের অন্তরে উহা গোপন রাখে, আর বলে, 'এই ব্যাপারে আমাদের কোন অধিকার থাকিলে আমরা এই স্থানে নিহত হইতাম না।' বল, 'যদি তোমরা তোমাদের গৃহে অবস্থান করিতে তবুও নিহত হওয়া যাহাদের জন্য অবধারিত ছিল তাহারা নিজেদের মৃত্যুস্থানে বাহির হইত। ইহা এইজন্য যে, আল্লাহ্ তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরীক্ষা করেন এবং তোমাদের অন্তরে যাহা আছে তাহা পরিশোধন করেন। অন্তরে যাহা আছে আল্লাহ্ সে সম্পর্কে বিশেষভাবে অবহিত।	
	إِنَّ الَّذِينَ تَوَلَّوْا مِنكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعَانِ ۙ إِنَّمَا اسْتَزَلَّهُمُ الشَّيْطَانُ بِبَعْضِ مَا كَسَبُوا ۖ وَلَقَدْ عَفَا اللَّهُ عَنْهُمْ ۗ إِنَّ اللَّهَ غَفُورٌ حَلِيمٌ ﴿١٥٥﴾	155
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা তাওয়াল্লাও মিংকুম ইয়াওমাল তাক ালজাম'আ-নি (ﻯ) ইন্নামাছ্ তাঝাল্লাহুমুশ্ শাইত ান-নু বিবা'দি মা-কাছাবূ (ج) ওয়া লাকা দ 'আফাল্লা-হু 'আনহুম; ইন্নাল্লা-হা গাফূরুন হ ালীম।	
তরজমা	যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল সেই দিন তোমাদের মধ্য হইতে যাহারা পৃষ্ঠ প্রদর্শন করিয়াছিল, তাহাদের কোন কৃতকর্মের জন্য শয়তানই তাহাদের পদস্খলন ঘটাইয়াছিল। অবশ্য আল্লাহ্ তাহাদের ক্ষমা করিয়াছেন। আল্লাহ্ ক্ষমাপরায়ণ ও পরম সহনশীল।	
	يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا لَا تَكُونُوا كَالَّذِينَ كَفَرُوا وَقَالُوا لِإِخْوَانِهِمْ إِذَا ضَرَبُوا فِي الْأَرْضِ أَوْ كَانُوا غُزًّى لَّوْ كَانُوا عِندَنَا مَا مَاتُوا وَمَا قُتِلُوا ۖ لِيَجْعَلَ اللَّهُ ذَٰلِكَ حَسْرَةً فِي قُلُوبِهِمْ ۗ وَاللَّهُ يُحْيِي وَيُمِيتُ ۗ وَاللَّهُ بِمَا تَعْمَلُونَ بَصِيرٌ ﴿١٥٦﴾	156
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা- তাকূনূ কাল্লায ীনা কাফারূ ওয়া ক ালূ লিইখ্ওয়া-নিহিম ইয া-দ ারাবূ ফিল আরদি আও কা-নূ গুঝ্ঝাল্লাও কা-নু 'ইংদানা-মা-মা-তূ ওয়ামা-ক ুতিলূ (ج) লিইয়াজ'আলাল্লা-হু য া-লিকা হ াছরাতাং ফী কু লূবিহিম (ط) ওয়াল্লা-হু ইউহ য়ী ওয়া ইউমীতু (ط) ওয়াল্লা-হু বিমা- ত'মালূনা বাসীর।	

তরজমা	হে মু'মিনগণ! তোমরা তাহাদের মত হইও না যাহারা কুফরী করে এবং তাহাদের ভ্রাতাগণ যখন দেশে দেশে সফর করে অথবা যুদ্ধে লিপ্ত হয়, তাহাদের সম্পর্কে বলে, 'তাহারা যদি আমাদের নিকট থাকিত তবে তাহারা মরিত না এবং নিহত হইত না।' ফলে আল্লাহ্ ইহাই তাহাদের মনস্তাপে পরিণত করেন ; আল্লাহ্ই জীবন দান করেন ও মৃত্যু ঘটান, তোমরা যাহা কর আল্লাহ্ উহার সম্যক দ্রষ্টা।	
	وَلَئِنْ قُتِلْتُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ اَوْ مُتُّمْ لَمَغْفِرَةٌ مِّنَ اللّٰهِ وَرَحْمَةٌ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿١٥٧﴾	157
প্রতিবর্ণায়ন	ওয়ালাইং কু ্তিলতুম ফী ছাবীলিল্লা-হি আও মুততুম লামাগফিরাতুম মিনাল্লা-হি ওয়া রাহ ্মাতুন খাইরুম মিম্মা-ইয়াজমা'ঊন।	
তরজমা	তোমরা আল্লাহ্র পথে নিহত হইলে অথবা মৃত্যুবরণ করিলে, যাহা তাহারা জমা করে, আল্লাহ্র ক্ষমা এবং দয়া অবশ্য তাহা অপেক্ষা শ্রেয়।	
	وَلَئِنْ مُّتُّمْ اَوْ قُتِلْتُمْ لَاِاَلَى اللّٰهِ تُحْشَرُوْنَ ﴿١٥٨﴾	158
প্রতিবর্ণায়ন	ওয়ালাাইম মুততুম আও কু ্তিলতুম লা ইলাল্লা-হি তুহ্ ্শারূন।	
তরজমা	এবং তোমাদের মৃত্যু হইলে অথবা তোমরা নিহত হইলে আল্লাহ্রই নিকট তোমাদেরকে একত্র করা হইবে।	
	فَبِمَا رَحْمَةٍ مِّنَ اللّٰهِ لِنْتَ لَهُمْ ۚ وَلَوْ كُنْتَ فَظًّا غَلِيْظَ الْقَلْبِ لَانْفَضُّوْا مِنْ حَوْلِكَ ۖ فَاعْفُ عَنْهُمْ وَاسْتَغْفِرْ لَهُمْ وَشَاوِرْهُمْ فِي الْاَمْرِ ۚ فَاِذَا عَزَمْتَ فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ۗ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُتَوَكِّلِيْنَ ﴿١٥٩﴾	159
প্রতিবর্ণায়ন	ফাবিমা- রাহ ্মাতিম মিনাল্লা-হি লিংতা লাহুম (ج) ওয়ালাও কুংতা ফাজ্জ ্বান গালীজ ্বাল ক ্বালবি লাংফাদ্ূ ্ মিন হ ্াওলিকা (ص) ফা'ফু 'আনহুম ওয়াছতাগফির লাহুম ওয়া শা-বি ্রহুম ফিল আমরি (ج) ফাইয ্া-'আঝামতা ফাতাওয়াক্কাল 'আলাল্লা-হি (ط) ইন্নাল্লা-হা ইউহি ্ব্বুল মুতাওয়াক্কিলীন।	
তরজমা	আল্লাহ্র দয়ায় তুমি তাহাদের প্রতি কোমল-হৃদয় হইয়াছিলে ; যদি তুমি রূঢ় ও কঠোরচিত্ত হইতে তবে তাহারা তোমার আশপাশ হইতে সরিয়া পড়িত। সুতরাং তুমি তাহাদের ক্ষমা কর এবং তাহাদের জন্য ক্ষমা প্রার্থনা কর এবং কাজেকর্মে তাহাদের সঙ্গে পরামর্শ কর, অতঃপর তুমি কোন সংকল্প করিলে আল্লাহ্র উপর নির্ভর করিবে, যাহারা নির্ভর করে আল্লাহ্ তাহাদের ভালবাসেন।	
	اِنْ يَّنْصُرْكُمُ اللّٰهُ فَلَا غَالِبَ لَكُمْ ۚ وَاِنْ يَّخْذُلْكُمْ فَمَنْ ذَا الَّذِيْ يَنْصُرُكُمْ مِّنْۢ بَعْدِهٖ ۗ وَعَلَى اللّٰهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُوْنَ ﴿١٦٠﴾	160

প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াংসুর কুমুল্লা–হু ফালা–গা–লিবা লাকুম (ج) ওয়াইয়ঁ ইয়াখযু ˙লকুম ফামাং য˙াল্লাযী ইয়াংসুরুকুম মিম্ বা'দিহী (ط) ওয়া 'আলাল্লা–হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন।	
তরজমা	আল্লাহ্ তোমাদের সাহায্য করিলে তোমাদের উপর জয়ী হইবার কেহই থাকিবে না। আর তিনি তোমাদেরকে সাহায্য না করিলে, তিনি ছাড়া কে এমন আছে, যে তোমাদের সাহায্য করিবে ? মু'মিনগণ আল্লাহ্র উপরই নির্ভর করুক।	
	وَمَا كَانَ لِنَبِيٍّ اَنْ يَّغُلَّ ؕ وَمَنْ يَّغْلُلْ يَاْتِ بِمَا غَلَّ يَوْمَ الْقِيٰمَةِ ۚ ثُمَّ تُوَفّٰى كُلُّ نَفْسٍ مَّا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿١٦١﴾	161
প্রতিবর্ণায়ন	ওয়ামা–কা–না লিনাবিইয়িন আইঁ ইয়াগুল্লা (ط) ওয়ামাইঁ ইয়াগলুল ইয়া'তি বিমা–গাল্লা ইয়াওমাল কি˙য়া–মাতি (ج) ছু˙ম্মা তুওয়াফ্ফা– কুল্লু নাফছিম্ মা–কাছাবাত ওয়াহুম লা–ইউজ˙লামূন।	
তরজমা	অন্যায়ভাবে কোন বস্তু গোপন করিবে, ইহা নবীর পক্ষে অসম্ভব। এবং কেহ অন্যায়ভাবে কিছু গোপন করিলে, যাহা সে অন্যায়ভাবে গোপন করিবে কিয়ামতের দিন সে তাহা লইয়া আসিবে। অতঃপর প্রত্যেককে, যাহা সে অর্জন করিয়াছে তাহা পূর্ণমাত্রায় দেওয়া হইবে। তাহাদের প্রতি কোন জুলুম করা হইবে না।	
	اَفَمَنِ اتَّبَعَ رِضْوَانَ اللّٰهِ كَمَنْۢ بَآءَ بِسَخَطٍ مِّنَ اللّٰهِ وَمَاْوٰىهُ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمَصِيْرُ ﴿١٦٢﴾	162
প্রতিবর্ণায়ন	আফামানিত্তাবা'আ রিদ˙ওয়া–নাল্লা–হি কামাম বা–আ বিছাখাতি˙ম্ মিনাল্লা–হি ওয়ামা'ওয়া–হু জাহান্নামু; (ط) ওয়াবি'ছাল মাসীর।	
তরজমা	যে আল্লাহ্র সন্তুষ্টির অনুসারী, সে কি উহার মত যে আল্লাহ্র ক্রোধের পাত্র হইয়াছে এবং জাহান্নামই যাহার আবাস ? এবং উহা কত নিকৃষ্ট প্রত্যাবর্তনস্থল !	
	هُمْ دَرَجٰتٌ عِنْدَ اللّٰهِ ؕ وَاللّٰهُ بَصِيْرٌۢ بِمَا يَعْمَلُوْنَ ﴿١٦٣﴾	163
প্রতিবর্ণায়ন	হুম দারাজা–তুন ইংদাল্লা–হি (ط) ওয়াল্লা–হু বাসীরুম বিমা–ইয়া'মালূন।	
তরজমা	আল্লাহ্র নিকট তাহারা বিভিন্ন স্তরের; তাহারা যাহা করে আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	
	لَقَدْ مَنَّ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ اِذْ بَعَثَ فِيْهِمْ رَسُوْلًا مِّنْ اَنْفُسِهِمْ يَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِهٖ وَيُزَكِّيْهِمْ وَيُعَلِّمُهُمُ الْكِتٰبَ وَالْحِكْمَةَ ۚ وَاِنْ كَانُوْا مِنْ قَبْلُ لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿١٦٤﴾	164
প্রতিবর্ণায়ন	লাক˙াদ মান্নাল্লা–হু 'আলাল মু'মিনীনা ইয˙ বা'আছ˙া ফীহিম রাছূলাম মিন আংফুছিহিম ইয়াতলূ 'আলাইহিম আ–য়া–তিহী ওয়া ইউঝাক্কীহিম ওয়া ইউ'আল্লিমুহুমুল কিতা–বা ওয়াল হি˙কমাতা (ج) ওয়া ইং কা–নূ মিং ক˙াবলূ লাফী দ˙ালা–লিম মুবীন।	

তরজমা	আল্লাহ্ মু'মিনদের প্রতি অবশ্যই অনুগ্রহ করিয়াছেন যে, তিনি তাহাদের নিজেদের মধ্য হইতে তাহাদের নিকট রাসূল প্রেরণ করিয়াছেন, যে তাঁহার আয়াতসমূহ তাহাদের নিকট তিলাওয়াত করে, তাহাদেরকে পরিশোধন করে এবং কিতাব ও হিক্‌মত শিক্ষা দেয়, যদিও তাহারা পূর্বে স্পষ্ট বিভ্রান্তিতেই ছিল।	
	اَوَلَمَّآ اَصَابَتْكُمْ مُّصِيْبَةٌ قَدْ اَصَبْتُمْ مِّثْلَيْهَا ۙ قُلْتُمْ اَنّٰى هٰذَا ؕ قُلْ هُوَ مِنْ عِنْدِ اَنْفُسِكُمْ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿١٦٥﴾	165
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্মা–আসা–বাত্‌কুম মুসীবাতুং ক'াদ আসাবতুম মিছ'লাইহা– (ﻯ) কু'লতুম আন্না–হা– য'া– (ط) কু'ল হুওয়া মিন 'ইংদি আংফুছিকুম (ط) ইন্নাল্লা–হা 'আলা–কুল্লি শাইইং ক'াদীর।	
তরজমা	কী ব্যাপার ! যখন তোমাদের উপর মুসীবত আসিল তখন তোমরা বলিলে, 'ইহা কোথা হইতে আসিল ?' অথচ তোমরা তো দ্বিগুণ বিপদ ঘটাইয়াছিলে। বল, 'ইহা তোমাদের নিজেদেরই নিকট হইতে'; নিশ্চয়ই আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَمَآ اَصَابَكُمْ يَوْمَ الْتَقَى الْجَمْعٰنِ فَبِاِذْنِ اللّٰهِ وَلِيَعْلَمَ الْمُؤْمِنِيْنَ ﴿١٦٦﴾	166
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আসা–বাকুম ইয়াওমাল তাক'াল জাম'আ–নি ফাবিইয্'নিল্লা–হি ওয়ালিইয়া'লামাল মু'মিনীন।	
তরজমা	যেদিন দুই দল পরস্পরের সম্মুখীন হইয়াছিল, সেদিন তোমাদের উপর যে বিপর্যয় ঘটিয়াছিল তাহা আল্লাহ্‌রই হুকুমে; ইহা মু'মিনগণকে জানিবার জন্য।	
	وَلِيَعْلَمَ الَّذِيْنَ نَافَقُوْا ۚ وَقِيْلَ لَهُمْ تَعَالَوْا قَاتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ اَوِ ادْفَعُوْا ؕ قَالُوْا لَوْ نَعْلَمُ قِتَالًا لَّا تَّبَعْنٰكُمْ ؕ هُمْ لِلْكُفْرِ يَوْمَئِذٍ اَقْرَبُ مِنْهُمْ لِلْاِيْمَانِ ۚ يَقُوْلُوْنَ بِاَفْوَاهِهِمْ مَّا لَيْسَ فِىْ قُلُوْبِهِمْ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا يَكْتُمُوْنَ ﴿١٦٧﴾	167
প্রতিবর্ণায়ন	ওয়ালিইয়া'লামাল্লায'ীনা না–ফাকূ' (ج) ওয়া কী'লা লাহুম তা'আ–লাও ক'া–তিলূ ফী ছাবীলিল্লা–হি আবি'দ্‌ফা'উ (ط) ক'া–লূ লাও না'লামু কি'তা–লাল্লাত্তাবা'না–কুম (ط) হুম লিলকুফরি ইয়াওমাইযি'ন আক'রাবু মিনহুম লিলঈমা–নি (ج) ইয়াকূ'লূনা বিআফওয়া–হিহিম মা–লাইছা ফী কু'লূবিহিম (ط) ওয়াল্লা–হু আ'লামু বিমা–ইয়াক্‌তুমূন।	

তরজমা	এবং মুনাফিকদেরকে জানিবার জন্য এবং তাহাদেরকে বলা হইয়াছিল, 'আস, তোমরা আল্লাহ্‌র পথে যুদ্ধ কর অথবা প্রতিরোধ কর।' তাহারা বলিয়াছিল, 'যদি যুদ্ধ জানিতাম তবে নিশ্চিতভাবে তোমাদের অনুসরণ করিতাম।' সেদিন তাহারা ঈমান অপেক্ষা কুফরীর নিকটতর ছিল। যাহা তাহাদের অন্তরে নাই তাহারা তাহা মুখে বলে; তাহারা যাহা গোপন রাখে আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	اَلَّذِيْنَ قَالُوْا لِاِخْوَانِهِمْ وَقَعَدُوْا لَوْ اَطَاعُوْنَا مَا قُتِلُوْا ؕ قُلْ فَادْرَءُوْا عَنْ اَنْفُسِكُمُ الْمَوْتَ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۱۶۸﴾	168
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা কা-লূ লিইখওয়া-নিহিম ওয়াকা'আদূ লাও আতা-'উনা-মা-কুতিলূ (ط) কুল ফাদরাউ 'আন আংফুছিকুমুল মাওতা ইং কুংতুম সা-দিকীন।	
তরজমা	যাহারা ঘরে বসিয়া রহিল এবং তাহাদের ভাইদের সম্বন্ধে বলিল, তাহারা আমাদের কথামত চলিলে নিহত হইত না, তাহাদেরকে বল, 'যদি তোমরা সত্যবাদী হও তবে নিজেদেরকে মৃত্যু হইতে রক্ষা কর।'	
	وَلَا تَحْسَبَنَّ الَّذِيْنَ قُتِلُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ اَمْوَاتًا ؕ بَلْ اَحْيَآءٌ عِنْدَ رَبِّهِمْ يُرْزَقُوْنَ ﴿۱۶۹﴾	169
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তাহ্‌ছাবান্নাল্লাযীনা কুতিলূ ফী ছাবীলিল্লা-হি আমওয়া-তাম্ (ط) বাল আহ্‌ইয়া~উন 'ইংদা রাব্বিহিম ইউর্‌ঝাকুন।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে নিহত হইয়াছে তাহাদের কখনই মৃত মনে করিও না, বরং তাহারা জীবিত এবং তাহাদের প্রতিপালকের নিকট হইতে তাহারা জীবিকাপ্রাপ্ত।	
	فَرِحِيْنَ بِمَآ اٰتٰهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ ۙ وَيَسْتَبْشِرُوْنَ بِالَّذِيْنَ لَمْ يَلْحَقُوْا بِهِمْ مِّنْ خَلْفِهِمْ ۙ اَلَّا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿۱۷۰﴾	170
প্রতিবর্ণায়ন	ফারিহীনা বিমা-আ-তা-হুমুল্লা-হু মিং ফাদ্‌লিহী (ﻩ) ওয়াইয়াছতাব্‌শিরূনা বিল্লাযীনা লাম ইয়াল্‌হ্‌াকূ বিহিম মিন খালফিহিম (ﻩ) আল্লা-খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ্‌ঝানূন।	
তরজমা	আল্লাহ্ নিজ অনুগ্রহে তাহাদেরকে যাহা দিয়াছেন তাহাতে তাহারা আনন্দিত এবং তাহাদের পিছনে যাহারা এখনও তাহাদের সঙ্গে মিলিত হয় নাই তাহাদের জন্য আনন্দ প্রকাশ করে, এইজন্য যে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	يَسْتَبْشِرُوْنَ بِنِعْمَةٍ مِّنَ اللّٰهِ وَفَضْلٍ ۙ وَّاَنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُؤْمِنِيْنَ ﴿۱۷۱﴾	171
প্রতিবর্ণায়ন	ইয়াছতাব্‌শিরূনা বিনি'মাতিম্ মিনাল্লা-হি ওয়াফাদ্‌লিওঁ (ﻩ) ওয়া আন্নাল্লা-হা লা-ইউদ্‌ী'উ আজরাল মু'মিনীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আল্লাহ্‌র নিয়ামত ও অনুগ্রহের জন্য তাহারা আনন্দ প্রকাশ করে এবং ইহা এই কারণে যে, আল্লাহ্ মু'মিনদের শ্রমফল নষ্ট করেন না।	
	اَلَّذِيْنَ اسْتَجَابُوْا لِلّٰهِ وَالرَّسُوْلِ مِنْۢ بَعْدِ مَآ اَصَابَهُمُ الْقَرْحُ ۚ لِلَّذِيْنَ اَحْسَنُوْا مِنْهُمْ وَاتَّقَوْا اَجْرٌ عَظِيْمٌ ﴿١٧٢﴾	172
প্রতিবর্ণায়ন	আল্লায ীনাছ্তা জা-বূ লিল্লা-হি ওয়ার রাছূলি মিম বা'দি মা-আসা-বাহুমুল ক'ারহু (ط) লিল্লায ীনা আহ ছানূ মিনহুম ওয়াত্তাক'াও আজরুন 'আজ ীম।	
তরজমা	যখম হওয়ার পর যাহারা আল্লাহ্ ও রাসূলের ডাকে সাড়া দিয়াছে তাহাদের মধ্যে যাহারা সৎকাজ করে এবং তাক্‌ওয়া অবলম্বন করিয়া চলে তাহাদের জন্য মহাপুরস্কার রহিয়াছে।	
	اَلَّذِيْنَ قَالَ لَهُمُ النَّاسُ اِنَّ النَّاسَ قَدْ جَمَعُوْا لَكُمْ فَاخْشَوْهُمْ فَزَادَهُمْ اِيْمَانًا ۖ وَّقَالُوْا حَسْبُنَا اللّٰهُ وَنِعْمَ الْوَكِيْلُ ﴿١٧٣﴾	173
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ক'া-লা লাহুমুন্না-ছু ইন্নান্না-ছা ক'াদ জামা'উ লাকুম ফাখশাওহুম ফাঝা-দাহুম ঈমা-নাওঁ (ق) ওয়া ক'া-লূ হ'াছবুনাল্লা-হু ওয়ানিমা'ল ওয়াক ীল।	
তরজমা	ইহাদেরকে লোকে বলিয়াছিল, তোমাদের বিরুদ্ধে লোক জমায়েত হইয়াছে, সুতরাং তোমরা তাহাদেরকে ভয় কর ; কিন্তু ইহা তাহাদের ঈমান দৃঢ়তর করিয়াছিল এবং তাহারা বলিয়াছিল, 'আল্লাহ্‌ই আমাদের জন্য যথেষ্ট এবং তিনি কত উত্তম কর্মবিধায়ক!'	
	فَانْقَلَبُوْا بِنِعْمَةٍ مِّنَ اللّٰهِ وَفَضْلٍ لَّمْ يَمْسَسْهُمْ سُوْٓءٌ ۙ وَّاتَّبَعُوْا رِضْوَانَ اللّٰهِ ۗ وَاللّٰهُ ذُوْ فَضْلٍ عَظِيْمٍ ﴿١٧٤﴾	174
প্রতিবর্ণায়ন	ফাংক'ালাবূ বিনি'মাতিম মিনাল্লা-হি ওয়া ফাদ'লিল্লাম্ ইয়াম্ছাছ্হুম ছূউওঁ (لا) ওয়াত্তাবা'উ রিদ'ওয়া-নাল্লা-হি (ط) ওয়াল্লা-হু যু'ফাদ'লিন 'আজ ীম।	
তরজমা	তারপর তাহারা আল্লাহ্‌র নিয়ামত ও অনুগ্রহসহ ফিরিয়া আসিয়াছিল, কোন অনিষ্ট তাহাদেরকে স্পর্শ করে নাই এবং আল্লাহ্ যাহাতে রাযী তাহারা তাহারই অনুসরণ করিয়াছিল এবং আল্লাহ্ মহাঅনুগ্রহশীল।	
	اِنَّمَا ذٰلِكُمُ الشَّيْطٰنُ يُخَوِّفُ اَوْلِيَآءَهٗ ۠ فَلَا تَخَافُوْهُمْ وَخَافُوْنِ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٧٥﴾	175
প্রতিবর্ণায়ন	ইন্নামা-য ী-লিকুমুশ্‌শাইত ী-নু ইউখাওবি ফু আওলিয়া~আহু (ص) ফালা-তাখা-ফূহুম ওয়া খা-ফূনি ইং ক'ুংতুম মু'মিনীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহারাই শয়তান, তোমাদেরকে তাহার বন্ধুদের ভয় দেখায় ; সুতরাং যদি তোমরা মু'মিন হও তবে তোমরা তাহাদেরকে ভয় করিও না, আমাকেই ভয় কর।	
	وَلَا يَحْزُنْكَ الَّذِيْنَ يُسَارِعُوْنَ فِي الْكُفْرِ ۚ اِنَّهُمْ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْـًٔا ۗ يُرِيْدُ اللّٰهُ اَلَّا يَجْعَلَ لَهُمْ حَظًّا فِي الْاٰخِرَةِ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ﴿١٧٦﴾	176
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াহ্ ঝুংকাল্লায ীনা ইউছা-রি'উনা ফিল কু'ফ্রি (ج) ইন্নাহুম লাই ইয়াদু রুল্লা-হা শাইআই (ط) ইউরীদুল্লা-হু আল্লা- ইয়াজ'আলা লাহুম হ াজ্জ াং ফিল আ-খিরাতি (ج) ওয়া লাহুম 'আয া-বুন 'আজ ীম।	
তরজমা	যাহারা কুফরীতে ত্বরিতগতি, তাহাদের আচরণ যেন তোমাকে দুঃখ না দেয়। তাহারা কখনও আল্লাহ্‌র কোন ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ্ আখিরাতে তাহাদেরকে কোন অংশ দিবার ইচ্ছা করেন না, তাহাদের জন্য মহাশাস্তি রহিয়াছে।	
	اِنَّ الَّذِيْنَ اشْتَرَوُا الْكُفْرَ بِالْاِيْمَانِ لَنْ يَّضُرُّوا اللّٰهَ شَيْـًٔا ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٧٧﴾	177
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনাশ্‌তারাউল্ কুফরা বিলঈমা-নি লাই ইয়াদু রুল্লা-হা শাইআওঁ (ج) ওয়ালাহুম 'আয া-বুন আলীম।	
তরজমা	যাহারা ঈমানের বিনিময়ে কুফরী ক্রয় করিয়াছে তাহারা কখনও আল্লাহ্‌র কোন ক্ষতি করিতে পারিবে না। তাহাদের জন্য যন্ত্রণাদায়ক শাস্তি রহিয়াছে।	
	وَلَا يَحْسَبَنَّ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنَّمَا نُمْلِيْ لَهُمْ خَيْرٌ لِّاَنْفُسِهِمْ ۭ اِنَّمَا نُمْلِيْ لَهُمْ لِيَزْدَادُوْٓا اِثْمًا ۚ وَلَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ﴿١٧٨﴾	178
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াহ্ ছাবান্নাল্লায ীনা কাফারু~আন্নামা-নুমলী লাহুম খাইরুল্ লিআংফুছিহম (ط) ইন্নামা-নুমলী লাহুম লিইয়াঝদা-দু~ইছ মাওঁ (ج) ওয়ালাহুম 'আয া-বুম মুহীন।	
তরজমা	কাফিররা যেন কিছুতেই মনে না করে যে, আমি অবকাশ দেই তাহাদের মঙ্গলের জন্য; আমি অবকাশ দিয়া থাকি যাহাতে তাহাদের পাপ বৃদ্ধি পায় এবং তাহাদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি রহিয়াছে।	
	مَا كَانَ اللّٰهُ لِيَذَرَ الْمُؤْمِنِيْنَ عَلٰي مَآ اَنْتُمْ عَلَيْهِ حَتّٰى يَمِيْزَ الْخَبِيْثَ مِنَ الطَّيِّبِ ۭ وَمَا كَانَ اللّٰهُ لِيُطْلِعَكُمْ عَلَي الْغَيْبِ وَلٰكِنَّ اللّٰهَ يَجْتَبِيْ مِنْ رُّسُلِهٖ مَنْ يَّشَاۗءُ ۠ فَاٰمِنُوْا بِاللّٰهِ وَرُسُلِهٖ ۚ وَاِنْ تُؤْمِنُوْا وَتَتَّقُوْا فَلَكُمْ اَجْرٌ عَظِيْمٌ ﴿١٧٩﴾	179

প্রতিবর্ণায়ন	মা-কা-নাল্লা-হু লিইয়ায ারাল্ মু'মিনীনা 'আলা-মা আংতুম 'আলাইহি হ াত্তা-ইয়ামীঝাল্ খাবীছ া মিনাত্ত াইয়িবি (ط) ওয়ামা-কা-নাল্লা-হু লিইউত লি'আকুম 'আলাল্ গাইবি ওয়ালা-কিনাল্লা-হা ইয়াজ্তাবী মির্রুছুলিহী মাই ইয়াশা~উ (ص) ফাআ-মিনূ বিল্লা-হি ওয়ারুছুলিহী (ج) ওয়া ইং তু'মিনূ ওয়া তাত্তাকূ ফালাকুম আজরুন্ 'আজ ীম।	
তরজমা	অসৎকে সৎ হইতে পৃথক না করা পর্যন্ত তোমরা যে অবস্থায় রহিয়াছ আল্লাহ্ মু'মিনগণকে সেই অবস্থায় ছাড়িয়া দিতে পারেন না। অদৃশ্য সম্পর্কে তোমাদেরকে আল্লাহ্ অবহিত করিবার নহেন ; তবে আল্লাহ্ তাঁহার রাসূলগণের মধ্যে যাহাকে ইচ্ছা মনোনীত করেন। সুতরাং তোমরা আল্লাহ্ ও তাঁহার রাসূলগণের উপর ঈমান আন। তোমরা ঈমান আনিলে ও তাক্ওয়া অবলম্বন করিয়া চলিলে তোমাদের জন্য মহাপুরস্কার রহিয়াছে।	
	وَلَا يَحْسَبَنَّ الَّذِيْنَ يَبْخَلُوْنَ بِمَآ اٰتٰىهُمُ اللّٰهُ مِنْ فَضْلِهٖ هُوَ خَيْرًا لَّهُمْ ؕ بَلْ هُوَ شَرٌّ لَّهُمْ ؕ سَيُطَوَّقُوْنَ مَا بَخِلُوْا بِهٖ يَوْمَ الْقِيٰمَةِ ؕ وَلِلّٰهِ مِيْرَاثُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرٌ ﴿۱۸۰﴾	**180**
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইয়াহ্ ছাবান্নাল্লায ীনা ইয়াবখালূনা বিমা আ-তা-হুমুল্লা-হু মিং ফাদ লিহী হুওয়া খাইরাল্লাহুম (ط) বাল হুওয়া শাররুল্লাহুম (ط) ছাইউত াওওয়াকূ না মা-বাখিলূ বিহী ইয়াওমাল কি য়া-মাতি (ط) ওয়ালিল্লা-হি মীরাছু ছ ছামা-ওয়া-তি ওয়াল আরদি (ط) ওয়াল্লা-হু বিমা-তা'মালূনা খাবীর।	
তরজমা	আর আল্লাহ্ নিজ অনুগ্রহে যাহা তাহাদের দিয়াছেন তাহাতে যাহারা কৃপণতা করে তাহাদের জন্য উহা মঙ্গল, ইহা যেন তাহারা কিছুতেই মনে না করে। না, ইহা তাহাদের জন্য অমঙ্গল। যাহাতে তাহারা কৃপণতা করিবে কিয়ামতের দিন উহাই তাহাদের গলায় বেড়ি হইবে। আস্মান ও যমীনের স্বত্বাধিকার একমাত্র আল্লাহ্রই। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	لَقَدْ سَمِعَ اللّٰهُ قَوْلَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ فَقِيْرٌ وَّنَحْنُ اَغْنِيَآءُ ۘ سَنَكْتُبُ مَا قَالُوْا وَقَتْلَهُمُ الْاَنْۢبِيَآءَ بِغَيْرِ حَقٍّ ۙ وَّنَقُوْلُ ذُوْقُوْا عَذَابَ الْحَرِيْقِ ﴿۱۸۱﴾	**181**
প্রতিবর্ণায়ন	লাক াদ ছামি'আল্লা-হু ক াওলাল্লায ীনা ক ালূ ইন্নাল্লা-হা ফাক ীরুওঁ ওয়ানাহ নু আগনিয়া~উ (م)। ছানাক্তুবু মা-ক া-লূ ওয়া ক াতলাহুমুল আম্বিয়া~আ বিগাইরি হ াক্কিওঁ (لا) ওয়া নাকূ লু যূ কূ 'আয া-বাল হ ারীক ।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ অবশ্যই অভাবগ্রস্ত আর আমরা অভাবমুক্ত', তাহাদের কথা আল্লাহ্ শুনিয়াছেন। তাহারা যাহা বলিয়াছে তাহা এবং নবীগণকে অন্যায়ভাবে হত্যা করার বিষয় আমি লিখিয়া রাখিব এবং বলিব, 'তোমরা দহন-যন্ত্রণা ভোগ কর।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ذٰلِكَ بِمَا قَدَّمَتْ اَيْدِيْكُمْ وَاَنَّ اللّٰهَ لَيْسَ بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿١٨٢﴾	182
প্রতিবর্ণায়ন	য'া-লিকা বিমা-ক'াদ্দামাত আইদীকুম ওয়া আন্নাল্লা-হা লাইছা বিজ'াল্লা-মিল্ লিল'আবীদ।	
তরজমা	ইহা তোমাদের কৃতকর্মের ফল এবং উহা এই কারণে যে, আল্লাহ্ বান্দাদের প্রতি জালিম নন।	
	اَلَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ عَهِدَ اِلَيْنَآ اَلَّا نُؤْمِنَ لِرَسُوْلٍ حَتّٰى يَاْتِيَنَا بِقُرْبَانٍ تَاْكُلُهُ النَّارُ ۭ قُلْ قَدْ جَاۗءَكُمْ رُسُلٌ مِّنْ قَبْلِيْ بِالْبَيِّنٰتِ وَبِالَّذِيْ قُلْتُمْ فَلِمَ قَتَلْتُمُوْهُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿١٨٣﴾	183
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ক'া-লূ ~ইন্নাল্লা-হা 'আহিদা ইলাইনা ~আল্লা-নু'মিনা লিরাছূলিন হ'াত্তা-ইয়া'তিইয়ানা-বিকু'রবা-নিং তা'কুলুহুন্না-রু (ط) কু'ল ক'াদ জা~আকুম রুছুলুম মিং ক'াবলী বিলবাইয়িনা-তি ওয়াবিল্লায ী কু'লতুম ফালিমা ক'াতালতুমূহুম ইং কুংতুম সা-দিক ীন।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ আমাদেরকে আদেশ দিয়াছেন, আমরা যেন কোন রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন না করি যতক্ষণ পর্যন্ত সে আমাদের নিকট এমন কুরবানী উপস্থিত না করিবে যাহা অগ্নি গ্রাস করিবে; তাহাদেরকে বল, 'আমার পূর্বে অনেক রাসূল স্পষ্ট নিদর্শনসহ এবং তোমরা যাহা বলিতেছ তাহাসহ তোমাদের নিকট আসিয়াছিল, যদি তোমরা সত্যবাদী হও তবে কেন তাহাদেরকে হত্যা করিয়াছিলে ?'	
	فَاِنْ كَذَّبُوْكَ فَقَدْ كُذِّبَ رُسُلٌ مِّنْ قَبْلِكَ جَاۗءُوْ بِالْبَيِّنٰتِ وَالزُّبُرِ وَالْكِتٰبِ الْمُنِيْرِ ﴿١٨٤﴾	184
প্রতিবর্ণায়ন	ফাইং কায'য'াবূকা ফাক'াদ কুয্'যি'বা রুছুলুম্ মিং ক'াবলিকা জা~ঊ বিলবাইয়িনা-তি ওয়াঝ্ঝুবুরি ওয়াল কিতা-বিল মুনীর।	
তরজমা	তাহারা যদি তোমাকে অস্বীকার করে, তোমার পূর্বে যে সকল রাসূল স্পষ্ট নিদর্শন, আসমানী সহীফা এবং দীপ্তিমান কিতাবসহ আসিয়াছিল তাহাদেরকেও তো অস্বীকার করা হইয়াছিল।	
	كُلُّ نَفْسٍ ذَاۗىِٕقَةُ الْمَوْتِ ۭ وَاِنَّمَا تُوَفَّوْنَ اُجُوْرَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ ۭ فَمَنْ زُحْزِحَ عَنِ النَّارِ وَاُدْخِلَ الْجَنَّةَ فَقَدْ فَازَ ۭ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَآ اِلَّا مَتَاعُ الْغُرُوْرِ ﴿١٨٥﴾	185
প্রতিবর্ণায়ন	কুল্লু নাফছিং য'া~ইক'াতুল্ মাওতি (ط) ওয়া ইন্নামা-তুওয়াফ্ফাওনা উজূরাকুম ইয়াওমাল কি'য়া-মাতি (ط) ফামাং ঝুহ্'ঝিহ'া 'আনিন্না-রি ওয়া উদ্খিলাল জান্নাতা ফাক'াদ ফা-ঝা (ط) ওয়ামাল হ'ায়া-তুদ্দুনইয়া-ইল্লা-মাতা-'উল গুরুর।	

তরজমা	জীবমাত্রই মৃত্যুর স্বাদ গ্রহণ করিবে। কিয়ামতের দিন তোমাদেরকে তোমাদের কর্মফল পূর্ণ মাত্রায় দেওয়া হইবে। যাহাকে অগ্নি হইতে দূরে রাখা হইবে এবং জান্নাতে দাখিল করা হইবে সে-ই সফলকাম এবং পার্থিব জীবন ছলনাময় ভোগ ব্যতীত কিছুই নয়।	
	لَتُبْلَوُنَّ فِيْٓ اَمْوَالِكُمْ وَاَنْفُسِكُمْ ۫ وَلَتَسْمَعُنَّ مِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَمِنَ الَّذِيْنَ اَشْرَكُوْٓا اَذًى كَثِيْرًا ۭ وَاِنْ تَصْبِرُوْا وَتَتَّقُوْا فَاِنَّ ذٰلِكَ مِنْ عَزْمِ الْاُمُوْرِ ﴿١٨٦﴾	186
প্রতিবর্ণায়ন	লাতুবলাউন্না ফী~আমওয়া-লিকুম ওয়া আংফুছিকুম (قف) ওয়ালা তাছমা'উন্না মিনাল্লায ীনা উতুল কিতা-বা মিং ক'াবলিকুম ওয়া মিনাল্লায ীনা আশরাকূ~আয ংং কাছ ীরাওঁ (ط) ওয়া ইং তাসবিরু ওয়া তাত্তাকূ' ফাইন্না য া-লিকা মিন 'আঝ্মিল উমূর।	
তরজমা	তোমাদেরকে নিশ্চয়ই তোমাদের ধনৈশ্বর্য ও জীবন সম্বন্ধে পরীক্ষা করা হইবে। তোমাদের পূর্বে যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহাদের এবং মুশরিকদের নিকট হইতে তোমরা অনেক কষ্টদায়ক কথা শুনিবে। যদি তোমরা ধৈর্য ধারণ কর এবং তাক্ওয়া অবলম্বন কর তবে নিশ্চয়ই উহা হইবে দৃঢ়সংকল্পের কাজ।	
	وَاِذْ اَخَذَ اللّٰهُ مِيْثَاقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ لَتُبَيِّنُنَّهٗ لِلنَّاسِ وَلَا تَكْتُمُوْنَهٗ فَنَبَذُوْهُ وَرَاۗءَ ظُهُوْرِهِمْ وَاشْتَرَوْا بِهٖ ثَمَنًا قَلِيْلًا ۭ فَبِئْسَ مَا يَشْتَرُوْنَ ﴿١٨٧﴾	187
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ আখায াল্লা-হু মীছ াক'াল্লায ীনা উতুল কিতা-বা লাতুবাইয়িনুন্নাহূ লিন্না-ছি ওয়ালা-তাক্তুমূনাহূ (ز) ফানাবাযূ হু ওয়ারা~আ জু হূরিহিম ওয়াশ্তারাও বিহী ছ ামানাং ক'ালীলাং (ط) ফাবি'ছা মা-ইয়াশ্তারূন।	
তরজমা	স্মরণ কর, যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল আল্লাহ্ তাহাদের প্রতিশ্রুতি লইয়াছিলেন : 'তোমরা উহা মানুষের নিকট স্পষ্টভাবে প্রকাশ করিবে এবং উহা গোপন করিবে না।' ইহার পরও তাহারা উহা অগ্রাহ্য করে ও তুচ্ছ মূল্যে বিক্রয় করে ; সুতরাং তাহারা যাহা ক্রয় করে তাহা কত নিকৃষ্ট !	
	لَا تَحْسَبَنَّ الَّذِيْنَ يَفْرَحُوْنَ بِمَآ اَتَوْا وَّيُحِبُّوْنَ اَنْ يُّحْمَدُوْا بِمَا لَمْ يَفْعَلُوْا فَلَا تَحْسَبَنَّهُمْ بِمَفَازَةٍ مِّنَ الْعَذَابِ ۚ وَلَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿١٨٨﴾	188
প্রতিবর্ণায়ন	লা-তাহ ছাবান্নাল্লায ীনা ইয়াফ্রাহূ না বিমা~আতাওঁ ওয়া ইউহি ব্বূনা আইঁ ইউহ মাদূ বিমা-লাম ইয়াফ'আলূ ফালা-তাহ ছাবান্নাহুম বিমাফা-ঝাতিম্ মিনাল 'আয া-বি (ج) ওয়া লাহুম 'আয া-বুন আলীম।	

তরজমা	যাহারা নিজেরা যাহা করিয়াছে তাহাতে আনন্দ প্রকাশ করে এবং যাহা নিজেরা করে নাই এমন কাজের জন্য প্রশংসিত হইতে ভালবাসে, তাহারা শাস্তি হইতে মুক্তি পাইবে-এইরূপ তুমি কখনও মনে করিও না। তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿١٨٩﴾	189
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মুলকুছ ছামা-ওয়া-তি ওয়াল আরদি˙ (ص) ওয়াল্লাহু 'আলা-কুল্লি শাইইং ক˙াদীর।	
তরজমা	আস্‌মান ও যমীনের সার্বভৌম ক্ষমতা একমাত্র আল্লাহ্‌রই; আল্লাহ্ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اِنَّ فِىْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ لَاٰيٰتٍ لِّاُولِى الْاَلْبَابِ ﴿١٩٠﴾	190
প্রতিবর্ণায়ন	ইন্না ফী খালকি˙ছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদি˙ ওয়াখতিলা-ফিল্লাইলি ওয়ান্নাহা-রি লাআ-য়া-তিল্ লিঊলিল আলবা-ব।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টিতে, দিবস ও রাত্রির পরিবর্তনে নিদর্শনাবলী রহিয়াছে বোধশক্তিসম্পন্ন লোকের জন্য।	
	الَّذِيْنَ يَذْكُرُوْنَ اللّٰهَ قِيَامًا وَّقُعُوْدًا وَّعَلٰى جُنُوْبِهِمْ وَيَتَفَكَّرُوْنَ فِىْ خَلْقِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ رَبَّنَا مَا خَلَقْتَ هٰذَا بَاطِلًا ۚ سُبْحٰنَكَ فَقِنَا عَذَابَ النَّارِ ﴿١٩١﴾	191
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়ায˙কু˙রূনাল্লা-হা কি˙য়া-মাওঁ ওয়াকু˙'উদাওঁ ওয়া'আলা- জুনূবিহিম ওয়া ইয়াতাফাক্কারূনা ফী খালকি˙ছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি˙ (ج) রাব্বানা-মা-খালাক˙তা হা-য˙া-বা-তি˙লাং (ج) ছুব্‌হ˙া-নাকা ফাকি˙না-'আয˙া-বান্না-র।	
তরজমা	যাহারা দাঁড়াইয়া, বসিয়া ও শুইয়া আল্লাহ্‌কে স্মরণ করে এবং আকাশমণ্ডল ও পৃথিবীর সৃষ্টি সম্বন্ধে চিন্তকরে ও বলে, 'হে আমাদের প্রতিপালক! তুমি ইহা নিরর্থক সৃষ্টি কর নাই, তুমি পবিত্র, তুমি আমাদেরকে দোজখের শাস্তি হইতে রক্ষা কর।	
	رَبَّنَآ اِنَّكَ مَنْ تُدْخِلِ النَّارَ فَقَدْ اَخْزَيْتَهٗ ؕ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿١٩٢﴾	192
প্রতিবর্ণায়ন	রাব্বানা˜ইন্নাক˙া মাং তুদখিলিন্না-রা ফাক˙াদ আখঝাইতাহূ (ط) ওয়ামা-লিজ্জ˙া-লিমীনা মিন্ আংসা-র।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! কাহাকেও তুমি দোজখে নিক্ষেপ করিলে তাহাকে তো তুমি নিশ্চয়ই লাঞ্ছিত করিলে এবং জালিমদের কোন সাহায্যকারী নাই;	
	رَبَّنَآ اِنَّنَا سَمِعْنَا مُنَادِيًا يُّنَادِىْ لِلْاِيْمَانِ اَنْ اٰمِنُوْا بِرَبِّكُمْ فَاٰمَنَّا ۚ رَبَّنَا فَاغْفِرْ لَنَا ذُنُوْبَنَا وَكَفِّرْ عَنَّا سَيِّاٰتِنَا وَتَوَفَّنَا مَعَ الْاَبْرَارِ ﴿١٩٣﴾	193

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	রাব্বানা–ইন্নানা–ছামি'না–মুনা–দিআইঁ ইউনা–দী লিল ঈমা–নি আন আ–মিনূ বিরাব্বিকুম ফাআ–মান্না–(ص)রাব্বানা–ফাগফির্‌লানা–যু নূবানা–ওয়াকাফ্‌ফির'আন্না–ছাইয়িআ–তিনা–ওয়াতাওয়াফ্‌ফানা–মা'আল আব্‌রা–র।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক ! আমরা এক আহ্বায়ককে ঈমানের দিকে আহ্বান করিতে শুনিয়াছি, 'তোমরা তোমাদের প্রতিপালকের প্রতি ঈমান আন।' সুতরাং আমরা ঈমান আনিয়াছি। 'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের পাপ ক্ষমা কর, আমাদের মন্দ কাজগুলি দূরীভূত কর এবং আমাদেরকে সৎকর্মপরায়ণদের সহগামী করিয়া মৃত্যু দিও।	
	رَبَّنَا وَاٰتِنَا مَا وَعَدْتَّنَا عَلٰى رُسُلِكَ وَلَا تُخْزِنَا يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّكَ لَا تُخْلِفُ الْمِيْعَادَ ﴿۱۹۴﴾	**194**
প্রতিবর্ণায়ন	রাব্বানা–ওয়া আ–তিনা–মা–ওয়া–'আত্তানা–'আলা–রুছুলিকা ওয়ালা– তুখঝিনা– ইয়াওমাল কি'য়া–মাতি (ط) ইন্নাকা লা–তুখ্‌লিফুল মী'আ–দ।	
	وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَالرَّسُوْلَ فَاُولٰٓئِكَ مَعَ الَّذِيْنَ اَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ وَالصِّدِّيْقِيْنَ وَالشُّهَدَآءِ وَالصّٰلِحِيْنَ ۚ وَحَسُنَ اُولٰٓئِكَ رَفِيْقًا ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউতি'ইল্লা-হা ওয়ার্‌রাছূলা ফাউলা~ইকা মা'আল্লায'ীনা আন'আমাল্লা-হু 'আলাইহিম মিনান্নাবিইয়ীনা ওয়াসসিদ্দীক'ীনা ওয়াশ শুহাদা~ই ওয়াস্‌সা-লিহ'ীনা (ج) ওয়াহ'াছুনা উলা~ইকা রাফীক'া- ।	
তরজমা	আর কেহ আল্লাহ্ এবং রাসূলের আনুগত্য করিলে সে নবী, সত্যনিষ্ঠ, শহীদ ও সৎকর্মপরায়ণ-যাহাদের প্রতি আল্লাহ অনুগ্রহ করিয়াছেন-তাহাদের সঙ্গী হইবে এবং তাহারা কত উত্তম সঙ্গী!	
	ذٰلِكَ الْفَضْلُ مِنَ اللّٰهِ ۭ وَكَفٰى بِاللّٰهِ عَلِيْمًا ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	য'া-লিকাল ফাদ'লু মিনাল্লা-হি (ط) ওয়াকাফা-বিল্লা-হি 'আলীমা- ।	
তরজমা	ইহা আল্লাহ্‌র অনুগ্রহ। সর্বজ্ঞ হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا خُذُوْا حِذْرَكُمْ فَانْفِرُوْا ثُبَاتٍ اَوِ انْفِرُوْا جَمِيْعًا ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ-মানূ খুযূ' হিয'রাকুম ফাংফিরূ ছুবা-তিন আবি'ংফিরূ জামী'আ- ।	
তরজমা	হে মু'মিনগণ! সতর্কতা অবলম্বন কর; অতঃপর হয় দলে দলে বিভক্ত হইয়া অগ্রসর হও অথবা একসঙ্গে অগ্রসর হও।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
		72
	وَاِنَّ مِنْكُمْ لَمَنْ لَّيُبَطِّئَنَّ ۚ فَاِنْ اَصَابَتْكُمْ مُّصِيْبَةٌ قَالَ قَدْ اَنْعَمَ اللّٰهُ عَلَيَّ اِذْ لَمْ اَكُنْ مَّعَهُمْ شَهِيْدًا ﴿٧٢﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না মিংকুম লামাল্ লাইউবাত্তিআন্না (ج) ফাইন আসা-বাতকুম্ মুসীবাতুং (ج) ক'া-লা ক'াদ আন'আমাল্লা-হু 'আলাইইয়া ইয ' লাম আকুম মা'আহুম্ শাহীদা- ।	
তরজমা	তোমাদের মধ্যে এমন লোক আছে, যে গড়িমসি করিবেই। তোমাদের কোন মুসীবত হইলে সে বলিবে, 'তাহাদের সঙ্গে না থাকায় আল্লাহ্ আমার প্রতি অনুগ্রহ করিয়াছেন।'	
		73
	وَلَئِنْ اَصَابَكُمْ فَضْلٌ مِّنَ اللّٰهِ لَيَقُوْلَنَّ كَاَنْ لَّمْ تَكُنْۢ بَيْنَكُمْ وَبَيْنَهٗ مَوَدَّةٌ يّٰلَيْتَنِيْ كُنْتُ مَعَهُمْ فَاَفُوْزَ فَوْزًا عَظِيْمًا ﴿٧٣﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া লাইন আসা-বাকুম ফাদ'লুম মিনাল্ল-হি লাইয়াকূ'লান্না কাআল্ লাম তাকুম্ বাইনাকুম ওয়া বাইনাহূ মাওয়াদ্দাতুই ইয়া-লাইতানী কুংতু মা'আহুম ফাআফূঝা ফাওঝান 'আজ ীমা- ।	
তরজমা	আর তোমাদের প্রতি আল্লাহ্র অনুগ্রহ হইলে, যেন তোমাদের ও তাহার মধ্যে কোন সম্পর্ক নাই এমনভাবে বলিবেই, 'হায়! যদি তাহাদের সঙ্গে থাকিতাম তবে আমিও বিরাট সাফল্য লাভ করিতাম।'	
		74
	فَلْيُقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ الَّذِيْنَ يَشْرُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا بِالْاٰخِرَةِ ۭ وَمَنْ يُّقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَيُقْتَلْ اَوْ يَغْلِبْ فَسَوْفَ نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿٧٤﴾	
প্রতিবর্ণায়ন	ফালইউকা-তিল ফী ছাবীলিল্লা-হিল্লায ীনা ইয়াশরূনাল হ'ায়া-তাদ্দুনইয়া-বিলআ-খিরাতি (ط) ওয়া মাইঁ ইউক'া-তিল ফী ছাবীলিল্লা-হি ফাইউক'তাল আও ইয়াগ্লিব ফাছাওফা নু'তীহি আজরান 'আজ ীমা- ।	
তরজমা	সুতরাং যাহারা আখিরাতের বিনিময়ে পার্থিব জীবন বিক্রয় করে তাহারা আল্লাহ্র পথে যুদ্ধ করুক এবং কেহ আল্লাহ্র পথে যুদ্ধ করিলে সে নিহত হউক অথবা বিজয়ী হউক আমি তাহাকে মহাপুরস্কার দান করিবই।	
		75
	وَمَا لَكُمْ لَا تُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاۗءِ وَالْوِلْدَانِ الَّذِيْنَ يَقُوْلُوْنَ رَبَّنَآ اَخْرِجْنَا مِنْ هٰذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ اَهْلُهَا ۚ وَاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ وَلِيًّا ۙ وَّاجْعَلْ لَّنَا مِنْ لَّدُنْكَ نَصِيْرًا ﴿٧٥﴾	

প্রতিবর্ণায়ন	ওয়ামা-লাকুম লা-তুক'া-তিলূনা ফী ছাবীলিল্লা-হি ওয়াল মুছতাদ'আফীনা মিনার রিজা-লি ওয়ান্ নিছা~ই ওয়াল্ বি'লদা-নিল্লায'ীনা ইয়াকূ'লূন া রাব্বানা- আখরিজনা- মিন হা-যি'হিল ক'ারইয়াতিজ্জ'া-লিমি আহলুহা- (ج) ওয়াজ'আল লানা- মিল্লাদুংকা ওয়ালিইইয়াওঁ (لا) ওয়াজ'আল লানা- মিল্লাদুংকা নাসীরা- ।	
তরজমা	তোমাদের কী হইল যে, তোমরা যুদ্ধ করিবে না আল্লাহ্‌র পথে এবং অসহায় নরনারী এবং শিশুগণের জন্য, যাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! এই জনপদ-যাহার অধিবাসী জালিম, উহা হইতে আমাদেরকে অন্যত্র লইয়া যাও; তোমার নিকট হইতে কাহাকেও আমাদের অভিভাবক কর এবং তোমার নিকট হইতে কাহাকেও আমাদের সহায় কর।'	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ وَالَّذِيْنَ كَفَرُوْا يُقَاتِلُوْنَ فِيْ سَبِيْلِ الطَّاغُوْتِ فَقَاتِلُوْٓا اَوْلِيَآءَ الشَّيْطٰنِ ۚ اِنَّ كَيْدَ الشَّيْطٰنِ كَانَ ضَعِيْفًا ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা আ-মানূ ইউক'া-তিলূনা ফী ছাবীলিল্লা-হি (ج) ওয়াল্লায'ীনা কাফারূ ইউক'া-তিলূনা ফী ছাবীলিতত'া-গূতি ফাক'া-তিলূ~আওলিয়া~আশশাইত'া-নি (ج) ইন্না ক'াইদাশ্‌শাইতা-নি কা-না দ'া'ঈফা- ।	
তরজমা	যাহারা মু'মিন তাহারা আল্লাহ্‌র পথে যুদ্ধ করে এবং যাহারা কাফির তাহারা তাগূতের পথে যুদ্ধ করে। সুতরাং তোমরা শয়তানের বন্ধুদের বিরুদ্ধে যুদ্ধ কর; শয়তানের কৌশল অবশ্যই দুর্বল।	
	اَلَمْ تَرَ اِلَى الَّذِيْنَ قِيْلَ لَهُمْ كُفُّوْٓا اَيْدِيَكُمْ وَاَقِيْمُوا الصَّلٰوةَ وَاٰتُوا الزَّكٰوةَ ۚ فَلَمَّا كُتِبَ عَلَيْهِمُ الْقِتَالُ اِذَا فَرِيْقٌ مِّنْهُمْ يَخْشَوْنَ النَّاسَ كَخَشْيَةِ اللّٰهِ اَوْ اَشَدَّ خَشْيَةً ۚ وَقَالُوْا رَبَّنَا لِمَ كَتَبْتَ عَلَيْنَا الْقِتَالَ ۚ لَوْلَآ اَخَّرْتَنَآ اِلٰٓى اَجَلٍ قَرِيْبٍ ۗ قُلْ مَتَاعُ الدُّنْيَا قَلِيْلٌ ۚ وَالْاٰخِرَةُ خَيْرٌ لِّمَنِ اتَّقٰى ۫ وَلَا تُظْلَمُوْنَ فَتِيْلًا ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	আলাম তারা ইলাল্লায'ীনা ক'ীলা লাহুম কুফ্‌ফূ~আইদিয়াকুম ওয়াআক'ীমুস্ স্বালা-তা ওয়া আ-তুঝঝাকা-তা (ج) ফালাম্মা-কুতিবা 'আলাইহিমুল কি'তা-লু ইয'া-ফারীকু'ম মিনহুম ইয়াখশাওনান্ না-ছা কাখাশইয়াতিল্লা-হি আও আশাদ্দা খাশইয়াতাওঁ (ج) ওয়া ক'া-লূ রাব্বানা-লিমা কাতাবতা 'আলাইনাল কি'তা-লা (ج) লাওলা~আখখারতানা~ইলা~আজালিং ক'ারীবিং (ج) কু'ল মাতা-'উদ দুনইয়া-ক'ালীলুওঁ (ج) ওয়াল আ-খিরাতু খাইরুল লিমানিত্তাক'া- (قف) ওয়ালা- তুজ'লামূনা ফাতীলা- ।	

তরজমা	তুমি কি তাহাদেরকে দেখ নাই যাহাদেরকে বলা হইয়াছিল, 'তোমরা তোমাদের হস্ত সংবরণ কর, সালাত কায়েম কর এবং যাকাত দাও ?' অতঃপর যখন তাহাদেরকে যুদ্ধের বিধান দেওয়া হইল তখন তাহাদের একদল মানুষকে ভয় করিতেছিল আল্লাহ্‌কে ভয় করার মত অথবা তদপেক্ষা অধিক, এবং বলিতে লাগিল, 'হে আমাদের প্রতিপালক! আমাদের জন্য যুদ্ধের বিধান কেন দিলে ? আমাদেরকে কিছু দিনের অবকাশ দাও না !' বল, 'পার্থিব ভোগ সামান্য এবং যে মুত্তাকী তাহার জন্য পরকালই উত্তম। তোমাদের প্রতি সামান্য পরিমাণও জুলুম করা হইবে না।'	
	اَيْنَ مَا تَكُوْنُوْا يُدْرِكْكُّمُ الْمَوْتُ وَلَوْ كُنْتُمْ فِيْ بُرُوْجٍ مُّشَيَّدَةٍ ؕ وَاِنْ تُصِبْهُمْ حَسَنَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِ اللّٰهِ ۚ وَاِنْ تُصِبْهُمْ سَيِّئَةٌ يَّقُوْلُوْا هٰذِهٖ مِنْ عِنْدِكَ ؕ قُلْ كُلٌّ مِّنْ عِنْدِ اللّٰهِ ؕ فَمَالِ هٰٓؤُلَآءِ الْقَوْمِ لَا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ حَدِيْثًا ﴿۷۸﴾	78
প্রতিবর্ণায়ন	আইনা মা-তাকূনূ ইউদরিক্কুমুল মাওতু ওয়ালাও কুংতুম ফী বুরূজিম মুশাইইয়াদাতিওঁ (ط) ওয়া ইং তুসিবহুম হ'াছানাতুই ইয়াকূ'লূ হা-যি'হী মিন 'ইংদিল্লা-হি (ج) ওয়া ইং তুসিবহুম ছাইয়িআতুই ইয়াকূ'লূ হা-যি'হী মিন 'ইংদিকা (ط) কু'ল কুল্লুম মিন 'ইংদিল্লা-হি (ط) ফামালি হা~উলা~ইল ক'াওমি লা-ইয়াকা-দূনা ইয়াফক'াহূনা হ'াদীছ'া- ।	
তরজমা	তোমরা যেখানেই থাক না কেন মৃত্যু তোমাদের নাগাল পাইবেই, এমনকি সুউচ্চ সুদৃঢ় দুর্গে অবস্থান করিলেও। যদি তাহাদের কোন কল্যাণ হয় তবে তাহারা বলে 'ইহা আল্লাহ্‌র নিকট হইতে।' আর যদি তাহাদের কোন অকল্যাণ হয় তবে তাহারা বলে, 'ইহা তোমার নিকট হইতে।' বল, 'সবকিছুই আল্লাহ্‌র নিকট হইতে।' এই সম্প্রদায়ের হইল কী যে, ইহারা একেবারেই কোন কথা বোঝে না!	
	مَآ اَصَابَكَ مِنْ حَسَنَةٍ فَمِنَ اللّٰهِ ۘ وَمَآ اَصَابَكَ مِنْ سَيِّئَةٍ فَمِنْ نَّفْسِكَ ؕ وَاَرْسَلْنٰكَ لِلنَّاسِ رَسُوْلًا ؕ وَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا ﴿۷۹﴾	79
প্রতিবর্ণায়ন	মা~আসা-বাকা মিন হ'াছানাতিং ফামিনাল্লা-হি (ز) ওয়ামা~আসা-বাকা মিং ছাইয়িআতিং ফামিন নাফছিকা (ط) ওয়া আরছালনা-কা লিন্না-ছি রাছূলাওঁ (ط) ওয়া কাফা-বিলা-হি শাহীদা- ।	
তরজমা	কল্যাণ যাহা তোমার হয় তাহা আল্লাহ্‌র নিকট হইতে এবং অকল্যাণ যাহা তোমার হয় তাহা তোমার নিজের কারণে এবং তোমাকে মানুষের জন্য রাসূলরূপে প্রেরণ করিয়াছি; সাক্ষী হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট।	
	مَنْ يُّطِعِ الرَّسُوْلَ فَقَدْ اَطَاعَ اللّٰهَ ۚ وَمَنْ تَوَلّٰى فَمَآ اَرْسَلْنٰكَ عَلَيْهِمْ حَفِيْظًا ؕ ﴿۸۰﴾	80

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মাইঁ ইউতি'ইর রাছূলা ফাক'াদ আত'া'আল্লা-হা (ج) ওয়ামাং তাওয়াল্লা- ফামা~আরছালনা-কা 'আলাইহিম হ'াফীজ'া- ।	
তরজমা	কেহ রাসূলের আনুগত্য করিলে সে তো আল্লাহ্‌রই আনুগত্য করিল এবং কেহ মুখ ফিরাইয়া লইলে তোমাকে তাহাদের উপর তত্ত্বাবধায়ক প্রেরণ করি নাই।	
	وَيَقُوْلُوْنَ طَاعَةٌ ۫ فَاِذَا بَرَزُوْا مِنْ عِنْدِكَ بَيَّتَ طَآئِفَةٌ مِّنْهُمْ غَيْرَ الَّذِىْ تَقُوْلُ ؕ وَاللّٰهُ يَكْتُبُ مَا يُبَيِّتُوْنَ ۚ فَاَعْرِضْ عَنْهُمْ وَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ؕ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা তা-'আতুং (ز) ফাইয'া-বারাঝু মিন 'ইংদিকা বাইইয়াতা ত'া~ইফাতুম মিনহুম গাইরাল্লায'ী তাকূ'লু (ط) ওয়াল্লা-হু ইয়াকতুবু মা-ইউবাইয়িতূনা (ج) ফাআ'রিদ' 'আনহুম ওয়াতাওয়াক্কাল 'আল্লাল্লা-হি (ط) ওয়া কাফা-বিল্লা-হি ওয়াকীলা- ।	
তরজমা	তাহারা বলে, 'আনুগত্য করি', অতঃপর যখন তাহারা তোমার নিকট হইতে চলিয়া যায় তখন রাত্রে তাহাদের একদল যাহা বলে তাহার বিপরীত পরামর্শ করে। তাহারা যাহা রাত্রে পরামর্শ করে আল্লাহ্ তাহা লিপিবদ্ধ করিয়া রাখেন। সুতরাং তুমি তাহাদেরকে উপেক্ষা কর এবং আল্লাহ্‌র প্রতি ভরসা কর ; কর্মবিধায়ক হিসাবে আল্লাহ্‌ই যথেষ্ট।	
	اَفَلَا يَتَدَبَّرُوْنَ الْقُرْاٰنَ ؕ وَلَوْ كَانَ مِنْ عِنْدِ غَيْرِ اللّٰهِ لَوَجَدُوْا فِيْهِ اخْتِلَافًا كَثِيْرًا ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	আফালা- ইয়াতাদাব্বারূনাল কু'রআ-না (ط) ওয়া লাও কা-না মিন 'ইংদি গাইরিল্লা-হি লাওয়াজাদূ ফীহিখ্‌তিলা-ফাং কাছ'ীরা- ।	
তরজমা	তবে কি তাহারা কুরআন সম্বন্ধে অনুধাবন করে না ? ইহা যদি আল্লাহ্ ব্যতীত অন্য কাহারও নিকট হইতে আসিত তবে তাহারা উহাতে অনেক অসংগতি পাইত।	
	وَاِذَا جَآءَهُمْ اَمْرٌ مِّنَ الْاَمْنِ اَوِ الْخَوْفِ اَذَاعُوْا بِهٖ ؕ وَلَوْ رَدُّوْهُ اِلَى الرَّسُوْلِ وَاِلٰٓى اُولِى الْاَمْرِ مِنْهُمْ لَعَلِمَهُ الَّذِيْنَ يَسْتَنْۢبِطُوْنَهٗ مِنْهُمْ ؕ وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكُمْ وَرَحْمَتُهٗ لَاتَّبَعْتُمُ الشَّيْطٰنَ اِلَّا قَلِيْلًا ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-জা~আহুম আমরুম মিনাল আমনি আবি'ল খাওফি আয'া-'উ বিহী (ط) ওয়া লাও রাদ্দূহু ইলার রাছূলি ওয়া ইলা~উলিল আমরি মিনহুম লা'আলিমাহুল্লায'ীনা ইয়াছতামবিতূ'নাহু মিনহুম (ط) ওয়া লাওলা- ফাদ'লুল্লা-হি 'আল্লাইকুম ওয়া রাহ'মাতুহু লাত্তাবা'তুমশ্‌শাইতা-না ইলা-ক'ালীলা- ।	

তরজমা	যখন শান্তি অথবা শংকার কোন সংবাদ তাহাদের নিকট আসে তখন তাহারা উহা প্রচার করিয়া থাকে। যদি তাহারা উহা রাসূল কিংবা তাহাদের মধ্যে যাহারা ক্ষমতার অধিকারী তাহাদের গোচরে আনিত, তবে তাহাদের মধ্যে যাহারা তথ্য অনুসন্ধান করে তাহারা উহার যথার্থতা নির্ণয় করিতে পারিত। তোমাদের প্রতি যদি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিত তবে তোমাদের অল্পসংখ্যক ব্যতীত সকলে শয়তানের অনুসরণ করিত।	
	فَقَاتِلْ فِيْ سَبِيْلِ اللّٰهِ ۚ لَا تُكَلَّفُ اِلَّا نَفْسَكَ وَحَرِّضِ الْمُؤْمِنِيْنَ ۚ عَسَى اللّٰهُ اَنْ يَّكُفَّ بَاْسَ الَّذِيْنَ كَفَرُوْا ۗ وَ اللّٰهُ اَشَدُّ بَاْسًا وَّاَشَدُّ تَنْكِيْلًا ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ফাক'া-তিল ফী ছাবীলিল্লা-হি লা-তুকাল্লাফু ইলা- নাফছাকা ওয়াহ'াররিদি'ল মু'মিনীনা (চ) 'আছাল্লা-হু আইঁ ইয়াকুফ্‌ফা বা'ছাল্লায 'ীনা কাফারূ (ত) ওয়াল্লা-হু আশাদ্দু বা'ছাও ওয়া আশাদ্দু তাংকীলা- ।	
তরজমা	সুতরাং আল্লাহ্‌র পথে যুদ্ধ কর; তোমাকে শুধু তোমার নিজের জন্য দায়ী করা হইবে এবং মু'মিনগণকে উদ্বুদ্ধ কর, হয়তো আল্লাহ্‌ কাফিরদের শক্তি সংযত করিবেন। আল্লাহ্‌ শক্তিতে প্রবলতর ও শাস্তিদানে কঠোরতর।	
	مَنْ يَّشْفَعْ شَفَاعَةً حَسَنَةً يَّكُنْ لَّهٗ نَصِيْبٌ مِّنْهَا ۚ وَمَنْ يَّشْفَعْ شَفَاعَةً سَيِّئَةً يَّكُنْ لَّهٗ كِفْلٌ مِّنْهَا ۗ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ مُّقِيْتًا ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	মাইঁ ইয়াশফা' শাফা-'আতান হ'াছানাতাইঁ ইয়াকুল্লাহূ নাসীবুম মিনহা- (চ) ওয়া মাই ইয়াশফা' শাফা-আতাং ছাইয়িআতাই ইয়াকুল্লাহু কিফলুম মিনহা- (ত) ওয়া কা-নাল্লা-হু 'আলা-কুল্লি শাইইম মুক'ীতা- ।	
তরজমা	কেহ কোন ভাল কাজের সুপারিশ করিলে উহাতে তাহার অংশ থাকিবে এবং কেহ কোন মন্দ কাজের সুপারিশ করিলে উহাতে তাহার অংশ থাকিবে। আল্লাহ্‌ সর্ববিষয়ে নজর রাখেন।	
	وَاِذَا حُيِّيْتُمْ بِتَحِيَّةٍ فَحَيُّوْا بِاَحْسَنَ مِنْهَآ اَوْ رُدُّوْهَا ۗ اِنَّ اللّٰهَ كَانَ عَلٰى كُلِّ شَيْءٍ حَسِيْبًا ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-হু 'ইয়ীতুম বিতাহি'ইইয়াতিং ফাহ'াইয়ূ বিআহ'ছানা মিনহা- আও রুদ্দূহা- (ত) ইন্নাল্লা-হা কা-না 'আলা- কুল্লি শাইইন হ'াছীবা- ।	
তরজমা	তোমাদেরকে যখন অভিবাদন করা হয় তখন তোমরাও উহা অপেক্ষা উত্তম প্রত্যাভিবাদন করিবে অথবা উহারই অনুরূপ করিবে; নিশ্চয়ই আল্লাহ্‌ সর্ববিষয়ে হিসাব গ্রহণকারী।	
	اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۗ لَيَجْمَعَنَّكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ ۗ وَمَنْ اَصْدَقُ مِنَ اللّٰهِ حَدِيْثًا ﴿٨٧﴾	87

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ইলা-হা ইলা-হুওয়া (ط) লাইয়াজমা'আন্নাকুম ইলা- ইয়াওমিল কি'য়া-মাতি লা-রাইবা ফীহি (ط) ওয়া মান আসদাকু' মিনাল্লা-হি হ'াদীছ'া-।	
তরজমা	আল্লাহ্, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই ; তিনি তোমাদেরকে কিয়ামতের দিন একত্র করিবেনই, ইহাতে কোন সন্দেহ নাই। কে আল্লাহ্ অপেক্ষা অধিক সত্যবাদী ?	
	فَمَا لَكُمْ فِي الْمُنٰفِقِيْنَ فِئَتَيْنِ وَاللّٰهُ اَرْكَسَهُمْ بِمَا كَسَبُوْا ؕ اَتُرِيْدُوْنَ اَنْ تَهْدُوْا مَنْ اَضَلَّ اللّٰهُ ؕ وَمَنْ يُّضْلِلِ اللّٰهُ فَلَنْ تَجِدَ لَهٗ سَبِيْلًا ﴿۸۸﴾	**88**
প্রতিবর্ণায়ন	ফামা-লাকুম ফিল মুনা-ফিক'ীনা ফিআতাইনি ওয়াল্লা-হু আরকাছা-হুম বিমা-কাছাবূ (ط) আতুরীদূনা আং তাহদূ মান আদ'াল্লাল্লা-হু (ط) ওয়া মাইঁ ইউদ'লিলিল্লা-হু ফালাং তাজিদালাহূ ছাবীলা-।	
তরজমা	তোমাদের কী হইল যে, তোমরা মুনাফিকদের সম্বন্ধে দুই দল হইয়া গেলে, যখন আল্লাহ্ তাহাদেরকে তাহাদের কৃতকর্মের জন্য পূর্বাবস্থায় ফিরাইয়া দিয়াছেন! আল্লাহ্ যাহাকে পথভ্রষ্ট করেন তোমরা কি তাহাকে সৎপথে পরিচালিত করিতে চাও ? এবং আল্লাহ্ কাহাকেও পথভ্রষ্ট করিলে তুমি তাহার জন্য কখনও কোন পথ পাইবে না।	
	وَدُّوْا لَوْ تَكْفُرُوْنَ كَمَا كَفَرُوْا فَتَكُوْنُوْنَ سَوَآءً فَلَا تَتَّخِذُوْا مِنْهُمْ اَوْلِيَآءَ حَتّٰى يُهَاجِرُوْا فِيْ سَبِيْلِ اللّٰهِ ؕ فَاِنْ تَوَلَّوْا فَخُذُوْهُمْ وَاقْتُلُوْهُمْ حَيْثُ وَجَدْتُّمُوْهُمْ ۪ وَلَا تَتَّخِذُوْا مِنْهُمْ وَلِيًّا وَّلَا نَصِيْرًا ﴿۸۹﴾	**89**
প্রতিবর্ণায়ন	ওয়াদ্দূ লাও তাকফুরূনা কামা- কাফারূ ফাতাকূনূনা ছাওয়া~আং ফাল্লা- তাত্তাখিযূ' মিনহুম আওলিয়া~আ হ'াত্তা- ইউহা-জিরূ ফী ছাবীলিল্লা-হি (ط) ফাইং তাওয়ালাও ফাখুযূ' হুম ওয়াক'তুলূহুম হ'াইছু' ওয়াজাততুমূহুম (ص) ওয়ালা-তাত্তাখিযূ' মিনহুম ওয়ালিইইয়াওঁ ওয়ালা-নাসীরা-।	
তরজমা	তাহারা ইহাই কামনা করে যে, তাহারা যেরূপ কুফরী করিয়াছে তোমরাও সেইরূপ কুফরী কর, যাহাতে তোমরা তাহাদের সমান হইয়া যাও। সুতরাং আল্লাহ্র পথে হিজরত না করা পর্যন্ত তাহাদের মধ্য হইতে কাহাকেও বন্ধুরূপে গ্রহণ করিবে না। যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে তাহাদেরকে যেখানে পাইবে গ্রেফতার করিবে এবং হত্যা করিবে এবং তাহাদের মধ্য হইতে কাহাকেও বন্ধু ও সহায়রূপে গ্রহণ করিবে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِلَّا الَّذِينَ يَصِلُونَ إِلَىٰ قَوْمٍ بَيْنَكُمْ وَبَيْنَهُم مِّيثَاقٌ أَوْ جَاءُوكُمْ حَصِرَتْ صُدُورُهُمْ أَن يُقَاتِلُوكُمْ أَوْ يُقَاتِلُوا قَوْمَهُمْ ۚ وَلَوْ شَاءَ اللَّهُ لَسَلَّطَهُمْ عَلَيْكُمْ فَلَقَاتَلُوكُمْ ۚ فَإِنِ اعْتَزَلُوكُمْ فَلَمْ يُقَاتِلُوكُمْ وَأَلْقَوْا إِلَيْكُمُ السَّلَمَ ۙ فَمَا جَعَلَ اللَّهُ لَكُمْ عَلَيْهِمْ سَبِيلًا ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায ীনা ইয়াসিলূনা ইলা-ক'াওমিম বাইনাকুম ওয়া বাইনাহুম মীছ'া-ক্বুন আও জা~উকুম হ'াছিরাত সুদূরুহুম আইঁ ইউক'া-তিলূকুম আওঁ ইউক'া-তিলূ ক'াওমাহুম (ط) ওয়ালাও শা~আল্লা-হু লাছাল্লাত'াহুম 'আল্লাইকুম ফালাক'া-তালূকুম্ (ج) ফাইনি'তাঝালূকুম ফালাম ইউক'া-তিলূকুম ওয়া আলক'াও ইলাইকুমছ ছালামা (لا) ফামা-জা'আলাল্লা-হু লাকুম 'আল্লইহিম ছাবীলা- ।	
তরজমা	কিন্তু তাহাদেরকে নয় যাহারা এমন এক সম্প্রদায়ের সঙ্গে মিলিত হয় যাহাদের সঙ্গে তোমরা অঙ্গীকারাবদ্ধ, অথবা যাহারা তোমাদের নিকট এমন অবস্থায় আগমন করে যখন তাহাদের মন তোমাদের সঙ্গে অথবা তাহাদের সম্প্রদায়ের সঙ্গে যুদ্ধ করিতে সংকুচিত হয়। আল্লাহ্ যদি ইচ্ছা করিতেন তবে তাহাদেরকে তোমাদের উপর ক্ষমতা দিতেন এবং তাহারা নিশ্চয় তোমাদের সঙ্গে যুদ্ধ করিত। সুতরাং তাহারা যদি তোমাদের নিকট হইতে সরিয়া দাঁড়ায়, তোমাদের সঙ্গে যুদ্ধ না করে এবং তোমাদের নিকট শান্তি প্রস্তাব করে তবে আল্লাহ্ তোমাদের জন্য তাহাদের বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বনের পথ রাখেন না।	
	سَتَجِدُونَ آخَرِينَ يُرِيدُونَ أَن يَأْمَنُوكُمْ وَيَأْمَنُوا قَوْمَهُمْ ۖ كُلَّمَا رُدُّوا إِلَى الْفِتْنَةِ أُرْكِسُوا فِيهَا ۚ فَإِن لَّمْ يَعْتَزِلُوكُمْ وَيُلْقُوا إِلَيْكُمُ السَّلَمَ وَيَكُفُّوا أَيْدِيَهُمْ فَخُذُوهُمْ وَاقْتُلُوهُمْ حَيْثُ ثَقِفْتُمُوهُمْ ۚ وَأُولَٰئِكُمْ جَعَلْنَا لَكُمْ عَلَيْهِمْ سُلْطَانًا مُّبِينًا ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ছাতাজিদূনা আ-খারীনা ইউরীদূনা আইঁ ইয়া'মানূকুম ওয়া ইয়া'মানূ ক'াওমাহুম (ط) কুল্লামা-রুদ্দূ~ইলাল ফিতনাতি উরকিছূ ফীহা- (ج) ফাইল্লাম ইয়া'তাঝিলূকুম ওয়া ইউলক্বূ~ইলাইকুমুছছালামা ওয়া ইয়াকুফ্ফূ~আইদিয়াহুম ফাখুযূ হুম ওয়াক'তুলূহুম হ'াইছু ছ'াকি'ফতুমূহুম (ط) ওয়া উলা~ইকুম জা'আলনা-লাকুম 'আলাইহিম ছুলত'া-নাম মুবীনা- ।	

তরজমা	তোমরা অপর কিছু লোক পাইবে যাহারা তোমাদের সঙ্গে ও তাহাদের সম্প্রদায়ের সঙ্গে শান্তি চাহিবে। যখনই তাহাদেরকে ফিত্‌নার দিকে আহ্বান করা হয় তখনই এই ব্যাপারে তাহারা তাহাদের পূর্বাবস্থায় প্রত্যাবৃত্ত হয়। যদি তাহারা তোমাদের নিকট হইতে চলিয়া না যায়, তোমাদের নিকট শান্তি প্রস্তাব না করে এবং তাহাদের হস্ত সংবরণ না করে তবে তাহাদেরকে যেখানেই পাইবে গ্রেফতার করিবে ও হত্যা করিবে এবং তোমাদেরকে ইহাদের বিরুদ্ধাচরণের স্পষ্ট অধিকার দিয়াছি।	
	وَمَا كَانَ لِمُؤْمِنٍ اَنْ يَّقْتُلَ مُؤْمِنًا اِلَّا خَطَـًٔا ۚ وَمَنْ قَتَلَ مُؤْمِنًا خَطَـًٔا فَتَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ وَّدِيَةٌ مُّسَلَّمَةٌ اِلٰٓى اَهْلِهٖٓ اِلَّآ اَنْ يَّصَّدَّقُوْا ۭ فَاِنْ كَانَ مِنْ قَوْمٍ عَدُوٍّ لَّكُمْ وَهُوَ مُؤْمِنٌ فَتَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ ۭ وَاِنْ كَانَ مِنْ قَوْمٍۢ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ مِّيْثَاقٌ فَدِيَةٌ مُّسَلَّمَةٌ اِلٰٓى اَهْلِهٖ وَتَحْرِيْرُ رَقَبَةٍ مُّؤْمِنَةٍ ۚ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ شَهْرَيْنِ مُتَتَابِعَيْنِ ۡ تَوْبَةً مِّنَ اللّٰهِ ۭ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿٩٢﴾	**92**
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না লিমু'মিনিন আইঁ ইয়াক'তুলা মু'মিনান ইলা- খাত'আওঁ (ج) ওয়ামাং ক'াতালা মু'মিনান খাতাআং ফাতাহ'রীরু রাক'াবাতিম মু'মিনাতিওঁ ওয়া দিয়াতুম মুছাল্লামাতুন ইলা~ আহলিহী ইলা~আইঁ ইয়াসসাদ্দাকূ' (ط) ফাইং কা-না মিং ক'াওমিন 'আদুওবি'ল্লাকুম ওয়া হুওয়া মু'মিনুং ফাতাহ'রীরু রাক'াবাতিম মু'মিনাতিওঁ (ط) ওয়া ইং কা-না মিং ক'াওমিম বাইনাকুম ওয়া বাইনাহুম মীছ'া-কু'ং ফাদিয়াতুম মুছাল্লামাতুন ইলা~আহলিহী ওয়া তাহ্'রীরু রাক'াবাতিম মু'মিনাতিং (ج) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু শাহরাইনি মুতাতা-বি'আইনি তাওবাতাম্ মিনাল্লা-হি (ط) ওয়া কা-নাল্লা-হু 'আলীমান হ'াকীমা- ।	
তরজমা	কোন মু'মিনকে হত্যা করা কোন মু'মিনের কাজ নয়, তবে ভুলবশত করিলে উহা স্বতন্ত্র; এবং কেহ কোন মু'মিনকে ভুলবশত হত্যা করিলে এক মু'মিন দাস মুক্ত করা এবং তাহার পরিজনবর্গকে রক্তপণ অর্পণ করা বিধেয়, যদি না তাহারা ক্ষমা করে। যদি সে তোমাদের শত্রুপক্ষের লোক হয় এবং মু'মিন হয় তবে এক মু'মিন দাস মুক্ত করা বিধেয়। আর যদি সে এমন এক সম্প্রদায়ভুক্ত হয় যাহার সঙ্গে তোমরা অঙ্গীকারাবদ্ধ তবে তাহার পরিজনবর্গকে রক্তপণ অর্পণ এবং মু'মিন দাস মুক্ত করা বিধেয়, এবং যে সংগতিহীন সে একাদিক্রমে দুই মাস সিয়াম পালন করিবে। তওবার জন্য ইহা আল্লাহ্‌র ব্যবস্থা এবং আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَنْ يَّقْتُلْ مُؤْمِنًا مُّتَعَمِّدًا فَجَزَآؤُهٗ جَهَنَّمُ خٰلِدًا فِيْهَا وَغَضِبَ اللّٰهُ عَلَيْهِ وَلَعَنَهٗ وَاَعَدَّ لَهٗ عَذَابًا عَظِيْمًا ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়াক'তুল মু'মিনাম মুতা'আম্মিদাং ফাজাঝা~উহূ জাহান্নামু খা-লিদাং ফীহা- ওয়া গাদি'বাল্লা-হু 'আল্লইহি ওয়া লা'আনাহু ওয়া আ'আদ্দাল্লাহু 'আয'া-বান 'আজ'ীমা- ।	
তরজমা	কেহ ইচ্ছাকৃতভাবে কোন মু'মিনকে হত্যা করিলে তাহার শাস্তি জাহান্নাম; সেখানে সে স্থায়ী হইবে এবং আল্লাহ্ তাহার প্রতি রুষ্ট হইবেন, তাহাকে লা'নত করিবেন এবং তাহার জন্য মহাশাস্তি প্রস্তুত রাখিবেন।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِذَا ضَرَبْتُمْ فِيْ سَبِيْلِ اللّٰهِ فَتَبَيَّنُوْا وَلَا تَقُوْلُوْا لِمَنْ اَلْقٰٓى اِلَيْكُمُ السَّلٰمَ لَسْتَ مُؤْمِنًا ۚ تَبْتَغُوْنَ عَرَضَ الْحَيٰوةِ الدُّنْيَا ۡ فَعِنْدَ اللّٰهِ مَغَانِمُ كَثِيْرَةٌ ۭ كَذٰلِكَ كُنْتُمْ مِّنْ قَبْلُ فَمَنَّ اللّٰهُ عَلَيْكُمْ فَتَبَيَّنُوْا ۭ اِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ূহাল্লায'ীনা আ-মানূ ইয'া-দ'ারাবতুম ফী ছাবীলিল্লা-হি ফাতাবাইইয়ানূ ওয়ালা-তাকূ'লূ লিমান আলক'া~ইলাইকুমছ্ ছালা-মা লাছতা মু'মিনাং (ج) তাবতাগূনা 'আরাদ'াল হ'ায়া-তিদ্দুনইয়া- (ز) ফা'ইংদাল্লা-হি মাগা-নিমু কাছ'ীরাতুং (ط) কায'া-লিকা কুংতুম মিং ক'াবলু ফামান্নাল্লা-হু 'আল্লাইকুম ফাতাবাইইয়ানূ (ط) ইন্নাল্লা-হা কা-না বিমা- তা'মালূনা খাবীরা- ।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা যখন আল্লাহ্র পথে যাত্রা করিবে তখন পরীক্ষা করিয়া লইবে এবং কেহ তোমাদেরকে সালাম করিলে ইহজীবনের সম্পদের আকাঙ্ক্ষায় তাহাকে বলিও না-'তুমি মু'মিন নও', কারণ আল্লাহ্র নিকট অনায়াসলভ্য সম্পদ প্রচুর রহিয়াছে। তোমরা তো পূর্বে এইরূপই ছিলে, অতঃপর আল্লাহ্ তোমাদের প্রতি অনুগ্রহ করিয়াছেন ; সুতরাং তোমরা পরীক্ষা করিয়া লইবে। তোমরা যাহা কর আল্লাহ্ তো সে বিষয়ে সবিশেষ অবহিত।	
	لَا يَسْتَوِي الْقٰعِدُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ غَيْرُ اُولِي الضَّرَرِ وَالْمُجٰهِدُوْنَ فِيْ سَبِيْلِ اللّٰهِ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ ۭ فَضَّلَ اللّٰهُ الْمُجٰهِدِيْنَ بِاَمْوَالِهِمْ وَاَنْفُسِهِمْ عَلَى الْقٰعِدِيْنَ دَرَجَةً ۭ وَكُلًّا وَّعَدَ اللّٰهُ الْحُسْنٰى ۭ وَفَضَّلَ اللّٰهُ الْمُجٰهِدِيْنَ عَلَى الْقٰعِدِيْنَ اَجْرًا عَظِيْمًا ﴿٩٥﴾	95

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লা–ইয়াছতাবি ল ক'া–'ইদূনা মিনাল মু'মিনীনা গাইরু উলিদ্দ'ারারি ওয়াল মুজা–হিদূনা ফী ছাবীলিল্লা–হি বিআমওয়া–লিহিম ওয়া আংফুছিহিম (ط) ফাদ্দ'ালাল্লা–হুল মুজা–হিদীনা বিআমওয়া–লিহিম ওয়া আংফুসিহিম 'আলাল্ ক'া–'ইদীনা দারাজাতাওঁ (ط) ওয়াকু'ল্লাওঁ ওয়া'আদাল্লা–হুল হু'ছনা– (ط) ওয়াফাদ্দ'ালাল্লা–হুল মুজা–হিদীনা 'আলাল্ ক'া–'ইদীনা আজরান 'আজ ীমা– ।	
তরজমা	মু'মিনদের মধ্যে যাহারা অক্ষম নয় অথচ ঘরে বসিয়া থাকে ও যাহারা আল্লাহ্‌র পথে স্বীয় ধন-প্রাণ দ্বারা জিহাদ করে তাহারা সমান নয়। যাহারা স্বীয় ধন-প্রাণ দ্বারা জিহাদ করে আল্লাহ্ তাহাদেরকে, যাহারা ঘরে বসিয়া থাকে তাহাদের উপর মর্যাদা দিয়াছেন ; আল্লাহ্ সকলকেই কল্যাণের প্রতিশ্রুতি দিয়াছেন। যাহারা ঘরে বসিয়া থাকে তাহাদের উপর যাহারা জিহাদ করে তাহাদেরকে আল্লাহ্ মহাপুরস্কারের ক্ষেত্রে শ্রেষ্ঠত্ব দিয়াছেন।	
	دَرَجٰتٍ مِّنْهُ وَمَغْفِرَةً وَّرَحْمَةً ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿٩٦﴾	**96**
প্রতিবর্ণায়ন	দারাজা–তিম্ মিনহু মাগফিরাতাওঁ ওয়া রাহ'মাতাওঁ (ط) ওয়াকা–নাল্লা–হু গাফূরার রাহ ীমা– ।	
তরজমা	ইহা তাঁহার নিকট হইতে মর্যাদা, ক্ষমা ও দয়া; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	إِنَّ الَّذِيْنَ تَوَفّٰىهُمُ الْمَلٰٓئِكَةُ ظَالِمِيْٓ اَنْفُسِهِمْ قَالُوْا فِيْمَ كُنْتُمْ ؕ قَالُوْا كُنَّا مُسْتَضْعَفِيْنَ فِي الْاَرْضِ ؕ قَالُوْٓا اَلَمْ تَكُنْ اَرْضُ اللّٰهِ وَاسِعَةً فَتُهَاجِرُوْا فِيْهَا ؕ فَاُولٰٓئِكَ مَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَسَآءَتْ مَصِيْرًا ﴿٩٧﴾	**97**
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা তাওয়াফ্‌ফা–হুমুল মালা~ইকাতু জ'া–লিমী আংফুছিহিম ক'া–লূ ফীমা কুংতুম (ط) ক'া–লূ কুন্না–মুছতাদ'আফীনা ফিল আরদি' (ط) ক'া–লূ আলাম তাকুন আরদু'ল্লা–হি ওয়া–ছি'আতাং ফাতুহা–জিরূ ফীহা– (ط) ফাউলা~ইকা মা'ওয়া–হুম জাহান্নামু (ط) ওয়াছা~আত মাসীরা– ।	
তরজমা	যাহারা নিজেদের উপর জুলুম করে তাহাদের প্রাণ গ্রহণের সময় ফিরিশ্‌তাগণ বলে, 'তোমরা কী অবস্থায় ছিলে ?' তাহারা বলে, 'দুনিয়ায় আমরা অসহায় ছিলাম।' তাহারা বলে, 'আল্লাহ্‌র যমীন কি এমন প্রশস্ত ছিল না যেখানে তোমরা হিজরত করিতে ?' ইহাদেরই আবাসস্থল জাহান্নাম, আর উহা কত মন্দ আবাস!	
	اِلَّا الْمُسْتَضْعَفِيْنَ مِنَ الرِّجَالِ وَالنِّسَآءِ وَالْوِلْدَانِ لَا يَسْتَطِيْعُوْنَ حِيْلَةً وَّلَا يَهْتَدُوْنَ سَبِيْلًا ﴿٩٨﴾	**98**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইল্লাল মুছতাদ'আফীনা মিনার্‌রিজা-লি ওয়ান্‌নিছা~ই ওয়াল বি'লদা-নি লা-ইয়াছতাত'ী'উন হ'ীলাতাওঁ ওয়ালা-ইয়াহ্‌তাদূনা ছাবীলা- ।	
তরজমা	তবে যেসব অসহায় পুরুষ, নারী ও শিশু কোন উপায় অবলম্বন করিতে পারে না এবং কোন পথও পায় না,	
	فَأُولَٰئِكَ عَسَى اللَّهُ أَن يَعْفُوَ عَنْهُمْ ۚ وَكَانَ اللَّهُ عَفُوًّا غَفُورًا ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ফাউলা~ইকা 'আসাল্লা-হু আইঁ ইয়া'ফুওয়া 'আনহুম (ط) ওয়াকা-নাল্লা-হু 'আফুওওয়ান গাফূরা- ।	
তরজমা	আল্লাহ্ অচিরেই তাহাদের পাপ মোচন করিবেন, কারণ আল্লাহ্ পাপ মোচনকারী, ক্ষমাশীল।	
	وَمَن يُهَاجِرْ فِي سَبِيلِ اللَّهِ يَجِدْ فِي الْأَرْضِ مُرَاغَمًا كَثِيرًا وَسَعَةً ۚ وَمَن يَخْرُجْ مِن بَيْتِهِ مُهَاجِرًا إِلَى اللَّهِ وَرَسُولِهِ ثُمَّ يُدْرِكْهُ الْمَوْتُ فَقَدْ وَقَعَ أَجْرُهُ عَلَى اللَّهِ ۗ وَكَانَ اللَّهُ غَفُورًا رَّحِيمًا ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউহা-জির ফী ছাবীলিল্লা-হি ইয়াজিদ ফিল আরদি' মুরা-গমাং কাছ'ীরাওঁ ওয়াছা'আতাওঁ (ط) ওয়া মাইঁ ইয়াখরুজ মিম্ বাইতিহী মুহা-জিরান ইলাল্লা-হি ওয়ারাছূলিহি' ছু'ম্মা ইউদরিক্‌হুল মাওতু ফাক'াদ ওয়াক'া'আ আজরুহূ 'আলাল্লা-হি (ط) ওয়া কা-নাল্লা-হু গাফূরার রাহ'ীমা- ।	
তরজমা	কেহ আল্লাহ্‌র পথে হিজরত করিলে সে দুনিয়ায় বহু আশ্রয়স্থল এবং প্রাচুর্য লাভ করিবে এবং কেহ আল্লাহ্ ও রাসূলের উদ্দেশ্যে নিজ গৃহ হইতে মুহাজির হইয়া বাহির হইলে এবং তাহার মৃত্যু ঘটিলে তাহার পুরস্কারের ভার আল্লাহ্‌র উপর; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَإِذَا ضَرَبْتُمْ فِي الْأَرْضِ فَلَيْسَ عَلَيْكُمْ جُنَاحٌ أَن تَقْصُرُوا مِنَ الصَّلَاةِ إِنْ خِفْتُمْ أَن يَفْتِنَكُمُ الَّذِينَ كَفَرُوا ۚ إِنَّ الْكَافِرِينَ كَانُوا لَكُمْ عَدُوًّا مُّبِينًا ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- দ'ারাবতুম ফিল আরদি' ফালাইছা 'আলাইকুম জুনা-হু'ন আং তাক'সুরূ মিনাস্‌সালা-তি (ق) ইন খিফতুম্ আইঁ ইয়াফতিনাকুমুল্লায'ীনা কাফারূ (ط) ইন্নাল কা-ফিরীনা কা-নূ লাকুম 'আদুওওয়াম মুবীনা- ।	
তরজমা	তোমরা যখন দেশ-বিদেশে সফর করিবে তখন যদি তোমাদের আশংকা হয়, কাফিররা তোমাদের জন্য ফিতনা সৃষ্টি করিবে, তবে সালাত সংক্ষিপ্ত করিলে তোমাদের কোন দোষ নাই। নিশ্চয়ই কাফিররা তোমাদের প্রকাশ্য শত্রু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذَا كُنْتَ فِيْهِمْ فَاَقَمْتَ لَهُمُ الصَّلٰوةَ فَلْتَقُمْ طَآئِفَةٌ مِّنْهُمْ مَّعَكَ وَلْيَاْخُذُوْٓا اَسْلِحَتَهُمْ ۫ فَاِذَا سَجَدُوْا فَلْيَكُوْنُوْا مِنْ وَّرَآئِكُمْ ۪ وَلْتَاْتِ طَآئِفَةٌ اُخْرٰى لَمْ يُصَلُّوْا فَلْيُصَلُّوْا مَعَكَ وَلْيَاْخُذُوْا حِذْرَهُمْ وَاَسْلِحَتَهُمْ ۚ وَدَّ الَّذِيْنَ كَفَرُوْا لَوْ تَغْفُلُوْنَ عَنْ اَسْلِحَتِكُمْ وَاَمْتِعَتِكُمْ فَيَمِيْلُوْنَ عَلَيْكُمْ مَّيْلَةً وَّاحِدَةً ۭ وَلَا جُنَاحَ عَلَيْكُمْ اِنْ كَانَ بِكُمْ اَذًى مِّنْ مَّطَرٍ اَوْ كُنْتُمْ مَّرْضٰٓى اَنْ تَضَعُوْٓا اَسْلِحَتَكُمْ ۚ وَخُذُوْا حِذْرَكُمْ ۭ اِنَّ اللّٰهَ اَعَدَّ لِلْكٰفِرِيْنَ عَذَابًا مُّهِيْنًا ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-কুংতা ফীহিম ফাআক'ামতালাহুমুস্সালা-তা ফালতাকুম তা~ইফাতুম মিনহুম মা'আকা ওয়ালইয়া'খুযূ' আছলিহ'াতাহুম (قف) ফাইয'া- ছাজাদূ ফালইয়াকূনূ মিওঁ ওয়া রা~ইকুম (ص) ওয়ালতা'তি তা~ইফাতুন উখরা- লাম ইউসাল্লূ ফালইউসাল্লূ মা'আকা ওয়ালইয়া'খুযু' হি'য'রাহুম ওয়া আছলিহ'াতাহুম (ج) ওয়াদ্দাল্লায'ীনা কাফারু লাও তাগফুলূনা 'আন আছলিহ'াতিকুম ওয়া আমতি'আতিকুম ফাইয়ামীলূনা 'আলাইকুম মাইলাতাওঁ ওয়া-হি'দাতাওঁ (ط) ওয়ালা- জুনা-হ'া 'আলাইকুম ইং কা-না বিকুম্ আয'াম্ মিম্মাত'ারিন আও কু'ংতুম মারদ'া-আং তাদ'াউ- আছলিহ'াতাকুম (ج) ওয়া খুযূ' হি'য'রাকুম (ط) ইন্নাল্লা-হা আ'আদ্দা লিল্কা-ফিরীনা 'আয'া-বাম মুহীনা- ।	
তরজমা	আর তুমি যখন তাহাদের মধ্যে অবস্থান করিবে ও তাহাদের সঙ্গে সালাত কায়েম করিবে তখন তাহাদের একদল তোমার সঙ্গে যেন দাঁড়ায় এবং তাহারা যেন সশস্ত্র থাকে। তাহাদের সিজ্‌দা করা হইলে তাহারা যেন তোমাদের পিছনে অবস্থান করে ; আর অপর একদল যাহারা সালাতে শরীক হয় নাই তাহারা তোমার সঙ্গে যেন সালাতে শরীক হয় এবং তাহারা যেন সতর্ক ও সশস্ত্র থাকে। কাফিররা কামনা করে যেন তোমরা তোমাদের অস্ত্রশস্ত্র ও আসবাবপত্র সম্বন্ধে অসতর্ক হও যাহাতে তাহারা তোমাদের উপর একেবারে ঝাঁপাইয়া পড়িতে পারে। যদি তোমরা বৃষ্টির জন্য কষ্ট পাও অথবা পীড়িত থাক তবে তোমরা অস্ত্র রাখিয়া দিলে তোমাদের কোন দোষ নাই; কিন্তু তোমরা সতর্কতা অবলম্বন করিবে। নিশ্চয়ই আল্লাহ্ কাফিরদের জন্য লাঞ্ছনাদায়ক শাস্তি প্রস্তুত রাখিয়াছেন।	
	فَاِذَا قَضَيْتُمُ الصَّلٰوةَ فَاذْكُرُوا اللّٰهَ قِيٰمًا وَّقُعُوْدًا وَّعَلٰي جُنُوْبِكُمْ ۚ فَاِذَا اطْمَاْنَنْتُمْ فَاَقِيْمُوا الصَّلٰوةَ ۚ اِنَّ الصَّلٰوةَ كَانَتْ عَلَي الْمُؤْمِنِيْنَ كِتٰبًا مَّوْقُوْتًا ﴿١٠٣﴾	103

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাইয ̇া– ক ̇াদ ̇াইতুমুস্সালা–তা ফায ̇কুরুল্লা–হা কি ̇য়া–মাওঁ ওয়াকু ̇‘উদাওঁ ওয়া‘আলা জুনূবিকুম (ج) ফাইয ̇াত ̇মা’নাংতুম ফাআক ̇ীমুস সালা–তা (ج) ইন্নাস্সালা–তা কা–নাত ‘আলাল্ মু’মিনীনা কিতা–বাম মাওকূ ̇তা– ।	
তরজমা	যখন তোমরা সালাত সমাপ্ত করিবে তখন দাঁড়াইয়া, বসিয়া এবং শুইয়া আল্লাহ্কে স্মরণ করিবে, যখন তোমরা নিরাপদ হইবে তখন যথাযথ সালাত কায়েম করিবে ; নির্ধারিত সময়ে সালাত কায়েম করা মু’মিনদের জন্য অবশ্যকর্তব্য।	
	وَلَا تَهِنُوْا فِي ابْتِغَآءِ الْقَوْمِ ۭ اِنْ تَكُوْنُوْا تَاْلَمُوْنَ فَاِنَّهُمْ يَاْلَمُوْنَ كَمَا تَاْلَمُوْنَ ۚ وَتَرْجُوْنَ مِنَ اللّٰهِ مَا لَا يَرْجُوْنَ ۭ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿١٠٤﴾	**104**
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তাহিনূ ফিবতিগা~ইল ক ̇াওমি (ط) ইং তাকূনূ তা’লামূনা ফাইন্নাহুম ইয়া’লামূনা কামা–তা’লামূনা, ওয়া তারজূনা মিনাল্লা–হি মা–লা ইয়ারজূনাওয়া কা–নাল্লা–হু ‘আলীমান হ ̇াকীমা– ।	
তরজমা	শত্রু সম্প্রদায়ের সন্ধানে তোমরা হতোদ্যম হইও না। যদি তোমরা যন্ত্রণা পাও তবে তাহারাও তো তোমাদের মতই যন্ত্রণা পায় এবং আল্লাহ্র নিকট তোমরা যাহা আশা কর উহারা তাহা আশা করে না। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	اِنَّآ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ لِتَحْكُمَ بَيْنَ النَّاسِ بِمَآ اَرٰىكَ اللّٰهُ ۭ وَلَا تَكُنْ لِّلْخَاۗىِٕنِيْنَ خَصِيْمًا ﴿١٠٥﴾ۙ	**105**
প্রতিবর্ণায়ন	ইন্না– আংঝালনা~ইলাইকাল কিতা–বা বিলহ ̇াক্কি ̇ লিতাহ ̇কুমা বাইনান্না–ছি বিমা~আরা–কাল্লা–হু (ط) ওয়ালা– তাকুল্ লিলখা~ইনীনা খাসীমা– ।	
তরজমা	আমি তো তোমার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করিয়াছি যাহাতে তুমি আল্লাহ্ তোমাকে যাহা জানাইয়াছেন সেই অনুসারে মানুষের মধ্যে বিচার মীমাংসা কর এবং তুমি বিশ্বাসভঙ্গকারীদের সমর্থনে তর্ক করিও না।	
	وَّاسْتَغْفِرِ اللّٰهَ ۭ اِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٠٦﴾	**106**
প্রতিবর্ণায়ন	ওয়াছতাগ্ফিরিল্লা–হা (ط) ইন্নাল্লা–হা কা–না গাফূরার রাহ ̇ীমা– ।	
তরজমা	আর আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা কর; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَلَا تُجَادِلْ عَنِ الَّذِيْنَ يَخْتَانُوْنَ اَنْفُسَھُمْ ۭ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ مَنْ كَانَ خَوَّانًا اَثِـيْمًا ﴿١٠٧﴾ۚ	**107**
প্রতিবর্ণায়ন	ওয়ালা তুজা–দিল ‘আনিল্লায ̇ীনা ইয়াখতা–নূনা আংফুছাহুম (ط) ইন্নাল্লা–হা লা–ইউহি ̇ব্বু মাং কা–না খাওওয়া–নান আছ ̇ীমা– ।	
তরজমা	যাহারা নিজেদেরকে প্রতারিত করে তাহাদের পক্ষে বাদ-বিসম্বাদ করিও না, নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বাসভঙ্গকারী পাপীকে পসন্দ করেন না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يَّسْتَخْفُوْنَ مِنَ النَّاسِ وَلَا يَسْتَخْفُوْنَ مِنَ اللّٰهِ وَهُوَ مَعَهُمْ اِذْ يُبَيِّتُوْنَ مَا لَا يَرْضٰى مِنَ الْقَوْلِ ؕ وَكَانَ اللّٰهُ بِمَا يَعْمَلُوْنَ مُحِيْطًا ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	ইয়াছতাখফূনা মিনান্না–ছি ওয়ালা– ইয়াছতাখফূনা মিনাল্লা–হি ওয়া হুওয়া মা'আহুম ইয' ইউবাইয়িতূনা মা–লা– ইয়ারদ'া– মিনাল ক'াওলি (ط) ওয়া ক'া–নাল্লা–হু বিমা– ইয়া'মালূনা মুহ'ীত'া–।	
তরজমা	তাহারা মানুষ হইতে গোপন করিতে চাহে কিন্তু আল্লাহ্ হইতে গোপন করে না; অথচ তিনি তাহাদের সঙ্গেই আছেন রাত্রে যখন তাহারা, তিনি যাহা পসন্দ করেন না-এমন বিষয়ে পরামর্শ করে এবং তাহারা যাহা করে তাহা সর্বতোভাবে আল্লাহ্র জ্ঞানায়ত্ত।	
	هٰۤاَنْتُمْ هٰۤؤُلَآءِ جٰدَلْتُمْ عَنْهُمْ فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۫ فَمَنْ يُّجَادِلُ اللّٰهَ عَنْهُمْ يَوْمَ الْقِيٰمَةِ اَمْ مَّنْ يَّكُوْنُ عَلَيْهِ وَكِيْلًا ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	হা~আংতুম হা~উলা~ই জা–দালতুম 'আনহুম ফিল হ'ায়া–তিদ্দুনইয়া– (قف) ফামাই ইউজা–দিলুল্লা–হা 'আনহুম ইয়াওমাল কি'য়া–মাতি আম মাই ইয়াকূনু 'আলাইহিম ওয়াকীলা–।	
তরজমা	দেখ, তোমরাই ইহজীবনে তাহাদের পক্ষে বিতর্ক করিতেছ; কিন্তু কিয়ামতের দিন আল্লাহ্র সম্মুখে কে তাহাদের পক্ষে বিতর্ক করিবে অথবা কে তাহাদের উকীল হইবে?	
	وَمَنْ يَّعْمَلْ سُوْٓءًا اَوْ يَظْلِمْ نَفْسَهٗ ثُمَّ يَسْتَغْفِرِ اللّٰهَ يَجِدِ اللّٰهَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	ওয়ামাই ইয়া'মাল্ ছূ~আন আও ইয়াজ'লিম নাফছাহূ ছু'ম্মা ইয়াছতাগফিরিল্লা–হা ইয়াজিদিল্লা–হা গাফূরার রাহ'ীমা–।	
তরজমা	কেহ কোন মন্দ কাজ করিয়া অথবা নিজের প্রতি জুলুম করিয়া পরে আল্লাহ্র নিকট ক্ষমা প্রার্থনা করিলে আল্লাহ্কে সে ক্ষমাশীল, পরম দয়ালু পাইবে।	
	وَمَنْ يَّكْسِبْ اِثْمًا فَاِنَّمَا يَكْسِبُهٗ عَلٰى نَفْسِهٖ ؕ وَكَانَ اللّٰهُ عَلِيْمًا حَكِيْمًا ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ওয়া মাই ইয়াকছিব ইছ'মাং ফাইন্নামা– ইয়াকছিবুহূ 'আলা– নাফছিহী (ط) ওয়া কা–নাল্লা–হু 'আলীমান হ'াকীমা–।	
তরজমা	কেহ পাপ কাজ করিলে সে উহা নিজের ক্ষতির জন্যই করে। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَمَنْ يَّكْسِبْ خَطِيْٓـَٔةً اَوْ اِثْمًا ثُمَّ يَرْمِ بِهٖ بَرِيْٓـًٔا فَقَدِ احْتَمَلَ بُهْتَانًا وَّاِثْمًا مُّبِيْنًا ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	ওয়া মাই ইয়াকছিব খাত'ী~আতান আও ইছ'মাং ছু'ম্মা ইয়ার্মি বিহী বারীআং ফাক'াদিহ'তামালা বুহতা–নাওঁ ওয়া ইছ'মাম মুবীনা–।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	কেহ কোন দোষ বা পাপ করিয়া পরে উহা কোন নির্দোষ ব্যক্তির প্রতি আরোপ করিলে সে তো মিথ্যা অপবাদ ও স্পষ্ট পাপের বোঝা বহন করে।	
	وَلَوْلَا فَضْلُ اللّٰهِ عَلَيْكَ وَرَحْمَتُهٗ لَهَمَّتْ طَّآئِفَةٌ مِّنْهُمْ اَنْ يُّضِلُّوْكَ ؕ وَمَا يُضِلُّوْنَ اِلَّاۤ اَنْفُسَهُمْ وَمَا يَضُرُّوْنَكَ مِنْ شَیْءٍ ؕ وَاَنْزَلَ اللّٰهُ عَلَيْكَ الْكِتٰبَ وَالْحِكْمَةَ وَعَلَّمَكَ مَا لَمْ تَكُنْ تَعْلَمُ ؕ وَكَانَ فَضْلُ اللّٰهِ عَلَيْكَ عَظِيْمًا ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা- ফাদ'লুল্লা-হি 'আলাইকা ওয়া রাহ'মাতুহূ লাহাম্মাত ত'া~ইফাতুম মিনহুম আইঁ ইউদি'ল্লূকা (ط) ওয়ামা-ইউদি'ল্লূনা ইলা~আংফুছাহুম ওয়ামা- ইয়াদু'ররূনাকা মিং শাইইওঁ (ط) ওয়া আংঝালাল্লা-হু 'আলাইকাল কিতা-বা ওয়াল হি'কমাতা ওয়া 'আল্লামাকা মা-লাম তাকুং তা'লামু (ط) ওয়াকা-না ফাদ'লুল্লা-হি 'আল্লাইকা 'আজ'ীমা- ।	
তরজমা	তোমার প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ ও দয়া না থাকিলে তাহাদের একদল তোমাকে পথভ্রষ্ট করিতে চাহিতই। কিন্তু তাহারা নিজেদেরকে ব্যতীত আর কাহাকেও পথভ্রষ্ট করে না এবং তোমার কোনই ক্ষতি করিতে পারে না। আল্লাহ্‌ তোমার প্রতি কিতাব ও হিকমত অবতীর্ণ করিয়াছেন এবং তুমি যাহা জানিতে না তাহা তোমাকে শিক্ষা দিয়াছেন; তোমার প্রতি আল্লাহ্‌র মহা অনুগ্রহ রহিয়াছে।	
	لَا خَيْرَ فِیْ كَثِيْرٍ مِّنْ نَّجْوٰىهُمْ اِلَّا مَنْ اَمَرَ بِصَدَقَةٍ اَوْ مَعْرُوْفٍ اَوْ اِصْلَاحٍ بَيْنَ النَّاسِ ؕ وَمَنْ يَّفْعَلْ ذٰلِكَ ابْتِغَآءَ مَرْضَاتِ اللّٰهِ فَسَوْفَ نُؤْتِيْهِ اَجْرًا عَظِيْمًا ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	লা-খাইরা ফী কাছ'ীরিম মিন্ নাজওয়া-হুম ইল্লা-মান আমারা বিসাদাক'াতিন আও মা'রূফিন আও ইসলা-হি'ম বাইনান্না-ছি (ط) ওয়া মাইঁ ইয়াফ'আল য'া-লিকাব্ তিগা~আ মারদ'া-তিল্লা-হি ফাছাওফা নু'তীহি আজরান 'আজ'ীমা- ।	
তরজমা	তাহাদের অধিকাংশ গোপন পরামর্শে কোন কল্যাণ নাই, তবে কল্যাণ আছে যে নির্দেশ দেয় দান-খয়রাত, সৎকর্ম ও মানুষের মধ্যে শান্তি স্থাপনের; আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের আকাঙ্ক্ষায় কেহ উহা করিলে তাহাকে অবশ্যই আমি মহাপুরস্কার দিব।	
	وَمَنْ يُّشَاقِقِ الرَّسُوْلَ مِنْۢ بَعْدِ مَا تَبَيَّنَ لَهُ الْهُدٰى وَيَتَّبِعْ غَيْرَ سَبِيْلِ الْمُؤْمِنِيْنَ نُوَلِّهٖ مَا تَوَلّٰى وَنُصْلِهٖ جَهَنَّمَ ؕ وَسَآءَتْ مَصِيْرًا ﴿۱۱۵﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইউশা~কি'কি'ররাছূলা মিম বা'দি মা-তাবাইইয়ানা লাহুল হুদা-ওয়া ইয়াত্তাবি' গাইরা ছাবীলিল্ মু'মিনীনা নুওয়াল্লিহী মা-তাওয়াল্লা-ওয়ানুসলিহী জাহান্নামা (ط) ওয়া ছা~আত মাসীরা- ।	

তরজমা	কাহারও নিকট সৎপথ প্রকাশ হওয়ার পর সে যদি রাসূলের বিরুদ্ধাচরণ করে এবং মু'মিনদের পথ ব্যতীত অন্য পথ অনুসরণ করে, তবে যেদিকে সে ফিরিয়া যায় সেদিকেই তাহাকে ফিরাইয়া দিব এবং জাহান্নামে তাহাকে দগ্ধ করিব, আর উহা কত মন্দ আবাস!	
	إِنَّ اللَّهَ لَا يَغْفِرُ أَن يُشْرَكَ بِهِ وَيَغْفِرُ مَا دُونَ ذَٰلِكَ لِمَن يَشَاءُ ۚ وَمَن يُشْرِكْ بِاللَّهِ فَقَدْ ضَلَّ ضَلَالًا بَعِيدًا ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াগফিরু আইঁ ইউশরাকা বিহী ওয়া ইয়াগফিরু মা-দূনা য'া-লিকা লিমাই ইয়াশা~উ (ط) ওয়ামাইঁ ইউশরিক বিল্লা-হি' ফাক'াদ্ দ'াল্লা দ'ালা-লাম বা'ঈদা- ।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ তাঁহার সঙ্গে শরীক করাকে ক্ষমা করেন না; ইহা ব্যতীত সব কিছু যাহাকে ইচ্ছা ক্ষমা করেন এবং কেহ আল্লাহ্র শরীক করিলে সে ভীষণভাবে পথভ্রষ্ট হয়।	
	إِن يَدْعُونَ مِن دُونِهِ إِلَّا إِنَاثًا ۖ وَإِن يَدْعُونَ إِلَّا شَيْطَانًا مَّرِيدًا ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াদ'ঊনা মিং দূনিহী~ ইল্লা~ ইনা-ছাওঁ (ج) ওয়াই ইয়াদ'ঊনা ইল্লা-শাইত'া-নাম মারীদা- ।	
তরজমা	তাঁহার পরিবর্তে তাহারা দেবীরই পূজা করে এবং বিদ্রোহী শয়তানেরই পূজা করে-	
	لَّعَنَهُ اللَّهُ ۘ وَقَالَ لَأَتَّخِذَنَّ مِنْ عِبَادِكَ نَصِيبًا مَّفْرُوضًا ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	লা'আনাহুল্লা-হু (م) । ওয়াক'া-লা লাআত্তাখিয'ান্না মিন 'ইবা-দিকা নাসীবাম মাফরূদ'া- ।	
তরজমা	আল্লাহ্ তাহাকে লা'নত করেন এবং সে বলে, 'আমি অবশ্যই তোমার বান্দাদের এক নির্দিষ্ট অংশকে আমার অনুসারী করিয়া লইব।	
	وَلَأُضِلَّنَّهُمْ وَلَأُمَنِّيَنَّهُمْ وَلَآمُرَنَّهُمْ فَلَيُبَتِّكُنَّ آذَانَ الْأَنْعَامِ وَلَآمُرَنَّهُمْ فَلَيُغَيِّرُنَّ خَلْقَ اللَّهِ ۚ وَمَن يَتَّخِذِ الشَّيْطَانَ وَلِيًّا مِّن دُونِ اللَّهِ فَقَدْ خَسِرَ خُسْرَانًا مُّبِينًا ﴿١١٩﴾	119
প্রতিবর্ণায়ন	ওয়ালা উদি'ল্লান্নাহুম ওয়ালা উমান্নিইয়ান্নাহুম ওয়ালা আ-মুরান্নাহুম ফালাইউবাত্তিকুন্না আ-য'া-নাল আন'আ-মি ওয়ালাআ-মুরান্নাহুম ফালাইউগাইয়িরুন্না খালক'াল্লা-হি (ط) ওয়ামাইঁ ইয়াত্তাখিযি'শ্শাইত'া-না ওয়ালিইইয়াম্ মিং দূনিল্লা-হি ফাক'াদ্ খাছিরা খুছরা-নাম মুবীনা- ।	

তরজমা	আমি তাহাদেরকে পথভ্রষ্ট করিবই; তাহাদের হৃদয়ে মিথ্যা বাসনার সৃষ্টি করিবই, আমি তাহাদেরকে নিশ্চয়ই নির্দেশ দিব আর তাহারা পশুর কর্ণচ্ছেদ করিবেই, এবং তাহাদেরকে নিশ্চয়ই নির্দেশ দিব আর তাহারা আল্লাহ্‌র সৃষ্টি বিকৃত করিবেই। আল্লাহ্‌র পরিবর্তে কেহ শয়তানকে অভিভাবকরূপে গ্রহণ করিলে সে স্পষ্টতই ক্ষতিগ্রস্ত হয়।	
	يَعِدُهُمْ وَيُمَنِّيهِمْ ۖ وَمَا يَعِدُهُمُ الشَّيْطَانُ إِلَّا غُرُورًا ﴿١٢٠﴾	120
প্রতিবর্ণায়ন	ইয়া'ইদূহুম ওয়া ইউমান্নীহিম (ط) ওয়ামা- ইয়া'ইদুহুমশ্‌শাইত ান-নু ইল্লা- গুরূরা- ।	
তরজমা	সে তাহাদেরকে প্রতিশ্রুতি দেয় এবং তাহাদের হৃদয়ে মিথ্যা বাসনার সৃষ্টি করে; আর শয়তান তাহাদেরকে যে প্রতিশ্রুতি দেয় তাহা ছলনামাত্র।	
	أُولَٰئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَلَا يَجِدُونَ عَنْهَا مَحِيصًا ﴿١٢١﴾	121
প্রতিবর্ণায়ন	উলা~ইকা মা'ওয়া-হুম জাহান্নামু (ز) ওয়ালা-ইয়াজিদূনা 'আনহা-মাহ ীসা- ।	
তরজমা	ইহাদেরই আশ্রয়স্থল জাহান্নাম, উহা হইতে তাহারা নিষ্কৃতির উপায় পাইবে না।	
	وَالَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ سَنُدْخِلُهُمْ جَنَّاتٍ تَجْرِي مِنْ تَحْتِهَا الْأَنْهَارُ خَالِدِينَ فِيهَا أَبَدًا ۖ وَعْدَ اللَّهِ حَقًّا ۚ وَمَنْ أَصْدَقُ مِنَ اللَّهِ قِيلًا ﴿١٢٢﴾	122
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ াত-তি ছানুদখিলুহুম জান্নাতিং তাজরি মিং তা হ তিহাল আনহা-রু খালিদীনা ফীহা-আবাদাওঁ (ط) ওয়া'দাল্লা-হি হ াক্ক াওঁ (ط) ওয়ামান আসদাকু মিনাল্লা-হি ক ীলা- ।	
তরজমা	আর যাহারা ঈমান আনে ও সৎকাজ করে তাহাদেরকে দাখিল করিব জান্নাতে, যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা চিরস্থায়ী হইবে ; আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, কে আল্লাহ্‌ অপেক্ষা কথায় অধিক সত্যবাদী ?	
	لَيْسَ بِأَمَانِيِّكُمْ وَلَا أَمَانِيِّ أَهْلِ الْكِتَابِ ۗ مَنْ يَعْمَلْ سُوءًا يُجْزَ بِهِ ۙ وَلَا يَجِدْ لَهُ مِنْ دُونِ اللَّهِ وَلِيًّا وَلَا نَصِيرًا ﴿١٢٣﴾	123
প্রতিবর্ণায়ন	লাইছা বিআমা-নিইইয়ুকুম ওয়ালা ~আমা-নিইয়ি আহলিল কিতাবি (ط) মাইঁ ইয়া'মাল ছূআইঁ ইউজঝা বিহী (لا) ওয়ালা-ইয়াজিদ লাহু মিং দূনিল্লা-হি ওয়ালিইইয়াওঁ ওয়ালা-নাসীরা- ।	
তরজমা	তোমাদের খেয়াল-খুশি ও কিতাবীদের খেয়াল-খুশি অনুসারে কাজ হইবে না; কেহ মন্দ কাজ করিলে তাহার প্রতিফল সে পাইবে এবং আল্লাহ্‌ ব্যতীত তাহার জন্য সে কোন অভিভাবক ও সহায় পাইবে না।	

124

وَمَنْ يَّعْمَلْ مِنَ الصّٰلِحٰتِ مِنْ ذَكَرٍ اَوْ اُنْثٰى وَهُوَ مُؤْمِنٌ فَاُولٰٓئِكَ يَدْخُلُوْنَ الْجَنَّةَ وَلَا يُظْلَمُوْنَ نَقِيْرًا ﴿١٢٤﴾

প্রতিবর্ণায়ন

ওয়া মাইঁ ইয়া'মাল মিনাস্‌সা-লিহা-তি মিং যাকারিন আও উংছা-ওয়া হুওয়া মু'মিনুং ফাউলা~ইকা ইয়াদখুলূনাল জান্নাতা ওয়ালা- ইউজ লামূনা নাকীরা- ।

তরজমা

পুরুষ অথবা নারীর মধ্যে কেহ সৎকাজ করিলে ও মু'মিন হইলে তাহারা জান্নাতে দাখিল হইবে এবং তাহাদের প্রতি অণু পরিমাণও জুলুম করা হইবে না।

125

وَمَنْ اَحْسَنُ دِيْنًا مِّمَّنْ اَسْلَمَ وَجْهَهٗ لِلّٰهِ وَهُوَ مُحْسِنٌ وَّاتَّبَعَ مِلَّةَ اِبْرٰهِيْمَ حَنِيْفًا ؕ وَاتَّخَذَ اللّٰهُ اِبْرٰهِيْمَ خَلِيْلًا ﴿١٢٥﴾

প্রতিবর্ণায়ন

ওয়া মান আহ্‌ছানু দীনাম মিম্মান আছলামা ওয়াজহাহূ লিল্লা-হি ওয়া হুওয়া মুহ্‌ছিনুওঁ ওয়াত্তাবা'আ মিল্লাতা ইবরা-হীমা হ'ানীফাওঁ (ত) ওয়াত্তাখায আল্লা-হু ইবরা-হীমা খালীলা- ।

তরজমা

তাহার অপেক্ষা দীনে কে উত্তম, যে সৎকর্মপরায়ণ হইয়া আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করে এবং একনিষ্ঠভাবে ইব্‌রাহীমের ধর্মাদর্শ অনুসরণ করে ? এবং আল্লাহ্ ইব্‌রাহীমকে বন্ধুরূপে গ্রহণ করিয়াছেন।

126

وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ بِكُلِّ شَيْءٍ مُّحِيْطًا ﴿١٢٦﴾

প্রতিবর্ণায়ন

ওয়ালিল্লা-হি মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি (ত) ওয়াকা-নাল্লা-হু বিকুল্লি শাইইম মুহীতা- ।

তরজমা

আস্‌মান ও যমীনে যাহা কিছু আছে সব আল্লাহ্‌রই এবং সবকিছুকে আল্লাহ্ পরিবেষ্টন করিয়া রহিয়াছেন।

127

وَيَسْتَفْتُوْنَكَ فِي النِّسَآءِ ؕ قُلِ اللّٰهُ يُفْتِيْكُمْ فِيْهِنَّ ۙ وَمَا يُتْلٰى عَلَيْكُمْ فِي الْكِتٰبِ فِيْ يَتٰمَى النِّسَآءِ الّٰتِيْ لَا تُؤْتُوْنَهُنَّ مَا كُتِبَ لَهُنَّ وَتَرْغَبُوْنَ اَنْ تَنْكِحُوْهُنَّ وَالْمُسْتَضْعَفِيْنَ مِنَ الْوِلْدَانِ ۙ وَاَنْ تَقُوْمُوْا لِلْيَتٰمٰى بِالْقِسْطِ ؕ وَمَا تَفْعَلُوْا مِنْ خَيْرٍ فَاِنَّ اللّٰهَ كَانَ بِهٖ عَلِيْمًا ﴿١٢٧﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয়াছতাফতূনাকা ফিন্‌নিছা-ই (ত) কুলিল্লা-হু ইউফতীকুম ফীহিন্না (ল) ওয়ামা-ইউতলা-'আলাইকুম ফিল্ কিতা-বি ফী ইয়াতা-মান্‌নিছা~ইল্লা-তী লা-তু'তূনাহুন্না মা-কুতিবা লাহুন্না ওয়া তারগাবূনা আং তাংকিহূ'হুন্না ওয়ালমুছতাদ'আফীনা মিনাল বি লদা-নি (ল) ওয়া আং তাকূ'মূ লিলইয়াতা-মা-বিলকি'ছতি (ত) ওয়ামা- তাফ'আলূ মিন খাইরিং ফাইন্নাল্লা-হা কা-না বিহী 'আলীমা- ।

তরজমা	আর লোকে তোমার নিকট নারীদের বিষয়ে ব্যবস্থা জানিতে চায়। বল, 'আল্লাহ্ তোমাদেরকে তাহাদের সম্বন্ধে ব্যবস্থা জানাইতেছেন এবং ইয়াতীম নারী সম্পর্কে যাহাদের প্রাপ্য তোমরা প্রদান কর না, অথচ তোমরা তাহাদেরকে বিবাহ করিতে চাও এবং অসহায় শিশুদের সম্বন্ধে ও ইয়াতীমদের প্রতি তোমাদের ন্যায়বিচার সম্পর্কে যাহা কিতাবে তোমাদেরকে শোনান হয়, তাহাও পরিষ্কারভাবে জানাইয়া দেন।' আর যে কোন সৎকাজ তোমরা কর আল্লাহ্ তো তাহা সবিশেষ অবহিত।	
		128
	وَاِنِ امْرَاَةٌ خَافَتْ مِنْۢ بَعْلِهَا نُشُوْزًا اَوْ اِعْرَاضًا فَلَا جُنَاحَ عَلَيْهِمَآ اَنْ يُّصْلِحَا بَيْنَهُمَا صُلْحًا ؕ وَالصُّلْحُ خَيْرٌ ؕ وَاُحْضِرَتِ الْاَنْفُسُ الشُّحَّ ؕ وَاِنْ تُحْسِنُوْا وَتَتَّقُوْا فَاِنَّ اللّٰهَ كَانَ بِمَا تَعْمَلُوْنَ خَبِيْرًا ﴿١٢٨﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া ইনিম্ রাআতুন খা-ফাত মিম্ বা'লিহা ন্নুশূঝান আও ই'রা-দ ন ফালা- জুনা-হ'া 'আলাইহিমা-আই ইউসলিহ'া- বাইনাহুমা-সুলহ'াওঁ (ط) ওয়াসসুলহু খাইরুওঁ (ط) ওয়া উহ'দি'রাতিল আংফুছশ্শুহ্'হ'া (ط) ওয়া ইং তুহ'ছিনূ ওয়া তাত্তাকূ ফাইন্নাল্লা-হা কা-না বিমা-তা'মালূনা খাবীরা- ।	
তরজমা	কোন স্ত্রী যদি তাহার স্বামীর দুর্ব্যবহার কিংবা উপেক্ষার আশংকা করে তবে তাহারা আপোস-নিষ্পত্তি করিতে চাহিলে তাহাদের কোন গুনাহ নাই এবং আপোস-নিষ্পত্তিই শ্রেয়। মানুষ লোভহেতু স্বভাবত কৃপণ; এবং যদি তোমরা সৎকর্মপরায়ণ হও ও মুত্তাকী হও, তবে তোমরা যাহা কর নিশ্চয়ই আল্লাহ্ তাহার খবর রাখেন।	
		129
	وَلَنْ تَسْتَطِيْعُوْٓا اَنْ تَعْدِلُوْا بَيْنَ النِّسَآءِ وَلَوْ حَرَصْتُمْ فَلَا تَمِيْلُوْا كُلَّ الْمَيْلِ فَتَذَرُوْهَا كَالْمُعَلَّقَةِ ؕ وَاِنْ تُصْلِحُوْا وَتَتَّقُوْا فَاِنَّ اللّٰهَ كَانَ غَفُوْرًا رَّحِيْمًا ﴿١٢٩﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া লাং তাছতাত'ী'উ~ আং তা'দিলূ বাইনান্নিছা~ই ওয়ালাও হ'ারাসতুম ফালা-তামীলূ কুল্লাল মাইলি ফাতায'ারূহা-ক'ালমু'আল্লাক'াতি (ط) ওয়া ইং তুসলিহূ ওয়া তাত্তাকূ ফাইন্নাল্লা-হা কা-না গাফূরার রাহ'ীমা- ।	
তরজমা	আর তোমরা যতই ইচ্ছা কর না কেন তোমাদের স্ত্রীদের প্রতি সমান ব্যবহার করিতে কখনই পারিবে না ; তবে তোমরা কোন একজনের দিকে সম্পূর্ণভাবে ঝুঁকিয়া পড়িও না ও অপরকে ঝুলানো অবস্থায় রাখিও না। যদি তোমরা নিজেদেরকে সংশোধন কর ও সাবধান হও তবে নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
		130
	وَاِنْ يَّتَفَرَّقَا يُغْنِ اللّٰهُ كُلًّا مِّنْ سَعَتِهٖ ؕ وَكَانَ اللّٰهُ وَاسِعًا حَكِيْمًا ﴿١٣٠﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইয়াতাফাররাক'া- ইউগনিল্লা-হু কুল্লাম মিং ছা'আতিহী (ط) ওয়া কা-নাল্লা-হু ওয়া-ছি'আন্ হ'াকীমা- ।	

তরজমা	যদি তাহারা পরস্পর পৃথক হইয়া যায়, তবে আল্লাহ্ তাঁহার প্রাচুর্য দ্বারা তাহাদের প্রত্যেককে অভাবমুক্ত করিবেন। আল্লাহ্ প্রাচুর্যময়, প্রজ্ঞাময়।	
		131
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَلَقَدْ وَصَّيْنَا الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَاِيَّاكُمْ اَنِ اتَّقُوا اللّٰهَ ؕ وَاِنْ تَكْفُرُوْا فَاِنَّ لِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَكَانَ اللّٰهُ غَنِيًّا حَمِيْدًا ﴿١٣١﴾	
প্রতিবর্ণায়ন	ওয়ালিল্লা-হি মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি˙ (ত) ওয়ালাক˙াদ ওয়াসসাইনাল্লায˙ীনা ঊতুল কিতা-বা মিং ক˙াবলিকুম ওয়া ইইয়া- কুম আনিত্তাকু˙ল্লা-হা (ত) ওয়া ইং তাকফুরূ ফাইন্না লিল্লা-হি মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি˙ (ত) ওয়া কা-নাল্লা-হু গানিইইয়ান হ˙ামীদা- ।	
তরজমা	আস্‌মানে যাহা আছে ও যমীনে যাহা আছে সব আল্লাহ্‌রই; তোমাদের পূর্বে যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তাহাদেরকে এবং তোমাদেরকেও নির্দেশ দিয়াছি যে, তোমরা আল্লাহ্‌কে ভয় করিবে এবং তোমরা কুফরী করিলেও আস্‌মানে যাহা আছে ও যমীনে যাহা আছে তাহা আল্লাহ্‌রই এবং আল্লাহ্ অভাবমুক্ত, প্রশংসাভাজন।	
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ وَكَفٰى بِاللّٰهِ وَكِيْلًا ﴿١٣٢﴾	**132**
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মা-ফিছ্ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আরদি˙ (ত) ওয়া কাফা-বিল্লা-হি ওয়াক˙ীলা- ।	
তরজমা	আস্‌মানে যাহা আছে ও যমীনে যাহা আছে সব আল্লাহ্‌রই এবং কর্মবিধানে আল্লাহ্‌ই যথেষ্ট।	
	اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ اَيُّهَا النَّاسُ وَيَاْتِ بِاٰخَرِيْنَ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى ذٰلِكَ قَدِيْرًا ﴿١٣٣﴾	**133**
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াশা' ইউয˙হিব্‌কুম আইয়ুহান্না-ছু ওয়া ইয়া'তি বিআ-খারীনা (ত) ওয়া কা-নাল্লা-হু ‘আলা য˙া-লিকা ক˙াদীরা- ।	
তরজমা	হে মানুষ ! তিনি ইচ্ছা করিলে তোমাদেরকে অপসারিত করিতে ও অপরকে আনিতে পারেন; আল্লাহ্ ইহা করিতে সম্পূর্ণ সক্ষম।	
	مَنْ كَانَ يُرِيْدُ ثَوَابَ الدُّنْيَا فَعِنْدَ اللّٰهِ ثَوَابُ الدُّنْيَا وَالْاٰخِرَةِ ؕ وَكَانَ اللّٰهُ سَمِيْعًا بَصِيْرًا ﴿١٣٤﴾	**134**
প্রতিবর্ণায়ন	মাং কা-না ইউরীদু ছ˙াওয়া-বাদ্দুনইয়া-ফা‘ইংদাল্লা-হি ছ˙াওয়া-বুদ্দুন্‌ইয়া-ওয়াল আ-খিরাতি (ত) ওয়া কা-নাল্লা-হু ছামী‘আম বাসীরা- ।	
তরজমা	কেহ দুনিয়ার পুরস্কার চাহিলে তবে আল্লাহ্‌র নিকট দুনিয়া ও আখিরাতে পুরস্কার রহিয়াছে। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বদ্রষ্টা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ كُونُوا۟ قَوَّٰمِينَ بِٱلْقِسْطِ شُهَدَآءَ لِلَّهِ وَلَوْ عَلَىٰٓ أَنفُسِكُمْ أَوِ ٱلْوَٰلِدَيْنِ وَٱلْأَقْرَبِينَ ۚ إِن يَكُنْ غَنِيًّا أَوْ فَقِيرًا فَٱللَّهُ أَوْلَىٰ بِهِمَا ۖ فَلَا تَتَّبِعُوا۟ ٱلْهَوَىٰٓ أَن تَعْدِلُوا۟ ۚ وَإِن تَلْوُۥٓا۟ أَوْ تُعْرِضُوا۟ فَإِنَّ ٱللَّهَ كَانَ بِمَا تَعْمَلُونَ خَبِيرًا ﴿١٣٥﴾	135
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ কূনূ ক াওওয়া-মীনা বিলকি ছতি শুহাদা~আ লিল্লা-হি ওয়া লাও 'আলা~আংফুছিকুম আবি ল ওয়া-লিদাইনি ওয়ালআক রাবীনা (ج) ইয়ঁ ইয়াকুন গানিইইয়ান্ আও ফাক ীরাং ফাল্লা-হু আওলা-বিহিমা- (قف) ফালা- তাত্তাবি'উল হ াওয়া~ আং তা'দিলূ (ج) ওয়া ইং তালউ~আও তু'রিদূ ফাইনাল্লা-হা কা-না বিমা- তা'মালূনা খাবীরা- ।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা ন্যায়বিচারে দৃঢ়প্রতিষ্ঠিত থাকিবে আল্লাহ্‌র সাক্ষীস্বরূপ; যদিও ইহা তোমাদের নিজেদের অথবা পিতা-মাতা এবং আত্মীয়-স্বজনের বিরুদ্ধে হয় ; সে বিত্তবান হউক অথবা বিত্তহীন হউক আল্লাহ্ উভয়েরই ঘনিষ্ঠতর। সুতরাং তোমরা ন্যায়বিচার করিতে প্রবৃত্তির অনুগামী হইও না। যদি তোমরা পেঁচালো কথা বল অথবা পাশ কাটাইয়া যাও তবে তোমরা যাহা কর আল্লাহ্ তো তাহার সম্যক খবর রাখেন।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا۟ ءَامِنُوا۟ بِٱللَّهِ وَرَسُولِهِ وَٱلْكِتَٰبِ ٱلَّذِى نَزَّلَ عَلَىٰ رَسُولِهِۦ وَٱلْكِتَٰبِ ٱلَّذِىٓ أَنزَلَ مِن قَبْلُ ۚ وَمَن يَكْفُرْ بِٱللَّهِ وَمَلَٰٓئِكَتِهِۦ وَكُتُبِهِۦ وَرُسُلِهِ وَٱلْيَوْمِ ٱلْءَاخِرِ فَقَدْ ضَلَّ ضَلَٰلًۢا بَعِيدًا ﴿١٣٦﴾	136
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ আ-মিনূ বিল্লা-হি ওয়া রাছূলিহী ওয়াল কিতা-বিল্লায ী নাঝ্‌ঝালা 'আলা- রাছূলিহী ওয়াল কিতা-বিল্লায ী- আংঝাল্লা মিং ক াবলু (ط) ওয়ামাইঁ ইয়াকফুর বিল্লা-হি ওয়া মালা~ইকাতিহী ওয়াকুতুবিহী ওয়ারুছুলিহী ওয়ালইয়াওমিল আ-খিরি ফাক াদ্ দ াল্লা দ াল্লা-লাম্ বা'ঈদা- ।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা আল্লাহে, তাঁহার রাসূলে, তিনি যে কিতাব তাঁহার রাসূলের প্রতি অবতীর্ণ করিয়াছেন তাহাতে এবং যে কিতাব তিনি পূর্বে অবতীর্ণ করিয়াছেন তাহাতে ঈমান আন। এবং কেহ আল্লাহ্, তাঁহার ফিরিশ্‌তাগণ, তাঁহার কিতাবসমূহ, তাঁহার রাসূলগণ এবং আখিরাতকে প্রত্যাখ্যান করিলে সে তো ভীষণভাবে পথভ্রষ্ট হইয়া পড়িবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ الَّذِينَ آمَنُوا ثُمَّ كَفَرُوا ثُمَّ آمَنُوا ثُمَّ كَفَرُوا ثُمَّ ازْدَادُوا كُفْرًا لَّمْ يَكُنِ اللَّهُ لِيَغْفِرَ لَهُمْ وَلَا لِيَهْدِيَهُمْ سَبِيلًا ﴿١٣٧﴾	137
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ছু ম্মা কাফারু ছু ম্মা আ-মানূ ছু ম্মা কাফারু ছু ম্মাঝ্দা-দূ কুফরাল লাম্ ইয়াকুনিল্লা-হু লিইয়াগফিরালাহুম্ ওয়ালা- লিইয়াহ্দিয়াহুম ছাবীলা- ।	
তরজমা	নিশ্চয়ই যাহারা ঈমান আনে ও পরে কুফরী করে এবং আবার ঈমান আনে, আবার কুফরী করে; অতঃপর তাহাদের কুফরী প্রবৃত্তি বৃদ্ধি পায়, আল্লাহ্ তাহাদেরকে কিছুতেই ক্ষমা করিবেন না এবং তাহাদেরকে কোন পথও দেখাইবেন না।	
	بَشِّرِ الْمُنَافِقِينَ بِأَنَّ لَهُمْ عَذَابًا أَلِيمًا ﴿١٣٨﴾	138
প্রতিবর্ণায়ন	বাশ্শিরিল মুনা-ফিক ীনা বিআন্না ল্লাহুম ‘আয াবান ‘আলীমা- ।	
তরজমা	মুনাফিকদেরকে শুভ সংবাদ দাও যে, তাহাদের জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	الَّذِينَ يَتَّخِذُونَ الْكَافِرِينَ أَوْلِيَاءَ مِن دُونِ الْمُؤْمِنِينَ ۚ أَيَبْتَغُونَ عِندَهُمُ الْعِزَّةَ فَإِنَّ الْعِزَّةَ لِلَّهِ جَمِيعًا ﴿١٣٩﴾	139
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াত্তাখিযূ নাল কা-ফিরীনা আওলিয়া~আ মিং দূনিল মু’মিনীনা (ط) আইয়াব্তাগূনা ‘ইংদাহুমুল ‘ইঝ্ঝাতা ফাইন্নাল্ ‘ইঝ্ঝাতা লিল্লা-হি জামী‘আ- ।	
তরজমা	মু’মিনগণের পরিবর্তে যাহারা কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করে তাহারা কি উহাদের নিকট ইয্যত চায় ? সমস্ত ইয্যত তো আল্লাহ্রই।	
	وَقَدْ نَزَّلَ عَلَيْكُمْ فِي الْكِتَابِ أَنْ إِذَا سَمِعْتُمْ آيَاتِ اللَّهِ يُكْفَرُ بِهَا وَيُسْتَهْزَأُ بِهَا فَلَا تَقْعُدُوا مَعَهُمْ حَتَّىٰ يَخُوضُوا فِي حَدِيثٍ غَيْرِهِ ۚ إِنَّكُمْ إِذًا مِّثْلُهُمْ ۗ إِنَّ اللَّهَ جَامِعُ الْمُنَافِقِينَ وَالْكَافِرِينَ فِي جَهَنَّمَ جَمِيعًا ﴿١٤٠﴾	140
প্রতিবর্ণায়ন	ওয়াক াদ নাঝ্যালা ‘আলাইকুম ফিল কিতা-বি আন ইয া- ছামি‘তুম আ-য়া-তিল্লা-হি ইউক্ফারু বিহা- ওয়া ইউছ্তাহঝাউ বিহা- ফালা- তাক ‘ঊদূ মা‘আহুম হ াত্তা- ইয়াখূদূ ফী হ াদীছি ন গাইরিহী~ (ز) ইন্নাকুম ইয াম্মিছ লুহুম (ط) ইন্নাল্লা-হা জা-মি‘উল মুনা-ফিক ীনা ওয়াল্ কা-ফিরীনা ফী জাহান্নামা জামী‘আ- ।	

তরজমা	কিতাবে তোমাদের প্রতি তিনি তো অবতীর্ণ করিয়াছেন যে, যখন তোমরা শুনিবে, আল্লাহ্‌র আয়াত প্রত্যাখ্যাত হইতেছে এবং উহাকে বিদ্রূপ করা হইতেছে, তখন যে পর্যন্ত তাহারা অন্য প্রসঙ্গে লিপ্ত না হইবে তোমরা তাহাদের সঙ্গে বসিও না ; অন্যথায় তোমরাও উহাদের মত হইবে। মুনাফিক এবং কাফির সকলকেই আল্লাহ্‌ তো জাহান্নামে একত্র করিবেন।	
	الَّذِيْنَ يَتَرَبَّصُوْنَ بِكُمْ ۚ فَاِنْ كَانَ لَكُمْ فَتْحٌ مِّنَ اللّٰهِ قَالُوْٓا اَلَمْ نَكُنْ مَّعَكُمْ ۖ وَاِنْ كَانَ لِلْكٰفِرِيْنَ نَصِيْبٌ ۙ قَالُوْٓا اَلَمْ نَسْتَحْوِذْ عَلَيْكُمْ وَنَمْنَعْكُمْ مِّنَ الْمُؤْمِنِيْنَ ۭ فَاللّٰهُ يَحْكُمُ بَيْنَكُمْ يَوْمَ الْقِيٰمَةِ ۭ وَلَنْ يَّجْعَلَ اللّٰهُ لِلْكٰفِرِيْنَ عَلَى الْمُؤْمِنِيْنَ سَبِيْلًا ﴿١٤١﴾	**141**
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াতারাব্বাসূনা বিকুম (ج) ফাইং কা–না লাকুম ফাতহু ম মিনাল্লা–হি ক া–লূ– আলাম নাকুম মা'আকুম (ز) ওয়া ইং কা–না লিল্‌কা–ফিরীনা নাসীবুং (لا) ক া–লূ আলাম নাছতাহ বি য্ 'আলাইকুম ওয়া নামনা'কুম মিনাল মু'মিনীনা (ط) ফাল্লা–হু ইয়াহ্‌ কুমু বাইনাকুম ইয়াওমাল কি য়া–মাতি (ط) ওয়ালাইঁ ইয়াজ'আলাল্লা–হু লিল্‌কা–ফিরীনা 'আলাল মু'মিনীনা ছাবীলা– ।	
তরজমা	যাহারা তোমাদের অমঙ্গলের প্রতীক্ষায় থাকে তাহারা আল্লাহ্‌র পক্ষ হইতে তোমাদের জয় হইলে বলে, 'আমরা কি তোমাদের সঙ্গে ছিলাম না ?' আর যদি কাফিরদের কিছু বিজয় হয়, তবে তাহারা বলে, 'আমরা কি তোমাদের পরিবেষ্টন করিয়া রাখিয়াছিলাম না এবং আমরা কি তোমাদেরকে মু'মিনদের হাত হইতে রক্ষা করি নাই ?' আল্লাহ্‌ কিয়ামতের দিন তোমাদের মধ্যে বিচার মীমাংসা করিবেন এবং আল্লাহ্‌ কখনই মু'মিনদের বিরুদ্ধে কাফিরদের জন্য কোন পথ রাখিবেন না।	
	اِنَّ الْمُنٰفِقِيْنَ يُخٰدِعُوْنَ اللّٰهَ وَهُوَ خَادِعُهُمْ ۚ وَاِذَا قَامُوْٓا اِلَى الصَّلٰوةِ قَامُوْا كُسَالٰى ۙ يُرَاۗءُوْنَ النَّاسَ وَلَا يَذْكُرُوْنَ اللّٰهَ اِلَّا قَلِيْلًا ﴿١٤٢﴾	**142**
প্রতিবর্ণায়ন	ইন্নাল মুনা–ফিক ীনা ইউখা–দি'ঊনাল্লা–হা ওয়া হুওয়া খা–দি'উহুম (ج) ওয়া ইয া–ক া–মূ ইলাস্‌সালা–তি ক া–মূ কুছা–লা– (لا) ইউরা~ঊনান্না–ছা ওয়ালা– ইয়ায্‌ কুরূনাল্লা–হা ইল্লা– ক ালীলা– ।	
তরজমা	নিশ্চয়ই মুনাফিকরা আল্লাহ্‌র সঙ্গে ধোঁকাবাজি করে ; বস্তুত তিনি তাহাদেরকে উহার শাস্তি দেন, আর যখন তাহারা সালাতে দাঁড়ায় তখন শৈথিল্যের সঙ্গে দাঁড়ায়-কেবল লোক দেখানোর জন্য এবং আল্লাহ্‌কে তাহারা অল্পই স্মরণ করে;	

	مُّذَبۡذَبِيۡنَ بَيۡنَ ذٰلِكَ ۖ لَاۤ اِلٰى هٰٓؤُلَاۤءِ وَلَاۤ اِلٰى هٰٓؤُلَاۤءِ ؕ وَمَنۡ يُّضۡلِلِ اللّٰهُ فَلَنۡ تَجِدَ لَهٗ سَبِيۡلًا ﴿۱۴۳﴾	143
প্রতিবর্ণায়ন	মুযাব্যাবীনা বাইনা যা-লিকা (ق) লা~ইলা-হা~ উলা~ই ওয়ালা~ইলা-হা~উলা~ই (ط) ওয়া মাইঁ ইউদ্লিলিল্লা-হু ফালাং তাজিদালাহু ছাবীলা- ।	
তরজমা	দোটানায় দোদুল্যমান-না ইহাদের দিকে, না উহাদের দিকে! এবং আল্লাহ্ যাহাকে পথভ্রষ্ট করেন তুমি তাহার জন্য কখনও কোন পথ পাইবে না।	
	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡا لَا تَتَّخِذُوا الۡكٰفِرِيۡنَ اَوۡلِيَآءَ مِنۡ دُوۡنِ الۡمُؤۡمِنِيۡنَ ؕ اَتُرِيۡدُوۡنَ اَنۡ تَجۡعَلُوۡا لِلّٰهِ عَلَيۡكُمۡ سُلۡطٰنًا مُّبِيۡنًا ﴿۱۴۴﴾	144
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায্যীনা আ-মানূ লা- তাত্তাখিযূল্ কা-ফিরীনা আওলিয়া~আ মিং দুনিল মু'মিনীনা (ط) আতুরীদূনা আং তাজ'আলূ লিল্লা- হি 'আলাইকুম ছুলত্বা-নাম মুবীনা- ।	
তরজমা	হে মু'মিনগণ ! তোমরা মু'মিনগণের পরিবর্তে কাফিরদেরকে বন্ধুরূপে গ্রহণ করিও না। তোমরা কি আল্লাহ্কে তোমাদের বিরুদ্ধে স্পষ্ট প্রমাণ দিতে চাও ?	
	اِنَّ الۡمُنٰفِقِيۡنَ فِى الدَّرۡكِ الۡاَسۡفَلِ مِنَ النَّارِ ۚ وَلَنۡ تَجِدَ لَهُمۡ نَصِيۡرًا ۙ﴿۱۴۵﴾	145
প্রতিবর্ণায়ন	ইন্নাল মুনা- ফিক্বীনা ফিদ্দারকিল আছফালি মিনান্না- রি (ج) ওয়ালাং তাজিদালাহুম নাসীরা- ।	
তরজমা	মুনাফিকরা তো জাহান্নামের নিম্নতম স্তরে থাকিবে এবং তাহাদের জন্য তুমি কখনও কোন সহায় পাইবে না।	
	اِلَّا الَّذِيۡنَ تَابُوۡا وَاَصۡلَحُوۡا وَاعۡتَصَمُوۡا بِاللّٰهِ وَاَخۡلَصُوۡا دِيۡنَهُمۡ لِلّٰهِ فَاُولٰٓئِكَ مَعَ الۡمُؤۡمِنِيۡنَ ؕ وَسَوۡفَ يُؤۡتِ اللّٰهُ الۡمُؤۡمِنِيۡنَ اَجۡرًا عَظِيۡمًا ﴿۱۴۶﴾	146
তরজমা	হে রাসূল! তোমাকে যেন দুঃখ না দেয় যাহারা কুফরীর দিকে দ্রুত ধাবিত হয়-যাহারা মুখে বলে, 'ঈমান আনিয়াছি', অথচ তাহাদের অন্তর ঈমান আনে না এবং ইয়াহূদীদের মধ্যে যাহারা অসত্য শ্রবণে তৎপর, তোমার নিকট আসে না এমন এক ভিন্ন দলের পক্ষে যাহারা কান পাতিয়া থাকে। শব্দগুলি যথাযথ সুবিন্যস্ত থাকার পরও তাহারা সেগুলির অর্থ বিকৃত করে। তাহারা বলে, 'এই প্রকার বিধান দিলে গ্রহণ করিও এবং উহা না দিলে বর্জন করিও।' এবং আল্লাহ্ যাহার পথচ্যুতি চান তাহার জন্য আল্লাহ্র নিকট তোমার কিছুই করিবার নাই। তাহাদের হৃদয়কে আল্লাহ্ বিশুদ্ধ করিতে চান না; তাহাদের জন্য আছে দুনিয়ায় লাঞ্ছনা আর আখিরাতে রহিয়াছে তাহাদের জন্য মহাশাস্তি।	
	سَمّٰعُوْنَ لِلْكَذِبِ اَكّٰلُوْنَ لِلسُّحْتِ ؕ فَاِنْ جَآءُوْكَ فَاحْكُمْ بَيْنَهُمْ اَوْ اَعْرِضْ عَنْهُمْ ۚ وَاِنْ تُعْرِضْ عَنْهُمْ فَلَنْ يَّضُرُّوْكَ شَيْـًٔا ؕ وَاِنْ حَكَمْتَ فَاحْكُمْ بَيْنَهُمْ بِالْقِسْطِ ؕ اِنَّ اللّٰهَ يُحِبُّ الْمُقْسِطِيْنَ ﴿۴۲﴾	**42**
প্রতিবর্ণায়ন	ছাম্মা-'ঊনা লিলকাযি'বি আক্কা-লূনা লিছছূহ'তি (ط) ফাইং জা~ঊকা ফাহ'কুম বাইনাহুম আও আ'রিদ' 'আনহুম (ج) ওয়া ইং তু'রিদ' আনহুম ফালাইঁ ইয়াদু'ররূকা শাইআওঁ (ط) ওয়া ইন হ'াকামতা ফাহ'কুম বাইনাহুম বিল কি'ছতি' (ط) ইন্নাল্লা-হা ইউহি'ব্বুল মুক'ছিত'ীন।	
তরজমা	তাহারা মিথ্যা শ্রবণে অত্যন্ত আগ্রহশীল এবং অবৈধ ভক্ষণে অত্যন্ত আসক্ত; তাহারা যদি তোমার নিকট আসে তবে তাহাদের বিচার নিষ্পত্তি করিও অথবা তাহাদেরকে উপেক্ষা করিও। তুমি যদি তাহাদেরকে উপেক্ষা কর তবে তাহারা তোমার কোন ক্ষতি করিতে পারিবে না। আর যদি বিচার নিষ্পত্তি কর তবে তাহাদের মধ্যে ন্যায়বিচার করিও ; নিশ্চয়ই আল্লাহ্ ন্যায়পরায়ণদের ভালবাসেন।	
	وَكَيْفَ يُحَكِّمُوْنَكَ وَعِنْدَهُمُ التَّوْرٰىةُ فِيْهَا حُكْمُ اللّٰهِ ثُمَّ يَتَوَلَّوْنَ مِنْۢ بَعْدِ ذٰلِكَ ؕ وَمَاۤ اُولٰٓئِكَ بِالْمُؤْمِنِيْنَ ﴿۴۳﴾ ع	**43**
প্রতিবর্ণায়ন	ওয়া কাইফা ইউহ'াক্কিমূনাকা ওয়া 'ইংদাহুমুত্তাওরা-তু ফীহা- হুকমুল্লা-হি ছু'ম্মা ইয়াতাওয়াল্লাওনা মিম বা'দি য'া-লিকা (ط) ওয়ামা-উলা~ইকা বিলমু'মিনীন।	
তরজমা	তাহারা তোমার উপর কিরূপে বিচারভার ন্যস্ত করিবে অথচ তাহাদের নিকট রহিয়াছে তাওরাত যাহাতে আল্লাহ্র আদেশ আছে ? ইহার পরও তাহারা মুখ ফিরাইয়া নেয় এবং উহারা মু'মিন নয়।	

44

إِنَّآ أَنزَلْنَا التَّوْرٰىةَ فِيهَا هُدًى وَّنُورٌ ۚ يَحْكُمُ بِهَا النَّبِيُّونَ الَّذِينَ أَسْلَمُوا لِلَّذِينَ هَادُوا وَالرَّبّٰنِيُّونَ وَ

الْأَحْبَارُ بِمَا اسْتُحْفِظُوا مِن كِتٰبِ اللّٰهِ وَكَانُوا عَلَيْهِ شُهَدَآءَ ۚ فَلَا تَخْشَوُا النَّاسَ وَاخْشَوْنِ وَلَا تَشْتَرُوا

بِـَٔايٰتِى ثَمَنًا قَلِيلًا ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَآ أَنزَلَ اللّٰهُ فَأُولٰٓئِكَ هُمُ الْكٰفِرُونَ ﴿٤٤﴾

ইন্না~আংঝালনাত্তাওরা-তা ফীহা-হুদাওঁ ওয়া নূরুহঁ (ج) ইয়াহ'কুমু বিহান্নাবিইয়ূনাল্লায'ীনা আছলামূ ল্লায'ীনা হা-দূ ওয়া রাব্বা-নিইয়ূনা ওয়াল আহ'বা-রু বিমাছ তুহ'ফিজু' মিং কিতা-বিল্লা-হি ওয়া কা-নূ আলাইহি শুহাদা~আ (ج) ফালা- তাখশাউন্না-ছা ওয়াখশাওনি ওয়ালা-তাশতারূ বিআ-য়াতী ছ'ামানাং ক'ালীলান (ط) ওয়া মাল্লাম্ ইয়াহ'কুম বিমা~আংঝালাল্লা-হু

প্রতিবর্ণায়ন

ফাউলা~ইকা হুমুল কা-ফিরূন।

তরজমা

নিশ্চয়ই আমি তাওরাত অবতীর্ণ করিয়াছিলাম; উহাতে ছিল পথনির্দেশ ও আলো; নবীগণ, যাহারা আল্লাহ্‌র অনুগত ছিল তাহারা ইয়াহূদীদেরকে তদনুসারে বিধান দিত, আরও বিধান দিত রাব্বানীগণ এবং বিদ্বানগণ; কারণ তাহাদেরকে আল্লাহ্‌র কিতাবের রক্ষক করা হইয়াছিল এবং তাহারা ছিল উহার সাক্ষী। সুতরাং মানুষকে ভয় করিও না, আমাকেই ভয় কর এবং আমার আয়াতসমূহ তুচ্ছ মূল্যে বিক্রয় করিও না। আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুসারে যাহারা বিধান দেয় না, তাহারাই কাফির।

45

وَكَتَبْنَا عَلَيْهِمْ فِيهَآ أَنَّ النَّفْسَ بِالنَّفْسِ ۙ وَالْعَيْنَ بِالْعَيْنِ وَالْأَنفَ بِالْأَنفِ وَالْأُذُنَ بِالْأُذُنِ وَالسِّنَّ

بِالسِّنِّ ۙ وَالْجُرُوحَ قِصَاصٌ ۚ فَمَن تَصَدَّقَ بِهِۦ فَهُوَ كَفَّارَةٌ لَّهُۥ ۚ وَمَن لَّمْ يَحْكُم بِمَآ أَنزَلَ اللّٰهُ فَأُولٰٓئِكَ هُمُ

الظّٰلِمُونَ ﴿٤٥﴾

ওয়া কাতাবনা-'আলাইহিম ফীহা~ আন্নান্নাফছা বিন্নাফছি (لا) ওয়াল'আইনা বিলা'আইনি ওয়াল আংফা বিলআংফি ওয়ালউযু'না বিলউযু'নি ওয়াছ্ছিন্না বিছ্ছিন্নি (لا) ওয়াল জুরূহ'া কি'সা-সুং (ط) ফামাং তাসাদ্দাক'া বিহী ফাহুওয়া কাফ্ফা-রাতুল্লা-হূ (ط) ওয়া মাল্লাম ইয়াহ'কুম বিমা~আংঝালাল্লা-হু ফাউলা~ইকা হুমুজ্' জ'া-লিমূন।

প্রতিবর্ণায়ন

তরজমা	আমি তাহাদের জন্য উহাতে বিধান দিয়াছিলাম, প্রাণের বদলে প্রাণ, চোখের বদলে চোখ, নাকের বদলে নাক, কানের বদলে কান, দাঁতের বদলে দাঁত এবং যখমের বদলে অনুরূপ যখম। অতঃপর কেহ উহা ক্ষমা করিলে উহাতে তাহারই পাপ মোচন হইবে। আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুসারে যাহারা বিধান দেয় না, তাহারাই জালিম।	
	وَقَفَّيْنَا عَلٰٓى اٰثَارِهِمْ بِعِيْسَى ابْنِ مَرْيَمَ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرٰىةِ ۖ وَاٰتَيْنٰهُ الْاِنْجِيْلَ فِيْهِ هُدًى وَّ نُوْرٌ ۙ وَّمُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ التَّوْرٰىةِ وَهُدًى وَّمَوْعِظَةً لِّلْمُتَّقِيْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াফফাইনা 'আলা~আ-ছ'া-রিহিম বি'ঈছাবনি মারইয়ামা মুসাদ্দিক'াল্ লিমা-বাইনা ইয়াদাইহি মিনাত্তাওরা-তি (ص) ওয়া আ-তাইনা-হুল ইংজীলা ফিহি হুদাওঁ ওয়া নূরুওঁ (ﻭ) ওয়া মুসাদ্দিকাল্লিমা- বাইনা ইয়াদাইহি মিনাত্তাওরা-তি ওয়া হুদাওঁ ওয়া মাও'ইজাতাল্ লিল মুত্তাক'ীন।	
তরজমা	মার্ইয়াম-তনয় 'ঈসাকে তাহার পূর্বে অবতীর্ণ তাওরাতের প্রত্যায়নকারীরূপে উহাদের পশ্চাতে প্রেরণ করিয়াছিলাম এবং তাহার পূর্বে অবতীর্ণ তাওরাতের প্রত্যায়নকারীরূপে এবং মুত্তাকীদের জন্য পথনির্দেশ ও উপদেশরূপে তাহাকে ইন্জীল দিয়াছিলাম; উহাতে ছিল পথনির্দেশ ও আলো।	
	وَلْيَحْكُمْ اَهْلُ الْاِنْجِيْلِ بِمَآ اَنْزَلَ اللّٰهُ فِيْهِ ۗ وَمَنْ لَّمْ يَحْكُمْ بِمَآ اَنْزَلَ اللّٰهُ فَاُولٰٓئِكَ هُمُ الْفٰسِقُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়াল ইয়াহ'কুম আহলুল ইংজীলি বিমা~আংঝালাল্লা-হু ফীহি (ﻭ) ওয়া মাল্লাম ইয়াহ'কুম বিমা~আংঝালাল্লা-হু ফাউলা~ইকা হুমুলফা-ছিকূ'ন।	
তরজমা	ইন্জীল-অনুসারিগণ যেন, আল্লাহ্ উহাতে যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুসারে বিধান দেয়। আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুসারে যাহারা বিধান দেয় না, তাহারাই ফাসিক।	
	وَاَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ بِالْحَقِّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ مِنَ الْكِتٰبِ وَمُهَيْمِنًا عَلَيْهِ فَاحْكُمْ بَيْنَهُمْ بِمَآ اَنْزَلَ اللّٰهُ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَهُمْ عَمَّا جَآءَكَ مِنَ الْحَقِّ ۗ لِكُلٍّ جَعَلْنَا مِنْكُمْ شِرْعَةً وَّمِنْهَاجًا ۗ وَلَوْ شَآءَ اللّٰهُ لَجَعَلَكُمْ اُمَّةً وَّاحِدَةً وَّلٰكِنْ لِّيَبْلُوَكُمْ فِيْ مَآ اٰتٰىكُمْ فَاسْتَبِقُوا الْخَيْرٰتِ ۗ اِلَى اللّٰهِ مَرْجِعُكُمْ جَمِيْعًا فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿٤٨﴾	48

প্রতিবর্ণায়ন	ওয়া আংঝালনা˜ইলাইকাল কিতা–বা বিলহ˙াক্কি মুসাদ্দিক˙াল লিমা–বাইনা ইয়াদাইহি মিনাল কিতা–বি ওয়া মুহাইমিনান ‘আলাইহি ফাহ˙কুম বাইনাহুম বিমা˜আংঝালাল্লা–হু ওয়ালা–তাত্তাবি‘ আহওয়া~আহুম ‘আম্মা–জা~আকা মিনাল হ˙াক্কি˙ (ط) লিকুল্লিং জা‘আলনা মিংকুম শির‘আতাওঁ ওয়া মিনহা–জাওঁ (ط) ওয়া লাও শা~আল্লা–হু লাজা‘আলাকুম উম্মাতাওঁ ওয়া–হি˙দাতাওঁ ওয়ালা–কিল্ লিইয়াবলুওয়াকুম ফী মা˜ আ–তা–কুম ফাছতাবিকু˙ল খাইরা–তি (ط) ইলাল্লা–হি মারজি‘উকুম জামী‘আং ফাইউনাব্বিউকুম বিমা–কুংতুম ফীহি তাখতালিফূন।	
তরজমা	আমি তোমার প্রতি সত্যসহ কিতাব অবতীর্ণ করিয়াছি ইহার পূর্বে অবতীর্ণ কিতাবের প্রত্যায়নকারী ও সংরক্ষকরূপে। সুতরাং আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুসারে তুমি তাহাদের বিচার নিষ্পত্তি করিও এবং যে সত্য তোমার নিকট আসিয়াছে তাহা ত্যাগ করিয়া তাহাদের খেয়াল-খুশির অনুসরণ করিও না। তোমাদের প্রত্যেকের জন্য শরী‘আত ও স্পষ্ট পথ নির্ধারণ করিয়াছি। ইচ্ছা করিলে আল্লাহ্ তোমাদেরকে এক জাতি করিতে পারিতেন, কিন্তু তিনি তোমাদেরকে যাহা দিয়াছেন তদ্দ্বারা তোমাদেরকে পরীক্ষা করিতে চান। সুতরাং সৎকর্মে তোমরা প্রতিযোগিতা কর। আল্লাহ্র দিকেই তোমাদের সকলের প্রত্যাবর্তন। অতঃপর তোমরা যে বিষয়ে মতভেদ করিতেছিলে, সে সম্বন্ধে তিনি তোমাদেরকে অবহিত করিবেন।	
	وَاَنِ احْكُمْ بَيْنَهُمْ بِمَآ اَنْزَلَ اللّٰهُ وَلَا تَتَّبِعْ اَهْوَآءَهُمْ وَاحْذَرْهُمْ اَنْ يَّفْتِنُوْكَ عَنْۢ بَعْضِ مَآ اَنْزَلَ اللّٰهُ اِلَيْكَ ؕ فَاِنْ تَوَلَّوْا فَاعْلَمْ اَنَّمَا يُرِيْدُ اللّٰهُ اَنْ يُّصِيْبَهُمْ بِبَعْضِ ذُنُوْبِهِمْ ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ لَفٰسِقُوْنَ ﴿٤٩﴾	**49**
প্রতিবর্ণায়ন	ওয়া আনিহ˙কুম বাইনাহুম বিমা˜আংঝালাল্লা–হু ওয়ালা তাত্তাবি‘ আহওয়া~আহুম ওয়াহ˙য˙ার্হুম আইয়াঁফতিনূকা ‘আম বা‘দি˙ মা˜আংঝালাল্লাহু ইলাইকা (ط) ফাইং তাওয়াল্লাও ফা‘লাম আন্নামা– ইউরীদুল্লা–হু আইঁইউসীবাহুম বিবা‘দি˙ যু˙নূবিহিম (ط) ওয়া ইন্না কাছ˙ীরাম মিনান্না–ছি লাফা–ছিকূ˙ন।	
তরজমা	কিতাব অবতীর্ণ করিয়াছি যাহাতে তুমি আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তদনুযায়ী তাহাদের বিচারনিষ্পত্তি কর, তাহাদের খেয়াল-খুশির অনুসরণ না কর এবং তাহাদের সম্বন্ধে সতর্ক হও যাহাতে আল্লাহ্ যাহা তোমার প্রতি অবতীর্ণ করিয়াছেন উহারা তাহার কিছু হইতে তোমাকে বিচ্যুত না করে। যদি তাহারা মুখ ফিরাইয়া নেয় তবে জানিয়া রাখ যে, তাহাদের কোন কোন পাপের জন্য আল্লাহ্ তাহাদেরকে শাস্তি দিতে চান এবং মানুষের মধ্যে অনেকেই তো সত্যত্যাগী।	
	اَفَحُكْمَ الْجَاهِلِيَّةِ يَبْغُوْنَ ؕ وَمَنْ اَحْسَنُ مِنَ اللّٰهِ حُكْمًا لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿٥٠﴾	**50**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আফা হু'কমাল জা-হিলিইয়াতি ইয়াবগূনা (ط) ওয়া মান আহ'ছানু মিনাল্লা-হি হু'কমাল লিক'াওমিইঁ ইউকি'নূন।	
তরজমা	তবে কি তাহারা জাহিলী যুগের বিধি-বিধান কামনা করে? নিশ্চিত বিশ্বাসী সম্প্রদায়ের জন্য বিধানদানে আল্লাহ্ অপেক্ষা কে শ্রেষ্ঠতর ?	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوا الْيَهُوْدَ وَالنَّصٰرٰٓى اَوْلِيَآءَ ۘ بَعْضُهُمْ اَوْلِيَآءُ بَعْضٍ ۭ وَمَنْ يَّتَوَلَّهُمْ مِّنْكُمْ فَاِنَّهٗ مِنْهُمْ ۭ اِنَّ اللّٰهَ لَا يَهْدِي الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ-মানূ লা-তাত্তাখিযু'ল ইয়াহূদা ওয়ান্নাসা-রা~আওলিয়া~আ(ম)। বা'দু'হুম আওলিয়া~উ বা'দি'ওঁ (ط) ওয়া মাইঁ ইয়াতাওয়াল্লাহুম মিংকুম ফাইন্নাহূ মিনহুম (ط) ইন্নাল্লা-হা লা-ইয়াহদিল ক'াওমাজ'জ'া-লিমীন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা ইয়াহূদী ও খ্রিস্টানদেরকে বন্ধুরূপে গ্রহণ করিও না, তাহারা পরস্পর পরস্পরের বন্ধু। তোমাদের মধ্যে কেহ তাহাদেরকে বন্ধুরূপে গ্রহণ করিলে সে তাহাদেরই একজন হইবে। নিশ্চয়ই আল্লাহ্ জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	فَتَرَى الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ يُّسَارِعُوْنَ فِيْهِمْ يَقُوْلُوْنَ نَخْشٰٓى اَنْ تُصِيْبَنَا دَاۗىِٕرَةٌ ۭ فَعَسَى اللّٰهُ اَنْ يَّاْتِيَ بِالْفَتْحِ اَوْ اَمْرٍ مِّنْ عِنْدِهٖ فَيُصْبِحُوْا عَلٰي مَآ اَسَرُّوْا فِيْٓ اَنْفُسِهِمْ نٰدِمِيْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ফাতারাল্লায'ীনা ফী কু'লূবিহিম মারাদু'ইঁ ইউছা-রি'উনা ফীহিম ইয়াকূ'লূনা নাখশা~আং তুসীবানা-দা~ইরাতুং (ط) ফা'আছাল্লা-হু আইঁ ইয়া'তিয়া বিল ফাতহি' আও আমরিম মিন 'ইংদিহী ফাইউসবিহু' 'আলা-মা~আছাররূ ফী~আংফুছিহিম না-দিমীন।	
তরজমা	এবং যাহাদের অন্তঃকরণে ব্যাধি রহিয়াছে তুমি তাহাদেরকে সত্বর তাহাদের সঙ্গে মিলিত হইতে দেখিবে এই বলিয়া, 'আমাদের আশংকা হয় আমাদের ভাগ্য বিপর্যয় ঘটিবে।' হয়তো আল্লাহ্ বিজয় অথবা তাঁহার নিকট হইতে এমন কিছু দিবেন যাহাতে তাহারা তাহাদের অন্তরে যাহা গোপন রাখিয়াছিল তজ্জন্য অনুতপ্ত হইবে।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَهٰٓؤُلَاۗءِ الَّذِيْنَ اَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ ۙ اِنَّهُمْ لَمَعَكُمْ ۭ حَبِطَتْ اَعْمَالُهُمْ فَاَصْبَحُوْا خٰسِرِيْنَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লুল্লায'ীনা আ-মানূ আহা~উলা~ইল্লায'ীনা আক'ছামূ বিল্লা-হি জাহ্দা আইমা-নিহিম (ﻱ) ইন্নাহুম লামা'আকুম (ط) হ'াবিত'াত্ আ'মা-লুহুম ফাআসবাহূ'খা-ছিরীন।	

তরজমা	এবং মু'মিনগণ বলিবে, 'ইহারাই কি তাহারা, যাহারা আল্লাহ্‌র নামে দৃঢ়ভাবে শপথ করিয়াছিল যে, তাহারা তোমাদের সঙ্গেই আছে?' তাহাদের কাজ নিষ্ফল হইয়াছে ; ফলে তাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছে।	
	يَٰٓأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوا۟ مَن يَرْتَدَّ مِنكُمْ عَن دِينِهِۦ فَسَوْفَ يَأْتِى ٱللَّهُ بِقَوْمٍ يُحِبُّهُمْ وَيُحِبُّونَهُۥٓ أَذِلَّةٍ عَلَى ٱلْمُؤْمِنِينَ أَعِزَّةٍ عَلَى ٱلْكَٰفِرِينَ يُجَٰهِدُونَ فِى سَبِيلِ ٱللَّهِ وَلَا يَخَافُونَ لَوْمَةَ لَآئِمٍ ۚ ذَٰلِكَ فَضْلُ ٱللَّهِ يُؤْتِيهِ مَن يَشَآءُ ۚ وَٱللَّهُ وَٰسِعٌ عَلِيمٌ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ মাই ইয়ারতাদ্দা মিংকুম 'আং দীনিহী ফাছাওফা ইয়া'তিল্লা-হু বিক ওমিই ইউহি ব্বুহুম ওয়া ইউহি ব্বূনাহূ~ (ﻯ) আযি ল্লাতিন 'আলাল মু'মিনীনা আ'ইঝ্ঝাতিন 'আলাল কা-ফিরীনা (ز) ইউজা-হিদূনা ফী ছাবীল্লি-হি ওয়ালা ইয়াখা-ফূনা লাওমাতা লা~ইমিং (ط) য া-লিকা ফাদ লুল্লা-হি ইউ'তীহি মাই ইয়াশা~উ (ط) ওয়াল্লা-হু ওয়া-ছি'উন 'আলীম।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের মধ্যে কেহ দীন হইতে ফিরিয়া গেলে নিশ্চয়ই আল্লাহ্‌ এমন এক সম্প্রদায় আনিবেন যাহাদেরকে তিনি ভালবাসিবেন এবং যাহারা তাঁহাকে ভালবাসিবে; তাহারা মু'মিনদের প্রতি কোমল ও কাফিরদের প্রতি কঠোর হইবে; তাহারা আল্লাহ্‌র পথে জিহাদ করিবে এবং কোন নিন্দুকের নিন্দার ভয় করিবে না; ইহা আল্লাহ্‌র অনুগ্রহ, যাহাকে ইচ্ছা তিনি দান করেন এবং আল্লাহ্‌ প্রাচুর্যময়, সর্বজ্ঞ।	
	إِنَّمَا وَلِيُّكُمُ ٱللَّهُ وَرَسُولُهُۥ وَٱلَّذِينَ ءَامَنُوا۟ ٱلَّذِينَ يُقِيمُونَ ٱلصَّلَوٰةَ وَيُؤْتُونَ ٱلزَّكَوٰةَ وَهُمْ رَٰكِعُونَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ইন্নামা- ওয়ালিইইয়ুকুমুল্লা-হু ওয়া রাছূলুহূ ওয়াল্লায ীনা আ-মানূল্লায ীনা ইউক ীমূনাস্‌সালা-তা ওয়া ইউ'তূনাঝ্‌যাকা-তা ওয়া হুম রা-কি ঁউন।	
তরজমা	তোমাদের বন্ধু তো আল্লাহ্‌, তাঁহার রাসূল ও মু'মিনগণ-যাহারা বিনত হইয়া সালাত কায়েম করে ও যাকাত দেয়।	
	وَمَن يَتَوَلَّ ٱللَّهَ وَرَسُولَهُۥ وَٱلَّذِينَ ءَامَنُوا۟ فَإِنَّ حِزْبَ ٱللَّهِ هُمُ ٱلْغَٰلِبُونَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়া মাই ইয়াতাওয়াল্লাল্লা-হা ওয়া রাছূলাহূ ওয়াল্লায ীনা আ-মানূ ফাইন্না হি ঝবাল্লা-হি হুমুল গা-লিবূন।	
তরজমা	কেহ আল্লাহ্‌, তাঁহার রাসূল এবং মু'মিনদেরকে বন্ধুরূপে গ্রহণ করিলে আল্লাহ্‌র দলই তো বিজয়ী হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَتَّخِذُوا الَّذِيْنَ اتَّخَذُوْا دِيْنَكُمْ هُزُوًا وَّلَعِبًا مِّنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ مِنْ قَبْلِكُمْ وَالْكُفَّارَ اَوْلِيَآءَ ۚ وَاتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাত্তাখিযু ল্লায ীনাত্তাখাযূ দীনাকুম হুঝুওয়াওঁ ওয়া লা'ইবাম মিনাল্লায ীনা উতুল কিতা-বা মিং ক াবলিকুম ওয়াল কুফফা-রা আওলিয়া~আ (ج) ওয়াত্তাকু ল্লা-হা ইং কুংতুম মু'মিনীন।	
তরজমা	হে মু'মিনগণ ! তোমাদের পূর্বে যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছে তাহাদের মধ্যে যাহারা তোমাদের দীনকে হাসি-তামাশা ও ক্রীড়ার বস্তুরূপে গ্রহণ করে তাহাদেরকে ও কাফিরদেরকে তোমরা বন্ধুরূপে গ্রহণ করিও না এবং যদি তোমরা মু'মিন হও তবে আল্লাহ্‌কে ভয় কর।	
	وَاِذَا نَادَيْتُمْ اِلَى الصَّلٰوةِ اتَّخَذُوْهَا هُزُوًا وَّلَعِبًا ۭ ذٰلِكَ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَعْقِلُوْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া-না-দাইতুম ইলাস সালা-তিত্ তাখাযূ হা- হুঝুওয়াওঁ ওয়া লা'ইবাং (ط) য া-লিকা বিআন্নাহুম ক াওমুল্ লা-ইয়া'কি লূন।	
তরজমা	তোমরা যখন সালাতের জন্য আহ্বান কর তখন তাহারা উহাকে হাসি-তামাশা ও ক্রীড়ার বস্তুরূপে গ্রহণ করে-ইহা এইহেতু যে, তাহারা এমন এক সম্প্রদায় যাহাদের বোধশক্তি নাই।	
	قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ هَلْ تَنْقِمُوْنَ مِنَّآ اِلَّآ اَنْ اٰمَنَّا بِاللّٰهِ وَمَآ اُنْزِلَ اِلَيْنَا وَمَآ اُنْزِلَ مِنْ قَبْلُ ۙ وَاَنَّ اَكْثَرَكُمْ فٰسِقُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	কু'ল ইয়া~আহলাল কিতা-বি হাল তাংকি মূনা মিন্না~ইল্লা~ আন আ-মান্না-বিল্লা-হি ওয়ামা~উংঝিলা ইলাইনা-ওয়ামা~ উংঝিলা মিং ক াবলু (لا) ওয়া আন্না আকছ ারাকুম ফা-ছিকূ ন।	
তরজমা	বল, 'হে কিতাবীগণ! একমাত্র এই কারণেই না তোমরা আমাদের প্রতি শত্রুতা পোষণ কর যে, আমরা আল্লাহ্ ও আমাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে এবং যাহা পূর্বে অবতীর্ণ হইয়াছে তাহাতে আমরা ঈমান আনিয়াছি এবং তোমাদের অধিকাংশই তো ফাসিক।'	
	قُلْ هَلْ اُنَبِّئُكُمْ بِشَرٍّ مِّنْ ذٰلِكَ مَثُوْبَةً عِنْدَ اللّٰهِ ۭ مَنْ لَّعَنَهُ اللّٰهُ وَغَضِبَ عَلَيْهِ وَجَعَلَ مِنْهُمُ الْقِرَدَةَ وَالْخَنَازِيْرَ وَعَبَدَ الطَّاغُوْتَ ۭ اُولٰۗىِٕكَ شَرٌّ مَّكَانًا وَّاَضَلُّ عَنْ سَوَاۗءِ السَّبِيْلِ ﴿٦٠﴾	60

প্রতিবর্ণায়ন	কু'ল হাল উনাব্বিউকুম বিশার্‌রিম মিং যা-লিকা মাছূ'বাতান ইংদাল্লা-হি (ط) মাল্লা'আনাহুল্লা-হু ওয়া গাদি'বা 'আলাইহি ওয়াজা'আলা মিনহুমুল্ কি'রাদাতা ওয়াল খানা-ঝীরা ওয়া 'আবাদাত্'ত'া-গূতা (ط) উলা~ইকা শাররুম মাকা-নাওঁ ওয়া আদ'াল্লু 'আং ছাওয়া~ইছ্ছাবীল।	
তরজমা	বল, 'আমি কি তোমাদেরকে ইহা অপেক্ষা নিকৃষ্ট পরিণামের সংবাদ দিব যাহা আল্লাহ্‌র নিকট আছে ? যাহাকে আল্লাহ্ লা'নত করিয়াছেন, যাহার উপর তিনি ক্রোধান্বিত, যাহাদের কতককে তিনি বানর ও কতককে শূকর করিয়াছেন এবং যাহারা তাগূতের 'ইবাদত করে, মর্যাদায় তাহারাই নিকৃষ্ট এবং সরল পথ হইতে সর্বাধিক বিচ্যুত।'	
	وَاِذَا جَآءُوْكُمْ قَالُوْٓا اٰمَنَّا وَقَدْ دَّخَلُوْا بِالْكُفْرِ وَهُمْ قَدْ خَرَجُوْا بِهٖ ؕ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا كَانُوْا يَكْتُمُوْنَ ﴿٦١﴾	**61**
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- জা~ঊকুম ক'া-লূ~আ-মান্না-ওয়া ক'াদ দাখালূ বিলকুফরি ওয়া হুম ক'াদ খারাজু বিহী (ط) ওয়াল্লা-হু আ'লামূ বিমা- কা-নূ ইয়াকতুমূন।	
তরজমা	তাহারা যখন তোমাদের নিকট আসে তখন বলে, 'আমরা ঈমান আনিয়াছি', কিন্তু তাহারা কুফর লইয়াই প্রবেশ করে এবং উহা লইয়াই বাহির হইয়া যায়। তাহারা যাহা গোপন করে, আল্লাহ্ তাহা বিশেষভাবে অবহিত।	
	وَتَرٰى كَثِيْرًا مِّنْهُمْ يُسَارِعُوْنَ فِى الْاِثْمِ وَالْعُدْوَانِ وَاَكْلِهِمُ السُّحْتَ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٢﴾	**62**
প্রতিবর্ণায়ন	ওয়া তারা-কাছ'ীরাম মিনহুম ইউছা-রি'উনা ফিল ইছ'মি ওয়াল 'উদওয়া-নি ওয়া আকলিহিমুছ্ছুহ'তা (ط) লাবি'ছা মা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	তাহাদের অনেককেই তুমি দেখিবে পাপে, সীমালংঘনে ও অবৈধ ভক্ষণে তৎপর ; তাহারা যাহা করে নিশ্চয় তাহা নিকৃষ্ট।	
	لَوْلَا يَنْهٰهُمُ الرَّبّٰنِيُّوْنَ وَالْاَحْبَارُ عَنْ قَوْلِهِمُ الْاِثْمَ وَاَكْلِهِمُ السُّحْتَ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَصْنَعُوْنَ ﴿٦٣﴾	**63**
প্রতিবর্ণায়ন	লাওলা-ইয়ানহ'া-হুমুর রাব্বা-নিইয়ূনা ওয়াল আহ'বা-রু 'আং ক'াওলিহিমুল ইছ'মা ওয়া আকলিহিমুছ্ছুহ্'তা (ط) লাবি'ছা মা-ক'া-নূ ইয়াসনা'উন।	
তরজমা	রাব্বানীগণ ও পণ্ডিতগণ কেন তাহাদেরকে পাপ কথা বলিতে ও অবৈধ ভক্ষণে নিষেধ করে না ? ইহারা যাহা করে নিশ্চয় তাহাও নিকৃষ্ট।	

64

وَقَالَتِ الْيَهُوْدُ يَدُ اللّٰهِ مَغْلُوْلَةٌ ؕ غُلَّتْ اَيْدِيْهِمْ وَلُعِنُوْا بِمَا قَالُوْا ۘ بَلْ يَدٰهُ مَبْسُوْطَتٰنِ ۙ يُنْفِقُ كَيْفَ يَشَآءُ ؕ وَ
لَيَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّاۤ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا ؕ وَاَلْقَيْنَا بَيْنَهُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ اِلٰى يَوْمِ
الْقِيٰمَةِ ؕ كُلَّمَاۤ اَوْقَدُوْا نَارًا لِّلْحَرْبِ اَطْفَاَهَا اللّٰهُ ۙ وَيَسْعَوْنَ فِى الْاَرْضِ فَسَادًا ؕ وَاللّٰهُ لَا يُحِبُّ الْمُفْسِدِيْنَ ﴿۶۴﴾

প্রতিবর্ণায়ন

ওয়াক'া-লাতিল ইয়াহূদু ইয়াদুল্লা-হি মাগলূলাতুন (ত) গুল্লাত আইদীহিম ওয়া লু'ইনূ বিমা-ক'া-লূ (ম)। বাল ইয়াদা-হু মাবছূত'াতা-নি (ই) ইউংফিকু কাইফা ইয়াশা~উ (ত) ওয়ালাইয়াঝীদান্না কাছ'ীরাম মিনহুম মা~উংঝিলা ইলাইকা মির রাব্বিকা তুগইয়া-নাওঁ ওয়াকুফরাওঁ (ত) ওয়া আলক'াইনা-বাইনাহুমুল 'আদা-ওয়াতা ওয়াল বাগদ'া~আ ইলা-ইয়াওমিল কি'য়া-মাতি (ত) কুল্লামা~আওক'াদূ না-রাল্ লিলহ'ার্‌বি আত'াফাআহাল্লা-হু (ই) ওয়া ইয়াছ'আওনা ফিল আরদি' ফাছা-দাওঁ (ত) ওয়াল্লা-হু লা-ইউহি'ব্বুল্ মুফছিদীন।

তরজমা

ইয়াহূদীরা বলে, 'আল্লাহ্‌র হাত রুদ্ধ'; উহারাই রুদ্ধহস্ত এবং উহারা যাহা বলে তজ্জন্য উহারা অভিশপ্ত, বরং আল্লাহ্‌র উভয় হস্তই প্রসারিত; যেভাবে ইচ্ছা তিনি দান করেন। তোমার প্রতিপালকের নিকট হইতে যাহা তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহা তাহাদের অনেকের ধর্মদ্রোহিতা ও কুফরী বৃদ্ধি করিবেই। তাহাদের মধ্যে আমি কিয়ামত পর্যন্ত স্থায়ী শত্রুতা ও বিদ্বেষ সঞ্চার করিয়াছি। যতবার তাহারা যুদ্ধের অগ্নি প্রজ্বলিত করে ততবার আল্লাহ্ উহা নির্বাপিত করেন এবং তাহারা দুনিয়ায় ধ্বংসাত্মক কাজ করিয়া বেড়ায়; আল্লাহ্ ধ্বংসাত্মক কাজে লিপ্তদেরকে ভালবাসেন না।

65

وَلَوْ اَنَّ اَهْلَ الْكِتٰبِ اٰمَنُوْا وَاتَّقَوْا لَكَفَّرْنَا عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَاَدْخَلْنٰهُمْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿۶۵﴾

প্রতিবর্ণায়ন

ওয়ালাও আন্না আহলাল কিতা-বি আ-মানূ ওয়াত্তাক'াও লাকাফ্‌ফারনা- 'আনহুম ছাইয়িআ-তিহিম ওয়ালা আদখালনা-হুম জান্না-তিন্ না'ঈম।

তরজমা

কিতাবীগণ যদি ঈমান আনিত ও ভয় করিত তাহা হইলে আমি তাহাদের দোষ অবশ্যই অপনোদন করিতাম এবং তাহাদেরকে সুখময় জান্নাতে দাখিল করিতাম।

66

وَلَوْ اَنَّهُمْ اَقَامُوا التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ وَمَاۤ اُنْزِلَ اِلَيْهِمْ مِّنْ رَّبِّهِمْ لَاَكَلُوْا مِنْ فَوْقِهِمْ وَمِنْ تَحْتِ اَرْجُلِهِمْ ؕ
مِنْهُمْ اُمَّةٌ مُّقْتَصِدَةٌ ؕ وَكَثِيْرٌ مِّنْهُمْ سَآءَ مَا يَعْمَلُوْنَ ﴿۶۶﴾

প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্নাহুম আক'া-মুত তাওরা-তা ওয়াল ইংজিলা ওয়ামা~উংঝিলা ইলাইহিম মির রাব্বিহিম লাআকালূ মিং ফাওকি'হিম ওয়া মিং তাহ'তি আরজুলিহিম (ط) মিনহুম উম্মাতুম মুক'তাসিদাতুওঁ (ط) ওয়াকাছি'রুম মিনহুম ছা~আ মা-ইয়া'মালূন।	
তরজমা	তাহারা যদি তাওরাত, ইন্‌জীল ও তাহাদের প্রতিপালকের নিকট হইতে তাহাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা প্রতিষ্ঠিত করিত, তাহা হইলে তাহারা তাহাদের উপর ও পদতল হইতে আহার্য লাভ করিত। তাহাদের মধ্যে একদল রহিয়াছে যাহারা মধ্যপন্থী; কিন্তু তাহাদের অধিকাংশ যাহা করে তাহা নিকৃষ্ট।	
	يٰٓاَيُّهَا الرَّسُوْلُ بَلِّغْ مَآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ ؕ وَاِنْ لَّمْ تَفْعَلْ فَمَا بَلَّغْتَ رِسَالَتَهٗ ؕ وَاللّٰهُ يَعْصِمُكَ مِنَ النَّاسِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الْكٰفِرِيْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহার রাছূলু বাল্লিগ মা~ উংযিলা ইলাইকা মির্ রাব্বিকা (ط) ওয়া ইল্লাম তাফ'আল ফামা-বাল্লাগতা রিছা-লাতাহূ (ط) ওয়াল্লা-হু ইয়া'সিমুকা মিনান্না-ছি (ط) ইন্নাল্লা-হা লা-ইয়াহদিল ক'াওমাল কা-ফিরীন।	
তরজমা	হে রাসূল! তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা প্রচার কর ; যদি না কর তবে তো তুমি তাঁহার বার্তা প্রচার করিলে না। আল্লাহ্ তোমাকে মানুষ হইতে রক্ষা করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ কাফির সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	قُلْ يٰٓاَهْلَ الْكِتٰبِ لَسْتُمْ عَلٰى شَىْءٍ حَتّٰى تُقِيْمُوا التَّوْرٰىةَ وَالْاِنْجِيْلَ وَمَآ اُنْزِلَ اِلَيْكُمْ مِّنْ رَّبِّكُمْ ؕ وَلَيَزِيْدَنَّ كَثِيْرًا مِّنْهُمْ مَّآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ طُغْيَانًا وَّكُفْرًا ۚ فَلَا تَاْسَ عَلَى الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ক'ুল ইয়া~আহলাল কিতা-বি লাছতুম 'আলা- শাইয়িন হ'াত্তা- তুক'ীমুত তাওরা-তা ওয়াল ইংজীলা ওয়ামা~উংঝিলা ইলাইকুম মির রাব্বিকুম (ط) ওয়ালাইয়াঝীদান্না কাছ'ীরাম মিনহুম মা~উংঝিলা ইলাইকা মির রাব্বিকা তুগইয়া-নাওঁ ওয়া কুফরাং (ج) ফালা-তা'ছা 'আলাল ক'াওমিল কা-ফিরীন।	
তরজমা	বল, 'হে কিতাবীগণ! তাওরাত, ইন্‌জীল ও যাহা তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের প্রতি অবতীর্ণ হইয়াছে তোমরা তাহা প্রতিষ্ঠিত না করা পর্যন্ত তোমাদের কোন ভিত্তিই নাই।' তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা তাহাদের অনেকের ধর্মদ্রোহিতা ও অবিশ্বাসই বর্ধিত করিবে। সুতরাং তুমি কাফির সম্প্রদায়ের জন্য দুঃখ করিও না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَالَّذِينَ هَادُوا وَالصَّابِئُونَ وَالنَّصَارَىٰ مَنْ آمَنَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَعَمِلَ صَالِحًا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُونَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ-মানূ ওয়াল্লায ীনা হা-দূ ওয়াসসা-বিঊনা ওয়ান্নাসা-রা-মান আ-মানা বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া 'আমিলা সা-লিহ ান ফালা- খাওফুন 'আলাইহিম ওয়ালা-হুম ইয়াহ যানূন।	
তরজমা	মু'মিনগণ, ইয়াহূদীগণ, সাবীগণ ও খ্রিস্টানগণের মধ্যে কেহ আল্লাহ্ ও আখিরাতে ঈমান আনিলে এবং সৎকাজ করিলে তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিত হইবে না।	
	لَقَدْ أَخَذْنَا مِيثَاقَ بَنِي إِسْرَائِيلَ وَأَرْسَلْنَا إِلَيْهِمْ رُسُلًا ۖ كُلَّمَا جَاءَهُمْ رَسُولٌ بِمَا لَا تَهْوَىٰ أَنْفُسُهُمْ فَرِيقًا كَذَّبُوا وَفَرِيقًا يَقْتُلُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	লাক াদ আখায না-মীছ া-ক া বানী ইছরা-ঈলা ওয়া আরছালনা ইলাইহিম রুছুলাং (ط) কুল্লামা-জা-আহুম রাছূলুম বিমা-লা-তাহওয়া আংফুছুহুম (ﻯ) ফারীক াং কায্ য াবূ ওয়া ফারীক াই ইয়াক তুলূন।	
তরজমা	আমি বনী ইসরাঈলের নিকট হইতে অঙ্গীকার গ্রহণ করিয়াছিলাম ও তাহাদের নিকট রাসূল প্রেরণ করিয়াছিলাম। যখনই কোন রাসূল তাহাদের নিকট এমন কিছু আনে যাহা তাহাদের মনঃপূত নয়, তখনই তাহারা কতককে মিথ্যাবাদী বলে ও কতককে হত্যা করে।	
	وَحَسِبُوا أَلَّا تَكُونَ فِتْنَةٌ فَعَمُوا وَصَمُّوا ثُمَّ تَابَ اللَّهُ عَلَيْهِمْ ثُمَّ عَمُوا وَصَمُّوا كَثِيرٌ مِنْهُمْ ۚ وَاللَّهُ بَصِيرٌ بِمَا يَعْمَلُونَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়া হ াছিবূ আল্লা-তাকূনা ফিতনাতুং ফা'আমূ ওয়া সাম্মূ ছু ম্মা তা-বাল্লা-হু 'আলাইহিম ছু ম্মা 'আমূ ওয়া সাম্মূ কাছ ীরুম মিনহুম (ط) ওয়াল্লা-হু বাসীরুম বিমা- ইয়া'মালূন।	
তরজমা	তাহারা মনে করিয়াছিল, তাহাদের কোন শাস্তি হইবে না ; ফলে তাহারা অন্ধ ও বধির হইয়া গিয়াছিল। অতঃপর আল্লাহ্ তাহাদের প্রতি ক্ষমাশীল হইয়াছিলেন। পুনরায় তাহাদের অনেকেই অন্ধ ও বধির হইয়াছিল। তাহারা যাহা করে আল্লাহ্ তাহার সম্যক দ্রষ্টা।	

	لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ هُوَ الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ ۭ وَقَالَ الْمَسِيْحُ يٰبَنِيْٓ اِسْرَاۗءِيْلَ اعْبُدُوا اللّٰهَ رَبِّيْ وَرَبَّكُمْ ۭ اِنَّهٗ مَنْ يُّشْرِكْ بِاللّٰهِ فَقَدْ حَرَّمَ اللّٰهُ عَلَيْهِ الْجَنَّةَ وَمَاْوٰىهُ النَّارُ ۭ وَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ اَنْصَارٍ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	লাক'াদ কাফারাল্লায 'ীনা ক'া-লূ ইন্নাল্লা-হা হুওয়াল মাছীহু 'বনু মারইয়ামা (ত) ওয়া ক'া-লাল মাছীহু ইয়া-বানী~ইছরা~ঈলা'বুদুল্লা-হা রাব্বী ওয়া রাব্বাকুম (ত) ইন্নাহূ মাই্ ইউশরিক বিল্লা-হি ফাক'াদ হ'াররামাল্লা-হু 'আলাইহিল জান্নাতা ওয়া মা'ওয়াহুন্না-রু (ত) ওয়ামা-লিজ্'জ 'া-লিমীনা মিন আংসা-র।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ই মার্ইয়াম-তনয় মসীহ্', তাহারা তো কুফরী করিয়াছেই। অথচ মসীহ্ বলিয়াছিল, 'হে বনী ইস্রাঈল! তোমরা আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক আল্লাহ্র 'ইবাদত কর।' কেহ আল্লাহ্র শরীক করিলে আল্লাহ্ তাহার জন্য জান্নাত অবশ্যই নিষিদ্ধ করিবেন এবং তাহার আবাস জাহান্নাম। জালিমদের জন্য কোন সাহায্যকারী নাই।	
	لَقَدْ كَفَرَ الَّذِيْنَ قَالُوْٓا اِنَّ اللّٰهَ ثَالِثُ ثَلٰثَةٍ ۘ وَمَا مِنْ اِلٰهٍ اِلَّآ اِلٰهٌ وَّاحِدٌ ۭ وَاِنْ لَّمْ يَنْتَهُوْا عَمَّا يَقُوْلُوْنَ لَيَمَسَّنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	লাক'াদ কাফারাল্লায 'ীনা ক'া-লূ~ইন্নাল্লা-হা ছ 'া-লিছু 'ছ 'ালা-ছ 'াহ (ম)। ওয়ামা-মিন ইলা-হিন ইল্লা~ইলা-হুওঁ ওয়া-হি'দুওঁ (ত) ওয়া ইল্লাম্ ইয়ানতাহূ 'আম্মা-ইয়াকূ'লূনা লাইয়ামাছ্ছান্নাল্লায 'ীনা কাফারূ মিনহুম 'আয 'া-বুন আলীম।	
তরজমা	যাহারা বলে, 'আল্লাহ্ তো তিনের মধ্যে একজন, তাহারা তো কুফরী করিয়াছেই-যদিও এক ইলাহ্ ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাহারা যাহা বলে তাহা হইতে নিবৃত্ত না হইলে তাহাদের মধ্যে যাহারা কুফরী করিয়াছে, তাহাদের উপর অবশ্যই মর্মন্তুদ শাস্তি আপতিত হইবেই।	
	اَفَلَا يَتُوْبُوْنَ اِلَى اللّٰهِ وَيَسْتَغْفِرُوْنَهٗ ۭ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	আফালা-ইয়াতূবূনা ইলাল্লা-হি ওয়া ইয়াছতাগফিরূনাহু (ত) ওয়াল্লা-হু গাফূরুর রাহ 'ীম।	
তরজমা	তবে কি তাহারা আল্লাহ্র দিকে প্রত্যাবর্তন করিবে না ও তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিবে না ? আল্লাহ্ তো ক্ষমাশীল, পরম দয়ালু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَا الْمَسِيْحُ ابْنُ مَرْيَمَ اِلَّا رَسُوْلٌ ۚ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهِ الرُّسُلُ ؕ وَاُمُّهٗ صِدِّيْقَةٌ ؕ كَانَا يَاْكُلٰنِ الطَّعَامَ ؕ اُنْظُرْ كَيْفَ نُبَيِّنُ لَهُمُ الْاٰيٰتِ ثُمَّ انْظُرْ اَنّٰى يُؤْفَكُوْنَ ﴿۷۵﴾	75
প্রতিবর্ণায়ন	মাল মাছীহু ইব্নু মারইয়ামা ইল্লা-রাছূলুং (ج) ক'াদ খালাত মিং ক'াবলিহি'র্‌রুছুলু (ط) ওয়া উম্মুহূ সিদ্দীক'াতুং (ط) কা-না- ইয়া'কুলা-নিত্ত'া'আ-মা (ط) উংজু'র কাইফা নুবাইয়িনু লাহুমুল আ-য়া-তি ছু'ম্মাংজু'র্‌ আন্না-ইউ'ফাকূন।	
তরজমা	মার্‌ইয়াম-তনয় মসীহ্‌ তো কেবল একজন রাসূল। তাহার পূর্বে বহু রাসূল গত হইয়াছে এবং তাহার মাতা পরম সত্যনিষ্ঠ ছিল। তাহারা উভয়ে খাদ্যাহার করিত। দেখ, আমি উহাদের জন্য আয়াতসমূহ কিরূপ বিশদভাবে বর্ণনা করি; আরও দেখ, উহারা কিভাবে সত্যবিমুখ হয়।	
	قُلْ اَتَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَمْلِكُ لَكُمْ ضَرًّا وَّلَا نَفْعًا ؕ وَاللّٰهُ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿۷۶﴾	76
প্রতিবর্ণায়ন	কু'ল আতা'বুদূনা মিং দূনিল্লা-হি মা-লা-ইয়ামলিকু লাকুম দ'াররাওঁ ওয়ালা-নাফ'আওঁ (ط) ওয়াল্লা-হু হুওয়াছ ছামী'উল 'আলীম।	
তরজমা	বল, 'তোমরা কি আল্লাহ্‌ ব্যতীত এমন কিছুর 'ইবাদত কর, তোমাদের ক্ষতি বা উপকার করার কোন ক্ষমতা যাহার নাই ? আল্লাহ্‌ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।'	
	قُلْ يٰۤاَهْلَ الْكِتٰبِ لَا تَغْلُوْا فِيْ دِيْنِكُمْ غَيْرَ الْحَقِّ وَلَا تَتَّبِعُوْۤا اَهْوَآءَ قَوْمٍ قَدْ ضَلُّوْا مِنْ قَبْلُ وَاَضَلُّوْا كَثِيْرًا وَّضَلُّوْا عَنْ سَوَآءِ السَّبِيْلِ ﴿۷۷﴾	77
প্রতিবর্ণায়ন	কু'ল ইয়া~আহলাল কিতা-বি লা-তাগলূ ফী দীনিকুম গায়রাল হ'াক্কি ওয়ালা-তাত্তাবি'উ~আহওয়া~আ ক'াওমিং ক'াদ দ'াল্লু মিং ক'াবলু ওয়া আদ'াল্লু কাছ'ীরাওঁ ওয়া দ'াল্লু 'আং ছাওয়া~ইছ্‌ছাবীল।	
তরজমা	বল, 'হে কিতাবীগণ! তোমরা তোমাদের দীন সম্বন্ধে অন্যায় বাড়াবাড়ি করিও না; এবং যে সম্প্রদায় ইতোপূর্বে পথভ্রষ্ট হইয়াছে, অনেককে পথভ্রষ্ট করিয়াছে ও সরল পথ হইতে বিচ্যুত হইয়াছে, তাহাদের খেয়াল-খুশির অনুসরণ করিও না।'	
	لُعِنَ الَّذِيْنَ كَفَرُوْا مِنْۢ بَنِيْۤ اِسْرَآءِيْلَ عَلٰى لِسَانِ دَاوٗدَ وَعِيْسَى ابْنِ مَرْيَمَ ؕ ذٰلِكَ بِمَا عَصَوْا وَّكَانُوْا يَعْتَدُوْنَ ﴿۷۸﴾	78
প্রতিবর্ণায়ন	লু'ইনাল্লায'ীনা কাফারূ মিম্‌ বানী~ইছরাঈ~লা 'আলা- লিছা-নি দা-ঊদা ওয়া 'ঈছাবনি মারইয়ামা (ط) য'া-লিকা বিমা- 'আসাওঁ ওয়া কা-নূ ইয়া'তাদূন।	
তরজমা	বনী ইস্‌রাঈলের মধ্যে যাহারা কুফরী করিয়াছিল তাহারা দাউদ ও মারইয়াম-তনয় কর্তৃক অভিশপ্ত হইয়াছিল-ইহা এহেতু যে, তাহারা ছিল অবাধ্য ও সীমালংঘনকারী।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كَانُوْا لَا يَتَنَاهَوْنَ عَنْ مُّنْكَرٍ فَعَلُوْهُ ؕ لَبِئْسَ مَا كَانُوْا يَفْعَلُوْنَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	কা-নূ লা-ইয়াতানাহাওনা ‘আম মুংকারিং ফা‘আলূহু (ط) লাবি’ছা মা-কা-নূ ইয়াফ‘আলূন।	
তরজমা	তাহারা যেসব গর্হিত কাজ করিত উহা হইতে তাহারা একে অন্যকে বারণ করিত না। তাহারা যাহা করিত তাহা কতই না নিকৃষ্ট।	
	تَرٰى كَثِيْرًا مِّنْهُمْ يَتَوَلَّوْنَ الَّذِيْنَ كَفَرُوْا ؕ لَبِئْسَ مَا قَدَّمَتْ لَهُمْ اَنْفُسُهُمْ اَنْ سَخِطَ اللّٰهُ عَلَيْهِمْ وَفِي الْعَذَابِ هُمْ خٰلِدُوْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	তারা- কাছ ীরাম মিনহুম ইয়াতাওয়াল্লাওনাল্লায ীনা কাফারূ (ط) লাবি’ছা মা-ক াদ্দামাত লাহুম আংফুছুহুম আং ছাখিতাল্লা-হু ‘আলাইহিম ওয়া ফিল ‘আয া-বি হুম খা-লিদূন।	
তরজমা	তাহাদের অনেককে তুমি কাফিরদের সঙ্গে বন্ধুত্ব করিতে দেখিবে। কত নিকৃষ্ট তাহাদের কৃতকর্ম!-যে কারণে আল্লাহ্ তাহাদের উপর ক্রোধান্বিত হইয়াছেন। তাহাদের শাস্তিভোগ স্থায়ী হইবে।	
	وَلَوْ كَانُوْا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَالنَّبِيِّ وَمَآ اُنْزِلَ اِلَيْهِ مَا اتَّخَذُوْهُمْ اَوْلِيَآءَ وَلٰكِنَّ كَثِيْرًا مِّنْهُمْ فٰسِقُوْنَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ওয়া লাও কা-নূ ইউ’মিনূনা বিল্লা-হি ওয়ান্নাবিইয়ি ওয়ামা~উংঝিলা ইলাইহি মাত্তাখাযূ হুম আওলিয়া~আ ওয়ালা-কিন্না কাছ ীরাম মিনহুম ফা-ছিক ূন।	
তরজমা	তাহারা আল্লাহে, নবীতে ও তাহার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে ঈমান আনিলে উহাদেরকে বন্ধুরূপে গ্রহণ করিত না, কিন্তু তাহাদের অনেকে ফাসিক।	
	لَتَجِدَنَّ اَشَدَّ النَّاسِ عَدَاوَةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الْيَهُوْدَ وَالَّذِيْنَ اَشْرَكُوْا ۚ وَلَتَجِدَنَّ اَقْرَبَهُمْ مَّوَدَّةً لِّلَّذِيْنَ اٰمَنُوا الَّذِيْنَ قَالُوْٓا اِنَّا نَصٰرٰى ؕ ذٰلِكَ بِاَنَّ مِنْهُمْ قِسِّيْسِيْنَ وَرُهْبَانًا وَّاَنَّهُمْ لَا يَسْتَكْبِرُوْنَ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	লাতাজিদান্না আশাদ্দান্না-ছি ‘আদা-ওয়াতাল্ লিল্লায ীনা আ-মানুল ইয়াহূদা ওয়াল্লায ীনা আশরাকূ (ج) ওয়ালাতাজিদান্না আক রাবাহুম মাওয়াদ্দাতাল্ লিল্লায ীনা আ-মানুল্লায ীনা ক া-লূ~ইন্না-নাসা-রা- (ط) য া-লিকা বিআন্না মিনহুম কি ছ্ছীছীনা ওয়া রুহবা-নাওঁ ওয়া আন্নাহুম লা-ইয়াছতাকবিরূনা।	

তরজমা	অবশ্য মু'মিনদের প্রতি শত্রুতায় মানুষের মধ্যে ইয়াহূদী ও মুশরিকদেরকেই তুমি সর্বাধিক উগ্র দেখিবে এবং যাহারা বলে 'আমরা খ্রিস্টান' মানুষের মধ্যে তাহাদেরকেই তুমি মু'মিনদের নিকটতর বন্ধুত্বে দেখিবে; কারণ তাহাদের মধ্যে অনেক পণ্ডিত ও সংসার-বিরাগী আছে, আর তাহারা অহংকারও করে না।	
	وَاِذَا سَمِعُوْا مَآ اُنْزِلَ اِلَى الرَّسُوْلِ تَرٰٓى اَعْيُنَهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ مِمَّا عَرَفُوْا مِنَ الْحَقِّ ۚ يَقُوْلُوْنَ رَبَّنَآ اٰمَنَّا فَاكْتُبْنَا مَعَ الشّٰهِدِيْنَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-ছামি'উ মা~উংঝিলা ইলার্ রাছূলি তারা~আ'ইউনাহুম তাফীদু' মিনাদ্ দাম'ই মিম্মা-'আরাফূ মিনাল হ'াক্কি' (চ) ইয়াকূ'লূনা রাব্বানা~আ-মান্না- ফাকতুব্না-মা'আশ্শা-হিদীন।	
তরজমা	রাসূলের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা যখন তাহারা শ্রবণ করে তখন তাহারা যে সত্য উপলব্ধি করে তাহার জন্য তুমি তাহাদের চক্ষু অশ্রু-বিগলিত দেখিবে। তাহারা বলে, 'হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান আনিয়াছি; সুতরাং তুমি আমাদেরকে সাক্ষ্যদানকারীদের তালিকাভুক্ত কর।'	
	وَمَا لَنَا لَا نُؤْمِنُ بِاللّٰهِ وَمَا جَآءَنَا مِنَ الْحَقِّ ۙ وَنَطْمَعُ اَنْ يُّدْخِلَنَا رَبُّنَا مَعَ الْقَوْمِ الصّٰلِحِيْنَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ওয়ামা-লানা-লা-নু'মিনু বিল্লা-হি ওয়ামা- জা~আনা-মিনাল্ হ'াক্কি' (ঘ) ওয়া নাত'মা'উ আইঁ ইউদ্খিলানা- রাব্বুনা- মা'আল ক'াওমিস্সা-লিহ'ীন।	
তরজমা	'আল্লাহে ও আমাদের নিকট আগত সত্যে আমাদের ঈমান না আনার কী কারণ থাকিতে পারে যখন আমরা প্রত্যাশা করি, 'আল্লাহ্ আমাদেরকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করুন?'	
	فَاَثَابَهُمُ اللّٰهُ بِمَا قَالُوْا جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۭ وَذٰلِكَ جَزَاۗءُ الْمُحْسِنِيْنَ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ফাআছ'াবাহুমুল্লা-হু বিমা- ক'া-লূ জান্না-তিং তাজ্রী মিং তাহ'তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- (ঙ) ওয়া য'া-লিকা জাঝা~উল মুহ'ছিনীন।	
তরজমা	এবং তাহাদের এই কথার জন্য আল্লাহ্ তাহাদের পুরস্কার নির্দিষ্ট করিয়াছেন জান্নাত-যাহার পাদদেশে নদী প্রবাহিত; তাহারা সেখানে স্থায়ী হইবে। ইহা সৎকর্মপরায়ণদের পুরস্কার।	
	وَالَّذِيْنَ كَفَرُوْا وَكَذَّبُوْا بِاٰيٰتِنَآ اُولٰۗىِٕكَ اَصْحٰبُ الْجَحِيْمِ ﴿٨٦﴾	86

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা কাফারূ ওয়া কায্ য াবূ বিআ-য়া-তিনা ~উলা~ইকা আসহ া-বুল জাহ ীম।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে ও আমার আয়াতসমূহকে অস্বীকার করিয়াছে তাহারাই জাহান্নামবাসী।	
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تُحَرِّمُوْا طَيِّبٰتِ مَآ اَحَلَّ اللّٰهُ لَكُمْ وَلَا تَعْتَدُوْا ۭ اِنَّ اللّٰهَ لَا يُحِبُّ الْمُعْتَدِيْنَ ﴿٨٧﴾	**87**
প্রতিবর্ণায়ন	ইয়া ~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তুহ ার্রিমূ ত াইয়িবা-তি মা ~আহ াল্লাল্লা-হু লাকুম ওয়ালা-তা'তাদূ (ط) ইন্নাল্লা-হা লা-ইউহি ব্বুল মু'তাদীন।	
তরজমা	হে মু'মিনগণ! আল্লাহ্ তোমাদের জন্য উৎকৃষ্ট যেসব বস্তু হালাল করিয়াছেন সেই সমুদয়কে তোমরা হারাম করিও না এবং সীমালংঘন করিও না। নিশ্চয়ই আল্লাহ্ সীমালংঘনকারীদেরকে পসন্দ করেন না।	
	وَكُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ حَلٰلًا طَيِّبًا ۠ وَّاتَّقُوا اللّٰهَ الَّذِيْٓ اَنْتُمْ بِهٖ مُؤْمِنُوْنَ ﴿٨٨﴾	**88**
প্রতিবর্ণায়ন	ওয়াকুলূ মিম্মা- রাঝাক াকুমুল্লা-হু হ ালা-লাং ত াইয়িবাওঁ (ص) ওয়াত্তাকু ল্লা-হাল্লায ীদআংতুম বিহী মু'মিনূন।	
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে যে হালাল ও উৎকৃষ্ট জীবিকা দিয়াছেন তাহা হইতে ভক্ষণ কর এবং ভয় কর আল্লাহ্কে, যাঁহার প্রতি তোমরা বিশ্বাসী।	
	لَا يُؤَاخِذُكُمُ اللّٰهُ بِاللَّغْوِ فِيْٓ اَيْمَانِكُمْ وَلٰكِنْ يُّؤَاخِذُكُمْ بِمَا عَقَّدْتُّمُ الْاَيْمَانَ ۚ فَكَفَّارَتُهٗٓ اِطْعَامُ عَشَرَةِ مَسٰكِيْنَ مِنْ اَوْسَطِ مَا تُطْعِمُوْنَ اَهْلِيْكُمْ اَوْ كِسْوَتُهُمْ اَوْ تَحْرِيْرُ رَقَبَةٍ ۭ فَمَنْ لَّمْ يَجِدْ فَصِيَامُ ثَلٰثَةِ اَيَّامٍ ۭ ذٰلِكَ كَفَّارَةُ اَيْمَانِكُمْ اِذَا حَلَفْتُمْ ۭ وَاحْفَظُوْٓا اَيْمَانَكُمْ ۭ كَذٰلِكَ يُبَيِّنُ اللّٰهُ لَكُمْ اٰيٰتِهٖ لَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿٨٩﴾	**89**
প্রতিবর্ণায়ন	লা-ইউআ-খিযু কুমুল্লা-হু বিল্ লাগবি ফী ~আইমা-নিকুম ওয়ালা-কিই ইউআ-খিযু কুম বিমা-'আক্ক াত্তুমুল্ আইমা-না (ج) ফাকাফ্ফা-রাতুহূ ~ইত্ 'আ-মু 'আশারাতি মাছা-কীনা মিন আওছাতি মা-তুত 'ইমূনা আহলীকুম আও কিছওয়াতুহুম আও তাহ রীরু রাক াবাতিং (ط) ফামাল্লাম ইয়াজিদ ফাসিয়া-মু ছ ালা-ছ াতি আইয়া-মিং (ط) য া-লিকা কাফফা-রাতু আইমা-নিকুম ইয া-হ ালাফতুম (ط) ওয়াহ ফাজূ ~আইমা-নাকুম; কায া-লিকা ইউবাইয়িনুল্লা-হু লাকুম আ-য়া-তিহী লা'আল্লাকুম তাশকুরূন।	

	তোমাদের বৃথা শপথের জন্য আল্লাহ্ তোমাদেরকে দায়ী করিবেন না, কিন্তু যেসব শপথ তোমরা ইচ্ছাকৃতভাবে কর সেই সকলের জন্য তিনি তোমাদেরকে দায়ী করিবেন। অতঃপর ইহার কাফ্ফারা দশজন দরিদ্রকে মধ্যম ধরনের আহার্য দান, যাহা তোমরা তোমাদের পরিজনদের খাইতে দাও, অথবা তাহাদেরকে বস্ত্রদান, কিংবা একজন দাস মুক্তি এবং যাহার সামর্থ্য নাই তাহার জন্য তিনদিন সিয়াম পালন। তোমরা শপথ করিলে ইহাই তোমাদের শপথের কাফ্ফারা, তোমরা তোমাদের শপথ রক্ষা করিও। এইভাবে আল্লাহ্ তোমাদের জন্য তাঁহার বিধানসমূহ	
তরজমা	বিশদভাবে বর্ণনা করেন যেন তোমরা কৃতজ্ঞতা জ্ঞাপন কর।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْٓا اِنَّمَا الْخَمْرُ وَالْمَيْسِرُ وَالْاَنْصَابُ وَالْاَزْلَامُ رِجْسٌ مِّنْ عَمَلِ الشَّيْطٰنِ فَاجْتَنِبُوْهُ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿٩٠﴾	**90**
	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ~ইন্নামাল খামরু ওয়াল মাইছিরু ওয়াল আংসা-বু ওয়াল	
প্রতিবর্ণায়ন	আঝ্লা-মু রিজছুম মিন ‘আমালিশ শাইত া-নি ফাজতানিবূহু লা‘আল্লাকুম তুফলিহূ ন।	
	হে মু’মিনগণ! মদ, জুয়া, মূর্তিপূজার বেদী ও ভাগ্য নির্ণায়ক শর ঘৃণ্য বস্তু, শয়তানের কাজ।	
তরজমা	সুতরাং তোমরা উহা বর্জন কর-যাহাতে তোমরা সফলকাম হইতে পার।	
	اِنَّمَا يُرِيْدُ الشَّيْطٰنُ اَنْ يُّوْقِعَ بَيْنَكُمُ الْعَدَاوَةَ وَالْبَغْضَآءَ فِي الْخَمْرِ وَالْمَيْسِرِ وَيَصُدَّكُمْ عَنْ ذِكْرِ اللّٰهِ وَعَنِ الصَّلٰوةِ ۚ فَهَلْ اَنْتُمْ مُّنْتَهُوْنَ ﴿٩١﴾	**91**
	ইন্নামা-ইউরীদুশ্শাইত া-নু আইঁ ইউকি ‘আ বাইনাকুমুল ‘আদা-ওয়াতা ওয়াল বাগদ া~আ	
প্রতিবর্ণায়ন	ফিল খামরি ওয়াল মাইছিরি ওয়া ইয়াসুদ্দাকুম ‘আং যি ক্রিল্লা-হি ওয়া ‘আনিস্সালা-তি (চ)	
	ফাহাল আংতুম মুংতাহূন।	
	শয়তান তো মদ ও জুয়া দ্বারা তোমাদের মধ্যে শত্রুতা ও বিদ্বেষ ঘটাইতে চায় এবং	
তরজমা	তোমাদেরকে আল্লাহ্র স্মরণে ও সালাতে বাধা দিতে চায়। তবে কি তোমরা নিবৃত্ত হইবে না ?	
	وَاَطِيْعُوا اللّٰهَ وَاَطِيْعُوا الرَّسُوْلَ وَاحْذَرُوْا ۚ فَاِنْ تَوَلَّيْتُمْ فَاعْلَمُوْٓا اَنَّمَا عَلٰى رَسُوْلِنَا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿٩٢﴾	**92**
	ওয়া আত ী‘উল্লা-হা ওয়া আত ী‘উর রাছূলা ওয়াহ্ য া‘রূ (চ) ফাইং তাওয়াল্লাইতুম	
প্রতিবর্ণায়ন	ফা‘লামু~আন্নামা- ‘আলা-রাছূলিনাল বালা-গুল মুবীন।	
	তোমরা আল্লাহ্র আনুগত্য কর ও রাসূলের আনুগত্য কর এবং সতর্ক হও; যদি তোমরা মুখ	
তরজমা	ফিরাইয়া নেও তবে জানিয়া রাখ, স্পষ্ট প্রচারই আমার রাসূলের কর্তব্য।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لَيْسَ عَلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جُنَاحٌ فِيْمَا طَعِمُوْٓا اِذَا مَا اتَّقَوْا وَّاٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ثُمَّ اتَّقَوْا وَّاٰمَنُوْا ثُمَّ اتَّقَوْا وَّاَحْسَنُوْا ۭ وَاللّٰهُ يُحِبُّ الْمُحْسِنِيْنَ ۝	93
প্রতিবর্ণায়ন	লাইছা ‘আলাল্লাযীনা আ-মানূ ওয়া ‘আমিলুস্সা-লিহা-তি জুনা-হুং ফীমা-তা‘ইমূ ইযা-মাত্তাকাও ওয়া আ-মানূ ওয়া ‘আমিলুস্সা-লিহা-তি ছুম্মাত্তাকাও ওয়া আ-মানূ ছুম্মাত্তাকাও ওয়া আহ্ছানূ (ط) ওয়াল্লা-হু ইউহিব্বুল মুহ্ছিনীন।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহারা পূর্বে যাহা ভক্ষণ করিয়াছে তজ্জন্য তাহাদের কোন গুনাহ্ নাই; যদি তাহারা সাবধান হয় এবং ঈমান আনে ও সৎকর্ম করে, সাবধান হয় ও বিশ্বাস করে, পুনরায় সাবধান হয় ও সৎকর্ম করে এবং আল্লাহ্ সৎকর্মপরায়ণদেরকে ভালবাসেন।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَيَبْلُوَنَّكُمُ اللّٰهُ بِشَيْءٍ مِّنَ الصَّيْدِ تَنَالُهٗٓ اَيْدِيْكُمْ وَرِمَاحُكُمْ لِيَعْلَمَ اللّٰهُ مَنْ يَّخَافُهٗ بِالْغَيْبِ ۚ فَمَنِ اعْتَدٰى بَعْدَ ذٰلِكَ فَلَهٗ عَذَابٌ اَلِيْمٌ ۝	94
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ লাইয়াব্লুওয়ান্নাকুমুল্লা-হু বিশাইইম মিনাস্সাইদি তানা-লুহূ~ আইদীকুম ওয়া রিমা-হুকুম লিইয়া‘লামাল্লা-হু মাইঁ ইয়াখা-ফুহু বিলগাইবি (ج) ফামানি‘তাদা-বা‘দা যা-লিকা ফালাহু ‘আযা-বুন আলীম।	
তরজমা	হে মু’মিনগণ! তোমাদের হাত ও বর্শা যাহা শিকার করে সে বিষয়ে আল্লাহ্ অবশ্যই তোমাদেরকে পরীক্ষা করিবেন, যাহাতে আল্লাহ্ অবহিত হন কে তাঁহাকে না দেখিয়াও ভয় করে। সুতরাং ইহার পর কেহ সীমালংঘন করিলে তাহার জন্য মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَقْتُلُوا الصَّيْدَ وَاَنْتُمْ حُرُمٌ ۭ وَمَنْ قَتَلَهٗ مِنْكُمْ مُّتَعَمِّدًا فَجَزَاۗءٌ مِّثْلُ مَا قَتَلَ مِنَ النَّعَمِ يَحْكُمُ بِهٖ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ هَدْيًۢا بٰلِغَ الْكَعْبَةِ اَوْ كَفَّارَةٌ طَعَامُ مَسٰكِيْنَ اَوْ عَدْلُ ذٰلِكَ صِيَامًا لِّيَذُوْقَ وَبَالَ اَمْرِهٖ ۭ عَفَا اللّٰهُ عَمَّا سَلَفَ ۭ وَمَنْ عَادَ فَيَنْتَقِمُ اللّٰهُ مِنْهُ ۭ وَاللّٰهُ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ۝	95
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লাযীনা আ-মানূ লা-তাকতুলুস্সাইদা ওয়া আংতুম হুরুমুঁ (ط) ওয়ামাং কাতালাহূ মিংকুম মুতা‘আম্মিদাং ফাজাঝা~উম মিছলু মা-কাতালা মিনান্ না‘আমি ইয়াহ্কুমু বিহী যাওয়া-‘আদলিম মিংকুম হাদইয়াম বা-লিগাল কা‘বাতি আও কাফ্ফা-রাতুং তা‘আ-মু মাছা-কীনা আও ‘আদলু যা-লিকা সিয়া-মাল্ লিইয়াযূকা ওয়াবা-লা আমরিহী (ط) ‘আফাল্লা-হু ‘আম্মা-ছালাফা (ط) ওয়ামান ‘আ-দা ফাইয়াংতাকিমুল্লা-হু মিনহু (ط) ওয়াল্লা-হু ‘আঝীঝুং যুংতিকা-ম।	

তরজমা	হে মু'মিনগণ! ইহ্‌রামে থাকাকালে তোমরা শিকার-জন্তু হত্যা করিও না; তোমাদের মধ্যে কেহ ইচ্ছাকৃতভাবে উহা হত্যা করিলে যাহা সে হত্যা করিল তাহার বিনিময় হইতেছে অনুরূপ গৃহপালিত জন্তু, যাহার ফয়সালা করিবে তোমাদের মধ্যে দুইজন ন্যায়বান লোক-কা'বায় প্রেরিতব্য কুরবানীরূপে। অথবা উহার কাফ্‌ফারা হইবে দরিদ্রকে খাদ্য দান করা কিংবা সমসংখ্যক সিয়াম পালন করা, যাহাতে সে আপন কৃতকর্মের ফল ভোগ করে। যাহা গত হইয়াছে আল্লাহ্ তাহা ক্ষমা করিয়াছেন। কেহ উহা পুনরায় করিলে আল্লাহ্ তাহার শাস্তি দিবেন এবং আল্লাহ্ পরাক্রমশালী, শাস্তিদাতা।	
	أُحِلَّ لَكُمْ صَيْدُ الْبَحْرِ وَطَعَامُهُ مَتَاعًا لَّكُمْ وَلِلسَّيَّارَةِ ۚ وَحُرِّمَ عَلَيْكُمْ صَيْدُ الْبَرِّ مَا دُمْتُمْ حُرُمًا ۗ وَاتَّقُوا اللَّهَ الَّذِي إِلَيْهِ تُحْشَرُونَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	উহি'ল্লা লাকুম সাইদুল বাহ'রি ওয়া তা'আ-মুহূ মাতা-'আল্লাকুম ওয়া লিছ্‌ছাইয়ি-রাতি (ج) ওয়া হু'র্‌রিমা 'আলাইকুম সাইদুল বার্‌রি মা-দুমতুম হু'রুমাওঁ (ط) ওয়াত্তাকু'ল্লা-হাল্লাযী'ইলাইহি তুহ্'শারূন।	
তরজমা	তোমাদের জন্য সমুদ্রের শিকার ও উহা ভক্ষণ হালাল করা হইয়াছে, তোমাদের ও পর্যটকদের ভোগের জন্য। তোমরা যতক্ষণ ইহ্‌রামে থাকিবে ততক্ষণ স্থলের শিকার তোমাদের জন্য হারাম। তোমরা ভয় কর আল্লাহ্‌কে, যাঁহার নিকট তোমাদেরকে একত্র করা হইবে।	
	جَعَلَ اللَّهُ الْكَعْبَةَ الْبَيْتَ الْحَرَامَ قِيَامًا لِّلنَّاسِ وَالشَّهْرَ الْحَرَامَ وَالْهَدْيَ وَالْقَلَائِدَ ۚ ذَٰلِكَ لِتَعْلَمُوا أَنَّ اللَّهَ يَعْلَمُ مَا فِي السَّمَاوَاتِ وَمَا فِي الْأَرْضِ وَأَنَّ اللَّهَ بِكُلِّ شَيْءٍ عَلِيمٌ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	জা'আলাল্লা-হুল কা'বাতাল বাইতাল হ'ারা-মা কি'য়া-মাল্ লিন্না-ছি ওয়াশ্‌শাহরাল হ'ারা-মা ওয়াল হাদইয়া ওয়াল ক'লা~ইদা (ط) য'া-লিকা লিতা'লামূ~আন্নাল্লা-হা ইয়া'লামু মা-ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি' ওয়াআন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	পবিত্র কা'বাগৃহ, পবিত্র মাস, কুরবানীর জন্য কা'বায় প্রেরিত পশু ও গলায় মালা পরিহিত পশুকে আল্লাহ্ মানুষের কল্যাণের জন্য নির্ধারণ করিয়াছেন। ইহা এইহেতু যে, তোমরা যেন জানিতে পার-যাহা কিছু আসমান ও যমীনে আছে আল্লাহ্ তাহা জানেন এবং আল্লাহ্ তো সর্ববিষয়ে সর্বজ্ঞ।	
	اعْلَمُوا أَنَّ اللَّهَ شَدِيدُ الْعِقَابِ وَأَنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ই'লামূ~আন্নাল্লা-হা শাদীদুল 'ইক'া-বি ওয়া আন্নাল্লা-হা গাফূরুর্ রাহ'ীম।	

তরজমা	জানিয়া রাখ, নিশ্চয়ই আল্লাহ্ শাস্তিদানে কঠোর এবং আল্লাহ্ পরম ক্ষমাশীল, পরম দয়ালু।	
	مَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ ؕ وَاللّٰهُ يَعْلَمُ مَا تُبْدُوْنَ وَمَا تَكْتُمُوْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	মা-'আলার্‌রাছূলি ইল্লাল বালা-গু (ত) ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তুবদূনা ওয়ামা- তাকতুমূন।	
তরজমা	প্রচার করাই কেবল রাসূলের কর্তব্য। আর তোমরা যাহা প্রকাশ কর ও গোপন রাখ আল্লাহ্ তাহা জানেন।	
	قُلْ لَّا يَسْتَوِى الْخَبِيْثُ وَالطَّيِّبُ وَلَوْ اَعْجَبَكَ كَثْرَةُ الْخَبِيْثِ ۚ فَاتَّقُوا اللّٰهَ يٰۤاُولِى الْاَلْبَابِ لَعَلَّكُمْ تُفْلِحُوْنَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	কুল্লা- ইয়াছতাব'ীল খাবীছু ওয়াত্ত'াইয়িবু ওয়ালাও আ'জাবাকা কাছ'রাতুল খাবীছি (জ) ফাত্তাকু'ল্লা-হা ইয়া~উলিল আলবা-বি লা'আল্লাকুম তুফলিহূ'ন।	
তরজমা	বল, 'মন্দ ও ভাল এক নয়; যদিও মন্দের আধিক্য তোমাকে চমৎকৃত করে। সুতরাং হে বোধশক্তিসম্পন্নেরা! আল্লাহ্‌কে ভয় কর-যাহাতে তোমরা সফলকাম হইতে পার।'	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَسْـَٔلُوْا عَنْ اَشْيَآءَ اِنْ تُبْدَ لَكُمْ تَسُؤْكُمْ ۚ وَاِنْ تَسْـَٔلُوْا عَنْهَا حِيْنَ يُنَزَّلُ الْقُرْاٰنُ تُبْدَ لَكُمْ ؕ عَفَا اللّٰهُ عَنْهَا ؕ وَاللّٰهُ غَفُوْرٌ حَلِيْمٌ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ-মানূ লা-তাছআলূ 'আন আশইয়া~আ ইংতুবদালাকুম তাছু'কুম (জ) ওয়া ইং তাছআলূ 'আনহা-হ'ীনা ইউনাঝ্‌ঝালুল কু'রআ-নু তুবদালাকুম (ত) 'আফাল্লা-হু 'আনহা- (ত) ওয়াল্লা-হু গাফূরুন হ'ালীম।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা সেই সব বিষয়ে প্রশ্ন করিও না যাহা তোমাদের নিকট প্রকাশ হইলে তাহা তোমাদেরকে কষ্ট দিবে। কুরআন নাযিলের সময় তোমরা যদি সেই সব বিষয়ে প্রশ্ন কর তবে উহা তোমাদের নিকট প্রকাশ করা হইবে। আল্লাহ্ সেই সব ক্ষমা করিয়াছেন এবং আল্লাহ্ ক্ষমাশীল, সহনশীল।	
	قَدْ سَاَلَهَا قَوْمٌ مِّنْ قَبْلِكُمْ ثُمَّ اَصْبَحُوْا بِهَا كٰفِرِيْنَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ক'াদ ছাআলাহা- কাওমুম মিং ক'াবলিকুম ছু'ম্মা আসবাহূ' বিহা-কা-ফিরীন।	
তরজমা	তোমাদের পূর্বেও তো এক সম্প্রদায় এই প্রকার প্রশ্ন করিয়াছিল; অতঃপর তাহারা উহা প্রত্যাখ্যান করে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَا جَعَلَ اللّٰهُ مِنۡۢ بَحِيۡرَةٍ وَّلَا سَآئِبَةٍ وَّلَا وَصِيۡلَةٍ وَّلَا حَامٍ ۙ وَّلٰكِنَّ الَّذِيۡنَ كَفَرُوۡا يَفۡتَرُوۡنَ عَلَى اللّٰهِ الۡكَذِبَ ؕ وَاَكۡثَرُهُمۡ لَا يَعۡقِلُوۡنَ ﴿۱۰۳﴾	103
প্রতিবর্ণায়ন	মা-জা'আলাল্লা-হু মিম বাহ ীরাতিওঁ ওয়ালা- ছা~য়িবাতিওঁ ওয়ালা-ওয়াসীলাতিওঁ ওয়ালা-হ া-মিওঁ (ﻯ) ওয়ালা-কিন্নাল্লায ীনা কাফারূ ইয়াফতারূনা 'আলাল্লা-হিল্ কাযি বা (ط) ওয়া আকছ ারুহুম লা-ইয়া'কি লূন।	
তরজমা	বাহীরাঃ, সাইবাঃ, ওয়াসীলাঃ ও হাম আল্লাহ্ স্থির করেন নাই; কিন্তু কাফিরগণ আল্লাহ্র প্রতি মিথ্যা আরোপ করে এবং তাহাদের অধিকাংশই উপলব্ধি করে না।	
	وَاِذَا قِيۡلَ لَهُمۡ تَعَالَوۡا اِلٰى مَاۤ اَنۡزَلَ اللّٰهُ وَاِلَى الرَّسُوۡلِ قَالُوۡا حَسۡبُنَا مَا وَجَدۡنَا عَلَيۡهِ اٰبَآءَنَا ؕ اَوَلَوۡ كَانَ اٰبَآؤُهُمۡ لَا يَعۡلَمُوۡنَ شَيۡـئًا وَّلَا يَهۡتَدُوۡنَ ﴿۱۰۴﴾	104
প্রতিবর্ণায়ন	ওয়া ইয া- ক ীলা লাহুম তা'আ-লাও ইলা-মা~আংঝালাল্লাহু ওয়া ইলার্রাছূলি ক া-লূ হ াছবুনা-মা-ওয়াজাদনা- 'আলাইহি আ-বা~আনা- (ط) আওয়া লাও কা-না আ-বা~উহুম লা-ইয়া'লামূনা শাইআওঁ ওয়ালা-ইয়াহতাদূন।	
তরজমা	যখন তাহাদেরকে বলা হয়, 'আল্লাহ্ যাহা অবতীর্ণ করিয়াছেন তাহার দিকে ও রাসূলের দিকে আস', তাহারা বলে, 'আমরা আমাদের পূর্বপুরুষদেরকে যাহাতে পাইয়াছি তাহাই আমাদের জন্য যথেষ্ট।' যদিও তাহাদের পূর্বপুরুষগণ কিছুই জানিত না এবং সৎপথপ্রাপ্তও ছিল না, তবুও কি ?	
	يٰۤاَيُّهَا الَّذِيۡنَ اٰمَنُوۡا عَلَيۡكُمۡ اَنۡفُسَكُمۡ ۚ لَا يَضُرُّكُمۡ مَّنۡ ضَلَّ اِذَا اهۡتَدَيۡتُمۡ ؕ اِلَى اللّٰهِ مَرۡجِعُكُمۡ جَمِيۡعًا فَيُنَبِّئُكُمۡ بِمَا كُنۡتُمۡ تَعۡمَلُوۡنَ ﴿۱۰۵﴾	105
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ 'আলাইকুম আংফুছাকুম (ج) লা-ইয়াদু রুকুম মাং দ াল্লা ইয াহ তাদাইতুম (ط) ইলাল্লা-হি মারজি'উকুম জামী'আং ফাইউনাব্বিউকুম বিমা-কুংতুম তা'মালূন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমাদের দায়িত্ব তোমাদেরই উপর। তোমরা যদি সৎপথে পরিচালিত হও তবে যে পথভ্রষ্ট হইয়াছে সে তোমাদের কোন ক্ষতি করিতে পারিবে না। আল্লাহ্র দিকেই তোমাদের সকলের প্রত্যাবর্তন; অতঃপর তোমরা যাহা করিতে তিনি সে সম্বন্ধে তোমাদেরকে অবহিত করিবেন।	

106

يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا شَهَادَةُ بَيْنِكُمْ اِذَا حَضَرَ اَحَدَكُمُ الْمَوْتُ حِيْنَ الْوَصِيَّةِ اثْنٰنِ ذَوَا عَدْلٍ مِّنْكُمْ اَوْ اٰخَرٰنِ مِنْ غَيْرِكُمْ اِنْ اَنْتُمْ ضَرَبْتُمْ فِى الْاَرْضِ فَاَصَابَتْكُمْ مُّصِيْبَةُ الْمَوْتِ ۭ تَحْبِسُوْنَهُمَا مِنْۢ بَعْدِ الصَّلٰوةِ فَيُقْسِمٰنِ بِاللّٰهِ اِنِ ارْتَبْتُمْ لَا نَشْتَرِيْ بِهٖ ثَمَنًا وَّلَوْ كَانَ ذَا قُرْبٰى ۙ وَلَا نَكْتُمُ شَهَادَةَ اللّٰهِ اِنَّآ اِذًا لَّمِنَ الْاٰثِمِيْنَ ۝١٠٦

ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ শাহা-দাতু বাইনিকুম ইয া-হ াদ ারা আহ াদাকুমুল মাওতু হ ীনাল ওয়াস্ইইয়াতিছ না-নি য াওয়া- 'আদলিম্ মিংকুম আও আ-খারা-নি মিন গাইরিকুম ইন আংতুম দ ারাবতুম ফিল আরদি ফাআসা-বাত্কুম মুসীবাতুল মাওতি (ط) তাহ বিছূনাহুমা-মিম বা'দিস্সালা-তি ফাইউক ছিমা-নি বিল্লা-হি ইনির্তাবতুম লা-নাশতারী বিহী ছ ামানওঁ ওয়া লাও কা-না য া- কু রবা- (لا) ওয়ালা-নাকতুমু শাহা-দাতাল্লা-হি ইন্না~ইয াল্লা মিনাল আ-ছি মীন।

প্রতিবর্ণায়ন

হে মু'মিনগণ! তোমাদের কাহারও যখন মৃত্যু উপস্থিত হয়, তখন ওসিয়াত করার সময় তোমাদের মধ্য হইতে দুইজন ন্যায়পরায়ণ লোককে সাক্ষী রাখিবে; তোমরা সফরে থাকিলে এবং তোমাদের মৃত্যুর বিপদ উপস্থিত হইলে তোমাদের ছাড়া অন্য লোকদের মধ্য হইতে দুইজন সাক্ষী মনোনীত করিবে। তোমাদের সন্দেহ হইলে সালাতের পর তাহাদেরকে অপেক্ষমাণ রাখিবে। অতঃপর তাহারা আল্লাহ্র নামে শপথ করিয়া বলিবে, 'আমরা উহার বিনিময়ে কোন মূল্য গ্রহণ করিব না-যদি সে আত্মীয়ও হয় এবং আমরা আল্লাহ্র সাক্ষ্য গোপন করিব না; করিলে অবশ্যই পাপীদের অন্তর্ভুক্ত হইব।'

তরজমা

107

فَاِنْ عُثِرَ عَلٰٓى اَنَّهُمَا اسْتَحَقَّآ اِثْمًا فَاٰخَرٰنِ يَقُوْمٰنِ مَقَامَهُمَا مِنَ الَّذِيْنَ اسْتَحَقَّ عَلَيْهِمُ الْاَوْلَيٰنِ فَيُقْسِمٰنِ بِاللّٰهِ لَشَهَادَتُنَآ اَحَقُّ مِنْ شَهَادَتِهِمَا وَمَا اعْتَدَيْنَآ ۚ اِنَّآ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ۝١٠٧

ফাইন 'উছি রা 'আলা~আন্নাহুমাছ তাহ াক্কা~ ইছ মাং ফাআ-খারা-নি ইয়াকূ মা-নি মাক া-মাহুমা- মিনাল্লায ীনাছ্তাহ াক্কা 'আলাইহিমুল আওলাইয়া-নি ফাইউক ছিমা-নি বিল্লা-হি লাশাহা-দাতুনা~আহা ক্কু মিং শাহা-দাতিহিমা-ওয়া মা'তাদাইনা~ (ز) ইন্না~ইয াল্লা মিনাজ্ জ া-লিমীন।

প্রতিবর্ণায়ন

তরজমা	যদি ইহা প্রকাশ পায় যে, তাহারা দুইজন অপরাধে লিপ্ত হইয়াছে তবে যাহাদের স্বার্থহানি ঘটিয়াছে তাহাদের মধ্য হইতে নিকটতম দুইজন তাহাদের স্থলবর্তী হইবে এবং আল্লাহ্‌র নামে শপথ করিয়া বলিবে, 'আমাদের সাক্ষ্য অবশ্যই তাহাদের সাক্ষ্য হইতে অধিকতর সত্য এবং আমরা সীমালংঘন করি নাই- করিলে অবশ্যই আমরা জালিমদের অন্তর্ভুক্ত হইব।'	
	ذٰلِكَ اَدۡنٰۤى اَنۡ يَّاۡتُوۡا بِالشَّهَادَةِ عَلٰى وَجۡهِهَاۤ اَوۡ يَخَافُوۡۤا اَنۡ تُرَدَّ اَيۡمَانٌۢ بَعۡدَ اَيۡمَانِهِمۡ ؕ وَاتَّقُوا اللّٰهَ وَاسۡمَعُوۡا ؕ وَ اللّٰهُ لَا يَهۡدِى الۡقَوۡمَ الۡفٰسِقِيۡنَ ﴿۱۰۸﴾	108
প্রতিবর্ণায়ন	য'া-লিকা আদনা-আইঁ ইয়া'তূ বিশ্‌শাহা-দাতি 'আলা-ওয়াজহিহা~ আও ইয়াখা-ফূ~আং তুরাদ্দা আইমা-নুম বা'দা আইমা-নিহিম (ط) ওয়াত্তাকু'ল্লা-হা ওয়াছমা'উ (ط) ওয়াল্লা-হু লা-ইয়াহদিল ক'াওমাল ফা-ছিক'ীন।	
তরজমা	এই পদ্ধতিতেই অধিকতর সম্ভাবনা আছে লোকের যথাযথ সাক্ষ্যদানের অথবা শপথের পর আবার তাহাদেরকে শপথ করান হইবে-এই ভয়ের। আল্লাহ্‌কে ভয় কর এবং শ্রবণ কর, আল্লাহ্‌ ফাসিক সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	يَوۡمَ يَجۡمَعُ اللّٰهُ الرُّسُلَ فَيَقُوۡلُ مَاذَاۤ اُجِبۡتُمۡ ؕ قَالُوۡا لَا عِلۡمَ لَنَا ؕ اِنَّكَ اَنۡتَ عَلَّامُ الۡغُيُوۡبِ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াজমা'উল্লা-হুর রুছুলা ফাইয়াকূ'লু মা-য'া~উজিবতুম (ط) ক'া-লূ লা-'ইলমা লানা- (ط) ইন্নাকা আংতা 'আল্লা-মুল গুয়ূব।	
তরজমা	স্মরণ কর, যে দিন আল্লাহ্‌ রাসূলগণকে একত্র করিবেন এবং জিজ্ঞাসা করিবেন, 'তোমরা কী উত্তর পাইয়াছিলে ?' তাহারা বলিবে, 'এই বিষয়ে আমাদের কোন জ্ঞানই নাই; তুমিই তো অদৃশ্য সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।'	
	اِذۡ قَالَ اللّٰهُ يٰعِيۡسَى ابۡنَ مَرۡيَمَ اذۡكُرۡ نِعۡمَتِىۡ عَلَيۡكَ وَعَلٰى وَالِدَتِكَ ۘ اِذۡ اَيَّدتُّكَ بِرُوۡحِ الۡقُدُسِ ۟ تُكَلِّمُ النَّاسَ فِى الۡمَهۡدِ وَكَهۡلًا ۚ وَاِذۡ عَلَّمۡتُكَ الۡكِتٰبَ وَالۡحِكۡمَةَ وَالتَّوۡرٰىةَ وَالۡاِنۡجِيۡلَ ۚ وَاِذۡ تَخۡلُقُ مِنَ الطِّيۡنِ كَهَيۡـَٔةِ الطَّيۡرِ بِاِذۡنِىۡ فَتَنۡفُخُ فِيۡهَا فَتَكُوۡنُ طَيۡرًا بِاِذۡنِىۡ وَتُبۡرِئُ الۡاَكۡمَهَ وَالۡاَبۡرَصَ بِاِذۡنِىۡ ۚ وَاِذۡ تُخۡرِجُ الۡمَوۡتٰى بِاِذۡنِىۡ ۚ وَاِذۡ كَفَفۡتُ بَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ عَنۡكَ اِذۡ جِئۡتَهُمۡ بِالۡبَيِّنٰتِ فَقَالَ الَّذِيۡنَ كَفَرُوۡا مِنۡهُمۡ اِنۡ هٰذَاۤ اِلَّا سِحۡرٌ مُّبِيۡنٌ ﴿۱۱۰﴾	110

প্রতিবর্ণায়ন	ইয ̇ ক া-লাল্লা-হু ইয়া-'ঈছাব্না মারইয়ামায্ ̇ কুর্ নি'মাতী 'আলাইকা ওয়া 'আলা-ওয়া-লিদাতিক (م)। ইয ̇ আইঁ ইয়াত্তুকা বিরুহি ̇ ল কু ̇ দুছি (قف) তুকাল্লিমুন্ না-ছা ফিল মাহদি ওয়া কাহলাওঁ (ج) ওয়া ইয ̇ 'আল্লামতুকাল কিতা-বা ওয়াল হি ̇ কমাতা ওয়াত্তাওরা-তা ওয়াল ইংজীলা (ج) ওয়া ইয ̇ তাখলুকু ̇ মিনাত্ ̇ ত ̇ ীনি কাহাইআতিত্ ̇ ত ̇ াইরি বিইয ̇ নী ফাতাংফুখু ফীহা- ফাতাকূনু ত ̇ াইরাম্ বিইয ̇ নী ওয়াতুব্রিউল আকমাহা ওয়াল আবরাসা বিইয ̇ নী (ج) ওয়া ইয ̇ তুখরিজুল মাওতা-বিইয ̇ নী (ج) ওয়া ইয ̇ কাফাফ্তু বানী~ইছরা~ঈলা 'আংকা ইয ̇ জি'তাহুম বিলবাইয়িনা-তি ফাক ̇ া-লাল্লায ̇ ীনা কাফারূ মিনহুম ইন হা-য ̇ া~ ইল্লা-ছিহ ̇ রুম মুবীন।	
তরজমা	স্মরণ কর, আল্লাহ্ বলিবেন, 'হে মার্ইয়াম-তনয় 'ঈসা! তোমার প্রতি ও তোমার জননীর প্রতি আমার অনুগ্রহ স্মরণ কর, পবিত্র আত্মা দ্বারা আমি তোমাকে শক্তিশালী করিয়াছিলাম এবং তুমি দোলনায় থাকা অবস্থায় ও পরিণত বয়সে মানুষের সঙ্গে কথা বলিতে; তোমাকে কিতাব, হিক্মত, তাওরাত ও ইন্জীল শিক্ষা দিয়াছিলাম; তুমি কর্দম দ্বারা আমার অনুমতিক্রমে পাখিসদৃশ আকৃতি গঠন করিতে এবং উহাতে ফুৎকার দিতে; ফলে আমার অনুমতিক্রমে উহা পাখি হইয়া যাইত; জন্মান্ধ ও কুষ্ঠ ব্যাধিগ্রস্তকে তুমি আমার অনুমতিক্রমে নিরাময় করিতে এবং আমার অনুমতিক্রমে তুমি মৃতকে জীবিত করিতে; আমি তোমা হইতে বনী ইস্রাঈলকে নিবৃত্ত রাখিয়াছিলাম ; তুমি যখন তাহাদের নিকট স্পষ্ট নিদর্শন আনিয়াছিলে তখন তাহাদের মধ্যে যাহারা কুফরী করিয়াছিল তাহারা বলিতেছিল, 'ইহা তো স্পষ্ট জাদু।'	
	وَاِذْ اَوْحَيْتُ اِلَى الْحَوَارِيّٖنَ اَنْ اٰمِنُوْا بِيْ وَبِرَسُوْلِيْ ۚ قَالُوْٓا اٰمَنَّا وَاشْهَدْ بِاَنَّنَا مُسْلِمُوْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ওয়া ইয ̇ আওহ ̇ াইতু ইলাল হ ̇ াওয়া-রিইয়ীনা আন আ-মিনূ বী ওয়াবিরাছূলী (ج) ক ̇ া-লূ~আ-মান্না- ওয়াশহাদ বিআন্নানা-মুছলিমূন।	
তরজমা	আরও স্মরণ কর, আমি যখন 'হাওয়ারীদেরকে এই আদেশ দিয়াছিলাম যে, 'তোমরা আমার প্রতি ও আমার রাসূলের প্রতি ঈমান আন', তাহারা বলিয়াছিল, 'আমরা ঈমান আনিলাম এবং তুমি সাক্ষী থাক যে, আমরা তো মুসলিম।'	
	اِذْ قَالَ الْحَوَارِيُّوْنَ يٰعِيْسَى ابْنَ مَرْيَمَ هَلْ يَسْتَطِيْعُ رَبُّكَ اَنْ يُّنَزِّلَ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ ۭ قَالَ اتَّقُوا اللّٰهَ اِنْ كُنْتُمْ مُّؤْمِنِيْنَ ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	ইয ̇ ক ̇ া-লাল হ ̇ াওয়া-রিইয়ূনা ইয়া- 'ঈছাবনা মারইয়ামা হাল ইয়াছতাত ̇ ী'উ রাব্বুকা আইঁ ইউনাঝ্ঝিলা 'আলাইনা- মা~ইদাতাম্ মিনাছছামা~ই (ط) ক ̇ া-লাত্ তাকু ̇ ল্লা-হা ইং কুংতুম মু'মিনীন।	

তরজমা	স্মরণ কর, হাওয়ারীগণ বলিয়াছিল, 'হে মার্‌ইয়াম-তনয় 'ঈসা ! তোমার প্রতিপালক কি আমাদের জন্য আসমান হইতে খাদ্য-পরিপূর্ণ খাঞ্চা প্রেরণ করিতে সক্ষম ?' সে বলিয়াছিল, 'আল্লাহ্‌কে ভয় কর, যদি তোমরা মু'মিন হও।'	
	قَالُوْا نُرِيْدُ اَنْ نَّاْكُلَ مِنْهَا وَتَطْمَئِنَّ قُلُوْبُنَا وَنَعْلَمَ اَنْ قَدْ صَدَقْتَنَا وَنَكُوْنَ عَلَيْهَا مِنَ الشّٰهِدِيْنَ ﴿١١٣﴾	113
প্রতিবর্ণায়ন	ক'া-লূ নুরীদু আন্ না'কুলা মিনহা- ওয়া তাত'মাইন্না কু'লূবুনা-ওয়া না'লামা আং ক'াদ সাদাক'তানা- ওয়া নাকূনা 'আলাইহা- মিনাশ্‌শা-হিদীন।	
তরজমা	তাহারা বলিয়াছিল, 'আমরা চাই যে, উহা হইতে কিছু খাইব ও আমাদের চিত্ত প্রশান্তি লাভ করিবে। আর আমরা জানিতে চাই যে, তুমি আমাদেরকে সত্য বলিয়াছ এবং আমরা উহার সাক্ষী থাকিতে চাই।'	
	قَالَ عِيْسَى ابْنُ مَرْيَمَ اللّٰهُمَّ رَبَّنَآ اَنْزِلْ عَلَيْنَا مَآئِدَةً مِّنَ السَّمَآءِ تَكُوْنُ لَنَا عِيْدًا لِّاَوَّلِنَا وَاٰخِرِنَا وَاٰيَةً مِّنْكَ ۚ وَارْزُقْنَا وَاَنْتَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿١١٤﴾	114
প্রতিবর্ণায়ন	ক'া-লা 'ঈছাবনু মারইয়ামাল্লা-হুম্মা রাব্বানা~আংঝিল 'আলাইনা- মা~ইদাতাম মিনাছ্‌ছামা~ই তাকূনু লানা-'ঈদাল্ লিআওওয়ালিনা-ওয়া আ-খিরিনা-ওয়া আ-ইয়াতাম মিংকা (ج) ওয়ারঝুক্'না- ওয়া আংতা খাইরুর রা-ঝিক'ীন।	
তরজমা	মার্‌ইয়াম-তনয় 'ঈসা বলিল, 'হে আল্লাহ্ আমাদের প্রতিপালক! আমাদের জন্য আসমান হইতে খাদ্যপূর্ণ খাঞ্চা প্রেরণ কর; ইহা আমাদের ও আমাদের পূর্ববর্তী ও পরবর্তী সকলের জন্য হইবে আনন্দোৎসবস্বরূপ এবং তোমার নিকট হইতে নিদর্শন। আর আমাদেরকে জীবিকা দান কর; তুমিই তো শ্রেষ্ঠ জীবিকাদাতা।'	
তরজমা	আমি উহাদেরকেই কিতাব, কর্তৃত্ব ও নবূওয়াত দান করিয়াছি, অতঃপর যদি ইহারা এইগুলিকে প্রত্যাখ্যানও করে তবে আমি তো এমন এক সম্প্রদায়ের প্রতি এইগুলির ভার অর্পণ করিয়াছি যাহারা এইগুলি প্রত্যাখ্যান করিবে না।	
	أُولَٰئِكَ الَّذِينَ هَدَى اللَّهُ ۖ فَبِهُدَاهُمُ اقْتَدِهْ ۗ قُل لَّا أَسْأَلُكُمْ عَلَيْهِ أَجْرًا ۖ إِنْ هُوَ إِلَّا ذِكْرَىٰ لِلْعَالَمِينَ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা হাদাল্লা-হু ফাবিহুদা হুমুক'তাদিহ (চ) কু' ল্‌ লা~আছআলুকুম 'আলাইহি আজরান (চ) ইন হুওয়া ইল্লা- যি'করা-লিল 'আ-লামীন।	
তরজমা	উহাদেরকেই আল্লাহ্‌ সৎপথে পরিচালিত করিয়াছেন, সুতরাং তুমি তাহাদের পথের অনুসরণ কর। বল, 'ইহার জন্য আমি তোমাদের নিকট পারিশ্রমিক চাই না, ইহা তো শুধু বিশ্বজগতের জন্য উপদেশ।'	
	وَمَا قَدَرُوا اللَّهَ حَقَّ قَدْرِهِ إِذْ قَالُوا مَا أَنزَلَ اللَّهُ عَلَىٰ بَشَرٍ مِّن شَيْءٍ ۗ قُلْ مَنْ أَنزَلَ الْكِتَابَ الَّذِي جَاءَ بِهِ مُوسَىٰ نُورًا وَهُدًى لِّلنَّاسِ تَجْعَلُونَهُ قَرَاطِيسَ تُبْدُونَهَا وَتُخْفُونَ كَثِيرًا ۚ وَعُلِّمْتُم مَّا لَمْ تَعْلَمُوا أَنتُمْ وَلَا آبَاؤُكُمْ ۖ قُلِ اللَّهُ ۙ ثُمَّ ذَرْهُمْ فِي خَوْضِهِمْ يَلْعَبُونَ ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ওয়া মা-ক'াদারুল্লা-হা হ'াক্ক'া ক'াদরিহী~ ইয' ক'া-লূ মা~আংঝালাল্লাহু 'আলা-বাশারিম্‌ মিং শাইয়িং (ত) কু'ল মান আংঝালাল্‌ কিতা-বাল্লায ী জা~আ বিহী মূছা-নূরাওঁ ওয়া হুদাল্‌ লিন্না-ছি তাজ'আলূনাহূ ক'ারা-ত ীছা তুবদূনাহা- ওয়া তুখফূনা কাছ ীরাওঁ (চ) ওয়া 'উল্লিম্‌তুম মা-লাম তা'লামূ~আংতুম ওয়ালা~আ-বা~উকুম (ত) ক' ুলিল্লা-হু (৮) ছু' ম্মা য'ারহুম ফী খাওদি'হিম ইয়াল'আবূন।	

তরজমা	তাহারা আল্লাহ্‌র যথার্থ মর্যাদা উপলব্ধি করে নাই যখন তাহারা বলে, 'আল্লাহ্‌ মানুষের নিকট কিছুই নাযিল করেন নাই।' বল, 'কে নাযিল করিয়াছেন মূসার আনীত কিতাব যাহা মানুষের জন্য আলো ও পথনির্দেশ ছিল, তাহা তোমরা বিভিন্ন পৃষ্ঠায় লিপিবদ্ধ করিয়া কিছু প্রকাশ কর ও যাহার অনেকাংশ গোপন রাখ এবং যাহা তোমাদের পিতৃপুরুষগণ ও তোমরা জানিতে না তাহাও শিক্ষা দেওয়া হইয়াছিল? বল, 'আল্লাহ্‌ই' ; অতঃপর তাহাদেরকে তাহাদের নিরর্থক আলোচনারূপ খেলায় মগ্ন হইতে দাও।	
	وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ مُّصَدِّقُ الَّذِیْ بَیْنَ یَدَیْهِ وَلِتُنْذِرَ اُمَّ الْقُرٰی وَمَنْ حَوْلَهَا ؕ وَالَّذِیْنَ یُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ یُؤْمِنُوْنَ بِهٖ وَهُمْ عَلٰی صَلَاتِهِمْ یُحَافِظُوْنَ ﴿۹۲﴾	**92**
প্রতিবর্ণায়ন	ওহায'া কিতাবুন আংঝালনাহু মুবা-রাকুম্‌ মুসাদ্দিকু'ল্লায'ী বাইনা ইয়াদাইহি ওয়া লিতুংযি'রা উম্মাল-কু'রা-ওয়া মান হ'াওলাহা (ط) ওয়াল্লায'ীনা ইউ'মিনূনা বিলআ-খিরাতি ইউ'মিনূনা বিহী ওয়া হুম 'আলা-সালা-তিহিম ইউহ'া-ফিজূ'ন।	
তরজমা	আমি এই কল্যাণময় কিতাব নাযিল করিয়াছি যাহা উহার পূর্বেকার কিতাবের প্রত্যায়নকারী এবং যাহা দ্বারা তুমি মক্কা ও উহার চতুষ্পার্শ্বের লোকদেরকে সতর্ক কর। যাহারা আখিরাতে বিশ্বাস করে তাহারা উহাতে বিশ্বাস করে এবং তাহারা তাহাদের সালাতের হিফাযত করে।	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰی عَلَی اللّٰهِ كَذِبًا اَوْ قَالَ اُوْحِیَ اِلَیَّ وَلَمْ یُوْحَ اِلَیْهِ شَیْءٌ وَّمَنْ قَالَ سَاُنْزِلُ مِثْلَ مَاۤ اَنْزَلَ اللّٰهُ ؕ وَلَوْ تَرٰۤی اِذِ الظّٰلِمُوْنَ فِیْ غَمَرٰتِ الْمَوْتِ وَالْمَلٰٓئِكَةُ بَاسِطُوْۤا اَیْدِیْهِمْ ۚ اَخْرِجُوْۤا اَنْفُسَكُمْ ؕ اَلْیَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُوْنِ بِمَا كُنْتُمْ تَقُوْلُوْنَ عَلَی اللّٰهِ غَیْرَ الْحَقِّ وَكُنْتُمْ عَنْ اٰیٰتِهٖ تَسْتَكْبِرُوْنَ ﴿۹۳﴾	**93**
প্রতিবর্ণায়ন	ওয়া মান্‌ আজ'লামু মিম্‌মানিফ তারা-'আলাল্লা-হিল কাযি'বান আও ক'া-লা উহি'য়া ইলাইইয়া ওয়া লাম ইউহ'া ইলাইহি শাইয়ুওঁ ওয়া মাং ক'া-লা ছাউংঝিলু মিছ'লা মা~আংঝালাল্লা-হু (ط) ওয়া লাও তারা~ ইযি'জ্‌'জ'া-লিমূনা ফী গামারা-তিল্‌ মাওতি ওয়াল মালা~ইকাতু বা-ছিতূ'~আইদীহিম (ج) আখরিজূ~আংফুছাকুম (ط) আলইয়াওমা তুজঝাওনা 'আয'া-বাল হূনি বিমা-কুংতুম তাকূ'লূনা 'আলাল্লা-হি গাইরাল্‌ হ'াক্কি' ওয়া কুংতুম 'আন আ-য়া-তিহী তাছতাক্‌বিরূন।	

তরজমা	তাহার চেয়ে বড় জালিম আর কে, যে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে কিংবা বলে, 'আমার নিকট ওহী হয়,' যদিও তাহার প্রতি নাযিল হয় না এবং যে বলে, 'আল্লাহ্ যাহা নাযিল করিয়াছেন আমিও উহার অনুরূপ নাযিল করিব ?' যদি তুমি দেখিতে পাইতে যখন জালিমরা মৃত্যুযন্ত্রণায় রহিবে এবং ফিরিশ্‌তাগণ হাত বাড়াইয়া বলিবে, 'তোমাদের প্রাণ বাহির কর! তোমরা আল্লাহ্ সম্বন্ধে অন্যায় বলিতে ও তাঁহার বিধান সম্বন্ধে ঔদ্ধত্য প্রকাশ করিতে, সেজন্য আজ তোমাদেরকে অবমাননাকর শাস্তি দেওয়া হইবে।'	
	وَلَقَدْ جِئْتُمُوْنَا فُرَادٰى كَمَا خَلَقْنٰكُمْ اَوَّلَ مَرَّةٍ وَّتَرَكْتُمْ مَّا خَوَّلْنٰكُمْ وَرَآءَ ظُهُوْرِكُمْ ۚ وَمَا نَرٰى مَعَكُمْ شُفَعَآءَكُمُ الَّذِيْنَ زَعَمْتُمْ اَنَّهُمْ فِيْكُمْ شُرَكٰٓؤُا ۭ لَقَدْ تَّقَطَّعَ بَيْنَكُمْ وَضَلَّ عَنْكُمْ مَّا كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ জি'তুমূনা- ফুরা-দা- কামা-খালাক'না-কুম আওয়ালা মার্‌রাতিওঁ ওয়া তারাকতুম মা-খাওওয়ালনা-কুম ওয়ারা~আ জু'হূরিকুম (ج) ওয়ামা-নারা-মা'আকুম শুফা'আ~আকুমুল্লায'ীনা ঝা'আমতুম আন্নাহুম ফীকুম শুরাকা~উ (ط) লাক'াত্ ত'াক'াত্তা'আ বাইনাকুম ওয়া দ'াল্লা 'আংকুম মা-কুংতুম তাঝ'উমূন।	
তরজমা	তোমরা তো আমার নিকট নিঃসংগ অবস্থায় আসিয়াছ, যেমন আমি প্রথমে তোমাদেরকে সৃষ্টি করিয়াছিলাম; তোমাদেরকে যাহা দিয়াছিলাম তাহা তোমরা পশ্চাতে ফেলিয়া আসিয়াছ, তোমরা যাহাদেরকে তোমাদের ব্যাপারে শরীক মনে করিতে। তোমাদের সেই সুপারিশকারিগণকেও তোমাদের সঙ্গে দেখিতেছি না; তোমাদের মধ্যকার সম্পর্ক অবশ্যই ছিন্ন হইয়াছে এবং তোমরা যাহা ধারণা করিয়াছিলে তাহাও নিষ্ফল হইয়াছে।	
	اِنَّ اللّٰهَ فَالِقُ الْحَبِّ وَالنَّوٰى ۭ يُخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَمُخْرِجُ الْمَيِّتِ مِنَ الْحَيِّ ۭ ذٰلِكُمُ اللّٰهُ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ফা-লিকু'ল হ'াব্বি ওয়ান্নাওয়া- (ط) ইয়ুখরিজুল হ'াইইয়া মিনাল মাইয়িতি ওয়া মুখরিজুল মাইয়িতি মিনাল হ'াইয়ি (ط) য'া-লিকুমুল্লা-হু ফাআন্না-তু'ফাকূন।	
তরজমা	আল্লাহ্ই শস্য-বীজ ও আঁটি অংকুরিত করেন, তিনিই প্রাণহীন হইতে জীবন্তকে বাহির করেন এবং জীবন্ত হইতে প্রাণহীনকে বাহির করেন। তিনিই তো আল্লাহ্; সুতরাং তোমরা কোথায় ফিরিয়া যাইবে?	
	فَالِقُ الْاِصْبَاحِ ۚ وَجَعَلَ الَّيْلَ سَكَنًا وَّالشَّمْسَ وَالْقَمَرَ حُسْبَانًا ۭ ذٰلِكَ تَقْدِيْرُ الْعَزِيْزِ الْعَلِيْمِ ﴿٩٦﴾	96

প্রতিবর্ণায়ন	ফা-লিকু'ল ইসবা-হি' (ج) ওয়া জ'আলাল্ লাইলা ছাকানাওঁ ওয়াশ্শাম্ছা ওয়াল ক'ামারা হু'ছবা-নাং (ط) য'া-লিকা তাক'দীরুল 'আঝীঝুল 'আলীম।	
তরজমা	তিনিই উষার উন্মেষ ঘটান, তিনিই বিশ্রামের জন্য রাত্রি এবং গণনার জন্য সূর্য ও চন্দ্র সৃষ্টি করিয়াছেন; এ সবই পরাক্রমশালী সর্বজ্ঞের নিরূপণ।	
	وَهُوَ الَّذِیْ جَعَلَ لَكُمُ النُّجُوْمَ لِتَهْتَدُوْا بِهَا فِیْ ظُلُمٰتِ الْبَرِّ وَالْبَحْرِ ؕ قَدْ فَصَّلْنَا الْاٰیٰتِ لِقَوْمٍ یَّعْلَمُوْنَ ﴿۹۷﴾	**97**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায'ী জা'আলা লাকুমুন্ নুজূমা লিতাহতাদূ বিহা-ফী জু'লুমা-তিল বাররি ওয়াল বাহ'রি (ط) ক'াদ ফাস্সাল্নাল আ-য়া-তি লিক'াওমিইঁ ইয়া'লামূন।	
তরজমা	তিনিই তোমাদের জন্য নক্ষত্র সৃষ্টি করিয়াছেন যেন তদ্দ্বারা স্থলের ও সমুদ্রের অন্ধকারে তোমরা পথ পাও। জ্ঞানী সম্প্রদায়ের জন্য আমি তো নিদর্শন বিশদভাবে বিবৃত করিয়াছি।	
	وَهُوَ الَّذِیْۤ اَنْشَاَكُمْ مِّنْ نَّفْسٍ وَّاحِدَةٍ فَمُسْتَقَرٌّ وَّمُسْتَوْدَعٌ ؕ قَدْ فَصَّلْنَا الْاٰیٰتِ لِقَوْمٍ یَّفْقَهُوْنَ ﴿۹۸﴾	**98**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায'ী~আংশাআকুম মিন্ নাফছিওঁ ওয়া-হি'দাতিং ফামুছতাক'ার্রুওঁ ওয়া মুছ্তাওদা' (ط) ক'াদ ফাস্সাল্নাল আ-য়া-তি লিক'াওমিইঁ ইয়াফক'াহূন।	
তরজমা	তিনিই তোমাদেরকে একই ব্যক্তি হইতে সৃষ্টি করিয়াছেন এবং তোমাদের জন্য দীর্ঘ ও স্বল্পকালীন বাসস্থান রহিয়াছে। অনুধাবনকারী সম্প্রদায়ের জন্য আমি তো নিদর্শনসমূহ বিশদভাবে বিবৃত করিয়াছি।	
	وَهُوَ الَّذِیْۤ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ نَبَاتَ كُلِّ شَیْءٍ فَاَخْرَجْنَا مِنْهُ خَضِرًا نُّخْرِجُ مِنْهُ حَبًّا مُّتَرَاكِبًا ۚ وَمِنَ النَّخْلِ مِنْ طَلْعِهَا قِنْوَانٌ دَانِیَةٌ وَّجَنّٰتٍ مِّنْ اَعْنَابٍ وَّالزَّیْتُوْنَ وَالرُّمَّانَ مُشْتَبِهًا وَّغَیْرَ مُتَشَابِهٍ ؕ اُنْظُرُوْۤا اِلٰی ثَمَرِهٖۤ اِذَاۤ اَثْمَرَ وَیَنْعِهٖ ؕ اِنَّ فِیْ ذٰلِكُمْ لَاٰیٰتٍ لِّقَوْمٍ یُّؤْمِنُوْنَ ﴿۹۹﴾	**99**
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায'ী~আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং (ج) ফাআখরাজনা-বিহী নাবা-তা কুল্লি শাইয়িং ফাআখরাজনা-মিনহু খাদি'রাং নুখরিজু মিনহু হ'াব্বাম মুতারা-কিবাওঁ (ج) ওয়া মিনান্ নাখলি মিং ত'াল'ইহা-কি'নওয়া-নুং দা-নিয়াতুওঁ ওয়া জান্না-তিম্ মিন আ'না-বিওঁ ওয়াঝ্ঝাইতূনা ওয়ার্রুম্মা-না মুশ্তাবিহাওঁ ওয়া গাইরা মুতাশা-বিহিন (ط) উংজু'রূ~ইলা-ছ'ামারিহী~ইয'া~আছ'মারা ওয়া ইয়ান'ইহী (ط) ইন্না ফী য'া-লিকুম লাআ-য়া-তিল্ লিক'াওমিইঁ ইউ'মিনূন।	

	তিনিই আকাশ হইতে বারি বর্ষণ করেন, অতঃপর উহা দ্বারা আমি সর্বপ্রকার উদ্ভিদের চারা উদ্‌গম করি; অনন্তর উহা হইতে সবুজ পাতা উদ্‌গত করি, পরে উহা হইতে ঘন সন্নিবিষ্ট শস্যদানা উৎপাদন করি, এবং খেজুরবৃক্ষের মাথি হইতে ঝুলন্ত কাঁদি বাহির করি আর আংগুরের উদ্যান সৃষ্টি করি এবং যায়তূন ও দাড়িম্বও। ইহারা একে অন্যের সদৃশ এবং বিসদৃশও। লক্ষ্য কর উহার ফলের প্রতি, যখন উহা ফলবান হয় এবং উহার পরিপক্বতা প্রাপ্তির	
তরজমা	প্রতি। মু'মিন সম্প্রদায়ের জন্য উহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে।	
	وَجَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ الْجِنَّ وَخَلَقَهُمْ وَخَرَقُوْا لَهٗ بَنِيْنَ وَبَنٰتٍۢ بِغَيْرِ عِلْمٍ ؕ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يَصِفُوْنَ ﴿١٠٠﴾	100
	ওয়া জা'আলূ লিল্লা-হি শুরাকা~আল্ জিন্না ওয়া খালাক'াহুম ওয়া খারাকূ' লাহূ বানীনা	
প্রতিবর্ণায়ন	ওয়াবানা-তিম্ বিগাইরি 'ইলমিং (ط) ছুবহ'া-নাহূ তা'আ-লা-'আম্মা-ইয়াসিফূন।	
	তাহারা জিনকে আল্লাহ্‌র শরীক করে, অথচ তিনিই ইহাদেরকে সৃষ্টি করিয়াছেন এবং উহারা অজ্ঞতাবশত আল্লাহ্‌র প্রতি পুত্র-কন্যা আরোপ করে; তিনি পবিত্র- মহিমান্বিত! এবং উহারা	
তরজমা	যাহা বলে তিনি তাহার উর্ধ্বে।	
	بَدِيْعُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اَنّٰى يَكُوْنُ لَهٗ وَلَدٌ وَّلَمْ تَكُنْ لَّهٗ صَاحِبَةٌ ؕ وَخَلَقَ كُلَّ شَىْءٍ ۚ وَهُوَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿١٠١﴾	101
	বাদী'উছ্‌ছামা-ওয়া-তি ওয়াল আরদি' (ط) আন্না- ইয়াকূনু লাহূ ওয়ালাদুওঁ ওয়া লাম তাকুল্‌লাহূ	
প্রতিবর্ণায়ন	সা-হি'বাতুওঁ (ط) ওয়া খালাক'া কুল্লা শাইয়িওঁ (ج) ওয়া হুওয়া বিকুল্লি শাইয়িন 'আলীম।	
	তিনি আসমান ও যমীনের স্রষ্টা, তাঁহার সন্তান হইবে কিরূপে? তাঁহার তো কোন স্ত্রী নাই। তিনিই	
তরজমা	তো সমস্ত কিছু সৃষ্টি করিয়াছেন এবং প্রত্যেক বস্তু সম্বন্ধে তিনিই সবিশেষ অবহিত।	
	ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ ۚ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ خَالِقُ كُلِّ شَىْءٍ فَاعْبُدُوْهُ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىْءٍ وَّكِيْلٌ ﴿١٠٢﴾	102
	য'া-লিকুমুল্লা-হু রাব্বুকুম (ج) লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ج) খা-লিকু' কুল্লি শাইয়িং ফা'বুদূহু	
প্রতিবর্ণায়ন	(ج) ওয়া হুওয়া 'আলা-কুল্লি শাইয়িওঁ ওয়াকীল।	
	তিনিই তো আল্লাহ্, তোমাদের প্রতিপালক; তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই। তিনিই সব কিছুর	
তরজমা	স্রষ্টা; সুতরাং তোমরা তাঁহার 'ইবাদত কর; তিনি সব কিছুর তত্ত্বাবধায়ক।	
	لَا تُدْرِكُهُ الْاَبْصَارُ ۖ وَهُوَ يُدْرِكُ الْاَبْصَارَ ۚ وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ ﴿١٠٣﴾	103

প্রতিবর্ণায়ন	লা-তুদরিকুহুল আবসা-রু (ز) ওয়া হুওয়া ইউদরিকুল্ আবসা-রা (ج) ওয়া হুওয়াল্লাত ীফুল্ খাবীর।	
তরজমা	দৃষ্টি তাঁহাকে অবধারণ করিতে পারে না; কিন্তু তিনি অবধারণ করেন সকল দৃষ্টি এবং তিনিই সূক্ষ্মদর্শী, সম্যক পরিজ্ঞাত।	
	قَدْ جَآءَكُمْ بَصَآئِرُ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنْ اَبْصَرَ فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ عَمِیَ فَعَلَیْهَا ؕ وَمَاۤ اَنَا عَلَیْكُمْ بِحَفِیْظٍ ﴿۱۰۴﴾	**104**
প্রতিবর্ণায়ন	ক'াদ জা~আকুম বাসা~ইরু মির্ রাব্বিকুম (ج) ফামান আবসারা ফালিনাফ্ছিহী (ج) ওয়া মান 'আমিয়া ফা'আলাইহা- (ط) ওয়া মা~আনা 'আলাইকুম বিহ'াফীজ ।	
তরজমা	তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের নিকট স্পষ্ট প্রমাণ অবশ্যই আসিয়াছে। সুতরাং কেহ উহা দেখিলে উহা দ্বারা সে নিজেই লাভবান হইবে; আর কেহ না দেখিলে তাহাতে সে নিজেই ক্ষতিগ্রস্ত হইবে। আমি তোমাদের সংরক্ষক নই।	
	وَكَذٰلِكَ نُصَرِّفُ الْاٰیٰتِ وَلِیَقُوْلُوْا دَرَسْتَ وَلِنُبَیِّنَهٗ لِقَوْمٍ یَّعْلَمُوْنَ ﴿۱۰۵﴾	**105**
প্রতিবর্ণায়ন	ওয়া কায'া-লিকা নুসার্‌রিফুল আ-য়া-তি ওয়ালিইয়াকূ'লূ দারাছ্তা ওয়া লিনুবাইয়িনাহূ লিক'াওমিইঁ ইয়া'লামূন।	
তরজমা	আমি এইভাবে নিদর্শনাবলী বিভিন্ন প্রকারে বিবৃত করি। ফলে, উহারা বলে, 'তুমি পড়িয়া লইয়াছ ?' কিন্তু আমি তো সুস্পষ্টভাবে বিবৃত করি জ্ঞানী সম্প্রদায়ের জন্য।	
	اِتَّبِعْ مَاۤ اُوْحِیَ اِلَیْكَ مِنْ رَّبِّكَ ۚ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ وَاَعْرِضْ عَنِ الْمُشْرِكِیْنَ ﴿۱۰۶﴾	**106**
প্রতিবর্ণায়ন	ইত্তাবি' মা~উহি'য়া ইলাইকা মির্ রাব্বিকা (ج) লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ج) ওয়া আ'রিদ' 'আনিল মুশরিকীন।	
তরজমা	তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার প্রতি যাহা ওহী হয় তুমি তাহারই অনুসরণ কর, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই এবং মুশরিকদের হইতে মুখ ফিরাইয়া লও।	
	وَلَوْ شَآءَ اللّٰهُ مَاۤ اَشْرَكُوْا ؕ وَمَا جَعَلْنٰكَ عَلَیْهِمْ حَفِیْظًا ۚ وَمَاۤ اَنْتَ عَلَیْهِمْ بِوَكِیْلٍ ﴿۱۰۷﴾	**107**
প্রতিবর্ণায়ন	ওয়া লাও শা~আল্লা-হু মা~আশরাকূ (ط) ওয়ামা-জা'আলনা-কা 'আলাইহিম হ'াফীজ'াওঁ (ج) ওয়ামা~আংতা 'আলাইহিম বিওয়াকীল।	
তরজমা	আল্লাহ্ যদি ইচ্ছা করিতেন তবে তাহারা শির্ক করিত না এবং তোমাকে তাহাদের জন্য রক্ষক নিযুক্ত করি নাই; আর তুমি তাহাদের অভিভাবকও নও।	

	وَلَا تَسُبُّوا الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ فَيَسُبُّوا اللّٰهَ عَدْوًۢا بِغَيْرِ عِلْمٍ ؕ كَذٰلِكَ زَيَّنَّا لِكُلِّ اُمَّةٍ عَمَلَهُمْ ۪ ثُمَّ اِلٰى رَبِّهِمْ مَّرْجِعُهُمْ فَيُنَبِّئُهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাছুব্বুল্লাযি`না ইয়াদ'ঊনা মিং দূনিল্লা–হি ফাইয়াছুব্বুল্লা–হা 'আদওয়াম্ বিগাইরি 'ইলমিং (ط) কায`া–লিকা ঝাইইয়ান্না–লিকুল্লি উম্মাতিন 'আমালাহুম (ص) ছু`ম্মা ইলা– রাব্বিহিম মারজি'উহুম ফাইউনাব্বিউহুম বিমা– কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	আল্লাহ্‌কে ছাড়িয়া যাহাদেরকে তাহারা ডাকে তাহাদেরকে তোমরা গালি দিও না। কেননা তাহারা সীমালংঘন করিয়া অজ্ঞানতাবশত আল্লাহ্‌কেও গালি দিবে। এইভাবে আমি প্রত্যেক জাতির দৃষ্টিতে তাহাদের কার্যকলাপ সুশোভন করিয়াছি; অতঃপর তাহাদের প্রতিপালকের নিকট তাহাদের প্রত্যাবর্তন। অনন্তর তিনি তাহাদেরকে তাহাদের কৃতকর্ম সম্বন্ধে অবহিত করিবেন।	
	وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَآءَتْهُمْ اٰيَةٌ لَّيُؤْمِنُنَّ بِهَا ؕ قُلْ اِنَّمَا الْاٰيٰتُ عِنْدَ اللّٰهِ وَمَا يُشْعِرُكُمْ ۙ اَنَّهَاۤ اِذَا جَآءَتْ لَا يُؤْمِنُوْنَ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়া আক্`ছামূ বিল্লা–হি জাহ্‌দা আইমা– নিহিম লাইং জা~আত্‌হুম আ–য়াতুল্ লাইউ'মিনুন্না বিহা– (ط) কু`ল ইন্নামাল আ–য়া–তু 'ইংদাল্লা–হি ওয়া মা–ইউশ'ইরুকুম (لا) আন্নাহা– ইয`া~জা~আত লা–ইউ'মিনূন।	
তরজমা	তাহারা আল্লাহ্‌র নামে কঠিন শপথ করিয়া বলে, তাহাদের নিকট যদি কোন নিদর্শন আসিত তবে অবশ্যই তাহারা ইহাতে ঈমান আনিত। বল, 'নিদর্শন তো আল্লাহ্‌র ইখ্‌তিয়ারভুক্ত।' তাহাদের নিকট নিদর্শন আসিলেও তাহারা যে ঈমান আনিবে না ইহা কিভাবে তোমাদের বোধগম্য করান যাইবে?	
	وَنُقَلِّبُ اَفْـِٕدَتَهُمْ وَاَبْصَارَهُمْ كَمَا لَمْ يُؤْمِنُوْا بِهٖۤ اَوَّلَ مَرَّةٍ وَّنَذَرُهُمْ فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	ওয়া নুক`াল্লিবু আফইদাতাহুম ওয়া আবসা–রাহুম কামা–লাম ইউ'মিনূ বিহী~ আওওয়ালা মাররাতিওঁ ওয়া নায`া–রুহুম ফী তু`গইয়া–নিহিম ইয়া'মাহূন।	
তরজমা	তাহারা যেমন প্রথমবার উহাতে ঈমান আনে নাই তেমনি আমিও তাহাদের মনোভাবের ও দৃষ্টিভঙ্গির পরিবর্তন করিয়া দিব এবং তাহাদেরকে তাহাদের অবাধ্যতায় উদ্‌ভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইতে দিব।	
	وَلَوْ اَنَّنَا نَزَّلْنَاۤ اِلَيْهِمُ الْمَلٰٓئِكَةَ وَكَلَّمَهُمُ الْمَوْتٰى وَحَشَرْنَا عَلَيْهِمْ كُلَّ شَيْءٍ قُبُلًا مَّا كَانُوْا لِيُؤْمِنُوْۤا اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ يَجْهَلُوْنَ ﴿١١١﴾	111

প্রতিবর্ণায়ন	ওয়ালাও আন্নানা-নাঝ্ঝালনা-ইলাইহিমুল্ মালা~ইকাতা ওয়া কাল্লামাহুমুল মাওতা- ওয়া হ'াশারনা- 'আলাইহিম কুল্লা শাইয়িং কু'বুলাম্ মা-কা-নূ লিইউ'মিনূ~ইল্লা~ আইঁইয়াশা~আল্লা-হু ওয়া লা-কিন্না আক্ছ'ারাহুম ইয়াজহালূন।	
তরজমা	আমি তাহাদের নিকট ফিরিশতা প্রেরণ করিলেও এবং মৃতেরা তাহাদের সঙ্গে কথা বলিলেও এবং সকল বস্তুকে তাহাদের সম্মুখে হাযির করিলেও যদি না আল্লাহ্ ইচ্ছা করেন তবে তাহারা ঈমান আনিবে না; কিন্তু তাহাদের অধিকাংশই অজ্ঞ।	
	وَكَذٰلِكَ جَعَلْنَا لِكُلِّ نَبِيٍّ عَدُوًّا شَيٰطِيْنَ الْاِنْسِ وَالْجِنِّ يُوْحِيْ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ زُخْرُفَ الْقَوْلِ غُرُوْرًا ؕ وَلَوْ شَآءَ رَبُّكَ مَا فَعَلُوْهُ فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ ﴿۱۱۲﴾	112
প্রতিবর্ণায়ন	ওয়া কায'া-লিকা জা'আলনা- লিকুল্লি নাবিইয়িন 'আদুওওয়াং শাইয়া-ত'ীনাল ইংছি ওয়াল জিন্নি ইঊহ'ী বা'দু'হুম ইলা-বা'দি'ং ঝুখ্রুফাল্ ক'াওলি গুরূরাওঁ (ط) ওয়ালাওশা~আ রাব্বুকা মা-ফা'আলূহু ফায'ারহুম ওয়া মা-ইয়াফ্তারূন।	
তরজমা	এইরূপে আমি মানব ও জিনের মধ্যে শয়তানদেরকে প্রত্যেক নবীর শত্রু করিয়াছি, প্রতারণার উদ্দেশ্যে তাহাদের একে অন্যকে চমকপ্রদ বাক্য দ্বারা প্ররোচিত করে। যদি তোমার প্রতিপালক ইচ্ছা করিতেন তবে তাহারা ইহা করিত না; সুতরাং তুমি তাহাদেরকে ও তাহাদের মিথ্যা রচনাকে বর্জন কর।	
	وَلِتَصْغٰٓى اِلَيْهِ اَفْـِٕدَةُ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ وَلِيَرْضَوْهُ وَلِيَقْتَرِفُوْا مَا هُمْ مُّقْتَرِفُوْنَ ﴿۱۱۳﴾	113
প্রতিবর্ণায়ন	ওয়া লিতাস্গা~ইলাইহি আফইদাতুল্লায'ীনা লা-ইউ'মিনূনা বিলআ-খিরাতি ওয়ালিইয়ারদ'াওহু ওয়ালিইয়াক'তারিফূ মা-হুম মুক'তারিফূন।	
তরজমা	আর তাহারা এই উদ্দেশ্যে প্ররোচিত করে যে, যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহাদের মন যেন উহার প্রতি অনুরাগী হয় এবং উহাতে যেন তাহারা পরিতুষ্ট হয় আর তাহারা যে অপকর্ম করে তাহাই যেন তাহারা করিতে থাকে।	
	اَفَغَيْرَ اللّٰهِ اَبْتَغِيْ حَكَمًا وَّهُوَ الَّذِيْٓ اَنْزَلَ اِلَيْكُمُ الْكِتٰبَ مُفَصَّلًا ؕ وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَعْلَمُوْنَ اَنَّهٗ مُنَزَّلٌ مِّنْ رَّبِّكَ بِالْحَقِّ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿۱۱۴﴾	114
প্রতিবর্ণায়ন	আফাগাইরাল্লা-হি আবতাগী হ'াকামাওঁ ওয়া হুওয়াল্লায'ী-আংঝালা ইলাইকুমুল কিতা-বা মুফাস্সালাওঁ (ط) ওয়াল্লায'ীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়া'লামূনা আন্নাহু মুনাঝ্ঝালুম্ মির্ রাব্বিকা বিল্হ'াক্কি' ফালা- তাকূনান্না মিনাল মুম্তারীন ।	
ZiRgv	বল, 'তবে কি আমি আল্লাহ্ ব্যতীত অন্যকে সালিস মানিব-যদিও তিনিই তোমাদের প্রতি সুস্পষ্ট কিতাব অবতীর্ণ করিয়াছেন!' আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা জানে যে, উহা তোমার প্রতিপালকের নিকট হইতে সত্যসহ অবতীর্ণ হইয়াছে। সুতরাং তুমি সন্দিহানদের অন্তর্ভুক্ত হইও না।	

	وَتَمَّتْ كَلِمَتُ رَبِّكَ صِدْقًا وَّعَدْلًا ؕ لَا مُبَدِّلَ لِكَلِمٰتِهٖ ۚ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿١١٥﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া তাম্মাত্ কালিমাতু রাব্বিকা সিদক'াওঁ ওয়া 'আদলাল (ত্ব) লা-মুবাদ্দিলা লিকালিমা-তিহী (জ) ওয়া হুওয়াছ্ ছামী'উল 'আলীম।	
তরজমা	সত্য ও ন্যায়ের দিক দিয়া তোমার প্রতিপালকের বাণী পরিপূর্ণ। তাঁহার বাক্য পরিবর্তন করিবার কেহ নাই। আর তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَاِنْ تُطِعْ اَكْثَرَ مَنْ فِى الْاَرْضِ يُضِلُّوْكَ عَنْ سَبِيْلِ اللّٰهِ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তুতি' 'আকছ'ারা মাং ফিল আরদি' ইউদি'ল্লুকা 'আং ছাবীলিল্লা-হি (ত্ব) ইয়ঁ ইয়াত্তাবি'উনা ইল্লাজ্' জ'ান্না ওয়া ইন্হুম ইল্লা- ইয়াখরুসূন।	
তরজমা	যদি তুমি দুনিয়ার অধিকাংশ লোকের কথামত চল তবে তাহারা তোমাকে আল্লাহ্র পথ হইতে বিচ্যুত করিবে। তাহারা তো শুধু অনুমানের অনুসরণ করে ; আর তাহারা শুধু অনুমানভিত্তিক কথা বলে।	
	اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ مَنْ يَّضِلُّ عَنْ سَبِيْلِهٖ ۚ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু মাইঁইয়াদি'ল্লু 'আং ছাবীলিহী (জ) ওয়া হুওয়া আ'লামু বিল্মুহ্তাদীন।	
তরজমা	তাঁহার পথ ছাড়িয়া কে বিপথগামী হয় সে সম্বন্ধে তোমার প্রতিপালক তো সবিশেষ অবহিত এবং সৎপথে যাহারা আছে তাহাও তিনি সবিশেষ অবহিত।	
	فَكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ اِنْ كُنْتُمْ بِاٰيٰتِهٖ مُؤْمِنِيْنَ ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	ফাকুলূ মিম্মা-যু'কিরাছমুল্লা-হি 'আলাইহি ইং কুংতুম বিআ-য়া-তিহী মু'মিনীন।	
তরজমা	তোমরা তাঁহার বিধানে বিশ্বাসী হইলে যাহাতে আল্লাহ্র নাম নেওয়া হইয়াছে তাহা হইতে আহার কর;	
	وَمَا لَكُمْ اَلَّا تَاْكُلُوْا مِمَّا ذُكِرَ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَقَدْ فَصَّلَ لَكُمْ مَّا حَرَّمَ عَلَيْكُمْ اِلَّا مَا اضْطُرِرْتُمْ اِلَيْهِ ؕ وَاِنَّ كَثِيْرًا لَّيُضِلُّوْنَ بِاَهْوَآئِهِمْ بِغَيْرِ عِلْمٍ ؕ اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِالْمُعْتَدِيْنَ ﴿١١٩﴾	119
প্রতিবর্ণায়ন	ওয়ামা-লাকুম আল্লা-তা'কুলূ মিম্মা-যু'কিরাছমুল্লা-হি 'আলাইহি ওয়া ক'াদ ফাস্সালা লাকুম মা-হ'ার্রামা 'আলাকুম ইল্লা-মাদ্'তুরির্তুম্ ইলাইহি (ত্ব) ওয়া ইন্না কাছ'ীরাল্ লাইউদি'ল্লূনা বিআহওয়া~ইহিম বিগাইরি 'ইলমিন (ত্ব) ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিলমু'তাদীন।	

তরজমা	তোমাদের কী হইয়াছে যে, যাহাতে আল্লাহ্‌র নাম নেওয়া হইয়াছে তোমরা তাহা হইতে আহার করিবে না ? যাহা তোমাদের জন্য তিনি হারাম করিয়াছেন তাহা তিনি বিশদভাবেই তোমাদের নিকট বিবৃত করিয়াছেন, তবে তোমরা নিরুপায় হইলে তাহা স্বতন্ত্র। অনেকে অজ্ঞানতাবশত নিজেদের খেয়াল-খুশি দ্বারা অবশ্যই অন্যকে বিপথগামী করে; নিশ্চয়ই তোমার প্রতিপালক সীমালংঘনকারীদের সম্বন্ধে সবিশেষ অবহিত।	
	وَذَرُوْا ظَاهِرَ الْاِثْمِ وَبَاطِنَهٗ ؕ اِنَّ الَّذِيْنَ يَكْسِبُوْنَ الْاِثْمَ سَيُجْزَوْنَ بِمَا كَانُوْا يَقْتَرِفُوْنَ ﴿۱۲۰﴾	120
প্রতিবর্ণায়ন	ওয়া যা'রূ জা'-হিরাল্ ইছ্'মি ওয়া বা-তি'নাহূ (ত্ব) ইন্নাল্লাযী'না ইয়াকছিবূনাল্ ইছ্'মা ছাইউজ্‌যাওনা বিমা-কা-নূ ইয়াক'তারিফূন।	
তরজমা	তোমরা প্রকাশ্য ও গোপন পাপ বর্জন কর ; যাহারা পাপ করে তাহাদেরকে অচিরেই তাহাদের পাপের সমুচিত শাস্তি দেওয়া হইবে।	
	وَلَا تَاْكُلُوْا مِمَّا لَمْ يُذْكَرِ اسْمُ اللّٰهِ عَلَيْهِ وَاِنَّهٗ لَفِسْقٌ ؕ وَاِنَّ الشَّيٰطِيْنَ لَيُوْحُوْنَ اِلٰٓى اَوْلِيٰٓـئِهِمْ لِيُجَادِلُوْكُمْ ۚ وَاِنْ اَطَعْتُمُوْهُمْ اِنَّكُمْ لَمُشْرِكُوْنَ ﴿۱۲۱﴾	121
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তা'কুলূ মিম্মা-লাম ইউয্'কারিছ্‌মুল্লা-হি 'আলাইহি ওয়া ইন্নাহূ লাফিছ্‌কুঁ (ত্ব) ওয়া ইন্নাশ্‌শায়া-ত'ীনা লাইউহূ'না ইলা~আওলিয়া~ইহিম লিইউজা-দিলূকুম (চ) ওয়া ইন আত'া'তুমূহুম ইন্নাকুম লামুশরিকূন।	
তরজমা	যাহাতে আল্লাহ্‌র নাম নেওয়া হয় নাই তাহার কিছুই তোমরা আহার করিও না; উহা অবশ্যই পাপ। নিশ্চয়ই শয়তানেরা তাহাদের বন্ধুদেরকে তোমাদের সঙ্গে বিবাদ করিতে প্ররোচনা দেয়; যদি তোমরা তাহাদের কথামত চল তবে তোমরা অবশ্যই মুশরিক হইবে।	
	اَوَمَنْ كَانَ مَيْتًا فَاَحْيَيْنٰهُ وَجَعَلْنَا لَهٗ نُوْرًا يَّمْشِىْ بِهٖ فِى النَّاسِ كَمَنْ مَّثَلُهٗ فِى الظُّلُمٰتِ لَيْسَ بِخَارِجٍ مِّنْهَا ؕ كَذٰلِكَ زُيِّنَ لِلْكٰفِرِيْنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۲۲﴾	122
প্রতিবর্ণায়ন	আওয়া মাং কা-না মাইতাং ফাআহ'ইয়াইনা-হু ওয়া জা'আল্‌না-লাহূ নূরাইঁ ইয়াম্‌শী বিহী ফিন্‌না-ছি কামাম্ মাছ'ালুহূ ফিজ্'জু'লুমা-তি লাইছা বিখা-রিজিম্ মিনহা- (ত্ব) কায'া-লিকা ঝুইয়িনা লিল্‌কা-ফিরীনা মা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	যে ব্যক্তি মৃত ছিল, যাহাকে আমি পরে জীবিত করিয়াছি এবং যাহাকে মানুষের মধ্যে চলিবার জন্য আলোক দিয়াছি সেই ব্যক্তি কি ঐ ব্যক্তির ন্যায়, যে অন্ধকারে রহিয়াছে এবং সেই স্থান হইতে বাহির হইবার নয় ? এইরূপে কাফিরদের দৃষ্টিতে তাহাদের কৃতকর্ম শোভন করিয়া দেওয়া হইয়াছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَكَذٰلِكَ جَعَلْنَا فِيْ كُلِّ قَرْيَةٍ اَكٰبِرَ مُجْرِمِيْهَا لِيَمْكُرُوْا فِيْهَا ؕ وَمَا يَمْكُرُوْنَ اِلَّا بِاَنْفُسِهِمْ وَمَا يَشْعُرُوْنَ ﴿١٢٣﴾	123
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা জা'আলনা-ফী কুল্লি ক'ার্ইয়াতিন আকা-বিরা মুজরিমীহা- লিয়ামকুরূ ফীহা- (ط) ওয়া মা-ইয়ামকুরূনা ইল্লা-বিআংফুছিহিম ওয়া মা- ইয়াশ'উরূন।	
তরজমা	এইরূপে আমি প্রত্যেক জনপদে সেখানকার অপরাধীদের প্রধানকে সেখানে চক্রান্ত করার অবকাশ দিয়াছি ; কিন্তু তাহারা শুধু তাহাদের নিজেদের বিরুদ্ধে চক্রান্ত করে; অথচ তাহারা উপলব্ধি করে না।	
	وَاِذَا جَآءَتْهُمْ اٰيَةٌ قَالُوْا لَنْ نُّؤْمِنَ حَتّٰى نُؤْتٰى مِثْلَ مَآ اُوْتِيَ رُسُلُ اللّٰهِ ؕ اَللّٰهُ اَعْلَمُ حَيْثُ يَجْعَلُ رِسَالَتَهٗ ؕ سَيُصِيْبُ الَّذِيْنَ اَجْرَمُوْا صَغَارٌ عِنْدَ اللّٰهِ وَعَذَابٌ شَدِيْدٌ ۢ بِمَا كَانُوْا يَمْكُرُوْنَ ﴿١٢٤﴾	124
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-জা~আত্হুম আ-য়াতুং ক'া-লূ লান্ নু'মিনা হ'াত্তা-নু'তা-মিছ'লা মা-ঊতিয়া রুছুলুল্লা-হ (م)। আল্লা-হু আ'লামু হাইছু' ইয়াজ্'আলু রিছা-লাতাহূ (ط) ছাইউসীবুল্লায'ীনা আজরামূ সাগা-রুন 'ইংদাল্লা-হি ওয়া 'আয'া-বুং শাদীদুম্ বিমা-কা-নূ ইয়ামকুরূন।	
তরজমা	যখন তাহাদের নিকট কোন নিদর্শন আসে তাহারা তখন বলে, 'আল্লাহ্র রাসূলগণকে যাহা দেওয়া হইয়াছিল আমাদেরকেও তাহা না দেওয়া পর্যন্ত আমরা কখনও বিশ্বাস করিব না।' আল্লাহ্ তাঁহার রিসালাতের দায়িত্ব কাহার উপর অর্পণ করিবেন তাহা তিনিই ভাল জানেন। যাহারা অপরাধ করিয়াছে, চক্রান্তের জন্য আল্লাহ্র নিকট হইতে লাঞ্ছনা ও কঠোর শাস্তি তাহাদের উপর আপতিত হইবেই।	
	فَمَنْ يُّرِدِ اللّٰهُ اَنْ يَّهْدِيَهٗ يَشْرَحْ صَدْرَهٗ لِلْاِسْلَامِ ۚ وَمَنْ يُّرِدْ اَنْ يُّضِلَّهٗ يَجْعَلْ صَدْرَهٗ ضَيِّقًا حَرَجًا كَاَنَّمَا يَصَّعَّدُ فِي السَّمَآءِ ؕ كَذٰلِكَ يَجْعَلُ اللّٰهُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ ﴿١٢٥﴾	125
প্রতিবর্ণায়ন	ফামাইঁ ইউরিদিল্লা-হু আইঁ ইয়াহ্দিয়াহূ ইয়াশরাহ্' সাদরাহূ লিল্ইছলা-মি (ج) ওয়া মাইঁ ইউরিদ আইঁ ইউদি'ল্লাহূ ইয়াজ'আল্ সাদ্রাহূ দ'াইয়িক'ান হ'ারাজাং কাআন্নামা- ইয়াস্সা''আদু ফিছ্ছামা~ই (ط) কায'া-লিকা ইয়াজ'আলুল্লা-হুর্ রিজ্ছা 'আলাল্লায'ীনা লা-ইউ'মিনূন।	

তরজমা	আল্লাহ্ কাহাকেও সৎপথে পরিচালিত করিতে চাহিলে তিনি তাহার বক্ষ ইসলামের জন্য প্রশস্ত করিয়া দেন এবং কাহাকেও বিপথগামী করিতে চাহিলে তিনি তাহার বক্ষ অতিশয় সংকীর্ণ করিয়া দেন ; তাহার কাছে ইসলাম অনুসরণ আকাশে আরোহণের মতই দুঃসাধ্য হইয়া পড়ে। যাহারা বিশ্বাস করে না আল্লাহ্ তাহাদেরকে এইভাবে লাঞ্ছিত করেন।	
	وَهٰذَا صِرَاطُ رَبِّكَ مُسْتَقِيْمًا ۭ قَدْ فَصَّلْنَا الْاٰيٰتِ لِقَوْمٍ يَّذَّكَّرُوْنَ ﴿١٢٦﴾	126
প্রতিবর্ণায়ন	ওয়া হা-য'া-সিরা-তু রাব্বিকা মুছ্তাক'ীমাং (ط) ক'াদ্ ফাস্সাল্নাল আ-য়া-তি লিক'াওমিই্ঁ ইয়ায্'য'াক্কারূন।	
তরজমা	ইহাই তোমার প্রতিপালক-নির্দেশিত সরল পথ। যাহারা উপদেশ গ্রহণ করে আমি তাহাদের জন্য নিদর্শনসমূহ বিশদভাবে বিবৃত করিয়াছি।	
	لَهُمْ دَارُ السَّلٰمِ عِنْدَ رَبِّهِمْ وَهُوَ وَلِيُّهُمْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١٢٧﴾	127
প্রতিবর্ণায়ন	লাহুম দা-রুছ্ছালা-মি 'ইংদা রাব্বিহিম ওয়া হুওয়া ওয়ালিইয়ুহুম বিমা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	তাহাদের প্রতিপালকের নিকট তাহাদের জন্য রহিয়াছে শান্তির আবাস এবং তাহারা যাহা করিত তজ্জন্য তিনিই তাহাদের অভি-ভাবক।	
	وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ۚ يٰمَعْشَرَ الْجِنِّ قَدِ اسْتَكْثَرْتُمْ مِّنَ الْاِنْسِ ۚ وَقَالَ اَوْلِيٰۗؤُهُمْ مِّنَ الْاِنْسِ رَبَّنَا اسْتَمْتَعَ بَعْضُنَا بِبَعْضٍ وَّبَلَغْنَآ اَجَلَنَا الَّذِيْٓ اَجَّلْتَ لَنَا ۭ قَالَ النَّارُ مَثْوٰىكُمْ خٰلِدِيْنَ فِيْهَآ اِلَّا مَا شَاۗءَ اللّٰهُ ۭ اِنَّ رَبَّكَ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿١٢٨﴾	128
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াহ'শুরুহুম জামী'আন- (ج) ইয়া-মা'শারাল জিন্নি ক'াদিছতাকছ'ারতুম মিনাল ইংছি (ج) ওয়া ক'া-লা আওলিয়া~উহুম মিনাল্ ইংছি রাব্বানাছ্ তাম্তা'আ বা'দু'না-বিবা'দি'ওঁ ওয়া বালাগনা~আজালানাল্লায'ী~আজ্জাল্তা লানা- (ط) ক'া-লান্ না-রু মাছ'ওয়া-কুম খা-লিদীনা ফীহা- ইল্লা- মা-শা~আল্লা-হু (ط) ইন্না রাব্বাকা হ'াকীমুন 'আলীম।	
তরজমা	যেদিন তিনি তাহাদের সকলকে একত্র করিবেন এবং বলিবেন, 'হে জিন সম্প্রদায়! তোমরা তো অনেক লোককে তোমাদের অনুগামী করিয়াছিলে' এবং মানব সমাজের মধ্যে তাহাদের বন্ধুগণ বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদের মধ্যে কতক অপরের দ্বারা লাভবান হইয়াছে এবং তুমি আমাদের জন্য যে সময় নির্ধারণ করিয়াছিলে এখন আমরা উহাতে উপনীত হইয়াছি।' সেদিন আল্লাহ্ বলিবেন, 'জাহান্নামই তোমাদের বাসস্থান, তোমরা সেখানে স্থায়ী হইবে,' যদি না আল্লাহ্ অন্য রকম ইচ্ছা করেন। তোমার প্রতিপালক অবশ্যই প্রজ্ঞাময়, সবিশেষ অবহিত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَكَذٰلِكَ نُوَلِّيْ بَعْضَ الظّٰلِمِيْنَ بَعْضًا بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা নুওয়াল্লী বা'দ'াজ্ জ'া-লিমীনা বা'দ'াম্ বিমা-কা-নূ ইয়াকছিবূন।	
তরজমা	এইভাবে উহাদের কৃতকর্মের জন্য আমি জালিমদের একদলকে অন্যদলের বন্ধু করিয়া থাকি।	
	يٰمَعْشَرَ الْجِنِّ وَالْاِنْسِ اَلَمْ يَاْتِكُمْ رُسُلٌ مِّنْكُمْ يَقُصُّوْنَ عَلَيْكُمْ اٰيٰتِيْ وَيُنْذِرُوْنَكُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا ؕ قَالُوْا شَهِدْنَا عَلٰٓى اَنْفُسِنَا وَغَرَّتْهُمُ الْحَيٰوةُ الدُّنْيَا وَشَهِدُوْا عَلٰٓى اَنْفُسِهِمْ اَنَّهُمْ كَانُوْا كٰفِرِيْنَ ﴿١٣٠﴾	130
প্রতিবর্ণায়ন	ইয়া-মা'শারাল্ জিন্নি ওয়াল ইংছি আলাম্ ইয়া'তিকুম্ রুছুলুম্ মিংকুম ইয়াকু'স্সূনা 'আলাইকুম আ-য়া-তী ওয়া ইউংযি'রূনাকুম লিকা'~আ ইয়াওমিকুম হা-যা'- (ط) কা'-লূ শাহিদনা- 'আলা~আংফুছিনা- ওয়া গার্‌রাত্হুমুল হ'য়া-তুদ্ দুনইয়া- ওয়া শাহিদূ 'আলা~আংফুছিহিম্ আন্নাহুম কা-নু কা-ফিরীন।	
তরজমা	আমি উহাদেরকে বলিব, 'হে জিন ও মানব সম্প্রদায় ! তোমাদের মধ্য হইতে কি রাসূলগণ তোমাদের নিকট আসে নাই-যাহারা আমার নিদর্শন তোমাদের নিকট বিবৃত করিত এবং তোমাদেরকে এই দিনের সম্মুখীন হওয়া সম্বন্ধে সতর্ক করিত ?' উহারা বলিবে, 'আমরা আমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিলাম।' বস্তুত পার্থিব জীবন উহাদেরকে প্রতারিত করিয়াছিল, আর উহারা নিজেদের বিরুদ্ধে এ সাক্ষ্যও দিবে যে, তাহারা কাফির ছিল।	
	ذٰلِكَ اَنْ لَّمْ يَكُنْ رَّبُّكَ مُهْلِكَ الْقُرٰى بِظُلْمٍ وَّاَهْلُهَا غٰفِلُوْنَ ﴿١٣١﴾	131
প্রতিবর্ণায়ন	যা'-লিকা আল্ লাম ইয়াকুর্‌রাব্বুকা মুহলিকাল কু'রা-বিজু'ল্মিওঁ ওয়া আহ্লুহা-গা-ফিলূন।	
তরজমা	ইহা এইহেতু যে, অধিবাসীবৃন্দ যখন অনবহিত, তখন কোন জনপদকে উহার অন্যায় আচরণের জন্য ধ্বংস করা তোমার প্রতিপালকের কাজ নয়।	
	وَلِكُلٍّ دَرَجٰتٌ مِّمَّا عَمِلُوْا ؕ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا يَعْمَلُوْنَ ﴿١٣٢﴾	132
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লিং দারাজা-তুম্ মিম্মা-'আমিলূ (ط) ওয়ামা-রাব্বুকা বিগা-ফিলিন্ 'আম্মা ইয়া'মালূন।	
তরজমা	প্রত্যেকে যাহা করে তদনুসারে তাহার স্থান রহিয়াছে এবং উহারা যাহা করে সে সম্বন্ধে তোমার প্রতিপালক অনবহিত নন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَرَبُّكَ الْغَنِيُّ ذُو الرَّحْمَةِ ۚ إِنْ يَشَأْ يُذْهِبْكُمْ وَيَسْتَخْلِفْ مِنْ بَعْدِكُمْ مَا يَشَاءُ كَمَا أَنْشَأَكُمْ مِنْ ذُرِّيَّةِ قَوْمٍ آخَرِينَ ﴿١٣٣﴾	133
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুকাল্ গানিইয়ু যু'র্‌রাহ'মাতি (ط) ইয়ঁ ইয়াশা' ইউয্'হিব্‌কুম ওয়া ইয়াছ্‌তাখ্‌লিফ মিম বা'দিকুম মা-ইয়াশা~উ কামা~আংশাআকুম মিং যু'র্‌রিইইয়াতি ক'াওমিন আ-খারীন।	
তরজমা	তোমার প্রতিপালক অভাবমুক্ত, দয়াশীল। তিনি ইচ্ছা করিলে তোমাদেরকে অপসারিত করিতে এবং তোমাদের পরে যাহাকে ইচ্ছা তোমাদের স্থলাভিষিক্ত করিতে পারেন-যেমন তোমাদেরকে তিনি অন্য এক সম্প্রদায়ের বংশ হইতে সৃষ্টি করিয়াছেন।	
	إِنَّ مَا تُوعَدُونَ لَآتٍ ۙ وَمَا أَنْتُمْ بِمُعْجِزِينَ ﴿١٣٤﴾	134
প্রতিবর্ণায়ন	ইন্নামা- তূ'আদূনা লাআ-তিওঁ (لا) ওয়া মা~আংতুম বিমু'জিঝীন।	
তরজমা	তোমাদের সঙ্গে যাহা ওয়াদা করা হইতেছে উহা বাস্তবায়িত হইবেই, তোমরা তাহা ব্যর্থ করিতে পারিবে না।	
	قُلْ يَا قَوْمِ اعْمَلُوا عَلَىٰ مَكَانَتِكُمْ إِنِّي عَامِلٌ ۚ فَسَوْفَ تَعْلَمُونَ مَنْ تَكُونُ لَهُ عَاقِبَةُ الدَّارِ ۖ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿١٣٥﴾	135
প্রতিবর্ণায়ন	কু'ল ইয়া-ক'াওমি'মালূ 'আলা- মাকা-নাতিকুম ইন্নী 'আ-মিলূং (ج) ফাছাওফা তা'লামূনা (لا) মাং তাকূনু লাহূ 'আ-কি'বাতুদ্‌দা-রি (ط) ইন্নাহূ লা- ইউফ্‌লিহু'জ্'জ'া-লিমূন।	
তরজমা	বল, 'হে আমার সম্প্রদায় ! তোমরা যেখানে যাহা করিতেছ, করিতে থাক ; আমিও আমার কাজ করিতেছি। তোমরা শীঘ্রই জানিতে পারিবে, কাহার পরিণাম মঙ্গলময়। জালিমগণ কখনও সফলকাম হইবে না।'	
	وَجَعَلُوا لِلَّهِ مِمَّا ذَرَأَ مِنَ الْحَرْثِ وَالْأَنْعَامِ نَصِيبًا فَقَالُوا هَٰذَا لِلَّهِ بِزَعْمِهِمْ وَهَٰذَا لِشُرَكَائِنَا ۖ فَمَا كَانَ لِشُرَكَائِهِمْ فَلَا يَصِلُ إِلَى اللَّهِ ۖ وَمَا كَانَ لِلَّهِ فَهُوَ يَصِلُ إِلَىٰ شُرَكَائِهِمْ ۗ سَاءَ مَا يَحْكُمُونَ ﴿١٣٦﴾	136
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলূ লিল্লা-হি মিম্মা- য'ারাআ মিনাল্ হ'ারছি ওয়াল আন'আ-মি নাসীবাং ফাক'া-লূ হা-য'া-লিল্লা-হি বিঝা'মিহিম ওয়া হা-য'া- লিশুরাকা~ইনা- (ج) ফামা- কা-না লিশুরাকা~ইহিম ফালা- ইয়াসিলু ইলাল্লা-হি (ج) ওয়া মা-কা-না লিল্লা-হি ফাহুওয়া ইয়াসিলু ইলা- শুরাকা~ইহিম (ط) ছা~আ মা- ইয়াহ'কুমূন।	

তরজমা	আল্লাহ্ যে শস্য ও গবাদিপশু সৃষ্টি করিয়াছেন তন্মধ্য হইতে তাহারা আল্লাহ্র জন্য এক অংশ নির্দিষ্ট করে এবং নিজেদের ধারণা অনুযায়ী বলে, 'ইহা আল্লাহ্র জন্য এবং ইহা আমাদের দেবতাদের জন্য।' যাহা তাহাদের দেবতাদের অংশ তাহা আল্লাহ্র কাছে পৌঁছায় না এবং যাহা আল্লাহ্র অংশ তাহা তাহাদের দেবতাদের কাছে পৌঁছায়, তাহারা যাহা মীমাংসা করে তাহা নিকৃষ্ট!	
	وَكَذٰلِكَ زَيَّنَ لِكَثِيْرٍ مِّنَ الْمُشْرِكِيْنَ قَتْلَ اَوْلَادِهِمْ شُرَكَآؤُهُمْ لِيُرْدُوْهُمْ وَلِيَلْبِسُوْا عَلَيْهِمْ دِيْنَهُمْ ؕ وَلَوْ شَآءَ اللّٰهُ مَا فَعَلُوْهُ فَذَرْهُمْ وَمَا يَفْتَرُوْنَ ﴿١٣٧﴾	137
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা যাইইয়ানা লিকাছীরিম্ মিনাল্ মুশরিকীনা ক্বাত্লা আওলা-দিহিম শুরাকা~উহুম লিইউর্দূহুম ওয়া লিইয়াল্বিছূ 'আলাইহিম দীনাহুম (ط) ওয়া লাও শা~আল্লা-হু মা-ফা'আলূহু ফাযারহুম ওয়ামা-ইয়াফ্তারূন।	
তরজমা	এইভাবে তাহাদের দেবতারা বহু মুশরিকের দৃষ্টিতে তাহাদের সন্তানদের হত্যাকে শোভন করিয়াছে তাহাদের ধ্বংস সাধনের জন্য এবং তাহাদের ধর্ম সম্বন্ধে তাহাদের বিভ্রান্তি সৃষ্টির জন্য; আল্লাহ্ ইচ্ছা করিলে তাহারা ইহা করিত না। সুতরাং তাহাদেরকে তাহাদের মিথ্যা লইয়া থাকিতে দাও।	
	وَقَالُوْا هٰذِهٖۤ اَنْعَامٌ وَّحَرْثٌ حِجْرٌ ۖ لَّا يَطْعَمُهَاۤ اِلَّا مَنْ نَّشَآءُ بِزَعْمِهِمْ وَاَنْعَامٌ حُرِّمَتْ ظُهُوْرُهَا وَاَنْعَامٌ لَّا يَذْكُرُوْنَ اسْمَ اللّٰهِ عَلَيْهَا افْتِرَآءً عَلَيْهِ ؕ سَيَجْزِيْهِمْ بِمَا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿١٣٨﴾	138
প্রতিবর্ণায়ন	ওয়া ক্বা-লূ হা-যিহী~ আন'আ-মুওঁ ওয়া হারছুন হিজ্রুল্ (ق) লা-ইয়াত 'আমুহা-ইল্লা-মান্ নাশা~উ বিঝা'মিহিম ওয়া আন'আ-মুন হুররিমাত জুহূরুহা-ওয়া আন'আ-মুল্ লা-ইয়ায্কুরূনাছ্মাল্লা-হি 'আলাইহাফ্তিরা~আন 'আলাইহি (ط) ছাইয়াজঝীহিম বিমা- কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	তাহারা তাহাদের ধারণা অনুসারে বলে, 'এইসব গবাদিপশু ও শস্যক্ষেত্র নিষিদ্ধ ; আমরা যাহাকে ইচ্ছা করি সে ব্যতীত কেহ এইসব আহার করিতে পারিবে না', এবং কতক গবাদিপশুর পৃষ্ঠে আরোহণ নিষিদ্ধ করা হইয়াছে এবং কতক পশু যবেহ্ করিবার সময় তাহারা আল্লাহ্র নাম নেয় না। এই সমস্তই তাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনার উদ্দেশ্যে বলে ; তাহাদের এই মিথ্যা রচনার প্রতিফল তিনি অবশ্যই তাহাদেরকে দিবেন।	
	وَقَالُوْا مَا فِيْ بُطُوْنِ هٰذِهِ الْاَنْعَامِ خَالِصَةٌ لِّذُكُوْرِنَا وَمُحَرَّمٌ عَلٰۤى اَزْوَاجِنَا ۚ وَاِنْ يَّكُنْ مَّيْتَةً فَهُمْ فِيْهِ شُرَكَآءُ ؕ سَيَجْزِيْهِمْ وَصْفَهُمْ ؕ اِنَّهٗ حَكِيْمٌ عَلِيْمٌ ﴿١٣٩﴾	139

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ মা-ফী বুতূ'নি হা-যি'হিল্ আন'আ-মি খা-লিসাতুল্ লিযু'কূরিনা-ওয়া মুহ'ার্‌রামুন 'আলা~আঝওয়াজিনা- (ج) ওয়াইয়ঁ ইয়াকুম মাইতাতাং ফাহুম ফীহি শুরাকা~উ (ط) ছাইয়াজ্‌যীহিম ওয়াস্‌ফাহুম (ط) ইন্নাহূ হ'াকীমুন 'আলীম।	
তরজমা	তাহারা আরও বলে, 'এইসব গবাদিপশুর গর্ভে যাহা আছে তাহা আমাদের পুরুষদের জন্য নির্দিষ্ট এবং ইহা আমাদের স্ত্রীদের জন্য অবৈধ; আর উহা যদি মৃত হয় তবে সকলেই ইহাতে অংশীদার।' তিনি তাহাদের এইরূপ বলিবার প্রতিফল অচিরেই তাহাদেরকে দিবেন। নিশ্চয়ই তিনি প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।	
	قَدْ خَسِرَ الَّذِيْنَ قَتَلُوْٓا اَوْلَادَهُمْ سَفَهًا بِغَيْرِ عِلْمٍ وَّحَرَّمُوْا مَا رَزَقَهُمُ اللّٰهُ افْتِرَآءً عَلَى اللّٰهِ ؕ قَدْ ضَلُّوْا وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿۱۴۰﴾	140
প্রতিবর্ণায়ন	ক'াদ খাছিরাল্লায'ীনা ক'াতালূ~আওলা-দাহুম ছাফাহাম্ বিগাইরি 'ইলমিওঁ ওয়া হ'ার্‌রামূ মা-রাঝাক'াহুমুল্লা-হুফ্ তিরা~আন 'আলাল্লা-হি; ক'াদ দ'াল্লু- ওয়া মা-কা-নূ মুহ্‌তাদীন।	
তরজমা	যাহারা নির্বুদ্ধিতার দরুন ও অজ্ঞানতাবশত নিজেদের সন্তানদের হত্যা করে এবং আল্লাহ্-প্রদত্ত জীবিকাকে আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করিবার উদ্দেশ্যে নিষিদ্ধ গণ্য করে তাহারা তো ক্ষতিগ্রস্ত হইয়াছে। তাহারা অবশ্যই বিপথগামী হইয়াছে এবং তাহারা সৎপথপ্রাপ্ত ছিল না।	
	وَهُوَ الَّذِيْٓ اَنْشَاَ جَنّٰتٍ مَّعْرُوْشٰتٍ وَّغَيْرَ مَعْرُوْشٰتٍ وَّالنَّخْلَ وَالزَّرْعَ مُخْتَلِفًا اُكُلُهٗ وَالزَّيْتُوْنَ وَالرُّمَّانَ مُتَشَابِهًا وَّغَيْرَ مُتَشَابِهٍ ؕ كُلُوْا مِنْ ثَمَرِهٖٓ اِذَآ اَثْمَرَ وَاٰتُوْا حَقَّهٗ يَوْمَ حَصَادِهٖ ۖ وَلَا تُسْرِفُوْا ؕ اِنَّهٗ لَا يُحِبُّ الْمُسْرِفِيْنَ ﴿۱۴۱﴾	141
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায'ী আংশাআ জান্না-তিম্ মা'রূশা-তিওঁ ওয়া গাইরা মা'রূশা-তিওঁ ওয়ান্ নাখ্‌লা ওয়াঝ্‌ঝার'আ মুখতালিফান উকুলুহূ ওয়াঝ্‌ঝাইতূনা ওয়ার্‌রুম্মা-না মুতাশা-বিহাওঁ ওয়া গাইরা মুতাশা-বিহিং (ط) কুলূ মিং ছ'ামারিহী~ ইয'া~আছ'মারা ওয়া আ-তূ হ'াক্ক'াহূ ইয়াওমা হ'াসা-দিহী (ز) ওয়ালা-তুছরিফূ (ط) ইন্নাহূ লা-ইউহি'ব্বুল মুছ্‌রিফীন।	
তরজমা	তিনিই লতা ও বৃক্ষ-উদ্যানসমূহ সৃষ্টি করিয়াছেন এবং খেজুর বৃক্ষ, বিভিন্ন স্বাদ-বিশিষ্ট খাদ্যশস্য, যায়তূন ও দাড়িম্বও সৃষ্টি করিয়াছেন-এইগুলি একে অন্যের সদৃশ এবং বিসদৃশও। যখন উহা ফলবান হয় তখন উহার ফল আহার করিবে আর ফসল তুলিবার দিনে উহার হক প্রদান করিবে এবং অপচয় করিবে না; নিশ্চয়ই তিনি অপচয়কারীদের পসন্দ করেন না।	

	وَمِنَ الْاَنْعَامِ حَمُوْلَةً وَّفَرْشًا ؕ كُلُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ وَلَا تَتَّبِعُوْا خُطُوٰتِ الشَّيْطٰنِ ؕ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ۙ﴿۱۴۲﴾	142
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল আন'আ-মি হ`ামূলাতাওঁ ওয়া ফারশাং (ত্ব) কূলূ মিম্মা-রাঝাক`াকুমুল্লা-হু ওয়ালা-তাত্তাবি'উ খুতু`ওয়া-তিশ্শাইত`া-নি (ত্ব) ইন্নাহূ লাকুম 'আদুওউম্ মুবীন।	
তরজমা	গবাদিপশুর মধ্যে কতক ভারবাহী ও কতক ক্ষুদ্রাকার পশু সৃষ্টি করিয়াছেন। আল্লাহ্ যাহা রিযিকরূপে তোমাদেরকে দিয়াছেন তাহা হইতে আহার কর এবং শয়তানের পদাঙ্ক অনুসরণ করিও না; সে তো তোমাদের প্রকাশ্য শত্রু।	
	ثَمٰنِيَةَ اَزْوَاجٍ ۚ مِنَ الضَّاْنِ اثْنَيْنِ وَمِنَ الْمَعْزِ اثْنَيْنِ ؕ قُلْ ءٰٓالذَّكَرَيْنِ حَرَّمَ اَمِ الْاُنْثَيَيْنِ اَمَّا اشْتَمَلَتْ عَلَيْهِ اَرْحَامُ الْاُنْثَيَيْنِ ؕ نَبِّـُٔوْنِيْ بِعِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ۙ﴿۱۴۳﴾	143
প্রতিবর্ণায়ন	ছ`ামা-নিয়াতা আঝওয়া-জিম (জ) মিনাদ্`দ`া'নিছ্`নাইনি ওয়া মিনাল মা'ঝিছ্`নাইনি (ত্ব) কু`ল আ~য্`য`াকারাইনি হ`ার্‌রামা আমিল উংছ`াইয়াইনি আম্মাশ্তামালাত 'আলাইহি আরহ`া-মুল উংছ`াইয়াইনি (ত্ব) নাব্বিঊনী বি'ইলমিন ইং কুংতুম্ সা-দিক`ীন।	
তরজমা	নর ও মাদী আটটি : মেষের দুইটি ও ছাগলের দুইটি; বল, 'নর দুইটিই কি তিনি নিষিদ্ধ করিয়াছেন কিংবা মাদী দুইটিই অথবা মাদী দুইটির গর্ভে যাহা আছে তাহা ? তোমরা সত্যবাদী হইলে প্রমাণসহ আমাকে অবহিত কর;'	
	وَمِنَ الْاِبِلِ اثْنَيْنِ وَمِنَ الْبَقَرِ اثْنَيْنِ ؕ قُلْ ءٰٓالذَّكَرَيْنِ حَرَّمَ اَمِ الْاُنْثَيَيْنِ اَمَّا اشْتَمَلَتْ عَلَيْهِ اَرْحَامُ الْاُنْثَيَيْنِ ؕ اَمْ كُنْتُمْ شُهَدَآءَ اِذْ وَصّٰىكُمُ اللّٰهُ بِهٰذَا ۚ فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا لِّيُضِلَّ النَّاسَ بِغَيْرِ عِلْمٍ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿۱۴۴﴾	144
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল ইবিলিছ্`নাইনি ওয়া মিনাল বাক`ারিছ্`নাইনি (ত্ব) কু`ল আ~য্`য`াকারাইনি হ`ার্‌রামা আমিল উংছ`াইয়াইনি আম্মাশ তামালাত 'আলাইহি আরহ`া-মুল উংছ`াইয়াইনি (ত্ব) আম্ কুংতুম শুহাদা~আ ইয`ওয়াস্সা-কুমুল্লা-হু বিহা-য`া- (জ) ফামান আজ`লামু মিম্ মানিফ্ তারা-'আলাল্লা-হি কাযি`বাল্ লিইউদি`ল্লান্না-ছা বিগাইরি 'ইলমিন (ত্ব) ইন্নালা-হা লা-ইয়াহ্দিল ক`াওমাজ্`জ`া-লিমীন।	

তরজমা	এবং উটের দুইটি ও গরুর দুইটি। বল, 'নর দুইটিই কি তিনি নিষিদ্ধ করিয়াছেন কিংবা মাদী দুইটিই অথবা মাদী দুইটির গর্ভে যাহা আছে তাহা ? এবং আল্লাহ্ যখন তোমাদেরকে এইসব নির্দেশ দান করেন তখন কি তোমরা উপস্থিত ছিলে ?' সুতরাং যে ব্যক্তি অজ্ঞানতাবশত মানুষকে বিভ্রান্ত করিবার জন্য আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে তাহার চেয়ে অধিক জালিম আর কে ? আল্লাহ্ তো জালিম সম্প্রদায়কে সৎপথে পরিচালিত করেন না।	
	قُلْ لَّآ اَجِدُ فِيْ مَآ اُوْحِيَ اِلَيَّ مُحَرَّمًا عَلٰى طَاعِمٍ يَّطْعَمُهٗٓ اِلَّآ اَنْ يَّكُوْنَ مَيْتَةً اَوْ دَمًا مَّسْفُوْحًا اَوْ لَحْمَ خِنْزِيْرٍ فَاِنَّهٗ رِجْسٌ اَوْ فِسْقًا اُهِلَّ لِغَيْرِ اللّٰهِ بِهٖ ۚ فَمَنِ اضْطُرَّ غَيْرَ بَاغٍ وَّلَا عَادٍ فَاِنَّ رَبَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٤٥﴾	145
প্রতিবর্ণায়ন	কু'ল লা~আজিদু ফী মা~ঊহি'য়া ইলাইইয়া মুহ'ার্‌রামান 'আলা- ত'া-'ইমিইঁ ইয়াত' 'আমুহূ~ ইল্লা~ আইঁ ইয়াকূনা মাইতাতান্ আও দামাম্ মাছফূহ'ান আও লাহ্'মা খিংঝীরিং ফাইন্নাহূ রিজ্ছুন আও ফিছ্ক'ান উহিল্লা লিগাইরিল্লা-হি বিহী (ج) ফামানিদ্'তুর্‌রা গাইরা বা-গিওঁ ওয়ালা-'আ-দিং ফাইন্না রাব্বাকা গাফূরুর্ রাহ'ীম।	
তরজমা	বল, 'আমার প্রতি যে ওহী হইয়াছে তাহাতে, লোকে যাহা আহার করে তাহার মধ্যে আমি কিছুই হারাম পাই না-মৃত, বহমান রক্ত ও শূকরের মাংস ব্যতীত। কেননা এইগুলি অবশ্যই অপবিত্র অথবা যাহা অবৈধ, আল্লাহ্ ছাড়া অন্যের নামে উৎসর্গের কারণে।' তবে কেহ অবাধ্য না হইয়া এবং সীমালংঘন না করিয়া নিরুপায় হইয়া উহা আহার করিলে তোমার প্রতিপালক তো ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَعَلَى الَّذِيْنَ هَادُوْا حَرَّمْنَا كُلَّ ذِيْ ظُفُرٍ ۚ وَمِنَ الْبَقَرِ وَالْغَنَمِ حَرَّمْنَا عَلَيْهِمْ شُحُوْمَهُمَآ اِلَّا مَا حَمَلَتْ ظُهُوْرُهُمَآ اَوِ الْحَوَايَآ اَوْ مَا اخْتَلَطَ بِعَظْمٍ ۭ ذٰلِكَ جَزَيْنٰهُمْ بِبَغْيِهِمْ ۡ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿١٤٦﴾	146
প্রতিবর্ণায়ন	ওয়া 'আলাল্লায'ীনা হা-দূ হ'ার্‌রামনা- কুল্লায'ী জু'ফুরিওঁ (ج) ওয়া মিনাল বাক'ারি ওয়াল গানামি হ'ার্‌রামনা-'আলাইহিম শুহূ'মাহুমা~ইলা-মা- হ'ামালাত জু'হূরুহুমা- আবি'ল্ হ'াওয়া-ইয়া~ আও মাখ্তালাত'া বি'আজ'মিং (ط) য'া-লিকা জাঝাইনা-হুম বিবাগ্ইহিম (ز) ওয়া ইন্না- লাসা-দিকূ'ন।	
তরজমা	আমি ইয়াহূদীদের জন্য নখরযুক্ত সমস্ত পশু হারাম করিয়াছিলাম এবং গরু ও ছাগলের চর্বিও তাহাদের জন্য হারাম করিয়াছিলাম; তবে এইগুলির পিঠের অথবা অন্ত্রের কিংবা অস্থিসংলগ্ন চর্বি ব্যতীত, তাহাদের অবাধ্যতার দরুন তাহাদেরকে এই প্রতিফল দিয়াছিলাম। নিশ্চয়ই আমি সত্যবাদী।	

	فَإِنْ كَذَّبُوكَ فَقُلْ رَّبُّكُمْ ذُو رَحْمَةٍ وَّاسِعَةٍ ۚ وَلَا يُرَدُّ بَأْسُهُ عَنِ الْقَوْمِ الْمُجْرِمِينَ ﴿١٤٧﴾	147
প্রতিবর্ণায়ন	ফাইং কায্'য'াবূকা ফাকু'র্ রাব্বুকুম্ যূ'রাহ্'মাতিওঁ ওয়া-ছি'আতিওঁ (ج) ওয়ালা-ইউরাদ্দু বা'ছুহূ 'আনিল ক'াওমিল্ মুজ্রিমীন।	
তরজমা	অতঃপর যদি তাহারা তোমাকে প্রত্যাখ্যান করে তবে বল, 'তোমাদের প্রতিপালক সর্বব্যাপী দয়ার মালিক এবং অপরাধী সম্প্রদায়ের উপর হইতে তাঁহার শাস্তি রদ করা হয় না।'	
	سَيَقُولُ الَّذِينَ أَشْرَكُوا لَوْ شَاءَ اللَّهُ مَا أَشْرَكْنَا وَلَا آبَاؤُنَا وَلَا حَرَّمْنَا مِنْ شَيْءٍ ۚ كَذَٰلِكَ كَذَّبَ الَّذِينَ مِن قَبْلِهِمْ حَتَّىٰ ذَاقُوا بَأْسَنَا ۗ قُلْ هَلْ عِندَكُم مِّنْ عِلْمٍ فَتُخْرِجُوهُ لَنَا ۖ إِن تَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ وَإِنْ أَنتُمْ إِلَّا تَخْرُصُونَ ﴿١٤٨﴾	148
প্রতিবর্ণায়ন	ছাইয়াকূ'লুল্লায'ীনা আশরাকূ লাও শা~আলা-হু মা~আশরাক্না- ওয়ালা~আ-বা~উনা- ওয়ালা- হ'াররামনা-মিং শাইয়িং (ط) কায'া-লিকা কায্'য'াবাল্লায'ীনা মিং ক'াব্লিহিম হ'াত্তা-য'া-কূ' বা'ছানা- (ط) কু'ল হাল 'ইংদাকুম মিন 'ইলমিং ফাতুখরিজূহু লানা- (ط) ইং তাত্তাবি'উনা ইল্লাজ্'জ'ান্না ওয়া ইন আংতুম ইল্লা-তাখরুসূন।	
তরজমা	যাহারা শির্ক করিয়াছে তাহারা বলিবে, 'আল্লাহ্ যদি ইচ্ছা করিতেন তবে আমরা ও আমাদের পূর্বপুরুষগণ শির্ক করিতাম না এবং কোন কিছুই হারাম করিতাম না।' এইভাবে তাহাদের পূর্ববর্তীরাও প্রত্যাখ্যান করিয়াছিল, অবশেষে তাহারা আমার শাস্তি ভোগ করিয়াছিল, বল, 'তোমাদের নিকট কোন যুক্তি আছে কি? থাকিলে আমার নিকট তাহা পেশ কর; তোমরা শুধু কল্পনারই অনুসরণ কর এবং শুধু মনগড়া কথা বল।'	
	قُلْ فَلِلَّهِ الْحُجَّةُ الْبَالِغَةُ ۖ فَلَوْ شَاءَ لَهَدَاكُمْ أَجْمَعِينَ ﴿١٤٩﴾	149
প্রতিবর্ণায়ন	কু'ল ফালিল্লা-হিল হু'জ্জাতুল্ বা-লিগাতু (ج) ফালাও শা~আ লাহাদা-কুম আজমা'ঈন।	
তরজমা	বল, 'চূড়ান্ত প্রমাণ তো আল্লাহ্রই; তিনি যদি ইচ্ছা করিতেন তবে তোমাদের সকলকে অবশ্যই সৎপথে পরিচালিত করিতেন।'	
	قُلْ هَلُمَّ شُهَدَاءَكُمُ الَّذِينَ يَشْهَدُونَ أَنَّ اللَّهَ حَرَّمَ هَٰذَا ۚ فَإِن شَهِدُوا فَلَا تَشْهَدْ مَعَهُمْ ۚ وَلَا تَتَّبِعْ أَهْوَاءَ الَّذِينَ كَذَّبُوا بِآيَاتِنَا وَالَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ وَهُم بِرَبِّهِمْ يَعْدِلُونَ ﴿١٥٠﴾	150

প্রতিবর্ণায়ন	কু'ল হালুম্মা শুহাদা~আ কুমুলায'ীনা ইয়াশহাদূনা আন্নাল্লা-হা হ'ার্‌রামা হা-য'া- (ج) ফাইং শাহিদূ ফালা-তাশহাদ মা'আহুম (ج) ওয়ালা-তাত্তাবি' আহওয়া~আল্লায'ীনা কায্'য'াবূ বিআ-য়া-তিনা- ওয়াল্লায'ীনা লা-ইউ'মিনূনা বিলআ-খিরাতি ওয়াহুম বিরাব্বিহিম ইয়া'দিলূন।	
তরজমা	বল, 'আল্লাহ্ যে ইহা নিষিদ্ধ করিয়াছেন এ সম্বন্ধে যাহারা সাক্ষ্য দিবে তাহাদেরকে হাযির কর।' তাহারা সাক্ষ্য দিলেও তুমি তাহাদের সঙ্গে ইহা স্বীকার করিও না। যাহারা আমার আয়াতসমূহকে প্রত্যাখ্যান করিয়াছে, যাহারা পরকালে বিশ্বাস করে না এবং তাহাদের প্রতিপালকের সমকক্ষ দাঁড় করায়, তুমি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ করিও না।	
	قُلْ تَعَالَوْا اَتْلُ مَا حَرَّمَ رَبُّكُمْ عَلَيْكُمْ اَلَّا تُشْرِكُوْا بِهٖ شَيْـًٔا وَّبِالْوَالِدَيْنِ اِحْسَانًا ۚ وَلَا تَقْتُلُوْٓا اَوْلَادَكُمْ مِّنْ اِمْلَاقٍ ؕ نَحْنُ نَرْزُقُكُمْ وَاِيَّاهُمْ ۚ وَلَا تَقْرَبُوا الْفَوَاحِشَ مَا ظَهَرَ مِنْهَا وَمَا بَطَنَ ۚ وَلَا تَقْتُلُوا النَّفْسَ الَّتِيْ حَرَّمَ اللّٰهُ اِلَّا بِالْحَقِّ ؕ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَعْقِلُوْنَ ﴿۱۵۱﴾	151
প্রতিবর্ণায়ন	কু'ল তা'আ-লাও আতলু মা-হ'ার্‌রামা রাব্বুকুম 'আলাইকুম আল্লা-তুশরিকূ বিহী শাইআওঁ ওয়া বিলওয়া-লিদাইনি ইহ'ছা-নাওঁ (ج) ওয়ালা-তাক'তুলূ~আওলা-দাকুম মিন ইমলা-কি'ন (ط) নাহ'নু নারঝুকু'কুম ওয়া ইয়্যা-হুম (ج)ওয়ালা-তাক'রাবুল্ ফাওয়া-হি'শা মা-জ'াহারা মিনহা-ওয়ামা-বাত'ানা (ج) ওয়ালা-তাক'তুলুন্নাফ্ছাল্লাতী হ'ার্‌রামালা-হু ইল্লা-বিলহ'াক্কি' (ط) য'া-লিকুম ওয়াস্সা-কুম বিহী লা'আল্লাকুম তা'কি'লূন।	
তরজমা	বল, 'আস, তোমাদের প্রতিপালক তোমাদের জন্য যাহা হারাম করিয়াছেন তোমাদেরকে তাহা পড়িয়া শুনাই। উহা এই : 'তোমরা তাঁহার কোন শরীক করিবে না, পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিবে, দারিদ্র্যের ভয়ে তোমরা তোমাদের সন্তানদেরকে হত্যা করিবে না, আমিই তোমাদের ও তাহাদেরকে রিযিক দিয়া থাকি। প্রকাশ্যে হউক কিংবা গোপনে হউক, অশ্লীল কাজের নিকটেও যাইবে না। আল্লাহ্ যাহার হত্যা নিষিদ্ধ করিয়াছেন যথার্থ কারণ ব্যতিরেকে তোমরা তাহাকে হত্যা করিবে না।' তোমাদেরকে তিনি এই নির্দেশ দিলেন, যেন তোমরা অনুধাবন কর।	
	وَلَا تَقْرَبُوْا مَالَ الْيَتِيْمِ اِلَّا بِالَّتِيْ هِيَ اَحْسَنُ حَتّٰى يَبْلُغَ اَشُدَّهٗ ۚ وَاَوْفُوا الْكَيْلَ وَالْمِيْزَانَ بِالْقِسْطِ ۚ لَا نُكَلِّفُ نَفْسًا اِلَّا وُسْعَهَا ۚ وَاِذَا قُلْتُمْ فَاعْدِلُوْا وَلَوْ كَانَ ذَا قُرْبٰى ۚ وَبِعَهْدِ اللّٰهِ اَوْفُوْا ؕ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿۱۵۲﴾	152

প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাক'রাবূ মা-লাল্ ইয়াতীমি ইলা- বিল্লাতী হিয়া আহ্'ছানু হ'াত্তা-ইয়াব্লুগা আশুদ্দাহু (ج) ওয়া আওফুল কাইলা ওয়াল্ মীঝা-না বিলকি'ছতি' (ج) লা-নুকাল্লিফু নাফ্ছান ইল্লা-উছ'আহা- (ج) ওয়া ইয'া-কু'ল্তুম ফা'দিলূ ওয়া লাও কা-না য'া-কু'র্বা- (ج) ওয়া বি'আহ্দিল্লা-হি আওফূ (ط) য'া-লিকুম ওয়াস্সা-কুম বিহী লা'আল্লাকুম তায'াক্কারূন।	
তরজমা	ইয়াতীম বয়ঃপ্রাপ্ত না হওয়া পর্যন্ত উত্তম ব্যবস্থা ব্যতীত তোমরা তাহার সম্পত্তির নিকটবর্তী হইবে না এবং পরিমাপ ও ওজন ন্যায্যভাবে পুরাপুরি দিবে। আমি কাহাকেও তাহার সাধ্যাতীত ভার অর্পণ করি না। যখন তোমরা কথা বলিবে তখন ন্যায্য বলিবে-স্বজনের সম্পর্কে হইলেও এবং আল্লাহ্কে প্রদত্ত অঙ্গীকার পূর্ণ করিবে। এইভাবে আল্লাহ্ তোমাদেরকে নির্দেশ দিলেন, যেন তোমরা উপদেশ গ্রহণ কর।	
	وَاَنَّ هٰذَا صِرَاطِیْ مُسْتَقِیْمًا فَاتَّبِعُوْهُ ۚ وَلَا تَتَّبِعُوا السُّبُلَ فَتَفَرَّقَ بِكُمْ عَنْ سَبِیْلِهٖ ؕ ذٰلِكُمْ وَصّٰىكُمْ بِهٖ لَعَلَّكُمْ تَتَّقُوْنَ ﴿۱۵۳﴾	**153**
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না হা-য'া-সিরা-ত'ী মুছ্তাক'ীমাং ফাত্তাবি'উহু (ج) ওয়ালা- তাত্তাবি'উছ্ ছুবুলা ফাতাফার্রাক'া বিকুম 'আং ছাবীলিহী (ط) য'া-লিকুম ওয়াস্সা-কুম বিহী লা'আল্লাকুম তাত্তাকূ'ন।	
তরজমা	এবং এই পথই আমার সরল পথ। সুতরাং তোমরা ইহারই অনুসরণ করিবে এবং বিভিন্ন পথ অনুসরণ করিবে না, করিলে উহা তোমাদেরকে তাঁহার পথ হইতে বিচ্ছিন্ন করিবে। এইভাবে আল্লাহ্ তোমাদেরকে নির্দেশ দিলেন, যেন তোমরা সাবধান হও।	
	ثُمَّ اٰتَیْنَا مُوْسَی الْكِتٰبَ تَمَامًا عَلَی الَّذِیْۤ اَحْسَنَ وَتَفْصِیْلًا لِّكُلِّ شَیْءٍ وَّهُدًی وَّرَحْمَةً لَّعَلَّهُمْ بِلِقَآءِ رَبِّهِمْ یُؤْمِنُوْنَ ﴿۱۵۴﴾	**154**
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আ-তাইনা-মূছাল কিতা-বা তামা-মান 'আলাল্লায'ী-আহ'ছানা ওয়া তাফ্সীলাল্ লিকুল্লি শাইয়িওঁ ওয়া হুদাওঁ ওয়া রাহ'মাতাল্ লা'আল্লাহুম বিলিক'া~ই রাব্বিহিম ইউ'মিনূন।	
তরজমা	অতঃপর আমি মূসাকে দিয়াছিলাম কিতাব যাহা সৎকর্মপরায়ণের জন্য পূর্ণাঙ্গ, যাহা সমস্ত কিছুর বিশদ বিবরণ, পথনির্দেশ এবং দয়াস্বরূপ- যাহাতে তাহারা তাহাদের প্রতিপালকের সাক্ষাৎ সম্বন্ধে বিশ্বাস করে।	
	وَهٰذَا كِتٰبٌ اَنْزَلْنٰهُ مُبٰرَكٌ فَاتَّبِعُوْهُ وَاتَّقُوْا لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿۱۵۵﴾	**155**
প্রতিবর্ণায়ন	ওয়া হা-য'া-কিতা-বুন আংঝালনা-হু মুবা-রাকুং ফাত্তাবি'উহু ওয়াত্তাকূ' লা'আল্লাকুম তুরহ'ামূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এই কিতাব আমি নাযিল করিয়াছি যাহা কল্যাণময়। সুতরাং উহার অনুসরণ কর এবং সাবধান হও, তাহা হইলে তোমাদের প্রতি দয়া প্রদর্শন করা হইবে;	
	اَنْ تَقُوْلُوْٓا اِنَّمَآ اُنْزِلَ الْكِتٰبُ عَلٰى طَآىِٕفَتَيْنِ مِنْ قَبْلِنَا ۪ وَاِنْ كُنَّا عَنْ دِرَاسَتِهِمْ لَغٰفِلِيْنَ ﴿۱۵۶﴾	156
প্রতিবর্ণায়ন	আং তাকূ'লূ~ইন্নামা-উংঝিলাল্ কিতা-বু 'আলা-ত'া~ইফাতাইনি মিং ক'াবলিনা- (ص) ওয়া ইং কুন্না- 'আং দিরা-ছাতিহিম লাগা-ফিলীন।	
তরজমা	পাছে তোমরা বল, 'কিতাব তো শুধু আমাদের পূর্বে দুই সম্প্রদায়ের প্রতিই অবতীর্ণ হইয়াছিল ; আমরা তাহাদের পঠন-পাঠন সম্বন্ধে তো গাফিল ছিলাম;'	
	اَوْ تَقُوْلُوْا لَوْ اَنَّآ اُنْزِلَ عَلَيْنَا الْكِتٰبُ لَكُنَّآ اَهْدٰى مِنْهُمْ ۚ فَقَدْ جَآءَكُمْ بَيِّنَةٌ مِّنْ رَّبِّكُمْ وَهُدًى وَّ رَحْمَةٌ ۚ فَمَنْ اَظْلَمُ مِمَّنْ كَذَّبَ بِاٰيٰتِ اللّٰهِ وَصَدَفَ عَنْهَا ؕ سَنَجْزِي الَّذِيْنَ يَصْدِفُوْنَ عَنْ اٰيٰتِنَا سُوْٓءَ الْعَذَابِ بِمَا كَانُوْا يَصْدِفُوْنَ ﴿۱۵۷﴾	157
প্রতিবর্ণায়ন	আও তাকূ'লূ লাও আন্না~উংঝিলা 'আলাইনাল কিতা-বু লাকুন্না~আহদা- মিনহুম (ج) ফাক'াদ-জা~আকুম বাইয়িনাতুম মির্ রাব্বিকুম ওয়া হুদাওঁ ওয়া রাহ'মাতুং (ج) ফামান আজ্'লামু মিম্মাং কায্'য'াবা বিআ-য়া-তিল্লা-হি ওয়া সাদাফা 'আন্হা- (ط) ছানাজঝিল্লায'ীনা ইয়াস্দিফূনা 'আন আ-য়া-তিনা- ছূ~আল্ 'আয'া-বি বিমা-কা-নূ ইয়াস্দিফূন।	
তরজমা	কিংবা তোমরা বল, 'যদি কিতাব আমাদের প্রতি অবতীর্ণ হইত তবে আমরা তো তাহাদের অপেক্ষা অধিক হিদায়াতপ্রাপ্ত হইতাম।' এখন তো তোমাদের নিকট তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে স্পষ্ট প্রমাণ, হিদায়াত ও রহমত আসিয়াছে। অতঃপর যে কেহ আল্লাহ্র নিদর্শনকে প্রত্যাখ্যান করিবে এবং উহা হইতে মুখ ফিরাইয়া নিবে তাহার চেয়ে বড় জালিম আর কে ? যাহারা আমার নিদর্শনসমূহ হইতে মুখ ফিরাইয়া নেয় সত্যবিমুখিতার জন্য, আমি তাহাদেরকে নিকৃষ্ট শাস্তি দিব।	
	هَلْ يَنْظُرُوْنَ اِلَّآ اَنْ تَاْتِيَهُمُ الْمَلٰٓئِكَةُ اَوْ يَاْتِيَ رَبُّكَ اَوْ يَاْتِيَ بَعْضُ اٰيٰتِ رَبِّكَ ؕ يَوْمَ يَاْتِيْ بَعْضُ اٰيٰتِ رَبِّكَ لَا يَنْفَعُ نَفْسًا اِيْمَانُهَا لَمْ تَكُنْ اٰمَنَتْ مِنْ قَبْلُ اَوْ كَسَبَتْ فِيْٓ اِيْمَانِهَا خَيْرًا ؕ قُلِ انْتَظِرُوْٓا اِنَّا مُنْتَظِرُوْنَ ﴿۱۵۸﴾	158
প্রতিবর্ণায়ন	হাল ইয়াংজু'রূনা ইল্লা~আং তা'তিয়াহুমুল্ মালা~ইকাতু আও ইয়া'তিয়া রাব্বুকা আও ইয়া'তিয়া বা'দু আ-য়া-তি রাব্বিকা (ط) ইয়াওমা ইয়া'তী বা'দু আ-য়া-তি রাব্বিকা লা-ইয়াংফা'উ নাফ্ছান ঈমা-নুহা-লাম তাকুন আ-মানাত্ মিং ক'াবলু আও কাছাবাত ফী ঈমা-নিহা- খাইরাং (ط) কু'লিংতাজি'রূ~ইন্না-মুংতাজি'রূন।	

তরজমা	তাহারা শুধু ইহারই না প্রতীক্ষা করে, তাহাদের নিকট ফিরিশ্‌তা আসিবে, কিংবা তোমার প্রতিপালক আসিবেন, কিংবা তোমার প্রতিপালকের কোন নিদর্শন আসিবে ? যেদিন তোমার প্রতিপালকের কোন নিদর্শন আসিবে সেদিন তাহার ঈমান কাজে আসিবে না, যে ব্যক্তি পূর্বে ঈমান আনে নাই কিংবা যে ব্যক্তি ঈমানের মাধ্যমে কল্যাণ অর্জন করে নাই। বল, 'তোমরা প্রতীক্ষা কর, আমরাও প্রতীক্ষায় রহিলাম।'	
	إِنَّ الَّذِينَ فَرَّقُوا دِينَهُمْ وَكَانُوا شِيَعًا لَّسْتَ مِنْهُمْ فِي شَيْءٍ ۚ إِنَّمَا أَمْرُهُمْ إِلَى اللَّهِ ثُمَّ يُنَبِّئُهُم بِمَا كَانُوا يَفْعَلُونَ ﴿١٥٩﴾	159
প্রতিবর্ণায়ন	ইন্নালাযীনা ফার্‌রাকূ দীনাহুম ওয়া কা-নূ শিয়া'আল্লাছ্‌তা মিনহুম ফী শাইয়িন (ط) ইন্নামা~আমরুহুম ইলাল্লা-হি ছু ম্মা ইউনাব্বিউহুম বিমা- কা-নূ ইয়াফ'আলূন।	
তরজমা	যাহারা দীন সম্বন্ধে নানা মতের সৃষ্টি করিয়াছে এবং বিভিন্ন দলে বিভক্ত হইয়াছে তাহাদের কোন দায়িত্ব তোমার নয়; তাহাদের বিষয় আল্লাহ্‌র ইখ্‌তিয়ারভুক্ত। আল্লাহ্ তাহাদেরকে তাহাদের কৃতকর্ম সম্বন্ধে অবহিত করিবেন।	
	مَن جَاءَ بِالْحَسَنَةِ فَلَهُ عَشْرُ أَمْثَالِهَا ۖ وَمَن جَاءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَىٰ إِلَّا مِثْلَهَا وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿١٦٠﴾	160
প্রতিবর্ণায়ন	মাং জা~আ বিল হ'াছানাতি ফালাহূ 'আশরু আমছ'া-লিহা- (ج) ওয়ামাং জা~আ বিছ্‌ছাইয়িআতি ফালা-ইউজঝা~ ইল্লা-মিছ'লাহা-ওয়া হুম লা-ইউজ্'লামূন।	
তরজমা	কেহ কোন সৎকাজ করিলে সে তাহার দশগুণ পাইবে এবং কেহ কোন অসৎ কাজ করিলে তাহাকে শুধু উহারই প্রতিফল দেওয়া হইবে, আর তাহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	قُلْ إِنَّنِي هَدَانِي رَبِّي إِلَىٰ صِرَاطٍ مُّسْتَقِيمٍ ۚ دِينًا قِيَمًا مِّلَّةَ إِبْرَاهِيمَ حَنِيفًا ۚ وَمَا كَانَ مِنَ الْمُشْرِكِينَ ﴿١٦١﴾	161
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নানী হাদা-নী রাব্বী~ইলা-সিরা-তি'ম মুছতাকী'মিং (ج) দীনাং কি'য়ামাম্ মিল্লাতা ইবরা-হীমা হ'ানীফাওঁ (ج) ওয়া মা-কা-না মিনাল মুশরিকীন।	
তরজমা	বল, 'আমার প্রতিপালক তো আমাকে সৎপথে পরিচালিত করিয়াছেন। উহাই সুপ্রতিষ্ঠিত দীন, ইব্‌রাহীমের ধর্মাদর্শ, সে ছিল একনিষ্ঠ এবং সে মুশরিকদের অন্তর্ভুক্ত ছিল না।'	
	قُلْ إِنَّ صَلَاتِي وَنُسُكِي وَمَحْيَايَ وَمَمَاتِي لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ ﴿١٦٢﴾	162

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্না সালা-তী ওয়া নুছুকী ওয়া মাহ্'ইয়া~ইয়া ওয়া মামা-তী লিল্লা-হি রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	বল, 'আমার সালাত, আমার 'ইবাদত, আমার জীবন ও আমার মরণ জগতসমূহের প্রতিপালক আল্লাহ্রই উদ্দেশ্যে।'	
	لَا شَرِيْكَ لَهٗ ۚ وَبِذٰلِكَ اُمِرْتُ وَاَنَا اَوَّلُ الْمُسْلِمِيْنَ ﴿١٦٣﴾	163
প্রতিবর্ণায়ন	লা-শারীকা লাহু (ج) ওয়া বিয'া-লিকা উমিরতু ওয়া আনা আওওয়ালুল মুসলিমীন।	
তরজমা	'তাঁহার কোন শরীক নাই এবং আমি ইহারই জন্য আদিষ্ট হইয়াছি এবং আমিই প্রথম মুসলিম।	
	قُلْ اَغَيْرَ اللّٰهِ اَبْغِيْ رَبًّا وَّهُوَ رَبُّ كُلِّ شَيْءٍ ۭ وَلَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ اِلَّا عَلَيْهَا ۚ وَلَا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ۚ ثُمَّ اِلٰى رَبِّكُمْ مَّرْجِعُكُمْ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ فِيْهِ تَخْتَلِفُوْنَ ﴿١٦٤﴾	164
প্রতিবর্ণায়ন	কু'ল আগাইরাল্লা-হি আবগী রাব্বাওঁ ওয়া হুয়া রাব্বু কুল্লি শাইয়িওঁ (ط) ওয়া লা- তাকছিবু কুল্লু নাফছিন ইল্লা-'আলাইহা- (ج) ওয়া লা- তাঝিরু ওয়াঝিরাতুওঁ বি'ঝ্রা উখরা-(ج) ছু'ম্মা ইলা-রাব্বিকুম মারিজ'উকুম ফাইউনাব্বিউকুম বিমা-কুংতুম ফীহি তাখ্তালিফূন।	
তরজমা	বল, 'আমি কি আল্লাহ্কে ছাড়িয়া অন্য প্রতিপালককে খুঁজিব ? অথচ তিনিই সব কিছুর প্রতিপালক।' প্রত্যেকে স্বীয় কৃতকর্মের জন্য দায়ী এবং কেহ অন্য কাহারও ভার গ্রহণ করিবে না। অতঃপর তোমাদের প্রত্যাবর্তন তোমাদের প্রতিপালকের নিকটেই, তৎপর যে বিষয়ে তোমরা মতভেদ করিতে তাহা তিনি তোমাদেরকে অবহিত করিবেন।	
	وَهُوَ الَّذِيْ جَعَلَكُمْ خَلٰۗىِٕفَ الْاَرْضِ وَرَفَعَ بَعْضَكُمْ فَوْقَ بَعْضٍ دَرَجٰتٍ لِّيَبْلُوَكُمْ فِيْ مَآ اٰتٰىكُمْ ۭ اِنَّ رَبَّكَ سَرِيْعُ الْعِقَابِ ۚ وَاِنَّهٗ لَغَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١٦٥﴾	165
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায'ী জা'আলাকুম খালা~ইফাল আরদি' ওয়ারাফা'আ বা'দ'াকুম ফাওক'া বা'দি'ং দারাজা-তিল্ লিইয়াব্লুওয়াকুম ফী মা~আ-তাকুম (ط) ইন্না রাব্বাকা ছারী'উল 'ইক'া-বি (ز) ওয়া ইন্নাহূ লাগাফূরুর রাহ'ীম।	
তরজমা	তিনিই তোমাদেরকে দুনিয়ার প্রতিনিধি করিয়াছেন এবং যাহা তিনি তোমাদেরকে দিয়াছেন সে সম্বন্ধে পরীক্ষার উদ্দেশ্যে তোমাদের কতককে কতকের উপর মর্যাদায় উন্নীত করিয়াছেন। তোমার প্রতি-পালক তো শাস্তি প্রদানে দ্রুত আর তিনি অবশ্যই ক্ষমাশীল, দয়াময়।	

7- Al-'A`raf-আ'রাফ -الأعراف

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	الٓمّٓصٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম্ মী~ম্ সা ~দ।	
তরজমা	আলিফ, লাম, মীম, সোয়াদ।	
	كِتٰبٌ اُنۡزِلَ اِلَيۡكَ فَلَا يَكُنۡ فِىۡ صَدۡرِكَ حَرَجٌ مِّنۡهُ لِتُنۡذِرَ بِهٖ وَذِكۡرٰى لِلۡمُؤۡمِنِيۡنَ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	কিতা~বুন উংঝিলা ইলাইকা ফালা~ ইয়াকুং ফী সাদ্‌রিকা হ`ারাজুম্ মিনহু লিতুংযি`রা বিহী ওয়া যি`করা~লিলমু'মিনীন।	
তরজমা	তোমার নিকট কিতাব অবতীর্ণ করা হইয়াছে, তোমার মনে যেন ইহার সম্পর্কে কোন সঙ্কোচ না থাকে ইহার দ্বারা সতর্কীকরণের ব্যাপারে এবং মু'মিনদের জন্য ইহা উপদেশ।	
	اِتَّبِعُوۡا مَاۤ اُنۡزِلَ اِلَيۡكُمۡ مِّنۡ رَّبِّكُمۡ وَلَا تَتَّبِعُوۡا مِنۡ دُوۡنِهٖۤ اَوۡلِيَآءَ ؕ قَلِيۡلًا مَّا تَذَكَّرُوۡنَ ﴿٣﴾	3
তরজমা	কিন্তু রাসূল এবং যাহারা তাহার সঙ্গে ঈমান আনিয়াছিল তাহারা নিজ সম্পদ ও জীবন দ্বারা আল্লাহ্‌র পথে জিহাদ করিয়াছে ; উহাদের জন্যই কল্যাণ আছে এবং উহারাই সফলকাম।	
	اَعَدَّ اللّٰهُ لَهُمْ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا ۚ ذٰلِكَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	আ'আদ্দাল্লা-হু লাহুম জান্না-তিং তাজরী মিং তাহ'তিহাল আনহা-রু খা-লিদীনা ফীহা- য'া-লিকাল ফাওঝুল 'আজ'ীম।	
তরজমা	আল্লাহ্ উহাদের জন্য প্রস্তুত করিয়া রাখিয়াছেন জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা স্থায়ী হইবে; ইহাই মহাসাফল্য।	
	وَجَآءَ الْمُعَذِّرُوْنَ مِنَ الْاَعْرَابِ لِيُؤْذَنَ لَهُمْ وَقَعَدَ الَّذِيْنَ كَذَبُوا اللّٰهَ وَرَسُوْلَهٗ ۚ سَيُصِيْبُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আল মু'আয'যি'রূনা মিনাল আ'রা-বি লিইউ'য'ানা লাহুম ওয়া ক'া'আদাল্লায'ীনা ক'ায'াবুল্লা-হা ওয়া রাছূলাহূ (ط) ছাইউসীবুল্লায'ীনা কাফারূ মিনহুম 'আয'া-বুন আলীম।	

তরজমা	মরুবাসীদের মধ্যে কিছু লোক অজুহাত পেশ করিতে আসিল যেন ইহাদেরকে অব্যাহতি দেওয়া হয় এবং যাহারা বসিয়া রহিল তাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলের সঙ্গে মিথ্যা বলিয়াছিল, উহাদের মধ্যে যাহারা কুফরী করিয়াছে তাহাদের মর্মন্তুদ শাস্তি হইবেই।	
	لَيْسَ عَلَى الضُّعَفَآءِ وَلَا عَلَى الْمَرْضٰى وَلَا عَلَى الَّذِيْنَ لَا يَجِدُوْنَ مَا يُنْفِقُوْنَ حَرَجٌ اِذَا نَصَحُوْا لِلّٰهِ وَرَسُوْلِهٖ ؕ مَا عَلَى الْمُحْسِنِيْنَ مِنْ سَبِيْلٍ ؕ وَاللّٰهُ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	লাইছা ‘আলাদ্দু‘আফা~ই ওয়ালা-‘আলাল মারদ্বা-ওয়ালা-‘আলাল্লাযীনা লা-ইয়াজিদূনা-মা-ইউংফিকূনা হ্বারাজুন ইযা-নাসাহূ লিল্লা-হি ওয়া রাছূলিহী (ط) মা-‘আলাল মুহ্ছিনীনা মিং ছাবীলিওঁ (ط) ওয়াল্লা-হু গাফূরুর রাহ্বীম।	
তরজমা	যাহারা দুর্বল, যাহারা পীড়িত এবং যাহারা অর্থসাহায্যে অসমর্থ, তাহাদের কোন অপরাধ নাই, যদি আল্লাহ্ ও রাসূলের প্রতি তাহাদের অবিমিশ্র অনুরাগ থাকে। যাহারা সৎকর্মপরায়ণ তাহাদের বিরুদ্ধে অভিযোগের কোন হেতু নাই ; আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَّلَا عَلَى الَّذِيْنَ اِذَا مَآ اَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لَآ اَجِدُ مَآ اَحْمِلُكُمْ عَلَيْهِ ۖ تَوَلَّوْا وَّاَعْيُنُهُمْ تَفِيْضُ مِنَ الدَّمْعِ حَزَنًا اَلَّا يَجِدُوْا مَا يُنْفِقُوْنَ ﴿۹۲﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়ালা-‘আলাল্লাযীনা ইযা-মা~আতাওকা লিতাহ্মিলাহুম ক্বুলতা লা~আজিদু মা-আহ্মিলুকুম ‘আলাইহি (ص) তাওয়াল্লাওঁ ওয়া আ‘ইউনুহুম তাফীদু মিনাদ দাম‘ই হ্বাঝানান আল্লা-ইয়াজিদূ মা-ইউংফিকূন্ ।	
তরজমা	উহাদেরও কোন অপরাধ নাই যাহারা তোমার নিকট বাহনের জন্য আসিলে তুমি বলিয়াছিলে, ‘তোমাদের জন্য কোন বাহন আমি পাইতেছি না’; উহারা অর্থব্যয়ে অসামর্থ্যজনিত দুঃখে অশ্রুবিগলিত নেত্রে ফিরিয়া গেল।	
	اِنَّمَا السَّبِيْلُ عَلَى الَّذِيْنَ يَسْتَاْذِنُوْنَكَ وَهُمْ اَغْنِيَآءُ ۚ رَضُوْا بِاَنْ يَّكُوْنُوْا مَعَ الْخَوَالِفِ ۙ وَطَبَعَ اللّٰهُ عَلٰى قُلُوْبِهِمْ فَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	ইন্নামাছ্ছাবীলু ‘আলাল লাযীনা ইয়াছতা’যিনূনাকা ওয়াহুম আগনিয়া~উ (ج) রাদূ বিআইঁ ইয়াকূনূ মা‘আল খাওয়া-লিফি (لا) ওয়া ত্বাবা‘আল্লা-হু ‘আলা-ক্বুলূবিহিম ফাহুম লা-ইয়া‘লামূন।	
তরজমা	যাহারা অভাবমুক্ত হইয়াও অব্যাহতি প্রার্থনা করিয়াছে, অবশ্যই উহাদের বিরুদ্ধে অভিযোগের হেতু আছে। উহারা অন্তঃপুরবাসিনীদের সঙ্গে থাকাই পছন্দকরিয়াছিল ; আল্লাহ্ উহাদের অন্তর মোহর করিয়া দিয়াছেন, ফলে উহারা বুঝিতে পারে না!	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يَعْتَذِرُوْنَ اِلَيْكُمْ اِذَا رَجَعْتُمْ اِلَيْهِمْ ؕ قُلْ لَّا تَعْتَذِرُوْا لَنْ نُّؤْمِنَ لَكُمْ قَدْ نَبَّاَنَا اللّٰهُ مِنْ اَخْبَارِكُمْ ؕ وَ سَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ ثُمَّ تُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ইয়া'তাযি'রূনা ইলাইকুম ইযা-রাজা'তুম ইলাইহিম (ط) কু'ল্ লা-তা'তাযি'রূ লান্ নু'মিনা লাকুম ক'াদ নাব্বাআনাল্লা-হু মিন আখবা-রিকুম (ط) ওয়া ছাইয়ারাল্লা-হু 'আমালাকুম ওয়া রাছূলুহু ছু'ম্মা তুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল গাইবি ওয়াশশাহা-দাতি ফাইউনাব্বিউকুম বিমা-কুংতুম তা'মালূন।	
তরজমা	তোমরা উহাদের নিকট ফিরিয়া আসিলে উহারা তোমাদের নিকট অজুহাত পেশ করিবে। বলিও, 'অজুহাত পেশ করিও না, আমরা তোমাদেরকে কখনও বিশ্বাস করিব না ; আল্লাহ্ আমাদেরকে তোমাদের খবর জানাইয়া দিয়াছেন এবং আল্লাহ্ অবশ্যই তোমাদের কার্যকলাপ লক্ষ্য করিবেন এবং তাঁহার রাসূলও। অতঃপর যিনি অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতা তাঁহার নিকট তোমাদেরকে প্রত্যাবর্তিত করা হইবে এবং তিনি তোমরা যাহা করিতে, তাহা তোমাদেরকে জানাইয়া দিবেন।'	
	سَيَحْلِفُوْنَ بِاللّٰهِ لَكُمْ اِذَا انْقَلَبْتُمْ اِلَيْهِمْ لِتُعْرِضُوْا عَنْهُمْ ؕ فَاَعْرِضُوْا عَنْهُمْ ؕ اِنَّهُمْ رِجْسٌ ۖ وَّمَاْوٰىهُمْ جَهَنَّمُ ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ছাইয়াহ'লিফূনা বিল্লা-হি লাকুম ইযা'ং ক'ালাবতুম ইলাইহিম লিতু'রিদূ' 'আনহুম (ط) ফাআ'রিদূ' 'আনহুম (ط) ইন্নাহুম রিজছুওঁ (ز) ওয়ামা'ওয়া-হুম জাহান্নামু (ج) জাঝা~আম বিমা কা-নূ ইয়াকছিবূন।	
তরজমা	তোমরা উহাদের নিকট ফিরিয়া আসিলে অচিরেই উহারা আল্লাহ্র শপথ করিবে যাহাতে তোমরা উহাদের উপেক্ষা কর। সুতরাং তোমরা উহাদেরকে উপেক্ষা করিবে; উহারা অপবিত্র এবং উহাদের কৃতকর্মের ফলস্বরূপ জাহান্নাম উহাদের আবাসস্থল।	
	يَحْلِفُوْنَ لَكُمْ لِتَرْضَوْا عَنْهُمْ ۚ فَاِنْ تَرْضَوْا عَنْهُمْ فَاِنَّ اللّٰهَ لَا يَرْضٰى عَنِ الْقَوْمِ الْفٰسِقِيْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ইয়াহ'লিফূনা লাকুম লিতারদ'াও 'আনহুম (ج) ফাইং তারদ'াও 'আনহুম ফাইন্নাল্লা-হা লা-ইয়ারদ'া- 'আনিল ক'াওমিল ফা-ছিক'ীন।	
তরজমা	উহারা তোমাদের নিকট শপথ করিবে যাহাতে তোমরা উহাদের প্রতি তুষ্ট হও। তোমরা উহাদের প্রতি তুষ্ট হইলেও আল্লাহ্ তো সত্যত্যাগী সম্প্রদায়ের প্রতি তুষ্ট হইবেন না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلۡاَعۡرَابُ اَشَدُّ كُفۡرًا وَّنِفَاقًا وَّاَجۡدَرُ اَلَّا يَعۡلَمُوۡا حُدُوۡدَ مَاۤ اَنۡزَلَ اللّٰهُ عَلٰى رَسُوۡلِهٖ ؕ وَاللّٰهُ عَلِيۡمٌ حَكِيۡمٌ ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	আল্আ'রা-বু আশাদ্দু কুফরাওঁ ওয়ানিফা-ক'াওঁ ওয়াআজ্দারু আল্লা-ইয়া'লামূ হু'দূদা মা~আংঝালাল্লা-হু 'আলা-রাছূলিহী (ত) ওয়াল্লা-হু 'আলীমুন হ'াকীম।	
তরজমা	কুফরী ও কপটতায় মরুবাসীরা কঠোরতর; এবং আল্লাহ্ তাঁহার রাসূলের প্রতি যাহা অবতীর্ণ করিয়াছেন, তাহার সীমারেখা সম্পর্কে অজ্ঞ থাকার যোগ্যতা ইহাদের অধিক। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَمِنَ الۡاَعۡرَابِ مَنۡ يَّتَّخِذُ مَا يُنۡفِقُ مَغۡرَمًا وَّيَتَرَبَّصُ بِكُمُ الدَّوَآئِرَ ؕ عَلَيۡهِمۡ دَآئِرَةُ السَّوۡءِ ؕ وَاللّٰهُ سَمِيۡعٌ عَلِيۡمٌ ﴿۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল আ'রা-বি মাইঁ ইয়াত্তাখিযু মা-ইউংফিকু মাগরামাওঁ ওয়া ইয়াতারাব্বাসু বিকুমুদ্দাওয়া~ইরা (ত) 'আলাইহিম দা~ইরাতুছ্ছাওই (ত) ওয়াল্লা-হু ছামী'উন আলীম।	
তরজমা	মরুবাসীদের কেহ কেহ, যাহা তাহারা আল্লাহ্র পথে ব্যয় করে তাহা অর্থদণ্ড বলিয়া গণ্য করে এবং তোমাদের ভাগ্য বিপর্যয়ের প্রতীক্ষা করে। মন্দ ভাগ্যচক্র উহাদেরই হউক। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَمِنَ الۡاَعۡرَابِ مَنۡ يُّؤۡمِنُ بِاللّٰهِ وَالۡيَوۡمِ الۡاٰخِرِ وَيَتَّخِذُ مَا يُنۡفِقُ قُرُبٰتٍ عِنۡدَ اللّٰهِ وَصَلَوٰتِ الرَّسُوۡلِ ؕ اَلَاۤ اِنَّهَا قُرۡبَةٌ لَّهُمۡ ؕ سَيُدۡخِلُهُمُ اللّٰهُ فِىۡ رَحۡمَتِهٖ ؕ اِنَّ اللّٰهَ غَفُوۡرٌ رَّحِيۡمٌ ﴿۹۹﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল আ'রা-বি মাইঁ ইউ'মিনু বিল্লা-হি ওয়াল ইয়াওমিল আ-খিরি ওয়া ইয়াত্তাখিযু মা-ইউংফিকু কু'রুবা-তিন 'ইংদাল্লা-হি ওয়া সালাওয়া-তির্রাছূলি (ত) আলা~ ইন্নাহা কুরবাতুল্লাহুম (ত) ছাইউদখিলুহুমুল্লা-হু ফী রাহ'মাতিহী (ত) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ'ীম।	
তরজমা	মরুবাসীদের কেহ কেহ আল্লাহে ও পরকালে ঈমান রাখে এবং যাহা ব্যয় করে তাহাকে আল্লাহ্র সান্নিধ্য ও রাসূলের দু'আ লাভের উপায় মনে করে। বাস্তবিকই উহা তাহাদের জন্য আল্লাহ্র সান্নিধ্য লাভের উপায় ; আল্লাহ্ তাহাদেরকে নিজ রহমতে দাখিল করিবেন। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَالسّٰبِقُوۡنَ الۡاَوَّلُوۡنَ مِنَ الۡمُهٰجِرِيۡنَ وَالۡاَنۡصَارِ وَالَّذِيۡنَ اتَّبَعُوۡهُمۡ بِاِحۡسَانٍ ۙ رَّضِىَ اللّٰهُ عَنۡهُمۡ وَرَضُوۡا عَنۡهُ وَاَعَدَّ لَهُمۡ جَنّٰتٍ تَجۡرِىۡ تَحۡتَهَا الۡاَنۡهٰرُ خٰلِدِيۡنَ فِيۡهَاۤ اَبَدًا ؕ ذٰلِكَ الۡفَوۡزُ الۡعَظِيۡمُ ﴿۱۰۰﴾	100

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ছা-বিকূ নাল আওওয়ালূনা মিনাল মুহা-জিরীনা ওয়াল আংসা-রি ওয়াল্লাযী নাত্তাবা'উহুম বিইহ্ছা-নির রাদিয়াল্লা-হু 'আনহুম ওয়ারাদূ 'আনহু ওয়া আ'আদ্দালাহুম জান্না-তিং তাজরী তাহ্তাহাল আনহা-রু খা-লিদীনা ফীহা আবাদাং (ط) য'া-লিকাল ফাওঝুল 'আজ ীম।	
তরজমা	মুহাজির ও আনসারদের মধ্যে যাহারা প্রথম অগ্রগামী এবং যাহারা নিষ্ঠার সঙ্গে তাহাদের অনুসরণ করে আল্লাহ্ তাহাদের প্রতি প্রসন্ন এবং তাহারাও তাহাতে সন্তুষ্ট এবং তিনি তাহাদের জন্য প্রস্তুত করিয়াছেন জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, যেখানে তাহারা চিরস্থায়ী হইবে। ইহা মহাসাফল্য।	
	وَمِمَّنْ حَوْلَكُمْ مِّنَ الْاَعْرَابِ مُنٰفِقُوْنَ ۛ وَمِنْ اَهْلِ الْمَدِيْنَةِ ۛ مَرَدُوْا عَلَى النِّفَاقِ ۖ لَا تَعْلَمُهُمْ ۭ نَحْنُ نَعْلَمُهُمْ ۭ سَنُعَذِّبُهُمْ مَّرَّتَيْنِ ثُمَّ يُرَدُّوْنَ اِلٰى عَذَابٍ عَظِيْمٍ ۝	101
প্রতিবর্ণায়ন	ওয়া মিম্মান হ'াওলাকুম মিনাল আ'রা-বি মুনা-ফিকূ'না (ط) ওয়া মিন আহলিল মাদীনাতি (قف) মারাদূ 'আলান্নিফা-কি (قف) লা-তা'লামুহুম (ط) নাহ'নু না'লামুহুম (ط) ছানু'আয'যি'বুহুম মাররাতাইনি ছু'ম্মা ইউরাদ্দূনা ইলা-'আয'া-বিন 'আজ ীম।	
তরজমা	মরুবাসীদের মধ্যে যাহারা তোমাদের আশেপাশে আছে তাহাদের কেহ কেহ মুনাফিক এবং মদীনাবাসীদের মধ্যেও কেহ কেহ, উহারা কপটতায় সিদ্ধ। তুমি উহাদেরকে জান না; আমি উহাদেরকে জানি। আমি উহাদেরকে দুইবার শাস্তি দিব ও পরে উহারা প্রত্যাবর্তিত হইবে মহাশাস্তির দিকে।	
	وَاٰخَرُوْنَ اعْتَرَفُوْا بِذُنُوْبِهِمْ خَلَطُوْا عَمَلًا صَالِحًا وَّاٰخَرَ سَيِّئًا ۭ عَسَى اللّٰهُ اَنْ يَّتُوْبَ عَلَيْهِمْ ۭ اِنَّ اللّٰهَ غَفُوْرٌ رَّحِيْمٌ ۝	102
প্রতিবর্ণায়ন	ওয়া আ-খারূনা'তারাফু বিযু'নূবিহিম খালাতূ 'আমালাং সা-লিহ'াওঁ ওয়া আ-খারা ছাইয়িআন (ط) 'আছাল্লা-হু আইঁ ইয়াতূবা 'আলাইহিম (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ ীম।	
তরজমা	এবং অপর কতক লোকে নিজেদের অপরাধ স্বীকার করিয়াছে, উহারা এক সৎকর্মের সঙ্গে অপর অসৎকর্ম মিশ্রিত করিয়াছে; আল্লাহ্ হয়ত উহাদেরকে ক্ষমা করিবেন; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	خُذْ مِنْ اَمْوَالِهِمْ صَدَقَةً تُطَهِّرُهُمْ وَتُزَكِّيْهِمْ بِهَا وَصَلِّ عَلَيْهِمْ ۭ اِنَّ صَلٰوتَكَ سَكَنٌ لَّهُمْ ۭ وَاللّٰهُ سَمِيْعٌ عَلِيْمٌ ۝	103

প্রতিবর্ণায়ন	খুয মিন আমওয়া-লিহিম সাদাক'াতাং তুত'াহ্হিরুহুম ওয়া তুঝাক্কীহিম বিহা-ওয়া সাল্লি 'আলাইহিম (ط) ইন্না সালা-তাকা ছাকানুল্লাহুম (ط) ওয়াল্লা-হু ছামী'উন 'আলীম।	
তরজমা	উহাদের সম্পদ হইতে 'সাদাকা' গ্রহণ করিবে। ইহার দ্বারা তুমি উহাদেরকে পবিত্র করিবে এবং পরিশোধিত করিবে। তুমি উহাদেরকে দু'আ করিবে। তোমার দু'আ তো উহাদের জন্য চিত্ত স্বস্তিকর। আল্লাহ্ সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اَلَمْ يَعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ هُوَ يَقْبَلُ التَّوْبَةَ عَنْ عِبَادِهٖ وَيَاْخُذُ الصَّدَقٰتِ وَاَنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'লামূ~ আন্নাল্লা-হা হুওয়া ইয়াক'বালুত্ তাওবাতা 'আন 'ইবা-দিহী ওয়া ইয়া'খুযু স্সাদাক'া-তি ওয়া আন্নাল্লা-হা হুওয়াত্ তাওওয়া-বুর রাহ'ীম।	
তরজমা	উহারা কি জানে না যে, আল্লাহ্ তো তাঁহার বান্দাদের তওবা কবুল করেন এবং 'সাদাকা' গ্রহণ করেন, নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু ?	
	وَقُلِ اعْمَلُوْا فَسَيَرَى اللّٰهُ عَمَلَكُمْ وَرَسُوْلُهٗ وَالْمُؤْمِنُوْنَ ۭ وَسَتُرَدُّوْنَ اِلٰى عٰلِمِ الْغَيْبِ وَالشَّهَادَةِ فَيُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়া কুলি'মালূ ফাছাইয়ারাল্লা-হু 'আমালাকুম ওয়া রাছূলুহূ ওয়াল মু'মিনূনা (ط) ওয়া ছাতুরাদ্দূনা ইলা- 'আ-লিমিল গাইবি ওয়াশশাহা-দাতি ফাইউনাব্বিউকুম বিমা-কুংতুম তা'লামূন।	
তরজমা	এবং বল, 'তোমরা কর্ম করিতে থাক ; আল্লাহ্ তো তোমাদের কার্যকলাপ লক্ষ্য করিবেন এবং তাঁহার রাসূল ও মু'মিনগণও করিবে এবং অচিরেই তোমরা প্রত্যাবর্তিত হইবে অদৃশ্য ও দৃশ্যের পরিজ্ঞাতার নিকট, অতঃপর তিনি তোমরা যাহা করিতে তাহা তোমাদেরকে জানাইয়া দিবেন।'	
	وَاٰخَرُوْنَ مُرْجَوْنَ لِاَمْرِ اللّٰهِ اِمَّا يُعَذِّبُهُمْ وَاِمَّا يَتُوْبُ عَلَيْهِمْ ۭ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ওয়া আ-খারুনা মুরজাওনা লিআমরিল্লা-হি ইম্মা-ইউ'আয'যি'বুহুম ওয়া ইম্মা-ইয়াতূব 'আলাইহিম (ط) ওয়াল্লা-হু 'আলীমুন হ'াকীম।	
তরজমা	এবং আল্লাহ্র আদেশের প্রতীক্ষায় অপর কতকের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রহিল তিনি উহাদেরকে শাস্তি দিবেন, না ক্ষমা করিবেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	وَالَّذِيْنَ اتَّخَذُوْا مَسْجِدًا ضِرَارًا وَّكُفْرًا وَّتَفْرِيْقًۢا بَيْنَ الْمُؤْمِنِيْنَ وَاِرْصَادًا لِّمَنْ حَارَبَ اللّٰهَ وَرَسُوْلَهٗ مِنْ قَبْلُ ۭ وَلَيَحْلِفُنَّ اِنْ اَرَدْنَآ اِلَّا الْحُسْنٰى ۭ وَاللّٰهُ يَشْهَدُ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ﴿١٠٧﴾	107

প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনাত তাখায ূ মাছজিদাং দি রা–রাওঁ ওয়া কুফরাওঁ ওয়া তাফরীক াম বাইনাল মু'মিনীনা ওয়া ইরসা–দাল্ লিমান হ া–রাবাল্লা–হা ওয়া রাছূলাহূ মিং ক াবলু (ত) ওয়ালাইয়াহ লিফুন্না ইন আরাদনা ~ইল্লাল হু ছনা– (ত) ওয়াল্লা–হু ইয়াশহাদু ইন্নাহুম লাকা–যি বূন।	
তরজমা	এবং যাহারা মসজিদ নির্মাণ করিয়াছে ক্ষতিসাধন, কুফরী ও মু'মিনদের মধ্যে বিভেদ সৃষ্টির উদ্দেশ্যে এবং ইতিপূর্বে আল্লাহ্ ও তাঁহার রাসূলের বিরুদ্ধে যে ব্যক্তি সংগ্রাম করিয়াছে তাহার গোপন ঘাঁটিস্বরূপ ব্যবহারের উদ্দেশ্যে, তাহারা অবশ্যই শপথ করিবে, 'আমরা সদুদ্দেশ্যেই উহা করিয়াছি'; আল্লাহ্ সাক্ষী, তাহারা তো মিথ্যাবাদী।	
	لَا تَقُمْ فِيْهِ اَبَدًا ؕ لَمَسْجِدٌ اُسِّسَ عَلَى التَّقْوٰى مِنْ اَوَّلِ يَوْمٍ اَحَقُّ اَنْ تَقُوْمَ فِيْهِ ؕ فِيْهِ رِجَالٌ يُّحِبُّوْنَ اَنْ يَّتَطَهَّرُوْا ؕ وَاللّٰهُ يُحِبُّ الْمُطَّهِّرِيْنَ ﴿۱۰۸﴾	108
প্রতিবর্ণায়ন	লা–তাকু ম ফীহি আবাদাল্ (ত) লামাছজিদুন উছ্ছিছা 'আলাত্তাক ওয়া–মিন আওওয়ালি ইয়াওমিন আহ াক্কু আং তাকূ মা ফীহি (ত) ফীহি রিজা–লুইঁ ইউহি ব্বূনা আইঁ ইয়াতাত াহ্হারু (ত) ওয়াল্লা–হু ইউহি ব্বুল মুত াত াহ্হিরীন।	
তরজমা	তুমি ইহাতে কখনও দাঁড়াইও না। যে মসজিদের ভিত্তি প্রথম দিন হইতেই স্থাপিত হইয়াছে তাক্ওয়ার উপর, উহাই তোমার সালাতের জন্য অধিক যোগ্য। সেখানে এমন লোক আছে যাহারা পবিত্রতা অর্জন ভালবাসে এবং পবিত্রতা অর্জনকারীদেরকে আল্লাহ্ পছন্দকরেন।	
	اَفَمَنْ اَسَّسَ بُنْيَانَهٗ عَلٰى تَقْوٰى مِنَ اللّٰهِ وَرِضْوَانٍ خَيْرٌ اَمْ مَّنْ اَسَّسَ بُنْيَانَهٗ عَلٰى شَفَا جُرُفٍ هَارٍ فَانْهَارَ بِهٖ فِيْ نَارِ جَهَنَّمَ ؕ وَاللّٰهُ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	আফামান আছ্ছাছা বুনইয়া–নাহূ 'আলা–তাক ওয়া–মিনাল্লা–হি ওয়া রিদ াওয়া–নিন খাইরুন আম্মান আছ্ছাআ বুনইয়া–নাহূ 'আলা–শাফা– জুরুফিন হা–রিং ফানহা–রা বিহী ফী না–রি জাহান্নামা (ত) ওয়াল্লা–হু লা–ইয়াহদিল ক াওমাজ্ জ া–লিমীন।	
তরজমা	যে ব্যক্তি তাহার গৃহের ভিত্তি আল্লাহ্ভীতি ও আল্লাহ্র সন্তুষ্টির উপর স্থাপন করে সে উত্তম, না ঐ ব্যক্তি উত্তম যে তাহার গৃহের ভিত্তি স্থাপন করে এক খাদের ধসোন্মুখ কিনারায়, ফলে যাহা উহাকেসহ জাহান্নামের অগ্নিতে পতিত হয় ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে পথ প্রদর্শন করেন না।	
	لَا يَزَالُ بُنْيَانُهُمُ الَّذِىْ بَنَوْا رِيْبَةً فِىْ قُلُوْبِهِمْ اِلَّاۤ اَنْ تَقَطَّعَ قُلُوْبُهُمْ ؕ وَاللّٰهُ عَلِيْمٌ حَكِيْمٌ ﴿۱۱۰﴾	110
প্রতিবর্ণায়ন	লা–ইঝা–লু বুনইয়া–নুহুমুল্লায ী বানাও রীবাতাং ফী কু লূবিহিম ইল্লা–আং তাক াত্ত া'আ কু লূবুহুম (ত) ওয়াল্লা–হু 'আলীমুন হ াকীম।	

তরজমা	উহাদের গৃহ যাহা উহারা নির্মাণ করিয়াছে তাহা উহাদের অন্তরে সন্দেহের কারণ হইয়া থাকিবে। যে পর্যন্ত না উহাদের অন্তর ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া যায়। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	إِنَّ اللَّهَ اشْتَرَىٰ مِنَ الْمُؤْمِنِينَ أَنفُسَهُمْ وَأَمْوَالَهُم بِأَنَّ لَهُمُ الْجَنَّةَ ۚ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ فَيَقْتُلُونَ وَ	111
	يُقْتَلُونَ ۖ وَعْدًا عَلَيْهِ حَقًّا فِي التَّوْرَاةِ وَالْإِنجِيلِ وَالْقُرْآنِ ۚ وَمَنْ أَوْفَىٰ بِعَهْدِهِ مِنَ اللَّهِ فَاسْتَبْشِرُوا	
	بِبَيْعِكُمُ الَّذِي بَايَعْتُم بِهِ ۚ وَذَٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيمُ ﴿١١١﴾	
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হাশতারা- মিনাল মু'মিনীনা আংফুছাহুম ওয়া আমওয়া-লাহুম বিআন্না লাহুমুল্ জান্নাতা (ط) ইউক'া-তিলূনা ফী ছাবীলিল্লা-হি ফাইয়াক'তুলূনা ওয়া ইউক'তালূনা (قف) ওয়া'দান আলাইহি হ'াক'ক'াং ফিত্তাওরা-তি ওয়াল ইংজীলি ওয়াল কু'রআ-নি (ط) ওয়া মান আওফা-বি'আহদিহী মিনাল্লা-হি ফাছতাবশিরূ বিবাই'ইকুমুল্লায'ী বা-ইয়া'তুম বিহী (ط) ওয়া য'া-লিকা হুওয়াল ফাওঝুল 'আজ'ীম।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ মু'মিনদের নিকট হইতে তাহাদের জীবন ও সম্পদ ক্রয় করিয়া লইয়াছেন, তাহাদের জন্য জান্নাত আছে ইহার বিনিময়ে। তাহারা আল্লাহ্র পথে যুদ্ধ করে, নিধন করে ও নিহত হয়। তাওরাত, ইনজীল ও কুরআনে এই সম্পর্কে তাহাদের দৃঢ় প্রতিশ্রুতি রহিয়াছে। নিজ প্রতিজ্ঞা পালনে আল্লাহ্ অপেক্ষা শ্রেষ্ঠতর কে আছে ? তোমরা যে সওদা করিয়াছ সেই সওদার জন্য আনন্দিত হও এবং উহাই তো মহাসাফল্য।	
	التَّائِبُونَ الْعَابِدُونَ الْحَامِدُونَ السَّائِحُونَ الرَّاكِعُونَ السَّاجِدُونَ الْآمِرُونَ بِالْمَعْرُوفِ وَالنَّاهُونَ عَنِ	112
	الْمُنكَرِ وَالْحَافِظُونَ لِحُدُودِ اللَّهِ ۗ وَبَشِّرِ الْمُؤْمِنِينَ ﴿١١٢﴾	
প্রতিবর্ণায়ন	আত্তা~ইবূনাল 'আ-বিদূনাল হ'া-মিদূনাছ্ছা-ইহূ'নার রা-কি'ঊনাছ্ছা-জিদূনাল আ-মিরূনা বিলামা'রূফি ওয়াননা-হূনা 'আনিল মুংকারি ওয়াল হ'া-ফিজূ'না লিহূ'দূদিল্লা-হি (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন।	
তরজমা	উহারা তওবাকারী, 'ইবাদতকারী, আল্লাহ্র প্রশংসাকারী, সিয়াম পালনকারী, রুকূ'কারী, সিজ্দাকারী, সৎকাজের নির্দেশদাতা, অসৎকাজে নিষেধকারী এবং আল্লাহ্র নির্ধারিত সীমারেখা সংরক্ষণকারী; এই মু'মিনদেরকে তুমি শুভ সংবাদ দাও।	
	مَا كَانَ لِلنَّبِيِّ وَالَّذِينَ آمَنُوا أَن يَسْتَغْفِرُوا لِلْمُشْرِكِينَ وَلَوْ كَانُوا أُولِي قُرْبَىٰ مِن بَعْدِ مَا تَبَيَّنَ لَهُمْ أَنَّهُمْ	113
	أَصْحَابُ الْجَحِيمِ ﴿١١٣﴾	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	মা-কা-না লিন্নাবিইয়ি ওয়াল্লাযীনা আ-মানূ~ আইঁ ইয়াছতাগফিরূ লিলমুশরিকীনা ওয়ালাও কা-নূ~উলী কু'রবা-মিম বা'দি মা-তাবাইইয়ানা লাহুম আন্নাহুম আসহা'ব-বুল জাহীম।	
তরজমা	আত্মীয়-স্বজন হইলেও মুশরিকদের জন্য ক্ষমা প্রার্থনা করা নবী এবং মু'মিনদের জন্য সংগত নয় যখন ইহা সুস্পষ্ট হইয়া গিয়াছে যে, নিশ্চিতই উহারা জাহান্নামী।	
	وَمَا كَانَ اسْتِغْفَارُ اِبْرٰهِيْمَ لِاَبِيْهِ اِلَّا عَنْ مَّوْعِدَةٍ وَّعَدَهَآ اِيَّاهُ ۚ فَلَمَّا تَبَيَّنَ لَهٗٓ اَنَّهٗ عَدُوٌّ لِّلّٰهِ تَبَرَّاَ مِنْهُ ؕ اِنَّ اِبْرٰهِيْمَ لَاَوَّاهٌ حَلِيْمٌ ﴿١١٤﴾	114
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কানাছ্তিগফা-রু ইবরা-হীমা লিআবীহি ইল্লা-'আম মাও 'ইদাতিওঁ ওয়া'আদহা-ইইয়া-হু (ج) ফালাম্মা-তাবাইইয়ানা লাহূ আন্নাহূ 'আদুওউল্ লিল্লা-হি তাবার্‌রাআমিনহু (ط) ইন্না ইবরা-হীমা লা আওওয়া-হুন হ'ালীম।	
তরজমা	ইব্‌রাহীম তাহার পিতার জন্য ক্ষমা প্রার্থনা করিয়াছিল, তাহাকে ইহার প্রতিশ্রুতি দিয়াছিল বলিয়া ; অতঃপর যখন ইহা তাহার নিকট সুস্পষ্ট হইল যে, সে আল্লাহ্‌র শত্রু তখন ইব্‌রাহীম উহার সম্পর্ক ছিন্ন করিল। ইব্‌রাহীম তো কোমল হৃদয় ও সহনশীল।	
	وَمَا كَانَ اللّٰهُ لِيُضِلَّ قَوْمًاۢ بَعْدَ اِذْ هَدٰىهُمْ حَتّٰى يُبَيِّنَ لَهُمْ مَّا يَتَّقُوْنَ ؕ اِنَّ اللّٰهَ بِكُلِّ شَىْءٍ عَلِيْمٌ ﴿١١٥﴾	115
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কা-নাল্লা-হু লিইউদি'ল্লা ক'াওমাম বা'দা ইয' হাদা-হুম হ'াত্তা- ইউবাইয়িনা লাহুম মা-ইয়াত্তাকূ'ন্না (ط) ইন্নাল্লা-হা বিকুল্লি শাইয়িন 'আলীম।	
তরজমা	আল্লাহ্ এমন নন যে, তিনি কোন সম্প্রদায়কে পথপ্রদর্শন করিবার পর উহাদেরকে বিভ্রান্ত করিবেন-উহাদেরকে কী বিষয়ে তাক্‌ওয়া অবলম্বন করিতে হইবে, ইহা সুস্পষ্টরূপে ব্যক্ত না করা পর্যন্ত ; নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ে সবিশেষ অবহিত।	
	اِنَّ اللّٰهَ لَهٗ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ يُحْىٖ وَيُمِيْتُ ؕ وَمَا لَكُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ مِنْ وَّلِىٍّ وَّلَا نَصِيْرٍ ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লাহূ মুলকুছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি' (ط) ইউহ'য়ী ওয়া ইউমীতু (ط) ওয়া মা লাকুম মিং দূনিল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা-নাসীর।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর সার্বভৌম ক্ষমতা আল্লাহরই; তিনিই জীবন দান করেন এবং তিনিই মৃত্যু ঘটান। আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لَقَدْ تَّابَ اللّٰهُ عَلَى النَّبِيِّ وَالْمُهٰجِرِيْنَ وَالْاَنْصَارِ الَّذِيْنَ اتَّبَعُوْهُ فِيْ سَاعَةِ الْعُسْرَةِ مِنْۢ بَعْدِ مَا كَادَ يَزِيْغُ قُلُوْبُ فَرِيْقٍ مِّنْهُمْ ثُمَّ تَابَ عَلَيْهِمْ ؕ اِنَّهٗ بِهِمْ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۱۱۷﴾	117
প্রতিবর্ণায়ন	লাক'াত্তা-বাল্লা-হু 'আলান্নাবিইয়ি ওয়াল মুহা-জিরীনা ওয়াল আংসা-রিল্লাযী'নাত্ তাবা'উহু ফী ছা-'আতিল 'উছরাতি মিম বা'দি মা-কা-দা ইয়াঝীগু কু'লূবু ফারীকি'ম মিনহুম ছু'ম্মা তা-বা 'আলাইহিম (ط) ইন্নাহূ বিহিমি রাঊফুর রাহ'ীম।	
তরজমা	আল্লাহ্ অবশ্যই অনুগ্রহপরায়ণ হইলেন নবীর প্রতি এবং মুহাজির ও আনসারদের প্রতি যাহারা তাহার অনুসরণ করিয়াছিল সংকটকালে-এমনকি যখন তাহাদের একদলের চিত্ত-বৈকল্যের উপক্রম হইয়াছিল। পরে আল্লাহ্ উহাদেরকে ক্ষমা করিলেন; তিনি তো উহাদের প্রতি দয়ার্দ্র, পরম দয়ালু।	
	وَّعَلَى الثَّلٰثَةِ الَّذِيْنَ خُلِّفُوْا ؕ حَتّٰۤى اِذَا ضَاقَتْ عَلَيْهِمُ الْاَرْضُ بِمَا رَحُبَتْ وَضَاقَتْ عَلَيْهِمْ اَنْفُسُهُمْ وَظَنُّوْۤا اَنْ لَّا مَلْجَاَ مِنَ اللّٰهِ اِلَّاۤ اِلَيْهِ ؕ ثُمَّ تَابَ عَلَيْهِمْ لِيَتُوْبُوْا ؕ اِنَّ اللّٰهَ هُوَ التَّوَّابُ الرَّحِيْمُ ﴿۱۱۸﴾	118
প্রতিবর্ণায়ন	ওয়া 'আলাছ্'ছা-লা-ছাতিল্লাযী'না খুল্লিফূ (ط) হ'াত্তা-ইযা'-দা'-ক'াত 'আলাইহিমুল আরদু' বিমা-রাহ্'বাত ওয়াদ'া-ক'াত 'আলাইহিম আংফুছুহুম ওয়া জ'ান্নু'আল্লা-মালজাআ মিনাল্লা-হি ইল্লা'ইলাইহি (ط) ছু'ম্মা তা-বা 'আলাইহিম লিইয়াতূবূ (ط) ইন্নাল্লা-হু হুওয়াত্তাওওয়া-বুর রাহ'ীম।	
তরজমা	এবং তিনি ক্ষমা করিলেন অপর তিনজনকেও, যাহাদের সম্পর্কে সিদ্ধান্ত স্থগিত রাখা হইয়াছিল, যে পর্যন্ত না পৃথিবী বিস্তৃত হওয়া সত্ত্বেও তাহাদের জন্য উহা সংকুচিত হইয়াছিল এবং তাহাদের জীবন তাহাদের জন্য দুর্বিষহ হইয়াছিল এবং তাহারা উপলব্ধি করিয়াছিল যে, আল্লাহ্ ব্যতীত কোন আশ্রয়স্থল নাই, তাঁহার দিকে প্রত্যাবর্তন ব্যতীত, পরে তিনি উহাদের তওবা কবুল করিলেন যাহাতে উহারা তওবায় স্থির থাকে। নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَكُوْنُوْا مَعَ الصّٰدِقِيْنَ ﴿۱۱۹﴾	119
প্রতিবর্ণায়ন	ইয়া'আইয়ুহাল্লাযী'না আ-মানুত্তাকু'ল্লা-হা ওয়াকূনূ মা'আসসা-দিক'ীন।	
তরজমা	হে মু'মিনগণ! তোমরা আল্লাহ্কে ভয় কর এবং সত্যবাদীদের অন্তর্ভুক্ত হও।	

120

مَا كَانَ لِاَهْلِ الْمَدِيْنَةِ وَمَنْ حَوْلَهُمْ مِّنَ الْاَعْرَابِ اَنْ يَّتَخَلَّفُوْا عَنْ رَّسُوْلِ اللّٰهِ وَلَا يَرْغَبُوْا بِاَنْفُسِهِمْ عَنْ نَّفْسِهٖ ؕ ذٰلِكَ بِاَنَّهُمْ لَا يُصِيْبُهُمْ ظَمَاٌ وَّلَا نَصَبٌ وَّلَا مَخْمَصَةٌ فِيْ سَبِيْلِ اللّٰهِ وَلَا يَطَـُٔوْنَ مَوْطِئًا يَّغِيْظُ الْكُفَّارَ وَلَا يَنَالُوْنَ مِنْ عَدُوٍّ نَّيْلًا اِلَّا كُتِبَ لَهُمْ بِهٖ عَمَلٌ صَالِحٌ ؕ اِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿۱۲۰﴾

প্রতিবর্ণায়ন

মা-কা-না লিআহ্লিল মাদীনাতি ওয়া মান হ'াওলাহুম মিনাল আ'রা-বি আইঁ ইয়াতাখাল্লাফূ 'আর রাছূলিল্লা-হি ওয়ালা-ইয়ারগাবূ বিআংফুছিহিম 'আং নাফছিহী (ط) য'া-লিকা বিআন্নাহুম লা-ইউসীবুহুম জ'ামাঊওঁ ওয়ালা-নাসাবুওঁ ওয়ালা-মাখমাসাতুং ফী ছাবীলিল্লাহি ওয়লা ইয়াত'াউনা মাওতি'আইঁ ইয়াগিজু'ল কুফ্ফারা ওয়ালা ইয়ানালূনা মিন 'আদুবি'ন্ নাইলান ইল্লা কুতিবা লাহুম বিহী 'আমালুং সা-লিহু'ন (ط) ইন্নাল্লা-হা লা-ইউদ'ী'উ আজারাল মহ্'ছিনীন।

তরজমা

মদীনাবাসী ও উহাদের পার্শ্ববর্তী মরুবাসীদের জন্য সঙ্গত নয় আল্লাহর রাসূলের সহগামী না হইয়া পিছনে রহিয়া যাওয়া এবং তাহার জীবন অপেক্ষা তাহাদের নিজেদের জীবনকে প্রিয় জ্ঞান করা ; কারণ আল্লাহ্র পথে উহাদের তৃষ্ণা, ক্লান্তি এবং ক্ষুধায় ক্লিষ্ট হওয়া এবং কাফিরদের ক্রোধ উদ্রেক করে এমন পদক্ষেপ গ্রহণ করা এবং শত্রুদের নিকট হইতে কিছু প্রাপ্ত হওয়া উহাদের সৎকর্মরূপে গণ্য হয়। নিশ্চয়ই আল্লাহ্ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।

121

وَلَا يُنْفِقُوْنَ نَفَقَةً صَغِيْرَةً وَّلَا كَبِيْرَةً وَّلَا يَقْطَعُوْنَ وَادِيًا اِلَّا كُتِبَ لَهُمْ لِيَجْزِيَهُمُ اللّٰهُ اَحْسَنَ مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۲۱﴾

প্রতিবর্ণায়ন

ওয়ালা-ইউংফিকূ'না নাফাক'াতাং সাগীরাতাওঁ ওয়ালা- কাবীরাতাওঁ ওয়ালা- ইয়াক'তা'ঊনা ওয়া-দিয়ান ইল্লা-কুতিবা লাহুম লিইয়াজ্ঝিয়াহুমুল্লা-হু আহ'ছানা মা-কা-নূ ইয়া'মালূন।

তরজমা

এবং উহারা ক্ষুদ্র অথবা বৃহৎ যাহাই ব্যয় করে এবং যে কোন প্রান্তরই অতিক্রম করে তাহা উহাদের অনুকূলে লিপিবদ্ধ হয়-যাহাতে উহারা যাহা করে আল্লাহ তাহা অপেক্ষা উৎকৃষ্টতর পুরস্কার উহাদেরকে দিতে পারেন।

122

وَمَا كَانَ الْمُؤْمِنُوْنَ لِيَنْفِرُوْا كَآفَّةً ؕ فَلَوْلَا نَفَرَ مِنْ كُلِّ فِرْقَةٍ مِّنْهُمْ طَآئِفَةٌ لِّيَتَفَقَّهُوْا فِي الدِّيْنِ وَلِيُنْذِرُوْا قَوْمَهُمْ اِذَا رَجَعُوْٓا اِلَيْهِمْ لَعَلَّهُمْ يَحْذَرُوْنَ ﴿۱۲۲﴾

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-নাল মু'মিনূনা লিইয়াংফিরু কা~ফফাতাং (ط) ফালাওলা-নাফারা মিং কুল্লি ফিরক'াতিম মিনহুম ত'া~ইফাতুল লিইয়াতাফাক্ক'াহূ ফিদ্দীনি ওয়ালিইউংযি'রু ক'াওমাহুম ইয'া-রাজা'উ~ইলাইহিম লা'আল্লাহুম ইয়াহ'য'ারূন।	
তরজমা	মু'মিনদের সকলের একসঙ্গে অভিযানে বাহির হওয়া সংগত নয়, উহাদের প্রত্যেক দলের এক অংশ বহির্গত হয় না কেন, যাহাতে তাহারা দীন সম্বন্ধে জ্ঞানানুশীলন করিতে পারে এবং উহাদের সম্প্রদায়কে সতর্ক করিতে পারে, যখন তাহারা তাহাদের নিকট ফিরিয়া আসিবে যাহাতে তাহারা সতর্ক হয়।	
	يَاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا قَاتِلُوا الَّذِيْنَ يَلُوْنَكُمْ مِّنَ الْكُفَّارِ وَلْيَجِدُوْا فِيْكُمْ غِلْظَةً ؕ وَاعْلَمُوْٓا اَنَّ اللّٰهَ مَعَ الْمُتَّقِيْنَ ﴿١٢٣﴾	123
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায'ীনা আ-মানূ ক'া-তিলুল্লায'ীনা ইয়ালূনাকুম মিনাল কুফ্ফা-রি ওয়াল ইয়াজিদূ ফীকুম গিলজ'াতাওঁ (ط) ওয়া'লামূ~আন্নাল্লা-হা মা'আল মুত্তাক'ীন।	
তরজমা	হে মু'মিনগণ! কাফিরদের মধ্যে যাহারা তোমাদের নিকটবর্তী তাহাদের সঙ্গে যুদ্ধ কর এবং উহারা যেন তোমাদের মধ্যে কঠোরতা দেখিতে পায়। জানিয়া রাখ, আল্লাহ্ তো মুত্তাকীদের সঙ্গে আছেন।	
	وَاِذَا مَآ اُنْزِلَتْ سُوْرَةٌ فَمِنْهُمْ مَّنْ يَّقُوْلُ اَيُّكُمْ زَادَتْهُ هٰذِهٖٓ اِيْمَانًا ۚ فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا فَزَادَتْهُمْ اِيْمَانًا وَّهُمْ يَسْتَبْشِرُوْنَ ﴿١٢٤﴾	124
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-মাদ উংঝিলাত ছূরাতুং ফামিনহুম মাইঁ ইয়াকূ'লু আইয়ুকুম ঝা-দাতহু হা-যি'হীদ ঈমানাং (ج) ফাআম্মাল্লায'ীনা আ-মানূ ফাঝা-দাতহুম ঈমা-নাওঁ ওয়াহুম ইয়াছতাবশিরূন।	
তরজমা	যখনই কোন সূরা অবতীর্ণ হয় তখন উহাদের কেহ কেহ বলে, 'ইহা তোমাদের মধ্যে কাহার ঈমান বৃদ্ধি করিল ?' যাহারা মু'মিন ইহা তাহাদেরই ঈমান বৃদ্ধি করে এবং তাহারাই আনন্দিত হয়।	
	وَاَمَّا الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ فَزَادَتْهُمْ رِجْسًا اِلٰى رِجْسِهِمْ وَمَاتُوْا وَهُمْ كٰفِرُوْنَ ﴿١٢٥﴾	125
প্রতিবর্ণায়ন	ওয়াআম্মাল্লায'ীনা ফী কু'লূবিহিম মারাদু'ন ফাঝা-দাতহুম রিজছান ইলা-রিজছিহিম ওয়ামা-তূ ওয়াহুম কা-ফিরূন।	
তরজমা	এবং যাহাদের অন্তরে ব্যাধি আছে, ইহা তাহাদের কলুষের সঙ্গে আরও কলুষ যুক্ত করে এবং উহাদের মৃত্যু ঘটে কাফির অবস্থায়।	
	اَوَلَا يَرَوْنَ اَنَّهُمْ يُفْتَنُوْنَ فِيْ كُلِّ عَامٍ مَّرَّةً اَوْ مَرَّتَيْنِ ثُمَّ لَا يَتُوْبُوْنَ وَلَا هُمْ يَذَّكَّرُوْنَ ﴿١٢٦﴾	126

প্রতিবর্ণায়ন

আওয়ালা-ইয়ারাওনা আন্নাহুম ইউফ্‌তানূনা ফী কুল্লি 'আমিম মার্‌রাতান আও মাররাতাইনি ছু ম্মা লা-ইয়াতূবূনা ওয়ালা-হুম ইয়ায য াক্কারূন।

তরজমা

উহারা কি দেখে না যে, 'উহাদেরকে প্রতি বৎসর একবার বা দুইবার বিপর্যস্ত করা হয় ?' ইহার পরও উহারা তওবা করে না এবং উপদেশ গ্রহণ করে না,

127

وَاِذَا مَاۤ اُنْزِلَتْ سُوْرَةٌ نَّظَرَ بَعْضُهُمْ اِلٰى بَعْضٍ ؕ هَلْ يَرٰىكُمْ مِّنْ اَحَدٍ ثُمَّ انْصَرَفُوْا ؕ صَرَفَ اللّٰهُ قُلُوْبَهُمْ بِاَنَّهُمْ قَوْمٌ لَّا يَفْقَهُوْنَ ﴿۱۲۷﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয া-মা ~উংঝিলাত ছূরাতুং নাজারা বা'দ্‌হুম ইলা-বা'দি ন (ط) হাল ইয়ারা-কুম মিন আহ াদিং ছু ম্মাং সারাফূ (ط) সারাফাল্লা-হু কু লূবাহুম বিআন্নাহুম ক াওমুল্ লা-ইয়াফক াহূন।

তরজমা

এবং যখনই কোন সূরা অবতীর্ণ হয়, তখন উহারা একে অপরের দিকে তাকায় এবং ইশারায় জিজ্ঞাসা করে 'তোমাদেরকে কেহ লক্ষ্য করিতেছে কি ?' অতঃপর উহারা সরিয়া পড়ে। আল্লাহ্ উহাদের হৃদয়কে সত্যবিমুখ করিয়াছেন, কারণ উহারা এমন এক সম্প্রদায় যাহাদের বোধশক্তি নাই।

128

لَقَدْ جَآءَكُمْ رَسُوْلٌ مِّنْ اَنْفُسِكُمْ عَزِيْزٌ عَلَيْهِ مَا عَنِتُّمْ حَرِيْصٌ عَلَيْكُمْ بِالْمُؤْمِنِيْنَ رَءُوْفٌ رَّحِيْمٌ ﴿۱۲۸﴾

প্রতিবর্ণায়ন

লাক াদ জা~আকুম রাছূলুম মিন আংফুছিকুম 'আঝীঝুন 'আলাইহি মা-'আনিত্তুম হারীসুন 'আলাইকুম বিল মু'মিনীন রাঊফুর রাহ ীম।

তরজমা

অবশ্যই তোমাদের মধ্য হইতেই তোমাদের নিকট এক রাসূল আসিয়াছে। তোমাদেরকে যাহা বিপন্ন করে উহা তাহার জন্য কষ্টদায়ক। সে তোমাদের মঙ্গলকামী, মু'মিনদের প্রতি সে দয়ার্দ্র ও পরম দয়ালু।

129

فَاِنْ تَوَلَّوْا فَقُلْ حَسْبِىَ اللّٰهُ ۖ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ وَهُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿۱۲۹﴾

প্রতিবর্ণায়ন

ফাইং তাওয়াল্লাও ফাকু ল হ াছবিয়াল্লা-হু (ق) লা~ইলা-হুওয়া (ط) 'আলাইহি তাওয়াক্কালতু ওয়া হুওয়া রাব্বুল 'আরশিল 'আজ ীম।

তরজমা

অতঃপর উহারা যদি মুখ ফিরাইয়া নেয় তবে তুমি বলিও, 'আমার জন্য আল্লাহই যথেষ্ট, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। আমি তাহারই উপর নির্ভর করি এবং তিনি মহাআর্‌শের অধিপতি।'

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	الٓرٰ ۚ تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْحَكِيْمِ ۝١	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম রা- (قف) তিলকা আ-য়া-তুল কিতা-বিল হ'াকীম।	
তরজমা	আলিফ-লাম-রা। এইগুলি জ্ঞানগর্ভ কিতাবের আয়াত।	
	اَكَانَ لِلنَّاسِ عَجَبًا اَنْ اَوْحَيْنَآ اِلٰى رَجُلٍ مِّنْهُمْ اَنْ اَنْذِرِ النَّاسَ وَبَشِّرِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنَّ لَهُمْ قَدَمَ صِدْقٍ عِنْدَ رَبِّهِمْ ۭ قَالَ الْكٰفِرُوْنَ اِنَّ هٰذَا لَسٰحِرٌ مُّبِيْنٌ ۝٢	2
প্রতিবর্ণায়ন	আকা-না লিন্না-ছি 'আজাবান আন আওহ'াইনা~ইলা-রাজুলিম মিনহুম আন আংযি'রিন্না-ছা ওয়া বাশশিরিল্লায'ীনা আ-মানূ আন্না লাহুম্ ক'াদামা সিদ্‌কি'ন 'ইংদা রাব্বিহিম্ (ط) ক'া-লাল কা-ফিরূনা ইন্না হা-য'া-লাছা-হি'রুম মুবীন।	
তরজমা	মানুষের জন্য ইহা কি আশ্চর্যের বিষয় যে, আমি তাহাদেরই একজনের নিকট ওহী প্রেরণ করিয়াছি এই মর্মে যে, তুমি মানুষকে সতর্ক কর এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও, তাহাদের জন্য তাহাদের প্রতিপালকের নিকট আছে উচ্চ মর্যাদা! কাফিররা বলে, 'এ তো এক সুস্পষ্ট জাদুকর!'	
	اِنَّ رَبَّكُمُ اللّٰهُ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ ثُمَّ اسْتَوٰى عَلَى الْعَرْشِ يُدَبِّرُ الْاَمْرَ ۭ مَا مِنْ شَفِيْعٍ اِلَّا مِنْۢ بَعْدِ اِذْنِهٖ ۭ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ فَاعْبُدُوْهُ ۭ اَفَلَا تَذَكَّرُوْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকুমুল্লা-হুল্লায'ী খালাক'াছ্ ছামা-ওয়া-তি ওয়াল আরদ'া ফী ছিত্তাতি আইয়া-মিং ছু'ম্মাছতাওয়া-'আলাল 'আরশি ইউদাব্বিরুল আমরা (ط) মা-মিং শাফী'ইন ইল্লা-মিম বা'দি' ইয'নিহী (ط) য'া-লিকুমুল্লা-হু রাব্বুকুম ফা'বুদূহু (ط) আফালা-তায'াক্কারূন।	
তরজমা	তোমাদের প্রতিপালক আল্লাহ্, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, অতঃপর তিনি আর্‌শে সমাসীন হন। তিনি সকল বিষয় পরিচালনা করেন। তাহার অনুমতি লাভ না করিয়া সুপারিশ করিবার কেহ নাই। ইনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক, সুতরাং তাহার 'ইবাদত কর। তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	

	إِلَيْهِ مَرْجِعُكُمْ جَمِيعًا ۖ وَعْدَ اللَّهِ حَقًّا ۚ إِنَّهُ يَبْدَأُ الْخَلْقَ ثُمَّ يُعِيدُهُ لِيَجْزِيَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ بِالْقِسْطِ ۚ وَالَّذِينَ كَفَرُوا لَهُمْ شَرَابٌ مِنْ حَمِيمٍ وَعَذَابٌ أَلِيمٌ بِمَا كَانُوا يَكْفُرُونَ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ইলাইহি মারজি'উকুম জামী'আওঁ ওয়া'দাল্লা-হি হ'াক্ক'ান (ط) ইন্নাহূ ইয়াবদাউল খালক'া ছু'ম্মা ইউ'ঈদুহূ লিইয়াজঝিয়াল্লায'ীনা আ-মানূ ওয়া আ'মিলুসসা-লিহ'া-তি বিলকি'ছতি' (ط) ওয়াল্লায'ীনা কাফারূ লাহুম শারা-বুম্ মিন্ হ'ামীমিওঁ ওয়া 'আয'া-বুন আলীমুম বিমা-কা-নূ ইয়াকফুরূন।	
তরজমা	তাঁহারই নিকট তোমাদের সকলের প্রত্যাবর্তন; আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য। সৃষ্টিকে তিনিই প্রথম অস্তিত্বে আনেন, অতঃপর উহার পুনরাবর্তন ঘটান, যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তাহাদেরকে ন্যায়বিচারের সঙ্গে কর্মফল প্রদানের জন্য। এবং যাহারা কাফির তাহারা কুফরী করিত বলিয়া তাহাদের জন্য রহিয়াছে অত্যুষ্ণ পানীয় ও মর্মন্তুদ শাস্তি।	
	هُوَ الَّذِي جَعَلَ الشَّمْسَ ضِيَاءً وَالْقَمَرَ نُورًا وَقَدَّرَهُ مَنَازِلَ لِتَعْلَمُوا عَدَدَ السِّنِينَ وَالْحِسَابَ ۚ مَا خَلَقَ اللَّهُ ذَٰلِكَ إِلَّا بِالْحَقِّ ۚ يُفَصِّلُ الْآيَاتِ لِقَوْمٍ يَعْلَمُونَ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায'ী জা'আলাশ্‌শামছা দি'য়া~আওঁ ওয়ালক'ামারা নূরাওঁ ওয়াক'াদ্দারাহূ মানা-যিলা লিতা'লামূ 'আদাদাছ ছিনীনা ওয়ালহি'ছা-বা (ط) মা-খালাক'াল্লা-হু য'া-লিকা ইল্লা-বিলহ'াক্কি' (ج) ইউফাসসিলুল আ-য়া-তি লিক'াওমিই' ইয়া'লামূন।	
তরজমা	তিনিই সূর্যকে তেজস্কর ও চন্দ্রকে জ্যোতির্ময় করিয়াছেন এবং উহার মন্‌যিল নির্দিষ্ট করিয়াছেন যাহাতে তোমরা বৎসর গণনা ও সময়ের হিসাব জানিতে পার। আল্লাহ্ ইহা নিরর্থক সৃষ্টি করেন নাই। জ্ঞানী সম্প্রদায়ের জন্য তিনি এই সমস্ত নিদর্শন বিশদভাবে বিবৃত করেন।	
	إِنَّ فِي اخْتِلَافِ اللَّيْلِ وَالنَّهَارِ وَمَا خَلَقَ اللَّهُ فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ لَآيَاتٍ لِقَوْمٍ يَتَّقُونَ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ইন্না ফিখতিলা-ফিল্লাইলি ওয়ান্নাহা-রি ওয়ামা-খালাক'াল্লা-হু ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি' লাআ-য়া-তিল লিক'াওমিই' ইয়াত্তাকূ'ন।	
তরজমা	নিশ্চয়ই দিবস ও রাত্রির পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা সৃষ্টি করিয়াছেন তাহাতে নিদর্শন রহিয়াছে মুত্তাকী সম্প্রদায়ের জন্য।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
		7
	اِنَّ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا وَرَضُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا وَاطْمَاَنُّوْا بِهَا وَالَّذِيْنَ هُمْ عَنْ اٰيٰتِنَا غٰفِلُوْنَ ۙ﴿۷﴾	
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা লা–ইয়ারজূনা লিক াআনা–ওয়া রাদূ বিলহ য়া–তিদ দুনইয়া–ওয়াত মাআন্নূ বিহা–ওয়াল্লায ীনা হুম ‘আন আ–য়া–তিনা– গা–ফিলূন।	
তরজমা	নিশ্চয়ই যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না এবং পার্থিব জীবনেই সন্তুষ্ট এবং ইহাতেই পরিতৃপ্ত থাকে এবং যাহারা আমার নিদর্শনাবলী সম্বন্ধে গাফিল।	
		8
	اُولٰٓئِكَ مَاْوٰىهُمُ النَّارُ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿۸﴾	
প্রতিবর্ণায়ন	উলা~ইকা মা‘ওয়া–হুমুন্না–রু বিমা–কা–নূ ইয়াকছিবূন।	
তরজমা	উহাদেরই আবাস দোজখ, উহাদের কৃতকর্মের জন্য।	
		9
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ يَهْدِيْهِمْ رَبُّهُمْ بِاِيْمَانِهِمْ ۚ تَجْرِيْ مِنْ تَحْتِهِمُ الْاَنْهٰرُ فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿۹﴾	
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহ াতি ইয়াহদীহিম রাব্বুহুম বিঈমা–নিহিম (ج) তাজরী মিং তাহ তিহিমুল আনহা–রু ফী জান্না–তিং না‘ঈম।	
তরজমা	যাহারা মু’মিন ও সৎকর্মপরায়ণ তাহাদের প্রতিপালক তাহাদের ঈমান হেতু তাহাদেরকে পথনির্দেশ করিবেন; সুখদ কাননে তাহাদের পাদদেশে নহরসমূহ প্রবাহিত হইবে।	
		10
	دَعْوٰىهُمْ فِيْهَا سُبْحٰنَكَ اللّٰهُمَّ وَتَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ۚ وَاٰخِرُ دَعْوٰىهُمْ اَنِ الْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿۱۰﴾	
প্রতিবর্ণায়ন	দা‘ওয়া–হুম ফীহা–ছুবহ াকাল্লা–হুম্মা ওয়া তাহি ইয়াতুহুম ফীহা–ছালা–মুওঁ (ج) ওয়া আ–খিরু দা‘ওয়া–হুম ‘আনিল হ ামদুলিল্লা–হি রাব্বিল ‘আ–লামীন।	
তরজমা	সেখানে তাহাদের ধ্বনি হইবে : ‘হে আল্লাহ্! তুমি মহান, পবিত্র !’ এবং সেখানে তাহাদের অভিবাদন হইবে ‘সালাম’ এবং তাহাদের শেষ ধ্বনি হইবে এই : ‘সকল প্রশংসা জগতসমূহের প্রতিপালক আল্লাহ্র প্রাপ্য!’	
		11
	وَلَوْ يُعَجِّلُ اللّٰهُ لِلنَّاسِ الشَّرَّ اسْتِعْجَالَهُمْ بِالْخَيْرِ لَقُضِيَ اِلَيْهِمْ اَجَلُهُمْ ؕ فَنَذَرُ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا فِيْ طُغْيَانِهِمْ يَعْمَهُوْنَ ﴿۱۱﴾	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লাও ইউআজ্‌জিলুল্লা–হু লিন্না–ছিশশার্‌রাছতি'জা–লাহুম বিলখাইরি লাকুদি'য়া ইলাইহিম আজালুহুম (ط) ফানায'ারুল্লায'ীনা লা–ইয়ারজুনা লিক'া~আনা–ফী তুগইয়া–নিহিম ইয়া'মাহূন।	
তরজমা	আল্লাহ্‌ যদি মানুষের অকল্যাণ ত্বরান্বিত করিতেন, যেভাবে তাহারা তাহাদের কল্যাণ ত্বরান্বিত করিতে চায়, তবে অবশ্যই তাহাদের মৃত্যু ঘটিত। সুতরাং যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহাদেরকে আমি তাহাদের অবাধ্যতায় উদ্‌ভ্রান্তের ন্যায় ঘুরিয়া বেড়াইতে দেই।	
	وَإِذَا مَسَّ الْإِنسَانَ الضُّرُّ دَعَانَا لِجَنبِهِ أَوْ قَاعِدًا أَوْ قَائِمًا فَلَمَّا كَشَفْنَا عَنْهُ ضُرَّهُ مَرَّ كَأَن لَّمْ يَدْعُنَا إِلَىٰ ضُرٍّ مَّسَّهُ كَذَٰلِكَ زُيِّنَ لِلْمُسْرِفِينَ مَا كَانُوا يَعْمَلُونَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া–মাছ্‌ছাল ইংছা–নাদ্‌'দু'র্‌রু দা'আ–না–লিজামবিহী আও ক'া–'ইদান আও ক'া~ইমাং (ج) ফালাম্মা–কাশাফনা–'আনহু দু'ররাহূ মার্‌রা কাআল্লামা ইয়াদ'ঊনা~ ইলা–দু'ররিম্‌ মাছছাহূ (ط) কায'া–লিকা ঝুইয়িনা লিলমুছরিফীনা মা–কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	আর মানুষকে যখন দুঃখ-দৈন্য স্পর্শ করে তখন সে শুইয়া, বসিয়া অথবা দাঁড়াইয়া আমাকে ডাকিয়া থাকে। অতঃপর আমি যখন তাহার দুঃখ-দৈন্য দূরীভূত করি, সে এমন পথ অবলম্বন করে, যেন তাহাকে যে দুঃখ-দৈন্য স্পর্শ করিয়াছিল তাহার জন্য সে আমাকে ডাকেই নাই। যাহারা সীমালংঘন করে তাহাদের কর্ম তাহাদের নিকট এইভাবে শোভনীয় করিয়া দেওয়া হইয়াছে।	
	وَلَقَدْ أَهْلَكْنَا الْقُرُونَ مِن قَبْلِكُمْ لَمَّا ظَلَمُوا وَجَاءَتْهُمْ رُسُلُهُم بِالْبَيِّنَاتِ وَمَا كَانُوا لِيُؤْمِنُوا كَذَٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِينَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আহলাকনাল কু'রূনা মিং ক'াবলিকুম লাম্মা–জ'ালামূ (لا) ওয়া জা~আতহুম রুছুলুহুম বিলবাইয়িনা–তি ওয়ামা–কা–নূ লিইউ'মিনূ (ط) কায'া–লিকা নাজঝিল ক'াওমাল মুজরিমীন।	
তরজমা	তোমাদের পূর্বে বহু মানবগোষ্ঠীকে আমি তো ধ্বংস করিয়াছি যখন তাহারা সীমা অতিক্রম করিয়াছিল। স্পষ্ট নিদর্শনসহ তাহাদের নিকট তাহাদের রাসূলগণ আসিয়াছিল, কিন্তু তাহারা ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়া থাকি।	
	ثُمَّ جَعَلْنَاكُمْ خَلَائِفَ فِي الْأَرْضِ مِن بَعْدِهِمْ لِنَنظُرَ كَيْفَ تَعْمَلُونَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা জা'আলনা–কুম খালা~ইফা ফিল আরদি' মিম বা'দিহিম লিনাংজু'রা কাইফা তা'মালূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর আমি উহাদের পর পৃথিবীতে তোমাদেরকে স্থলাভিষিক্ত করিয়াছি, তোমরা কিরূপ কর্ম কর তাহা দেখিবার জন্য।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيَاتُنَا بَيِّنٰتٍ ۙ قَالَ الَّذِيْنَ لَا يَرْجُوْنَ لِقَآءَنَا ائْتِ بِقُرْاٰنٍ غَيْرِ هٰذَآ اَوْ بَدِّلْهُ ؕ قُلْ مَا يَكُوْنُ لِيْٓ اَنْ اُبَدِّلَهٗ مِنْ تِلْقَآئِ نَفْسِيْ ۚ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَيَّ ۚ اِنِّيْٓ اَخَافُ اِنْ عَصَيْتُ رَبِّيْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٥﴾	**15**
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা॑- তুত্‌লা-‘আলাইহিম আ-য়া-তুনা- বাইয়িনা-তিং (ﻻ) ক॑া-লাল্লাযী॑না লা-ইয়ারজূনা লিক॑া॑~আনা’তি বিকু॑রআ-নিন গাইরি হা-য॑া-আও বাদ্দিলহু (ط) কু॑ল মা-ইয়াকূনু লী~ আন উবাদ্দিলাহূ মিন তিলক॑া॑~ই নাফছী (ج) ইন্ আত্তাবি‘উ ইল্লা-মা-ইউহ॑া~ইলাইইয়া (ج) ইন্নী~ আখা-ফু ইন ‘আসাইতু রাব্বী ‘আয॑া-বা ইয়াওমিন ‘আজী॑ম।	
তরজমা	যখন আমার আয়াত, যাহা সুস্পষ্ট, তাহাদের নিকট পাঠ করা হয় তখন যাহারা আমার সাক্ষাতের আশা পোষণ করে না তাহারা বলে, ‘অন্য এক কুরআন আন ইহা ছাড়া, অথবা ইহাকে বদলাও।’ বল, ‘নিজ হইতে ইহা বদলান আমার কাজ নয়। আমার প্রতি যাহা ওহী হয়, আমি কেবল তাহারই অনুসরণ করি। আমি আমার প্রতিপালকের অবাধ্যতা করিলে অবশ্যই আমি মহাদিবসের শাস্তির আশংকা করি।	
	قُلْ لَّوْ شَآءَ اللّٰهُ مَا تَلَوْتُهٗ عَلَيْكُمْ وَلَآ اَدْرٰىكُمْ بِهٖ ۖ فَقَدْ لَبِثْتُ فِيْكُمْ عُمُرًا مِّنْ قَبْلِهٖ ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿١٦﴾	**16**
প্রতিবর্ণায়ন	কু॑ল লাও শা~আল্লা-হু মা-তালাওতুহূ ‘আলাইকুম ওয়ালা~আদরা-কুম বিহী (ز) ফাক॑া॑দ লাবিছ॑তু ফীকুম ‘উমুরাম মিং ক॑াবলিহী (ط) আফালা- তা‘কি॑লূন।	
তরজমা	বল, ‘আল্লাহ্ যদি চাহিতেন আমিও তোমাদের নিকট ইহা তিলাওয়াত করিতাম না এবং তিনিও তোমাদেরকে এ বিষয়ে অবহিত করিতেন না। আমি তো ইহার পূর্বে তোমাদের মধ্যে জীবনের দীর্ঘকাল অবস্থান করিয়াছি; তবুও কি তোমরা বুঝিতে পার না ?’	
	فَمَنْ اَظْلَمُ مِمَّنِ افْتَرٰى عَلَى اللّٰهِ كَذِبًا اَوْ كَذَّبَ بِاٰيٰتِهٖ ؕ اِنَّهٗ لَا يُفْلِحُ الْمُجْرِمُوْنَ ﴿١٧﴾	**17**
প্রতিবর্ণায়ন	ফামান আজ॑লামু মিম্মানিফ্‌তারা-‘আলাল্লা-হি কাযি॑বান আও কায॑যা॑বা বিআ-য়া-তিহী (ط) ইন্নাহূ লা-ইউফলিহু॑ল মুজরিমূন।	
তরজমা	যে ব্যক্তি আল্লাহ্ সম্পর্কে মিথ্যা রচনা করে অথবা আল্লাহ্‌র নিদর্শনকে অস্বীকার করে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? নিশ্চয়ই অপরাধিগণ সফলকাম হয় না।	

	وَيَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَضُرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَقُوْلُوْنَ هٰٓؤُلَآءِ شُفَعَآؤُنَا عِنْدَ اللّٰهِ ۭ قُلْ اَتُنَبِّئُوْنَ اللّٰهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ ۭ سُبْحٰنَهٗ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া'বুদূনা মিং দূনিল্লা-হি মা-লা-ইয়াদু'রুহুম ওয়ালা-ইয়াংফা'উহুম ওয়াইয়াকূ'লূনা হা~উলা~ই শুফা'আ~উনা-'ইংদাল্লা-হি (ط) কু'ল আতুনাব্বিঊনাল্লা-হা বিমা- লা-ইয়া'লামু ফিছ্ছামা-ওয়া-তি ওয়ালা-ফিলআরদি' ছুবহা'-নাহূ ওয়া তা'আ-লা-'আম্মা-ইউশরিকূন।	
তরজমা	উহারা আল্লাহ্ ব্যতীত যাহার 'ইবাদত করে তাহা উহাদের ক্ষতিও করিতে পারে না, উপকারও করিতে পারে না। উহারা বলে, 'এইগুলি আল্লাহ্র নিকট আমাদের সুপারিশকারী।' বল, 'তোমরা কি আল্লাহ্কে আকাশমণ্ডলী ও পৃথিবীর এমন কিছুর সংবাদ দিবে যাহা তিনি জানেন না ? তিনি মহান, পবিত্র' এবং তাহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি উর্ধ্বে।	
	وَمَا كَانَ النَّاسُ اِلَّآ اُمَّةً وَّاحِدَةً فَاخْتَلَفُوْا ۭ وَلَوْلَا كَلِمَةٌ سَبَقَتْ مِنْ رَّبِّكَ لَقُضِيَ بَيْنَهُمْ فِيْمَا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কা-নান্না-ছু ইল্লা~উম্মাতাওঁ ওয়া হি'দাতাং ফাখতালাফূ (ط) ওয়া লাওলা-কালিমাতুং ছাবাক'াত মির রাব্বিকা লাকুদি'য়া বাইনাহুম ফীমা-ফীহি ইয়াখতালিফূন।	
ZiRgv	মানুষ ছিল একই উম্মত, পরে উহারা মতভেদ সৃষ্টি করে। তোমার প্রতিপালকের পূর্ব-ঘোষণা না থাকিলে তাহারা যে বিষয়ে মতভেদ ঘটায় তাহার মীমাংসা তো হইয়াই যাইত।	
	وَيَقُوْلُوْنَ لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۚ فَقُلْ اِنَّمَا الْغَيْبُ لِلّٰهِ فَانْتَظِرُوْا ۚ اِنِّىْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা লাওলা~উংঝিলা 'আলাইহি আ-য়াতুম্ মির রাব্বিহী (ج) ফাকু'ল ইন্নামাল গাইবু লিল্লা-হি ফাংতাজি'রু (ج) ইন্নী মা'আকুম মিনাল মুংতাজি'রীন।	
তরজমা	উহারা বলে, 'তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?' বল, 'অদৃশ্যের জ্ঞান তো কেবল আল্লাহরই আছে। সুতরাং তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।'	
	وَاِذَآ اَذَقْنَا النَّاسَ رَحْمَةً مِّنْۢ بَعْدِ ضَرَّاۗءَ مَسَّتْهُمْ اِذَا لَهُمْ مَّكْرٌ فِيْٓ اٰيَاتِنَا ۭ قُلِ اللّٰهُ اَسْرَعُ مَكْرًا ۭ اِنَّ رُسُلَنَا يَكْتُبُوْنَ مَا تَمْكُرُوْنَ ﴿٢١﴾	21

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া~আয'াক'নান্না–ছা রাহ'মাতাম মিম বা'দি দ'াররা~আ মাছ্ছাতহুম ইয'া–লাহুম মাকরুং ফী–আ–য়া–তিনা– (ط) কু'লিল্লা–হু আছরা'উ মাকরা– (ط) ইন্না রুছুলানা–ইয়াকতুবূনা মা–তামকুরূন।	
তরজমা	আর দুঃখ-দৈন্য তাহাদেরকে স্পর্শ করিবার পর, যখন আমি মানুষকে অনুগ্রহের আস্বাদন করাই তাহারা তখনই আমার নিদর্শনের বিরুদ্ধে অপকৌশল করে। বল, 'আল্লাহ্ অপকৌশলের শাস্তিদানে দ্রুততর।' তোমরা যে অপকৌশল কর তাহা অবশ্যই আমার ফিরিশ্তাগণ লিখিয়া রাখে।	
	هُوَ الَّذِیْ یُسَیِّرُكُمْ فِی الْبَرِّ وَالْبَحْرِ ؕ حَتّٰۤی اِذَا كُنْتُمْ فِی الْفُلْكِ ۚ وَ جَرَیْنَ بِهِمْ بِرِیْحٍ طَیِّبَةٍ وَّ فَرِحُوْا بِهَا جَآءَتْهَا رِیْحٌ عَاصِفٌ وَّ جَآءَهُمُ الْمَوْجُ مِنْ كُلِّ مَكَانٍ وَّ ظَنُّوْۤا اَنَّهُمْ اُحِیْطَ بِهِمْ ۙ دَعَوُا اللّٰهَ مُخْلِصِیْنَ لَهُ الدِّیْنَ ۚ لَىِٕنْ اَنْجَیْتَنَا مِنْ هٰذِهٖ لَنَكُوْنَنَّ مِنَ الشّٰكِرِیْنَ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায'ী ইউছাইয়িরুকুম ফিল বাররি ওয়াল বাহ'রি (ط) হ'াত্তা~ ইয'া– কুংতুম ফিল ফুলকি (ج) ওয়া জারাইনা বিহিম বিরীহি'ং ত'াইয়িবাতিওঁ ওয়াফারিহূ' বিহা–জা~আতহা–রীহু'ন 'আ–সিফুওঁ ওয়া জা~আহুমুল মাওজু মিং কুল্লি মাকা–নিও ওয়াজ'ান্নু~ আন্নাহুম উহ'ীত'াবিহিম (لا) দা'আউল্লা–হা মুখলিসীনা লাহুদ্দীনা (ج) লাইন আংজাইতানা–মিন হা–যি'হী লানাকূনান্না মিনাশ্শা–কিরীন।	
তরজমা	তিনিই তোমাদেরকে জলেস্থলে ভ্রমণ করান এবং তোমরা যখন নৌকারোহী হও এবং এইগুলি আরোহী লইয়া অনুকূল বাতাসে বহিয়া যায় এবং তাহারা উহাতে আনন্দিত হয়; অতঃপর এইগুলি বাত্যাহত এবং সর্বদিক হইতে তরঙ্গাহত হয় এবং তাহারা উহা দ্বারা পরিবেষ্টিত হইয়া পড়িয়াছে মনে করে, তখন তাহারা আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া আল্লাহ্কে ডাকিয়া বলে : 'তুমি আমাদেরকে ইহা হইতে ত্রাণ করিলে আমরা অবশ্যই কৃতজ্ঞদের অন্তর্ভুক্ত হইব।'	
	فَلَمَّاۤ اَنْجٰىهُمْ اِذَا هُمْ یَبْغُوْنَ فِی الْاَرْضِ بِغَیْرِ الْحَقِّ ؕ یٰۤاَیُّهَا النَّاسُ اِنَّمَا بَغْیُكُمْ عَلٰۤی اَنْفُسِكُمْ ۙ مَّتَاعَ الْحَیٰوةِ الدُّنْیَا ۫ ثُمَّ اِلَیْنَا مَرْجِعُكُمْ فَنُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~আংজা–হুম ইয'া–হুম ইয়াবগুনা ফিল আরদি' বিগাইরিল হ'াক্কি' (ط) ইয়া~আইয়ুহান্না–ছু ইন্নামা–বাগইউকুম 'আলা~আংফুছিকুম মাতা–'আল হ'ায়া–তিদ্দুনইয়া– (ز) ছু'ম্মা ইলাইনা–মারজি'উকুম ফানুনাব্বিউকুম বিমা– কুংতুম তা'মালূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর তিনি যখনই উহাদেরকে বিপদমুক্ত করেন তখনই উহারা পৃথিবীতে অন্যায়ভাবে জুলুম করিতে থাকে। হে মানুষ! তোমাদের জুলুম বস্তুত তোমাদের নিজেদের প্রতিই হইয়া থাকে; পার্থিব জীবনের সুখ ভোগ করিয়া নাও, পরে আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। তখন আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা যাহা করিতে।	
		24
	إِنَّمَا مَثَلُ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ مِمَّا يَاْكُلُ النَّاسُ وَ الْاَنْعَامُ ؕ حَتّٰٓى اِذَآ اَخَذَتِ الْاَرْضُ زُخْرُفَهَا وَازَّيَّنَتْ وَظَنَّ اَهْلُهَآ اَنَّهُمْ قٰدِرُوْنَ عَلَيْهَآ ۙ اَتٰىهَآ اَمْرُنَا لَيْلًا اَوْ نَهَارًا فَجَعَلْنٰهَا حَصِيْدًا كَاَنْ لَّمْ تَغْنَ بِالْاَمْسِ ؕ كَذٰلِكَ نُفَصِّلُ الْاٰيٰتِ لِقَوْمٍ يَّتَفَكَّرُوْنَ ﴿۲۴﴾	
প্রতিবর্ণায়ন	ইন্নামা-মাছ`ালুল হ`য়া-তিদ্দুনইয়া-কামা~ইন আংঝালনা-হু মিনাছছামা~ই ফাখতালাত`া বিহী নাবা-তুল আরদি` মিম্মা-ইয়া'কুলুন্না-ছু ওয়াল আন'আ-মু (ط) হ`াত্তা-ইয`া~আখায`াতিল আরদু ঝুখরুফাহা- ওয়াঝ্ঝাইয়ানাত ওয়াজ`ান্না আহলুহা- আন্নাহুম ক`া-দিরূনা 'আলাইহা~ (لا) আতা-হা~আমরুনা-লাইলান আও নাহা-রাং ফাজা'আলনা-হা-হ`াসীদাং কাআল্লাম তাগনা বিলআমছি (ط) কায`া-লিকা নুফাসসিলুল আ-য়া-তি লিক`াওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	বস্তুত পার্থিব জীবনের দৃষ্টান্ত এইরূপ : যেমন আমি আকাশ হইতে বারি বর্ষণ করি যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্গত হয়, যাহা হইতে মানুষ ও জীবজন্তু আহার করিয়া থাকে। অতঃপর যখন ভূমি তাহার শোভা ধারণ করে ও নয়নাভিরাম হয় এবং উহার অধিকারিগণ মনে করে উহা তাহাদের আয়ত্তাধীন, তখন দিবসে অথবা রজনীতে আমার নির্দেশ আসিয়া পড়ে ও আমি উহা এমনভাবে নির্মূল করিয়া দেই, যেন গতকালও উহার অস্তিত্ব ছিল না। এইভাবে আমি নিদর্শনাবলী বিশদভাবে বিবৃত করি চিন্তাশীল সম্প্রদায়ের জন্য।	
	وَاللّٰهُ يَدْعُوْٓا اِلٰى دَارِ السَّلٰمِ ؕ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ اِلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿۲۵﴾	**25**
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু ইয়াদ'উ~ইলা-দা-রিছ্ ছালা-মি (ط) ওয়া ইয়াহদী মাইঁ ইয়াশা~উ ইলা-সিরা-তি`ম মুছতাক`ীম।	
তরজমা	আল্লাহ্ শান্তির আবাসের দিকে আহ্বান করেন এবং যাহাকে ইচ্ছা সরল পথে পরিচালিত করেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	لِلَّذِيْنَ اَحْسَنُوا الْحُسْنٰى وَزِيَادَةٌ ؕ وَلَا يَرْهَقُ وُجُوْهَهُمْ قَتَرٌ وَّلَا ذِلَّةٌ ؕ اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	লিল্লাযীনা আহ্ছানুল হুছনা-ওয়া যিয়াদাতুওঁ (ط) ওয়ালা ইয়ারহাকু উজূহাহুম ক্বাতারুওঁ ওয়ালা- যিল্লাতুন (ط) উলা~ইকা আসহাবুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা কল্যাণকর কাজ করে তাহাদের জন্য আছে কল্যাণ এবং আরও অধিক। কালিমা ও হীনতা উহাদের মুখমণ্ডলকে আচ্ছন্ন করিবে না। উহারাই জান্নাতের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَالَّذِيْنَ كَسَبُوا السَّيِّاٰتِ جَزَآءُ سَيِّئَةٍ بِمِثْلِهَا ۙ وَتَرْهَقُهُمْ ذِلَّةٌ ؕ مَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ عَاصِمٍ ۚ كَاَنَّمَآ اُغْشِيَتْ وُجُوْهُهُمْ قِطَعًا مِّنَ الَّيْلِ مُظْلِمًا ؕ اُولٰٓئِكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযীনা কাছাবুছ্ছাইয়িআ-তি জাঝা~উ ছাইয়িআতিম বিমিছ্লিহা- (لا) ওয়া তারহাকুহুম যিল্লাতুন (ط) মা-লাহুম মিনাল্লা-হি মিন 'আ-সিমিং (ج) কাআন্নামা-উগশিয়াত উজুহুম কিত্বা'আম মিনাল্লাইলি মুজলিমান (ط) উলা~ইকা আসহাবুন্না-রি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা মন্দ কাজ করে তাহাদের প্রতিফল অনুরূপ মন্দ এবং তাহাদেরকে হীনতা আচ্ছন্ন করিবে; আল্লাহ্ হইতে উহাদেরকে রক্ষা করিবার কেহ নাই; উহাদের মুখমণ্ডল যেন রাত্রির অন্ধকার আস্তরণে আচ্ছাদিত। উহারা দোজখের অধিবাসী, সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَيَوْمَ نَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ نَقُوْلُ لِلَّذِيْنَ اَشْرَكُوْا مَكَانَكُمْ اَنْتُمْ وَشُرَكَآؤُكُمْ ۚ فَزَيَّلْنَا بَيْنَهُمْ وَقَالَ شُرَكَآؤُهُمْ مَّا كُنْتُمْ اِيَّانَا تَعْبُدُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নাহ্শুরুহুম জামী'আং ছুম্মা নাক্বূলু লিল্লাযীনা আশরাকূ মাকা-নাকুম আংতুম ওয়া শুরাকা~উকুম (ج) ফাঝাইইয়ালনা- বাইনাহুম ওয়া ক্বা-লা শুরাকা~উহুম মা-কুংতুম ইয়্যা-না- তা'বুদূন।	
তরজমা	এবং যেদিন আমি উহাদের সকলকে একত্র করিয়া, যাহারা মুশরিক তাহাদেরকে বলিব, 'তোমরা এবং তোমরা যাহাদেরকে শরীক করিয়াছিলে তাহারা স্ব স্ব স্থানে অবস্থান কর;' আমি উহাদেরকে পরস্পর হইতে পৃথক করিয়া দিব এবং উহারা যাহাদেরকে শরীক করিয়াছিল তাহারা বলিবে, 'তোমরা তো আমাদের 'ইবাদত করিতে না।'	

	فَكَفٰى بِاللّٰهِ شَهِيْدًا بَيْنَنَا وَبَيْنَكُمْ اِنْ كُنَّا عَنْ عِبَادَتِكُمْ لَغٰفِلِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাকাফা-বিল্লা-হি শাহীদাম বাইনানা-ওয়া বাইনাকুম ইং কুন্না-'আন 'ইবা-দাতিকুম লাগা-ফিলীন।	
তরজমা	'আল্লাহই আমাদের ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট যে, তোমরা আমাদের 'ইবাদত করিতে এ বিষয়ে আমরা তো গাফিল ছিলাম।'	
	هُنَالِكَ تَبْلُوْا كُلُّ نَفْسٍ مَّآ اَسْلَفَتْ وَرُدُّوْٓا اِلَى اللّٰهِ مَوْلٰىهُمُ الْحَقِّ وَضَلَّ عَنْهُمْ مَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	হুনা-লিকা তাবলূ কুল্লু নাফ্ছিম্ মা-আছলাফাত ওয়া রুদ্দূ~ ইলাল্লা-হি মাওলা-হুমুল হাক্কি ওয়া দ'াল্লা 'আনহুম মা-কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	সেখানে তাহাদের প্রত্যেকে তাহার পূর্বকৃত কর্ম পরীক্ষা করিয়া লইবে এবং উহাদেরকে উহাদের প্রকৃত অভিভাবক আল্লাহ্র নিকট ফিরাইয়া আনা হইবে এবং উহাদের উদ্ভাবিত মিথ্যা উহাদের নিকট হইতে অন্তর্হিত হইবে।	
	قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ اَمَّنْ يَّمْلِكُ السَّمْعَ وَالْاَبْصَارَ وَمَنْ يُّخْرِجُ الْحَيَّ مِنَ الْمَيِّتِ وَيُخْرِجُ الْمَيِّتَ مِنَ الْحَيِّ وَمَنْ يُّدَبِّرُ الْاَمْرَ ؕ فَسَيَقُوْلُوْنَ اللّٰهُ ۚ فَقُلْ اَفَلَا تَتَّقُوْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	কু'ল মাইঁ ইয়ারঝুকু'কুম মিনাছছামা~ই ওয়াল আরদি্ আম্মাইঁ ইয়ামলিকুছছাম'আ ওয়াল আবসা-রা ওয়া মাইঁ ইউখরিজুল হ'াইইয়া মিনাল মাইয়িতি ওয়া ইউখরিজুল মাইয়িতা মিনাল হ'াইয়ি ওয়ামাইঁ ইউদাব্বিরুল আমরা (ত) ফাছাইয়াকূ'লূনাল্লা-হু (জ) ফাকু'ল আফালা-তাত্তাকূ'ন।	
তরজমা	বল, 'কে তোমাদেরকে আকাশ ও পৃথিবী হইতে জীবনোপকরণ সরবরাহ করে অথবা শ্রবণ ও দৃষ্টিশক্তি কাহার কর্তৃত্বাধীন, জীবিতকে মৃত হইতে কে বাহির করে এবং মৃতকে জীবিত হইতে কে বাহির করে এবং সকল বিষয় কে নিয়ন্ত্রণ করে ? তখন তাহারা বলিবে, 'আল্লাহ্'। বল, 'তবুও কি তোমরা সাবধান হইবে না ?'	
	فَذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمُ الْحَقُّ ۚ فَمَاذَا بَعْدَ الْحَقِّ اِلَّا الضَّلٰلُ ۚ فَاَنّٰى تُصْرَفُوْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফায'া-লিকুমুল্লা-হু রাব্বুকুমুল হ'াক্কু (জ) ফামা-য'া- বা'দাল হ'াক্কি ইল্লাদ্'দ'ালা-লু (জ) ফাআন্না-তুস্রাফূন।	
তরজমা	তিনিই আল্লাহ্, তোমাদের সত্য প্রতিপালক। সত্য ত্যাগ করিবার পর বিভ্রান্তি ব্যতীত আর কী থাকে ? সুতরাং তোমরা কোথায় চালিত হইতেছ ?	

	كَذٰلِكَ حَقَّتْ كَلِمَتُ رَبِّكَ عَلَى الَّذِيْنَ فَسَقُوْٓا اَنَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কাযা-লিকা হাক্কাত কালিমাতু রাব্বিকা ‘আলাল্লাযীনা ফাছাকূ~ আন্নাহুম লা-ইউ’মিনূন।	
তরজমা	এইভাবে সত্যত্যাগীদের সম্পর্কে তোমার প্রতিপালকের এই বাণী সত্য প্রতিপন্ন হইয়াছে যে, তাহারা তো ঈমান আনিবে না।	
	قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ۭ قُلِ اللّٰهُ يَبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	কু’ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াবদাউল খালকা’ ছু’ম্মা ইউ‘ঈদুহূ (ط) কু’লিল্লা-হু ইয়াবদাউল খালকা’ ছু’ম্মা ইউ‘ঈদুহূ ফাআন্না-তু’ফাকূন।	
তরজমা	বল, ‘তোমরা যাহাদের শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করে ও পরে উহার পুনরাবর্তন ঘটায় ?’ বল, ‘আল্লাহ্ই সৃষ্টিকে অস্তিত্বে আনয়ন করেন ও পরে উহার পুনরাবর্তন ঘটান,’ সুতরাং তোমরা কেমন করিয়া সত্য-বিচ্যুত হইতেছ ?	
	قُلْ هَلْ مِنْ شُرَكَآئِكُمْ مَّنْ يَّهْدِيْٓ اِلَى الْحَقِّ ۭ قُلِ اللّٰهُ يَهْدِيْ لِلْحَقِّ ۭ اَفَمَنْ يَّهْدِيْٓ اِلَى الْحَقِّ اَحَقُّ اَنْ يُّتَّبَعَ اَمَّنْ لَّا يَهِدِّيْٓ اِلَّآ اَنْ يُّهْدٰى ۚ فَمَا لَكُمْ ۡ كَيْفَ تَحْكُمُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	কু’ল হাল মিং শুরাকা~ইকুম মাইঁ ইয়াহদী ইলাল হ’াক্কি’ (ط) কু’লিল্লা-হু ইয়াহদী লিলহ’াক্কি’ (ط) আফামাইঁ ইয়াহদী ইলাল হ’াক্কি’ আহ’াক্কু’ আইঁ ইউত্তাবা‘আ আম্মাল্ লা-ইয়াহিদ্দী~ইল্লা~আইঁ ইউহদা- (ج) ফামা-লাকুম (قف) কাইফা তাহ’কুমূন।	
তরজমা	বল, ‘তোমরা যাহাদেরকে শরীক কর তাহাদের মধ্যে কি এমন কেহ আছে, যে সত্যের পথ নির্দেশ করে ?’ বল, ‘আল্লাহ্ই সত্যের পথ নির্দেশ করেন। যিনি সত্যের পথ নির্দেশ করেন তিনি আনুগত্যের অধিকতর হক্দার, না যাহাকে পথ না দেখাইলে পথ পায় না-সে ? তোমাদের কী হইয়াছে ? তোমরা কীভাবে সিদ্ধান্ত করিয়া থাক ?’	
	وَمَا يَتَّبِعُ اَكْثَرُهُمْ اِلَّا ظَنًّا ۭ اِنَّ الظَّنَّ لَا يُغْنِيْ مِنَ الْحَقِّ شَيْـــًٔا ۭ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَفْعَلُوْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াত্তাবি‘উ আকছ’ারুহুম ইল্লা-জ’ান্নান (ط) ইন্নাজ্ জ’ান্না লা- ইউগনী মিনাল হ’াক্কি’ শাইআন (ط) ইন্নাল্লা-হা ‘আলীমুম বিমা- ইয়াফ‘আলূন।	
তরজমা	উহাদের অধিকাংশ অনুমানেরই অনুসরণ করে, সত্যের পরিবর্তে অনুমান কোন কাজে আসে না, উহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্ সে বিষয়ে সবিশেষ অবহিত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَا كَانَ هٰذَا الْقُرْاٰنُ اَنْ يُّفْتَرٰى مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ تَصْدِيْقَ الَّذِىْ بَيْنَ يَدَيْهِ وَتَفْصِيْلَ الْكِتٰبِ لَا رَيْبَ فِيْهِ مِنْ رَّبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কা-না হা-যাল কু'রআ-নু আইঁ ইউফতারা-মিং দূনিল্লা-হি ওয়ালা-কিং তাসদীক'াল্লায'ী বাইনা ইয়াদাইহি ওয়া তাফসীলাল কিতা-বি লা-রাইবা ফীহি মির্ রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	এই কুরআন আল্লাহ ব্যতীত অপর কাহারও রচনা নয়। পক্ষান্তরে, ইহার পূর্বে যাহা অবতীর্ণ হইয়াছে ইহা তাহার সমর্থন এবং ইহা বিধানসমূহের বিশদ ব্যাখ্যা। ইহাতে কোন সন্দেহ নাই যে, ইহা জগতসমূহের প্রতিপালকের পক্ষ হইতে।	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ۭ قُلْ فَاْتُوْا بِسُوْرَةٍ مِّثْلِهٖ وَادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূ'লূনাফ তারা-হু (ط) কু'ল ফা'তূ বিছূরাতিম্ মিছ'লিহী ওয়াদ'উ মানিছ্তাত'া'আতুম মিং দূনিল্লা-হি ইং কুংতুম সা-দ্বিক'ীন।	
তরজমা	তাহারা কি বলে, 'সে ইহা রচনা করিয়াছে ?' বল, 'তবে তোমরা ইহার অনুরূপ একটি সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার আহ্বান কর, যদি তোমরা সত্যবাদী হও।'	
	بَلْ كَذَّبُوْا بِمَا لَمْ يُحِيْطُوْا بِعِلْمِهٖ وَلَمَّا يَاْتِهِمْ تَاْوِيْلُهٗ ۭ كَذٰلِكَ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	বাল কায'য'াবূ বিমা-লাম ইউহ'ীতু বি'ইলমিহী ওয়ালাম্মা- ইয়া'তিহিম তা'ব'ীলুহূ (ط) কায'া-লিকা কায'য'াবাল্লায'ীনা মিং ক'াবলিহিম ফাংজু'র কাইফা কা-না 'আ-কি'বাতুজ্ জ'া-লিমীন।	
তরজমা	পরন্তু উহারা যে বিষয়ের জ্ঞান আয়ত্ত করে নাই তাহা অস্বীকার করে এবং এখনও ইহার পরিণাম উহাদের নিকট উপস্থিত হয় নাই। এইভাবে উহাদের পূর্ববর্তীগণও মিথ্যা আরোপ করিয়াছিল, সুতরাং দেখ, জালিমদের পরিণাম কী হইয়াছে।	
	وَمِنْهُمْ مَّنْ يُّؤْمِنُ بِهٖ وَمِنْهُمْ مَّنْ لَّا يُؤْمِنُ بِهٖ ۭ وَرَبُّكَ اَعْلَمُ بِالْمُفْسِدِيْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইউ'মিনু বিহী ওয়া মিনহুম মাল্ লা-ইউ'মিনু বিহী (ط) ওয়া রাব্বুকা আ'লামু বিল মুফছিদীন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ ইহাতে বিশ্বাস করে এবং কেহ ইহাতে বিশ্বাস করে না এবং তোমার প্রতিপালক অশান্তি সৃষ্টিকারীদের সম্বন্ধে সম্যক অবহিত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِنْ كَذَّبُوْكَ فَقُلْ لِّيْ عَمَلِيْ وَلَكُمْ عَمَلُكُمْ ۚ اَنْتُمْ بَرِيْٓـُٔوْنَ مِمَّآ اَعْمَلُ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تَعْمَلُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কায'য'াবূকা ফাকু'ল লী আমালী ওয়া লাকুম 'আমালুকুম (ج) আংতুম বারী~উনা মিম্মা~ আ'মালূ ওয়া আনা- বারী~উম মিম্মা- তা'মালূন।	
তরজমা	এবং তাহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে তুমি বলিও, 'আমার কর্মের দায়িত্ব আমার এবং তোমাদের কর্মের দায়িত্ব তোমাদের। আমি যাহা করি সে বিষয়ে তোমরা দায়মুক্ত এবং তোমরা যাহা কর সে বিষয়ে আমিও দায়মুক্ত।'	
	وَمِنْهُمْ مَّنْ يَّسْتَمِعُوْنَ اِلَيْكَ ۗ اَفَاَنْتَ تُسْمِعُ الصُّمَّ وَلَوْ كَانُوْا لَا يَعْقِلُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়াছতামি'উনা ইলাইকা (ط) আফাআংতা তুছমিউস সুম্মা ওয়া লাও কা-নূ লা-ইয়া'কি'লূন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে কান পাতিয়া রাখে। তুমি কি বধিরকে শুনাইবে, তাহারা না বুঝিলেও ?	
	وَمِنْهُمْ مَّنْ يَّنْظُرُ اِلَيْكَ ۗ اَفَاَنْتَ تَهْدِى الْعُمْىَ وَلَوْ كَانُوْا لَا يُبْصِرُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া মিনহুম মাইঁ ইয়াংজু'রু ইলাইকা (ط) আফাআংতা তাহদিল 'উমইয়া ওয়ালাও কা-নূ লা-ইউবসিরূন।	
তরজমা	উহাদের মধ্যে কেহ কেহ তোমার দিকে তাকাইয়া থাকে। তুমি কি অন্ধকে পথ দেখাইবে, তাহারা না দেখিলেও?	
	اِنَّ اللّٰهَ لَا يَظْلِمُ النَّاسَ شَيْـًٔا وَّلٰكِنَّ النَّاسَ اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা লা-ইয়াজ'লিমুন্না-ছা শাইয়াওঁ ওয়ালা-কিন্নান্না-ছা আংফুছাহুম ইয়াজ'লিমূন।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি কোন জুলুম করেন না, বরং মানুষই নিজেদের প্রতি জুলুম করিয়া থাকে।	
	وَيَوْمَ يَحْشُرُهُمْ كَاَنْ لَّمْ يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنَ النَّهَارِ يَتَعَارَفُوْنَ بَيْنَهُمْ ۗ قَدْ خَسِرَ الَّذِيْنَ كَذَّبُوْا بِلِقَآءِ اللّٰهِ وَمَا كَانُوْا مُهْتَدِيْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াহ্'শুরুহুম কাআল্লাম ইয়ালবাছূ~ ইল্লা-ছা-'আতাম মিনান্নাহা-রি ইয়াতা'আ-রাফূনা বাইনাহুম (ط) ক'াদ খাছিরাল লায'ীনা কায'য'াবূ বিলিক'া~ইল্লা-হি ওয়ামা-কা-নূ মুহতাদীন।	

তরজমা	যেদিন তিনি উহাদেরকে একত্র করিবেন সেদিন উহাদের মনে হইবে, উহাদের অবস্থিতি দিবসের মুহূর্তকাল মাত্র ছিল; উহারা পরস্পরকে চিনিবে। আল্লাহ্‌র সাক্ষাৎ যাহারা অস্বীকার করিয়াছে তাহারা ক্ষতিগ্রস্ত হইয়াছে এবং তাহারা সৎপথপ্রাপ্ত ছিল না।	
	وَاِمَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِىْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ اللّٰهُ شَهِيْدٌ عَلٰى مَا يَفْعَلُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা–নুরিইয়ান্নাকা বা'দ'াল্লায'ী না'ইদুহুম আও নাতাওয়াফফাইয়ান্নাকা ফাইলাইনা–মারজি'উহুম ছু'ম্মাল্লা–হু শাহীদুন 'আলা–মা–ইয়াফ'আলূন।	
তরজমা	আমি উহাদেরকে যে ভীতি প্রদর্শন করিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাইয়াই দেই অথবা তোমার কাল পূর্ণ করিয়াই দেই, উহাদের প্রত্যাবর্তন তো আমারই নিকট; এবং উহারা যাহা করে আল্লাহ্‌ তাহার সাক্ষী।	
	وَلِكُلِّ اُمَّةٍ رَّسُوْلٌ ۚ فَاِذَا جَآءَ رَسُوْلُهُمْ قُضِىَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লি উম্মাতির্‌ রাছূলুং (জ) ফাইয'া–জা~আ রাছূলুহুম কু'দি'য়া বাইনাহুম বিলকি'ছতি' ওয়াহুম লা–ইউজ'লামূন।	
তরজমা	প্রত্যেক জাতির জন্য আছে একজন রাসূল এবং যখন উহাদের রাসূল আসিয়াছে তখন ন্যায়বিচারের সঙ্গে উহাদের মীমাংসা হইয়াছে এবং উহাদের প্রতি জুলুম করা হয় নাই।	
	وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা মাতা–হা–য'া'ল ওয়া'দু ইং কুংতুম সা–দিক'ীন।	
তরজমা	উহারা বলে, 'যদি তোমরা সত্যবাদী হও, তবে 'বল এই প্রতিশ্রুতি কবে ফলিবে ?'	
	قُلْ لَّآ اَمْلِكُ لِنَفْسِىْ ضَرًّا وَّلَا نَفْعًا اِلَّا مَا شَآءَ اللّٰهُ ۗ لِكُلِّ اُمَّةٍ اَجَلٌ ۗ اِذَا جَآءَ اَجَلُهُمْ فَلَا يَسْتَاْخِرُوْنَ سَاعَةً وَّلَا يَسْتَقْدِمُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	কু'ল লা~আমলিকু লিনাফছী দ'াররাওঁ ওয়ালা–নাফ'আন ইল্লা–মা~শা–আল্লা–হু (ত) লিকুল্লি উম্মাতিন আজালুন (ত) ইয'া–জা~আ আজালুহুম্‌ ফালা–ইয়াছতা'খিরূনা ছা–'আতাওঁ ওয়ালা–ইয়াছতাক'দিমূন।	
তরজমা	বল, 'আল্লাহ্‌ যাহা ইচ্ছা করেন তাহা ব্যতীত আমার নিজের ভালমন্দের উপর আমার কোন অধিকার নাই।' প্রত্যেক জাতির এক নির্দিষ্ট সময় আছে; যখন তাহাদের সময় আসিবে তখন তাহারা মুহূর্তকালও বিলম্ব বা ত্বরা করিতে পারিবে না।	
	قُلْ اَرَءَيْتُمْ اِنْ اَتٰىكُمْ عَذَابُهٗ بَيَاتًا اَوْ نَهَارًا مَّاذَا يَسْتَعْجِلُ مِنْهُ الْمُجْرِمُوْنَ ﴿٥٠﴾	50

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	কু'ল আরাআইতুম ইন্ আতা-কুম 'আয'া-বুহূ বায়া-তান আও নাহা-রাম্ মা-য'া-ইয়াছতা'জিলু মিনহুল মুজরিমূন।	
তরজমা	বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, যদি তাঁহার শাস্তি তোমাদের উপর রজনীতে অথবা দিবসে আসিয়া পড়ে তবে অপরাধীরা উহার কী ত্বরান্বিত করিতে চায় ?'	
	أَثُمَّ إِذَا مَا وَقَعَ آمَنْتُمْ بِهِ آلْآنَ وَقَدْ كُنْتُمْ بِهِ تَسْتَعْجِلُونَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	আছু'ম্মা ইয'া-মা-ওয়াক'া'আ আ-মাংতুম বিহী (ط) আ~ল্আ-না ওয়া ক'াদ কুংতুম বিহী তাছতা'জিলূন।	
তরজমা	তোমরা কি ইহা ঘটিবার পর ইহা বিশ্বাস করিবে ? এখন ? তোমরা তো ইহাই ত্বরান্বিত করিতে চাহিয়াছিলে!	
	ثُمَّ قِيلَ لِلَّذِينَ ظَلَمُوا ذُوقُوا عَذَابَ الْخُلْدِ هَلْ تُجْزَوْنَ إِلَّا بِمَا كُنْتُمْ تَكْسِبُونَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ক'ীলা লিল্লায'ীনা জ'ালামূ যূ'কূ' 'আয'া-বাল খুলদি (ج) হাল তুজঝাওনা ইল্লা-বিমা-কুংতুম তাকছিবূন।	
তরজমা	পরে জালিমদেরকে বলা হইবে, 'স্থায়ী শাস্তি আস্বাদন কর; তোমরা যাহা করিতে, তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইতেছে।'	
	وَيَسْتَنْبِئُونَكَ أَحَقٌّ هُوَ قُلْ إِي وَرَبِّي إِنَّهُ لَحَقٌّ وَمَا أَنْتُمْ بِمُعْجِزِينَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছতামবিউনাকা আহ'াক্ক'ুন হুওয়া (ج) কুল ঈ ওয়ারাব্বী ইন্নাহূ লাহ'াক্ক'ুঁ (ج) ওয়া মা~আংতুম বিমু'জিঝীন।	
তরজমা	উহারা তোমার নিকট জানিতে চায়, 'ইহা কি সত্য ?' বল, 'হ্যাঁ, আমার প্রতিপালকের শপথ ! ইহা অবশ্যই সত্য। এবং তোমরা ইহা ব্যর্থ করিতে পারিবে না।'	
	وَلَوْ أَنَّ لِكُلِّ نَفْسٍ ظَلَمَتْ مَا فِي الْأَرْضِ لَافْتَدَتْ بِهِ وَأَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَأَوُا الْعَذَابَ وَقُضِيَ بَيْنَهُمْ بِالْقِسْطِ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্না লিকুল্লি নাফছিং জ'ালামাত মা-ফিল আরদি' লাফতাদাত বিহী (ط) ওয়া আছাররুন্ নাদা-মাতা লাম্মা-রাআউল 'আয'া-বা (ج) ওয়া কুদি'য়া বাইনাহুম বিলকি'ছতি' ওয়া হুম লা-ইউজ'লামূন।	
তরজমা	প্রত্যেক সীমালংঘনকারীই পৃথিবীতে যাহা কিছু আছে তাহা যদি তাহার হইত তবে সে মুক্তির বিনিময়ে উহা দিয়া দিত ; এবং যখন উহারা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন মনস্তাপ গোপন করিবে। উহাদের মীমাংসা ন্যায়বিচারের সঙ্গে করা হইবে এবং উহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	أَلَا إِنَّ لِلَّهِ مَا فِي السَّمَاوَاتِ وَالْأَرْضِ أَلَا إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَلَكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٥٥﴾	55

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলা~ইন্না লিল্লা-হি মা-ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি˙ (ত) আলা~ইন্না ওয়া'দাল্লা-হি হ'াক্ক'ুঁ ওয়া লা-কিন্না আকছ'ারাহুম লা-ইয়া'লামূন।	
তরজমা	সাবধান! আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা আল্লাহ্‌রই। সাবধান! আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য, কিন্তু উহাদের অধিকাংশই অবগত নয়।	
	هُوَ يُحْيٖ وَيُمِيْتُ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	হুওয়া ইউহ'য়ী ওয়া ইউমীতু ওয়া ইলাইহি তুরজা'ঊন।	
তরজমা	তিনিই জীবন দান করেন এবং মৃত্যু ঘটান এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	
	يٰٓاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَتْكُمْ مَّوْعِظَةٌ مِّنْ رَّبِّكُمْ وَشِفَآءٌ لِّمَا فِى الصُّدُوْرِ ۙ وَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ূহান্না-ছু ক'াদ জা~আতকুম মাও'ইজ'াতুম মির রাব্বিকুম ওয়া শিফা~উল লিমা-ফিস্‌সুদূরি (ষ) ওয়াহুদাওঁ ওয়া রাহ'মাতুল লিলমু'মিনীন।	
তরজমা	হে মানুষ! তোমাদের প্রতি তোমাদের প্রতিপালকের নিকট হইতে আসিয়াছে উপদেশ ও তোমাদের অন্তরে যাহা আছে তাহার আরোগ্য এবং মু'মিনদের জন্য হিদায়াত ও রহমত।	
	قُلْ بِفَضْلِ اللّٰهِ وَبِرَحْمَتِهٖ فَبِذٰلِكَ فَلْيَفْرَحُوْا ۭ هُوَ خَيْرٌ مِّمَّا يَجْمَعُوْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	কু'ল বিফাদ'লিল্লা-হি ওয়া বিরাহ'মাতিহী ফাবিয'া-লিকা ফালইয়াফরাহূ˙ (ত) হুওয়া খাইরুম্‌ মিম্মা-ইয়াজমা'ঊন।	
তরজমা	বল, 'ইহা আল্লাহ্‌র অনুগ্রহে ও তাঁহার দয়ায়; সুতরাং ইহাতে উহারা আনন্দিত হউক।' উহারা যাহা পুঞ্জীভূত করে তাহা অপেক্ষা ইহা শ্রেয়।	
	قُلْ اَرَءَيْتُمْ مَّآ اَنْزَلَ اللّٰهُ لَكُمْ مِّنْ رِّزْقٍ فَجَعَلْتُمْ مِّنْهُ حَرَامًا وَّحَلٰلًا ۭ قُلْ آٰللّٰهُ اَذِنَ لَكُمْ اَمْ عَلَى اللّٰهِ تَفْتَرُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	কু'ল আরাআইতুম মা~আংঝালাল্লা-হু লাকুম মির রিঝকি'ং ফাজা'আলতুম মিনহু হ'ারা-মাওঁ ওয়া হ'ালা-লাং (ত) কু'ল আ~ল্লা-হু আযি'না লাকুম আম 'আলাল্লা-হি তাফতারূন।	
তরজমা	বল, 'তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, আল্লাহ্‌ তোমাদের যে রিযিক দিয়াছেন তোমরা যে তাহার কিছু হালাল ও কিছু হারাম করিয়াছ ? বল, 'আল্লাহ্‌ কি তোমাদেরকে ইহার অনুমতি দিয়াছেন, না তোমরা আল্লাহ্‌র প্রতি মিথ্যা আরোপ করিতেছ ?'	

	وَمَا ظَنُّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ يَوْمَ الْقِيٰمَةِ ؕ اِنَّ اللّٰهَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া মা– জ॰ানুল্লায॰ীনা ইয়াফতারূনা ‘আলাল্লা–হিল কাযি॰বা ইয়াওমাল কি॰য়া–মাতি (ত) ইন্নাল্লা–হা লাযূ॰ ফাদ॰লিন ‘আলান্না–ছি ওয়ালা–কিন্না আকছ॰ারাহুম লা–ইয়াশকুরূন।	
তরজমা	যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে, কিয়ামত দিবস সম্বন্ধে তাহাদের কী ধারণা ? নিশ্চয়ই আল্লাহ্ মানুষের প্রতি অনুগ্রহপরায়ণ, কিন্তু উহাদের অধিকাংশই কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	وَمَا تَكُوْنُ فِيْ شَاْنٍ وَّمَا تَتْلُوْا مِنْهُ مِنْ قُرْاٰنٍ وَّلَا تَعْمَلُوْنَ مِنْ عَمَلٍ اِلَّا كُنَّا عَلَيْكُمْ شُهُوْدًا اِذْ تُفِيْضُوْنَ فِيْهِ ؕ وَمَا يَعْزُبُ عَنْ رَّبِّكَ مِنْ مِّثْقَالِ ذَرَّةٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَآءِ وَلَاۤ اَصْغَرَ مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْبَرَ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া মা–তাকূনু ফী শা॰নিওঁ ওয়া মা–তাতলূ মিনহু মিং কু॰রআ–নিওঁ ওয়ালা– তা‘মালূনা মিন ‘আমালিন ইল্লা–কুন্না–‘আলাইকুম শুহূদান ইয॰ তুফীদূনা ফীহি (ত) ওয়া মা– ইয়া‘ঝুবু ‘আর রাব্বিকা মিম্ মিছ॰কা॰–লি যা॰াররাতিং ফিল আরদি॰ ওয়ালা– ফিছছামা~ই ওয়ালা~আসগারা মিং যা॰–লিকা ওয়ালা~আকবারা ইল্লা–ফী কিতা–বিম মুবীন।	
তরজমা	তুমি যে কোন অবস্থায় থাক এবং তুমি তৎসম্পর্কে কুরআন হইতে যাহা তিলাওয়াত কর এবং তোমরা যে কোন কাজ কর, আমি তোমাদের পরিদর্শক-যখন তোমরা উহাতে প্রবৃত্ত হও। আকাশমণ্ডলী ও পৃথিবীর অণু পরিমাণও তোমার প্রতিপালকের অগোচর নয় এবং উহা অপেক্ষা ক্ষুদ্রতর অথবা বৃহত্তর কিছুই নাই যাহা সুস্পষ্ট কিতাবে নাই।	
	اَلَاۤ اِنَّ اَوْلِيَآءَ اللّٰهِ لَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	আলা~ইন্না আওলিয়া~আল্লা–হি লা–খাওফুন ‘আলাইহিম ওয়ালা–হুম ইয়াহ॰যানূন।	
তরজমা	জানিয়া রাখ! আল্লাহ্র বন্ধুদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	আল্লায॰ীনা আ–মানূ ওয়া কা–নূ ইয়াত্তাকূ॰ন।	
তরজমা	যাহারা ঈমান আনে এবং তাক্ওয়া অবলম্বন করে,	
	لَهُمُ الْبُشْرٰى فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَفِي الْاٰخِرَةِ ؕ لَا تَبْدِيْلَ لِكَلِمٰتِ اللّٰهِ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٦٤﴾	64

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লাহুমুল বুশরা– ফিল হ'য়া–তিদ দুন্ইয়া– ওয়াফিল আ–খিরাতি (ط) লা–তাবদীলা লিকালিমা–তিল্লা–হি (ط) য'া–লিকা হুওয়াল ফাওঝুল 'আজ'ীম।	
তরজমা	তাহাদের জন্য আছে সুসংবাদ দুনিয়ার জীবনে ও আখিরাতে, আল্লাহ্‌র বাণীর কোন পরিবর্তন নাই ; উহাই মহাসাফল্য।	
	وَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّ الْعِزَّةَ لِلّٰهِ جَمِيْعًا ؕ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়ালা– ইয়াহ'ঝুংকা ক'াওলুহুম (م)। ইন্নাল 'ইঝ্‌ঝাতা লিল্লা–হি জামী'আন (ط) হুওয়াছ ছামী'উল 'আলীম।	
তরজমা	উহাদের কথা তোমাকে যেন দুঃখ না দেয়। সমস্ত শক্তিই আল্লাহ্‌র; তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	اَلَاۤ اِنَّ لِلّٰهِ مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ ؕ وَمَا يَتَّبِعُ الَّذِيْنَ يَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ شُرَكَآءَ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَاِنْ هُمْ اِلَّا يَخْرُصُوْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	আলা~ইন্না লিল্লা–হি মাং ফিছ ছামা–ওয়া তি ওয়া মাং ফিল আরদি' (ط) ওয়া মা–ইয়াত্তাবি'উল্লায'ীনা ইয়াদ'ঊনা মিং দূনিল্লা–হি শুরাকা~আ (ط) ইয়ঁ ইয়াত্তাবি'ঊনা ইল্লাজ্‌'জ'ান্না ওয়াইন হুম ইল্লা–ইয়াখরুসূন।	
তরজমা	জানিয়া রাখ! যাহারা আকাশমণ্ডলে আছে এবং যাহারা পৃথিবীতে আছে তাহারা আল্লাহ্‌রই। যাহারা আল্লাহ্‌ ব্যতীত অপরকে শরীকরূপে ডাকে, তাহারা কিসের অনুসরণ করে ? তাহারা তো শুধু অনুমানেরই অনুসরণ করে এবং তাহারা শুধু মিথ্যাই বলে।	
	هُوَ الَّذِيْ جَعَلَ لَكُمُ الَّيْلَ لِتَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّسْمَعُوْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায'ী জা'আলা লাকুমুল লাইলা লিতাছকুনূ ফীহি ওয়ান্নাহা–রা মুবসিরান (ط) ইন্না ফী য'া–লিকা লাআ–য়া–তিল্ লিক'াওমিইঁ ইয়াছমা'ঊন।	
তরজমা	তিনিই সৃষ্টি করিয়াছেন তোমাদের জন্য রাত্রি, যেন উহাতে তোমরা বিশ্রাম করিতে পার এবং দিবস দেখিবার জন্য। যে সম্প্রদায় কথা শুনে নিশ্চয়ই তাহাদের জন্য ইহাতে আছে নিদর্শন।	
	قَالُوا اتَّخَذَ اللّٰهُ وَلَدًا سُبْحٰنَهٗ ؕ هُوَ الْغَنِيُّ ؕ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ؕ اِنْ عِنْدَكُمْ مِّنْ سُلْطٰنٍ بِهٰذَا ؕ اَتَقُوْلُوْنَ عَلَى اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٦٨﴾	68

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লুত্তাখায'াল্লা-হু ওয়ালাদাং ছুবহ'া-নাহূ (ط) হুওয়াল গানিইইয়ু (ط) লাহূ মা-ফিছ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল আরদি'(ط) ইন 'ইংদাকুম মিং ছুলত'া-নিম বিহা-য'া- (ط) আতাকূ'লূনা 'আলাল্লা-হি মা-লা তা'লামূন।	
তরজমা	তাহারা বলে 'আল্লাহ্ সন্তান গ্রহণ করিয়াছেন।' তিনি মহান পবিত্র! তিনি অভাবমুক্ত! যাহা কিছু আছে আকাশমণ্ডলে ও যাহা কিছু আছে পৃথিবীতে তাহা তাঁহারই। এ বিষয়ে তোমাদের নিকট কোন সনদ নাই। তোমরা কি আল্লাহ্ সম্বন্ধে এমন কিছু বলিতেছ, যে বিষয়ে তোমাদের কোন জ্ঞান নাই ?	
	قُلْ اِنَّ الَّذِيْنَ يَفْتَرُوْنَ عَلَى اللّٰهِ الْكَذِبَ لَا يُفْلِحُوْنَ ۚ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নাল্লায'ীনা ইয়াফ্তারূনা 'আলাল্লা-হিল কাযি'বা লা- ইউফ্লিহূ'ন।	
তরজমা	বল, 'যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করিবে তাহারা সফলকাম হইবে না।'	
	مَتَاعٌ فِى الدُّنْيَا ثُمَّ اِلَيْنَا مَرْجِعُهُمْ ثُمَّ نُذِيْقُهُمُ الْعَذَابَ الشَّدِيْدَ بِمَا كَانُوْا يَكْفُرُوْنَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	মাতা-'উং ফিদ্দুনইয়া- ছু'ম্মা ইলাইনা- মারজি'উহুম ছু'ম্মা নুয'ীকু'হুমুল 'আয'া-বাশ্শাদীদা বিমা-কা-নূ ইয়াক্ফুরূন।	
তরজমা	পৃথিবীতে ইহাদের জন্য আছে কিছু সুখ-সম্ভোগ ; পরে আমারই নিকট উহাদের প্রত্যাবর্তন। অতঃপর কুফরী হেতু উহাদেরকে আমি কঠোর শাস্তির আস্বাদ গ্রহণ করাইব।	
	وَاتْلُ عَلَيْهِمْ نَبَاَ نُوْحٍ ۘ اِذْ قَالَ لِقَوْمِهٖ يٰقَوْمِ اِنْ كَانَ كَبُرَ عَلَيْكُمْ مَّقَامِىْ وَتَذْكِيْرِىْ بِاٰيٰتِ اللّٰهِ فَعَلَى اللّٰهِ تَوَكَّلْتُ فَاَجْمِعُوْٓا اَمْرَكُمْ وَشُرَكَآءَكُمْ ثُمَّ لَا يَكُنْ اَمْرُكُمْ عَلَيْكُمْ غُمَّةً ثُمَّ اقْضُوْٓا اِلَىَّ وَلَا تُنْظِرُوْنِ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়াতলু 'আলাইহিম নাবাআ নূহ্'(م)। ইয' ক'া-লা লিক'াওমিহী ইয়া-ক'াওমি ইং কা-না কাবুরা 'আলাইকুম মাক'া-মী ওয়া তায'কীরী বিআ-য়া-তিল্লা-হি ফা'আলাল্লা-হি তাওয়াক্কাল্তু ফাআজমি'উ আমরাকুম ওয়া শুরাকা~আকুম ছু'ম্মা লা-ইয়াকুন আমরুকুম 'আলাইকুম গুম্মাতাং ছু'ম্মাক'দূ'~ইলাইইয়া ওয়ালা-তুংজি'রূন।	
তরজমা	উহাদেরকে নূহ্-এর বৃত্তান্ত শোনাও। সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! আমার অবস্থিতি ও আল্লাহ্র নিদর্শন দ্বারা আমার উপদেশদান তোমাদের নিকট যদি দুঃসহ হয় তবে আমি তো আল্লাহ্র উপর নির্ভর করি। তোমরা যাহাদেরকে শরীক করিয়াছ তৎসহ তোমাদের কর্তব্য স্থির করিয়া নাও, পরে যেন কর্তব্য বিষয়ে তোমাদের কোন সংশয় না থাকে। আমার সম্বন্ধে তোমাদের কর্ম নিষ্পন্ন করিয়া ফেল এবং আমাকে অবকাশ দিও না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
		72
	فَاِنْ تَوَلَّيْتُمْ فَمَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ ؕ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَى اللّٰهِ ۙ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۷۲﴾	
প্রতিবর্ণায়ন	ফাইং তাওয়াল্লাইতুম ফামা-ছাআলতুকুম মিন আজরিন (ط) ইন আজরিয়া ইল্লা- 'আলাল্লা-হি (لا) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মুছলিমীন।	
তরজমা	'অতঃপর তোমরা মুখ ফিরাইয়া লইলে লইতে পার, তোমাদের নিকট আমি তো কোন পারিশ্রমিক চাই নাই, আমার পারিশ্রমিক আছে আল্লাহ্‌র নিকট, আমি তো আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হইতে আদিষ্ট হইয়াছি।'	
	فَكَذَّبُوْهُ فَنَجَّيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِي الْفُلْكِ وَجَعَلْنٰهُمْ خَلٰٓئِفَ وَاَغْرَقْنَا الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِنَا ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ফাকায'য'াবূহু ফানাজ্‌জাইনা-হু ওয়ামাম্‌ মা'আহূ ফিল ফুলকি ওয়া জা'আলনা-হুম খালা~ইফা ওয়া আগরাক'নাল্লায'ীনা কায'য'াবূ বিআ-য়া-তিনা- (ج) ফাংজু'র কাইফা কা-না 'আ-কি'বাতুল মুংয'ারীন।	
তরজমা	আর উহারা তাহাকে মিথ্যাবাদী বলে; অতঃপর তাহাকে ও তাহার সঙ্গে যাহারা তরণীতে ছিল তাহাদেরকে আমি উদ্ধার করি এবং তাহাদেরকে স্থলাভিষিক্ত করি ও যাহারা আমার নিদর্শনকে প্রত্যাখ্যান করিয়াছিল তাহাদেরকে নিমজ্জিত করি। সুতরাং দেখ, যাহাদেরকে সতর্ক করা হইয়াছিল তাহাদের পরিণাম কী হইয়াছিল!	
	ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهٖ رُسُلًا اِلٰى قَوْمِهِمْ فَجَآءُوْهُمْ بِالْبَيِّنٰتِ فَمَا كَانُوْا لِيُؤْمِنُوْا بِمَا كَذَّبُوْا بِهٖ مِنْ قَبْلُ ؕ كَذٰلِكَ نَطْبَعُ عَلٰى قُلُوْبِ الْمُعْتَدِيْنَ ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা বা'আছ'না-মিম বা'দিহী রুছুলান ইলা-ক'াওমিহিম ফাজা~ঊহুম বিলবাইয়িনা-তি ফামা-কা-নূ লিইউ'মিনূ বিমা-কায'য'াবূ বিহী মিং ক'াবলু (ط) কায'া-লিকা নাত'বা'উ 'আলা-কু'লূবিল মু'তাদীন।	
তরজমা	অনন্তর তাহার পরে আমি রাসূলগণকে প্রেরণ করি, তাহাদের সম্প্রদায়ের নিকট; তাহারা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল। কিন্তু উহারা পূর্বে যাহা প্রত্যাখ্যান করিয়াছিল তাহার প্রতি ঈমান আনিবার জন্য প্রস্তুত ছিল না। এইভাবে আমি সীমালংঘনকারীদের হৃদয় মোহর করিয়া দেই।	
	ثُمَّ بَعَثْنَا مِنْۢ بَعْدِهِمْ مُّوْسٰى وَهٰرُوْنَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ بِاٰيٰتِنَا فَاسْتَكْبَرُوْا وَكَانُوْا قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿۷۵﴾	75

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা বা'আছ'না-মিম বা'দিহিম মূছা- ওয়া হা-রূনা ইলা-ফির'আওনা ওয়া মালাইহী বিআ-য়া-তিনা- ফাছতাক্বারূ ওয়া কা-নূ ক'াওমাম মুজরিমীন।	
তরজমা	পরে আমার নিদর্শনসহ মূসা ও হারূনকে ফির'আওন ও তাহার পারিষদবর্গের নিকট প্রেরণ করি। কিন্তু উহারা অহংকার করে এবং উহারা ছিল অপরাধী সম্প্রদায়।	
	فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْٓا اِنَّ هٰذَا لَسِحْرٌ مُّبِيْنٌ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-জা~আহুমুল হ'াক্কু' মিন 'ইংদিনা-ক'া-লূ~ইন্না হা-যা'া- লাছিহ'রুম মুবীন।	
তরজমা	অতঃপর যখন উহাদের নিকট আমার নিকট হইতে সত্য আসিল তখন উহারা বলিল, 'ইহা তো নিশ্চয়ই স্পষ্ট জাদু।'	
	قَالَ مُوْسٰٓى اَتَقُوْلُوْنَ لِلْحَقِّ لَمَّا جَآءَكُمْ ؕ اَسِحْرٌ هٰذَا ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُوْنَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ক'া-লা মূছা-আতাকূ'লূনা লিলহ'াক্কি' লাম্মা-জা~আকুম (ত) আছিহ'রুন হা-যা'া- (ত) ওয়ালা-ইউফলিহু' ছ্ছা-হি'রুন।	
তরজমা	মূসা বলিল, 'সত্য যখন তোমাদের নিকট আসিল তখন তৎসম্পর্কে তোমরা এইরূপ বলিতেছ? ইহা কি জাদু ? জাদুকরেরা তো সফলকাম হয় না।'	
	قَالُوْٓا اَجِئْتَنَا لِتَلْفِتَنَا عَمَّا وَجَدْنَا عَلَيْهِ اٰبَآءَنَا وَتَكُوْنَ لَكُمَا الْكِبْرِيَآءُ فِى الْاَرْضِ ؕ وَمَا نَحْنُ لَكُمَا بِمُؤْمِنِيْنَ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ক'া-লূ আজি'তানা- লিতালফিতানা-'আম্মা-ওয়াজাদনা-'আলাইহি আ-বা~আনা-ওয়াতাকূনা লাকুমাল কিবরিয়া~উ ফিল আরদি' (ত) ওয়া মা-নাহ'নু লাকুমা-বিমু'মিনীন।	
তরজমা	উহারা বলিল, 'আমরা আমাদের পিতৃপুরুষগণকে যাহাতে পাইয়াছি তুমি কি তাহা হইতে আমাদেরকে বিচ্যুত করিবার জন্য আমাদের নিকট আসিয়াছ এবং যাহাতে দেশে তোমাদের দুইজনের প্রতিপত্তি হয়, এইজন্য ? আমরা তোমাদের প্রতি বিশ্বাসী নই।'	
	وَقَالَ فِرْعَوْنُ ائْتُوْنِىْ بِكُلِّ سٰحِرٍ عَلِيْمٍ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ফির'আওনু'তূনী বিকুল্লি ছা-হি'রিন 'আলীম।	
তরজমা	ফির'আওন বলিল, 'তোমরা আমার নিকট সকল সুদক্ষ জাদুকরকে লইয়া আস।'	
	فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-জা~আ ছ্ছাহ'ারাতু ক'া-লা লাহুম মূছা~আলকূ' মা~আংতুম মুলকূ'ন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর যখন জাদুকরেরা আসিল তখন উহাদেরকে মূসা বলিল, 'তোমাদের যাহা নিক্ষেপ করিবার, নিক্ষেপ কর।'	
	فَلَمَّآ اَلْقَوْا قَالَ مُوْسٰى مَا جِئْتُمْ بِهِ ۙ السِّحْرُ ۭ اِنَّ اللّٰهَ سَيُبْطِلُهٗ ۭ اِنَّ اللّٰهَ لَا يُصْلِحُ عَمَلَ الْمُفْسِدِيْنَ ۝	81
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আলক'াও ক'া-লা মূছা- মা-জি'তুম বিহিছ্ছিহ'রু (ط) ইন্নাল্লা-হা ছাইউবতি'লুহূ~ (ط) ইন্নাল্লা-হা লা-ইউসলিহু' 'আমালাল মুফছিদীন।	
তরজমা	অতঃপর যখন তাহারা নিক্ষেপ করিল তখন মূসা বলিল, 'তোমরা যাহা আনিয়াছ তাহা জাদু, নিশ্চয়ই আল্লাহ্ উহাকে অসার করিয়া দিবেন। আল্লাহ্ অবশ্যই অশান্তি সৃষ্টিকারীদের কর্ম সার্থক করেন না।'	
	وَيُحِقُّ اللّٰهُ الْحَقَّ بِكَلِمٰتِهٖ وَلَوْ كَرِهَ الْمُجْرِمُوْنَ ۝	82
প্রতিবর্ণায়ন	ওয়া ইউহি'ক্ব'ল্লা-হুল হ'াক্ব'া বিকালিমা-তিহী ওয়ালাও কারিহাল মুজরিমূন।	
তরজমা	অপরাধীরা অপ্রীতিকর মনে করিলেও আল্লাহ্ তাঁহার বাণী অনুযায়ী সত্যকে প্রতিষ্ঠিত করিবেন।	
	فَمَآ اٰمَنَ لِمُوْسٰٓى اِلَّا ذُرِّيَّةٌ مِّنْ قَوْمِهٖ عَلٰي خَوْفٍ مِّنْ فِرْعَوْنَ وَمَلَا۟ئِهِمْ اَنْ يَّفْتِنَهُمْ ۭ وَاِنَّ فِرْعَوْنَ لَعَالٍ فِي الْاَرْضِ ۚ وَاِنَّهٗ لَمِنَ الْمُسْرِفِيْنَ ۝	83
প্রতিবর্ণায়ন	ফামা~ আ-মানা লিমূছা~ইল্লা-য'ুররিইয়াতুম মিং ক'াওমিহী 'আলা- খাওফিম মিং ফির'আওনা ওয়া মালাইহিম আইঁ ইয়াফতিনাহুম (ط) ওয়াইন্না ফির'আওনা লা'আ-লিং ফিল আরদি' (ج) ওয়া ইন্নাহূ লামিনাল মুছরিফীন।	
তরজমা	ফির'আওন ও তাহার পারিষদবর্গ নির্যাতন করিবে এই আশংকায় মূসার সম্প্রদায়ের একদল ব্যতীত আর কেহ তাহার প্রতি ঈমান আনে নাই। বস্তুত ফির'আওন ছিল দেশে পরাক্রমশালী এবং সে অবশ্যই সীমালংঘনকারীদের অন্তর্ভুক্ত।	
	وَقَالَ مُوْسٰي يٰقَوْمِ اِنْ كُنْتُمْ اٰمَنْتُمْ بِاللّٰهِ فَعَلَيْهِ تَوَكَّلُوْٓا اِنْ كُنْتُمْ مُّسْلِمِيْنَ ۝	84
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা মূছা- ইয়া ক'াওমি ইং কুংতুম আ-মাংতুম বিল্লা-হি ফা'আলাইহি তাওয়াক্কালূ~ ইং কুংতুম মুছলিমীন।	
তরজমা	মূসা বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! যদি তোমরা আল্লাহ্তে ঈমান আনিয়া থাক, যদি তোমরা আত্মসমর্পণকারী হও তবে তোমরা তাঁহারই উপর নির্ভর কর।'	
	فَقَالُوْا عَلَي اللّٰهِ تَوَكَّلْنَا ۚ رَبَّنَا لَا تَجْعَلْنَا فِتْنَةً لِّلْقَوْمِ الظّٰلِمِيْنَ ۝	85

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাক'া-লূ 'আলাল্লা-হি তাওয়াক্কাল্না- (ج) রাব্বানা-লা-তাজ'আলনা- ফিতনাতাল লিল্ক'াওমিজ' জ'া-লিমীন।	
তরজমা	অতঃপর তাহারা বলিল, 'আমরা আল্লাহ্‌র উপর নির্ভর করিলাম। হে আমাদের প্রতিপালক! আমাদেরকে জালিম সম্প্রদায়ের উৎপীড়নের পাত্র করিও না;	
	وَنَجِّنَا بِرَحْمَتِكَ مِنَ الْقَوْمِ الْكٰفِرِيْنَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়া নাজজিনা- বিরাহ'মাতিকা মিনাল ক'াওমিল কা-ফিরীন।	
তরজমা	'এবং আমাদেরকে তোমার অনুগ্রহে কাফির সম্প্রদায় হইতে রক্ষা কর।'	
	وَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰى وَاَخِيْهِ اَنْ تَبَوَّاٰ لِقَوْمِكُمَا بِمِصْرَ بُيُوْتًا وَّاجْعَلُوْا بُيُوْتَكُمْ قِبْلَةً وَّاَقِيْمُوا الصَّلٰوةَ ؕ وَبَشِّرِ الْمُؤْمِنِيْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ওয়া আওহ'াইনা~ ইলা- মূছা- ওয়া আখীহি আং তাবাওওয়াআ- লিক'াওমিকুমা- বিমিসরা বুইউতাওঁ ওয়াজ'আলূ বুইউতাকুম কি'বলাতাওঁ ওয়াআক'ীমুসসালা-তা (ط) ওয়া বাশশিরিল মু'মিনীন।	
তরজমা	আমি মূসা ও তাহার ভ্রাতাকে প্রত্যাদেশ করিলাম, 'মিসরে তোমাদের সম্প্রদায়ের জন্য গৃহ স্থাপন কর এবং তোমাদের গৃহগুলিকে 'ইবাদতগৃহ কর, সালাত কায়েম কর এবং মু'মিনদেরকে সুসংবাদ দাও।'	
	وَقَالَ مُوْسٰى رَبَّنَآ اِنَّكَ اٰتَيْتَ فِرْعَوْنَ وَمَلَاَهٗ زِيْنَةً وَّاَمْوَالًا فِى الْحَيٰوةِ الدُّنْيَا ۙ رَبَّنَا لِيُضِلُّوْا عَنْ سَبِيْلِكَ ۚ رَبَّنَا اطْمِسْ عَلٰٓى اَمْوَالِهِمْ وَاشْدُدْ عَلٰى قُلُوْبِهِمْ فَلَا يُؤْمِنُوْا حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা মূছা- রাব্বানা~ ইন্নাকা আ-তাইতা ফির'আওনা ওয়া মালাআহূ ঝীনাতাওঁ ওয়া আমওয়া-লাং ফিল হ'ায়া-তিদ্‌দুনইয়া- (لا) রাব্বানা-লিইউদি'ল্লু 'আং ছাবীলিকা (ج) রাব্বানাত' মিছ 'আলা~আমওয়া-লিহিম ওয়াশদুদ 'আলা- কূ'লূবিহিম ফালা- ইউ'মিনূ হ'াত্তা- ইয়ারাউল 'আয'া-বাল 'আলীম।	
তরজমা	মূসা বলিল, 'হে আমাদের প্রতিপালক! তুমি তো ফির'আওন ও তাহার পারিষদবর্গকে পার্থিব জীবনে শোভা ও সম্পদ দান করিয়াছ যদ্দ্বারা, হে আমাদের প্রতিপালক! উহারা মানুষকে তোমার পথ হইতে ভ্রষ্ট করে। হে আমাদের প্রতি-পালক! উহাদের সম্পদ বিনষ্ট কর, উহাদের হৃদয় কঠিন করিয়া দাও, উহারা তো মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ না করা পর্যন্ত ঈমান আনিবে না।'	
	قَالَ قَدْ اُجِيْبَتْ دَّعْوَتُكُمَا فَاسْتَقِيْمَا وَلَا تَتَّبِعٰٓنِّ سَبِيْلَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿٨٩﴾	89

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লা ক'াদ উজীবাদ্ দা'ওয়াতুকুমা- ফাছতাক'ীমা- ওয়ালা-তাত্তাবি'আ~ন্নি ছাবীলাল্লায'ীনা লা-ইয়া'লামূন।	
তরজমা	তিনি বলিলেন, 'তোমাদের দুইজনের দু'আ কবূল হইল, সুতরাং তোমরা দৃঢ় থাক এবং তোমরা কখনও অজ্ঞদের পথ অনুসরণ করিও না।'	
	وَجٰوَزْنَا بِبَنِيْٓ اِسْرَآءِيْلَ الْبَحْرَ فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ وَجُنُوْدُهٗ بَغْيًا وَّعَدْوًا ؕ حَتّٰٓى اِذَآ اَدْرَكَهُ الْغَرَقُ ۙ قَالَ اٰمَنْتُ اَنَّهٗ لَآ اِلٰهَ اِلَّا الَّذِيْٓ اٰمَنَتْ بِهٖ بَنُوْٓا اِسْرَآءِيْلَ وَاَنَا مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া জা~ওয়াঝনা- বিবানী~ইছরা~ঈলাল বাহ'রা ফাআতবা'আহুম ফির'আওনু ওয়াজুনূদুহূ বাগইয়াওঁ ওয়া 'আদওয়ান (ط) হ'াত্তা~ ইয'া-আদরাকাহুল গারাকু (لا) ক'া-লা আ-মাংতু আন্নাহূ লা~ইলা-হা ইল্লাল্লায'ী~ আ-মানত বিহী বানূ~ ইছরা~ঈলা ওয়া আনা-মিনাল মুছলিমীন।	
তরজমা	আমি বনী ইসরাঈলকে সমুদ্র পার করাইলাম এবং ফির'আওন ও তাহার সৈন্যবাহিনী ঔদ্ধত্য সহকারে সীমালংঘন করিয়া তাহাদের পশ্চাদ্ধাবন করিল। পরিশেষে যখন সে নিমজ্জমান হইল তখন বলিল, 'আমি বিশ্বাস করিলাম বনী ইসরাঈল যাহাতে বিশ্বাস করে। নিশ্চয়ই তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই এবং আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।'	
	آٰلْـٰٔنَ وَقَدْ عَصَيْتَ قَبْلُ وَكُنْتَ مِنَ الْمُفْسِدِيْنَ ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	আ~ল্আ-না ওয়া ক'াদ 'আসাইতা ক'াবলু ওয়া কুংতা মিনাল মুফছিদীন।	
তরজমা	'এখন! ইতিপূর্বে তো তুমি অমান্য করিয়াছ এবং তুমি অশান্তি সৃষ্টিকারীদের অন্তর্ভুক্ত ছিলে।	
	فَالْيَوْمَ نُنَجِّيْكَ بِبَدَنِكَ لِتَكُوْنَ لِمَنْ خَلْفَكَ اٰيَةً ؕ وَاِنَّ كَثِيْرًا مِّنَ النَّاسِ عَنْ اٰيٰتِنَا لَغٰفِلُوْنَ ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ফালইয়াওমা নুনাজ্জীকা বিবাদানিকা লিতাকূনা লিমান খালফাকা আ-য়াতাওঁ (ط) ওয়া ইন্না কাছ'ীরাম মিনান্ না-ছি 'আন আ-য়া-তিনা-লাগা-ফিলূন।	
তরজমা	'আজ আমি তোমার দেহটি রক্ষা করিব যাহাতে তুমি তোমার পরবর্তীদের জন্য নিদর্শন হইয়া থাক। অবশ্যই মানুষের মধ্যে অনেকে আমার নিদর্শন সম্বন্ধে গাফিল।'	
	وَلَقَدْ بَوَّاْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ مُبَوَّاَ صِدْقٍ وَّرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ ۚ فَمَا اخْتَلَفُوْا حَتّٰى جَآءَهُمُ الْعِلْمُ ؕ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٩٣﴾	93

প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ বাওওয়া'না-বানী~ইছরা~ঈলা মুবাওওয়াআ সিদকি'ওঁ ওয়া-রাঝাক্'না-হুম মিনাত্'ত'াইয়িবা-তি (ج) ফামাখ তালাফূ হ'াত্তা- জা~আহুমুল 'ইলমু (ط) ইন্না রাব্বাকা ইয়াক'দ'ী বাইনাহুম ইয়াওমাল কি'য়া-মাতি ফীমা-কা-নূ ফীহি ইয়াখতালিফূন।	
তরজমা	আমি তো বনী ইসরাঈলকে উৎকৃষ্ট আবাসভূমিতে বসবাস করাইলাম এবং আমি উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিলাম, অতঃপর উহাদের নিকট জ্ঞান আসিলে উহারা বিভেদ সৃষ্টি করিল। উহারা যে বিষয়ে বিভেদ সৃষ্টি করিয়াছিল তোমার প্রতিপালক অবশ্যই তাহাদের মধ্যে কিয়ামতের দিন উহার ফয়সালা করিয়া দিবেন।	
	فَإِنْ كُنْتَ فِي شَكٍّ مِّمَّآ أَنْزَلْنَآ إِلَيْكَ فَسْـَٔلِ الَّذِيْنَ يَقْرَءُوْنَ الْكِتٰبَ مِنْ قَبْلِكَ ۚ لَقَدْ جَآءَكَ الْحَقُّ مِنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُمْتَرِيْنَ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ফাইং কুংতা ফী শাক্কিম মিম্মা~ আংঝালনা~ ইলাইকা ফাছআলিল্লায'ীনা ইয়াক'রাঊনাল কিতা-বা মিং ক'াবলিকা (ج) লাক'াদ জা~আকাল্ হ'াক্কু' মির রাব্বিকা ফালা- তাকূনান্না মিনাল মুমতারীন।	
তরজমা	আমি তোমার প্রতি যাহা অবতীর্ণ করিয়াছি উহাতে যদি তুমি সন্দেহে থাক তবে তোমার পূর্বের কিতাব যাহারা পাঠ করে তাহাদেরকে জিজ্ঞাসা কর ; তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার নিকট সত্য অবশ্যই আসিয়াছে। তুমি কখনও সন্দিগ্ধচিত্তদের অন্তর্ভুক্ত হইও না,	
	وَلَا تَكُوْنَنَّ مِنَ الَّذِيْنَ كَذَّبُوْا بِاٰيٰتِ اللّٰهِ فَتَكُوْنَ مِنَ الْخٰسِرِيْنَ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাকূনান্না মিনাল্লায'ীনা কায্'য'াবূ বিআ-য়া-তিল্লা-হি ফাতাকূনা মিনাল খা-ছিরীন।	
তরজমা	এবং যাহারা আল্লাহ্‌র নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছে তুমি কখনও তাহাদের অন্তর্ভুক্ত হইও না- তাহা হইলে তুমিও ক্ষতিগ্রস্তদের অন্তর্ভুক্ত হইবে।	
	إِنَّ الَّذِيْنَ حَقَّتْ عَلَيْهِمْ كَلِمَتُ رَبِّكَ لَا يُؤْمِنُوْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা হ'াক্ক'াত 'আলাইহিম কালিমাতু রাব্বিকা লা-ইউ'মিনূন।	
তরজমা	নিশ্চয়ই যাহাদের বিরুদ্ধে তোমার প্রতিপালকের বাক্য সাব্যস্ত হইয়া গিয়াছে, তাহারা ঈমান আনিবে না,	
	وَلَوْ جَآءَتْهُمْ كُلُّ اٰيَةٍ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْأَلِيْمَ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ওয়ালাও জা~আতহুম কুল্লু আ-য়াতিন হ'াত্তা-ইয়ারাউল 'আয'া-বাল আলীম।	
তরজমা	যদিও উহাদের নিকট প্রত্যেকটি নিদর্শন আসে যতক্ষণ না উহারা মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ করিবে।	

	فَلَوْلَا كَانَتْ قَرْيَةٌ اٰمَنَتْ فَنَفَعَهَآ اِيْمَانُهَآ اِلَّا قَوْمَ يُوْنُسَ ؕ لَمَّآ اٰمَنُوْا كَشَفْنَا عَنْهُمْ عَذَابَ الْخِزْيِ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَمَتَّعْنٰهُمْ اِلٰى حِيْنٍ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ফালাওলা- কা-নাত ক'ারইয়াতুন আ-মানাত ফানাফ'আহা~ ঈমা-নুহা~ ইল্লা-ক'ওমা ইউনুছা (ত) লাম্মা~ আ-মানূ কাশাফ্না-'আনহুম 'আয'া-বাল খিঝ্য়ি ফিল হ'য়া-তিদ্দুনইয়া- ওয়ামাত্তা'না-হুম ইলা-হ'ীন।	
তরজমা	তবে ইউনুসের সম্প্রদায় ব্যতীত কোন জনপদবাসী কেন এমন হইল না যাহারা ঈমান আনিত এবং তাহাদের ঈমান তাহাদের উপকারে আসিত ? তাহারা যখন ঈমান আনিল তখন আমি তাহাদের নিকট হইতে পার্থিব জীবনের হীনতাজনক শাস্তি দূর করিলাম এবং উহাদেরকে কিছুকালের জন্য জীবনোপভোগ করিতে দিলাম।	
	وَلَوْ شَآءَ رَبُّكَ لَاٰمَنَ مَنْ فِي الْاَرْضِ كُلُّهُمْ جَمِيْعًا ؕ اَفَاَنْتَ تُكْرِهُ النَّاسَ حَتّٰى يَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়ালাও শা~আ রাব্বুকা লাআ-মানা মাং ফিল আরদি কুল্লুহুম জামী'আন (ত) আফাআংতা তুকরিহুন্না-ছা হ'াত্তা- ইয়াকূনূ মু'মিনীন।	
তরজমা	তোমার প্রতিপালক ইচ্ছা করিলে পৃথিবীতে যাহারা আছে তাহারা সকলেই অবশ্যই ঈমান আনিত; তবে কি তুমি মু'মিন হইবার জন্য মানুষের উপর জবরদস্তি করিবে ?	
	وَمَا كَانَ لِنَفْسٍ اَنْ تُؤْمِنَ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ وَيَجْعَلُ الرِّجْسَ عَلَى الَّذِيْنَ لَا يَعْقِلُوْنَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	ওয়া মা-কা-না লিনাফছিন আন তু'মিনা ইল্লা- বিইয'নিল্লা-হি (ত) ওয়া ইয়াজ'আলুর্ রিজছা 'আলাল্লায'ীনা লা-ইয়া'কি'লূন।	
তরজমা	আল্লাহ্র অনুমতি ব্যতীত ঈমান আনা কাহারও সাধ্য নয় এবং যাহারা অনুধাবন করে না আল্লাহ্ তাহাদেরকে কলুষলিপ্ত করেন।	
	قُلِ انْظُرُوْا مَاذَا فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ وَمَا تُغْنِي الْاٰيٰتُ وَالنُّذُرُ عَنْ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	কু'লিংজু'রু মা-য'া- ফিছছামা-ওয়া-তি ওয়াল আরদি (ত) ওয়া মা-তুগনিল আ-য়া-তু ওয়াননুযু'রু 'আং ক'াওমিল্ লা-ইউ'মিনূন।	
তরজমা	বল, 'আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহার প্রতি লক্ষ্য কর।' নিদর্শনাবলী ও ভীতি প্রদর্শন অবিশ্বাসী সম্প্রদায়ের উপকারে আসে না।	
	فَهَلْ يَنْتَظِرُوْنَ اِلَّا مِثْلَ اَيَّامِ الَّذِيْنَ خَلَوْا مِنْ قَبْلِهِمْ ؕ قُلْ فَانْتَظِرُوْٓا اِنِّيْ مَعَكُمْ مِّنَ الْمُنْتَظِرِيْنَ ﴿١٠٢﴾	102

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাহাল ইয়াংতাজি˙রূনা ইল্লা– মিছ˙লা আইইয়া–মিল্লায˚ীনা খালাও মিং ক˙াবলিহিম (ط) কু˙ল ফাংতাজি˙রূ˜ ইন্নী মা‘আকুম মিনাল মুংতাজি˙রীন।	
তরজমা	ইহারা কি ইহাদের পূর্বে যাহা ঘটিয়াছে উহার অনুরূপ ঘটনারই প্রতীক্ষা করে ? বল, ‘তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’	
	ثُمَّ نُنَجِّيْ رُسُلَنَا وَالَّذِيْنَ اٰمَنُوْا كَذٰلِكَ ۚ حَقًّا عَلَيْنَا نُنْجِ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ছুম্মা নুনাজ্জী রুছুলানা– ওয়াল্লায˚ীনা আ–মানূ (ج) কায˙া–লিকা হ˙াক্ব˙ান ‘আলাইনা– নুনজিল মু’মিনীন।	
তরজমা	পরিশেষে আমি আমার রাসূলগণকে এবং মু’মিনগণকেও উদ্ধার করি। এইভাবে আমার দায়িত্ব মু’মিনগণকে উদ্ধার করা।	
	قُلْ يٰٓاَيُّهَا النَّاسُ اِنْ كُنْتُمْ فِيْ شَكٍّ مِّنْ دِيْنِيْ فَلَآ اَعْبُدُ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ وَلٰكِنْ اَعْبُدُ اللّٰهَ الَّذِيْ يَتَوَفّٰىكُمْ ۖ وَاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	কু˙ল ইয়া˜ আইয়ুহান্না–ছু ইং কুংতুম ফী শাক্কিম মিং দীনী ফালা– আ‘বুদুল্লায˚ীনা তা‘বুদূনা মিং দূনিল্লা–হি ওয়ালা–কিন আ‘বুদুল্লা–হা ল্লায˚ী ইয়াতাওয়াফ্ফা–কুম (ج) ওয়া উমিরতু আন আকূনা মিনাল মু’মিনীন।	
তরজমা	বল, ‘হে মানুষ! তোমরা যদি আমার দীনের প্রতি সংশয়যুক্ত হও তবে জানিয়া রাখ, তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদের ‘ইবাদত কর আমি উহাদের ‘ইবাদত করি না। পরন্তু আমি ‘ইবাদত করি আল্লাহ্র যিনি তোমাদের মৃত্যু ঘটান এবং আমি মু’মিনদের অন্তর্ভুক্ত হইবার জন্য আদিষ্ট হইয়াছি,	
	وَاَنْ اَقِمْ وَجْهَكَ لِلدِّيْنِ حَنِيْفًا ۚ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়া আন আকি˙ম ওয়াজহাকা লিদ্দীনি হ˙ানীফাওঁ (ج) ওয়ালা– তাকূনান্না মিনাল মুশরিকীন।	
তরজমা	আর উহাও এই যে, ‘তুমি একনিষ্ঠভাবে দীনে প্রতিষ্ঠিত হও এবং কখনই মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না,	
	وَلَا تَدْعُ مِنْ دُوْنِ اللّٰهِ مَا لَا يَنْفَعُكَ وَلَا يَضُرُّكَ ۚ فَاِنْ فَعَلْتَ فَاِنَّكَ اِذًا مِّنَ الظّٰلِمِيْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাদ‘উ মিং দূনিল্লা–হি মা–লা– ইয়াংফা‘উকা ওয়ালা–ইয়াদু˙রুকা (ج) ফাইং ফা‘আলতা ফাইন্নাকা ইয˙াম্ মিনাজ˙জ˙া–লিমীন।	

তরজমা	'এবং আল্লাহ্ ব্যতীত অন্য কাহাকেও ডাকিবে না, যাহা তোমার উপকারও করে না, অপকারও করে না, কারণ ইহা করিলে তখন তুমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইবে।'	
	وَاِنْ يَّمْسَسْكَ اللّٰهُ بِضُرٍّ فَلَا كَاشِفَ لَهٗۤ اِلَّا هُوَ ۚ وَاِنْ يُّرِدْكَ بِخَيْرٍ فَلَا رَآدَّ لِفَضْلِهٖ ؕ يُصِيْبُ بِهٖ مَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿۱۰۷﴾	107
প্রতিবর্ণায়ন	ওয়াইয়ঁ ইয়ামছাছ্কাল্লা-হু বিদু'ররিং ফালা- কা-শিফা লাহূ~ ইল্লা-হুওয়া (ج) ওয়া ইয়ঁ ইউরিদ্কা বিখাইরিং ফালা-রা~দ্দা লিফাদ'লিহী (ط) ইউসীবু বিহী মাইঁ ইয়াশা~উ মিন 'ইবা-দিহী (ط) ওয়া হুওয়াল গাফূরুর রাহ'ীম।	
তরজমা	'এবং আল্লাহ্ তোমাকে ক্লেশ দিলে তিনি ব্যতীত ইহা মোচনকারী আর কেহ নাই এবং আল্লাহ্ যদি তোমার মঙ্গল চান তবে তাঁহার অনুগ্রহ রদ করিবার কেহ নাই। তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা তিনি মঙ্গল দান করেন। তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	قُلْ يٰۤاَيُّهَا النَّاسُ قَدْ جَآءَكُمُ الْحَقُّ مِنْ رَّبِّكُمْ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَاِنَّمَا يَضِلُّ عَلَيْهَا ۚ وَمَاۤ اَنَا عَلَيْكُمْ بِوَكِيْلٍ ﴿۱۰۸﴾	108
প্রতিবর্ণায়ন	কু'ল ইয়া~আইয়ুহান্না-ছু ক'াদ জা~আকুমুল হ'াক্কু' মির রাব্বিকুম (ج) ফামানিহতাদা- ফাইন্নামা- ইয়াহতাদী লিনাফছিহী (ج) ওয়া মাং দ'াল্লা ফাইন্নামা- ইয়াদিল্লু 'আলাইহা- (ج) ওয়ামা~আনা- 'আলাইকুম বিওয়াকীল।	
তরজমা	বল, 'হে মানুষ! তোমাদের প্রতিপালকের নিকট হইতে তোমাদের নিকট সত্য আসিয়াছে। সুতরাং যাহারা সৎপথ অবলম্বন করিবে তাহারা তো নিজেদেরই মঙ্গলের জন্য সৎপথ অবলম্বন করিবে এবং যাহারা পথভ্রষ্ট হইবে তাহারা তো পথভ্রষ্ট হইবে নিজেদেরই ধ্বংসের জন্য এবং আমি তোমাদের কর্মবিধায়ক নই।'	
	وَاتَّبِعْ مَا يُوْحٰۤى اِلَيْكَ وَاصْبِرْ حَتّٰى يَحْكُمَ اللّٰهُ ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাবি' মা ইউহ'া~ ইলাইকা ওয়াস্বির হ'াত্তা- ইয়াহ'কুমাল্লা-হু (ج) ওয়া হুওয়া খাইরুল হ'া-কিমীন।	
তরজমা	তোমার প্রতি যে ওহী অবতীর্ণ হইয়াছে তুমি তাহার অনুসরণ কর এবং তুমি ধৈর্য ধারণ কর, যে পর্যন্ত না আল্লাহ্ ফয়সালা করেন এবং আল্লাহ্ই সর্বোত্তম বিধানকর্তা।	

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	الٓرٰ ۟ كِتٰبٌ اُحۡكِمَتۡ اٰيٰتُهٗ ثُمَّ فُصِّلَتۡ مِنۡ لَّدُنۡ حَكِيۡمٍ خَبِيۡرٍ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম রা-, কিতা-বুন উহ্‌কিমাত আ-য়া-তুহূ ছু ম্মা ফুসসিলাত মিল্লাদুন হ্‌াকীমিন খাবীর।	
তরজমা	আলিফ-লাম-রা, এই কিতাব প্রজ্ঞাময়, সর্বজ্ঞের নিকট হইতে; ইহার আয়াতসমূহ সুস্পষ্ট, সুবিন্যস্ত ও পরে বিশদভাবে বিবৃত যে,	
	اَلَّا تَعۡبُدُوۡۤا اِلَّا اللّٰهَ ؕ اِنَّنِىۡ لَكُمۡ مِّنۡهُ نَذِيۡرٌ وَّبَشِيۡرٌ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লা তা'বুদূ~ ইল্লাল্লা-হা (ط) ইন্নানী লাকুম মিনহু নায ীরুওঁ ওয়াবাশীর।	
তরজমা	তোমরা আল্লাহ্‌ ব্যতীত অন্যের 'ইবাদত করিবে না, অবশ্যই আমি তাঁহার পক্ষ হইতে তোমাদের জন্য সতর্ককারী ও সুসংবাদদাতা।	
	وَّاَنِ اسۡتَغۡفِرُوۡا رَبَّكُمۡ ثُمَّ تُوۡبُوۡۤا اِلَيۡهِ يُمَتِّعۡكُمۡ مَّتَاعًا حَسَنًا اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى وَّيُؤۡتِ كُلَّ ذِىۡ فَضۡلٍ فَضۡلَهٗ ؕ وَاِنۡ تَوَلَّوۡا فَاِنِّىۡۤ اَخَافُ عَلَيۡكُمۡ عَذَابَ يَوۡمٍ كَبِيۡرٍ ؕ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া আনিছ্‌তাগফিরূ রাব্বাকুম ছু ম্মা তূবূ ইলাইহি ইউমাত্তি'কুম মাতা-'আন হ্‌াছানান ইলা~ আজালিম মুছাম্মাওঁ ওয়াইউ'তি কুল্লা য ী ফাদলিং ফাদ লাহূ (ط) ওয়া ইং তাওয়াল্লাও ফাইন্নী~ আখা-ফু 'আলাইকুম 'আয'া-বা ইয়াওমিং কাবীর।	
তরজমা	আরও যে, তোমরা তোমাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা কর ও তাঁহার দিকে প্রত্যাবর্তন কর, তিনি তোমাদেরকে এক নির্দিষ্ট কালের জন্য উত্তম জীবন উপভোগ করিতে দিবেন এবং তিনি প্রত্যেক গু ণীজনকে তাহার প্রাপ্য মর্যাদা দান করিবেন। যদি তোমরা মুখ ফিরাইয়া নাও তবে আমি তোমাদের জন্য আশংকা করি মহাদিবসের শাস্তির।	
	اِلَى اللّٰهِ مَرۡجِعُكُمۡ ۚ وَهُوَ عَلٰى كُلِّ شَىۡءٍ قَدِيۡرٌ ۚ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইলাল্লা-হি মারজি'উকুম (ج) ওয়া হুওয়া 'আলা-কুল্লি শাইইং ক াদীর।	
তরজমা	আল্লাহ্‌রই নিকট তোমাদের প্রত্যাবর্তন এবং তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	اَلَاۤ اِنَّهُمۡ يَثۡنُوۡنَ صُدُوۡرَهُمۡ لِيَسۡتَخۡفُوۡا مِنۡهُ ؕ اَلَا حِيۡنَ يَسۡتَغۡشُوۡنَ ثِيَابَهُمۡ ۙ يَعۡلَمُ مَا يُسِرُّوۡنَ وَمَا يُعۡلِنُوۡنَ ۚ اِنَّهٗ عَلِيۡمٌۢ بِذَاتِ الصُّدُوۡرِ ۚ﴿۵﴾	5

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আলা~ ইন্নাহুম ইয়াছ`নূনা সুদূরাহুম লিইয়াছতাখফূ মিনহু (ط) আলা-হ`ীনা ইয়াছতাগশূনা ছি`য়া-বাহুম (ﯘ) ইয়া'লামু মা-ইউছির্‌রূনা ওয়ামা- ইউ'লিনূনা (ج) ইন্নাহূ 'আলীমুম বিয`া-তিসসুদূর।	
তরজমা	সাবধান! নিশ্চয়ই উহারা তাঁহার নিকট গোপন রাখিবার জন্য উহাদের বক্ষ দ্বিভাঁজ করে। সাবধান! উহারা যখন নিজেদেরকে বস্ত্রে আচ্ছাদিত করে তখন উহারা যাহা গোপন করে ও প্রকাশ করে, তিনি তাহা জানেন। অন্তরে যাহা আছে, নিশ্চয়ই তিনি তাহা সবিশেষ অবহিত।	
	وَمَا مِنْ دَآبَّةٍ فِي الْاَرْضِ اِلَّا عَلَى اللّٰهِ رِزْقُهَا وَيَعْلَمُ مُسْتَقَرَّهَا وَمُسْتَوْدَعَهَا ؕ كُلٌّ فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়ামা-মিং দা~ববাতিং ফিল আরদি` ইল্লা- 'আলাল্লা-হি রিঝ্‌কু`হা- ওয়া ইয়া'লামু মুছতাক`াররাহা-ওয়া মুছতাওদা'আহা- (ط) কুল্লুং ফী কিতা-বিম মুবীন।	
তরজমা	ভূপৃষ্ঠে বিচরণকারী সকলের জীবিকার দায়িত্ব আল্লাহ্‌রই। তিনি উহাদের স্থায়ী ও অস্থায়ী অবস্থিতি সম্বন্ধে অবহিত; সুস্পষ্ট কিতাবে সব কিছুই আছে।	
	وَهُوَ الَّذِيْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ فِيْ سِتَّةِ اَيَّامٍ وَّكَانَ عَرْشُهٗ عَلَى الْمَآءِ لِيَبْلُوَكُمْ اَيُّكُمْ اَحْسَنُ عَمَلًا ؕ وَ لَئِنْ قُلْتَ اِنَّكُمْ مَّبْعُوْثُوْنَ مِنْۢ بَعْدِ الْمَوْتِ لَيَقُوْلَنَّ الَّذِيْنَ كَفَرُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লায`ী খালাক`াছছামা-ওয়া-তি ওয়াল আরদ`া ফী ছিত্তাতি আইয়া-মিওঁ ওয়া কা-না 'আরশুহূ 'আলাল মা~ই লিইয়াবলুওয়াকুম আইয়ুকুম আহ`ছানু 'আমালাওঁ (ط) ওয়ালাইং কু`লতা ইন্নাকুম মাব'ঊছূ`না মিম বা'দিল মাওতি লাইয়াকূ`লান্নাল্লায`ীনা কাফারূ~ ইন হা-য`া-ইল্লা- ছিহ`রুম মুবীন।	
তরজমা	আর তিনিই আকাশমণ্ডলী ও পৃথিবী ছয় দিনে সৃষ্টি করেন, তখন তাঁহার আরশ ছিল পানির উপর, তোমাদের মধ্যে কে কর্মে শ্রেষ্ঠ তাহা পরীক্ষা করিবার জন্য। তুমি যদি বল, 'মৃত্যুর পর তোমরা অবশ্যই উত্থিত হইবে,' কাফিররা নিশ্চয়ই বলিবে, 'ইহা তো সুস্পষ্ট জাদু।'	
	وَلَئِنْ اَخَّرْنَا عَنْهُمُ الْعَذَابَ اِلٰٓى اُمَّةٍ مَّعْدُوْدَةٍ لَّيَقُوْلُنَّ مَا يَحْبِسُهٗ ؕ اَلَا يَوْمَ يَاْتِيْهِمْ لَيْسَ مَصْرُوْفًا عَنْهُمْ وَ حَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ۝٨	8

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া লাইন আখখারনা-'আনহুমুল 'আযা-বা ইলা~উম্মাতিম্ মা'দূদাতিল লাইয়াকূ'লুন্না মা-ইয়াহ'বিছুহূ (ط) আলা- ইয়াওমা ইয়া'তীহিম লাইছা মাছরূফান 'আনহুম ওয়া হ'া-ক'া বিহীম মা-কা-নূ বিহী ইয়াছতাহঝিউ-ন।	
তরজমা	নির্দিষ্ট কালের জন্য আমি যদি উহাদের হইতে শাস্তি স্থগিত রাখি তবে উহারা নিশ্চয় বলিবে, 'কিসে উহা নিবারণ করিতেছে ?' সাবধান! যে দিন উহাদের নিকট ইহা আসিবে সেদিন উহাদের নিকট হইতে উহা নিবৃত্ত করা হইবে না এবং যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করে তাহা উহাদেরকে পরিবেষ্টন করিবে।	
	وَلَئِنْ اَذَقْنَا الْاِنْسَانَ مِنَّا رَحْمَةً ثُمَّ نَزَعْنٰهَا مِنْهُ اِنَّهٗ لَيَـُٔوْسٌ كَفُوْرٌ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়ালাইন আয'াক'নাল ইংছা-না মিন্না-রাহ'মাতাং ছু'ম্মা নাঝা'না-হা-মিনহু (ج) ইন্নাহূ লাইয়াঊছুং কাফূর।	
তরজমা	যদি আমি মানুষকে আমার নিকট হইতে অনুগ্রহ আস্বাদন করাই ও পরে তাহার নিকট হইতে উহা প্রত্যাহার করি তখন সে অবশ্যই হতাশ ও অকৃতজ্ঞ হইবে।	
	وَلَئِنْ اَذَقْنٰهُ نَعْمَآءَ بَعْدَ ضَرَّآءَ مَسَّتْهُ لَيَقُوْلَنَّ ذَهَبَ السَّيِّاٰتُ عَنِّىْ ؕ اِنَّهٗ لَفَرِحٌ فَخُوْرٌ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়ালাই আয'াক'না-হু না'মা~আ বা'দা দ'াররা~আ মাছছাতহু লাইয়াকূ'লান্না য'াহাবাছ ছাইয়িআ-তু 'আন্নী (ط) ইন্নাহূ লাফারিহু'ং ফাখূর।	
তরজমা	আর যদি দুঃখ-দৈন্য স্পর্শ করিবার পর আমি তাহাকে সুখ-সম্পদ আস্বাদন করাই তখন সে অবশ্যই বলিবে, 'আমার বিপদ-আপদ কাটিয়া গিয়াছে', আর সে তো হয় উৎফুল্ল ও অহংকারী।	
	اِلَّا الَّذِيْنَ صَبَرُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ؕ اُولٰٓئِكَ لَهُمْ مَّغْفِرَةٌ وَّ اَجْرٌ كَبِيْرٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায'ীনা সাবারূ ওয়া 'আমিলুসসা-লিহ'া-তি (ط) উলা~ইকা লাহুম মাগফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর।	
তরজমা	কিন্তু যাহারা ধৈর্যশীল ও সৎকর্মপরায়ণ তাহাদেরই জন্য আছে ক্ষমা ও মহাপুরস্কার।	
	فَلَعَلَّكَ تَارِكٌ بَعْضَ مَا يُوْحٰٓى اِلَيْكَ وَضَآئِقٌ بِهٖ صَدْرُكَ اَنْ يَّقُوْلُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ كَنْزٌ اَوْ جَآءَ مَعَهٗ مَلَكٌ ؕ اِنَّمَآ اَنْتَ نَذِيْرٌ ؕ وَاللّٰهُ عَلٰى كُلِّ شَىْءٍ وَّكِيْلٌ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ফালা'আল্লাকা তা-রিকুম্ বা'দ'া মা-ইঊহ'া~ ইলাইকা ওয়া দ'া~ইকু'ম বিহী সাদরুকা আইঁ ইয়াকূ'লূ লাওলা~ উংঝিলা 'আলাইহি কাংঝুন আও জা~আ মা'আহূ মালাকুন (ط) ইন্নামা~ আংতা নায'ীরুওঁ (ط) ওয়াল্লা-হু 'আলা-কুল্লি শাইইওঁ ওয়াকীল।	

	তবে কি তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহার কিছু তুমি বর্জন করিবে এবং ইহাতে তোমার মন সংকুচিত হইবে এইজন্য যে, তাহারা বলে, 'তাহার নিকট ধনভাণ্ডার প্রেরিত হয় না কেন অথবা তাহার সঙ্গে ফিরিশতা আসে না কেন ?' তুমি তো কেবল সতর্ককারী এবং আল্লাহ্ সর্ববিষয়ের কর্মবিধায়ক।	
তরজমা		
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ فَاْتُوْا بِعَشْرِ سُوَرٍ مِّثْلِهٖ مُفْتَرَيٰتٍ وَّادْعُوْا مَنِ اسْتَطَعْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿۱۳﴾	13
	আম ইয়াকূ লুনাফ্ তারা-হু (ط) কু ল ফা'তূ বি'আশরি ছুওয়ারিম মিছ লিহী মুফতারাইয়া-তিওঁ ওয়াদ'উ মানিছ্তাত া'তুম মিংদূনিল্লা-হি ইং কুংতুম সা-দিক ীন।	
প্রতিবর্ণায়ন		
	তাহারা কি বলে, 'সে ইহা নিজে রচনা করিয়াছে ?' বল, 'তোমরা যদি সত্যবাদী হও তবে তোমরা ইহার অনুরূপ দশটি স্বরচিত সূরা আনয়ন কর এবং আল্লাহ্ ব্যতীত অপর যাহাকে পার, ডাকিয়া নাও।'	
তরজমা		
	فَاِلَّمْ يَسْتَجِيْبُوْا لَكُمْ فَاعْلَمُوْٓا اَنَّمَآ اُنْزِلَ بِعِلْمِ اللّٰهِ وَاَنْ لَّآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ فَهَلْ اَنْتُمْ مُّسْلِمُوْنَ ﴿۱۴﴾	14
	ফাইল্লাম ইয়াছতাজীবূ লাকুম ফা'লামূ~আন্নামা~উংঝিলা বি'ইলমিল্লা-হি ওয়া আল্লা~ইলা-হা ইল্লা- হুওয়া (ج) ফাহাল আংতুম মুছলিমূন।	
প্রতিবর্ণায়ন		
	যদি তাহারা তোমাদের আহ্বানে সাড়া না দেয় তবে জানিয়া রাখ, ইহা তো আল্লাহ্র ইল্‌ম মুতাবিক অবতীর্ণ এবং তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। তাহা হইলে তোমরা আত্মসমর্পণকারী হইবে কি ?	
তরজমা		
	مَنْ كَانَ يُرِيْدُ الْحَيٰوةَ الدُّنْيَا وَزِيْنَتَهَا نُوَفِّ اِلَيْهِمْ اَعْمَالَهُمْ فِيْهَا وَهُمْ فِيْهَا لَا يُبْخَسُوْنَ ﴿۱۵﴾	15
	মাং কা-না ইউরীদুল হ য়া-তাদ্‌দুনইয়া- ওয়াঝীনাতাহা- নুওয়াফফি ইলাইহিম আ'মা-লাহুম ফীহা- ওয়াহুম ফীহা- লা-ইউব্‌খাছূন।	
প্রতিবর্ণায়ন		
	যে কেহ পার্থিব জীবন ও উহার শোভা কামনা করে, দুনিয়ায় আমি উহাদের কর্মের পূর্ণফল দান করি এবং সেখানে তাহাদেরকে কম দেওয়া হইবে না।	
তরজমা		
	اُولٰٓئِكَ الَّذِيْنَ لَيْسَ لَهُمْ فِى الْاٰخِرَةِ اِلَّا النَّارُ ۖ وَحَبِطَ مَا صَنَعُوْا فِيْهَا وَبٰطِلٌ مَّا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۶﴾	16
	উলা~ইকাল্লায ীনা লাইছা লাহুম ফিল আ-খিরাতি ইল্লান্না-রু (ز) ওয়া হ াবিত া মা-সানা'উ ফীহা-ওয়া বা-তি লুম মা-কা-নূ ইয়া'মালূন।	
প্রতিবর্ণায়ন		

তরজমা	উহাদের জন্য আখিরাতে দোযখ ব্যতীত অন্য কিছুই নাই এবং উহারা যাহা করে আখিরাতে তাহা নিষ্ফল হইবে এবং উহারা যাহা করিয়া থাকে তাহা নিরর্থক।	
	أَفَمَنْ كَانَ عَلَىٰ بَيِّنَةٍ مِّن رَّبِّهِ وَيَتْلُوهُ شَاهِدٌ مِّنْهُ وَمِن قَبْلِهِ كِتَابُ مُوسَىٰ إِمَامًا وَرَحْمَةً ۚ أُولَٰئِكَ يُؤْمِنُونَ بِهِ ۚ وَمَن يَكْفُرْ بِهِ مِنَ الْأَحْزَابِ فَالنَّارُ مَوْعِدُهُ ۚ فَلَا تَكُ فِي مِرْيَةٍ مِّنْهُ ۚ إِنَّهُ الْحَقُّ مِن رَّبِّكَ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يُؤْمِنُونَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আফামাং কা-না ‘আলা- বাইয়িনাতিম মির রাব্বিহী ওয়া ইয়াতলূহু শা-হিদুম মিনহু ওয়ামিং ক'াবলিহী কিতা-বু মূছা- ইমা-মাওঁ ওয়া রাহ'মাতান (ط) উলা~ইকা ইউ'মিনূনা বিহী (ط) ওয়া মাইঁ ইয়াকফুর বিহী মিনাল আহ'ঝা-বি ফান্না-রু মাও'ইদুহূ (ج) ফালা-তাকু ফী মিরইয়াতিম মিনহু (ق) ইন্নাহুল হ'াক্কু' মির রাব্বিকা ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইউ'মিনূন।	
তরজমা	তাহারা কি উহাদের সমতুল্য যাহারা প্রতিষ্ঠিত উহাদের প্রতিপালক-প্রেরিত স্পষ্ট প্রমাণের উপর, যাহার অনুসরণ করে তাঁহার প্রেরিত সাক্ষী এবং যাহার পূর্বে ছিল মূসার কিতাব আদর্শ ও অনুগ্রহস্বরূপ ? উহারাই ইহাতে বিশ্বাসী। অন্যান্য দলের যাহারা ইহাকে অস্বীকার করে, দোযখই তাহাদের প্রতিশ্রুত স্থান। সুতরাং তুমি ইহাতে সন্দিগ্ধ হইও না। ইহা তো তোমার প্রতিপালক-প্রেরিত সত্য, কিন্তু অধিকাংশ মানুষ বিশ্বাস করে না।	
	وَمَنْ أَظْلَمُ مِمَّنِ افْتَرَىٰ عَلَى اللَّهِ كَذِبًا ۚ أُولَٰئِكَ يُعْرَضُونَ عَلَىٰ رَبِّهِمْ وَيَقُولُ الْأَشْهَادُ هَٰؤُلَاءِ الَّذِينَ كَذَبُوا عَلَىٰ رَبِّهِمْ ۚ أَلَا لَعْنَةُ اللَّهِ عَلَى الظَّالِمِينَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ'লামু মিম্মানিফতারা-‘আলাল্লা-হি কাযি'বান (ط) উলা~ইকা ইউ'রাদূ'না ‘আলা-রাব্বিহিম্ ওয়া ইয়াকূ'লুল আশহা-দু হা~উলা~ইল্লায'ীনা কায'াবূ ‘আলা-রাব্বিহিম (ج) আলা-লা'নাতুল্লা-হি ‘আলাজ্জ'া-লিমীন।	
তরজমা	যাহারা আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা রচনা করে তাহাদের অপেক্ষা অধিক জালিম আর কে ? উহাদেরকে উপস্থিত করা হইবে উহাদের প্রতিপালকের সম্মুখে এবং সাক্ষিগণ বলিবে, ‘ইহারাই ইহাদের প্রতিপালকের বিরুদ্ধে মিথ্যা আরোপ করিয়াছিল।’ সাবধান ! আল্লাহ্র লা'নত জালিমদের উপর,	
	الَّذِينَ يَصُدُّونَ عَن سَبِيلِ اللَّهِ وَيَبْغُونَهَا عِوَجًا ۚ وَهُم بِالْآخِرَةِ هُمْ كَافِرُونَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইয়াসুদ্দূনা ‘আং ছাবীলিল্লা-হি ওয়া ইয়াবগূনাহা-‘ইওয়াজাওঁ (ط) ওয়াহুম বিলআ-খিরাতি হুম কা-ফিরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা আল্লাহ্‌র পথে বাধা দেয় এবং উহাতে বক্রতা অনুসন্ধান করে; এবং ইহারাই আখিরাত প্রত্যাখ্যান করে।	
	أُولَٰئِكَ لَمْ يَكُونُوا مُعْجِزِينَ فِي الْأَرْضِ وَمَا كَانَ لَهُم مِّن دُونِ اللَّهِ مِنْ أَوْلِيَاءَ ۘ يُضَاعَفُ لَهُمُ الْعَذَابُ ۚ مَا كَانُوا يَسْتَطِيعُونَ السَّمْعَ وَمَا كَانُوا يُبْصِرُونَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাম ইয়াকূনূ মু'জিঝীনা ফিল আরদি` ওয়ামা-কা-না লাহুম মিং দূনিল্লা-হি মিন আওলিয়া~আ(م)। ইউদ'া-'আফু লাহুমুল 'আয'া-বু (ط) মা-কা-নূ ইয়াছতাত`ী'উনাছ্‌ছাম'আ ওয়ামা-কা-নূ ইউবসিরূন।	
তরজমা	উহারা পৃথিবীতে আল্লাহ্‌কে অপারগ করিতে পারিত না এবং আল্লাহ্‌ ব্যতীত উহাদের অপর কোন অভিভাবক ছিল না ; উহাদের শাস্তি দ্বিগুণ করা হইবে ; উহাদের শুনিবার সামর্থ্যও ছিল না এবং উহারা দেখিতও না।	
	أُولَٰئِكَ الَّذِينَ خَسِرُوا أَنفُسَهُمْ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায'ীনা খাছিরূ আংফুছাহুম ওয়াদ'াল্লা 'আনহুম মা-কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	উহারা নিজেদেরই ক্ষতি করিল এবং উহারা যে অলীক কল্পনা করিত তাহা উহাদের নিকট হইতে উধাও হইয়া গেল।	
	لَا جَرَمَ أَنَّهُمْ فِي الْآخِرَةِ هُمُ الْأَخْسَرُونَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	লা-জারামা আন্নাহুম ফিল আ-খিরাতি হুমুল আখছারূন।	
তরজমা	নিঃসন্দেহে উহারাই আখিরাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ وَأَخْبَتُوا إِلَىٰ رَبِّهِمْ ۙ أُولَٰئِكَ أَصْحَابُ الْجَنَّةِ ۖ هُمْ فِيهَا خَالِدُونَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ'া-তি ওয়া আখবাতূ~ইলা-রাব্বিহিম (لا) উলা~ইকা আসহ'া-বুল জান্নাতি (ج) হুম ফীহা-খা-লিদূন।	
তরজমা	যাহারা মু'মিন, সৎকর্মপরায়ণ এবং তাহাদের প্রতিপালকের প্রতি বিনয়াবনত, তাহারাই জান্নাতের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে।	
	مَثَلُ الْفَرِيقَيْنِ كَالْأَعْمَىٰ وَالْأَصَمِّ وَالْبَصِيرِ وَالسَّمِيعِ ۚ هَلْ يَسْتَوِيَانِ مَثَلًا ۚ أَفَلَا تَذَكَّرُونَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	মাছ`ালুল ফারীক'াইনি কালআ'মা-ওয়াল আসাম্মি ওয়াল বাসীরি ওয়াছছামী'ই (ط) হাল ইয়াছতাবি'ইয়া-নি মাছ`ালান- (ط) আফালা-তায'াক্কারূন।	

তরজমা	দল দুইটির উপমা অন্ধ ও বধিরের এবং চক্ষুষ্মান ও শ্রবণ শক্তিসম্পন্নের ন্যায়, তুলনায় এই দুই কি সমান ? তবুও কি তোমরা শিক্ষা গ্রহণ করিবে না ?	
	وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖۤ اِنِّىْ لَكُمْ نَذِيْرٌ مُّبِيْنٌ ۙ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আরছালনা- নূহ'ান ইলা-ক'াওমিহী~ (ز) ইন্নী লাকুম নায'ীরুম মুবীন।	
তরজমা	আমি তো নূহ্‌কে তাহার সম্প্রদায়ের নিকট পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, 'আমি অবশ্যই তোমাদের জন্য প্রকাশ্য সতর্ককারী,	
	اَنْ لَّا تَعْبُدُوْۤا اِلَّا اللّٰهَ ؕ اِنِّىْۤ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ اَلِيْمٍ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	আল্লা- তা'বুদূ ইল্লাল্লা-হা (ط) ইন্নী~আখা-ফু 'আলাইকুম 'আয'া-বা ইয়াওমিন আলীম।	
তরজমা	যেন তোমরা আল্লাহ্ ব্যতীত অপর কিছুর 'ইবাদত না কর; আমি তো তোমাদের জন্য এক মর্মন্তুদ দিবসের শাস্তি আশংকা করি।'	
	فَقَالَ الْمَلَاُ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ قَوْمِهٖ مَا نَرٰىكَ اِلَّا بَشَرًا مِّثْلَنَا وَمَا نَرٰىكَ اتَّبَعَكَ اِلَّا الَّذِيْنَ هُمْ اَرَاذِلُنَا بَادِىَ الرَّاْىِ ۚ وَمَا نَرٰى لَكُمْ عَلَيْنَا مِنْ فَضْلٍ بَلْ نَظُنُّكُمْ كٰذِبِيْنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ফাক'ালাল মালাউল্লায'ীনা কাফারূ মিং ক'াওমিহী মা-নারা-কা ইল্লা- বাশারাম মিছ'লানা- ওয়ামা- নারা-কাত্‌তাবা'আকা ইল্লাল্লায'ীনা হুম আরা-যি'লুনা- বা-দিয়ার্‌রা'ই (ج) ওয়ামা- নারা-লাকুম 'আলাইনা- মিং ফাদ'লিম্ বাল নাজু'ন্নুকুম কা-যি'বীন।	
তরজমা	তাহার সম্প্রদায়ের প্রধানেরা, যাহারা ছিল কাফির তাহারা বলিল, 'আমরা তোমাকে তো আমাদের মত মানুষ ব্যতীত কিছু দেখিতেছি না; আমরা তো দেখিতেছি, তোমার অনুসরণ করিতেছে তাহারাই, যাহারা আমাদের মধ্যে বাহ্য দৃষ্টিতেই অধম এবং আমরা আমাদের উপর তোমাদের কোন শ্রেষ্ঠত্ব দেখিতেছি না; বরং আমরা তোমাদেরকে মিথ্যাবাদী মনে করি।'	
	قَالَ يٰقَوْمِ اَرَءَيْتُمْ اِنْ كُنْتُ عَلٰى بَيِّنَةٍ مِّنْ رَّبِّىْ وَاٰتٰىنِىْ رَحْمَةً مِّنْ عِنْدِهٖ فَعُمِّيَتْ عَلَيْكُمْ ؕ اَنُلْزِمُكُمُوْهَا وَاَنْتُمْ لَهَا كٰرِهُوْنَ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইয়া-ক'াওমি আরাআইতুম ইং কুংতু 'আলা- বাইয়িনাতিম মির্ রাব্বী ওয়া আ-তা-নী রাহ'মাতাম্ মিন 'ইংদিহী ফা'উম্মিয়াত 'আলাইকুম (ط) আনুল্‌ঝিমুকুমূহা- ওয়া আংতুম লাহা- কা-রিহূন।	

	সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা আমাকে বল, আমি যদি আমার প্রতিপালক প্রেরিত স্পষ্ট নিদর্শনে প্রতিষ্ঠিত থাকি এবং তিনি যদি আমাকে তাঁহার নিজ অনুগ্রহ হইতে দান করিয়া থাকেন, আর ইহা তোমাদের নিকট গোপন রাখা হইয়াছে; আমি কি এই বিষয়ে তোমাদেরকে	
তরজমা	বাধ্য করিতে পারি, যখন তোমরা ইহা অপছন্দকর ?	
	وَيٰقَوْمِ لَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مَالًا ؕ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَى اللّٰهِ وَمَآ اَنَا بِطَارِدِ الَّذِيْنَ اٰمَنُوْا ؕ اِنَّهُمْ مُّلٰقُوْا رَبِّهِمْ وَ لٰكِنِّيْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٩﴾	29
	ওয়া ইয়া-ক'াওমি লা~আছআলুকুম 'আলাইহি মা-লান (ত) ইন আজরিয়া ইল্লা-'আলাল্লা-হি ওয়ামা~আনা-বিত'া-রিদিল্লায'ীনা আ-মানূ (ত) ইন্নাহুম মুলা-কূ' রাব্বিহিম ওয়ালা-	
প্রতিবর্ণায়ন	কিন্নী~আরা-কুম ক'াওমাং তাজহালূন।	
	'হে আমার সম্প্রদায় ! ইহার পরিবর্তে আমি তোমাদের নিকট ধনসম্পদ যাচ্ঞা করি না। আমার পারিশ্রমিক তো আল্লাহ্‌রই নিকট এবং মু'মিনদেরকে তাড়াইয়া দেওয়া আমার কাজ নয় ; তাহারা নিশ্চিতভাবে তাহাদের প্রতিপালকের সাক্ষাৎ লাভ করিবে। কিন্তু আমি তো দেখিতেছি	
তরজমা	তোমরা এক অজ্ঞ সম্প্রদায়।	
	وَيٰقَوْمِ مَنْ يَّنْصُرُنِيْ مِنَ اللّٰهِ اِنْ طَرَدْتُّهُمْ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া- ক'াওমি মাইঁ ইয়াংসুরুনী মিনাল্লা-হি ইং ত'ারাতুহুম (ত) আফালা- তায'াক্কারূন।	
	'হে আমার সম্প্রদায়! আমি যদি তাহাদেরকে তাড়াইয়া দেই, তবে আল্লাহ্ হইতে আমাকে কে	
তরজমা	রক্ষা করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	
	وَلَآ اَقُوْلُ لَكُمْ عِنْدِيْ خَزَآئِنُ اللّٰهِ وَلَآ اَعْلَمُ الْغَيْبَ وَلَآ اَقُوْلُ اِنِّيْ مَلَكٌ وَّلَآ اَقُوْلُ لِلَّذِيْنَ تَزْدَرِيْٓ اَعْيُنُكُمْ لَنْ يُّؤْتِيَهُمُ اللّٰهُ خَيْرًا ؕ اَللّٰهُ اَعْلَمُ بِمَا فِيْٓ اَنْفُسِهِمْ ۖ اِنِّيْٓ اِذًا لَّمِنَ الظّٰلِمِيْنَ ﴿٣١﴾	31
	ওয়ালা~ আকূ'লু লাকুম 'ইংদী খাঝা~ইনুল্লা-হি ওয়ালা~আ'লামুল গাইবা ওয়ালা~আকূ'লু ইন্নী মালাকুওঁ ওয়ালা~আকূ'লু লিল্লায'ীনা তাঝদারী~ আ'ইউনুকুম লাইঁ ইউতিয়াহুমুল্লা-হু খাইরান (ত) আল্লা-হু আ'লামু বিমা-ফী~আংফুছিহিম (জ) ইন্নী~ইয'াল্ লামিনাজ'জ'া-	
প্রতিবর্ণায়ন	লিমীন।	

তরজমা	'আমি তোমাদেরকে বলি না, 'আমার নিকট আল্লাহ্‌র ধনভাণ্ডার আছে,' আর না অদৃশ্য সম্বন্ধে আমি অবগত এবং আমি ইহাও বলি না যে, আমি ফিরিশ্‌তা। তোমাদের দৃষ্টিতে যাহারা হেয় তাহাদের সম্বন্ধে আমি বলি না যে, আল্লাহ্‌ তাহাদেরকে কখনই মঙ্গল দান করিবেন না ; তাহাদের অন্তরে যাহা আছে তাহা আল্লাহ্‌ সম্যক অবগত। তাহা হইলে আমি অবশ্যই জালিমদের অন্তর্ভুক্ত হইব।'	
	قَالُوْا يٰنُوْحُ قَدْ جٰدَلْتَنَا فَاَكْثَرْتَ جِدَالَنَا فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া-নূহু' ক'াদ জা-দালতানা ফাআকছ'ারতা জিদা-লানা- ফা'তিনা- বিমা- তা'ইদুনা~ইং কুংতা মিনাসসা-দিক'ীন।	
তরজমা	তাহারা বলিল, 'হে নূহ্‌ ! তুমি তো আমাদের সঙ্গে বিতণ্ডা করিয়াছ-তুমি বিতণ্ডা করিয়াছ আমাদের সঙ্গে অতি মাত্রায়; সুতরাং তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন কর।'	
	قَالَ اِنَّمَا يَاْتِيْكُمْ بِهِ اللّٰهُ اِنْ شَآءَ وَمَآ اَنْتُمْ بِمُعْجِزِيْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নামা- ইয়া'তীকুম বিহিল্লা-হু ইং শা~আ ওয়ামা~আংতুম বিমু'জিঝীন।	
তরজমা	সে বলিল, 'ইচ্ছা করিলে আল্লাহ্‌ই উহা তোমাদের নিকট উপস্থিত করিবেন এবং তোমরা উহা ব্যর্থ করিতে পারিবে না।	
	وَلَا يَنْفَعُكُمْ نُصْحِيْٓ اِنْ اَرَدْتُّ اَنْ اَنْصَحَ لَكُمْ اِنْ كَانَ اللّٰهُ يُرِيْدُ اَنْ يُّغْوِيَكُمْ ؕ هُوَ رَبُّكُمْ ۫ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٣٤﴾ ۩	34
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াংফা'উকুম নুসহ'ী~ইন আরাতু আন আংসাহ'া লাকুম ইং কা-নাল্লা-হু ইউরীদু আইঁ ইউগবি'য়াকুম (ط) হুওয়া রাব্বুকুম (قف) ওয়া ইলাইহি তুরজা'উন।	
তরজমা	'আমি তোমাদেরকে উপদেশ দিতে চাহিলেও আমার উপদেশ তোমাদের উপকারে আসিবে না, যদি আল্লাহ্‌ তোমাদেরকে বিভ্রান্ত করিতে চান। তিনিই তোমাদের প্রতিপালক এবং তাঁহারই নিকট তোমাদের প্রত্যাবর্তন।'	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَعَلَيَّ اِجْرَامِيْ وَاَنَا بَرِيْٓءٌ مِّمَّا تُجْرِمُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	আম ইয়াকূ'লূনাফ তারা-হু (ط) কু'ল ইনিফ তারাইতুহূ ফা'আলাইয়া ইজরা-মী ওয়া আনা বারী~উম মিম্মা-তুজরিমূন।	
তরজমা	তাহারা কি বলে যে, সে ইহা রচনা করিয়াছে ? বল, 'আমি যদি ইহা রচনা করিয়া থাকি, তবে আমিই আমার অপরাধের জন্য দায়ী হইব। তোমরা যে অপরাধ করিতেছ তাহা হইতে আমি দায়মুক্ত।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاُوْحِيَ اِلٰى نُوْحٍ اَنَّهٗ لَنْ يُّؤْمِنَ مِنْ قَوْمِكَ اِلَّا مَنْ قَدْ اٰمَنَ فَلَا تَبْتَىِٕسْ بِمَا كَانُوْا يَفْعَلُوْنَ ۚ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া ঊহি'য়া ইলা- নূহি'ন আন্নাহূ লাইঁ ইউ'মিনা মিং ক'াওমিকা ইল্লা-মাং ক'াদ আ-মানা ফালা-তাবতাইছ বিমা-কা-নূ ইয়াফ'আলূন।	
তরজমা	এক যাত্রীদল আসিল, উহারা উহাদের পানি সংগ্রাহককে প্রেরণ করিল। সে তাহার পানির ডোল নামাইয়া দিল। সে বলিয়া উঠিল, 'কী সুখবর! এ যে এক কিশোর!' অতঃপর উহারা তাহাকে পণ্যরূপে লুকাইয়া রাখিল। উহারা যাহা করিতেছিল সে বিষয়ে আল্লাহ্ সবিশেষ অবহিত ছিলেন।	
	وَشَرَوْهُ بِثَمَنٍۭ بَخْسٍ دَرَاهِمَ مَعْدُوْدَةٍ ۚ وَكَانُوْا فِيْهِ مِنَ الزّٰهِدِيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া শারাওহু বিছ'ামানিম্ বাখছিং দারা-হিমা মা'দূদাতিওঁ (ج) ওয়া কা-নূ ফীহি মিনাঝ্ঝা-হিদীন।	
তরজমা	এবং উহারা তাহাকে বিক্রয় করিল স্বল্প মূল্যে-মাত্র কয়েক দিরহামের বিনিময়ে, উহারা ছিল তাহার ব্যাপারে নির্লোভ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ الَّذِي اشْتَرَاهُ مِن مِّصْرَ لِامْرَأَتِهِ أَكْرِمِي مَثْوَاهُ عَسَىٰ أَن يَنفَعَنَا أَوْ نَتَّخِذَهُ وَلَدًا ۚ وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ وَلِنُعَلِّمَهُ مِن تَأْوِيلِ الْأَحَادِيثِ ۚ وَاللَّهُ غَالِبٌ عَلَىٰ أَمْرِهِ وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লাযি'শ তারা-হু মিম্ মিসরা লিম্রাআতিহী~আকরিমী মাছ'ওয়াহু 'আছা~আইঁ ইয়াংফা'আনা~আও নাত্তাখিয'াহূ ওয়ালাদাওঁ (ط) ওয়া কায'া-লিকা মাক্কান্না-লিইউছুফা ফিল আরদি' (ز) ওয়া লিনু'আল্লিমাহূ মিং তা'ব'ীলিল আহ'া-দীছি' (ط) ওয়াল্লা-হু গা-লিবুন 'আলা~আমরিহী ওয়ালা-কিন্না আকছ'ারা-ন্না-ছি লা-ইয়া'লামূন।	
তরজমা	মিসরের যে ব্যক্তি তাহাকে ক্রয় করিয়াছিল, সে তাহার স্ত্রীকে বলিল, 'ইহার থাকিবার সম্মানজনক ব্যবস্থা কর, সম্ভবত সে আমাদের উপকারে আসিবে অথবা আমরা ইহাকে পুত্ররূপেও গ্রহণ করিতে পারি।' এবং এইভাবে আমি ইউসুফকে সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম তাহাকে স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিবার জন্য। আল্লাহ্ তাঁহার কার্য সম্পাদনে অপ্রতিহত; কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-বালাগা আশুদ্দাহূ~ আ-তাইনা-হু হু'কমাওঁ ওয়া 'ইলমাওঁ (ط) ওয়া কায'া-লিকা নাজঝিল্ মুহ'ছিনীন।	
তরজমা	সে যখন পূর্ণ যৌবনে উপনীত হইল তখন আমি তাহাকে হিক্মত ও জ্ঞান দান করিলাম এবং এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করি।	
	وَرَاوَدَتْهُ الَّتِي هُوَ فِي بَيْتِهَا عَن نَّفْسِهِ وَغَلَّقَتِ الْأَبْوَابَ وَقَالَتْ هَيْتَ لَكَ ۚ قَالَ مَعَاذَ اللَّهِ إِنَّهُ رَبِّي أَحْسَنَ مَثْوَايَ ۖ إِنَّهُ لَا يُفْلِحُ الظَّالِمُونَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়ারা-ওয়াদাত হুল্লাতী হুওয়া ফী বাইতিহা-'আং নাফছিহী ওয়া গাল্লাক'াতিল আবওয়া-বা ওয়াক'া-লাত হাইতা লাকা (ط) ক'া-লা মা'আ-য'াল্লা-হি ইন্নাহূ রাব্বী- আহ'ছানা মাছ'ওয়া-ইয়া; ইন্নাহূ লা-ইউফলিহু'জ'জ'া-লিমূন।	
তরজমা	সে যে স্ত্রীলোকের গৃহে ছিল সে তাহা হইতে অসৎকর্ম কামনা করিল এবং দরজাগুলি বন্ধ করিয়া দিল ও বলিল, 'আস।' সে বলিল, 'আমি আল্লাহ্র শরণ লইতেছি, তিনি আমার প্রভু; তিনি আমার থাকিবার সুন্দর ব্যবস্থা করিয়াছেন। নিশ্চয়ই সীমালংঘনকারীরা সফলকাম হয় না।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ هَمَّتْ بِهٖ ۚ وَهَمَّ بِهَا لَوْلَآ اَنْ رَّاٰ بُرْهَانَ رَبِّهٖ ؕ كَذٰلِكَ لِنَصْرِفَ عَنْهُ السُّوْٓءَ وَالْفَحْشَآءَ ؕ اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُخْلَصِيْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ হাম্মাত বিহী (ج) ওয়া হাম্মা বিহা- লাওলা-আর রাআ-বুরহা-না রাব্বিহী (ط) কায'া-লিকা লিনাসরিফা 'আনহুছ্ছূ~আ ওয়াল ফাহ'শা~আ (ط) ইন্নাহূ মিন 'ইবা-দিনাল মুখলাসীন।	
তরজমা	সেই রমণী তো তাহার প্রতি আসক্ত হইয়াছিল এবং সেও উহার প্রতি আসক্ত হইয়া পড়িত যদি না সে তাহার প্রতিপালকের নিদর্শন প্রত্যক্ষ করিত। আমি তাহাকে মন্দ কর্ম ও অশ্লীলতা হইতে বিরত রাখিবার জন্য এইভাবে নিদর্শন দেখাইয়াছিলাম। সে তো ছিল আমার বিশুদ্ধচিত্ত বান্দাদের অন্তর্ভুক্ত।	
	وَاسْتَبَقَا الْبَابَ وَقَدَّتْ قَمِيْصَهٗ مِنْ دُبُرٍ وَّاَلْفَيَا سَيِّدَهَا لَدَا الْبَابِ ؕ قَالَتْ مَا جَزَآءُ مَنْ اَرَادَ بِاَهْلِكَ سُوْٓءًا اِلَّآ اَنْ يُّسْجَنَ اَوْ عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াছ তাবাক'াল বা-বা ওয়া ক'াদ্দাত ক'ামীসাহূ মিং দুবুরিওঁ ওয়া আলফাইয়া-ছাইয়িদাহা-লাদাল বা-বি (ط) ক'া-লাত মা- জাঝা~উ মান আরা-দা বিআহলিকা ছূ~আন ইল্লা~আইঁ ইউছজানা আও 'আয'া-বুন আলীম।	
তরজমা	উহারা উভয়ে দৌড়াইয়া দরজার দিকে গেল এবং স্ত্রীলোকটি পিছন হইতে তাহার জামা ছিঁড়িয়া ফেলিল, তাহারা স্ত্রীলোকটির স্বামীকে দরজার নিকট পাইল। স্ত্রীলোকটি বলিল, 'যে তোমার পরিবারের সঙ্গে কুকর্ম কামনা করে তাহার জন্য কারাগারে প্রেরণ অথবা অন্য কোন মর্মন্তুদ শাস্তি ব্যতীত আর কী দণ্ড হইতে পারে ?'	
	قَالَ هِيَ رَاوَدَتْنِيْ عَنْ نَّفْسِيْ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ اَهْلِهَا ۚ اِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ قُبُلٍ فَصَدَقَتْ وَهُوَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ক'া-লা হিয়া রা-ওয়াদাতনী 'আং নাফছী ওয়া শাহিদা শা-হিদুম মিন আহলিহা- (ج) ইং কা-না কামীসুহূ কু'দ্দা মিং কু'বুলিং ফাসাদাক'াত ওয়া হুওয়া মিনাল কা-যি'বীন।	
তরজমা	ইউসুফ বলিল, 'সে-ই আমা হইতে অসৎকর্ম কামনা করিয়াছিল।' স্ত্রীলোকটির পরিবারের একজন সাক্ষী সাক্ষ্য দিল, 'যদি উহার জামার সম্মুখ দিক ছিন্ন করা হইয়া থাকে তবে স্ত্রীলোকটি সত্য কথা বলিয়াছে এবং পুরুষটি মিথ্যাবাদী,	
	وَاِنْ كَانَ قَمِيْصُهٗ قُدَّ مِنْ دُبُرٍ فَكَذَبَتْ وَهُوَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কা-না ক'ামীসুহূ কু'দ্দা মিং দুবুরিং ফাকায'াবাত ওয়া হুওয়া মিনাস্সা-দিক'ীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'কিন্তু উহার জামা যদি পিছন দিক হইতে ছিন্ন করা হইয়া থাকে তবে স্ত্রীলোকটি মিথ্যা বলিয়াছে এবং পুরুষটি সত্যবাদী।'	
	فَلَمَّا رَاٰ قَمِيْصَهٗ قُدَّ مِنْ دُبُرٍ قَالَ اِنَّهٗ مِنْ كَيْدِكُنَّ ؕ اِنَّ كَيْدَكُنَّ عَظِيْمٌ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–রাআ–ক'ামীসাহূ কু'দ্দা মিং দুবরিং ক'া–লা ইন্নাহূ মিং কাইদিকুন্ন (ط) ইন্না কাইদাকুন্না 'আজ'ীম।	
তরজমা	গৃহস্বামী যখন দেখিল যে, তাহার জামা পিছন দিক হইতে ছিন্ন করা হইয়াছে তখন সে বলিল, 'নিশ্চয়ই ইহা তোমাদের নারীদের ছলনা, তোমাদের ছলনা তো ভীষণ।'	
	يُوْسُفُ اَعْرِضْ عَنْ هٰذَا ۚ وَاسْتَغْفِرِيْ لِذَنْۢبِكِ ۖ اِنَّكِ كُنْتِ مِنَ الْخٰطِـِٕيْنَ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	ইউছুফু আ'রিদ' 'আন হা–যা'া– (سكتة) ওয়াছতাগফিরী লিয'ামবিকি (ج) ইন্নাকি কুংতি মিনাল খা–তি'ঈন।	
তরজমা	'হে ইউসুফ! তুমি ইহা উপেক্ষা কর এবং হে নারী! তুমি তোমার অপরাধের জন্য ক্ষমা প্রার্থনা কর; তুমিই তো অপরাধী।'	
	وَقَالَ نِسْوَةٌ فِي الْمَدِيْنَةِ امْرَاَتُ الْعَزِيْزِ تُرَاوِدُ فَتٰىهَا عَنْ نَّفْسِهٖ ۚ قَدْ شَغَفَهَا حُبًّا ؕ اِنَّا لَنَرٰىهَا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া–লা নিছওয়াতুং ফিল মাদীনাতিম রাআতুল 'আঝীঝি তুরা–বি'দু ফাতা–হা– 'আং নাফছিহী (ج) ক'াদ শাগাফাহা–হু'ব্বান (ط) ইন্না লানারা–হা–ফী দ'ালা–লিম মুবীন।	
তরজমা	নগরে কতিপয় নারী বলিল, 'আযীযের স্ত্রী তাহার যুবক দাস হইতে অসৎ কর্ম কামনা করিতেছে, প্রেম তাহাকে উন্মত্ত করিয়াছে, আমরা তো তাহাকে দেখিতেছি স্পষ্ট বিভ্রান্তিতে।'	
	فَلَمَّا سَمِعَتْ بِمَكْرِهِنَّ اَرْسَلَتْ اِلَيْهِنَّ وَاَعْتَدَتْ لَهُنَّ مُتَّكَاً وَّاٰتَتْ كُلَّ وَاحِدَةٍ مِّنْهُنَّ سِكِّيْنًا وَّقَالَتِ اخْرُجْ عَلَيْهِنَّ ۚ فَلَمَّا رَاَيْنَهٗۤ اَكْبَرْنَهٗ وَقَطَّعْنَ اَيْدِيَهُنَّ وَقُلْنَ حَاشَ لِلّٰهِ مَا هٰذَا بَشَرًا ؕ اِنْ هٰذَاۤ اِلَّا مَلَكٌ كَرِيْمٌ ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–ছামি'আত বিমাকরিহিন্না আরছালাত ইলাইহিন্না ওয়া আ'তাদাত লাহুন্না মুত্তাকাআওঁ ওয়া আ–তাত কুল্লা ওয়াহি'দাতিম মিনহুন্না ছিক্কীনাওঁ ওয়া ক'া–লাতিখরুজ 'আলাইহিন্না (ج) ফালাম্মা–রাআইনাহূ"আকবারনাহূ ওয়া ক'াত্ত'া'না আইদিয়াহুন্না ওয়াকু'লনা হ'া–শা লিল্লা–হি মা– হা–যা'া–বাশারান (ط) ইন হা–যা'া" ইল্লা– মালাকুং কারীম।	

তরজমা	স্ত্রীলোকটি যখন উহাদের ষড়যন্ত্রের কথা শুনিল, তখন সে উহাদেরকে ডাকিয়া পাঠাইল, উহাদের জন্য আসন প্রস্তুত করিল, উহাদের প্রত্যেককে একটি করিয়া ছুরি দিল এবং ইউসুফকে বলিল, 'উহাদের সম্মুখে বাহির হও।' অতঃপর উহারা যখন তাহাকে দেখিল তখন উহারা তাহার গরিমায় অভিভূত হইল এবং নিজেদের হাত কাটিয়া ফেলিল। উহারা বলিল, 'অদ্ভুত আল্লাহ্‌র মাহাত্ম্য! এ তো মানুষ নয়, এ তো এক মহিমান্বিত ফিরিশ্‌তা!'	
	قَالَتْ فَذٰلِكُنَّ الَّذِيْ لُمْتُنَّنِيْ فِيْهِ ۭ وَلَقَدْ رَاوَدْتُّهٗ عَنْ نَّفْسِهٖ فَاسْتَعْصَمَ ۭ وَلَىِٕنْ لَّمْ يَفْعَلْ مَآ اٰمُرُهٗ لَيُسْجَنَنَّ وَلَيَكُوْنًا مِّنَ الصّٰغِرِيْنَ ۝۳۲	32
প্রতিবর্ণায়ন	ক'া-লাত ফাযা'-লিকুন্নাল্লাযী লুমতুন্নানী ফীহি (ط) ওয়া লাক'াদ রা-ওয়াতুহূ 'আং নাফছিহী ফাছতা'সামা (ط) ওয়া লাইল্লাম ইয়াফ'আল মা~আ-মুরুহূ লাইউছজানান্না ওয়া লাইয়াকূনাম মিনাসসা-গিরীন।	
তরজমা	সে বলিল, 'এ-ই সে যাহার সম্বন্ধে তোমরা আমার নিন্দা করিয়াছ। আমি তো তাহা হইতে অসৎ কর্ম কামনা করিয়াছি। কিন্তু সে নিজেকে পবিত্র রাখিয়াছে; আমি তাহাকে যাহা আদেশ করিয়াছি সে যদি তাহা না করে, তবে সে কারারুদ্ধ হইবেই এবং হীনদের অন্তর্ভুক্ত হইবে।	
	قَالَ رَبِّ السِّجْنُ اَحَبُّ اِلَيَّ مِمَّا يَدْعُوْنَنِيْٓ اِلَيْهِ ۚ وَاِلَّا تَصْرِفْ عَنِّيْ كَيْدَهُنَّ اَصْبُ اِلَيْهِنَّ وَاَكُنْ مِّنَ الْجٰهِلِيْنَ ۝۳۳	33
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বিছ্‌ছিজনু আহ'াব্বু ইলাইইয়া মিম্মা-ইয়াদ'ঊনানী~ইলাইহি (ج) ওয়া ইল্লা-তাসরিফ 'আন্নী কাইদাহুন্না আসবু ইলাইহিন্না ওয়াআকুম মিনাল জা-হিলীন।	
তরজমা	ইউসুফ বলিল, 'হে আমার প্রতিপালক! এই নারীগণ আমাকে যাহার প্রতি আহ্বান করিতেছে তাহা অপেক্ষা কারাগার আমার নিকট অধিক প্রিয়। আপনি যদি উহাদের ছলনা হইতে আমাকে রক্ষা না করেন তবে আমি উহাদের প্রতি আকৃষ্ট হইয়া পড়িব এবং অজ্ঞদের অন্তর্ভুক্ত হইব।'	
	فَاسْتَجَابَ لَهٗ رَبُّهٗ فَصَرَفَ عَنْهُ كَيْدَهُنَّ ۭ اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝۳۴	34
প্রতিবর্ণায়ন	ফাছতাজা-বা লাহূ রাব্বুহূ ফাসারাফা 'আনহু কাইদাহুন্না (ط) ইন্নাহূ হুওয়াছছামী'উল 'আলীম।	
তরজমা	অতঃপর তাহার প্রতিপালক তাহার আহ্বানে সাড়া দিলেন এবং তাহাকে উহাদের ছলনা হইতে রক্ষা করিলেন। তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	ثُمَّ بَدَا لَهُمْ مِّنْۢ بَعْدِ مَا رَاَوُا الْاٰيٰتِ لَيَسْجُنُنَّهٗ حَتّٰى حِيْنٍ ۝۳۵	35

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা বাদা-লাহুম মিম বা'দি মা-রাআউল আ-য়া-তি লাইয়াছজুনুন্নাহূ হ`াত্তা-হ`ীন।	
তরজমা	নিদর্শনাবলী দেখিবার পর উহাদের মনে হইল যে, তাহাকে কিছু কালের জন্য কারারুদ্ধ করিতেই হইবে।	
	وَدَخَلَ مَعَهُ السِّجْنَ فَتَيٰنِ ۖ قَالَ اَحَدُهُمَآ اِنِّيْٓ اَرٰىنِيْٓ اَعْصِرُ خَمْرًا ۚ وَقَالَ الْاٰخَرُ اِنِّيْٓ اَرٰىنِيْٓ اَحْمِلُ فَوْقَ رَاْسِيْ خُبْزًا تَاْكُلُ الطَّيْرُ مِنْهُ ۖ نَبِّئْنَا بِتَاْوِيْلِهٖ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া দাখালা মা'আহুছ ছিজনা ফাতাইয়া-ন (ط) ক`া-লা আহ`াদুহুমা~ ইন্নী~ আরা-নী~ আ'সিরু খামরা- (ج) ওয়া ক`া-লাল আ-খারু ইন্নী~আরা-নী আহ`মিলু ফাওক`া রা'ছী খুবঝাং তা'কুলুত`ত`াইরু মিনহু (ط) নাব্বি'না-বিতা'ওয়ীলিহী (ج) ইন্না- নারা-কা মিনাল মুহ`ছিনীন।	
তরজমা	তাহার সঙ্গে দুইজন যুবক কারাগারে প্রবেশ করিল। উহাদের একজন বলিল, 'আমি স্বপ্নে দেখিলাম, আমি আংগুর নিংড়াইয়া রস বাহির করিতেছি', এবং অপরজন বলিল, 'আমি স্বপ্নে দেখিলাম, আমি আমার মস্তকে রুটি বহন করিতেছি এবং পাখি উহা হইতে খাইতেছে। আমাদেরকে তুমি ইহার তাৎপর্য জানাইয়া দাও, আমরা তো তোমাকে সৎকর্মপরায়ণ দেখিতেছি।'	
	قَالَ لَا يَاْتِيْكُمَا طَعَامٌ تُرْزَقٰنِهٖٓ اِلَّا نَبَّاْتُكُمَا بِتَاْوِيْلِهٖ قَبْلَ اَنْ يَّاْتِيَكُمَا ۚ ذٰلِكُمَا مِمَّا عَلَّمَنِيْ رَبِّيْ ۚ اِنِّيْ تَرَكْتُ مِلَّةَ قَوْمٍ لَّا يُؤْمِنُوْنَ بِاللّٰهِ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ كٰفِرُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ক`া-লা লা-ইয়া'তীকুমা- ত`া'আ-মুং তুরঝাক`া-নিহী~ইল্লা-নাব্বা'তুকুমা- বিতা'ব`ীলিহী ক`াবলা আইঁ ইয়া'তিয়াকুমা- (ط) য`া-লিকুমা-মিম্মা-'আল্লামানী রাব্বী (ط) ইন্নী তারাকতু মিল্লাতা ক`াওমিল লা-ইউ'মিনূনা বিল্লা-হি ওয়াহুম বিলআ-খিরাতি হুম কা-ফিরূন।	
তরজমা	ইউসুফ বলিল, 'তোমাদেরকে যে খাদ্য দেওয়া হয় তাহা আসিবার পূর্বেই আমি তোমাদেরকে স্বপ্নের তাৎপর্য জানাইয়া দিব। আমি যাহা তোমাদেরকে বলিব তাহা, আমার প্রতিপালক আমাকে যাহা শিক্ষা দিয়াছেন তাহা হইতে বলিব। যে সম্প্রদায় আল্লাহে বিশ্বাস করে না ও আখিরাতে অবিশ্বাসী আমি তাহাদের মতবাদ বর্জন করিয়াছি।	
	وَاتَّبَعْتُ مِلَّةَ اٰبَآءِيْٓ اِبْرٰهِيْمَ وَاِسْحٰقَ وَيَعْقُوْبَ ۚ مَا كَانَ لَنَآ اَنْ نُّشْرِكَ بِاللّٰهِ مِنْ شَيْءٍ ۚ ذٰلِكَ مِنْ فَضْلِ اللّٰهِ عَلَيْنَا وَعَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَشْكُرُوْنَ ﴿٣٨﴾	38

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাবা'তু মিল্লাতা আ-বা~ঈ~ ইবরা-হীমা ওয়া ইছহ'া-ক'া ওয়া ইয়া'কূ'বা (ط) মা-কা-না লানা~আং নুশরিকা বিল্লা-হি মিং শাইইং (ط) য'া-লিকা মিং ফাদ'লিল্লা-হি আলাইনা-ওয়া'আলান্না-ছি ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইয়াশকুরূন।	
তরজমা	'আমি আমার পিতৃপুরুষ ইব্‌রাহীম, ইস্‌হাক এবং ইয়া'কূবের মতবাদ অনুসরণ করি। আল্লাহ্‌র সঙ্গে কোন বস্তুকে শরীক করা আমাদের কাজ নয়। ইহা আমাদের ও সমস্ত মানুষের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ; কিন্তু অধিকাংশ মানুষই কৃতজ্ঞতা প্রকাশ করে না।	
	يٰصَاحِبَيِ السِّجْنِ ءَاَرْبَابٌ مُّتَفَرِّقُوْنَ خَيْرٌ اَمِ اللّٰهُ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ইয়া-সা-হি'বাইছ্‌ছিজনি আ আরবা-বুম মুতাফাররিকূ'না খাইরুন আমিল্লা-হুল ওয়া-হি'দুল ক'াহ্‌হা-র।	
তরজমা	'হে কারা-সঙ্গীদ্বয়! ভিন্ন ভিন্ন বহু প্রতিপালক শ্রেয়, না পরাক্রমশালী এক আল্লাহ্‌ ?	
	مَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِهٖٓ اِلَّآ اَسْمَآءً سَمَّيْتُمُوْهَآ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّآ اَنْزَلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ۭ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ۭ اَمَرَ اَلَّا تَعْبُدُوْٓا اِلَّآ اِيَّاهُ ۭ ذٰلِكَ الدِّيْنُ الْقَيِّمُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	মা-তা'বুদূনা মিং দূনিহী~ইল্লা~আছমা~আং ছাম্মাইতুমূহা~ আংতুম ওয়া আ-বা~উকুম মা-আংঝালাল্লা-হু বিহা-মিং ছুলত'া-নিন (ط) ইনিল হু'কম ইল্লা-লিল্লা-হি (ط) আমারা আল্লা-তা'বুদূ~ইল্লা-ইইয়া-হু (ط) য'া-লিকাদ্দীনুল ক'াইয়িমু ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইয়া'লামূন।	
তরজমা	'তাঁহাকে ছাড়িয়া তোমরা কেবল কতকগুলি নামের 'ইবাদত করিতেছ, যেই নামগুলি তোমাদের পিতৃপুরুষ ও তোমরা রাখিয়াছ; এইগুলির কোন প্রমাণ আল্লাহ্‌ পাঠান নাই। বিধান দিবার অধিকার কেবল আল্লাহ্‌রই। তিনি আদেশ দিয়াছেন অন্য কাহারও 'ইবাদত না করিতে, কেবল তাঁহার ব্যতীত; ইহাই শাশ্বত দীন, কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	يٰصَاحِبَيِ السِّجْنِ اَمَّآ اَحَدُكُمَا فَيَسْقِيْ رَبَّهٗ خَمْرًا ۚ وَاَمَّا الْاٰخَرُ فَيُصْلَبُ فَتَاْكُلُ الطَّيْرُ مِنْ رَّاْسِهٖ ۭ قُضِيَ الْاَمْرُ الَّذِيْ فِيْهِ تَسْتَفْتِيٰنِ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ইয়া- সা-হি'বাইছ ছিজনি আম্মা~আহ'াদুকুমা-ফাইয়াছক'ী রাব্বাহূ খামরাও (ج) ওয়াআম্মাল আ-খারু ফাইউসলাবু ফাতা'কুলুত'া ত'াইরু মির্‌রা'ছিহী (ط) কুদি'য়াল আমরুল্লায'ী ফীহি তাছতাফতিয়া-ন।	

তরজমা	‘হে কারা-সঙ্গীদ্বয়! তোমাদের দুইজনের একজন তাহার প্রভুকে মদ্য পান করাইবে এবং অপরজন শূলবিদ্ধ হইবে; অতঃপর তাহার মস্তক হইতে পাখি আহার করিবে। যে বিষয়ে তোমরা জানিতে চাহিয়াছ তাহার সিদ্ধান্ত হইয়া গিয়াছে।’	
	وَقَالَ لِلَّذِىْ ظَنَّ اَنَّهٗ نَاجٍ مِّنْهُمَا اذْكُرْنِىْ عِنْدَ رَبِّكَ ۖ فَاَنْسٰهُ الشَّيْطٰنُ ذِكْرَ رَبِّهٖ فَلَبِثَ فِى السِّجْنِ بِضْعَ سِنِيْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা লিল্লায'ী জ'ান্না আন্নাহূ না-জিম মিনহুমায' কুরনী ‘ইংদা রাব্বিকা (ز) ফাআংছা-হুশ্‌শাইত'া-নু যি'করা রাব্বিহী ফালাবিছ'া ফিছ্‌ছিজনি বিদ''আ ছিনীন।	
তরজমা	ইউসুফ উহাদের মধ্যে যে মুক্তি পাইবে মনে করিল, তাহাকে বলিল, ‘তোমার প্রভুর নিকট আমার কথা বলিও’, কিন্তু শয়তান উহাকে উহার প্রভুর নিকট তাহার বিষয় বলিবার কথা ভুলাইয়া দিল; সুতরাং ইউসুফ কয়েক বৎসর কারাগারে রহিল।	
	وَقَالَ الْمَلِكُ اِنِّىْٓ اَرٰى سَبْعَ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعَ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ ۭ يٰٓاَيُّهَا الْمَلَاُ اَفْتُوْنِىْ فِىْ رُءْيَاىَ اِنْ كُنْتُمْ لِلرُّءْيَا تَعْبُرُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল মালিকু ইন্নী~আরা-ছাব'আ বাক'ারা-তিং ছিমা-নিইঁ ইয়া'কুলুহুন্না ছাব'উন ‘ইজা-ফুওঁ ওয়া ছাব'আ ছুমবুলা-তিন খুদ্‌'রিওঁ ওয়া উখারা ইয়া-বিছা-তিন (ط) ইয়া~আইয়ুহাল মালাউ আফতূনী ফী রু'ইয়া-ইয়া ইং কুংতুম লিররু'ইয়া- তা'বুরূন।	
তরজমা	রাজা বলিল, ‘আমি স্বপ্নে দেখিলাম, সাতটি স্থূলকায় গাভী, উহাদেরকে সাতটি শীর্ণকায় গাভী ভক্ষণ করিতেছে এবং দেখিলাম সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুষ্ক। হে প্রধানগণ! যদি তোমরা স্বপ্নের ব্যাখ্যা করিতে পার তবে আমার স্বপ্ন সম্বন্ধে অভিমত দাও।’	
	قَالُوْٓا اَضْغَاثُ اَحْلَامٍ ۚ وَمَا نَحْنُ بِتَاْوِيْلِ الْاَحْلَامِ بِعٰلِمِيْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ক'া-লূ আদ'গা-ছু' আহ'লা-মিন (ج) ওয়ামা নাহ'নু বিতা'ব'ীলিল আহ'লা-মি বি'আ-লিমীন।	
তরজমা	উহারা বলিল, ‘ইহা অর্থহীন স্বপ্ন এবং আমরা এইরূপ স্বপ্ন ব্যাখ্যায় অভিজ্ঞ নই।’	
	وَقَالَ الَّذِىْ نَجَا مِنْهُمَا وَادَّكَرَ بَعْدَ اُمَّةٍ اَنَا اُنَبِّئُكُمْ بِتَاْوِيْلِهٖ فَاَرْسِلُوْنِ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ী নাজা- মিনহুমা- ওয়াদ্‌দাকারা বা'দা উম্মাতিন আনা-উনাব্বিউকুম বিতাব'ীলিহী ফাআরছিলূন।	

তরজমা	দুইজন কারারুদ্ধের মধ্যে যে মুক্তি পাইয়াছিল এবং দীর্ঘকাল পরে যাহার স্মরণ হইল সে বলিল, 'আমি ইহার তাৎপর্য তোমাদেরকে জানাইয়া দিব। সুতরাং তোমরা আমাকে পাঠাও।'	
	يُوْسُفُ اَيُّهَا الصِّدِّيْقُ اَفْتِنَا فِيْ سَبْعِ بَقَرٰتٍ سِمَانٍ يَّاْكُلُهُنَّ سَبْعٌ عِجَافٌ وَّسَبْعِ سُنْۢبُلٰتٍ خُضْرٍ وَّاُخَرَ يٰبِسٰتٍ لَّعَلِّيْٓ اَرْجِعُ اِلَى النَّاسِ لَعَلَّهُمْ يَعْلَمُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ইউছুফু আইয়ুহাস্ সিদ্দীক্বু আফতিনা-ফী ছাব'ই বাক'ারা-তিং ছিমা-নিইঁ ইয়া'কুলুহুন্না ছাব'উন 'ইজা-ফুওঁ ওয়া ছাব'ই ছুমবুলা-তিন খুদ্'রিওঁ ওয়া উখারা ইয়া-বিছা-তিল্ (لا) লা'আল্লী~ আরজি'উ ইলান্না-ছি লা'আল্লাহুম ইয়া'লামূন।	
তরজমা	সে বলিল, 'হে ইউসুফ! হে সত্যবাদী! সাতটি স্থূলকায় গাভী, উহাদেরকে সাতটি শীর্ণকায় গাভী ভক্ষণ করিতেছে এবং সাতটি সবুজ শীষ ও অপর সাতটি শুষ্ক শীষ সম্বন্ধে তুমি আমাদেরকে ব্যাখ্যা দাও, যাহাতে আমি লোকদের নিকট ফিরিয়া যাইতে পারি ও যাহাতে তাহারা অবগত হইতে পারে।'	
	قَالَ تَزْرَعُوْنَ سَبْعَ سِنِيْنَ دَاَبًا ۚ فَمَا حَصَدْتُّمْ فَذَرُوْهُ فِيْ سُنْۢبُلِهٖٓ اِلَّا قَلِيْلًا مِّمَّا تَاْكُلُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ক'া-লা তাঝরা'ঊনা ছাব'আ ছিনীনা দাআ-বা- (ج) ফামা-হ'াসাতুম ফায'ারূহু ফী ছুমবুলিহী- ইল্লা- ক'ালীলাম মিম্মা-তা'কুলূন।	
তরজমা	ইউসুফ বলিল, 'তোমরা সাত বৎসর একাদিক্রমে চাষ করিবে, অতঃপর তোমরা যে শস্য কর্তন করিবে উহার মধ্যে যে সামান্য পরিমাণ তোমরা ভক্ষণ করিবে, তাহা ব্যতীত সমস্ত শীষসমেত রাখিয়া দিবে;	
	ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ سَبْعٌ شِدَادٌ يَّاْكُلْنَ مَا قَدَّمْتُمْ لَهُنَّ اِلَّا قَلِيْلًا مِّمَّا تُحْصِنُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইয়া'তী মিম্ বা'দি যা'-লিকা ছাব'উং শিদা-দুইঁ ইয়া'কুলনা মা-ক'াদ্দামতুম লাহুন্না ইল্লা-ক'ালীলাম মিম্মা-তুহ'সিনূন।	
তরজমা	'ইহার পর আসিবে সাতটি কঠিন বৎসর, এই সাত বৎসর, যাহা পূর্বে সঞ্চয় করিয়া রাখিবে, লোকে তাহা খাইবে; কেবল সামান্য কিছু যাহা তোমরা সংরক্ষণ করিবে, তাহা ব্যতীত।	
	ثُمَّ يَاْتِيْ مِنْۢ بَعْدِ ذٰلِكَ عَامٌ فِيْهِ يُغَاثُ النَّاسُ وَفِيْهِ يَعْصِرُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইয়া'তী মিম বা'দি যা'-লিকা 'আ-মুং ফীহি ইউগা-ছু'ন্না-ছু ওয়া ফীহি ইয়া'সিরূন।	
তরজমা	'অতঃপর আসিবে এক বৎসর, সেই বৎসর মানুষের জন্য প্রচুর বৃষ্টিপাত হইবে এবং সেই বৎসর মানুষ প্রচুর ফলের রস নিংড়াইবে।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ ۖ فَلَمَّا جَاءَهُ الرَّسُولُ قَالَ ارْجِعْ إِلَىٰ رَبِّكَ فَاسْأَلْهُ مَا بَالُ النِّسْوَةِ اللَّاتِي قَطَّعْنَ أَيْدِيَهُنَّ ۚ إِنَّ رَبِّي بِكَيْدِهِنَّ عَلِيمٌ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল মালিকু'তূনী বিহী (ج) ফালাম্মা-জা~আহুর রাছূলু ক'া-লারজি' ইলা-রাব্বিকা ফাছআলহু মা-বা-লুন্ নিছওয়াতিল্লা-তী ক'াত্ত'া'না আইদিয়াহুন্না (ط) ইন্না রাব্বী বিকাইদিহিন্না 'আলীম।	
তরজমা	রাজা বলিল, 'তোমরা ইউসুফকে আমার নিকট লইয়া আস।' যখন দূত তাহার নিকট উপস্থিত হইল তখন সে বলিল, 'তুমি তোমার প্রভুর নিকট ফিরিয়া যাও এবং তাহাকে জিজ্ঞাসা কর, যে নারীগণ হাত কাটিয়া ফেলিয়াছিল তাহাদের অবস্থা কী! নিশ্চয়ই আমার প্রতিপালক তাহাদের ছলনা সম্যক অবগত।'	
	قَالَ مَا خَطْبُكُنَّ إِذْ رَاوَدْتُنَّ يُوسُفَ عَن نَّفْسِهِ ۖ قُلْنَ حَاشَ لِلَّهِ مَا عَلِمْنَا عَلَيْهِ مِن سُوءٍ ۖ قَالَتِ امْرَأَتُ الْعَزِيزِ الْآنَ حَصْحَصَ الْحَقُّ أَنَا رَاوَدْتُهُ عَن نَّفْسِهِ وَإِنَّهُ لَمِنَ الصَّادِقِينَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ক'া-লা মা-খাত'বুকুন্না ইয্ রা-ওয়াতুন্না ইউছুফা 'আং নাফছিহী (ط) কু'লনা হ'া-শা লিল্লা-হি মা-'আলিমনা-'আলাইহি মিং ছূ~ইং (ط) ক'া-লাতিম রাআতুল 'আঝীঝিল্আ-না হ'াসহ'াসাল্ হ'াক্কু' (ز) আনা-রা-ওয়াততুহূ 'আং নাফছিহী ওয়া ইন্নাহূ লামিনাস্সা-দিক'ীন।	
তরজমা	রাজা নারীগণকে বলিল, 'যখন তোমরা ইউসুফ হইতে অসৎ কর্ম কামনা করিয়াছিলে, তখন তোমাদের কী হইয়াছিল ?' তাহারা বলিল, 'অদ্ভুত আল্লাহ্র মাহাত্ম্য! আমরা উহার মধ্যে কোন দোষ দেখি নাই।' 'আযীযের স্ত্রী বলিল, 'এক্ষণে সত্য প্রকাশ হইল, আমিই তাহাকে ফুসলাইয়াছিলাম, নিশ্চয়ই সে তো সত্যবাদী।'	
	ذَٰلِكَ لِيَعْلَمَ أَنِّي لَمْ أَخُنْهُ بِالْغَيْبِ وَأَنَّ اللَّهَ لَا يَهْدِي كَيْدَ الْخَائِنِينَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	য'া-লিকা লিইয়া'লামা আন্নী লাম আখুনহু বিলগাইবি ওয়া আন্নাল্লা-হা লা-ইয়াহদী কাইদাল খা~ইনীন।	
তরজমা	ইহা এইজন্য যে, যাহাতে সে জানিতে পারে, তাহার অনুপস্থিতিতে আমি তাহার প্রতি বিশ্বাসঘাতকতা করি নাই এবং নিশ্চয়ই আল্লাহ্ বিশ্বাসঘাতকদের ষড়যন্ত্র সফল করেন না।'	
	وَمَا أُبَرِّئُ نَفْسِي ۚ إِنَّ النَّفْسَ لَأَمَّارَةٌ بِالسُّوءِ إِلَّا مَا رَحِمَ رَبِّي ۚ إِنَّ رَبِّي غَفُورٌ رَّحِيمٌ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ উবাররিউ নাফছী (ج) ইন্নান্নাফছা লাআম্মা-রাতুম বিছ্ছূ~ই ইল্লা-মা- রাহি'মা রাব্বী (ط) ইন্না রাব্বী গাফূরুর রাহ'ীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সে বলিল, 'আমি নিজেকে নির্দোষ মনে করি না, মানুষের মন অবশ্যই মন্দ কর্মপ্রবণ, কিন্তু সে নয়, যাহার প্রতি আমার প্রতিপালক দয়া করেন। আমার প্রতিপালক তো অতি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	وَقَالَ الْمَلِكُ ائْتُونِي بِهِ أَسْتَخْلِصْهُ لِنَفْسِي ۖ فَلَمَّا كَلَّمَهُ قَالَ إِنَّكَ الْيَوْمَ لَدَيْنَا مَكِينٌ أَمِينٌ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল মালিকু'তূনী বিহী~ আছতাখলিসহু লিনাফছী (ج) ফালাম্মা-কাল্লামাহূ ক'া-লা ইন্নাকাল ইয়াওমা লাদাইনা- মাকীনুন আমীন।	
তরজমা	রাজা বলিল, 'ইউসুফকে আমার নিকট লইয়া আস; আমি তাহাকে আমার একান্ত সহচর নিযুক্ত করিব।' অতঃপর রাজা যখন তাহার সঙ্গে কথা বলিল, তখন রাজা বলিল, 'আজ তুমি তো আমাদের নিকট মর্যাদাশীল, বিশ্বাসভাজন হইলে।'	
	قَالَ اجْعَلْنِي عَلَىٰ خَزَائِنِ الْأَرْضِ ۖ إِنِّي حَفِيظٌ عَلِيمٌ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ক'া-লাজ'আলনী 'আলা-খাঝা~ইনিল আরদি' (ج) ইন্নী হ'াফীজু'ন 'আলীম।	
তরজমা	ইউসুফ বলিল, 'আমাকে দেশের ধনভাণ্ডারের উপর কর্তৃত্ব প্রদান করুন; আমি তো উত্তম রক্ষক, সুবিজ্ঞ।'	
	وَكَذَٰلِكَ مَكَّنَّا لِيُوسُفَ فِي الْأَرْضِ ۖ يَتَبَوَّأُ مِنْهَا حَيْثُ يَشَاءُ ۚ نُصِيبُ بِرَحْمَتِنَا مَنْ نَشَاءُ وَلَا نُضِيعُ أَجْرَ الْمُحْسِنِينَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়া কায'া-লিকা মাক্কান্না-লিইউছুফা ফিল আরদি' (ج) ইয়াতাবাওওয়াউ মিনহা- হ'াইছু' ইয়াশা~উ (ط) নুসীবু বিরাহ'মাতিনা-মান্নাশা~উ ওয়ালা- নুদ'ী'উ আজরাল মুহ'ছিনীন।	
তরজমা	এইভাবে ইউসুফকে আমি সেই দেশে প্রতিষ্ঠিত করিলাম; সে সেই দেশে যথা ইচ্ছা অবস্থান করিতে পারিত। আমি যাহাকে ইচ্ছা তাহার প্রতি দয়া করি; আমি সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করি না।	
	وَلَأَجْرُ الْآخِرَةِ خَيْرٌ لِّلَّذِينَ آمَنُوا وَكَانُوا يَتَّقُونَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়ালাআজরুল আ-খিরাতি খাইরুল্ লিল্লায'ীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাকূ'ন।	
তরজমা	যাহারা মু'মিন এবং মুত্তাকী তাহাদের আখিরাতের পুরস্কারই উত্তম।	
	وَجَاءَ إِخْوَةُ يُوسُفَ فَدَخَلُوا عَلَيْهِ فَعَرَفَهُمْ وَهُمْ لَهُ مُنْكِرُونَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়াজা~আ ইখওয়াতু ইউছুফা ফাদাখালূ 'আলাইহি ফা'আরাফাহুম ওয়াহুম লাহূ মুংকিরূন।	

তরজমা	ইউসুফের ভ্রাতাগণ আসিল এবং তাহার নিকট উপস্থিত হইল। সে উহাদেরকে চিনিল, কিন্তু উহারা তাহাকে চিনিতে পারিল না।	
	وَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ قَالَ ائْتُونِي بِأَخٍ لَّكُمْ مِّنْ أَبِيكُمْ ۚ أَلَا تَرَوْنَ أَنِّي أُوفِي الْكَيْلَ وَأَنَا خَيْرُ الْمُنزِلِينَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-জাহহাঝাহুম বিজাহা-ঝিহিম ক'া-লা'তূনী বিআখিল্লাকুম মিন আবীকুম (ج) আলা-তারাওনা আন্নী~ উফিল কাইলা ওয়া আনা-খাইরুল মুংঝিলীন।	
তরজমা	এবং সে যখন উহাদের সামগ্রীর ব্যবস্থা করিয়া দিল তখন সে বলিল, 'তোমরা আমার নিকট তোমাদের বৈমাত্রেয় ভ্রাতাকে লইয়া আস। তোমরা কি দেখিতেছ না যে, আমি মাপে পূর্ণমাত্রায় দেই এবং আমি উত্তম অতিথিপরায়ণ।	
	فَإِن لَّمْ تَأْتُونِي بِهِ فَلَا كَيْلَ لَكُمْ عِندِي وَلَا تَقْرَبُونِ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ফাইল্লাম তা'তূনী বিহী ফালা-কাইলা লাকুম 'ইংদী ওয়ালা তাক'রাবূন।	
তরজমা	'কিন্তু তোমরা যদি তাহাকে আমার নিকট লইয়া না আস তবে আমার নিকট তোমাদের জন্য কোন বরাদ্দ থাকিবে না এবং তোমরা আমার নিকটবর্তী হইবে না।	
	قَالُوا سَنُرَاوِدُ عَنْهُ أَبَاهُ وَإِنَّا لَفَاعِلُونَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ছানুরা-ওয়িদু 'আনহু আবা-হু ওয়া ইন্না-লাফা-'ইলূন।	
তরজমা	উহারা বলিল, 'উহার বিষয়ে আমরা উহার পিতাকে সম্মত করিবার চেষ্টা করিব এবং আমরা নিশ্চয়ই ইহা করিব।'	
	وَقَالَ لِفِتْيَانِهِ اجْعَلُوا بِضَاعَتَهُمْ فِي رِحَالِهِمْ لَعَلَّهُمْ يَعْرِفُونَهَا إِذَا انقَلَبُوا إِلَىٰ أَهْلِهِمْ لَعَلَّهُمْ يَرْجِعُونَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা লিফিতইয়া-নিহিজ'আলূ বিদ'া-'আতাহুম ফী রিহ'া-লিহিম লা'আল্লাহুম ইয়া'রিফূনাহা~ ইয'াংক'লাবূ~ ইলা~ আহলিহিম লা'আল্লাহুম ইয়ারজি'উন।	
তরজমা	ইউসুফ তাহার ভৃত্য-গণকে বলিল, 'উহারা যে পণ্যমূল্য দিয়াছে তাহা উহাদের মালপত্রের মধ্যে রাখিয়া দাও-যাহাতে স্বজনদের নিকট প্রত্যাবর্তনের পর উহারা তাহা চিনিতে পারে, তাহা হইলে উহারা পুনরায় আসিতে পারে।'	
	فَلَمَّا رَجَعُوا إِلَىٰ أَبِيهِمْ قَالُوا يَا أَبَانَا مُنِعَ مِنَّا الْكَيْلُ فَأَرْسِلْ مَعَنَا أَخَانَا نَكْتَلْ وَإِنَّا لَهُ لَحَافِظُونَ ﴿٦٣﴾	63

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- রাজা'উ~ ইলা~আবীহিম ক'া-লূ ইয়া~আবা-না-মুনি'আ মিন্নাল কাইলু ফাআরছিল মা'আনা~ আখা-না-নাকতাল ওয়া ইন্না-লাহূ লাহ'া-ফিজূ'ন।	
তরজমা	অতঃপর উহারা যখন উহাদের পিতার নিকট ফিরিয়া আসিল, তখন উহারা বলিল, 'হে আমাদের পিতা! আমাদের জন্য বরাদ্দ নিষিদ্ধ করা হইয়াছে। সুতরাং আমাদের ভ্রাতাকে আমাদের সঙ্গে পাঠাইয়া দিন যাহাতে আমরা রসদ পাইতে পারি। আমরা অবশ্যই তাহার রক্ষণা-বেক্ষণ করিব।'	
	قَالَ هَلْ اٰمَنُكُمْ عَلَيْهِ اِلَّا كَمَآ اَمِنْتُكُمْ عَلٰٓى اَخِيْهِ مِنْ قَبْلُ ؕ فَاللّٰهُ خَيْرٌ حٰفِظًا ۪ وَّهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ক'া-লা হাল আ-মানুকুম 'আলাইহি ইল্লা-কামা~আমিংতুকুম 'আলা~আখীহি মিং ক'াবলু (ط) ফাল্লা-হু খাইরুন হ'া-ফিজ'াওঁ (ص) ওয়াহুওয়া আরহ'ামুর্ রা-হি'মীন।	
তরজমা	সে বলিল, 'আমি কি তোমাদেরকে উহার সম্বন্ধে সেইরূপ বিশ্বাস করিব, যেরূপ বিশ্বাস পূর্বে তোমাদেরকে করিয়া-ছিলাম উহার ভ্রাতা সম্বন্ধে ? আল্লাহ্ই রক্ষণাবেক্ষণে শ্রেষ্ঠ এবং তিনি সর্বশ্রেষ্ঠ দয়ালু।'	
	وَلَمَّا فَتَحُوْا مَتَاعَهُمْ وَجَدُوْا بِضَاعَتَهُمْ رُدَّتْ اِلَيْهِمْ ؕ قَالُوْا يٰٓاَبَانَا مَا نَبْغِيْ ؕ هٰذِهٖ بِضَاعَتُنَا رُدَّتْ اِلَيْنَا ۚ وَ نَمِيْرُ اَهْلَنَا وَنَحْفَظُ اَخَانَا وَنَزْدَادُ كَيْلَ بَعِيْرٍ ؕ ذٰلِكَ كَيْلٌ يَّسِيْرٌ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-ফাতাহূ মাতা-'আহুম ওয়াজাদূ বিদ'া-'আতাহুম রুদ্দাত ইলাইহিম (ط) ক'া-লূ ইয়া~ আবা-না-মা-নাবগী হা-যি'হী বিদ'া-'আতুনা- রুদ্দাত ইলাইনা- (ج) ওয়া নামীরু আহলানা- ওয়া নাহ'ফাজু' আখা-না-ওয়া নাঝদা-দু কাইলা বা'ঈরিং (ط) য'া-লিকা কাইলুইঁ ইয়াছীর।	
তরজমা	যখন উহারা উহাদের মালপত্র খুলিল তখন উহারা দেখিতে পাইল উহাদের পণ্যমূল্য উহাদেরকে প্রত্যর্পণ করা হইয়াছে। উহারা বলিল, 'হে আমাদের পিতা! আমরা আর কি প্রত্যাশা করিতে পারি ? ইহা আমাদের প্রদত্ত পণ্যমূল্য, আমাদেরকে প্রত্যর্পণ করা হইয়াছে। পুনরায় আমরা আমাদের পরিবারবর্গকে খাদ্য-সামগ্রী আনিয়া দিব এবং আমরা আমাদের ভ্রাতার রক্ষণাবেক্ষণ করিব এবং আমরা অতিরিক্ত আর এক উষ্ট্রবোঝাই পণ্য আনিব; যাহা আনিয়াছি তাহা পরিমাণে অল্প।'	
	قَالَ لَنْ اُرْسِلَهٗ مَعَكُمْ حَتّٰى تُؤْتُوْنِ مَوْثِقًا مِّنَ اللّٰهِ لَتَاْتُنَّنِيْ بِهٖٓ اِلَّآ اَنْ يُّحَاطَ بِكُمْ ۚ فَلَمَّآ اٰتَوْهُ مَوْثِقَهُمْ قَالَ اللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿٦٦﴾	66

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লা লান উরছিলাহূ মা'আকুম হ'াত্তা-তু'তূনি মাওছি'ক'াম মিনাল্লা-হি লাতা'তুন্নানী বিহী~ ইল্লা~ আইঁ ইউহ'া-ত'া বিকুম (ج) ফালাম্মা~ আ-তাওহু মাওছি'ক'াহুম ক'া-লাল্লা-হু 'আলা-মা-নাকূ'লু ওয়াকীল।	
তরজমা	পিতা বলিল, 'আমি উহাকে কখনই তোমাদের সঙ্গে পাঠাইব না যতক্ষণ না তোমরা আল্লাহ্‌র নামে অঙ্গীকার কর যে, তোমরা উহাকে আমার নিকট লইয়া আসিবেই, অবশ্য যদি তোমরা একান্ত অসহায় হইয়া না পড়।' অতঃপর যখন উহারা তাহার নিকট প্রতিজ্ঞা করিল তখন সে বলিল, 'আমরা যে বিষয়ে কথা বলিতেছি, আল্লাহ্‌ তাহার বিধায়ক।'	
	وَقَالَ يٰبَنِيَّ لَا تَدْخُلُوْا مِنْۢ بَابٍ وَّاحِدٍ وَّادْخُلُوْا مِنْ اَبْوَابٍ مُّتَفَرِّقَةٍ ؕ وَمَآ اُغْنِيْ عَنْكُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ اِنِ الْحُكْمُ اِلَّا لِلّٰهِ ؕ عَلَيْهِ تَوَكَّلْتُ ۚ وَعَلَيْهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُوْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ইয়া-বানিইইয়া লা-তাদখুলূ মিম বা-বিওঁ ওয়া-হি'দিওঁ ওয়াদখুলূ মিন আবওয়া-বিম মুতাফাররিক'াতিওঁ (ط) ওয়ামা~উগনী 'আংকুম মিনাল্লা-হি মিং শাইইন (ط) ইনিল হু'কমু ইল্লা-লিল্লা-হি (ط) 'আলাইহি তাওয়াক্কালতু (ج) ওয়া 'আলাইহি ফালইয়াতাওয়াক্কালিল মুতাওয়াক্কিলূন।	
তরজমা	সে বলিল, 'হে আমার পুত্রগণ! তোমরা এক দ্বার দিয়া প্রবেশ করিও না, ভিন্ন ভিন্ন দ্বার দিয়া প্রবেশ করিবে। আল্লাহ্‌র বিধানের বিরুদ্ধে আমি তোমাদের জন্য কিছু করিতে পারি না। বিধান আল্লাহ্‌রই। আমি তাঁহারই উপর নির্ভর করি এবং যাহারা নির্ভর করিতে চাহে তাহারা আল্লাহ্‌রই উপর নির্ভর করুক।'	
	وَلَمَّا دَخَلُوْا مِنْ حَيْثُ اَمَرَهُمْ اَبُوْهُمْ ؕ مَا كَانَ يُغْنِيْ عَنْهُمْ مِّنَ اللّٰهِ مِنْ شَيْءٍ اِلَّا حَاجَةً فِيْ نَفْسِ يَعْقُوْبَ قَضٰىهَا ؕ وَاِنَّهٗ لَذُوْ عِلْمٍ لِّمَا عَلَّمْنٰهُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-দাখালূ মিন হ'াইছু' আমারাহুম আবূহুম (ط) মা-কা-না ইউগনী 'আনহুম মিনাল্লা-হি মিং শাইঁইন ইল্লা- হ'া-জাতাং ফী নাফছি ইয়া'কুবা ক'াদ'া-হা- (ط) ওয়া ইন্নাহূ লাযূ'ইলমিল লিমা-'আল্লামনা-হু ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইয়া'লামূন।	
তরজমা	যখন তাহারা, তাহাদের পিতা তাহাদেরকে যেভাবে আদেশ করিয়াছিল, সেইভাবেই প্রবেশ করিল, তখন আল্লাহ্‌র বিধানের বিরুদ্ধে উহা তাহাদের কোন কাজে আসিল না; ইয়া'কূব কেবল তাহার মনের একটি অভিপ্রায় পূর্ণ করিয়াছিল এবং সে অবশ্যই জ্ঞানী ছিল, কারণ আমি তাহাকে শিক্ষা দিয়াছিলাম। কিন্তু অধিকাংশ মানুষ ইহা অবগত নয়।	
	وَلَمَّا دَخَلُوْا عَلٰى يُوْسُفَ اٰوٰۤى اِلَيْهِ اَخَاهُ قَالَ اِنِّيْۤ اَنَا اَخُوْكَ فَلَا تَبْتَىِٕسْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٦٩﴾	69

প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-দাখালূ 'আলা-ইউছুফা আ-ওয়া~ইলাইহি আখা-হু ক'া-লা ইন্নী~ আনা আখূকা ফালা- তাবতাইছ বিমা-কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	উহারা যখন ইউসুফের সম্মুখে উপস্থিত হইল, তখন ইউসুফ তাহার সহোদরকে নিজের কাছে রাখিল এবং বলিল, 'নিশ্চয়ই আমিই তোমার সহোদর, সুতরাং উহারা যাহা করিত তাহার জন্য দুঃখ করিও না।'	
	فَلَمَّا جَهَّزَهُمْ بِجَهَازِهِمْ جَعَلَ السِّقَايَةَ فِي رَحْلِ أَخِيهِ ثُمَّ أَذَّنَ مُؤَذِّنٌ أَيَّتُهَا الْعِيرُ إِنَّكُمْ لَسَارِقُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জাহহাঝাহুম বিজাহা-ঝিহিম জা'আলাছছিক'া-য়াতা ফী রাহ'লি আখীহি ছু'ম্মা আয্'য'ানা মুআয'যি'নুন আইয়াতুহাল 'ঈরু ইন্নাকুম লাছা-রিকূ'ন।	
তরজমা	অতঃপর সে যখন উহাদের সামগ্রীর ব্যবস্থা করিয়া দিল, তখন সে তাহার সহোদরের মালপত্রের মধ্যে পানপাত্র রাখিয়া দিল। অতঃপর এক আহ্বায়ক চিৎকার করিয়া বলিল, 'হে যাত্রীদল! তোমরা নিশ্চয়ই চোর।'	
	قَالُوا وَأَقْبَلُوا عَلَيْهِمْ مَاذَا تَفْقِدُونَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ওয়া আক'বালূ 'আলাইহিম মা-য'া-তাফকি'দূন।	
তরজমা	উহারা তাহাদের দিকে ফিরিয়া বলিল, 'তোমরা কী হারাইয়াছ ?'	
	قَالُوا نَفْقِدُ صُوَاعَ الْمَلِكِ وَلِمَنْ جَاءَ بِهِ حِمْلُ بَعِيرٍ وَأَنَا بِهِ زَعِيمٌ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ক'া-লূ নাফকি'দু সুওয়া-'আল মালিকি ওয়া লিমাং জা~আ বিহী হি'মলু বা'ঈরিওঁ ওয়া আনা বিহী ঝা'ঈম।	
তরজমা	তাহারা বলিল, 'আমরা রাজার পানপাত্র হারাইয়াছি; যে উহা আনিয়া দিবে সে এক উষ্ট্রবোঝাই মাল পাইবে এবং আমি উহার জামিন।'	
	قَالُوا تَاللَّهِ لَقَدْ عَلِمْتُمْ مَا جِئْنَا لِنُفْسِدَ فِي الْأَرْضِ وَمَا كُنَّا سَارِقِينَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি লাক'াদ 'আলিমতুম মা-জি'না-লিনুফছিদা ফিল আরদি' ওয়ামা- কুন্না - ছা রিক'ীন।	
তরজমা	উহারা বলিল, 'আল্লাহ্‌র শপথ! তোমরা তো জান আমরা এই দেশে দুষ্কৃতি করিতে আসি নাই এবং আমরা চোরও নই।'	
	قَالُوا فَمَا جَزَاؤُهُ إِنْ كُنْتُمْ كَاذِبِينَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ফামা-জাঝা~উহূ~ ইং কুংতুম কা-যি'বীন।	
তরজমা	তাহারা বলিল, 'যদি তোমরা মিথ্যাবাদী হও তবে তাহার শাস্তি কী ?	

	قَالُوْا جَزَآؤُهٗ مَنْ وُّجِدَ فِيْ رَحْلِهٖ فَهُوَ جَزَآؤُهٗ ؕ كَذٰلِكَ نَجْزِي الظّٰلِمِيْنَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ক'া-লূ জাঝা~উহূ মাওঁ উজিদা ফী রাহ'লিহী ফাহুওয়া জাঝা~উহূ (ط) কাযা-লিকা নাজঝিজ্' জ'া-লিমীন।	
তরজমা	উহারা বলিল, 'ইহার শাস্তি যাহার মালপত্রের মধ্যে পাত্রটি পাওয়া যাইবে, সে-ই তাহার বিনিময়।' এইভাবে আমরা সীমালংঘনকারীদেরকে শাস্তি দিয়া থাকি।	
	فَبَدَاَ بِاَوْعِيَتِهِمْ قَبْلَ وِعَآءِ اَخِيْهِ ثُمَّ اسْتَخْرَجَهَا مِنْ وِّعَآءِ اَخِيْهِ ؕ كَذٰلِكَ كِدْنَا لِيُوْسُفَ ؕ مَا كَانَ لِيَاْخُذَ اَخَاهُ فِيْ دِيْنِ الْمَلِكِ اِلَّاۤ اَنْ يَّشَآءَ اللّٰهُ ؕ نَرْفَعُ دَرَجٰتٍ مَّنْ نَّشَآءُ ؕ وَفَوْقَ كُلِّ ذِيْ عِلْمٍ عَلِيْمٌ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ফাবাদাআ বিআও'ইইয়াতিহিম ক'াবলা বি'্'আ~ই আখীহি (ط) ছুম্মাছ্তাখরাজাহা-মিওঁ বি'্'আ~ই আখীহি (ط) কায'া-লিকা কিদনা-লিইউছুফা (ط) মা-কা-না লিইয়া'খুয'া আখা-হু ফী দীনিল মালিকি ইল্লা~ আইঁ ইয়াশা~আল্লা-হু (ط) নারফা'উ দারাজা-তিম্ মান্নাশা~উ (ط) ওয়া ফাওক'া কুল্লি য'ী 'ইলমিন 'আলীম।	
তরজমা	অতঃপর সে তাহার সহোদরের মালপত্র তল্লাশির পূর্বে উহাদের মালপত্র তল্লাশি করিতে লাগিল, পরে তাহার সহোদরের মালপত্রের মধ্য হইতে পাত্রটি বাহির করিল। এইভাবে আমি ইউসুফের জন্য কৌশল করিয়াছিলাম। রাজার আইনে তাহার সহোদরকে সে আটক করিতে পারিত না, আল্লাহ্ ইচ্ছা না করিলে। আমি যাহাকে ইচ্ছা মর্যাদায় উন্নীত করি। প্রত্যেক জ্ঞানবান ব্যক্তির উপর আছেন সর্বজ্ঞানী।	
	قَالُوْۤا اِنْ يَّسْرِقْ فَقَدْ سَرَقَ اَخٌ لَّهٗ مِنْ قَبْلُ ۚ فَاَسَرَّهَا يُوْسُفُ فِيْ نَفْسِهٖ وَلَمْ يُبْدِهَا لَهُمْ ۚ قَالَ اَنْتُمْ شَرٌّ مَّكَانًا ۚ وَاللّٰهُ اَعْلَمُ بِمَا تَصِفُوْنَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ ইয়ঁ ইয়াছরিক' ফাক'াদ ছারাক'া আখুল্লাহূ মিং ক'াবলু (ج) ফাআছাররাহা-ইউছুফু ফী নাফছিহী ওয়ালাম ইউবদিহা-লাহুম (ج) ক'া-লা আংতুম শাররুম মা-কা-নাওঁ- (ج) ওয়াল্লা-হু আ'লামু বিমা-তাসিফূন।	
তরজমা	উহারা বলিল, 'সে যদি চুরি করিয়া থাকে তবে তাহার সহোদরও তো পূর্বে চুরি করিয়াছিল।' কিন্তু ইউসুফ প্রকৃত ব্যাপার নিজের মনে গোপন রাখিল এবং উহাদের নিকট প্রকাশ করিল না; সে মনে মনে বলিল, 'তোমাদের অবস্থা তো হীনতর এবং তোমরা যাহা বলিতেছ সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত।'	
	قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ اِنَّ لَهٗۤ اَبًا شَيْخًا كَبِيْرًا فَخُذْ اَحَدَنَا مَكَانَهٗ ۚ اِنَّا نَرٰىكَ مِنَ الْمُحْسِنِيْنَ ﴿٧٨﴾	78

প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া~ আইয়ুহাল 'আঝীঝু ইন্না লাহূ~ আবাং শাইখাং কাবীরাং ফাখুয' আহ'াদানা-মাকা-নাহূ (ج) ইন্না-নারা-কা মিনাল মুহ'ছিনীন।	
তরজমা	উহারা বলিল, 'হে 'আযীয! ইহার পিতা তো অতিশয় বৃদ্ধ; সুতরাং ইহার স্থলে আপনি আমাদের একজনকে রাখুন। আমরা তো আপনাকে দেখিতেছি মহানুভব ব্যক্তিদের একজন।'	
	قَالَ مَعَاذَ اللّٰهِ اَنْ نَّاْخُذَ اِلَّا مَنْ وَّجَدْنَا مَتَاعَنَا عِنْدَهٗٓ ۙ اِنَّآ اِذًا لَّظٰلِمُوْنَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ক'া-লা মা'আয' াল্লা-হি আন না'খুয' া ইল্লা- মাওঁ ওয়াজাদনা-মাতা-'আনা- 'ইংদাহূ~ (لا) ইন্না~ ইয' াল্ লাজ' া-লিমূন।	
তরজমা	সে বলিল, 'যাহার নিকট আমরা আমাদের মাল পাইয়াছি, তাহাকে ছাড়া অন্যকে রাখার অপরাধ হইতে আমরা আল্লাহ্‌র শরণ লইতেছি। এইরূপ করিলে আমরা অবশ্যই সীমালংঘনকারী হইব।'	
	فَلَمَّا اسْتَيْـَٔسُوْا مِنْهُ خَلَصُوْا نَجِيًّا ؕ قَالَ كَبِيْرُهُمْ اَلَمْ تَعْلَمُوْٓا اَنَّ اَبَاكُمْ قَدْ اَخَذَ عَلَيْكُمْ مَّوْثِقًا مِّنَ اللّٰهِ وَمِنْ قَبْلُ مَا فَرَّطْتُّمْ فِيْ يُوْسُفَ ۚ فَلَنْ اَبْرَحَ الْاَرْضَ حَتّٰى يَاْذَنَ لِيْٓ اَبِيْٓ اَوْ يَحْكُمَ اللّٰهُ لِيْ ۚ وَهُوَ خَيْرُ الْحٰكِمِيْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ফালাম্মাছ তাইআছূ মিনহু খালাসূ নাজিইইয়াং (ط) ক'া-লা কাবীরুহুম আলাম তা'লামূ~ আন্না আবা-কুম ক'াদ আখায' া 'আলাইকুম মাওছি'ক'াম মিনাল্লা-হি ওয়া মিং ক'াবলু মা-ফার্‌রাত্‌তু'ম ফী ইঊছুফা (ج) ফালান আবরাহ'াল আরদ' া হ'াত্তা-ইয়া'য' ানা লী~ আবী~ আও ইয়াহ'কুমাল্লা-হু লী (ج) ওয়া হুওয়া খাইরুল হ'া-কিমীন।	
তরজমা	যখন উহারা তাহার নিকট হইতে সম্পূর্ণ নিরাশ হইল, তখন উহারা নির্জনে গিয়া পরামর্শ করিতে লাগিল। উহাদের বয়োজ্যেষ্ঠ ব্যক্তি বলিল, 'তোমরা কি জান না যে, তোমাদের পিতা তোমাদের নিকট হইতে আল্লাহ্‌র নামে অঙ্গীকার লইয়াছেন এবং পূর্বেও তোমরা ইউসুফের ব্যাপারে ত্রুটি করিয়াছিলে ? সুতরাং আমি কিছুতেই এই দেশ ত্যাগ করিব না, যতক্ষণ না আমার পিতা আমাকে অনুমতি দেন অথবা আল্লাহ্ আমার জন্য কোন ব্যবস্থা করেন এবং তিনিই শ্রেষ্ঠ বিচারক।	
	اِرْجِعُوْٓا اِلٰٓى اَبِيْكُمْ فَقُوْلُوْا يٰٓاَبَانَآ اِنَّ ابْنَكَ سَرَقَ ۚ وَمَا شَهِدْنَآ اِلَّا بِمَا عَلِمْنَا وَمَا كُنَّا لِلْغَيْبِ حٰفِظِيْنَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ইরজি'উ~ ইলা~ আবীকুম ফাক্‌ূলূ ইয়া~ আবা-না~ ইন্নাবনাকা ছারাক'া (ج) ওয়ামা-শাহিদনা~ ইল্লা-বিমা-'আলিমনা- ওয়ামা- কুন্না-লিলগাইবি হ'া-ফিজ' ীন।	

তরজমা	'তোমরা তোমাদের পিতার নিকট ফিরিয়া যাও এবং বল, 'হে আমাদের পিতা! আপনার পুত্র তো চুরি করিয়াছে এবং আমরা যাহা জানি তাহারই প্রত্যক্ষ বিবরণ দিলাম। আর অজানা ব্যাপারে আমরা সংরক্ষণকারী নই।	
	وَسْـَٔلِ الْقَرْيَةَ الَّتِيْ كُنَّا فِيْهَا وَالْعِيْرَ الَّتِيْٓ اَقْبَلْنَا فِيْهَا ۭ وَاِنَّا لَصٰدِقُوْنَ ۝	82
প্রতিবর্ণায়ন	ওয়াছ আলিল ক'ারয়াতাল্লাতী কুন্না-ফীহা-ওয়াল 'ঈরাল্লাতী~ আক'বালনা-ফীহা- (ط) ওয়া ইন্না-লাসা-দিকূ'ন।	
তরজমা	'যে জনপদে আমরা ছিলাম উহার অধিবাসিগণকে জিজ্ঞাসা করুন এবং যে যাত্রীদলের সঙ্গে আমরা আসিয়াছি তাহাদেরকেও। আমরা অবশ্যই সত্য বলিতেছি।'	
	قَالَ بَلْ سَوَّلَتْ لَكُمْ اَنْفُسُكُمْ اَمْرًا ۭ فَصَبْرٌ جَمِيْلٌ ۭ عَسَى اللّٰهُ اَنْ يَّاْتِيَنِيْ بِهِمْ جَمِيْعًا ۭ اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ۝	83
প্রতিবর্ণায়ন	ক'া-লা বাল ছাওওয়ালাত লাকুম আংফুছুকুম আমরাং (ط) ফাসাবরুং জামীলুন (ط) 'আছাল্লা-হু আইঁ ইয়া'তিয়ানী বিহিম জামী'আন (ط) ইন্নাহূ হুওয়াল 'আলীমুল হ'াকীম।	
তরজমা	ইয়া'কূব বলিল, 'না, তোমাদের মন তোমাদের জন্য একটি কাহিনী সাজাইয়া দিয়াছে, সুতরাং পূর্ণ ধৈর্যই শ্রেয়; হয়তো আল্লাহ্ উহাদেরকে একসঙ্গে আমার নিকট আনিয়া দিবেন। অবশ্য তিনিই সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।'	
	وَتَوَلّٰى عَنْهُمْ وَقَالَ يٰٓاَسَفٰى عَلٰي يُوْسُفَ وَابْيَضَّتْ عَيْنٰهُ مِنَ الْحُزْنِ فَهُوَ كَظِيْمٌ ۝	84
প্রতিবর্ণায়ন	ওয়া তাওয়াল্লা-'আনহুম ওয়া ক'া-লা ইয়া~আছাফা-'আলা-ইউছুফা ওয়াবইয়াদ'দ'াত 'আইনা-হু মিনাল হু'ঝনি ফাহুওয়া কাজ'ীম।	
তরজমা	সে উহাদের হইতে মুখ ফিরাইয়া লইল এবং বলিল, 'আফসোস ইউসুফের জন্য।' শোকে তাহার চক্ষুদ্বয় সাদা হইয়া গিয়াছিল এবং সে ছিল অসহনীয় মনস্তাপে ক্লিষ্ট।	
	قَالُوْا تَاللّٰهِ تَفْتَؤُا تَذْكُرُ يُوْسُفَ حَتّٰى تَكُوْنَ حَرَضًا اَوْ تَكُوْنَ مِنَ الْهٰلِكِيْنَ ۝	85
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি তাফতাউ তায'কুরু ইউছুফা হ'াত্তা-তাকূনা হ'ারাদ'ান আও তাকূনা মিনাল হা-লিকীন।	
তরজমা	উহারা বলিল, 'আল্লাহ্র শপথ! আপনি তো ইউসুফের কথা সদা স্মরণ করিতে থাকিবেন যতক্ষণ না আপনি মুমূর্ষু হইবেন, অথবা মৃত্যুবরণ করিবেন।'	
	قَالَ اِنَّمَآ اَشْكُوْا بَثِّيْ وَحُزْنِيْٓ اِلَى اللّٰهِ وَاَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ۝	86
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নামা~আশকূ বাছ'ছ'ী ওয়া হু'ঝনী~ইলাল্লা-হি ওয়া আ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'লামূন।	

তরজমা	সে বলিল, 'আমি আমার অসহনীয় বেদনা, আমার দুঃখ শুধু আল্লাহ্‌র নিকট নিবেদন করিতেছি এবং আমি আল্লাহ্‌র নিকট হইতে জানি যাহা তোমরা জান না।	
	يٰبَنِيَّ اذْهَبُوْا فَتَحَسَّسُوْا مِنْ يُّوْسُفَ وَاَخِيْهِ وَلَا تَايْـَٔسُوْا مِنْ رَّوْحِ اللّٰهِ ؕ اِنَّهٗ لَا يَايْـَٔسُ مِنْ رَّوْحِ اللّٰهِ اِلَّا الْقَوْمُ الْكٰفِرُوْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ইয়া–বানিইইয়ায·হাবূ ফাতাহ·াছ্ছাছূ মিইঁ ইউছুফা ওয়া আখীহি ওয়ালা–তাইআছূ মির রাওহি·ল্লা–হি; ইন্নাহূ লা–ইয়াইআছু মির্‌রাওহি·ল্লা–হি (ط) ইল্লাল ক·াওমুল কা–ফিরূন।	
তরজমা	'হে আমার পুত্রগণ! তোমরা যাও, ইউসুফ ও তাহার সহোদরের অনুসন্ধান কর এবং আল্লাহ্‌র আশিস হইতে তোমরা নিরাশ হইও না। কারণ আল্লাহ্‌র আশিস্ হইতে কেহই নিরাশ হয় না, কাফির সম্প্রদায় ব্যতীত।'	
	فَلَمَّا دَخَلُوْا عَلَيْهِ قَالُوْا يٰۤاَيُّهَا الْعَزِيْزُ مَسَّنَا وَاَهْلَنَا الضُّرُّ وَجِئْنَا بِبِضَاعَةٍ مُّزْجٰىةٍ فَاَوْفِ لَنَا الْكَيْلَ وَتَصَدَّقْ عَلَيْنَا ؕ اِنَّ اللّٰهَ يَجْزِى الْمُتَصَدِّقِيْنَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ফালাম্মা–দাখালূ 'আলাইহি ক·া–লূ ইয়া~আইয়ুহাল 'আঝীঝু মাছছানা– ওয়াআহলানাদ·দু·ররু ওয়া জি'না–বিবিদ·া–'আতিম মুঝজা–তিং ফাআওফি লানাল কাইলা ওয়া তাসাদ্দাক· 'আলাইনা– (ط) ইন্নাল্লা–হা ইয়াজঝিল মুতাসাদ্দিক·ীন।	
তরজমা	যখন উহারা তাহার নিকট উপস্থিত হইল তখন বলিল, 'হে 'আযীয! আমরা ও আমাদের পরিবার-পরিজন বিপন্ন হইয়া পড়িয়াছি এবং আমরা তুচ্ছ পুঁজি লইয়া আসিয়াছি; আপনি আমাদের রসদ পূর্ণমাত্রায় দিন এবং আমাদেরকে দান করুন; আল্লাহ্ অবশ্যই দাতাগণকে পুরস্কৃত করিয়া থাকেন।'	
	قَالَ هَلْ عَلِمْتُمْ مَّا فَعَلْتُمْ بِيُوْسُفَ وَاَخِيْهِ اِذْ اَنْتُمْ جٰهِلُوْنَ ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	ক·া–লা হাল 'আলিমতুম মা–ফা'আলতুম বিইউছুফা ওয়া আখীহি ইয· আংতুম জা–হিলূন।	
তরজমা	সে বলিল, 'তোমরা কি জান, তোমরা ইউসুফ ও তাহার সহোদরের প্রতি কিরূপ আচরণ করিয়াছিলে, যখন তোমরা ছিলে অজ্ঞ ?'	
	قَالُوْۤا ءَاِنَّكَ لَاَنْتَ يُوْسُفُ ؕ قَالَ اَنَا يُوْسُفُ وَهٰذَاۤ اَخِىْ ۫ قَدْ مَنَّ اللّٰهُ عَلَيْنَا ؕ اِنَّهٗ مَنْ يَّتَّقِ وَيَصْبِرْ فَاِنَّ اللّٰهَ لَا يُضِيْعُ اَجْرَ الْمُحْسِنِيْنَ ﴿٩٠﴾	90

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~আ ইন্নাকা লাআংতা ইউছুফু (ط) ক'া-লা আনা ইউছুফু ওয়া হা-য'া~আখী (ز) ক'াদ মান্নাল্লা-হু 'আলাইনা- (ط) ইন্নাহূ মাইঁ ইয়াত্তাকি' ওয়া ইয়াসবির ফাইন্নাল্লা-হা লা-ইউদ'ী'উ আজরাল মুহ'ছিনীন।	
তরজমা	উহারা বলিল, 'তবে কি তুমিই ইউসুফ?' সে বলিল, 'আমিই ইউসুফ এবং এই আমার সহোদর; আল্লাহ্ তো আমাদের প্রতি অনুগ্রহ করিয়াছেন। নিশ্চয়ই যে ব্যক্তি মুত্তাকী এবং ধৈর্যশীল, আল্লাহ্ তো সেইরূপ সৎকর্মপরায়ণদের শ্রমফল নষ্ট করেন না।'	
	قَالُوْا تَاللّٰهِ لَقَدْ اٰثَرَكَ اللّٰهُ عَلَيْنَا وَاِنْ كُنَّا لَخٰطِـِٕيْنَ ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি লাক'াদ আ-ছ'ারাকাল্লা-হু 'আলাইনা-ওয়া ইং কুন্না-লাখা-তি'ঈন।	
তরজমা	উহারা বলিল, আল্লাহ্র শপথ! আল্লাহ্ নিশ্চয়ই তোমাকে আমাদের উপর প্রাধান্য দিয়াছেন এবং আমরা তো অপরাধী ছিলাম।'	
	قَالَ لَا تَثْرِيْبَ عَلَيْكُمُ الْيَوْمَ ؕ يَغْفِرُ اللّٰهُ لَكُمْ ۫ وَهُوَ اَرْحَمُ الرّٰحِمِيْنَ ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ক'া-লা লা-তাছ'রীবা 'আলাইকুমুল ইয়াওমা (ط) ইয়াগফিরুল্লা-হু লাকুম (ز) ওয়া হুওয়া আরহ'ামুর রা-হি'মীন।	
তরজমা	সে বলিল, 'আজ তোমাদের বিরুদ্ধে কোন অভিযোগ নাই। আল্লাহ্ তোমাদেরকে ক্ষমা করুন এবং তিনিই শ্রেষ্ঠ দয়ালু।'	
	اِذْهَبُوْا بِقَمِيْصِىْ هٰذَا فَاَلْقُوْهُ عَلٰى وَجْهِ اَبِىْ يَاْتِ بَصِيْرًا ۚ وَاْتُوْنِىْ بِاَهْلِكُمْ اَجْمَعِيْنَ ﴿٩٣﴾ ع	93
প্রতিবর্ণায়ন	ইয'হাবূ বিক'ামীসী হা-য'া-ফাআলকূ'হু 'আলা-ওয়াজহি আবী ইয়া'তি বাসীরা- (ج) ওয়া'তূনী বিআহলিকুম আজমা'ঈন।	
তরজমা	তোমরা আমার এই জামাটি লইয়া যাও এবং ইহা আমার পিতার মুখমণ্ডলের উপর রাখিও; তিনি দৃষ্টিশক্তি ফিরিয়া পাইবেন। আর তোমাদের পরিবারের সকলকেই আমার নিকট লইয়া আসিও।'	
	وَلَمَّا فَصَلَتِ الْعِيْرُ قَالَ اَبُوْهُمْ اِنِّىْ لَاَجِدُ رِيْحَ يُوْسُفَ لَوْلَاۤ اَنْ تُفَنِّدُوْنِ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-ফাসালাতিল 'ঈরু ক'া-লা আবূহুম ইন্নী লাআজিদু রীহ'া ইউছুফা লাওলা~ আং তুফান্নিদূন।	
তরজমা	অতঃপর যাত্রীদল যখন বাহির হইয়া পড়িল তখন উহাদের পিতা বলিল, 'তোমরা যদি আমাকে অপ্রকৃতিস্থ মনে না কর তবে বলি, আমি ইউসুফের ঘ্রাণ পাইতেছি।'	
	قَالُوْا تَاللّٰهِ اِنَّكَ لَفِىْ ضَلٰلِكَ الْقَدِيْمِ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাল্লা-হি ইন্নাকা লাফী দ'ালা-লিকাল ক'াদীম।	
তরজমা	তাহারা বলিল, 'আল্লাহ্র শপথ! আপনি তো আপনার পূর্ব-বিভ্রান্তিতেই রহিয়াছেন	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَمَّآ اَنْ جَآءَ الْبَشِيْرُ اَلْقٰىهُ عَلٰى وَجْهِهٖ فَارْتَدَّ بَصِيْرًا ۚ قَالَ اَلَمْ اَقُلْ لَّكُمْ ۚ اِنِّيْٓ اَعْلَمُ مِنَ اللّٰهِ مَا لَا تَعْلَمُوْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আং জা~আল বাশীরু আলক'া-হু 'আলা-ওয়াজহিহী ফারতাদ্দা বাসীরাং (ج) ক'া-লা আলাম আকু'ল্লাকুম (ج) ইন্নী~আ'লামু মিনাল্লা-হি মা-লা-তা'লামূন।	
তরজমা	অতঃপর যখন সুসংবাদবাহক উপস্থিত হইল এবং তাহার মুখমণ্ডলের উপর জামাটি রাখিল তখন সে দৃষ্টিশক্তি ফিরিয়া পাইল। সে বলিল, 'আমি কি তোমাদেরকে বলি নাই যে, আমি আল্লাহ্‌র নিকট হইতে জানি যাহা তোমরা জান না?'	
	قَالُوْا يٰٓاَبَانَا اسْتَغْفِرْ لَنَا ذُنُوْبَنَآ اِنَّا كُنَّا خٰطِـِٕيْنَ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া~আবা-নাছ্‌তাগফির্‌লানা-যু'নূবানা~ইন্না-কুন্না-খা-তি'ঈন।	
তরজমা	উহারা বলিল, 'হে আমাদের পিতা! আমাদের পাপের জন্য ক্ষমা প্রার্থনা করুন; আমরা তো অপরাধী।'	
	قَالَ سَوْفَ اَسْتَغْفِرُ لَكُمْ رَبِّيْ ۭ اِنَّهٗ هُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ক'া-লা ছাওফা আছতাগফিরু লাকুম রাব্বী (ط) ইন্নাহূ হুওয়াল গাফূরুর রাহ'ীম।	
তরজমা	সে বলিল, 'আমি আমার প্রতিপালকের নিকট তোমাদের জন্য ক্ষমা প্রার্থনা করিব। তিনি তো অতি ক্ষমাশীল, পরম দয়ালু।'	
	فَلَمَّا دَخَلُوْا عَلٰي يُوْسُفَ اٰوٰٓى اِلَيْهِ اَبَوَيْهِ وَقَالَ ادْخُلُوْا مِصْرَ اِنْ شَاۗءَ اللّٰهُ اٰمِنِيْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-দাখালূ 'আলা-ইউছুফা আ-ওয়া~ইলাইহি আবাওয়াইহি ওয়া ক'া-লাদ খুলূ মিসরা ইং শা~আল্লা-হু আ-মিনীন।	
তরজমা	অতঃপর উহারা যখন ইউসুফের নিকট উপস্থিত হইল, তখন সে তাহার পিতা-মাতাকে আলিংগন করিল এবং বলিল, 'আপনারা আল্লাহ্‌র ইচ্ছায় নিরাপদে মিসরে প্রবেশ করুন।'	
	وَرَفَعَ اَبَوَيْهِ عَلَي الْعَرْشِ وَخَرُّوْا لَهٗ سُجَّدًا ۚ وَقَالَ يٰٓاَبَتِ هٰذَا تَاْوِيْلُ رُءْيَايَ مِنْ قَبْلُ ڰ قَدْ جَعَلَهَا رَبِّيْ حَقًّا ۭ وَقَدْ اَحْسَنَ بِيْٓ اِذْ اَخْرَجَنِيْ مِنَ السِّجْنِ وَجَاۗءَ بِكُمْ مِّنَ الْبَدْوِ مِنْۢ بَعْدِ اَنْ نَّزَغَ الشَّيْطٰنُ بَيْنِيْ وَبَيْنَ اِخْوَتِيْ ۭ اِنَّ رَبِّيْ لَطِيْفٌ لِّمَا يَشَاۗءُ ۭ اِنَّهٗ هُوَ الْعَلِيْمُ الْحَكِيْمُ ﴿١٠٠﴾	100

প্রতিবর্ণায়ন	ওয়া রাফা'আ আবাওয়াইহি 'আলাল 'আরশি ওয়া খার্‌রূ লাহূ ছুজ্জদাওঁ (ج) ওয়া ক'া-লা ইয়া~আবাতি হা-য'া-তা'ব'ীলু রু'ইয়া-ইয়া মিং ক'াবলু (ز) ক'াদ জা'আলাহা-রাব্বী হ'াক্ক'াওঁ (ط) ওয়া ক'াদ আহ'ছ'ানা বী~ ইয' আখরাজানী মিনাছছিজ্‌নি ওয়া জা~আ বিকুম মিনাল বাদবি' মিম বা'দি আন্ নাঝাগাশ্‌শাইত'া-নু বাইনী ওয়া বাইনা ইখওয়াতী (ط) ইন্না রাব্বী লাত'ীফুল্ লিমা-ইয়াশা~উ (ط) ইন্নাহূ হুওয়াল 'আলীমুল হ'াকীম।	
তরজমা	এবং ইউসুফ তাহার মাতা-পিতাকে উচ্চাসনে বসাইল এবং উহারা সকলে তাহার সম্মানে সিজ্‌দায় লুটাইয়া পড়িল। সে বলিল, 'হে আমার পিতা! ইহাই আমার পূর্বেকার স্বপ্নের ব্যাখ্যা; আমার প্রতিপালক উহা সত্যে পরিণত করিয়াছেন এবং তিনি আমাকে কারাগার হইতে মুক্ত করিয়া এবং শয়তান আমার ও আমার ভ্রাতাদের সম্পর্ক নষ্ট করিবার পরও আপনাদেরকে মরু অঞ্চল হইতে এখানে আনিয়া দিয়া আমার প্রতি অনুগ্রহ করিয়াছেন। আমার প্রতিপালক যাহা ইচ্ছা তাহা নিপুণতার সঙ্গে করেন। তিনি তো সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।'	
	رَبِّ قَدْ اٰتَيْتَنِيْ مِنَ الْمُلْكِ وَعَلَّمْتَنِيْ مِنْ تَاْوِيْلِ الْاَحَادِيْثِ ۚ فَاطِرَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۗ اَنْتَ وَلِيّٖ فِي الدُّنْيَا وَالْاٰخِرَةِ ۚ تَوَفَّنِيْ مُسْلِمًا وَّاَلْحِقْنِيْ بِالصّٰلِحِيْنَ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	রাব্বি ক'াদ আ-তাইতানী মিনাল মুলকি ওয়া 'আল্লামতানী মিং তা'ব'ীলিল আহ'া-দীছি (ج) ফা-তি'রাছ্‌ছামা-ওয়া-তি ওয়াল আরদি' (قف) আংতা ওয়ালিইইয়ী ফিদ্‌দুনইয়া-ওয়াল আ-খিরাতি (ج) তাওয়াফফানী মুছলিমাওঁ ওয়া আলহি'ক'নী বিসসা-লিহ'ীন।	
তরজমা	'হে আমার প্রতিপালক! তুমি আমাকে রাজ্য দান করিয়াছ এবং স্বপ্নের ব্যাখ্যা শিক্ষা দিয়াছ। হে আকাশমণ্ডলী ও পৃথিবীর স্রষ্টা! তুমিই ইহলোক ও পরলোকে আমার অভিভাবক। তুমি আমাকে মুসলিম হিসাবে মৃত্যু দাও এবং আমাকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত কর।'	
	ذٰلِكَ مِنْ اَنْۢبَآءِ الْغَيْبِ نُوْحِيْهِ اِلَيْكَ ۚ وَمَا كُنْتَ لَدَيْهِمْ اِذْ اَجْمَعُوْٓا اَمْرَهُمْ وَهُمْ يَمْكُرُوْنَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	য'া-লিকা মিন আমবা~ইল গাইবি নূহ'ীহি ইলাইকা (ج) ওয়ামা-কুংতা লাদাইহিম ইয আজমা'উ~ আমরাহুম ওয়া হুম ইয়ামকুরূন।	
তরজমা	ইহা অদৃশ্যলোকের সংবাদ যাহা তোমাকে আমি ওহী দ্বারা অবহিত করিতেছি; ষড়যন্ত্রকালে যখন উহারা মতৈক্যে পৌঁছিয়াছিল, তখন তুমি উহাদের সঙ্গে ছিলে না।	
	وَمَآ اَكْثَرُ النَّاسِ وَلَوْ حَرَصْتَ بِمُؤْمِنِيْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আকছ'ারুন্না-ছি ওয়ালাও হ'ারাসতা বিমু'মিনীন।	
তরজমা	তুমি যতই চাও না কেন, অধিকাংশ লোকই বিশ্বাস করিবার নয়।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَا تَسْـَٔلُهُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ؕ اِنْ هُوَ اِلَّا ذِكْرٌ لِّلْعٰلَمِيْنَ ﴿۱۰۴﴾	104
প্রতিবর্ণায়ন	ওয়ামা তাছআলুহুম ‘আলাইহি মিন আজরিন (ط) ইন হুওয়া ইল্লা-যি·করুল্ লিল‘আ-লামীন।	
তরজমা	এবং তুমি তাহাদের নিকট ইহার জন্য কোন পারিশ্রমিক দাবি করিতেছ না। ইহা তো বিশ্বজগতের জন্য উপদেশ ব্যতীত কিছু নয়।	
	وَكَاَيِّنْ مِّنْ اٰيَةٍ فِى السَّمٰوٰتِ وَالْاَرْضِ يَمُرُّوْنَ عَلَيْهَا وَهُمْ عَنْهَا مُعْرِضُوْنَ ﴿۱۰۵﴾	105
প্রতিবর্ণায়ন	ওয়া কাআইয়িম মিন আ-য়াতিং ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি· ইয়ামুররূনা ‘আলাইহা-ওয়াহুম ‘আনহা-মু‘রিদূ·ন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে অনেক নিদর্শন রহিয়াছে; তাহারা এই সমস্ত প্রত্যক্ষ করে, কিন্তু তাহারা এই সকলের প্রতি উদাসীন।	
	وَمَا يُؤْمِنُ اَكْثَرُهُمْ بِاللّٰهِ اِلَّا وَهُمْ مُّشْرِكُوْنَ ﴿۱۰۶﴾	106
প্রতিবর্ণায়ন	ওয়ামা-ইউ’মিনু আকছ·ারুহুম বিল্লা-হি ইল্লা-ওয়াহুম মুশরিকূন।	
তরজমা	তাহাদের অধিকাংশ আল্লাহে বিশ্বাস করে, কিন্তু তাঁহার শরীক করে।	
	اَفَاَمِنُوْٓا اَنْ تَاْتِيَهُمْ غَاشِيَةٌ مِّنْ عَذَابِ اللّٰهِ اَوْ تَاْتِيَهُمُ السَّاعَةُ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿۱۰۷﴾	107
প্রতিবর্ণায়ন	আফাআমিনূ~আং তা’তিয়াহুম গা-শিয়াতুম মিন ‘আয·া-বিল্লা-হি আও তা‘তিয়াহুমুছছা-‘আতু বাগতাতাওঁ ওয়াহুম লা-ইয়াশ‘উরূন।	
তরজমা	তবে কি তাহারা আল্লাহ্‌র সর্বগ্রাসী শাস্তি হইতে অথবা তাহাদের অজ্ঞাতসারে কিয়ামতের আকস্মিক উপস্থিতি হইতে নিরাপদ?	
	قُلْ هٰذِهٖ سَبِيْلِىْٓ اَدْعُوْٓا اِلَى اللّٰهِ ؕ عَلٰى بَصِيْرَةٍ اَنَا وَمَنِ اتَّبَعَنِىْ ؕ وَسُبْحٰنَ اللّٰهِ وَمَآ اَنَا مِنَ الْمُشْرِكِيْنَ ﴿۱۰۸﴾	108
প্রতিবর্ণায়ন	কু·ল হা-যি·হী ছ াবীলী~আদ‘উ~ ইলাল্লা-হি (قف) ‘আলা-বাসীরাতিন আনা ওয়া মানিত্তাবা‘আনী (ط) ওয়া ছুবহ·া-নাল্লা-হি ওয়ামা~আনা মিনাল মুশরিকীন।	
তরজমা	বল, ‘ইহাই আমার পথ : আল্লাহ্‌র প্রতি মানুষকে আমি আহ্‌বান করি সজ্ঞানে-আমি এবং আমার অনুসারিগণও। আল্লাহ্ মহিমান্বিত এবং যাহারা আল্লাহ্‌র শরীক করে আমি তাহাদের অন্তর্ভুক্ত নই।’	

	وَمَآ اَرۡسَلۡنَا مِنۡ قَبۡلِكَ اِلَّا رِجَالًا نُّوۡحِىۡۤ اِلَيۡهِمۡ مِّنۡ اَهۡلِ الۡقُرٰى ؕ اَفَلَمۡ يَسِيۡرُوۡا فِى الۡاَرۡضِ فَيَنۡظُرُوۡا كَيۡفَ كَانَ عَاقِبَةُ الَّذِيۡنَ مِنۡ قَبۡلِهِمۡ ؕ وَلَدَارُ الۡاٰخِرَةِ خَيۡرٌ لِّلَّذِيۡنَ اتَّقَوۡا ؕ اَفَلَا تَعۡقِلُوۡنَ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আরছালনা-মিং ক'াবলিকা ইল্লা-রিজা-লান্নূহ'ী~ ইলাইহিম মিন আহলিল কু'রা- (ত্ব) আফালাম ইয়াছীরূ ফিল আরদি' ফাইয়াংজু'রূ কাইফা কা-না 'আ-কি'বাতুল্লায'ীনা মিং ক'াবলিহিম (ত্ব) ওয়ালাদা-রুল আ-খিরাতি খাইরুল্ লিল্লায'ী নাত্তাক'াও (ত্ব) আফালা-তা'কি'লূন।	
তরজমা	তোমার পূর্বেও জনপদবাসীদের মধ্য হইতে পুরুষগণকেই প্রেরণ করিয়াছিলাম, যাহাদের নিকট ওহী পাঠাইতাম। তাহারা কি পৃথিবীতে ভ্রমণ করে নাই এবং তাহাদের পূর্ববর্তীদের কি পরিণাম হইয়াছিল তাহা কি দেখে নাই ? যাহারা মুত্তাকী তাহাদের জন্য পরলোকই শ্রেয়; তোমরা কি বুঝ না ?	
	حَتّٰۤى اِذَا اسۡتَيۡـَٔسَ الرُّسُلُ وَظَنُّوۡۤا اَنَّهُمۡ قَدۡ كُذِبُوۡا جَآءَهُمۡ نَصۡرُنَا ۙ فَنُجِّىَ مَنۡ نَّشَآءُ ؕ وَلَا يُرَدُّ بَاۡسُنَا عَنِ الۡقَوۡمِ الۡمُجۡرِمِيۡنَ ﴿۱۱۰﴾	110
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ ইযা'ছ্তাইআছার্‌রুছুলু ওয়া জ'ান্নু~ আন্নাহুম কাদ কুযি'বূ জা~আহুম নাসরুনা- (ঘ) ফানুজ্জিয়া মান্‌নাশা~উ (ত্ব) ওয়ালা-ইউরাদ্দু বা'ছুনা- 'আনিল ক'াওমিল মুজরিমীন।	
তরজমা	অবশেষে যখন রাসূলগণ নিরাশ হইল এবং লোকে ভাবিল যে, রাসূলগণকে মিথ্যা আশ্বাস দেওয়া হইয়াছে তখন তাহাদের নিকট আমার সাহায্য আসিল। এইভাবে আমি যাহাকে ইচ্ছা করি সে উদ্ধার পায়। অপরাধী সম্প্রদায় হইতে আমার শাস্তি রদ করা যায় না।	
	لَقَدۡ كَانَ فِىۡ قَصَصِهِمۡ عِبۡرَةٌ لِّاُولِى الۡاَلۡبَابِ ؕ مَا كَانَ حَدِيۡثًا يُّفۡتَرٰى وَلٰكِنۡ تَصۡدِيۡقَ الَّذِىۡ بَيۡنَ يَدَيۡهِ وَتَفۡصِيۡلَ كُلِّ شَىۡءٍ وَّهُدًى وَّرَحۡمَةً لِّقَوۡمٍ يُّؤۡمِنُوۡنَ ﴿۱۱۱﴾	111
প্রতিবর্ণায়ন	লাক'াদ কা-না ফী ক'াসাসিহিম 'ইবরাতুল্ লিঊলিল আলবা-বি (ত্ব) মা-কা-না হ'াদীছ'ইঁ ইউফতারা-ওয়া লা-কিং তাসদাক'াল্লায'ী বাইনা ইয়াদইহি ওয়া তাফসীলা কু'ল্লি শাইইওঁ ওয়া হুদাও ওয়া রাহ'মাতাল লিক'াওমিইঁ ইউ'মিনূন।	
তরজমা	উহাদের বৃত্তান্তে বোধশক্তিসম্পন্ন ব্যক্তিদের জন্য আছে শিক্ষা। ইহা এমন বাণী যাহা মিথ্যা রচনা নয়। কিন্তু মু'মিনদের জন্য ইহা পূর্বগ্রন্থে যাহা আছে তাহার প্রত্যয়ন এবং সমস্ত কিছুর বিশদ বিবরণ, হিদায়াত ও রহমত।	

13 - Ar-Ra`d-রা'দ -الرعد

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

1

الٓمّٓرٰ ۚ تِلۡكَ اٰيٰتُ الۡكِتٰبِ ؕ وَالَّذِىۡۤ اُنۡزِلَ اِلَيۡكَ مِنۡ رَّبِّكَ الۡحَـقُّ وَلٰـكِنَّ اَكۡثَرَ النَّاسِ لَا يُؤۡمِنُوۡنَ ۝١

প্রতিবর্ণায়ন

আলিফ লা~ম্ মী-ম্ রা- (الٓمّٓرٰ) তিলকা আ-য়া-তুল কিতা-বি (ط) ওয়াল্লাযী~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল হ'াক্কু ওয়ালা-কিন্না আকছ'ারান্না-ছি লা-ইউ'মিনূন।

তরজমা

আলিফ্-লাম-মীম্-রা, এইগুলি কুরআনের আয়াত, যাহা তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাই সত্য; কিন্তু অধিকাংশ মানুষ ইহাতে ঈমান আনে না।

2

اَللّٰهُ الَّذِىۡ رَفَعَ السَّمٰوٰتِ بِغَيۡرِ عَمَدٍ تَرَوۡنَهَا ثُمَّ اسۡتَوٰى عَلَى الۡعَرۡشِ وَسَخَّرَ الشَّمۡسَ وَالۡقَمَرَ ؕ كُلٌّ يَّجۡرِىۡ لِاَجَلٍ مُّسَمًّى ؕ يُدَبِّرُ الۡاَمۡرَ يُفَصِّلُ الۡاٰيٰتِ لَعَلَّكُمۡ بِلِقَآءِ رَبِّكُمۡ تُوۡقِنُوۡنَ ۝٢

প্রতিবর্ণায়ন

আল্লা-হুল্লাযী রাফা'আছ্ছামা-ওয়া-তি বিগাইরি 'আমাদিং তারাওনাহা- ছু'ম্মাছ তাওয়া 'আলাল্ 'আরশি ওয়া ছাখখারাশশাম্ছা ওয়াল্ ক'ামারা (ط) কুল্লুইঁ ইয়াজরী লিআজালিম মুছাম্মা- (ط) ইউদাব্বিরুল আমরা ইউফাসসিলুল আ-য়া-তি লা'আল্লাকুম বিলিক'া~ই রাব্বিকুম তূকি'নূন।

তরজমা

আল্লাহ্ই উর্ধ্বদেশে আকাশমণ্ডলী স্থাপন করিয়াছেন স্তম্ভ ব্যতীত-তোমরা ইহা দেখিতেছ। অতঃপর তিনি আর্শে সমাসীন হইলেন এবং সূর্য ও চন্দ্রকে নিয়মাধীন করিলেন; প্রত্যেকে নির্দিষ্ট কাল পর্যন্ত আবর্তন করে। তিনি সকল বিষয় নিয়ন্ত্রণ করেন এবং নিদর্শনসমূহ বিশদভাবে বর্ণনা করেন, যাহাতে তোমরা তোমাদের প্রতিপালকের সঙ্গে সাক্ষাৎ সম্বন্ধে নিশ্চিত বিশ্বাস করিতে পার।

3

وَهُوَ الَّذِىۡ مَدَّ الۡاَرۡضَ وَجَعَلَ فِيۡهَا رَوَاسِىَ وَاَنۡهٰرًا ؕ وَمِنۡ كُلِّ الثَّمَرٰتِ جَعَلَ فِيۡهَا زَوۡجَيۡنِ اثۡنَيۡنِ يُغۡشِى الَّيۡلَ النَّهَارَ ؕ اِنَّ فِىۡ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوۡمٍ يَّتَفَكَّرُوۡنَ ۝٣

প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লাযী মাদ্দাল আরদ ো ওয়া জা'আলা ফীহা-রাওয়া-ছিয়া ওয়াআন্হা-রাওঁ (ط) ওয়া মিং কুল্লিছ ছ ামারা-তি জা'আলা ফীহা- ঝাওজাইনিছ্ নাইনি ইউগ্শিল্ লাইলান্নাহা-র (ط) ইন্না ফী য া-লিকা লা আ-য়া-তিল্ লিক ওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	তিনিই ভূতলকে বিস্তৃত করিয়াছেন এবং উহাতে পর্বত ও নদী সৃষ্টি করিয়াছেন এবং প্রত্যেক প্রকারের ফল সৃষ্টি করিয়াছেন জোড়ায় জোড়ায়। তিনি দিবসকে রাত্রি দ্বারা আচ্ছাদিত করেন। ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য।	
	وَفِي الْأَرْضِ قِطَعٌ مُّتَجٰوِرٰتٌ وَّجَنّٰتٌ مِّنْ اَعْنَابٍ وَّزَرْعٌ وَّنَخِيْلٌ صِنْوَانٌ وَّغَيْرُ صِنْوَانٍ يُّسْقٰى بِمَآءٍ وَّاحِدٍ ۫ وَنُفَضِّلُ بَعْضَهَا عَلٰى بَعْضٍ فِي الْاُكُلِ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ওয়া ফিল্ আরদি কি'ত া'উম মুতাজা-বি রা-তুওঁ ওয়া জান্না-তুম্ মিন্ আ'না-বিওঁ ওয়া ঝার'উওঁ ওয়া নাখীলুং সিনওয়া-নুওঁ ওয়া গাইরু সিনওয়া-নিইঁ ইউছক া- বিমা~ইওঁ ওয়াহি দিওঁ (ق) ওয়া নুফাদ্দি লু বা'দ াহা- 'আলা-বা'দি ং ফিল্ উকুলি (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল লিক ওমিইঁ ইয়া'কি লূন।	
তরজমা	পৃথিবীতে রহিয়াছে পরস্পর-সংলগ্ন ভূখণ্ড, উহাতে আছে দ্রাক্ষা কানন, শস্যক্ষেত্র, একাধিক শিরবিশিষ্ট অথবা এক শিরবিশিষ্ট খর্জুর-বৃক্ষ সিঞ্চিত একই পানিতে, এবং ফল হিসাবে উহাদের কতককে কতকের উপর আমি শ্রেষ্ঠত্ব দিয়া থাকি। অবশ্যই বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য ইহাতে রহিয়াছে নিদর্শন।	
	وَاِنْ تَعْجَبْ فَعَجَبٌ قَوْلُهُمْ ءَاِذَا كُنَّا تُرٰبًا ءَاِنَّا لَفِيْ خَلْقٍ جَدِيْدٍ ۭ اُولٰۗىِٕكَ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ ۚ وَاُولٰۗىِٕكَ الْاَغْلٰلُ فِيْٓ اَعْنَاقِهِمْ ۚ وَاُولٰۗىِٕكَ اَصْحٰبُ النَّارِ ۚ هُمْ فِيْهَا خٰلِدُوْنَ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তা'জাব ফা'আজাবুং ক ওলুহুম আইয া-কুন্না-তুরা-বান আইন্না-লাফী খালকি ং জাদীদিন (ط) উলা~ইকাল্লায ীনা কাফারু বিরাব্বিহিম্ (ج) ওয়া উলা~ইকাল্ আগ্লা-লু ফী আ'না-কি হিম (ج) ওয়া উলা~ইকা আসহ া-বুন্না-রি (ج) হুম ফীহা- খা-লিদূন।	
তরজমা	যদি তুমি বিস্মিত হও, তবে বিস্ময়ের বিষয় উহাদের কথা-'মাটিতে পরিণত হওয়ার পরও কি আমরা নূতন জীবন লাভ করিব ?' উহারাই উহাদের প্রতিপালককে অস্বীকার করে এবং উহাদেরই গলদেশে থাকিবে লৌহশৃঙ্খল। উহারাই দোযখবাসী ও সেখানে উহারা স্থায়ী হইবে।	
	وَيَسْتَعْجِلُوْنَكَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ وَقَدْ خَلَتْ مِنْ قَبْلِهِمُ الْمَثُلٰتُ ۭ وَاِنَّ رَبَّكَ لَذُوْ مَغْفِرَةٍ لِّلنَّاسِ عَلٰي ظُلْمِهِمْ ۚ وَاِنَّ رَبَّكَ لَشَدِيْدُ الْعِقَابِ ۝	6

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্তা'জিলূনাকা বিছ্ছাইয়িআতি ক'াবলাল্ হ'াছানাতি ওয়া ক'াদ খালাত মিং ক'াবলিহিমুল মাছু'লা-তু (ط) ওয়া ইন্না রাব্বাকা লাযূ' মাগফিরাতিল্লিন্না-ছি 'আলা-জু'লমিহিম্ (ج) ওয়া ইন্না রাব্বাকা লাশাদীদুল্ 'ইক'া-ব।	
তরজমা	মঙ্গলের পূর্বে উহারা তোমাকে শাস্তি ত্বরান্বিত করিতে বলে, যদিও উহাদের পূর্বে ইহার বহু দৃষ্টান্ত গত হইয়াছে। মানুষের সীমালংঘন সত্ত্বেও তোমার প্রতিপালক তো মানুষের প্রতি ক্ষমাশীল এবং তোমার প্রতিপালক শাস্তিদানে তো কঠোর।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ؕ اِنَّمَآ اَنْتَ مُنْذِرٌ وَّلِكُلِّ قَوْمٍ هَادٍ ۧ	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লুল্লায'ীনা কাফারূ লাওলা~ উংঝিলা 'আলাইহি আ-য়াতুম্ মির্ রাব্বিহী (ط) ইন্নামা আংতা মুন্যি'রুওঁ ওয়া লিকুল্লি ক'াওমিন্ হা-দ্।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, 'তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?' তুমি তো কেবল সতর্ককারী এবং প্রত্যেক সম্প্রদায়ের জন্য আছে পথপ্রদর্শক।	
	اَللّٰهُ يَعْلَمُ مَا تَحْمِلُ كُلُّ اُنْثٰى وَمَا تَغِيْضُ الْاَرْحَامُ وَمَا تَزْدَادُ ؕ وَكُلُّ شَيْءٍ عِنْدَهٗ بِمِقْدَارٍ ۸	8
প্রতিবর্ণায়ন	আল্লা-হু ইয়া'লামু মা-তাহ্'মিলু কুল্লু উংছ'া- ওয়ামা- তাগীদ্'ুল আরহ'া-মু ওয়ামা- তাঝদা-দু (ط) ওয়া কুল্লু শাইইন্ 'ইংদাহূ বিমিক'দা-র্।	
তরজমা	প্রত্যেক নারী যাহা গর্ভে ধারণ করে এবং জরায়ুতে যাহা কিছু কমে ও বাড়ে আল্লাহ্ তাহা জানেন এবং তাঁহার বিধানে প্রত্যেক বস্তুরই এক নির্দিষ্ট পরিমাণ আছে।	
	عٰلِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ الْكَبِيْرُ الْمُتَعَالِ ۹	9
প্রতিবর্ণায়ন	'আ-লিমুল্ গাইবি ওয়াশ্শাহা-দাতিল্ কাবীরুল মুতা'আ-ল্।	
তরজমা	যাহা অদৃশ্য ও যাহা দৃশ্যমান তিনি তাহা অবগত; তিনি মহান, সর্বোচ্চ মর্যাদাবান।	
	سَوَآءٌ مِّنْكُمْ مَّنْ اَسَرَّ الْقَوْلَ وَمَنْ جَهَرَ بِهٖ وَمَنْ هُوَ مُسْتَخْفٍ بِالَّيْلِ وَسَارِبٌ بِالنَّهَارِ ۱۰	10
প্রতিবর্ণায়ন	ছাওয়া~উম্ মিংকুম্ মান্ আছার্রাল্ ক'াওলা ওয়া মাং জাহারা বিহী ওয়া মান্ হুওয়া মুছ্তাখ্ফিম্ বিল্লাইলি ওয়া ছা-রিবুম্ বিন্নাহা-র্।	
তরজমা	তোমাদের মধ্যে যে কথা গোপন রাখে অথবা যে উহা প্রকাশ করে, রাত্রিতে যে আত্মগোপন করে এবং দিবসে যে প্রকাশ্যে বিচরণ করে, তাহারা সমভাবে আল্লাহ্র জ্ঞানগোচর।	
	لَهٗ مُعَقِّبٰتٌ مِّنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ يَحْفَظُوْنَهٗ مِنْ اَمْرِ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُغَيِّرُ مَا بِقَوْمٍ حَتّٰى يُغَيِّرُوْا مَا بِاَنْفُسِهِمْ ؕ وَاِذَآ اَرَادَ اللّٰهُ بِقَوْمٍ سُوْٓءًا فَلَا مَرَدَّ لَهٗ ۚ وَمَا لَهُمْ مِّنْ دُوْنِهٖ مِنْ وَّالٍ ۱۱	11

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লাহূ মু'আক্কি'বা-তুম্ মিম্ বাইনি ইয়াদাইহি ওয়া মিন্ খাল্ফিহী ইয়াহ্'ফাজূ'নাহূ মিন্ আম্রিল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইউগাইয়িরু মা-বিক'াওমিন্ হ'াত্তা-ইউগাইয়িরূ মা-বিআংফুছিহিম্ (ط) ওয়া ইয'া~ আরা-দাল্লা-হু বিক'াওমিং ছূ~আং ফালা-মারাদ্দা লাহূ (ج) ওয়ামা- লাহুম্ মিং দূনিহী মিওঁ ওয়া-ল্।	
তরজমা	মানুষের জন্য তাহার সম্মুখে ও পশ্চাতে একের পর এক প্রহরী থাকে; উহারা আল্লাহ্র আদেশে তাহার রক্ষণাবেক্ষণ করে। এবং আল্লাহ্ কোন সম্প্রদায়ের অবস্থা পরিবর্তন করেন না যতক্ষণ না উহারা নিজ অবস্থা নিজে পরিবর্তন করে। কোন সম্প্রদায় সম্পর্কে যদি আল্লাহ্ অশুভ কিছু ইচ্ছা করেন তবে তাহা রদ হইবার নহে এবং তিনি ব্যতীত উহাদের কোন অভিভাবক নাই।	
	هُوَ الَّذِیْ یُرِیْكُمُ الْبَرْقَ خَوْفًا وَّ طَمَعًا وَّ یُنْشِئُ السَّحَابَ الثِّقَالَ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লায'ী ইউরীকুমুল্ বারক'া খাওফাওঁ ওয়াত'আমাওঁ ওয়া ইউংশিউছ্ছাহ'া-বাছ্'ছি'ব ল্।	
তরজমা	তিনিই তোমাদেরকে দেখান বিজলী, ভয় ও ভরসা সঞ্চার করান এবং তিনিই সৃষ্টি করেন ভারী মেঘ;	
	وَ یُسَبِّحُ الرَّعْدُ بِحَمْدِهٖ وَ الْمَلٰٓىِٕكَةُ مِنْ خِیْفَتِهٖ ۚ وَ یُرْسِلُ الصَّوَاعِقَ فَیُصِیْبُ بِهَا مَنْ یَّشَآءُ وَ هُمْ یُجَادِلُوْنَ فِی اللّٰهِ ۚ وَ هُوَ شَدِیْدُ الْمِحَالِ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইউছাব্বিহু'র্ রা'দু বিহ্'আম্দিহী ওয়াল মালা~ইকাতু মিন্ খীফাতিহী (ج) ওয়া ইউর্ছিলুস সাওয়া-'ইক'া ফাইউসীবু বিহা- মাইঁ ইয়াশা~উ ওয়া হুম্ ইউজা-দিলূনা ফিল্লা-হি (ج) ওয়া হুওয়া শাদীদুল্ মিহ'া-ল্।	
তরজমা	বজ্রধ্বনি তাঁহার সপ্রশংস মহিমা ও পবিত্রতা ঘোষণা করে, ফিরিশ্তাগণও করে তাহার ভয়ে। তিনি বজ্রপাত করেন এবং যাহাকে ইচ্ছা উহা দ্বারা আঘাত করেন। আর উহারা আল্লাহ্ সম্বন্ধে বিতণ্ডা করে, অথচ তিনি মহাশক্তিশালী।	
	لَهٗ دَعْوَةُ الْحَقِّ ؕ وَ الَّذِیْنَ یَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ لَا یَسْتَجِیْبُوْنَ لَهُمْ بِشَیْءٍ اِلَّا كَبَاسِطِ كَفَّیْهِ اِلَى الْمَآءِ لِیَبْلُغَ فَاهُ وَ مَا هُوَ بِبَالِغِهٖ ؕ وَ مَا دُعَآءُ الْكٰفِرِیْنَ اِلَّا فِیْ ضَلٰلٍ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	লাহূ দা'ওয়াতুল্ হ'াক্কি' (ط) ওয়াল্লায'ীনা ইয়াদ্'উনা মিং দূনিহী লা- ইয়াছতাজীবূনা লাহুম্ বিশাইইন্ ইল্লা- কাবা-ছিতি' কাফ্ফাইহি ইলাল্ মা~ই লিইয়াব্লুগা-ফা-হু ওয়ামা- হুওয়া বিবা-লিগিহী (ط) ওয়ামা- দু'আ~উল্ কা-ফিরীনা ইল্লা- ফী দ'ালা-ল্।	

তরজমা	সত্যের আহ্বান তাঁহারই। যাহারা তাঁহাকে ব্যতীত আহ্বান করে অপরকে, তাহাদেরকে কোনই সাড়া দেয় না উহারা; তাহাদের দৃষ্টান্ত সেই ব্যক্তির মত, যে তাহার মুখে পানি পৌঁছিবে-এই আশায় তাহার হস্তদ্বয় প্রসারিত করে পানির দিকে, অথচ উহা তাহার মুখে পৌঁছিবার নয়, কাফিরদের আহ্বান নিষ্ফল।	
	وَلِلّٰهِ يَسْجُدُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ طَوْعًا وَّكَرْهًا وَّظِلٰلُهُمْ بِالْغُدُوِّ وَالْاٰصَالِ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি ইয়াছ্জুদু মাং ফিছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি˙ ত˙াও'আওঁ ওয়াকারহাওঁ ওয়া জি˙লা-লুহুম্ বিল্ গুদুওবি˙ ওয়াল্ আ-সা-ল্। (*ছিজদাহ-২*)	
তরজমা	আল্লাহ্‌র প্রতি সিজ্‌দাবনত হয় আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে ইচ্ছায় অথবা অনিচ্ছায় এবং তাহাদের ছায়াগুলিও সকাল ও সন্ধ্যায়।	
	قُلْ مَنْ رَّبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ؕ قُلْ اَفَاتَّخَذْتُمْ مِّنْ دُوْنِهٖۤ اَوْلِيَآءَ لَا يَمْلِكُوْنَ لِاَنْفُسِهِمْ نَفْعًا وَّلَا ضَرًّا ؕ قُلْ هَلْ يَسْتَوِي الْاَعْمٰى وَالْبَصِيْرُ ۙ اَمْ هَلْ تَسْتَوِي الظُّلُمٰتُ وَالنُّوْرُ ۚ اَمْ جَعَلُوْا لِلّٰهِ شُرَكَآءَ خَلَقُوْا كَخَلْقِهٖ فَتَشَابَهَ الْخَلْقُ عَلَيْهِمْ ؕ قُلِ اللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَّهُوَ الْوَاحِدُ الْقَهَّارُ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	কু˙ল্ মার্ রাব্বুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি˙ ক˙ুলিল্লা-হু (ط) কু˙ল আফাত্তাখায˙তুম্ মিং দূনিহী˜ আওলিয়া~আ লা-ইয়াম্‌লিকূনা লিআংফুছিহিম্ নাফ্'আওঁ ওয়ালা-দ˙াররাং (ط) ক˙ুল্ হাল্ ইয়াছ্‌তাবি˙ল্ আ'মা- ওয়াল্ বাসীরু (لا) আম্ হাল্ তাছতাবি˙জ˙ জু˙লুমা-তু ওয়ান্‌নূরু (ج) আম জা'আলূ লিল্লা-হি শুরাকা~আ খালাকূ˙ কাখাল্‌কি˙হী ফাতাশা-বাহাল্ খাল্‌কু˙ 'আলাইহিম্ (ط) ক˙ুলিল্লা-হু খা-লিকু˙ কুল্লি শাইয়িওঁ ওয়া হুওয়াল্ ওয়া-হি˙দুল্ ক˙াহ্‌হা-র্।	
তরজমা	বল, 'কে আকাশমণ্ডলী ও পৃথিবীর প্রতিপালক ?' বল, 'আল্লাহ্'। বল, 'তবে কি তোমরা অভিভাবকরূপে গ্রহণ করিয়াছ আল্লাহ্‌র পরিবর্তে অপরকে যাহারা নিজেদের লাভ বা ক্ষতি সাধনে সক্ষম নয় ?' বল, 'অন্ধ ও চক্ষুষ্মান কি সমান অথবা অন্ধকার ও আলো কি এক ?' তবে কী তাহারা আল্লাহ্‌র এমন শরীক করিয়াছে, যাহারা আল্লাহ্‌র সৃষ্টির মত সৃষ্টি করিয়াছে, যে কারণে সৃষ্টি উহাদের নিকট সদৃশ মনে হইয়াছে ? বল, 'আল্লাহ্ সকল বস্তুর স্রষ্টা; তিনি এক, পরাক্রমশালী।'	

	اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَسَالَتْ اَوْدِيَةٌۢ بِقَدَرِهَا فَاحْتَمَلَ السَّيْلُ زَبَدًا رَّابِيًا ؕ وَمِمَّا يُوْقِدُوْنَ عَلَيْهِ فِي النَّارِ ابْتِغَآءَ حِلْيَةٍ اَوْ مَتَاعٍ زَبَدٌ مِّثْلُهٗ ؕ كَذٰلِكَ يَضْرِبُ اللّٰهُ الْحَقَّ وَالْبَاطِلَ ؕ فَاَمَّا الزَّبَدُ فَيَذْهَبُ جُفَآءً ۚ وَاَمَّا مَا يَنْفَعُ النَّاسَ فَيَمْكُثُ فِي الْاَرْضِ ؕ كَذٰلِكَ يَضْرِبُ اللّٰهُ الْاَمْثَالَ ؕ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং ফাছা-লাত্ আওদিয়াতুম্ বিক'াদারিহা- ফাহ্তামালাছ ছাইলু ঝাবাদার্ রা-বিয়াওঁ (ط) ওয়া মিম্মা- ইউকি'দূনা 'আলাইহি ফিন্না-রিব্ তিগা~আ হ্ি'লয়াতিন্ আও মাতা-'ইং ঝাবাদুম মিছ'লুহূ (ط) কায'া-লিকা ইয়াদ'রিবুল্লা-হুল্ হ্'াক্ক'া ওয়াল বা-তি'লা (ط) ফাআম্মাঝ ঝাবাদু ফাইয়ায'হাবু জুফা~আওঁ (ج) ওয়া আম্মা- মা-ইয়াংফাউন্না-ছা ফাইয়াম্কুছু' ফিল আর্দি' (ط) কায'া-লিকা ইয়াদ'রিবুল্লা-হুল্ আম্ছ'া-ল।	
তরজমা	তিনি আকাশ হইতে বৃষ্টিপাত করেন, ফলে উপত্যকাসমূহ উহাদের পরিমাণ অনুযায়ী প্লাবিত হয় এবং প্লাবন তাহার উপরিস্থিত আবর্জনা বহন করে, এইরূপে আবর্জনা উপরিভাগে আসে যখন অলংকার অথবা তৈজসপত্র নির্মাণ উদ্দেশ্যে কিছু অগ্নিতে উত্তপ্ত করা হয়। এইভাবে আল্লাহ্ সত্য ও অসত্যের দৃষ্টান্ত দিয়া থাকেন। যাহা আবর্জনা তাহা ফেলিয়া দেওয়া হয় এবং যাহা মানুষের উপকারে আসে তাহা জমিতে থাকিয়া যায়। এইভাবে আল্লাহ্ উপমা দিয়া থাকেন।	
	لِلَّذِيْنَ اسْتَجَابُوْا لِرَبِّهِمُ الْحُسْنٰى ؕ وَالَّذِيْنَ لَمْ يَسْتَجِيْبُوْا لَهٗ لَوْ اَنَّ لَهُمْ مَّا فِي الْاَرْضِ جَمِيْعًا وَّمِثْلَهٗ مَعَهٗ لَافْتَدَوْا بِهٖ ؕ اُولٰٓئِكَ لَهُمْ سُوْٓءُ الْحِسَابِ ۙ وَمَاْوٰىهُمْ جَهَنَّمُ ؕ وَبِئْسَ الْمِهَادُ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	লিল্লায'ীনাছ্তাজা-বূ লিরাব্বিহিমুল্ হুস্না- (ط) ওয়াল্লায'ীনা লাম্ ইয়াছ্তাজীবূ লাহূ লাও আন্না লাহুম্ মা-ফিল্ আর্দি' জামী'আওঁ ওয়া মিছ্'লাহূ মা'আহূ লাফ্তাদাওঁ (ط) বিহী উলা~ইকা লাহুম্ ছূ~উল্ হি'ছা-ব্ (لا) ওয়ামা'ওয়া-হুম্ জাহান্নামু (ط) ওয়া বি'ছাল্ মিহা-দ্।	
তরজমা	মঙ্গল তাহাদের যাহারা তাহাদের প্রতিপালকের আহ্বানে সাড়া দেয়। এবং যাহারা তাঁহার ডাকে সাড়া দেয় না, তাহাদের যদি পৃথিবীতে যাহা কিছু আছে তাহা সমস্তই থাকিত এবং তাহার সঙ্গে সমপরিমাণ আরো থাকিত উহারা মুক্তিপণস্বরূপ তাহা দিত। উহাদের হিসাব হইবে কঠোর এবং জাহান্নাম হইবে উহাদের আবাস, উহা কত নিকৃষ্ট আশ্রয়স্থল।	
	اَفَمَنْ يَّعْلَمُ اَنَّمَآ اُنْزِلَ اِلَيْكَ مِنْ رَّبِّكَ الْحَقُّ كَمَنْ هُوَ اَعْمٰى ؕ اِنَّمَا يَتَذَكَّرُ اُولُوا الْاَلْبَابِ ۙ﴿۱۹﴾	19

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আফামাইঁ ইয়া'লামু আন্নামা~উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকাল্ হ্'াক্কু' কামান্ হুওয়া আ'মা- (ط) ইন্নামা- ইয়াতায'াক্কারু উলুল্ আল্বা-ব্।	
তরজমা	তোমার প্রতিপালক হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহা যে ব্যক্তি সত্য বলিয়া জানে আর যে অন্ধ তাহারা কি সমান ? উপদেশ গ্রহণ করে শুধু বিবেকশক্তিসম্পন্নগণই,	
	الَّذِيْنَ يُوْفُوْنَ بِعَهْدِ اللّٰهِ وَلَا يَنْقُضُوْنَ الْمِيْثَاقَ ۝٢٠	20
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউফূনা বি'আহ্দিল্লা-হি ওয়ালা- ইয়াংকুদূ'নাল্ মীছ'া-ক'।	
তরজমা	যাহারা আল্লাহ্কে প্রদত্ত অঙ্গীকার রক্ষা করে এবং প্রতিজ্ঞা ভঙ্গ করে না,	
	وَالَّذِيْنَ يَصِلُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيَخْشَوْنَ رَبَّهُمْ وَيَخَافُوْنَ سُوْۤءَ الْحِسَابِ ۝٢١	21
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা ইয়াসিলূনা মা~ আমারাল্লা-হু বিহী~ আইঁ ইউসালা ওয়া ইয়াখ্শাওনা রাব্বাহুম্ ওয়া ইয়া খা-ফূনা ছূ~আল্ হ্'িছা-ব্।	
তরজমা	এবং আল্লাহ্ যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আদেশ করিয়াছেন যাহারা তাহা অক্ষুণ্ন রাখে, ভয় করে তাহাদের প্রতিপালককে এবং ভয় করে কঠোর হিসাবকে,	
	وَالَّذِيْنَ صَبَرُوا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِمْ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً وَّيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ اُولٰٓئِكَ لَهُمْ عُقْبَى الدَّارِ ۝٢٢	22
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা সাবারুব্ তিগা~আ ওয়াজহি রাব্বিহিম ওয়া আক'া-মুসসালা-তা ওয়া আংফাকূ' মিম্মা-রাঝাক'না-হুম্ ছিররাওঁ ওয়া 'আলা-নিয়াতাওঁ ওয়া ইয়াদ্রাঊনা বিলহ্'াছানাতিছ্ ছাইয়িআতা উলা~ইকা লাহুম্ 'উক'বাদ্দা-র্।	
তরজমা	এবং যাহারা তাহাদের প্রতিপালকের সন্তুষ্টি লাভের জন্য ধৈর্য ধারণ করে, সালাত কায়েম করে, আমি তাহাদেরকে যে জীবনোপকরণ দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে এবং যাহারা ভাল দ্বারা মন্দ দূরীভূত করে, ইহাদের জন্য শুভ পরিণাম-	
	جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا وَمَنْ صَلَحَ مِنْ اٰبَآئِهِمْ وَاَزْوَاجِهِمْ وَذُرِّيّٰتِهِمْ وَالْمَلٰٓئِكَةُ يَدْخُلُوْنَ عَلَيْهِمْ مِّنْ كُلِّ بَابٍ ۝٢٣	23
প্রতিবর্ণায়ন	জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা- ওয়া মাং সালাহ্'া মিন্ আ-বা~ইহিম্ ওয়াআঝওয়া-জিহিম্ ওয়ায়ু'র্রিইইয়া-তিহিম্ ওয়াল্ মালা~ইকাতু ইয়াদ্খুলূনা 'আলাইহিম মিং কুল্লি বা-ব্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	স্থায়ী জান্নাত, উহাতে তাহারা প্রবেশ করিবে এবং তাহাদের পিতা-মাতা, পতি-পত্নী ও সন্তান-সন্ততিদের মধ্যে যাহারা সৎকর্ম করিয়াছে তাহারাও এবং ফিরিশ্‌তাগণ তাহাদের নিকট উপস্থিত হইবে প্রত্যেক দ্বার দিয়া,	
	سَلٰمٌ عَلَيْكُمْ بِمَا صَبَرْتُمْ فَنِعْمَ عُقْبَى الدَّارِ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ছালা–মুন্ ‘আলাইকুম্ বিমা– সাবার্‌তুম্ ফানি‘মা ‘উক্‌বাদ্‌দা–র্।	
	এবং বলিবে, ‘তোমরা ধৈর্য ধারণ করিয়াছ বলিয়া তোমাদের প্রতি শান্তি; কত উত্তম এই পরিণাম।	
তরজমা		
	وَالَّذِيْنَ يَنْقُضُوْنَ عَهْدَ اللّٰهِ مِنْۢ بَعْدِ مِيْثَاقِهٖ وَيَقْطَعُوْنَ مَآ اَمَرَ اللّٰهُ بِهٖٓ اَنْ يُّوْصَلَ وَيُفْسِدُوْنَ فِى الْاَرْضِ ۙ اُولٰٓئِكَ لَهُمُ اللَّعْنَةُ وَلَهُمْ سُوْٓءُ الدَّارِ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায্‌ীনা ইয়াংকু্‌দূ্‌না ‘আহ্‌দাল্লা–হি মিম্ বা‘দি মীছ্‌া–কি্‌হী ওয়া ইয়াক্‌া্‌ত্‌া‘ঊনা মা্‌আমারাল্লা–হু বিহী্‌আইঁ ইউসালা ওয়াইউফ্‌ছিদূ্‌না ফিল্ আর্‌দি্‌ (প) উলা~ইকা লাহুমুল্ লা‘নাতু ওয়া লাহুম্ ছূ~উদ্‌দা–র্।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র সঙ্গে দৃঢ় অঙ্গীকারে আবদ্ধ হইবার পর উহা ভঙ্গ করে, যে সম্পর্ক অক্ষুণ্ন রাখিতে আল্লাহ্ আদেশ করিয়াছেন, তাহা ছিন্ন করে এবং পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিয়া বেড়ায়, তাহাদের জন্য আছে লা‘নত এবং তাহাদের জন্য আছে মন্দ আবাস।	
	اَللّٰهُ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ ۚ وَفَرِحُوْا بِالْحَيٰوةِ الدُّنْيَا ۗ وَمَا الْحَيٰوةُ الدُّنْيَا فِى الْاٰخِرَةِ اِلَّا مَتَاعٌ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	আল্লা–হু ইয়াব্‌ছুতু্‌র্ রিঝক্‌া্‌লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক্‌দিরু (ط) ওয়া ফারিহূ্‌ বিলহ্‌ায়া–তিদ্‌দুন্‌ইয়া– ওয়ামাল্ হ্‌ায়া–তুদদুন্‌ইয়া– (ط) ফিল্ আ–খিরাতি ইল্লা–মাতা–‘উ।	
তরজমা	আল্লাহ্ যাহার জন্য ইচ্ছা তাহার জীবনোপকরণ বর্ধিত করেন এবং সংকুচিত করেন; কিন্তু ইহারা পার্থিব জীবনে উল্লসিত, অথচ দুনিয়ার জীবন তো আখিরাতের তুলনায় ক্ষণস্থায়ী ভোগমাত্র।	
	وَيَقُوْلُ الَّذِيْنَ كَفَرُوْا لَوْلَآ اُنْزِلَ عَلَيْهِ اٰيَةٌ مِّنْ رَّبِّهٖ ۗ قُلْ اِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِىْٓ اِلَيْهِ مَنْ اَنَابَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্‌লুল্লায্‌ীনা কাফারূ লাওলা~উংঝিলা ‘আলাইহি আ–য়াতুম্ মির্ রাব্বিহী (ط) কু্‌ল্ ইন্নাল্লা–হা ইউদি্‌ল্লু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহদী~ ইলাইহি মান্ আনা–ব্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা কুফ্‌রী করিয়াছে তাহারা বলে, 'তাহার প্রতিপালকের নিকট হইতে তাহার নিকট কোন নিদর্শন অবতীর্ণ হয় না কেন ?' বল, 'আল্লাহ্‌ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং তিনি তাহাদেরকে তাঁহার পথ দেখান যাহারা তাঁহার অভিমুখী,	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا وَتَطْمَئِنُّ قُلُوْبُهُمْ بِذِكْرِ اللّٰهِ ؕ اَلَا بِذِكْرِ اللّٰهِ تَطْمَئِنُّ الْقُلُوْبُ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা আ-মানূ ওয়া তাত মাইন্নু ক লূবুহুম্‌ বিযি করিল্লা-হি (ط) 'আলা- বিযি ক্‌রিল্লা-হি তাত মাইন্নুল্‌ কু লূব্‌।	
তরজমা	'যাহারা ঈমান আনে এবং আল্লাহ্‌র স্মরণে যাহাদের চিত্ত প্রশান্ত হয় ; জানিয়া রাখ, আল্লাহ্‌র স্মরণেই চিত্ত প্রশান্ত হয়;	
	اَلَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ طُوْبٰى لَهُمْ وَحُسْنُ مَاٰبٍ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ া-তি তূ বা-লাহুম্‌ ওয়া হু ছ্‌নু মাআ-ব্‌।	
তরজমা	'যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, পরম আনন্দ এবং শুভ পরিণাম তাহাদেরই।'	
	كَذٰلِكَ اَرْسَلْنٰكَ فِيْٓ اُمَّةٍ قَدْ خَلَتْ مِنْ قَبْلِهَآ اُمَمٌ لِّتَتْلُوَا عَلَيْهِمُ الَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ وَهُمْ يَكْفُرُوْنَ بِالرَّحْمٰنِ ؕ قُلْ هُوَ رَبِّيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۚ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ مَتَابِ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	কায া-লিকা আর্‌ছাল্‌না-কা ফী উম্মাতিং ক াদ খালাত্‌ মিং ক াব্‌লিহা উমামুল্‌ লিতাত্‌লুওয়া 'আলাইহিমুল্লায ী আওহ াইনা ইলাইকা ওয়াহুম্‌ ইয়াক্‌ফুরূনা বির্‌রাহ মা-নি (ط) কু ল্‌ হুওয়া রাব্বী লা ইলা-হা ইল্লা হুওয়া (ج) 'আলাইহি তাওয়াক্কাল্‌তু ওয়া ইলাইহি মাতা-ব্‌।	
তরজমা	এইভাবে আমি তোমাকে পাঠাইয়াছি এক জাতির প্রতি যাহার পূর্বে বহু জাতি গত হইয়াছে, উহাদের নিকট তিলাওয়াত করিবার জন্য, যাহা আমি তোমার প্রতি প্রত্যাদেশ করিয়াছি। তথাপি উহারা দয়াময়কে অস্বীকার করে। বল, 'তিনিই আমার প্রতিপালক; তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্‌ নাই। তাঁহারই উপর আমি নির্ভর করি এবং আমার প্রত্যাবর্তন তাঁহারই নিকট।'	
	وَلَوْ اَنَّ قُرْاٰنًا سُيِّرَتْ بِهِ الْجِبَالُ اَوْ قُطِّعَتْ بِهِ الْاَرْضُ اَوْ كُلِّمَ بِهِ الْمَوْتٰى ؕ بَلْ لِّلّٰهِ الْاَمْرُ جَمِيْعًا ؕ اَفَلَمْ يَايْـَٔسِ الَّذِيْنَ اٰمَنُوْٓا اَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ لَهَدَى النَّاسَ جَمِيْعًا ؕ وَلَا يَزَالُ الَّذِيْنَ كَفَرُوْا تُصِيْبُهُمْ بِمَا صَنَعُوْا قَارِعَةٌ اَوْ تَحُلُّ قَرِيْبًا مِّنْ دَارِهِمْ حَتّٰى يَاْتِيَ وَعْدُ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يُخْلِفُ الْمِيْعَادَ ﴿۳۱﴾	31

প্রতিবর্ণায়ন	ওয়া লাও আন্না কু'রআ-নাং ছুইয়িরাত্ বিহিল্ জিবা-লু আও কুত্তি''আত্ বিহিল্ আর্দু' আও কুল্লিমা বিহিল্ মাওতা- (ط) বাল্ লিল্লা-হিল্ আমরু জামী'আন্ (ط) আফালাম্ ইয়াইআছিল্লায' ীনা আ-মানূ' আল্লাওঁ ইয়াশা~উল্লা-হু লাহাদান্না-ছা জামী'আওঁ (ط) ওয়ালা-ইয়াঝা-লুল্লায' ীনা কাফারূ তুসীবুহুম বিমা-সানা'ঊ ক'া-রি'আতুন্ আও তাহু'ল্লু ক'ারীবাম্ মিং দা-রিহিম্ হ'াত্তা-ইয়া'তিয়া ওয়া'দুল্লা-হি (ط) ইন্নাল্লা-হা লা-ইউখলিফুল্ মী'আ-দ্।	
তরজমা	যদি কোন কুরআন এমন হইত যদ্দ্বারা পর্বতকে গতিশীল করা যাইত অথবা পৃথিবীকে বিদীর্ণ করা যাইত অথবা মৃতের সঙ্গে কথা বলা যাইত, তবুও উহারা উহাতে বিশ্বাস করিত না। কিন্তু সমস্ত বিষয়ই আল্লাহ্র ইখ্তিয়ারভুক্ত। তবে কি যাহারা ঈমান আনিয়াছে তাহাদের প্রত্যয় হয় নাই যে, আল্লাহ্ ইচ্ছা করিলে নিশ্চয়ই সকলকে সৎপথে পরিচালিত করিতে পারিতেন ? যাহারা কুফরী করিয়াছে তাহাদের কর্মফলের জন্য তাহাদের বিপর্যয় ঘটিতেই থাকিবে, অথবা বিপর্যয় তাহাদের আশেপাশে আপতিত হইতেই থাকিবে যতক্ষণ পর্যন্ত না আল্লাহ্র প্রতিশ্রুতি আসিয়া পড়িবে। নিশ্চয়ই আল্লাহ্ প্রতিশ্রুতির ব্যতিক্রম করেন না।	
	وَلَقَدِ اسْتُهْزِئَ بِرُسُلٍ مِّنْ قَبْلِكَ فَأَمْلَيْتُ لِلَّذِينَ كَفَرُوا ثُمَّ أَخَذْتُهُمْ ۖ فَكَيْفَ كَانَ عِقَابِ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদিছ্তুহঝিআ বিরুছুলিম্ মিং ক'াব্লিকা ফাআমলাইতু লিল্লায' ীনা কাফারূ ছু' ম্মা আখায্' তুহুম (ف) ফাকাইফা কা-না 'ইক'া-ব্।	
তরজমা	তোমার পূর্বেও অনেক রাসূলকে ঠাট্টা-বিদ্রূপ করা হইয়াছে এবং যাহারা কুফরী করিয়াছে তাহাদেরকে আমি কিছু অবকাশ দিয়াছিলাম, তাহার পর উহাদেরকে শাস্তি দিয়াছিলাম। কেমন ছিল আমার শাস্তি!	
	أَفَمَنْ هُوَ قَائِمٌ عَلَىٰ كُلِّ نَفْسٍ بِمَا كَسَبَتْ ۗ وَجَعَلُوا لِلَّهِ شُرَكَاءَ ۚ قُلْ سَمُّوهُمْ ۚ أَمْ تُنَبِّئُونَهُ بِمَا لَا يَعْلَمُ فِي الْأَرْضِ أَمْ بِظَاهِرٍ مِّنَ الْقَوْلِ ۚ بَلْ زُيِّنَ لِلَّذِينَ كَفَرُوا مَكْرُهُمْ وَصُدُّوا عَنِ السَّبِيلِ ۗ وَمَنْ يُضْلِلِ اللَّهُ فَمَا لَهُ مِنْ هَادٍ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	আফামান্ হুওয়া ক'া~ইমুন্ 'আলা-কুল্লি নাফছিম্ বিমা কাছাবাত্ (ج) ওয়া জা'আলূ লিল্লা-হি শুরাকা~আ (ط) কু'ল ছাম্মূহুম্ (ط) আম্ তুনাব্বিঊনাহূ বিমা-লা-ইয়া'লামু ফিল্ আরদি' আম্ বিজ'াহিরিম্ মিনাল্ ক'াওলি (ط) বাল্ ঝুইয়িনা লিল্লায' ীনা কাফারূ মাকরুহুম্ ওয়াসুদ্দূ 'আনিছ্ ছাবীলি (ط) ওয়ামাইঁ ইউদ্' লিলিল্লা-হু ফামা-লাহূ মিন হা-দ্।	

তরজমা	তবে কি প্রত্যেক মানুষ যাহা করে তাহার যিনি পর্যবেক্ষক তিনি ইহাদের অক্ষম ইলাহ্গুলির মত ? অথচ উহারা আল্লাহ্র বহু শরীক করিয়াছে। বল, 'উহাদের পরিচয় দাও।' তোমরা কি পৃথিবীর মধ্যে এমন কিছুর সংবাদ দিতে চাও-যাহা তিনি জানেন না ? অথবা ইহা বাহ্যিক কথা মাত্র ? না, কাফিরদের নিকট উহাদের ছলনা শোভন প্রতীয়মান হইয়াছে এবং উহাদেরকে সৎপথ হইতে নিবৃত্ত করা হইয়াছে, আর আল্লাহ্ যাহাকে বিভ্রান্ত করেন তাহার কোন পথপ্রদর্শক নাই।	
	لَهُمْ عَذَابٌ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَلَعَذَابُ الْاٰخِرَةِ اَشَقُّ ۚ وَمَا لَهُمْ مِّنَ اللّٰهِ مِنْ وَّاقٍ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	লাহুম্ 'আয'া-বুং ফিল্ হ'য়া-তিদ্দুন্ইয়া- ওয়ালা 'আয'া-বুল্ আ-খিরাতি আশাক্কু' (জ) ওয়ামা-লাহুম্ মিনাল্লা-হি মিওঁ ওয়া-ক' ।	
তরজমা	উহাদের জন্য দুনিয়ার জীবনে আছে শাস্তি এবং আখিরাতের শাস্তি তো আরো কঠোর! এবং আল্লাহ্র শাস্তি হইতে রক্ষা করিবার উহাদের কেহ নাই।	
	مَثَلُ الْجَنَّةِ الَّتِيْ وُعِدَ الْمُتَّقُوْنَ ۭ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ ۭ اُكُلُهَا دَاۗىِٕمٌ وَّظِلُّهَا ۭ تِلْكَ عُقْبَى الَّذِيْنَ اتَّقَوْا ۣ وَّعُقْبَى الْكٰفِرِيْنَ النَّارُ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	মাছ'ালুল্ জান্নাতিল লাতী উ'ইদাল্ মুত্তাকূ'না (ত) তাজরী মিং তাহ'তিহাল্ আন্হা-রু (ত) উকুলুহা-দা~ইমুওঁ ওয়াজি'ল্লুহা- (ত) তিল্কা 'উক'বাল্লায'ী নাত্তাক'াওঁ ওয়া 'উক'বাল্ কা-ফিরীনান্না-র্ ।	
তরজমা	মুত্তাকীদেরকে যে জান্নাতের প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে, তাহার উপমা এইরূপ : উহার পাদদেশে নদী প্রবাহিত, উহার ফলসমূহ ও ছায়া চিরস্থায়ী। যাহারা মুত্তাকী ইহা তাহাদের কর্মফল এবং কাফিরদের কর্মফল দোযখ।	
	وَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يَفْرَحُوْنَ بِمَآ اُنْزِلَ اِلَيْكَ وَمِنَ الْاَحْزَابِ مَنْ يُّنْكِرُ بَعْضَهٗ ۭ قُلْ اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ اللّٰهَ وَلَآ اُشْرِكَ بِهٖ ۭ اِلَيْهِ اَدْعُوْا وَاِلَيْهِ مَاٰبِ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা আ-তাইনা-হুমুল্ কিতা-বা ইয়াফ্রাহূ'না বিমা~উংঝিলা ইলাইকা ওয়া মিনাল আহ'ঝা-বি মাইঁ ইউংকিরু বা'দ'াহূ (ত) ক'ুল্ ইন্নামা~উমির্তু আন্ আ'বুদাল্লা-হা ওয়ালা~উশ্রিকা বিহী (ত) ইলাইহি আদ্'উ ওয়া ইলাইহি মাআ-ব্ ।	
তরজমা	আমি যাহাদেরকে কিতাব দিয়াছি তাহারা যাহা তোমার প্রতি অবতীর্ণ হইয়াছে তাহাতে আনন্দ পায়, কিন্তু কোন কোন দল উহার কতক অংশ অস্বীকার করে। বল, 'আমি তো আল্লাহ্র 'ইবাদত করিতে ও তাঁহার কোন শরীক না করিতে আদিষ্ট হইয়াছি। আমি তাঁহারই প্রতি আহ্বান করি এবং তাঁহারই নিকট আমার প্রত্যাবর্তন।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَكَذٰلِكَ اَنْزَلْنٰهُ حُكْمًا عَرَبِيًّا ؕ وَلَئِنِ اتَّبَعْتَ اَهْوَآءَهُمْ بَعْدَ مَا جَآءَكَ مِنَ الْعِلْمِ ۙ مَا لَكَ مِنَ اللّٰهِ مِنْ وَّلِيٍّ وَّلَا وَاقٍ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া কাযা-লিকা আংঝাল্না-হু হুকমান্ ‘আরাবিইইয়াওঁ (ط) ওয়ালাইনিত্তাবা‘তা আহওয়া~আহুম্ বা‘দা মা-জা~আকা মিনাল্ (لا) ‘ইল্মি মা-লাকা মিনাল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা- ওয়া-ক।	
তরজমা	এইভাবে আমি কুরআন অবতীর্ণ করিয়াছি বিধানরূপে আরবী ভাষায়। জ্ঞান প্রাপ্তির পর তুমি যদি তাহাদের খেয়াল-খুশির অনুসরণ কর তবে আল্লাহ্‌র বিরুদ্ধে তোমার কোন অভিভাবক ও রক্ষক থাকিবে না।	
	وَلَقَدْ اَرْسَلْنَا رُسُلًا مِّنْ قَبْلِكَ وَجَعَلْنَا لَهُمْ اَزْوَاجًا وَّذُرِّيَّةً ؕ وَمَا كَانَ لِرَسُوْلٍ اَنْ يَّاْتِيَ بِاٰيَةٍ اِلَّا بِاِذْنِ اللّٰهِ ؕ لِكُلِّ اَجَلٍ كِتَابٌ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্বাদ্ আরছাল্না- রুছুলাম্ মিং ক্বাব্লিকা ওয়া জা‘আলনা-লাহুম্ আঝওয়া-জাওঁ ওয়া যুর্রিইইয়াতাওঁ (ط) ওয়ামা-কা-না লিরাছূলিন্ আইঁ ইয়া’তিয়া বিআ-য়াতিন ইল্লা- বিইযনিল্লা-হি (ط) লিকুল্লি আজালিং কিতা-ব্।	
তরজমা	তোমার পূর্বে আমি তো অনেক রাসূল প্রেরণ করিয়াছিলাম এবং তাহাদেরকে স্ত্রী ও সন্তান-সন্ততি দিয়াছিলাম। আল্লাহ্‌র অনুমতি ব্যতীত কোন নিদর্শন উপস্থিত করা কোন রাসূলের কাজ নয়। প্রত্যেক বিষয়ের নির্ধারিত কাল লিপিবদ্ধ।	
	يَمْحُوا اللّٰهُ مَا يَشَآءُ وَيُثْبِتُ ۚ وَعِنْدَهٗۤ اُمُّ الْكِتٰبِ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ইয়ামহুল্লা-হু মা- ইয়াশা~উ ওয়া ইউছ্বিতু (ج) ওয়া ‘ইংদাহূ~ উম্মুল্ কিতা-ব্।	
তরজমা	আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা নিশ্চিহ্ন করেন এবং যাহা ইচ্ছা তাহা প্রতিষ্ঠিত রাখেন এবং তাঁহারই নিকট আছে উম্মুল কিতাব।	
	وَاِنْ مَّا نُرِيَنَّكَ بَعْضَ الَّذِيْ نَعِدُهُمْ اَوْ نَتَوَفَّيَنَّكَ فَاِنَّمَا عَلَيْكَ الْبَلٰغُ وَعَلَيْنَا الْحِسَابُ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্মা- নুরিইয়ান্নাকা বা‘দাল্লাযী না‘ইদুহুম্ আও নাতাওয়াফ্ফাইয়ান্নাকা ফাইন্নামা-‘আলাইকাল্ বালা-গু ওয়া ‘আলাইনাল হিছা-ব্।	
তরজমা	উহাদেরকে যে শাস্তির প্রতিশ্রুতি দিয়াছি তাহার কিছু যদি তোমাকে দেখাই অথবা যদি ইহার পূর্বে তোমার কাল পূর্ণ করিয়া দেই-তোমার কর্তব্য তো কেবল প্রচার করা এবং হিসাব-নিকাশ তো আমার কাজ।	

41

أَوَلَمْ يَرَوْا أَنَّا نَأْتِي الْأَرْضَ نَنقُصُهَا مِنْ أَطْرَافِهَا ۚ وَاللَّهُ يَحْكُمُ لَا مُعَقِّبَ لِحُكْمِهِ ۚ وَهُوَ سَرِيعُ الْحِسَابِ ﴿٤١﴾

প্রতিবর্ণায়ন

আওয়ালাম্ ইয়ারাও আন্না-না'তিল্ আর্দ'া নাংকুসুহা-মিন্ আত'ারা-ফিহা- (ত্ব) ওয়াল্লা-হু ইয়াহ'কুমূ লা-মু'আক্কি'বা লিহুকমিহী (ত্ব) ওয়া হুওয়া ছারী'উল্ হি'ছা-ব।

তরজমা

উহারা কি দেখে না যে, আমি উহাদের দেশকে চতুর্দিক হইতে সংকুচিত করিয়া আনিতেছি ? আল্লাহ্ আদেশ করেন, তাঁহার আদেশ রদ করিবার কেহ নাই এবং তিনি হিসাব গ্রহণে তৎপর।

42

وَقَدْ مَكَرَ الَّذِينَ مِن قَبْلِهِمْ فَلِلَّهِ الْمَكْرُ جَمِيعًا ۖ يَعْلَمُ مَا تَكْسِبُ كُلُّ نَفْسٍ ۗ وَسَيَعْلَمُ الْكُفَّارُ لِمَنْ عُقْبَى الدَّارِ ﴿٤٢﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ক'াদ্ মাকারা ল্লায'ীনা মিং ক'াব্লিহিম্ ফালিল্লা-হিল্ মাকরু জামী'আই (ত্ব) ইয়া'লামু মা-তাকছিবু কুল্লু নাফ্ছিওঁ (ত্ব) ওয়া ছাইয়া'লামুল্ কুফ্ফা-রু লিমান্ 'উক'বাদ্ দা-র্।

তরজমা

উহাদের পূর্বে যাহারা ছিল তাহারাও চক্রান্ত করিয়াছিল; কিন্তু সমস্ত চক্রান্ত আল্লাহ্র ইখতিয়ারে। প্রত্যেক ব্যক্তি যাহা করে তাহা তিনি জানেন এবং কাফিররা শীঘ্রই জানিবে শুভ পরিণাম কাহাদের জন্য।

43

وَيَقُولُ الَّذِينَ كَفَرُوا لَسْتَ مُرْسَلًا ۚ قُلْ كَفَىٰ بِاللَّهِ شَهِيدًا بَيْنِي وَبَيْنَكُمْ وَمَنْ عِندَهُ عِلْمُ الْكِتَابِ ﴿٤٣﴾

প্রতিবর্ণায়ন

ওয়া ইয়াকূ'লুল্লায'ীনা কাফারূ লাছতা মুর্ছালাং (ত্ব) কু'ল্ কাফা-বিল্লা-হি শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম্ (ﻯ) ওয়া মান্ 'ইংদাহূ 'ইল্মুল্ কিতা-ব্।

তরজমা

যাহারা কুফরী করিয়াছে তাহারা বলে, 'তুমি আল্লাহ্র প্রেরিত নও।' বল, 'আল্লাহ্ এবং যাহাদের নিকট কিতাবের জ্ঞান আছে, তাহারা আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে যথেষ্ট।'

14 - 'Ibrahim-ইবরাহীম -إبراهيم

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الٓرٰ ۟ كِتٰبٌ اَنْزَلْنٰهُ اِلَيْكَ لِتُخْرِجَ النَّاسَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ بِاِذْنِ رَبِّهِمْ اِلٰى صِرَاطِ الْعَزِيْزِ الْحَمِيْدِ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ্ লা~ম্ রা- (قف) কিতা-বুন্ আংঝাল্না-হু ইলাইকা লিতুখ্রিজান্না-ছা মিনাজ ুলুমা-তি ইলান্নূরি, বিইয্নি রাব্বিহিম্ ইলা- সিরা-তি'ল্ 'আঝীঝিল্ হ'ামীদ।	
তরজমা	আলিফ-লাম্-রা, এই কিতাব, ইহা তোমার প্রতি অবতীর্ণ করিয়াছি যাহাতে তুমি মানবজাতিকে তাহাদের প্রতিপালকের নির্দেশক্রমে বাহির করিয়া আনিতে পার অন্ধকার হইতে আলোকে, তাঁহার পথে যিনি পরাক্রমশালী, প্রশংসার্হ,	
	اللّٰهِ الَّذِىْ لَهٗ مَا فِى السَّمٰوٰتِ وَمَا فِى الْاَرْضِ ؕ وَوَيْلٌ لِّلْكٰفِرِيْنَ مِنْ عَذَابٍ شَدِيْدِ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লাহিল্লায ী লাহূ মা- ফিছছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আরদি (ط) ওয়া ওয়াইলুল্লিল্ কা-ফিরীনা মিন্ 'আয া-বিং শাদীদ।	
তরজমা	আল্লাহ্-আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা তাঁহারই। কঠিন শাস্তির দুর্ভোগ কাফিরদের জন্য,	
	الَّذِيْنَ يَسْتَحِبُّوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا عَلَى الْاٰخِرَةِ وَيَصُدُّوْنَ عَنْ سَبِيْلِ اللّٰهِ وَيَبْغُوْنَهَا عِوَجًا ؕ اُولٰٓئِكَ فِىْ ضَلٰلٍۢ بَعِيْدٍ ؕ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা ইয়াছ্তাহি ব্বূনাল্ হ ায়া-তাদদুন্ইয়া-'আলাল্ আ-খিরাতি ওয়াইয়াসুদ্দূনা 'আং ছাবীলিল্লা-হি ওয়া ইয়াব্গূনাহা- 'ইওয়াজান (ط) উলা~ইকা ফী দ'ালা-লিম্ বা'ঈদ্।	
তরজমা	যাহারা দুনিয়ার জীবনকে আখিরাতের চেয়ে ভালবাসে, মানুষকে নিবৃত্ত করে আল্লাহ্র পথ হইতে এবং আল্লাহ্র পথ বক্র করিতে চাহে ; উহারাই তো ঘোর বিভ্রান্তিতে রহিয়াছে।	
	وَمَآ اَرْسَلْنَا مِنْ رَّسُوْلٍ اِلَّا بِلِسَانِ قَوْمِهٖ لِيُبَيِّنَ لَهُمْ ؕ فَيُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَآءُ وَيَهْدِىْ مَنْ يَّشَآءُ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আর্ছাল্না- মির্ রাছূলিন্ ইল্লা- বিলিছা-নি ক'াওমিহী লিইউবাইয়িনা লাহুম্ (ط) ফাইউদি'ল্লুল্লা-হু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহদী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়া-হুওয়াল্ 'আঝীঝুল্ হ'াকীম্।	

তরজমা	আমি প্রত্যেক রাসূলকেই তাহার স্বজাতির ভাষাভাষী করিয়া পাঠাইয়াছি তাহাদের নিকট পরিষ্কারভাবে ব্যাখ্যা করিবার জন্য, আল্লাহ্ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَلَقَدْ اَرْسَلْنَا مُوْسٰى بِاٰيٰتِنَآ اَنْ اَخْرِجْ قَوْمَكَ مِنَ الظُّلُمٰتِ اِلَى النُّوْرِ ۙ وَذَكِّرْهُمْ بِاَيّٰىمِ اللّٰهِ ؕ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আর্ছাল্না– মূছা– বিআ–ইয়া–তিনা~আন্ আখ্রিজ ক'াওমাকা মিনাজ্ জু লুমা–তি ইলান্নূরি (৯) ওয়া য'াক্কির্ হুম্ বিআইইয়া–মিল্লা–হি ইন্না ফী য'া–লিকা লাআ–য়া–তিল লিকুল্লি সাব্বা–রিং শাকূর্।	
তরজমা	মূসাকে আমি তো আমার নিদর্শনসহ প্রেরণ করিয়াছিলাম এবং বলিয়াছিলাম, 'তোমার সম্প্রদায়কে অন্ধকার হইতে আলোতে আনয়ন কর, এবং উহাদেরকে আল্লাহ্র দিবসগুলির দ্বারা উপদেশ দাও।' ইহাতে তো নিদর্শন রহিয়াছে প্রত্যেক পরম ধৈর্যশীল ও পরম কৃতজ্ঞ ব্যক্তির জন্য।	
	وَاِذْ قَالَ مُوْسٰى لِقَوْمِهِ اذْكُرُوْا نِعْمَةَ اللّٰهِ عَلَيْكُمْ اِذْ اَنْجٰىكُمْ مِّنْ اٰلِ فِرْعَوْنَ يَسُوْمُوْنَكُمْ سُوْٓءَ الْعَذَابِ وَ يُذَبِّحُوْنَ اَبْنَآءَكُمْ وَيَسْتَحْيُوْنَ نِسَآءَكُمْ ؕ وَفِيْ ذٰلِكُمْ بَلَآءٌ مِّنْ رَّبِّكُمْ عَظِيْمٌ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' ক'া–লা মূছা– লিক'াওমিহিয্'কুরূ নি'মাতাল্লা–হি 'আলাইকুম্ ইয'আংজা–কুম্ মিন্ আ–লি ফির্'আওনা ইয়াছূমূনাকুম্ ছু~আল্ 'আয'া–বি ওয়া ইউয'াব্বিহূ না আব্না~আকুম্ ওয়া ইয়াছ্তাহ্'ইউনা নিছা~আকুম্ ; ওয়া ফী য'া–লিকুম বালা~উম্ মির রাব্বিকুম 'আজ'ীম্।	
তরজমা	স্মরণ কর, মূসা তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমরা আল্লাহ্র অনুগ্রহ' স্মরণ কর যখন তিনি তোমাদেরকে রক্ষা করিয়াছিলেন ফির'আওনী সম্প্রদায়ের কবল হইতে, যাহারা তোমাদেরকে নিকৃষ্ট শাস্তি দিত, তোমাদের পুত্রগণকে যবেহ্ করিত ও তোমাদের নারীগণকে জীবিত রাখিত; এবং ইহাতে ছিল তোমাদের প্রতিপালকের পক্ষ হইতে এক মহাপরীক্ষা।'	
	وَاِذْ تَاَذَّنَ رَبُّكُمْ لَئِنْ شَكَرْتُمْ لَاَزِيْدَنَّكُمْ وَلَئِنْ كَفَرْتُمْ اِنَّ عَذَابِيْ لَشَدِيْدٌ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্' তাআয্'য'ানা রাব্বুকুম লাইং শাকারতুম্ লাআঝীদান্নাকুম্ ওয়া লাইং কাফারতুম্ ইন্না 'আয'া–বী লাশাদীদ্।	
তরজমা	স্মরণ কর, তোমাদের প্রতিপালক ঘোষণা করেন, 'তোমরা কৃতজ্ঞ হইলে তোমাদেরকে অবশ্যই অধিক দিব আর অকৃতজ্ঞ হইলে অবশ্যই আমার শাস্তি হইবে কঠোর।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ مُوسٰٓى اِنْ تَكْفُرُوْٓا اَنْتُمْ وَمَنْ فِى الْاَرْضِ جَمِيْعًا ۙ فَاِنَّ اللّٰهَ لَغَنِىٌّ حَمِيْدٌ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা মূছা~ ইং তাকফুরূ~ আংতুম্ ওয়া মাং ফিল্ আর্দি' জামী'আং ফাইন্নাল্লা-হা লাগানিইয়ুন হ'ামীদ্।	
তরজমা	মূসা বলিয়াছিল, 'তোমরা এবং পৃথিবীর সকলেই যদি অকৃতজ্ঞ হও তথাপি আল্লাহ্ অভাবমুক্ত এবং প্রশংসার্হ।	
	اَلَمْ يَاْتِكُمْ نَبَؤُا الَّذِيْنَ مِنْ قَبْلِكُمْ قَوْمِ نُوْحٍ وَّعَادٍ وَّثَمُوْدَ ۛ وَالَّذِيْنَ مِنْۢ بَعْدِهِمْ ۛ لَا يَعْلَمُهُمْ اِلَّا اللّٰهُ ۭ جَاۗءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ فَرَدُّوْٓا اَيْدِيَهُمْ فِيْٓ اَفْوَاهِهِمْ وَقَالُوْٓا اِنَّا كَفَرْنَا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ وَاِنَّا لَفِيْ شَكٍّ مِّمَّا تَدْعُوْنَنَآ اِلَيْهِ مُرِيْبٍ ۝٩	9
প্রতিবর্ণায়ন	আলাম্ ইয়া'তিকুম্ নাবাউল্লায'ীনা মিং ক'াব্লিকুম্ ক'াওমি নূহি'ওঁ ওয়া 'আ-দিওঁ ওয়া ছ'ামূদা ওয়াল্লায'ীনা মিম্ বা'দিহিম্ লা-ইয়া'লামুহুম্ ইল্লাল্লা-হু জা~আত্হুম্ রুছুলূহুম্ বিল্বাইয়িনা-তি ফারাদ্দু~আইদিইয়াহুম্ ফী~আফওয়া-হিহিম্ ওয়াক'া-লূ~ ইন্না- কাফার্না- বিমা~উরছিল্তুম্ বিহী ওয়া ইন্না- লাফী শাক্কিম্ মিম্মা- তাদ্'ঊনানা~ইলাইহি মুরীব্।	
তরজমা	'তোমাদের নিকট কি সংবাদ আসে নাই তোমাদের পূর্ববর্তীদের, নূহের সম্প্রদায়ের, 'আদের ও সামূদের এবং তাহাদের পরবর্তীদের? উহাদের বিষয় আল্লাহ্ ব্যতীত অন্য কেহ জানে না।' উহাদের নিকট স্পষ্ট নিদর্শনসহ উহাদের রাসূল আসিয়াছিল, উহারা উহাদের হাত উহাদের মুখে স্থাপন করিত এবং বলিত, 'যাহাসহ তোমরা প্রেরিত হইয়াছ তাহা আমরা অবশ্যই অস্বীকার করি এবং আমরা অবশ্যই বিভ্রান্তিকর সন্দেহে রহিয়াছি সে বিষয়ে, যাহার প্রতি তোমরা আমাদেরকে আহ্বান করিতেছ।'	
	قَالَتْ رُسُلُهُمْ اَفِى اللّٰهِ شَكٌّ فَاطِرِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ يَدْعُوْكُمْ لِيَغْفِرَ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُؤَخِّرَكُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ۭ قَالُوْٓا اِنْ اَنْتُمْ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۭ تُرِيْدُوْنَ اَنْ تَصُدُّوْنَا عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَاۗؤُنَا فَاْتُوْنَا بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ক'া-লাত্ রুছুলুহুম্ আফিল্লা-হি শাক্কুং ফা-তি'রিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি'(ত্ব) ইয়াদ্'ঊকুম্ লিইয়াগফিরা লাকুম্ মিং যু'নূবিকুম্ ওয়া ইউআখ্খিরাকুম্ ইলা~ আজালিম্ মুছাম্মাং (ত্ব) ক'া-লূ~ ইন্ আংতুম্ ইল্লা-বাশারুম্ মিছ'লুনা- (ত্ব) তুরীদূনা আং তাসুদ্দূনা 'আম্মা- কা-না ইয়া'বুদু আ-বা~উনা- ফা'তূনা বিছুল্ত'া-নিম্ মুবীন্।	

তরজমা	উহাদের রাসূলগণ বলিয়াছিল, 'আল্লাহ্ সম্বন্ধে কি কোন সন্দেহ আছে, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা ? তিনি তোমাদেরকে আহ্বান করেন তোমাদের পাপ মার্জনা করিবার জন্য এবং নির্দিষ্ট কাল পর্যন্ত তোমাদেরকে অবকাশ দিবার জন্য।' উহারা বলিত, 'তোমরা তো আমাদেরই মত মানুষ। আমাদের পিতৃপুরুষগণ যাহাদের 'ইবাদত করিত তোমরা তাহাদের 'ইবাদত হইতে আমাদেরকে বিরত রাখিতে চাও। অতএব তোমরা আমাদের নিকট কোন অকাট্য প্রমাণ উপস্থিত কর।'	
	قَالَتْ لَهُمْ رُسُلُهُمْ إِنْ نَّحْنُ إِلَّا بَشَرٌ مِّثْلُكُمْ وَلَٰكِنَّ اللَّهَ يَمُنُّ عَلَىٰ مَن يَشَاءُ مِنْ عِبَادِهِ ۖ وَمَا كَانَ لَنَا أَن نَّأْتِيَكُم بِسُلْطَانٍ إِلَّا بِإِذْنِ اللَّهِ ۖ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُؤْمِنُونَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ক'া-লাত্ লাহুম্ রুছুলুহুম্ ইন্ নাহ'নু ইল্লা- বাশারুম্ মিছ'লুকুম্ ওয়ালা-কিন্নাল্লা-হা ইয়ামুন্নু 'আলা- মাই্ ইয়াশা~উ মিন্ 'ইবা-দিহী (ط) ওয়ামা- কা-না লানা~আন্ না'তিয়াকুম বিছুল্ত'া-নিন্ ইল্লা- বিইয'্নিল্লা-হি (ط) ওয়া 'আলাল্লা-হি ফালইয়াতাওয়াক্কালিল মু'মিনূন্।	
তরজমা	উহাদের রাসূলগণ উহাদেরকে বলিত, 'সত্য বটে, আমরা তোমাদের মত মানুষই কিন্তু আল্লাহ্ তাঁহার বান্দাদের মধ্যে যাহাকে ইচ্ছা অনুগ্রহ করেন। আল্লাহ্র অনুমতি ব্যতীত তোমাদের নিকট প্রমাণ উপস্থিত করা আমাদের কাজ নয়। আল্লাহ্র উপরই মু'মিনগণের নির্ভর করা উচিত।	
	وَمَا لَنَا أَلَّا نَتَوَكَّلَ عَلَى اللَّهِ وَقَدْ هَدَانَا سُبُلَنَا ۚ وَلَنَصْبِرَنَّ عَلَىٰ مَا آذَيْتُمُونَا ۚ وَعَلَى اللَّهِ فَلْيَتَوَكَّلِ الْمُتَوَكِّلُونَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়ামা- লানা~আল্লা- নাতাওয়াক্কাল 'আলাল্লা-হি ওয়া ক'াদ হাদা-না- ছুবুলানা- (ط) ওয়া লানাসবিরান্না 'আলা- মা~আ-য'াইতুমূনা- (ط) ওয়া 'আলাল্লা-হি ফাল্ইয়াতাওয়াক্কালিল্ মুতাওয়াক্কিলূন্।	
তরজমা	আমাদের কি হইয়াছে যে, 'আমরা আল্লাহ্র উপর নির্ভর করিব না ? তিনিই তো আমাদেরকে পথ প্রদর্শন করিয়াছেন। তোমরা আমাদেরকে যে ক্লেশ দিতেছ, আমরা তাহাতে অবশ্যই ধৈর্য ধারণ করিব এবং আল্লাহ্রই উপর নির্ভরকারিগণ নির্ভর করুক।'	
	وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُم مِّنْ أَرْضِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا ۖ فَأَوْحَىٰ إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظَّالِمِينَ ﴿١٣﴾	13

প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ীনা কাফারূ লিরুছুলিহিম্ লানুখরিজান্নাকুম্ মিন্ আর্দি'না~আও লাতা'ঊদুন্না ফী মিল্লাতিনা- (ط) ফাআওহ'া~ইলাইহিম্ রাব্বুহুম্ লানুহলিকান্নাজ্'জ'া-লিমীন্।	
তরজমা	কাফিররা উহাদের রাসূলগণকে বলিয়াছিল, 'আমরা তোমাদেরকে আমাদের দেশ হইতে অবশ্যই বহিষ্কার করিব অথবা তোমাদেরকে আমাদের ধর্মাদর্শে ফিরিয়া আসিতেই হইবে।' অতঃপর রাসূলগণকে তাহাদের প্রতিপালক ওহী প্রেরণ করিলেন, জালিমদেরকে আমি অবশ্যই বিনাশ করিব;	
	وَلَنُسْكِنَنَّكُمُ الْأَرْضَ مِنۢ بَعْدِهِمْ ۚ ذَٰلِكَ لِمَنْ خَافَ مَقَامِى وَخَافَ وَعِيدِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া লানুছকিনান্নাকুমুল্ আর্দ'া মিম্ বা'দিহিম্ (ط) য'া-লিকা লিমান্ খা-ফা মাক'া-মী ওয়া খা-ফা ওয়া'ঈদ্।	
তরজমা	'উহাদের পরে আমি তোমাদেরকে দেশে প্রতিষ্ঠিত করিবই; ইহা তাহাদের জন্য যাহারা ভয় রাখে আমার সম্মুখে উপস্থিত হওয়ার এবং ভয় রাখে আমার শাস্তির।'	
	وَٱسْتَفْتَحُوا۟ وَخَابَ كُلُّ جَبَّارٍ عَنِيدٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়াছ্তাফ্তাহূ' ওয়াখা-বা কুল্লু জাব্বা-রিন্ 'আনীদ্।	
তরজমা	উহারা বিজয় কামনা করিল এবং প্রত্যেক উদ্ধত স্বৈরাচারী ব্যর্থমনোরথ হইল।	
	مِّن وَرَآئِهِۦ جَهَنَّمُ وَيُسْقَىٰ مِن مَّآءٍ صَدِيدٍ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	মিওঁ ওয়ারা~ইহী জাহান্নামু ওয়া ইউছ্ক'া-মিম্ মা~ইং সাদীদ্।	
তরজমা	উহাদের প্রত্যেকের জন্য পরিণামে জাহান্নাম রহিয়াছে এবং পান করানো হইবে গলিত পুঁজ;	
	يَتَجَرَّعُهُۥ وَلَا يَكَادُ يُسِيغُهُۥ وَيَأْتِيهِ ٱلْمَوْتُ مِن كُلِّ مَكَانٍ وَمَا هُوَ بِمَيِّتٍ ۖ وَمِن وَرَآئِهِۦ عَذَابٌ غَلِيظٌ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইয়াতাজার্‌রা'উহূ ওয়ালা- ইয়া-কা-দূ ইউছীগুহূ ওয়া ইয়া'তীহিল্ মাওতু মিং কুল্লি মাকা-নিওঁ ওয়ামা-হুওয়া বিমাইয়িতিওঁ (ط) ওয়ামিওঁ ওয়ারা~ইহী 'আয'া-বুন্ গালীজ্'।	
তরজমা	যাহা সে অতি কষ্টে একেক ঢোক করিয়া গলাধঃকরণ করিবে এবং উহা গলাধঃকরণ করা প্রায় সহজ হইবে না। সর্বদিক হইতে তাহার নিকট আসিবে মৃত্যুযন্ত্রণা, কিন্তু তাহার মৃত্যু ঘটিবে না এবং ইহার পর কঠোর শাস্তি ভোগ করিতেই থাকিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَثَلُ الَّذِيْنَ كَفَرُوْا بِرَبِّهِمْ اَعْمَالُهُمْ كَرَمَادِ ِۨاشْتَدَّتْ بِهِ الرِّيْحُ فِيْ يَوْمٍ عَاصِفٍ ؕ لَا يَقْدِرُوْنَ مِمَّا كَسَبُوْا عَلٰى شَيْءٍ ؕ ذٰلِكَ هُوَ الضَّلٰلُ الْبَعِيْدُ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	মাছ'ালুল্লায'ীনা কাফারু বিরাব্বিহিম্ আ'মা-লুহুম্ কারামা-দিনিশ্তাদ্দাত্ বিহির্ রীহু' ফী ইয়াওমিন্ 'আ-সিফিল্ (ط) লা-ইয়াক'দিরূনা মিম্মা-কাছাবূ 'আলা-শাইইং (ط) য'া-লিকা হুওয়াদ'দ'ালা-লুল্ বা'ঈদ্।	
তরজমা	যাহারা তাহাদের প্রতিপালককে অস্বীকার করে তাহাদের উপমা-তাহাদের কর্মসমূহ ভস্মসদৃশ যাহা ঝড়ের দিনের বাতাস প্রচণ্ড বেগে উড়াইয়া লইয়া যায়। যাহা তাহারা উপার্জন করে তাহার কিছুই তাহারা তাহাদের কাজে লাগাইতে পারে না। ইহা তো ঘোর বিভ্রান্তি।	
	اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ ؕ اِنْ يَّشَاْ يُذْهِبْكُمْ وَيَاْتِ بِخَلْقٍ جَدِيْدٍ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা আন্নাল্লা-হা খালাক'াছছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ'া বিল্ হ'াক্কি'(ط) ইয়ঁ ইয়াশা' ইউয'্হিবকুম্ ওয়া ইয়া'তি বিখালকি'ং জাদীদ্।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না যে, আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী যথাবিধি সৃষ্টি করিয়াছেন ? তিনি ইচ্ছা করিলে তোমাদের অস্তিত্ব বিলোপ করিতে পারেন এবং এক নূতন সৃষ্টি অস্তিত্বে আনিতে পারেন,	
	وَّمَا ذٰلِكَ عَلَى اللّٰهِ بِعَزِيْزٍ ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়ামা-য'া-লিকা 'আলাল্লা-হি বি'আঝীঝ।	
তরজমা	আর ইহা আল্লাহ্র জন্য আদৌ কঠিন নয়।	
	وَبَرَزُوْا لِلّٰهِ جَمِيْعًا فَقَالَ الضُّعَفٰٓؤُا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْٓا اِنَّا كُنَّا لَكُمْ تَبَعًا فَهَلْ اَنْتُمْ مُّغْنُوْنَ عَنَّا مِنْ عَذَابِ اللّٰهِ مِنْ شَيْءٍ ؕ قَالُوْا لَوْ هَدٰىنَا اللّٰهُ لَهَدَيْنٰكُمْ ؕ سَوَآءٌ عَلَيْنَآ اَجَزِعْنَآ اَمْ صَبَرْنَا مَا لَنَا مِنْ مَّحِيْصٍ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া বারাঝূ লিল্লা-হি জামী'আং ফাক'ালাদ্'দু'আফা~উ লিল্লায'ীনাছ্ তাক্বাবারূ~ইন্না- কুন্না-লাকুম্ তাবা'আং ফাহাল্ আংতুম্ মুগ্নূনা 'আন্না-মিন্ 'আয'া-বিল্লা-হি মিং শাইইং (ط) ক'া-লূ লাও হাদা-নাল্লা-হু লাহাদাইনা-কুম্ ছাওয়া~উন্ 'আলাইনা~ আজাঝি'না~ আম সাবার্না- মা-লানা-মিম্ মাহ'ীস।	

তরজমা	সকলে আল্লাহ্‌র নিকট উপস্থিত হইবে। যাহারা অহংকার করিত তখন দুর্বলেরা তাহাদেরকে বলিবে, 'আমরা তো তোমাদের অনুসারী ছিলাম; এখন তোমরা আল্লাহ্‌র শাস্তি হইতে আমাদেরকে কিছুমাত্র রক্ষা করিতে পারিবে ?' উহারা বলিবে, 'আল্লাহ্‌ আমাদেরকে সৎপথে পরিচালিত করিলে আমরাও তোমাদেরকে সৎপথে পরিচালিত করিতাম। এখন আমরা ধৈর্যচ্যুত হই অথবা ধৈর্যশীল হই একই কথা; আমাদের কোন নিষ্কৃতি নাই।'	
	وَقَالَ الشَّيْطٰنُ لَمَّا قُضِيَ الْاَمْرُ اِنَّ اللّٰهَ وَعَدَكُمْ وَعْدَ الْحَقِّ وَوَعَدْتُّكُمْ فَاَخْلَفْتُكُمْ ؕ وَمَا كَانَ لِيَ عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّاۤ اَنْ دَعَوْتُكُمْ فَاسْتَجَبْتُمْ لِيْ ۚ فَلَا تَلُوْمُوْنِيْ وَلُوْمُوْۤا اَنْفُسَكُمْ ؕ مَاۤ اَنَا بِمُصْرِخِكُمْ وَمَاۤ اَنْتُمْ بِمُصْرِخِيَّ ؕ اِنِّيْ كَفَرْتُ بِمَاۤ اَشْرَكْتُمُوْنِ مِنْ قَبْلُ ؕ اِنَّ الظّٰلِمِيْنَ لَهُمْ عَذَابٌ اَلِيْمٌ ﴿۲۲﴾	**22**
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাশ্‌শাইত'া-নু লাম্মা- কুদি'য়াল্ আমরু ইন্নাল্লা-হা ওয়া'আদাকুম্ ওয়া'আদাল্ হ'াক্কি'ওয়া ওয়াআত্তুকুম্ ফাআখ্‌লাফ্‌তুকুম্ (ত) ওয়ামা- কা-না লিয়া 'আলাইকুম্ মিং ছুলত'া-নিন্ ইল্লা~ আং দা'আওতুকুম্ ফাছ্‌তাজাবতুম্ লী (জ) ফালা-তালূমূনী ওয়া লূমূ~আংফুছাকুম্ (ত) মা~আনা-বিমুসরিখিকুম্ওয়ামা~আংতুম্ বিমুসরিখিইইয়া (ত) ইন্নী কাফার্‌তু বিমা~ আশরাক্‌তুমূনি মিং ক'াব্‌লু (ত) ইন্নাজ্‌জ'া-লিমীনা লাহুম্ 'আয'া-বুন্ আলীম্।	
তরজমা	যখন বিচারকার্য সম্পন্ন হইবে তখন শয়তান বলিবে, 'আল্লাহ্‌ তো তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলেন সত্য প্রতিশ্রুতি, আমিও তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলাম, কিন্তু আমি তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করিয়াছি। আমার তো তোমাদের উপর কোন আধিপত্য ছিল না, আমি কেবল তোমাদেরকে আহ্বান করিয়াছিলাম এবং তোমরা আমার আহ্‌বানে সাড়া দিয়াছিলে। সুতরাং তোমরা আমার প্রতি দোষারোপ করিও না, তোমরা নিজেদেরই প্রতি দোষারোপ কর। আমি তোমাদের উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নই এবং তোমরাও আমার উদ্ধারে সাহায্য করিতে সক্ষম নও। তোমরা যে পূর্বে আমাকে আল্লাহ্‌র শরীক করিয়াছিলে আমি তাহা অস্বীকার করিতেছি, জালিমদের জন্য তো মর্মন্তুদ শাস্তি রহিয়াছে।	
	وَاُدْخِلَ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ جَنّٰتٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَا بِاِذْنِ رَبِّهِمْ ؕ تَحِيَّتُهُمْ فِيْهَا سَلٰمٌ ﴿۲۳﴾	**23**

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া উদ্‌খিলাল্লায ীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহ াতি জান্না-তিং তাজরী মিং তাহ তিহাল্ আন্হা-রু খা-লিদীনা ফীহা- বিইয নি রাব্বিহিম্ (ط) তাহি ইইয়াতুহুম্ ফীহা- ছালা-ম্ ।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদেরকে দাখিল করা হইবে জান্নাতে যাহার পাদদেশে নদী প্রবাহিত। সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহাদের প্রতিপালকের অনুমতিক্রমে, সেখানে তাহাদের অভিবাদন হইবে ‘সালাম’।	
	اَلَمۡ تَرَ كَيۡفَ ضَرَبَ اللّٰهُ مَثَلًا كَلِمَةً طَيِّبَةً كَشَجَرَةٍ طَيِّبَةٍ اَصۡلُهَا ثَابِتٌ وَّفَرۡعُهَا فِى السَّمَآءِ ۟ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা কাইফা দ রাবাল্লা-হু মাছ লাং কালিমাতাং ত াইয়িবাতাং কাশাজারাতিং ত াইয়িবাতিং আসলুহা-ছ া-বিতুওঁ ওয়া ফার‘উহা- ফিছছামা~ই।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর না আল্লাহ্ কিভাবে উপমা দিয়া থাকেন ? সৎবাক্যের তুলনা উৎকৃষ্ট বৃক্ষ যাহার মূল সুদৃঢ় ও যাহার শাখা-প্রশাখা উর্ধ্বে বিস্তৃত,	
	تُؤۡتِىۡۤ اُكُلَهَا كُلَّ حِيۡنٍۢ بِاِذۡنِ رَبِّهَا ؕ وَيَضۡرِبُ اللّٰهُ الۡاَمۡثَالَ لِلنَّاسِ لَعَلَّهُمۡ يَتَذَكَّرُوۡنَ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	তু’তী~ উকুলাহা- কুল্লা হ ীনিম্ বিইয্‌নি রাব্বিহা- (ط) ওয়া ইয়াদ রিবুল্লা-হুল্ আম্ছ া-লা লিন্না-ছি লা‘আল্লাহুম্ ইয়াতায াক্কারূন্।	
তরজমা	যাহা প্রত্যেক মওসুমে উহার ফলদান করে উহার প্রতিপালকের অনুমতিক্রমে। এবং আল্লাহ্ মানুষের জন্য উপমা দিয়া থাকেন, যাহাতে তাহারা শিক্ষা গ্রহণ করে।	
	وَمَثَلُ كَلِمَةٍ خَبِيۡثَةٍ كَشَجَرَةٍ خَبِيۡثَةِ ِ اجۡتُثَّتۡ مِنۡ فَوۡقِ الۡاَرۡضِ مَا لَهَا مِنۡ قَرَارٍ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া মাছ লু কালিমাতিন খাবীছ াতিং কাশাজারাতিন খাবীছ াতি নিজতুছ্‌ছ াত্ মিং ফাওকি ল্ আর্‌দি মা-লাহা- মিং ক ারা-র্।	
তরজমা	কুবাক্যের তুলনা এক মন্দ বৃক্ষ যাহার মূল ভূপৃষ্ঠ হইতে বিচ্ছিন্ন, যাহার কোন স্থায়িত্ব নাই।	
	يُثَبِّتُ اللّٰهُ الَّذِيۡنَ اٰمَنُوۡا بِالۡقَوۡلِ الثَّابِتِ فِى الۡحَيٰوةِ الدُّنۡيَا وَفِى الۡاٰخِرَةِ ۚ وَيُضِلُّ اللّٰهُ الظّٰلِمِيۡنَ ۙ وَيَفۡعَلُ اللّٰهُ مَا يَشَآءُ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ইউছ াব্বিতুল্লা-হুল্লায ীনা আ-মানূ বিল্‌ক াওলিছ্‌ ছ া-বিতি ফিল্ হ য়া-তিদ্‌দুন্‌ইয়া-ওয়া ফিল্ আ-খিরাতি (ج) ওয়া ইউদি ল্লা-হুজ্ জ া-লিমীনা (قف) ওয়াইয়াফ‘আলুল্লাহু মা-ইয়াশা~উ।	
তরজমা	যাহারা শাশ্বত বাণীতে বিশ্বাসী তাহাদেরকে দুনিয়ার জীবনে ও আখিরাতে আল্লাহ্ সুপ্রতিষ্ঠিত রাখিবেন এবং যাহারা জালিম আল্লাহ্ উহাদেরকে বিভ্রান্তিতে রাখিবেন। আল্লাহ্ যাহা ইচ্ছা তাহা করেন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اَلَمۡ تَرَ اِلَى الَّذِيۡنَ بَدَّلُوۡا نِعۡمَتَ اللّٰهِ كُفۡرًا وَّاَحَلُّوۡا قَوۡمَهُمۡ دَارَ الۡبَوَارِ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা ইলাল্লায'ীনা বাদ্দালূ নি'মাতাল্লা-হি কুফ্রাওঁ ওয়া আহ'াল্লূ ক'াওমাহুম্ দা-রাল্ বাওয়া-র্।	
তরজমা	তুমি কি উহাদেরকে লক্ষ্য কর না, যাহারা আল্লাহ্‌র অনুগ্রহের বদলে অকৃতজ্ঞতা প্রকাশ করে এবং উহারা উহাদের সম্প্রদায়কে নামাইয়া আনে ধ্বংসের ক্ষেত্রে-	
	جَهَنَّمَ ۚ يَصۡلَوۡنَهَا ؕ وَبِئۡسَ الۡقَرَارُ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	জাহান্নামা (ج) ইয়াসলাওনাহা- (ط) ওয়াবি'ছাল্ ক'ারা-র।	
তরজমা	জাহান্নামে, যাহার মধ্যে উহারা প্রবেশ করিবে, কত নিকৃষ্ট এই আবাসস্থল!	
	وَجَعَلُوۡا لِلّٰهِ اَنۡدَادًا لِّيُضِلُّوۡا عَنۡ سَبِيۡلِهٖ ؕ قُلۡ تَمَتَّعُوۡا فَاِنَّ مَصِيۡرَكُمۡ اِلَى النَّارِ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলূ লিল্লা-হি আংদা-দাল্ লিইউদি'ল্লূ 'আং ছাবীলিহী (ط) কু'ল্ তামাত্তা'উ ফাইন্না মাসীরাকুম্ ইলান্না-র।	
তরজমা	এবং উহারা আল্লাহ্‌র সমকক্ষ নির্ধারণ করে তাঁহার পথ হইতে বিভ্রান্ত করিবার জন্য। বল, 'ভোগ করিয়া লও, পরিণামে দোযখই তোমাদের প্রত্যাবর্তনস্থল।'	
	قُلۡ لِّعِبَادِىَ الَّذِيۡنَ اٰمَنُوۡا يُقِيۡمُوا الصَّلٰوةَ وَيُنۡفِقُوۡا مِمَّا رَزَقۡنٰهُمۡ سِرًّا وَّعَلَانِيَةً مِّنۡ قَبۡلِ اَنۡ يَّاۡتِىَ يَوۡمٌ لَّا بَيۡعٌ فِيۡهِ وَلَا خِلٰلٌ ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ক'ুল লি'ইবা-দিয়াল্লায'ীনা আ-মানূ ইউক'ীমুস্‌সালা-তা ওয়া ইউংফিকূ' মিম্মা-রাঝাক'না হুম্ ছির্‌রাওঁ ওয়া 'আলা-নিয়াতাম্ মিং ক'াব্‌লি আইঁ ইয়া'তিয়া ইয়াওমুল্ লা-বাই'উঁং ফীহি ওয়ালা- খিলা-ল্।	
তরজমা	আমার বান্দাদের মধ্যে যাহারা মু'মিন তাহাদেরকে তুমি বল, সালাত কায়েম করিতে এবং আমি তাহাদেরকে জীবিকা হিসাবে যাহা দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করিতে- সেই দিনের পূর্বে যেদিন ক্রয়-বিক্রয় ও বন্ধুত্ব থাকিবে না।'	
	اَللّٰهُ الَّذِىۡ خَلَقَ السَّمٰوٰتِ وَالۡاَرۡضَ وَاَنۡزَلَ مِنَ السَّمَآءِ مَآءً فَاَخۡرَجَ بِهٖ مِنَ الثَّمَرٰتِ رِزۡقًا لَّكُمۡ ۚ وَسَخَّرَ لَكُمُ الۡفُلۡكَ لِتَجۡرِىَ فِى الۡبَحۡرِ بِاَمۡرِهٖ ۚ وَسَخَّرَ لَكُمُ الۡاَنۡهٰرَ ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লায'ী খালাক'াছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্ আর্‌দ'া ওয়া আংঝালা মিনাছ্‌ছামা~ই মা~আং ফাআখ্‌রাজা বিহী মিনাছ'ছ'ামারা-তি রিঝক'াল্ লাকুম্ (ج) ওয়াছাখ্‌খারা লাকুমুল্ ফুল্‌কা লিতাজরিয়া ফিল্ বাহ'রি বিআম্‌রিহী ওয়া ছাখ্‌খারা লাকুমুল্ আন্‌হা-র্।	

তরজমা	তিনিই আল্লাহ্ যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন, যিনি আকাশ হইতে পানি বর্ষণ করিয়া তদ্দ্বারা তোমাদের জীবিকার জন্য ফলমূল উৎপাদন করেন, যিনি নৌযানকে তোমাদের অধীন করিয়া দিয়াছেন যাহাতে তাঁহার বিধানে উহা সমুদ্রে বিচরণ করে এবং যিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন নদীসমূহকে।	
	وَسَخَّرَ لَكُمُ الشَّمْسَ وَالْقَمَرَ دَآئِبَيْنِ ۚ وَسَخَّرَ لَكُمُ الَّيْلَ وَالنَّهَارَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া ছাখ্খারা লকুমুশ্শাম্ছা ওয়াল্ ক'ামারা দা~ইবাইনি (ج) ওয়া ছাখ্খারা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা-র্।	
তরজমা	তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন সূর্য ও চন্দ্রকে, যাহারা অবিরাম একই নিয়মের অনুবর্তী এবং তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন রাত্রি ও দিবসকে।	
	وَاٰتٰىكُمْ مِّنْ كُلِّ مَا سَاَلْتُمُوْهُ ۗ وَاِنْ تَعُدُّوْا نِعْمَتَ اللّٰهِ لَا تُحْصُوْهَا ۗ اِنَّ الْاِنْسَانَ لَظَلُوْمٌ كَفَّارٌ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তা-কুম্ মিং কুল্লি মা-ছাআল্তুমূহু (ط) ওয়া ইং তা'উদ্দূ নি'মাতাল্লা-হি লা-তুহ'সূহা- (ط) ইন্নাল্ ইংছা-না লাজ'লূমুং কাফ্ফা-র্।	
তরজমা	এবং তিনি তোমাদেরকে দিয়াছেন তোমরা তাঁহার নিকট যাহা কিছু চাহিয়াছ তাহা হইতে। তোমরা আল্লাহ্র অনুগ্রহ গণনা করিলে উহার সংখ্যা নির্ণয় করিতে পারিবে না। মানুষ অবশ্যই অতিমাত্রায় জালিম, অকৃতজ্ঞ।	
	وَاِذْ قَالَ اِبْرٰهِيْمُ رَبِّ اجْعَلْ هٰذَا الْبَلَدَ اٰمِنًا وَّاجْنُبْنِيْ وَبَنِيَّ اَنْ نَّعْبُدَ الْاَصْنَامَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' ক'া-লা ইবরা-হীমু রাব্বিজ'আল হা-য'াল্ বালাদা আ-মিনাওঁ ওয়াজ্নুবনী ওয়া বানিইইয়া আন্না'বুদাল্ আসনা-ম্।	
তরজমা	স্মরণ কর, ইব্রাহীম বলিয়াছিল, 'হে আমার প্রতিপালক! এই নগরীকে নিরাপদ করিও এবং আমাকে ও আমার পুত্রগণকে প্রতিমা পূজা হইতে দূরে রাখিও।	
	رَبِّ اِنَّهُنَّ اَضْلَلْنَ كَثِيْرًا مِّنَ النَّاسِ ۚ فَمَنْ تَبِعَنِيْ فَاِنَّهٗ مِنِّيْ ۚ وَمَنْ عَصَانِيْ فَاِنَّكَ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	রাব্বি ইন্নাহুন্না আদ'লাল্না কাছ'ীরাম্ মিনান্না-ছি (ج) ফামাং তাবি'আনী ফাইন্নাহূ মিন্নী (ج) ওয়ামান্ 'আসা-নী ফাইন্নাকা গাফূরুর রাহ'ীম্।	
তরজমা	'হে আমার প্রতিপালক! এই সকল প্রতিমা তো বহু মানুষকে বিভ্রান্ত করিয়াছে। সুতরাং যে আমার অনুসরণ করিবে সে-ই আমার দলভুক্ত, কিন্তু কেহ আমার অবাধ্য হইলে তুমি তো ক্ষমাশীল, পরম দয়ালু।	

	رَبَّنَآ اِنِّيْٓ اَسْكَنْتُ مِنْ ذُرِّيَّتِيْ بِوَادٍ غَيْرِ ذِيْ زَرْعٍ عِنْدَ بَيْتِكَ الْمُحَرَّمِ ۙ رَبَّنَا لِيُقِيْمُوا الصَّلٰوةَ فَاجْعَلْ اَفْـِٕدَةً مِّنَ النَّاسِ تَهْوِيْٓ اِلَيْهِمْ وَارْزُقْهُمْ مِّنَ الثَّمَرٰتِ لَعَلَّهُمْ يَشْكُرُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	রাব্বানা~ ইন্নী~ আছ্কাংতু মিং যু'র্‌রিইইয়াতী বিওয়া-দিন্ গাইরি য'ী ঝার্'ইন্ 'ইংদা বাইতিকাল্ মুহ'ার্‌রামি (ﻁ) রাব্বানা-লিইউক'ীমুসসালা-তা ফাজ'আল্ আফ্ইদাতাম্ মিনান্না-ছি তাহ'বী~ইলাইহিম্ ওয়ার্‌ঝুক'হুম্ মিনাছ্'ছ'ামারা-তি লা'আল্লাহুম্ ইয়াশ্‌কুরূন।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! আমি আমার বংশধরদের কতককে বসবাস করাইলাম অনুর্বর উপত্যকায় তোমার পবিত্র গৃহের নিকট, হে আমাদের প্রতিপালক! এইজন্য যে, উহারা যেন সালাত কায়েম করে। অতএব তুমি কিছু লোকের অন্তর উহাদের প্রতি অনুরাগী করিয়া দাও এবং ফলাদি দ্বারা উহাদের রিযিকের ব্যবস্থা করিও, যাহাতে উহারা কৃতজ্ঞতা প্রকাশ করে।	
	رَبَّنَآ اِنَّكَ تَعْلَمُ مَا نُخْفِيْ وَمَا نُعْلِنُ ۭ وَمَا يَخْفٰى عَلَي اللّٰهِ مِنْ شَيْءٍ فِي الْاَرْضِ وَلَا فِي السَّمَاۗءِ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	রাব্বানা~ইন্নাকা তা'লামু মা-নুখ্ফী ওয়ামা- নু'লিনু (ﻁ) ওয়ামা-ইয়াখ্ফা- 'আলাল্লা-হি মিং শাইইং ফিল্ আর্‌দি' ওয়ালা-ফিছ্ছামা~ই।	
তরজমা	'হে আমাদের প্রতিপালক! তুমি তো জান যাহা আমরা গোপন করি ও যাহা আমরা প্রকাশ করি; আকাশমণ্ডলী ও পৃথিবীর কিছুই আল্লাহ্‌র নিকট গোপন থাকে না।	
	اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ وَهَبَ لِيْ عَلَي الْكِبَرِ اِسْمٰعِيْلَ وَاِسْحٰقَ ۭ اِنَّ رَبِّيْ لَسَمِيْعُ الدُّعَاۗءِ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	আল্‌হ'াম্‌দু লিল্লা-হিল্লায'ী ওয়াহাবালী 'আলাল্ কিবারি ইছ্‌মা-'ঈলা ওয়া ইছ্‌হ'া-ক'(ﻁ) ইন্না রাব্বী লাছামী'উদ্‌দু'আ~ই।	
তরজমা	সমস্ত প্রশংসা আল্লাহ্‌রই, যিনি আমাকে আমার বার্ধক্যে ইস্‌মাঈল ও ইস্‌হাককে দান করিয়াছেন। আমার প্রতিপালক অবশ্যই প্রার্থনা শুনিয়া থাকেন।	
	رَبِّ اجْعَلْنِيْ مُقِيْمَ الصَّلٰوةِ وَمِنْ ذُرِّيَّتِيْ ۣ رَبَّنَا وَتَقَبَّلْ دُعَاۗءِ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	রাব্বিজ 'আল্‌নী মুক'ীমাসসালা-তি ওয়া মিং যু'র্‌রিইইয়াতী (ق) রাব্বানা- ওয়া তাক'াব্বাল্ দু'আ~ই।	
তরজমা	'হে আমার প্রতিপালক! আমাকে সালাত কায়েমকারী কর এবং আমার বংশধরদের মধ্য হইতেও। হে আমাদের প্রতিপালক! আমার প্রার্থনা কবুল কর।	
	رَبَّنَا اغْفِرْ لِيْ وَلِوَالِدَيَّ وَلِلْمُؤْمِنِيْنَ يَوْمَ يَقُوْمُ الْحِسَابُ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	রাব্বানাগফিরলী ওয়া লিওয়ালিদাইয়া ওয়ালিল্‌মু'মিনীনা ইয়াওমা ইয়াকূ'মুল্ হি'ছা-ব্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'হে আমাদের প্রতিপালক! যেই দিন হিসাব অনুষ্ঠিত হইবে সেই দিন আমাকে, আমার পিতা-মাতাকে এবং মু'মিনগণকে ক্ষমা করিও।'	
	وَلَا تَحْسَبَنَّ اللّٰهَ غَافِلًا عَمَّا يَعْمَلُ الظّٰلِمُوْنَ ۬ؕ اِنَّمَا يُؤَخِّرُهُمْ لِيَوْمٍ تَشْخَصُ فِيْهِ الْاَبْصَارُ ۙ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাহ্ছাবান্নাল্লা-হা গা-ফিলান্ 'আম্মা-ইয়া'মালুজ্জা-লিমূনা (ط) ইন্নামা-ইউআখ্খিরুহুম্ লিইয়াওমিং তাশখাসু ফীহিল্ আব্সা-র ।	
তরজমা	তুমি কখনও মনে করিও না যে, জালিমরা যাহা করে সে বিষয়ে আল্লাহ্ গাফিল, তবে তিনি উহাদেরকে সেই দিন পর্যন্ত অবকাশ দেন যেদিন তাহাদের চক্ষু হইবে স্থির।	
	مُهْطِعِيْنَ مُقْنِعِيْ رُءُوْسِهِمْ لَا يَرْتَدُّ اِلَيْهِمْ طَرْفُهُمْ ۚ وَاَفْـِٕدَتُهُمْ هَوَآءٌ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	মুহ্তি'ঈনা মুক্নি'ঈ রুউছিহিম্ লা-ইয়ারতাদ্দু ইলাইহিম্ ত্বারফুহুম (ج) ওয়া আফইদাতুহুম্ হাওয়া~উ।	
তরজমা	ভীত-বিহ্বল চিত্তে আকাশের দিকে চাহিয়া উহারা ছুটাছুটি করিবে, নিজেদের প্রতি উহাদের দৃষ্টি ফিরিবে না এবং উহাদের অন্তর হইবে উদাস।	
	وَاَنْذِرِ النَّاسَ يَوْمَ يَاْتِيْهِمُ الْعَذَابُ فَيَقُوْلُ الَّذِيْنَ ظَلَمُوْا رَبَّنَاۤ اَخِّرْنَاۤ اِلٰۤى اَجَلٍ قَرِيْبٍ ۙ نُّجِبْ دَعْوَتَكَ وَ نَتَّبِعِ الرُّسُلَ ؕ اَوَلَمْ تَكُوْنُوْۤا اَقْسَمْتُمْ مِّنْ قَبْلُ مَا لَكُمْ مِّنْ زَوَالٍ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়াআংযি'রিন্না-ছা ইয়াওমা ইয়া'তীহিমুল্ 'আয'া-বু ফাইয়াকূলুল্লায'ীনা জ'ালামূ রাব্বানা~আখ্খির্না~ইলা~আজালিং ক'ারীবিন্ (ﻉ) নুজিব দা'ওয়াতাকা ওয়া নাত্তাবি'ইর্রুছুলা (ط) আওয়ালাম্ তাকূনূ~ আক'ছাম্তুম্ মিং ক'াবলু মা-লাকুম্ মিং ঝাওয়া-ল্।	
তরজমা	যেদিন তাহাদের শাস্তি আসিবে সেই দিন সম্পর্কে তুমি মানুষকে সতর্ক কর, তখন জালিমরা বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে কিছু কালের জন্য অবকাশ দাও, আমরা তোমার আহ্বানে সাড়া দিব এবং রাসূলগণের অনুসরণ করিব।' তোমরা কি পূর্বে শপথ করিয়া বলিতে না যে, তোমাদের পতন নাই ?	
	وَّسَكَنْتُمْ فِيْ مَسٰكِنِ الَّذِيْنَ ظَلَمُوْۤا اَنْفُسَهُمْ وَتَبَيَّنَ لَكُمْ كَيْفَ فَعَلْنَا بِهِمْ وَضَرَبْنَا لَكُمُ الْاَمْثَالَ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া ছাকাংতুম্ ফী মাছা-কিনিল্লায'ীনা জ'ালামূ~ আংফুছাহুম্ ওয়া তাবাইইয়ানা লাকুম্ কাইফা ফা'আল্না- বিহিম্ ওয়াদ'ারাব্না-লাকুমুল্ আমছ'া-ল্।	
তরজমা	অথচ তোমরা বাস করিতে তাহাদের বাসভূমিতে, যাহারা নিজেদের প্রতি জুলুম করিয়াছিল এবং তাহাদের প্রতি আমি কি করিয়াছিলাম তাহাও তোমাদের নিকট সুবিদিত ছিল এবং তোমাদের নিকট আমি উহাদের দৃষ্টান্তও উপস্থিত করিয়াছিলাম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَدْ مَكَرُوْا مَكْرَهُمْ وَعِنْدَ اللّٰهِ مَكْرُهُمْ ؕ وَاِنْ كَانَ مَكْرُهُمْ لِتَزُوْلَ مِنْهُ الْجِبَالُ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াদ মাকারূ মাক্‌রাহুম্ ওয়া 'ইংদাল্লা-হি মাক্‌রুহুম্ (ত) ওয়া ইং কা-না মাকরুহুম্ লিতাঝূলা মিন্‌হুল্ জিবা-ল্।	
তরজমা	উহারা ভীষণ চক্রান্ত করিয়াছিল, কিন্তু উহাদের চক্রান্ত আল্লাহ্ রহিত করিয়াছেন, যদিও উহাদের চক্রান্ত এমন ছিল, যাহাতে পর্বত টলিয়া যাইত।	
	فَلَا تَحْسَبَنَّ اللّٰهَ مُخْلِفَ وَعْدِهٖ رُسُلَهٗ ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ ذُو انْتِقَامٍ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ফালা- তাহ্'ছাবান্নাল্লা-হা মুখ্‌লিফা ওয়া'দিহী রুছুলাহূ (ত) ইন্নাল্লা-হা 'আঝীঝুং যু'ংতিক'া-ম্।	
তরজমা	তুমি কখনও মনে করিও না যে, আল্লাহ্ তাঁহার রাসূলগণের প্রতি প্রদত্ত প্রতিশ্রুতি ভঙ্গ করেন। নিশ্চয়ই আল্লাহ্ পরাক্রমশালী, দণ্ড-বিধায়ক।	
	يَوْمَ تُبَدَّلُ الْاَرْضُ غَيْرَ الْاَرْضِ وَالسَّمٰوٰتُ وَبَرَزُوْا لِلّٰهِ الْوَاحِدِ الْقَهَّارِ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তুবাদ্দালুল্ আর্‌দু গাইরাল্ আরদি' ওয়াছ্‌ছামা-ওয়া-তু ওয়া বারাঝূ লিল্লা-হিল্ ওয়া-হি'দিল্ ক'াহ্'হা-র্।	
তরজমা	যেদিন এই পৃথিবী পরিবর্তিত হইয়া অন্য পৃথিবী হইবে এবং আকাশমণ্ডলীও; এবং মানুষ উপস্থিত হইবে আল্লাহ্‌র সম্মুখে-যিনি এক পরাক্রমশালী।	
	وَتَرَى الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ مُّقَرَّنِيْنَ فِي الْاَصْفَادِ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া তারাল্ মুজরিমীনা ইয়াওমাইযি'ম্ মুক'ার্‌রানীনা ফিল্ আস্‌ফা-দ্।	
তরজমা	সেই দিন তুমি অপরাধীদেরকে দেখিবে শৃঙ্খলিত অবস্থায়,	
	سَرَابِيْلُهُمْ مِّنْ قَطِرَانٍ وَّتَغْشٰى وُجُوْهَهُمُ النَّارُ ﴿٥٠﴾	50
তরজমা	বল, 'সত্য তোমাদের প্রতিপালকের নিকট হইতে; সুতরাং যাহার ইচ্ছা বিশ্বাস করুক ও যাহার ইচ্ছা সত্য প্রত্যাখ্যান করুক।' নিশ্চয়ই আমি জালিমদের জন্য প্রস্তুত রাখিয়াছি অগ্নি, যাহার বেষ্টনী উহাদেরকে পরিবেষ্টন করিয়া থাকিবে। উহারা পানীয় চাহিলে উহাদেরকে দেওয়া হইবে গলিত ধাতুর ন্যায় পানীয়, যাহা উহাদের মুখমণ্ডল দগ্ধ করিবে; ইহা নিকৃষ্ট পানীয়। আর জাহান্নাম কত নিকৃষ্ট আশ্রয়।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ إِنَّا لَا نُضِيعُ أَجْرَ مَنْ أَحْسَنَ عَمَلًا ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা আ-মানূ ওয়া'আমিলুসসা-লিহা-তি ইন্না-লা-নুদী'উ আজরা মান আহ'ছানা 'আমালা- ।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে-আমি তো তাহার শ্রমফল নষ্ট করি না-সে উত্তমরূপে কার্য সম্পাদন করে।	
	أُولَٰئِكَ لَهُمْ جَنَّاتُ عَدْنٍ تَجْرِي مِنْ تَحْتِهِمُ الْأَنْهَارُ يُحَلَّوْنَ فِيهَا مِنْ أَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَيَلْبَسُونَ ثِيَابًا خُضْرًا مِنْ سُنْدُسٍ وَإِسْتَبْرَقٍ مُتَّكِئِينَ فِيهَا عَلَى الْأَرَائِكِ ۚ نِعْمَ الثَّوَابُ ۚ وَحَسُنَتْ مُرْتَفَقًا ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম্ জান্না-তু 'আদ্নিং তাজরী মিং তাহ'তিহিমুল্ আন্হা-রু ইউহ'াল্লাওনা ফীহা-মিন্ আছা-বি'রা মিং য'াহাবিওঁ ওয়া ইয়াল্বাছূনা ছি'য়াবান্ খুদ'রাম্ মিং ছুন্দুছিওঁ ওয়া ইছ্তাব্রাকি'ম্ মুত্তাকিঈনা ফিহা- 'আলাল্ আরা~ইকি (ط) নি'মাছ্'ছ'াওয়া-বু (ط) ওয়া হ'াছুনাত মুর্তাফাক'া- ।	
তরজমা	উহাদেরই জন্য আছে স্থায়ী জান্নাত যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে উহাদেরকে স্বর্ণ-কংকনে অলংকৃত করা হইবে, উহারা পরিধান করিবে সূক্ষ্ম ও পুরু রেশমের সবুজ বস্ত্র ও সেখানে সমাসীন হইবে সুসজ্জিত আসনে; কত সুন্দর পুরস্কার ও উত্তম আশ্রয়স্থল!	
	وَاضْرِبْ لَهُمْ مَثَلًا رَجُلَيْنِ جَعَلْنَا لِأَحَدِهِمَا جَنَّتَيْنِ مِنْ أَعْنَابٍ وَحَفَفْنَاهُمَا بِنَخْلٍ وَجَعَلْنَا بَيْنَهُمَا زَرْعًا ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়াদ'রিব্ লাহুম্ মাছ'ালার্ রাজুলাইনি জা'আল্না- লিআহ'াদিহিমা- জান্নাতাইনি মিন্ আ'না-বিওঁ ওয়া হ'াফাফ্না-হুমা বিনাখলিওঁ ওয়াজা'আল্না- বাইনাহুমা-ঝার্'আ- ।	
তরজমা	তুমি উহাদের নিকট পেশ কর দুই ব্যক্তির উপমা : উহাদের একজনকে আমি দিয়াছিলাম দুইটি দ্রাক্ষা-উদ্যান এবং এই দুইটিকে আমি খর্জুর-বৃক্ষ দ্বারা পরিবেষ্টিত করিয়াছিলাম ও এই দুইয়ের মধ্যবর্তী স্থানকে করিয়াছিলাম শস্যক্ষেত্র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كِلْتَا الْجَنَّتَيْنِ اٰتَتْ اُكُلَهَا وَلَمْ تَظْلِمْ مِّنْهُ شَيْـًٔا ۙ وَّفَجَّرْنَا خِلٰلَهُمَا نَهَرًا ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কিল্‌তাল্ জান্নাতাইনি আ-তাত উকুলাহা- ওয়ালাম্ তাজ্‌লিম্ মিনহু শাইআওঁ ওয়া ফাজ্জার্‌না- খিলা-লাহুমা-নাহারা- ।	
তরজমা	উভয় উদ্যানই ফলদান করিত এবং ইহাতে কোন ত্রুটি করিত না আর উভয়ের ফাঁকে ফাঁকে প্রবাহিত করিয়াছিলাম নহর।	
	وَّكَانَ لَهٗ ثَمَرٌ ۚ فَقَالَ لِصَاحِبِهٖ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَنَا اَكْثَرُ مِنْكَ مَالًا وَّاَعَزُّ نَفَرًا ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া কা-না লাহূ ছ'ামারুং (ج) , ফাক'া-লা লিসা-হি'বিহী ওয়াহুওয়া ইউহ'া-বি'রুহূ~ আনা আক্‌ছ'ারু মিংকা মা-লাওঁ ওয়া আ'আঝ্‌ঝু নাফারা- ।	
তরজমা	এবং তাহার প্রচুর ধনসম্পদ ছিল। অতঃপর কথা প্রসঙ্গে সে তাহার বন্ধুকে বলিল, 'ধনসম্পদে আমি তোমার অপেক্ষা শ্রেষ্ঠ এবং জনবলে তোমার অপেক্ষা শক্তিশালী।'	
	وَدَخَلَ جَنَّتَهٗ وَهُوَ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ قَالَ مَآ اَظُنُّ اَنْ تَبِيْدَ هٰذِهٖٓ اَبَدًا ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া দাখালা জান্নাতাহূ ওয়াহুওয়া জ'া-লিমুল্ লিনাফ্‌ছিহী (ج) ক'া-লা মা~ আজু'ন্নু আং তাবীদা হা-যি'হী~ আবাদা- ।	
তরজমা	এইভাবে নিজের প্রতি জুলুম করিয়া সে তাহার উদ্যানে প্রবেশ করিল। সে বলিল, 'আমি মনে করি না যে, ইহা কখনও ধ্বংস হইয়া যাইবে;	
	وَّمَآ اَظُنُّ السَّاعَةَ قَآئِمَةً ۙ وَّلَئِنْ رُّدِدْتُّ اِلٰى رَبِّيْ لَاَجِدَنَّ خَيْرًا مِّنْهَا مُنْقَلَبًا ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আজু'ন্নুছ্‌ছা-'আতা ক'া~ইমাতাওঁ (لا) ওয়ালাইর্ রুদিত্‌তু ইলা- রাব্বী লাআজিদান্না খাইরাম্ মিন্‌হা-মুংক'ালাবা- ।	
তরজমা	'আমি মনে করি না যে, কিয়ামত হইবে; আর আমি যদি আমার প্রতিপালকের নিকট প্রত্যাবৃত্ত হই-ই তবে আমি তো নিশ্চয়ই ইহা অপেক্ষা উৎকৃষ্ট স্থান পাইব।'	
	قَالَ لَهٗ صَاحِبُهٗ وَهُوَ يُحَاوِرُهٗٓ اَكَفَرْتَ بِالَّذِيْ خَلَقَكَ مِنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ سَوّٰىكَ رَجُلًا ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ক'া-লা লাহূ সা-হি'বুহূ ওয়া হুওয়া ইউহ'া-বি'রুহ~ আকাফার্‌তা বিল্লায'ী খালাক'াকা মিং তুরা-বিং ছু'ম্মা মিন নুত'ফাতিং ছু'ম্মা ছাওওয়া-কা রাজুলা- ।	
তরজমা	তদুত্তরে তাহার বন্ধু তাহাকে বলিল, 'তুমি কি তাঁহাকে অস্বীকার করিতেছ যিনি তোমাকে সৃষ্টি করিয়াছেন মৃত্তিকা ও পরে শুক্র হইতে এবং তাহার পর পূর্ণাঙ্গ করিয়াছেন মনুষ্য-আকৃতিতে ?'	
	لٰكِنَّا۠ هُوَ اللّٰهُ رَبِّيْ وَلَآ اُشْرِكُ بِرَبِّيْٓ اَحَدًا ﴿٣٨﴾	38

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লা-কিন্না হুওয়াল্লা-হু রাব্বী ওয়ালা~ উশ্‌রিকু বিরাব্বী~ আহ'াদা-।	
তরজমা	'কিন্তু তিনিই আল্লাহ্, আমার প্রতিপালক এবং আমি কাহাকেও আমার প্রতিপালকের শরীক করি না।'	
	وَلَوْلَآ اِذْ دَخَلْتَ جَنَّتَكَ قُلْتَ مَا شَآءَ اللّٰهُ ۙ لَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ ۚ اِنْ تَرَنِ اَنَا اَقَلَّ مِنْكَ مَالًا وَّ وَلَدًا ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়ালাওলা~ ইয' দাখাল্‌তা জান্নাতাকা কু'ল্‌তা মা-শা~আল্লা-হু লা-কু'ওওয়াতা ইল্লা-বিল্লা-হি (৪) ইং তারানি আনা আক'াল্লা মিংকা মা-লাওঁ ওয়া ওয়ালাদা-।	
তরজমা	'তুমি যখন তোমার উদ্যানে প্রবেশ করিলে তখন কেন বলিলে না, 'আল্লাহ্ যাহা চাহেন তাহাই হয়, আল্লাহ্‌র সাহায্য ব্যতীত কোন শক্তি নাই ?' তুমি যদি ধনে ও সন্তানে আমাকে তোমার অপেক্ষা নিকৃষ্টতর মনে কর-	
	فَعَسٰى رَبِّيْٓ اَنْ يُّؤْتِيَنِ خَيْرًا مِّنْ جَنَّتِكَ وَيُرْسِلَ عَلَيْهَا حُسْبَانًا مِّنَ السَّمَآءِ فَتُصْبِحَ صَعِيْدًا زَلَقًا ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	ফা'আছা- রাব্বী~ আই ইউ'তিয়ানি খাইরাম্ মিং জান্নাতিকা ওয়া ইউর্‌ছিলা 'আলাইহা- হু'ছ্‌বা-নাম্ মিনাছ্‌ছামা~ই ফাতুসবিহ'া সা'ঈদাং ঝালাক'া-।	
তরজমা	'তবে হয়ত আমার প্রতিপালক আমাকে তোমার উদ্যান অপেক্ষা উৎকৃষ্টতর কিছু দিবেন এবং তোমার উদ্যানে আকাশ হইতে নির্ধারিত বিপর্যয় প্রেরণ করিবেন; যাহার ফলে উহা উদ্ভিদশূন্য ময়দানে পরিণত হইবে।	
	اَوْ يُصْبِحَ مَآؤُهَا غَوْرًا فَلَنْ تَسْتَطِيْعَ لَهٗ طَلَبًا ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	আও ইউসবিহ'া মা~উহা- গাওরাং ফালাং তাছ্‌তাত'ী'আ লাহূ ত'ালাবা-।	
তরজমা	'অথবা উহার পানি ভূগর্ভে অন্তর্হিত হইবে এবং তুমি কখনও উহার সন্ধান লাভে সক্ষম হইবে না।'	
	وَاُحِيْطَ بِثَمَرِهٖ فَاَصْبَحَ يُقَلِّبُ كَفَّيْهِ عَلٰى مَآ اَنْفَقَ فِيْهَا وَهِيَ خَاوِيَةٌ عَلٰى عُرُوْشِهَا وَيَقُوْلُ يٰلَيْتَنِيْ لَمْ اُشْرِكْ بِرَبِّيْٓ اَحَدًا ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া উহ'ীত'া বিছ'ামারিহী ফাআছবাহ'া ইউক'াল্লিবু কাফ্‌ফাইহি 'আলা-মা~ আংফাক'া ফীহা-ওয়াহিয়া খা-বি'য়াতুন্ 'আলা- 'উরূশিহা- ওয়া ইয়াকূ'লু ইয়া- লাইতানী লাম্ উশ্‌রিক্ বিরাব্বী~ আহ'াদা-।	

তরজমা	তাহার ফল-সম্পদ বিপর্যয়ে বেষ্টিত হইয়া গেল এবং সে উহাতে যাহা ব্যয় করিয়াছিল তাহার জন্য আক্ষেপ করিতে লাগিল যখন উহা মাচানসহ ভূমিসাৎ হইয়া গেল। সে বলিতে লাগিল, 'হায়, আমি যদি কাহাকেও আমার প্রতিপালকের শরীক না করিতাম!'	
	وَلَمْ تَكُنْ لَّهٗ فِئَةٌ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ وَمَا كَانَ مُنْتَصِرًا ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়ালাম তাকুল্ লাহূ ফিয়াতুইঁ ইয়াংসুরূনাহূ মিং দূনিল্লা-হি ওয়ামা-কা-না মুংতাসিরা- ।	
তরজমা	আর আল্লাহ্ ব্যতীত তাহাকে সাহায্য করিবার কোন লোকজন ছিল না এবং সে নিজেও প্রতিকারে সমর্থ হইল না।	
	هُنَالِكَ الْوَلَايَةُ لِلّٰهِ الْحَقِّ ؕ هُوَ خَيْرٌ ثَوَابًا وَّ خَيْرٌ عُقْبًا ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	হুনা-লিকাল ওয়ালা-ইয়াতু লিল্লা-হিল্ হ'াক্কি' (ত্ব) হুওয়া খাইরুং ছ'াওয়া-বাওঁ ওয়া খাইরুন্ 'উক'বা- ।	
তরজমা	এই ক্ষেত্রে কর্তৃত্ব আল্লাহ্রই, যিনি সত্য। পুরস্কার দানে ও পরিণাম নির্ধারণে তিনিই শ্রেষ্ঠ।	
	وَاضْرِبْ لَهُمْ مَّثَلَ الْحَيٰوةِ الدُّنْيَا كَمَآءٍ اَنْزَلْنٰهُ مِنَ السَّمَآءِ فَاخْتَلَطَ بِهٖ نَبَاتُ الْاَرْضِ فَاَصْبَحَ هَشِيْمًا تَذْرُوْهُ الرِّيٰحُ ؕ وَكَانَ اللّٰهُ عَلٰى كُلِّ شَيْءٍ مُّقْتَدِرًا ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়াদ'রিব্ লাহুম্ মাছ'ালাল্ হ'ায়া-তিদ্দুনইয়া-কামা~ইন্ আংঝাল্না-হু মিনাছ্ ছামা~ই ফাখতালাত'া বিহী নাবা-তুল্ আর্দি' ফাআসবাহ'া হাশীমাং তায'রূহুর্ রিয়া-হু' (ত্ব) ওয়া কা-নাল্লা-হু 'আলা-কুল্লি শাইয়িম্ মুক'তাদিরা- ।	
তরজমা	উহাদের নিকট পেশ কর উপমা পার্থিব জীবনের : ইহা পানির ন্যায় যাহা আমি বর্ষণ করি আকাশ হইতে, যদ্দ্বারা ভূমিজ উদ্ভিদ ঘন-সন্নিবিষ্ট হইয়া উদ্গত হয়, অতঃপর উহা বিশুষ্ক হইয়া এমন চূর্ণ-বিচূর্ণ হয় যে, বাতাস উহাকে উড়াইয়া লইয়া যায়। আল্লাহ্ সর্ববিষয়ে শক্তিমান।	
	اَلْمَالُ وَالْبَنُوْنَ زِيْنَةُ الْحَيٰوةِ الدُّنْيَا ۚ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّ خَيْرٌ اَمَلًا ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	আল্মা-লু ওয়াল বানূনা ঝীনাতুল্ হ'ায়া-তিদ্দুন্ইয়া- (জ) ওয়াল্ বা-কি'য়া-তুসসা-লিহ'া-তু খাইরুন্ 'ইংদা রাব্বিকা ছ'াওয়া-বাওঁ ওয়া খাইরুন্ আমালা- ।	
তরজমা	ধনৈশ্বর্য ও সন্তান-সন্ততি পার্থিব জীবনের শোভা; এবং স্থায়ী সৎকর্ম তোমার প্রতিপালকের নিকট পুরস্কার প্রাপ্তির জন্য শ্রেষ্ঠ এবং কাঙ্ক্ষিত হিসাবেও উৎকৃষ্ট।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَيَوْمَ نُسَيِّرُ الْجِبَالَ وَتَرَى الْأَرْضَ بَارِزَةً ۙ وَحَشَرْنَاهُمْ فَلَمْ نُغَادِرْ مِنْهُمْ أَحَدًا ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নুছাইয়িরুল্ জিবা-লা ওয়া তারাল্ আর্দ'া বা-রিঝাতাওঁ (ৰ) ওয়া হ'াশার্না-হুম্ ফালাম্ নুগা-দির মিনহুম্ আহ'াদা-।	
তরজমা	স্মরণ কর, যেদিন আমি পর্বতমালাকে করিব সঞ্চালিত এবং তুমি পৃথিবীকে দেখিবে উন্মুক্ত প্রান্তর, সেদিন তাহাদের সকলকে আমি একত্র করিব এবং উহাদের কাহাকেও অব্যাহতি দিব না,	
	وَعُرِضُوا عَلَىٰ رَبِّكَ صَفًّا لَّقَدْ جِئْتُمُونَا كَمَا خَلَقْنَاكُمْ أَوَّلَ مَرَّةٍ ۖ بَلْ زَعَمْتُمْ أَلَّنْ نَّجْعَلَ لَكُمْ مَّوْعِدًا ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া 'উরিদূ' 'আলা- রাব্বিকা সাফ্ফাল (ط) লাক'াদ্ জি'তুমূনা- কামা- খালাক'না-কুম্ আও্ওয়ালা মার্রাতিম (ز) বাল্ ঝা'আমতুম্ আল্লান্ নাজ'আলা লাকুম্ মাও'ইদা-।	
তরজমা	এবং উহাদেরকে তোমার প্রতিপালকের নিকট উপস্থিত করা হইবে সারিবদ্ধভাবে এবং বলা হইবে, 'তোমাদেরকে প্রথমবার যেভাবে সৃষ্টি করিয়াছিলাম সেইভাবেই তোমরা আমার নিকট উপস্থিত হইয়াছ, অথচ তোমরা মনে করিতে যে, তোমাদের জন্য প্রতিশ্রুত ক্ষণ আমি কখনও উপস্থিত করিব না।'	
	وَوُضِعَ الْكِتَابُ فَتَرَى الْمُجْرِمِينَ مُشْفِقِينَ مِمَّا فِيهِ وَيَقُولُونَ يَا وَيْلَتَنَا مَالِ هَٰذَا الْكِتَابِ لَا يُغَادِرُ صَغِيرَةً وَلَا كَبِيرَةً إِلَّا أَحْصَاهَا ۚ وَوَجَدُوا مَا عَمِلُوا حَاضِرًا ۗ وَلَا يَظْلِمُ رَبُّكَ أَحَدًا ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া উদি'আল্ কিতা-বু ফাতারাল্ মুজরিমীনা মুশ্ফিক'ীনা মিম্মা-ফীহি ওয়া ইক্'লূনা ইয়া-ওয়াইলাতানা- মা-লি হা-য'াল্ কিতা-বি লা- ইউগা-দিরু সাগীরাতাওঁ ওয়ালা-কাবীরাতান্ ইল্লা~ আহ'সা-হা- (ج) ওয়া ওয়াজাদূ মা-'আমিলূ হ'া-দি'রা- (ط) ওয়ালা-ইয়াজ'লিমু রাব্বুকা আহ'াদা-।	
তরজমা	এবং উপস্থিত করা হইবে আমলনামা এবং উহাতে যাহা লিপিবদ্ধ আছে তাহার কারণে তুমি অপরাধীদেরকে দেখিবে আতংকগ্রস্ত এবং উহারা বলিবে, 'হায়, দুর্ভাগ্য আমাদের! ইহা কেমন গ্রন্থ! উহা তো ছোট-বড় কিছুই বাদ দেয় না; বরং উহা সমস্ত হিসাব রাখিয়াছে।' উহারা উহাদের কৃতকর্ম সম্মুখে উপস্থিত পাইবে ; তোমার প্রতিপালক কাহারও প্রতি জুলুম করেন না।	

	وَاِذْ قُلْنَا لِلْمَلٰٓئِكَةِ اسْجُدُوْا لِاٰدَمَ فَسَجَدُوْٓا اِلَّآ اِبْلِيْسَ ۖ كَانَ مِنَ الْجِنِّ فَفَسَقَ عَنْ اَمْرِ رَبِّهٖ ۖ اَفَتَتَّخِذُوْنَهٗ وَ ذُرِّيَّتَهٗٓ اَوْلِيَآءَ مِنْ دُوْنِيْ وَهُمْ لَكُمْ عَدُوٌّ ۖ بِئْسَ لِلظّٰلِمِيْنَ بَدَلًا ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ইয' কু'ল্না–লিল্ মালা~ইকাতিছ্ জুদূ লিআ–দামা ফাছাজাদূ~ ইল্লা~ ইব্লীছা (ত্ব) কা–না মিনাল্ জিন্নি ফাফাছাক'া 'আন্ আমরি রাব্বিহী (ত্ব) আফাতাত্তাখিযূ'নাহূ ওয়া যু'র্রিইইয়াতাহূ~ আওলিয়া~আ মিং দূনী ওয়া হুম লাকুম্ 'আদুওউম্ (ত্ব) বি'ছা লিজ'জ'া–লিমীনা বাদালা– ।	
তরজমা	এবং স্মরণ কর, আমি যখন ফিরিশ্তাগণকে বলিয়াছিলাম, 'আদমের প্রতি সিজ্দা কর', তখন তাহারা সকলেই সিজ্দা করিল ইব্লীস ব্যতীত; সে জিনদের একজন, সে তাহার প্রতিপালকের আদেশ অমান্য করিল। তবে কি তোমরা আমার পরিবর্তে উহাকে এবং উহার বংশধরকে অভিভাবকরূপে গ্রহণ করিতেছ ? উহারা তো তোমাদের শত্রু। জালিমদের এই বিনিময় কত নিকৃষ্ট!	
	مَآ اَشْهَدْتُّهُمْ خَلْقَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَلَا خَلْقَ اَنْفُسِهِمْ ۖ وَمَا كُنْتُ مُتَّخِذَ الْمُضِلِّيْنَ عَضُدًا ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	মা~ আশ্হাত্তুহুম্ খাল্ক'াছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি' ওয়ালা– খাল্ক'া আংফুছিহিম্ (ছ) ওয়ামা– কুংতু মুত্তাখিয'াল্ মুদি'ল্লীনা 'আদু'দা– ।	
তরজমা	আকাশমণ্ডলীর ও পৃথিবীর সৃষ্টিকালে আমি উহাদেরকে ডাকি নাই এবং উহাদের সৃজনকালেও নয়, আমি বিভ্রান্তকারীদেরকে সাহায্যকারীরূপে গ্রহণ করিবার নই।	
	وَيَوْمَ يَقُوْلُ نَادُوْا شُرَكَآءِيَ الَّذِيْنَ زَعَمْتُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَجَعَلْنَا بَيْنَهُمْ مَّوْبِقًا ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াকূ'লু না–দূ শুরাকা~ইয়াল্লায'ীনা ঝা'আম্তুম্ ফাদা'আওহুম্ ফালাম্ ইয়াছ্তাজীবূ লাহুম্ ওয়া জা'আল্না– বাইনাহুম্ মাওবিক'া– ।	
তরজমা	এবং সেই দিনের কথা স্মরণ কর, যেদিন তিনি বলিবেন, 'তোমরা যাহাদেরকে আমার শরীক মনে করিতে তাহাদেরকে আহ্বান কর।' উহারা তখন তাহাদেরকে আহ্বান করিবে কিন্তু তাহারা উহাদের আহ্বানে সাড়া দিবে না এবং উহাদের উভয়ের মধ্যস্থলে রাখিয়া দিব এক ধ্বংস-গহ্বর।	
	وَرَاَ الْمُجْرِمُوْنَ النَّارَ فَظَنُّوْٓا اَنَّهُمْ مُّوَاقِعُوْهَا وَلَمْ يَجِدُوْا عَنْهَا مَصْرِفًا ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া রাআল্ মুজরিমূনান্না–রা ফাজ'ান্নূ~ আন্নাহুম্ মুওয়া–কি''উহা– ওয়ালাম্ ইয়াজিদূ 'আনহা– মাসরিফা– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অপরাধীরা আগুন দেখিয়া বুঝিবে যে, উহারা সেখানে পতিত হইতেছে এবং উহারা উহা হইতে কোন পরিত্রাণস্থল পাইবে না।	
	وَلَقَدْ صَرَّفْنَا فِيْ هٰذَا الْقُرْاٰنِ لِلنَّاسِ مِنْ كُلِّ مَثَلٍ ؕ وَكَانَ الْاِنْسَانُ اَكْثَرَ شَيْءٍ جَدَلًا ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ সার্‌রাফ্‌না– ফী হা–য'াল্ কু'রআ–নি লিন্না–ছি মিং কুল্লি মাছ'ালিওঁ (ط) ওয়া কা–নাল্ ইংছা–নু আকছ'ারা শাইয়িং জাদালা– ।	
তরজমা	আমি মানুষের জন্য এই কুরআনে বিভিন্ন উপমার দ্বারা আমার বাণী বিশদভাবে বর্ণনা করিয়াছি। মানুষ অধিকাংশ ব্যাপারেই বিতর্কপ্রিয়।	
	وَمَا مَنَعَ النَّاسَ اَنْ يُّؤْمِنُوْٓا اِذْ جَآءَهُمُ الْهُدٰى وَيَسْتَغْفِرُوْا رَبَّهُمْ اِلَّآ اَنْ تَاْتِيَهُمْ سُنَّةُ الْاَوَّلِيْنَ اَوْ يَاْتِيَهُمُ الْعَذَابُ قُبُلًا ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ওয়ামা– মানা'আন্না–ছা আইঁ ইউ'মিনূ˜ ইয' জা~আহুমুল্ হুদা– ওয়াইয়াছতাগফিরূ রাব্বাহুম্ ইল্লা˜ আং তা'তিয়াহুম ছুন্নাতুল আওওয়ালীনা আও ইয়া'তিয়াহুমুল্ 'আয'া–বু কু'বুলা– ।	
তরজমা	যখন উহাদের নিকট পথনির্দেশ আসে তখন মানুষকে ঈমান আনা এবং তাহাদের প্রতিপালকের নিকট ক্ষমা প্রার্থনা করা হইতে বিরত রাখে কেবল ইহা যে, তাহাদের নিকট পূর্ববর্তীদের বেলায় অনুসৃত রীতি আসুক অথবা আসুক তাহাদের নিকট সরাসরি আযাব।	
	وَمَا نُرْسِلُ الْمُرْسَلِيْنَ اِلَّا مُبَشِّرِيْنَ وَمُنْذِرِيْنَ ۚ وَيُجَادِلُ الَّذِيْنَ كَفَرُوْا بِالْبَاطِلِ لِيُدْحِضُوْا بِهِ الْحَقَّ وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَمَآ اُنْذِرُوْا هُزُوًا ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়ামা– নুরছিলুল্ মুর্‌ছালীনা ইল্লা– মুবাশ্‌শিরীনা ওয়া মুংযি'রীনা (ج) ওয়া ইউজা–দিলুল্লায'ীনা কাফারূ বিল্‌বা–তি'লি লিইউদ্‌হি'দূ' বিহিল হ'াক্ক'া ওয়াত্তাখাযূ'˜ আ–য়া–তী ওয়ামা˜ উংযি'রূ হুঝুওয়া– ।	
তরজমা	আমি কেবল সুসংবাদদাতা ও সতর্ককারীরূপেই রাসূলগণকে পাঠাইয়া থাকি, কিন্তু কাফিররা মিথ্যা অবলম্বনে বিতণ্ডা করে, উহা দ্বারা সত্যকে ব্যর্থ করিয়া দিবার জন্য এবং আমার নিদর্শনাবলী ও যদ্দ্বারা উহাদেরকে সতর্ক করা হইয়াছে সেই সমস্তকে উহারা বিদ্রূপের বিষয়রূপে গ্রহণ করিয়া থাকে।	
	وَمَنْ اَظْلَمُ مِمَّنْ ذُكِّرَ بِاٰيٰتِ رَبِّهٖ فَاَعْرَضَ عَنْهَا وَنَسِيَ مَا قَدَّمَتْ يَدٰهُ ؕ اِنَّا جَعَلْنَا عَلٰى قُلُوْبِهِمْ اَكِنَّةً اَنْ يَّفْقَهُوْهُ وَفِيْٓ اٰذَانِهِمْ وَقْرًا ؕ وَاِنْ تَدْعُهُمْ اِلَى الْهُدٰى فَلَنْ يَّهْتَدُوْٓا اِذًا اَبَدًا ﴿٥٧﴾	57

প্রতিবর্ণায়ন	ওয়া মান আজ`লামু মিম্মাং যু`ক্কিরা বিআ–য়া–তি রাব্বিহী ফাআ'রাদ`া 'আনহা– ওয়া নাছিয়া মা–ক`াদ্দামাত্ ইয়াদা–হু (ط) ইন্না– জা'আল্না–'আলা– কু`লূবিহিম্ আকিন্নাতান্ আইঁ ইয়াফ্ক`াহূহু ওয়া ফী~ আ–য`া–নিহিম্ ওয়াক`রাওঁ (ط) ওয়া ইং তাদ্'উহুম্ ইলাল্ হুদা– ফালাইঁ ইয়াহতাদূ~ ইয`ান্ আবাদা– ।	
তরজমা	কোন ব্যক্তিকে তাহার প্রতিপালকের নিদর্শনাবলী স্মরণ করাইয়া দেওয়ার পর সে যদি উহা হইতে মুখ ফিরাইয়া নেয় এবং তাহার কৃতকর্মসমূহ ভুলিয়া যায় তবে তাহার অপেক্ষা অধিক জালিম আর কে ? আমি নিশ্চয়ই উহাদের অন্তরের উপর আবরণ দিয়াছি যেন উহারা কুরআন বুঝিতে না পারে এবং উহাদের কানে বধিরতা আঁটিয়া দিয়াছি। তুমি উহাদেরকে সৎপথে আহ্বান করিলেও উহারা কখনও সৎপথে আসিবে না।	
	وَرَبُّكَ الْغَفُوْرُ ذُو الرَّحْمَةِ ۭ لَوْ يُؤَاخِذُهُمْ بِمَا كَسَبُوْا لَعَجَّلَ لَهُمُ الْعَذَابَ ۭ بَلْ لَّهُمْ مَّوْعِدٌ لَّنْ يَّجِدُوْا مِنْ دُوْنِهٖ مَوْىِلًا ۝	58
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুকাল্ গাফূরু যু`র্ রাহ`মাতি (ط) লাও ইউআ–খিযু`হুম্ বিমা–কাছাবূ লা'আজ্জালা লাহুমুল্ 'আয`া–বা (ط) বাল্লাহুম্ মাও'ইদুল্ লাইঁ ইয়াজিদূ মিং দূনিহী মাওইলা– ।	
তরজমা	এবং তোমার প্রতিপালক পরম ক্ষমাশীল, দয়াবান, উহাদের কৃতকর্মের জন্য যদি তিনি উহাদেরকে পাকড়াও করিতে চাহিতেন, তবে তিনি অবশ্যই উহাদের শাস্তি ত্বরান্বিত করিতেন; কিন্তু উহাদের জন্য রহিয়াছে এক প্রতিশ্রুত মুহূর্ত, যাহা হইতে উহারা কখনই কোন আশ্রয়স্থল পাইবে না।	
	وَتِلْكَ الْقُرٰٓى اَهْلَكْنٰهُمْ لَمَّا ظَلَمُوْا وَجَعَلْنَا لِمَهْلِكِهِمْ مَّوْعِدًا ۝	59
প্রতিবর্ণায়ন	ওয়া তিল্কাল্ কু`রা~ আহলাক্না–হুম্ লাম্মা–জ`ালামূ ওয়া জা'আলনা– লিমাহলিকিহিম্ মাও'ইদা– ।	
তরজমা	ঐসব জনপদ–উহাদের অধিবাসীবৃন্দকে আমি ধ্বংস করিয়াছিলাম, যখন উহারা সীমালংঘন করিয়াছিল এবং উহাদের ধ্বংসের জন্য আমি স্থির করিয়াছিলাম এক নির্দিষ্ট ক্ষণ।	
	وَاِذْ قَالَ مُوْسٰى لِفَتٰىهُ لَآ اَبْرَحُ حَتّٰٓى اَبْلُغَ مَجْمَعَ الْبَحْرَيْنِ اَوْ اَمْضِيَ حُقُبًا ۝	60
প্রতিবর্ণায়ন	ওয়া ইয` ক`া–লা মূছা– লিফাতা–হু লা~ আব্রাহু` হ`াত্তা~ আব্লুগা মাজমা'আল্ বাহ`রাইনি আও আমদি`য়া হু`ক্বু`বা– ।	
তরজমা	স্মরণ কর, যখন মূসা তাহার সঙ্গীকে বলিয়াছিল, 'দুই সমুদ্রের সংগমস্থলে না পৌঁছিয়া আমি থামিব না অথবা আমি যুগ যুগ ধরিয়া চলিতে থাকিব।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَمَّا بَلَغَا مَجْمَعَ بَيْنِهِمَا نَسِيَا حُوتَهُمَا فَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ سَرَبًا ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- বালাগা- মাজমা'আ বাইনিহিমা- নাছিয়া- হু'তাহুমা- ফাত্তাখায'া ছাবীলাহূ ফিল্ বাহ'রি ছারাবা- ।	
তরজমা	উহারা উভয়ে যখন দুই সমুদ্রের সংগমস্থলে পৌঁছিল উহারা নিজেদের মৎস্যের কথা ভুলিয়া গেল; উহা সুড়ংগের মত নিজের পথ করিয়া সমুদ্রে নামিয়া গেল।	
	فَلَمَّا جَاوَزَا قَالَ لِفَتَاهُ آتِنَا غَدَاءَنَا لَقَدْ لَقِينَا مِنْ سَفَرِنَا هَٰذَا نَصَبًا ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জা-ওয়াঝা-ক'া-লা লিফাতা-হু আ-তিনা- গাদা~আনা-লাকাদ্ লাক'ীনা মিং ছাফারিনা-হা-য'া- নাসাবা- ।	
তরজমা	যখন উহারা আরো অগ্রসর হইল মূসা তাহার সঙ্গীকে বলিল, 'আমাদের প্রাতঃরাশ আন, আমরা তো আমাদের এই সফরে ক্লান্ত হইয়া পড়িয়াছি।'	
	قَالَ أَرَأَيْتَ إِذْ أَوَيْنَا إِلَى الصَّخْرَةِ فَإِنِّي نَسِيتُ الْحُوتَ وَمَا أَنْسَانِيهُ إِلَّا الشَّيْطَانُ أَنْ أَذْكُرَهُ وَاتَّخَذَ سَبِيلَهُ فِي الْبَحْرِ عَجَبًا ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ক'া-লা আরাআইতা ইয'্ আওয়াইনা~ ইলাসসাখ্রাতি ফাইন্নী নাছীতুল্ হূ'তা (য) ওয়ামা~ আংছা-নীহু ইল্লাশ্শাইত'া-নু আন্ আয'কুরাহূ (চ) ওয়াত্তাখায'া ছাবীলাহূ ফিল্ বাহ'রি (ক) 'আজাবা- ।	
তরজমা	সে বলিল, 'আপনি কি লক্ষ্য করিয়াছেন, আমরা যখন শিলাখণ্ডে বিশ্রাম করিতেছিলাম তখন আমি মৎস্যের কথা ভুলিয়া গিয়াছিলাম ? শয়তানই উহার কথা বলিতে আমাকে ভুলাইয়া দিয়াছিল; মৎস্যটি আশ্চর্যজনকভাবে নিজের পথ করিয়া নামিয়া গেল সমুদ্রে।'	
	قَالَ ذَٰلِكَ مَا كُنَّا نَبْغِ فَارْتَدَّا عَلَىٰ آثَارِهِمَا قَصَصًا ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ক'া-লা য'া-লিকা মা-কুন্না- নাব্গি (ক) ফার্তাদ্দা- 'আলা~ আ-ছ'া-রিহিমা- ক'াসাসা- ।	
তরজমা	মূসা বলিল, 'আমরা তো সেই স্থানটিরই অনুসন্ধান করিতেছিলাম।' অতঃপর উহারা নিজেদের পদচিহ্ন ধরিয়া ফিরিয়া চলিল।	
	فَوَجَدَا عَبْدًا مِنْ عِبَادِنَا آتَيْنَاهُ رَحْمَةً مِنْ عِنْدِنَا وَعَلَّمْنَاهُ مِنْ لَدُنَّا عِلْمًا ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ফাওয়াজাদা- 'আবদাম্ মিন্ ইবা-দিনা~ আ-তাইনা-হু রাহ'মাতাম্ মিন্ 'ইংদিনা ওয়া 'আল্লাম্না-হু মিল্লাদুন্না- 'ইল্মা- ।	

তরজমা	অতঃপর উহারা সাক্ষাৎ পাইল আমার বান্দাদের মধ্যে একজনের, যাহাকে আমি আমার নিকট হইতে অনুগ্রহ দান করিয়াছিলাম ও আমার নিকট হইতে শিক্ষা দিয়াছিলাম এক বিশেষ জ্ঞান।	
	قَالَ لَهٗ مُوْسٰى هَلْ اَتَّبِعُكَ عَلٰٓى اَنْ تُعَلِّمَنِ مِمَّا عُلِّمْتَ رُشْدًا ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ক'া-লা লাহূ মূছা- হাল্ আত্তাবি'উকা 'আলা~ আং তু'আল্লিমানি মিম্মা- 'উল্লিম্তা রুশ্দা-।	
তরজমা	মূসা তাহাকে বলিল, 'সত্য পথের যে জ্ঞান আপনাকে দান করা হইয়াছে তাহা হইতে আমাকে শিক্ষা দিবেন, এই শর্তে আমি আপনার অনুসরণ করিব কি ?	
	قَالَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নাকা লাং তাছ্তাত'ী'আ মা'ইয়া সাব্রা-।	
তরজমা	সে বলিল, আপনি কিছুতেই আমার সঙ্গে ধৈর্য ধারণ করিয়া থাকিতে পারিবেন না,	
	وَكَيْفَ تَصْبِرُ عَلٰى مَا لَمْ تُحِطْ بِهٖ خُبْرًا ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া কাইফা তাসবিরু 'আলা- মা-লাম্ তুহি'ত' বিহী খুব্রা-।	
তরজমা	'যে বিষয় আপনার জ্ঞানায়ত্ত নহে সে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিবেন কেমন করিয়া ?'	
	قَالَ سَتَجِدُنِيْٓ اِنْ شَآءَ اللّٰهُ صَابِرًا وَّلَآ اَعْصِيْ لَكَ اَمْرًا ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ক'া-লা ছাতাজিদুনী~ ইং শা~আল্লা-হু সা-বিরাওঁ ওয়ালা~ আ'সী লাকা আম্রা-।	
তরজমা	মূসা বলিল, 'আল্লাহ্ চাহিলে আপনি আমাকে ধৈর্যশীল পাইবেন এবং আপনার কোন আদেশ আমি অমান্য করিব না।'	
	قَالَ فَاِنِ اتَّبَعْتَنِيْ فَلَا تَسْـَٔلْنِيْ عَنْ شَيْءٍ حَتّٰٓى اُحْدِثَ لَكَ مِنْهُ ذِكْرًا ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফাইনিত্ তাবা'তানী ফালা-তাছ্আল্নী 'আং শাইয়িন্ হ'াত্তা~ উহ'দিছ'া লাকা মিন্হু যি'ক্রা-।	
তরজমা	সে বলিল, 'আচ্ছা, আপনি যদি আমার অনুসরণ করিবেনই তবে কোন বিষয়ে আমাকে প্রশ্ন করিবেন না, যতক্ষণ না আমি সে সম্বন্ধে আপনাকে কিছু বলি।'	
	فَانْطَلَقَا ۫ حَتّٰٓى اِذَا رَكِبَا فِي السَّفِيْنَةِ خَرَقَهَا ۭ قَالَ اَخَرَقْتَهَا لِتُغْرِقَ اَهْلَهَا ۚ لَقَدْ جِئْتَ شَيْـًٔا اِمْرًا ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ফাংত'ালাক'া- (وقفة) হ'াত্তা~ ইয'া- রাকিবা-ফিছ্ছাফীনাতি খারাক'াহা- (ط) ক'া-লা আখারাক'তাহা- লিতুগরিক'া আহলাহা- (ج) লাক'াদ্ জি'তা শাইআং ইম্রা-।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল, পরে যখন উহারা নৌকায় আরোহণ করিল তখন সে উহা বিদীর্ণ করিয়া দিল। মূসা বলিল, 'আপনি কি আরোহীদেরকে নিমজ্জিত করিয়া দিবার জন্য উহা বিদীর্ণ করিলেন ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন।'	
	قَالَ اَلَمْ اَقُلْ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ক'া-লা আলাম্ আক'ুল্ ইন্নাকা লাং তাছ্তাত'ী'আ মা'ইয়া সাব্রা-।	
তরজমা	সে বলিল, 'আমি কি বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ?'	
	قَالَ لَا تُؤَاخِذْنِيْ بِمَا نَسِيْتُ وَلَا تُرْهِقْنِيْ مِنْ اَمْرِيْ عُسْرًا ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ক'া-লা লা-তুআখিয'্নী বিমা- নাছীতু ওয়ালা-তুর্হিক'নী মিন আমরী 'উছরা-।	
তরজমা	মূসা বলিল, 'আমার ভুলের জন্য আমাকে অপরাধী করিবেন না ও আমার ব্যাপারে অত্যধিক কঠোরতা অবলম্বন করিবেন না।'	
	فَانْطَلَقَا ۫ حَتّٰٓى اِذَا لَقِيَا غُلٰمًا فَقَتَلَهٗ ۙ قَالَ اَقَتَلْتَ نَفْسًا زَكِيَّةًۢ بِغَيْرِ نَفْسٍ ۭ لَقَدْ جِئْتَ شَيْـــًٔا نُّكْرًا ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ফাংত'ালাক'া- (وقفة) হ'াত্তা~ ইয'া- লাকি'য়া- গুলা-মাং ফাক'াতালাহূ ক'া-লা আক'াতাল্তা নাফ্ছাং ঝাকিইইয়াতাম বিগাইরি নাফছিল্ (ط) লাক'াদ জি'তা শাইআন নুক্রা-।	
তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল, চলিতে চলিতে উহাদের সঙ্গে এক বালকের সাক্ষাৎ হইলে সে উহাকে হত্যা করিল। তখন মূসা বলিল, 'আপনি কি এক নিষ্পাপ জীবন নাশ করিলেন, হত্যার অপরাধ ছাড়াই ? আপনি তো এক গুরুতর অন্যায় কাজ করিলেন।	
	قَالَ اَلَمْ اَقُلْ لَّكَ اِنَّكَ لَنْ تَسْتَطِيْعَ مَعِيَ صَبْرًا ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ক'া- লা আলাম্ আকু'ল্লাকা ইন্নাকা লাং তাছতাত'ী'আ মা'ইয়া সাব্রা-।	
তরজমা	সে বলিল, 'আমি কি আপনাকে বলি নাই যে, আপনি আমার সঙ্গে কিছুতেই ধৈর্য ধারণ করিতে পারিবেন না ?	
	قَالَ اِنْ سَاَلْتُكَ عَنْ شَيْءٍ بَعْدَهَا فَلَا تُصٰحِبْنِيْ ۚ قَدْ بَلَغْتَ مِنْ لَّدُنِّيْ عُذْرًا ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইং ছাআলতুকা 'আং শাইয়িম্ বা'দাহা- ফালা-তুসা-হি'ব্নী (ج) ক'াদ বালাগ্তা মিল্লাদুন্নী 'উয'র-।	
তরজমা	মূসা বলিল, 'ইহার পর, যদি আমি আপনাকে কোন বিষয়ে জিজ্ঞাসা করি তবে আপনি আমাকে সঙ্গে রাখিবেন না ; আমার 'ওযর-আপত্তির চূড়ান্ত হইয়াছে।	

	فَانْطَلَقَا ۖ حَتّٰٓى اِذَآ اَتَيَآ اَهْلَ قَرْيَةِ ِۨاسْتَطْعَمَآ اَهْلَهَا فَاَبَوْا اَنْ يُّضَيِّفُوْهُمَا فَوَجَدَا فِيْهَا جِدَارًا يُّرِيْدُ اَنْ يَّنْقَضَّ فَاَقَامَهٗ ۭ قَالَ لَوْ شِئْتَ لَتَّخَذْتَ عَلَيْهِ اَجْرًا ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ফাংত'লাক'া- (وقفة) হ'াত্তা~ ইয'া~ আতাইয়া~ আহলা ক'ারইয়াতিনিছ্তাত'ান্তা~ আহ্লাহা- ফাআবাওঁ আইঁ ইউদ'াইয়িফূহুমা- ফাওয়াজাদা- ফীহা-জিদা-রাইঁ ইউরীদু আইঁ ইয়াংক'াদ্'দ'া ফাআক'া-মাহূ (ط) ক'া-লা লাও শি'তা লাত্তাখায'তা 'আলাইহি আজরা- ।	
তরজমা	অতঃপর উভয়ে চলিতে লাগিল; চলিতে চলিতে উহারা এক জনপদের অধিবাসীদের নিকট পৌঁছিয়া তাহাদের নিকট খাদ্য চাহিল; কিন্তু তাহারা তাহাদের মেহমানদারী করিতে অস্বীকার করিল। অতঃপর সেখানে তাহারা এক পতনোন্মুখ প্রাচীর দেখিতে পাইল এবং সে উহাকে সুদৃঢ় করিয়া দিল। মূসা বলিল, 'আপনি তো ইচ্ছা করিলে ইহার জন্য পারিশ্রমিক গ্রহণ করিতে পারিতেন।'	
	قَالَ هٰذَا فِرَاقُ بَيْنِيْ وَبَيْنِكَ ۚ سَاُنَبِّئُكَ بِتَاْوِيْلِ مَا لَمْ تَسْتَطِعْ عَّلَيْهِ صَبْرًا ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ক'া-লা হা-য'া- ফিরা-কু' বাইনী ওয়া বাইনিকা (ج) ছাউনাব্বিউকা বিতা'বি'লি মালাম্ তাছ্তাতি'' 'আলাইহি সাব্রা- ।	
তরজমা	সে বলিল, 'এইখানেই আপনার এবং আমার মধ্যে সম্পর্কচ্ছেদ হইল, যে বিষয়ে আপনি ধৈর্য ধারণ করিতে পারেন নাই আমি তাহার তাৎপর্য ব্যাখ্যা করিতেছি।	
	اَمَّا السَّفِيْنَةُ فَكَانَتْ لِمَسٰكِيْنَ يَعْمَلُوْنَ فِي الْبَحْرِ فَاَرَدْتُّ اَنْ اَعِيْبَهَا وَكَانَ وَرَآءَهُمْ مَّلِكٌ يَّاْخُذُ كُلَّ سَفِيْنَةٍ غَصْبًا ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	আম্মাছ্ ছাফীনাতু ফাকা-নাত্ লিমাছা-কীনা ইয়া'মালূনা ফিল বাহ'রি ফাআরাত্তু আন্ আ'ঈবাহা- ওয়া কা- না ওয়ারা~আহুম্ মালিকুইঁ ইয়া'খুযু কুল্লা ছাফীনাতিন্ গাসবা- ।	
তরজমা	'নৌকাটির ব্যাপার-ইহা ছিল কতিপয় দরিদ্র ব্যক্তির, উহারা সমুদ্রে জীবিকা অন্বেষণ করিত; আমি, ইচ্ছা করিলাম নৌকাটিকে ত্রুটিযুক্ত করিতে; কারণ উহাদের পশ্চাতে ছিল এক রাজা, যে বলপ্রয়োগে নৌকাসকল ছিনাইয়া লইত।	
	وَاَمَّا الْغُلٰمُ فَكَانَ اَبَوٰهُ مُؤْمِنَيْنِ فَخَشِيْنَآ اَنْ يُّرْهِقَهُمَا طُغْيَانًا وَّكُفْرًا ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্ গুলা-মু ফাকা-না আবাওয়া-হু মু'মিনাইনি ফাখাশীনা~ আইঁ ইউরহিক'াহুমা- তু'গইয়া-নাওঁ ওয়া কুফ্রা- ।	
তরজমা	'আর কিশোরটি, তাহার পিতামাতা ছিল মু'মিন। আমি আশংকা করিলাম যে, সে বিদ্রোহাচরণ ও কুফরীর দ্বারা উহাদেরকে বিব্রত করিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَأَرَدْنَآ أَن يُبْدِلَهُمَا رَبُّهُمَا خَيْرًا مِّنْهُ زَكَوٰةً وَأَقْرَبَ رُحْمًا ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ফাআরাদ্না~ আইঁ ইউব্দিলাহুমা- রাব্বুহুমা- খাইরাম্ মিনহু ঝাকা-তাওঁ ওয়া আক'রাবা রুহ'মা- ।	
তরজমা	'অতঃপর আমি চাহিলাম যে, উহাদের প্রতিপালক যেন উহাদেরকে উহার পরিবর্তে এক সন্তান দান করেন, যে হইবে পবিত্রতায় মহত্তর ও ভক্তি-ভালবাসায় ঘনিষ্ঠতর।	
	وَأَمَّا الْجِدَارُ فَكَانَ لِغُلَٰمَيْنِ يَتِيمَيْنِ فِي الْمَدِينَةِ وَكَانَ تَحْتَهُۥ كَنزٌ لَّهُمَا وَكَانَ أَبُوهُمَا صَالِحًا ۚ فَأَرَادَ رَبُّكَ أَن يَبْلُغَآ أَشُدَّهُمَا وَيَسْتَخْرِجَا كَنزَهُمَا ۖ رَحْمَةً مِّن رَّبِّكَ ۚ وَمَا فَعَلْتُهُۥ عَنْ أَمْرِى ۚ ذَٰلِكَ تَأْوِيلُ مَا لَمْ تَسْطِع عَّلَيْهِ صَبْرًا ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্ জিদা-রু ফাকা-না লিগুলা-মাইনি ইয়াতীমাইনি ফিল্ মাদীনাতি ওয়া কা-না তাহ'তাহূ কাংঝুল্লাহুমা- ওয়া কা-না আবূহুমা- সা-লিহ'াং (ج) ফাআরা-দা রাব্বুকা আইঁ ইয়াব্লুগা~ আশুদ্দা হুমা-ওয়া ইয়াছ্তাখ্রিজা- কাংঝাহুমা- (ق) রাহ'মাতাম্ মির্ রাব্বিকা (ج) ওয়ামা- ফা'আল্তুহূ 'আন আম্রী (ط) য'া-লিকা তা'ব'ীলু মা- লাম্ তাছতি'' 'আলাইহি সাব্রা- ।	
তরজমা	'আর ঐ প্রাচীরটি, ইহা ছিল নগরবাসী দুই পিতৃহীন কিশোরের, ইহার নিম্নদেশে আছে উহাদের গুপ্তধন এবং উহাদের পিতা ছিল সৎকর্মপরায়ণ। সুতরাং আপনার প্রতিপালক দয়াপরবশ হইয়া ইচ্ছা করিলেন যে, উহারা বয়ঃপ্রাপ্ত হউক এবং উহারা উহাদের ধনভাণ্ডার উদ্ধার করুক। আমি নিজ হইতে কিছু করি নাই; আপনি যে বিষয়ে ধৈর্য ধারণে অপারগ হইয়াছিলেন, ইহাই তাহার ব্যাখ্যা।'	
	وَيَسْـَٔلُونَكَ عَن ذِى الْقَرْنَيْنِ ۖ قُلْ سَأَتْلُوا۟ عَلَيْكُم مِّنْهُ ذِكْرًا ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্আলূনাকা আং যি'ল্ ক'ারনাইনি (ط) কু'ল ছাআত্লূ 'আলাইকুম মিনহু যি'ক্রা- ।	
তরজমা	উহারা তোমাকে য়ুল-কারনাইন সম্বন্ধে জিজ্ঞাসা করে। বল, 'আমি তোমাদের নিকট তাহার বিষয় বর্ণনা করিব।'	
	إِنَّا مَكَّنَّا لَهُۥ فِى الْأَرْضِ وَءَاتَيْنَٰهُ مِن كُلِّ شَىْءٍ سَبَبًا ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ইন্না- মাক্কান্না-লাহূ ফিল্ আর্দি' ওয়া আ-তাইনা-হু মিং কুল্লি শাইয়িং ছাবাবা- ।	
তরজমা	আমি তো তাহাকে পৃথিবীতে কর্তৃত্ব দিয়াছিলাম এবং প্রত্যেক বিষয়ের উপায়-উপকরণ দান করিয়াছিলাম।	
	فَأَتْبَعَ سَبَبًا ﴿٨٥﴾	85

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাআতবা'আ ছাবাবা- ।	
তরজমা	অতঃপর সে এক পথ অবলম্বন করিল।	
	حَتّٰٓى اِذَا بَلَغَ مَغْرِبَ الشَّمْسِ وَجَدَهَا تَغْرُبُ فِىْ عَيْنٍ حَمِئَةٍ وَّوَجَدَ عِنْدَهَا قَوْمًا ؕ قُلْنَا يٰذَا الْقَرْنَيْنِ اِمَّآ اَنْ تُعَذِّبَ وَاِمَّآ اَنْ تَتَّخِذَ فِيْهِمْ حُسْنًا ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ ইয'া-বালাগা মাগ্‌রিবাশ্‌ শাম্‌ছি ওয়া জাদাহা- তাগ্‌রুবু ফী 'আইনিন্‌ হ'ামিআতিওঁ ওয়া ওয়াজাদা 'ইংদাহা-ক'াওমাং (ط) ক'ুল্‌না- ইয়া-য'াল্‌ ক'ারনাইনি ইম্মা~আং তু'আয'যি'বা ওয়া ইম্মা~ আং তাত্তাখিয'া ফীহিম্‌ হু'ছনা- ।	
তরজমা	চলিতে চলিতে সে যখন সূর্যের অস্তগমন স্থানে পৌঁছিল তখন সে সূর্যকে এক পংকিল জলাশয়ে অস্তগমন করিতে দেখিল এবং সে সেখানে এক সম্প্রদায়কে দেখিতে পাইল। আমি বলিলাম, 'হে যুল-কার্‌নাইন! তুমি ইহাদেরকে শাস্তি দিতে পার অথবা ইহাদের ব্যাপার সদয়ভাবে গ্রহণ করিতে পার।'	
	قَالَ اَمَّا مَنْ ظَلَمَ فَسَوْفَ نُعَذِّبُهٗ ثُمَّ يُرَدُّ اِلٰى رَبِّهٖ فَيُعَذِّبُهٗ عَذَابًا نُّكْرًا ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ক'া-লা আম্মা-মাং জ'ালামা ফাছাওফা নু'আয'্‌যি'বুহূ ছু'ম্মা ইউরাদ্দু ইলা-রাব্বিহী ফাইউ'আয'্‌যি'বুহূ 'আয'া-বান্‌ নুক্‌রা- ।	
তরজমা	সে বলিল, 'যে কেহ সীমালংঘন করিবে আমি তাহাকে শাস্তি দিব, অতঃপর সে তাহার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে এবং তিনি তাহাকে কঠিন শাস্তি দিবেন।	
	وَاَمَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَلَهٗ جَزَآءَ ۨ الْحُسْنٰى ۚ وَسَنَقُوْلُ لَهٗ مِنْ اَمْرِنَا يُسْرًا ﴿٨٨﴾ ؕ	88
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা-মান আ-মানা ওয়া 'আমিলা সা-লিহ'াং ফালাহূ জাঝা~আনিল হু'ছনা-, ওয়া ছানাকূ'লু লাহূ মিন্‌ আমরিনা-ইউছ্‌রা- ।	
তরজমা	'তবে যে ঈমান আনে এবং সৎকর্ম করে তাহার জন্য প্রতিদানস্বরূপ আছে কল্যাণ এবং তাহার প্রতি ব্যবহারে আমি নম্র কথা বলিব।'	
	ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	ছুম্মা আত্‌বা'আ ছাবাবা- ।	
তরজমা	আবার সে এক পথ ধরিল,	
	حَتّٰٓى اِذَا بَلَغَ مَطْلِعَ الشَّمْسِ وَجَدَهَا تَطْلُعُ عَلٰى قَوْمٍ لَّمْ نَجْعَلْ لَّهُمْ مِّنْ دُوْنِهَا سِتْرًا ﴿٩٠﴾ ؕ	90
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ ইয'া-বালাগা মাত'লি'আশশাম্‌ছি ওয়াজাদাহা- তাত'লু'উ 'আলা- ক'াওমিল্‌ লাম নাজ'আল্‌ লাহুম্‌ মিং দূনিহা- ছিতরা- ।	

	চলিতে চলিতে যখন সে সূর্যোদয়-স্থলে পৌঁছিল তখন সে দেখিল উহা এমন এক সম্প্রদায়ের	
তরজমা	উপর উদয় হইতেছে যাহাদের জন্য সূর্যতাপ হইতে কোন অন্তরাল আমি সৃষ্টি করি নাই;	
	كَذٰلِكَ ؕ وَقَدْ اَحَطْنَا بِمَا لَدَيْهِ خُبْرًا ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	কাযা-লিকা (ط) ওয়া ক'াদ্ আহ'াত'না-বিমা- লাদাইহি খুব্‌রা-	
তরজমা	প্রকৃত ঘটনা ইহাই, তাহার নিকট যাহা কিছু ছিল আমি সম্যক অবগত আছি।	
	ثُمَّ اَتْبَعَ سَبَبًا ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আতবা'আ ছাবাবা-।	
তরজমা	আবার সে এক পথ ধরিল,	
	حَتّٰۤى اِذَا بَلَغَ بَيْنَ السَّدَّيْنِ وَجَدَ مِنْ دُوْنِهِمَا قَوْمًا ۙ لَّا يَكَادُوْنَ يَفْقَهُوْنَ قَوْلًا ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ ইযা-বালাগা বাইনাছ্‌ছাদ্দাইনি ওয়াজাদা মিং দূনিহিমা- ক'াওমাল্ লা-ইয়াকা-দূনা ইয়াফ্‌ক'াহূনা ক'াওলা-।	
তরজমা	চলিতে চলিতে সে যখন দুই পর্বত-প্রাচীরের মধ্যবর্তী স্থলে পৌঁছিল তখন সেখানে সে এক সম্প্রদায়কে পাইল যাহারা কোন কথা বুঝিবার মত ছিল না।	
	قَالُوْا يٰذَا الْقَرْنَيْنِ اِنَّ يَاْجُوْجَ وَمَاْجُوْجَ مُفْسِدُوْنَ فِى الْاَرْضِ فَهَلْ نَجْعَلُ لَكَ خَرْجًا عَلٰۤى اَنْ تَجْعَلَ بَيْنَنَا وَ بَيْنَهُمْ سَدًّا ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া- য'াল্ ক'ার্‌নাইনি ইন্না ইয়া'জূজা ওয়া মা'জূজা মুফ্‌ছিদূনা ফিল্ আর্‌দি' ফাহাল নাজ'আলু লাকা খারজান্ 'আলা~ আং তাজ'আলা বাইনানা- ওয়া বাইনাহুম ছাদ্দা-।	
তরজমা	উহারা বলিল, 'হে যুল-কার্‌নাইন! ইয়াজূজ ও মাজূজ তো পৃথিবীতে অশান্তি সৃষ্টি করিতেছে। আমরা কি আপনাকে খরচ দিব যে, আপনি আমাদের ও উহাদের মধ্যে এক প্রাচীর গড়িয়া দিবেন' ?	
	قَالَ مَا مَكَّنِّىْ فِيْهِ رَبِّىْ خَيْرٌ فَاَعِيْنُوْنِىْ بِقُوَّةٍ اَجْعَلْ بَيْنَكُمْ وَبَيْنَهُمْ رَدْمًا ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ক'া-লা মা- মাক'ান্নী ফীহি রাব্বী খাইরুন ফাআ'ঈনূনী বিকু'ওওয়াতিন আজ'আল বাইনাকুম ওয়া বাইনাহুম্ রাদ্‌মা-।	
তরজমা	সে বলিল, 'আমার প্রতিপালক আমাকে এই বিষয়ে যে ক্ষমতা দিয়াছেন, তাহাই উৎকৃষ্ট। সুতরাং তোমরা আমাকে শ্রম দ্বারা সাহায্য কর, আমি তোমাদের ও উহাদের মধ্যস্থলে এক মযবুত প্রাচীর গড়িয়া দিব।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اٰتُوْنِیْ زُبَرَ الْحَدِیْدِ ؕ حَتّٰۤی اِذَا سَاوٰی بَیْنَ الصَّدَفَیْنِ قَالَ انْفُخُوْا ؕ حَتّٰۤی اِذَا جَعَلَهٗ نَارًا ۙ قَالَ اٰتُوْنِیْۤ اُفْرِغْ عَلَیْهِ قِطْرًا ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	আ–তূনী ঝুবারাল হ`াদীদি (ط) হ`াত্তা~ ইযা`– ছা–ওয়া– বাইনাস্‌সাদাফাইনি ক`া–লাংফুখূ (ط) হ`াত্তা~ ইযা`– জা‘আলাহূ না–রাং (لا) ক`া–লা আ–তূনী~ উফরিগ ‘আলাইহি কি`ত্`রা– ।	
তরজমা	‘তোমরা আমার নিকট লৌহপিণ্ডসমূহ আনয়ন কর’, অতঃপর মধ্যবর্তী ফাঁকা স্থান পূর্ণ হইয়া যখন লৌহস্তূপ দুই পর্বতের সমান হইল তখন সে বলিল, ‘তোমরা হাঁপরে দম দিতে থাক।’ যখন উহা অগ্নিবৎ উত্তপ্ত হইল, তখন সে বলিল, ‘তোমরা গলিত তাম্র আনয়ন কর, আমি উহা ঢালিয়া দেই ইহার উপর।’	
	فَمَا اسْطَاعُوْۤا اَنْ یَّظْهَرُوْهُ وَمَا اسْتَطَاعُوْا لَهٗ نَقْبًا ﴿۹۷﴾	97
প্রতিবর্ণায়ন	ফামাছ্ত`া‘উ~ আইঁ ইয়াজ`হারূহু ওয়া মাছ্তাত`া–‘উ লাহূ নাক`বা– ।	
তরজমা	ইহার পর তাহারা উহা অতিক্রম করিতে পারিল না এবং উহা ভেদও করিতে পারিল না।	
	قَالَ هٰذَا رَحْمَةٌ مِّنْ رَّبِّیْ ۚ فَاِذَا جَآءَ وَعْدُ رَبِّیْ جَعَلَهٗ دَكَّآءَ ۚ وَكَانَ وَعْدُ رَبِّیْ حَقًّا ﴿۹۸﴾	98
প্রতিবর্ণায়ন	ক`া–লা হা–য`া–রাহ`মাতুম্ মির রাব্বী (ج) ফাইয`া–জা~আ ওয়া‘দু রাব্বী জা‘আলাহূ দাক্কা~আ (ج) ওয়া কা–না ওয়া‘দু রাব্বী হ`াক্ক`া– ।	
তরজমা	সে বলিল, ‘ইহা আমার প্রতিপালকের অনুগ্রহ। যখন আমার প্রতিপালকের প্রতিশ্রুতি পূর্ণ হইবে তখন তিনি উহাকে চূর্ণ-বিচূর্ণ করিয়া দিবেন এবং আমার প্রতিপালকের প্রতিশ্রুতি সত্য।’	
	وَتَرَكْنَا بَعْضَهُمْ یَوْمَىِٕذٍ یَّمُوْجُ فِیْ بَعْضٍ وَّنُفِخَ فِی الصُّوْرِ فَجَمَعْنٰهُمْ جَمْعًا ﴿۹۹﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া তারাকনা– বা‘দ`াহুম্ ইয়াওমাইযি`ইঁ ইয়ামূজু ফী বা‘দি`ওঁ ওয়া নুফিখা ফিসসূরি ফাজামা‘না–হুম্ জাম্‘আ– ।	
তরজমা	সেই দিন আমি উহাদেরকে ছাড়িয়া দিব এই অবস্থায় যে, একদল আর একদলের উপর তরঙ্গের ন্যায় পতিত হইবে এবং শিংগায় ফুৎকার দেওয়া হইবে। অতঃপর আমি উহাদের সকলকেই একত্র করিব।	
	وَّعَرَضْنَا جَهَنَّمَ یَوْمَىِٕذٍ لِّلْكٰفِرِیْنَ عَرْضًا ﴿۱۰۰﴾	100
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আরাদ`না–জাহান্নামা ইয়াওমাইযি`ল্ লিল্‌কা–ফিরীনা ‘আরদ`া– ।	
তরজমা	এবং সেই দিন আমি জাহান্নামকে প্রত্যক্ষভাবে উপস্থিত করিব কাফিরদের নিকট,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الَّذِيْنَ كَانَتْ اَعْيُنُهُمْ فِيْ غِطَآءٍ عَنْ ذِكْرِيْ وَكَانُوْا لَا يَسْتَطِيْعُوْنَ سَمْعًا ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	আল্লায·ীনা কা-নাত্ আ'ইউনুহুম্ ফী গিত·া~ইন্ 'আং যি·ক্রী ওয়া কা-নূ লা-ইয়াছ্তাত·ী'উনা ছাম্'আ-।	
তরজমা	যাহাদের চক্ষু ছিল অন্ধ আমার নিদর্শনের প্রতি এবং যাহারা শুনিতেও ছিল অক্ষম।	
	اَفَحَسِبَ الَّذِيْنَ كَفَرُوْٓا اَنْ يَّتَّخِذُوْا عِبَادِيْ مِنْ دُوْنِيْٓ اَوْلِيَآءَ ۭ اِنَّآ اَعْتَدْنَا جَهَنَّمَ لِلْكٰفِرِيْنَ نُزُلًا ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	আফাহ·াছিবাল্লায·ীনা কাফারূ~ আইঁ ইয়াত্তাখিযূ· 'ইবা-দী মিং দূনী~ আওলিয়া~আ (ط) ইন্না~ আ'তাদ্না- জাহান্নামা লিল্কা-ফিরীনা নুঝুলা-।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহারা কি মনে করে যে, তাহারা আমার পরিবর্তে আমার বান্দাদেরকে অভিভাবকরূপে গ্রহণ করিবে ? নিশ্চয়ই আমি কাফিরদের আপ্যায়নের জন্য প্রস্তুত রাখিয়াছি জাহান্নাম।	
	قُلْ هَلْ نُنَبِّئُكُمْ بِالْاَخْسَرِيْنَ اَعْمَالًا ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	কু·ল্ হাল নুনাব্বিউকুম বিল্আখ্ছারীনা আ'মা-লা-।	
তরজমা	বল, 'আমি কি তোমাদেরকে সংবাদ দিব কর্মে বিশেষ ক্ষতিগ্রস্তদের ?'	
	اَلَّذِيْنَ ضَلَّ سَعْيُهُمْ فِي الْحَيٰوةِ الدُّنْيَا وَهُمْ يَحْسَبُوْنَ اَنَّهُمْ يُحْسِنُوْنَ صُنْعًا ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	আল্লায·ীনা দ·াল্লা ছা'ইউহুম ফিল হ·ায়া-তিদ্দুন্ইয়া- ওয়াহুম ইয়াহ·ছাবূনা আন্নাহুম ইউহ·ছিনূনা সুন্'আ-।	
তরজমা	উহারাই তাহারা, 'পার্থিব জীবনে যাহাদের প্রচেষ্টা পণ্ড হয়, যদিও তাহারা মনে করে যে, তাহারা সৎকর্মই করিতেছে,	
	اُولٰۗىِٕكَ الَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ وَلِقَاۗىِٕهٖ فَحَبِطَتْ اَعْمَالُهُمْ فَلَا نُقِيْمُ لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ وَزْنًا ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায·ীনা কাফারূ বিআ-য়া-তি রাব্বিহিম ওয়ালিক·া~ইহী ফাহ·াবিত·াত্ আ'মা-লুহুম ফালা- নুক·ীমু লাহুম ইয়াওমাল কি·য়া-মাতি ওয়াঝনা-।	
তরজমা	'উহারাই তাহারা, যাহারা অস্বীকার করে উহাদের প্রতিপালকের নিদর্শনাবলী ও তাঁহার সঙ্গে উহাদের সাক্ষাতের বিষয়। ফলে উহাদের কর্ম নিষ্ফল হইয়া যায়; সুতরাং কিয়ামতের দিন উহাদের জন্য ওজনের কোন ব্যবস্থা রাখিব না।	
	ذٰلِكَ جَزَاۗؤُهُمْ جَهَنَّمُ بِمَا كَفَرُوْا وَاتَّخَذُوْٓا اٰيٰتِيْ وَرُسُلِيْ هُزُوًا ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	য·া-লিকা জাঝা~উহুম জাহান্নামু বিমা-কাফারূ ওয়াত্তাখাযূ·~ আ-য়া-তী ওয়ারুছুলী হুঝুওয়া-।	

তরজমা	'জাহান্নাম-ইহাই উহাদের প্রতিফল, যেহেতু উহারা কুফরী করিয়াছে এবং আমার নিদর্শনাবলী ও রাসূলগণকে গ্রহণ করিয়াছে বিদ্রূপের বিষয়স্বরূপ।'	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ كَانَتْ لَهُمْ جَنَّاتُ الْفِرْدَوْسِ نُزُلًا ﴿١٠٧﴾	107
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্সা-লিহ'া-তি কা-নাত্ লাহুম্ জান্না-তুল্ ফিরদাওছি নুঝুলা-।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের আপ্যায়নের জন্য আছে ফিরদাওসের উদ্যান,	
	خَالِدِينَ فِيهَا لَا يَبْغُونَ عَنْهَا حِوَلًا ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	খা-লিদীনা ফীহা- লা-ইয়াবগূনা 'আন্হা- হি'ওয়ালা-।	
তরজমা	সেখানে উহারা স্থায়ী হইবে, উহা হইতে স্থানান্তর কামনা করিবে না।	
	قُلْ لَوْ كَانَ الْبَحْرُ مِدَادًا لِكَلِمَاتِ رَبِّي لَنَفِدَ الْبَحْرُ قَبْلَ أَنْ تَنْفَدَ كَلِمَاتُ رَبِّي وَلَوْ جِئْنَا بِمِثْلِهِ مَدَدًا ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	কু'ল্ লাও কা-নাল্ বাহ'রু মিদা-দাল্ লিকালিমা-তি রাব্বী লানাফিদাল বাহ'রু ক'াব্লা আং তাংফাদা কালিমা-তু রাব্বী ওয়ালাও জি'না- বিমিছ্'লিহী মাদাদা-।	
তরজমা	বল, 'আমার প্রতিপালকের কথা লিপিবদ্ধ করিবার জন্য সমুদ্র যদি কালি হয়, তবে আমার প্রতিপালকের কথা শেষ হইবার পূর্বেই সমুদ্র নিঃশেষ হইয়া যাইবে-আমরা ইহার সাহায্যার্থে ইহার অনুরূপ আরও সমুদ্র আনিলেও।'	
	قُلْ إِنَّمَا أَنَا بَشَرٌ مِثْلُكُمْ يُوحَى إِلَيَّ أَنَّمَا إِلَهُكُمْ إِلَهٌ وَاحِدٌ فَمَنْ كَانَ يَرْجُو لِقَاءَ رَبِّهِ فَلْيَعْمَلْ عَمَلًا صَالِحًا وَلَا يُشْرِكْ بِعِبَادَةِ رَبِّهِ أَحَدًا ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নামা~ আনা-বাশারুম মিছ্'লুকুম ইউহ'া~ ইলাইইয়া আন্নামা~ ইলা-হুকুম ইলা-হুওঁ ওয়া-হি'দুং (ج) ফামাং কা-না ইয়ারজূ লিক'া~আ রাব্বিহী ফাল্ইয়া'মাল্ 'আমালাং সা-লিহ'াওঁ ওয়ালা-ইউশরিক্ বি'ইবা-দাতি রাব্বিহী~ আহ'াদা-।	
তরজমা	বল, 'আমি তো তোমাদের মত একজন মানুষই, আমার প্রতি প্রত্যাদেশ হয় যে, তোমাদের ইলাহ্ একমাত্র ইলাহ্। সুতরাং যে তাহার প্রতিপালকের সাক্ষাৎ কামনা করে, সে যেন সৎকর্ম করে ও তাহার প্রতিপালকের 'ইবাদতে কাহাকেও শরীক না করে।'	

19 - Maryam-মারইয়াম -مريم

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كٓهٰيٰعٓصٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	কা~ফ্ হা-ইয়া-'আঈ~ন্ সোয়া~দ্।	
তরজমা	কাফ্-হা-ইয়া-আইন-সোয়াদ ;	
	ذِكْرُ رَحْمَتِ رَبِّكَ عَبْدَهٗ زَكَرِيَّا ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	যি'ক্রু রাহ্'মাতি রাব্বিকা 'আব্দাহূ ঝাকারিইইয়া-।	
তরজমা	ইহা তোমার প্রতিপালকের অনুগ্রহের বিবরণ তাঁহার বান্দা যাকারিয়্যার প্রতি,	
	اِذْ نَادٰى رَبَّهٗ نِدَآءً خَفِيًّا ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইয' না-দা-রাব্বাহূ নিদা~আন্ খাফিইইয়া-।	
তরজমা	যখন সে তাহার প্রতিপালককে আহ্বান করিয়াছিল নিভৃতে,	
	قَالَ رَبِّ اِنِّيْ وَهَنَ الْعَظْمُ مِنِّيْ وَاشْتَعَلَ الرَّاْسُ شَيْبًا وَّلَمْ اَكُنْۢ بِدُعَآئِكَ رَبِّ شَقِيًّا ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বি ইন্নী ওয়াহানাল্ 'আজ্'মু মিন্নী ওয়াশ্তা'আলার্ রা'ছু শাইবাওঁ ওয়ালাম্ আকুম্ বিদু'আ~ইকা রাব্বি শাকি'ইইয়া-।	
তরজমা	সে বলিয়াছিল, 'হে আমার রব! আমার অস্থি দুর্বল হইয়াছে, বার্ধক্যে আমার মস্তক শুভ্রোজ্জ্বল হইয়াছে; হে আমার প্রতিপালক! তোমাকে আহ্বান করিয়া আমি কখনও ব্যর্থকাম হই নাই।	
	وَاِنِّيْ خِفْتُ الْمَوَالِيَ مِنْ وَّرَآءِيْ وَكَانَتِ امْرَاَتِيْ عَاقِرًا فَهَبْ لِيْ مِنْ لَّدُنْكَ وَلِيًّا ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী খিফ্তুল্ মাওয়া-লিয়া মিওঁ ওয়ারা~ঈ ওয়া কা-নাতিম্ রাআতী 'আ-কি'রাং ফাহাব লী মিল্লা দুংকা ওয়ালিইইয়া-।	
তরজমা	'আমি আশংকা করি আমার পর আমার স্বগোত্রীয়দের সম্পর্কে; আমার স্ত্রী বন্ধ্যা। সুতরাং তুমি তোমার নিকট হইতে আমাকে দান কর উত্তরাধিকারী,	
	يَّرِثُنِيْ وَيَرِثُ مِنْ اٰلِ يَعْقُوْبَ ۗ وَاجْعَلْهُ رَبِّ رَضِيًّا ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ইয়ারিছু'নী ওয়া ইয়ারিছু' মিন আ-লি ইয়া'কূ'বা (ق) ওয়াজ'আল্হু রাব্বি রাদি'ইইয়া-।	
তরজমা	'যে আমার উত্তরাধিকারিত্ব করিবে এবং উত্তরাধিকারিত্ব করিবে ইয়া'কূবের বংশের এবং হে আমার প্রতিপালক! তাহাকে করিও সন্তোষভাজন'।	
	يٰزَكَرِيَّآ اِنَّا نُبَشِّرُكَ بِغُلٰمِ اسْمُهٗ يَحْيٰى ۙ لَمْ نَجْعَلْ لَّهٗ مِنْ قَبْلُ سَمِيًّا ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ইয়া- ঝাকারিইইয়া~ ইন্না-নুবাশ্শিরুকা বিগুলা-মি নিছ্মুহূ ইয়াহ'ইয়া- (لا) লাম নাজ'আল্ লাহূ মিং ক'াব্লু ছামিইইয়া-।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তিনি বলিলেন, ' হে যাকারিয়্যা! আমি তোমাকে এক পুত্রের সুসংবাদ দিতেছি, তাহার নাম হইবে ইয়াহ্ইয়া; এই নামে পূর্বে আমি কাহারও নামকরণ করি নাই।'	
	قَالَ رَبِّ اَنّٰى يَكُوْنُ لِىْ غُلٰمٌ وَّكَانَتِ امْرَاَتِىْ عَاقِرًا وَّقَدْ بَلَغْتُ مِنَ الْكِبَرِ عِتِيًّا ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বি আন্না-ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়াকা-নাতিম্রাআতী 'আ-কি'রাওঁ ওয়া ক'াদ্ বালাগ্তু মিনাল কিবারি 'ইতিইইয়া-।	
তরজমা	সে বলিল, 'হে আমার প্রতিপালক! কেমন করিয়া আমার পুত্র হইবে যখন আমার স্ত্রী বন্ধ্যা ও আমি বার্ধক্যের শেষ সীমায় উপনীত।'	
	قَالَ كَذٰلِكَ ۚ قَالَ رَبُّكَ هُوَ عَلَىَّ هَيِّنٌ وَّقَدْ خَلَقْتُكَ مِنْ قَبْلُ وَلَمْ تَكُ شَيْـًٔا ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ক'া-লা কায'া-লিকা (ج) ক'া-লা রাব্বুকা হুওয়া 'আলাইইয়া হাইয়িনুওঁ ওয়াক'াদ খালাক'তুকা মিং ক'াবলু ওয়া লাম্ তাকু শাইআ-।	
তরজমা	তিনি বলিলেন, 'এইরূপই হইবে।' তোমার প্রতিপালক বলিলেন, 'ইহা আমার জন্য সহজসাধ্য ; আমি তো পূর্বে তোমাকে সৃষ্টি করিয়াছি যখন তুমি কিছুই ছিলে না।'	
	قَالَ رَبِّ اجْعَلْ لِّىْٓ اٰيَةً ۭ قَالَ اٰيَتُكَ اَلَّا تُكَلِّمَ النَّاسَ ثَلٰثَ لَيَالٍ سَوِيًّا ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বিজ'আল্লী~ আ-য়াতাং (ط) ক'া-লা আ-ইয়াতুকা আল্লা- তুকাল্লিমান্না-ছা ছ'ালা-ছ'া লাইয়া-লিং ছাবি'ইইয়া-	
তরজমা	যাকারিয়্যা বলিল, 'হে আমার প্রতিপালক! আমাকে একটি নিদর্শন দাও।' তিনি বলিলেন, 'তোমার নিদর্শন এই যে, তুমি সুস্থ থাকা সত্ত্বেও কাহারও সঙ্গে তিন দিন বাক্যালাপ করিবে না।'	
	فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ مِنَ الْمِحْرَابِ فَاَوْحٰٓى اِلَيْهِمْ اَنْ سَبِّحُوْا بُكْرَةً وَّعَشِيًّا ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ফাখারাজা 'আলা- ক'াওমিহী মিনাল্ মিহ'রা-বি ফাআওহ'াদ ইলাইহিম্ আং ছাব্বিহূ' বুক্রাতাওঁ ওয়া 'আশিইইয়া-।	
তরজমা	অতঃপর সে কক্ষ হইতে বাহির হইয়া তাহার সম্প্রদায়ের নিকট আসিল এবং ইঙ্গিতে তাহাদেরকে সকাল-সন্ধ্যায় আল্লাহ্র পবিত্রতা ও মহিমা ঘোষণা করিতে বলিল।	
	يٰيَحْيٰى خُذِ الْكِتٰبَ بِقُوَّةٍ ۭ وَاٰتَيْنٰهُ الْحُكْمَ صَبِيًّا ﴿١٢﴾ۙ	12
প্রতিবর্ণায়ন	ইয়া-ইয়াহ'ইয়া- খুযি'ল কিতা-বা বিকু'ওয়াতিওঁ (ط) ওয়াআ-তাইনা-হুল হু'ক্মা সাবিইইয়া-।	
তরজমা	'হে ইয়াহ্ইয়া! এই কিতাব দৃঢ়তার সঙ্গে গ্রহণ কর।' আমি তাহাকে শৈশবেই দান করিয়াছিলাম জ্ঞান,	
	وَّحَنَانًا مِّنْ لَّدُنَّا وَزَكٰوةً ۭ وَكَانَ تَقِيًّا ﴿١٣﴾ۙ	13

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াহ'ানা–নাম্ মিল্লাদুন্না–ওয়াঝাকা–তাও (ط) ওয়াকা–না তাকি'ইইয়া– ।	
তরজমা	এবং আমার নিকট হইতে হৃদয়ের কোমলতা ও পবিত্রতা; সে ছিল মুত্তাকী,	
	وَّبَرًّا بِوَالِدَيْهِ وَلَمْ يَكُنْ جَبَّارًا عَصِيًّا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া বাররাম বিওয়া–লিদাইহি ওয়া–লাম ইয়াকুং জাব্বা–রান 'আসিইইয়া– ।	
তরজমা	পিতা–মাতার অনুগত এবং সে ছিল না উদ্ধত ও অবাধ্য।	
	وَسَلٰمٌ عَلَيْهِ يَوْمَ وُلِدَ وَيَوْمَ يَمُوْتُ وَيَوْمَ يُبْعَثُ حَيًّا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ছালা–মুন্ 'আলাইহি ইয়াওমা উলিদা ওয়া ইয়াওমা ইয়ামূতু ওয়া ইয়াওমা ইউব'আছু হ'াইইয়া– ।	
তরজমা	তাহার প্রতি শান্তি যেদিন সে জন্মলাভ করে, যেদিন তাহার মৃত্যু হইবে এবং যেদিন সে জীবিত অবস্থায় উত্থিত হইবে।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ مَرْيَمَ ۘ اِذِ انْتَبَذَتْ مِنْ اَهْلِهَا مَكَانًا شَرْقِيًّا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়ায্'কুর ফিল্ কিতা–বি মারইয়াম (م) । ইযি'ং তাবায'াত মিন আহলিহা–মাকা–নাং শারকি'ইইয়া– ।	
তরজমা	বর্ণনা কর এই কিতাবে উল্লিখিত মার্ইয়ামের কথা, যখন সে তাহার পরিবারবর্গ হইতে পৃথক হইয়া নিরালায় পূর্বদিকে এক স্থানে আশ্রয় লইল,	
	فَاتَّخَذَتْ مِنْ دُوْنِهِمْ حِجَابًا ۖ فَاَرْسَلْنَآ اِلَيْهَا رُوْحَنَا فَتَمَثَّلَ لَهَا بَشَرًا سَوِيًّا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ফাত্তাখায'াত মিং দূনিহিম্ হি'জা–বাং (قف) ফাআরছাল্না~ ইলাইহা– রূহ'ানা– ফাতামাছ্'ছ'ালা লাহা– বাশারাং ছাবি'ইইয়া– ।	
তরজমা	অতঃপর উহাদের হইতে সে পর্দা করিল। অতঃপর আমি তাহার নিকট আমার রূহ্কে পাঠাইলাম, সে তাহার নিকট পূর্ণ মানবাকৃতিতে আত্মপ্রকাশ করিল।	
	قَالَتْ اِنِّيْٓ اَعُوْذُ بِالرَّحْمٰنِ مِنْكَ اِنْ كُنْتَ تَقِيًّا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ক'া–লাত ইন্নী~ আ'উযু বির্রাহ'মা–নি মিংকা ইং কুংতা তাকি'ইইয়া– ।	
তরজমা	মার্ইয়াম বলিল, আল্লাহ্কে ভয় কর যদি তুমি 'মুত্তাকী হও', আমি তোমা হইতে দয়াময়ের শরণ লইতেছি।	
	قَالَ اِنَّمَآ اَنَا رَسُوْلُ رَبِّكِ ۖ لِاَهَبَ لَكِ غُلٰمًا زَكِيًّا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ক'া–লা ইন্নামা~ আনা রাছূলু রাব্বিকি (ق) লিআহাবা লাকি গুলা–মাং ঝাকিইইয়া– ।	
তরজমা	সে বলিল, 'আমি তো তোমার প্রতিপালক-প্রেরিত, তোমাকে এক পবিত্র পুত্র দান করিবার জন্য।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالَتْ اَنّٰى يَكُوْنُ لِيْ غُلٰمٌ وَّلَمْ يَمْسَسْنِيْ بَشَرٌ وَّلَمْ اَكُ بَغِيًّا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ক'া-লাত্ আন্না-ইয়াকূনু লী গুলা-মুওঁ ওয়া লাম্ ইয়াম্ছাছনী বাশারুওঁ ওয়া লাম আকু বাগিইইয়া-।	
তরজমা	মার্ইয়াম বলিল, 'কেমন করিয়া আমার পুত্র হইবে যখন আমাকে কোন পুরুষ স্পর্শ করে নাই এবং আমি ব্যভিচারিণীও নই ?'	
	قَالَ كَذٰلِكِ ۚ قَالَ رَبُّكِ هُوَ عَلَيَّ هَيِّنٌ ۚ وَلِنَجْعَلَهٗٓ اٰيَةً لِّلنَّاسِ وَرَحْمَةً مِّنَّا ۚ وَكَانَ اَمْرًا مَّقْضِيًّا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ক'া-লা কায'া-লিকি (ج) ক'া-লা রাব্বুকি হুওয়া 'আলাইইয়া হাইয়িনুওঁ (ج) ওয়ালিনাজ'আলাহূ~ আ-য়াতাল্ লিন্না-ছি ওয়ারাহ'মাতাম্ মিন্না- (ج) ওয়াকা-না আমরাম্ মাক'দি'ইইয়া-।	
তরজমা	সে বলিল, 'এইরূপই হইবে।' তোমার প্রতিপালক বলিয়াছেন, 'ইহা আমার জন্য সহজসাধ্য এবং আমি উহাকে এইজন্য সৃষ্টি করিব যেন সে হয় মানুষের জন্য এক নিদর্শন ও আমার নিকট হইতে এক অনুগ্রহ; ইহা তো এক স্থিরীকৃত ব্যাপার।'	
	فَحَمَلَتْهُ فَانْتَبَذَتْ بِهٖ مَكَانًا قَصِيًّا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ফাহ'মালাতহু ফাংতাবায'াত্ বিহী মাকা-নাং ক'াসিইইয়া-।	
তরজমা	তৎপর সে গর্ভে উহাকে ধারণ করিল; অতঃপর তৎসহ এক দূরবর্তী স্থানে চলিয়া গেল;	
	فَاَجَآءَهَا الْمَخَاضُ اِلٰى جِذْعِ النَّخْلَةِ ۚ قَالَتْ يٰلَيْتَنِيْ مِتُّ قَبْلَ هٰذَا وَكُنْتُ نَسْيًا مَّنْسِيًّا ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ফাআজা~আহাল্ মাখা-দ্ু ইলা- জিয'ইন্ নাখ্লাতি (ج) ক'া-লাত্ ইয়া-লাইতানী মিত্তু ক'াব্লা হা-য'া- ওয়াকুংতু নাছ্ইয়াম্ মাংছিইইয়া-।	
তরজমা	প্রসব-বেদনা তাহাকে এক খর্জুর-বৃক্ষতলে আশ্রয় লইতে বাধ্য করিল। সে বলিল, 'হায়, ইহার পূর্বে আমি যদি মরিয়া যাইতাম ও লোকের স্মৃতি হইতে সম্পূর্ণ বিলুপ্ত হইতাম!'	
	فَنَادٰىهَا مِنْ تَحْتِهَآ اَلَّا تَحْزَنِيْ قَدْ جَعَلَ رَبُّكِ تَحْتَكِ سَرِيًّا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফানা-দা-হা- মিং তাহ'তিহা~ আল্লা-তাহ'ঝানী ক'াদ জা'আলা রাব্বুকি তাহ'তাকি ছারিইইয়া-।	
তরজমা	ফিরিশ্তা তাহার নিম্নপার্শ্ব হইতে আহ্বান করিয়া তাহাকে বলিল, 'তুমি দুঃখ করিও না, তোমার পাদদেশে তোমার প্রতিপালক এক নহর সৃষ্টি করিয়াছেন;	
	وَهُزِّيْٓ اِلَيْكِ بِجِذْعِ النَّخْلَةِ تُسٰقِطْ عَلَيْكِ رُطَبًا جَنِيًّا ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া হুঝ্ঝী~ ইলাইকি বিজিয'ইন্নাখ্লাতি তুছা-কি'ত্ 'আলাইকি রুত'াবাং জানিইইয়া-।	

তরজমা	'তুমি তোমার দিকে খর্জুর-বৃক্ষের কাণ্ডে নাড়া দাও, উহা তোমাকে সুপক্ব তাজা খর্জুর দান করিবে।	
	فَكُلِىْ وَاشْرَبِىْ وَقَرِّىْ عَيْنًا ۚ فَاِمَّا تَرَيِنَّ مِنَ الْبَشَرِ اَحَدًا ۙ فَقُوْلِىْٓ اِنِّىْ نَذَرْتُ لِلرَّحْمٰنِ صَوْمًا فَلَنْ اُكَلِّمَ الْيَوْمَ اِنْسِيًّا ۚ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ফাকুলী ওয়াশ্‌রাবী ওয়াক'ার্‌রী 'আইনাং (ج) ফাইম্মা-তারায়িন্না মিনাল্ বাশারি আহ'াদাং (لا) ফাকূ'লী~ ইন্নী নায'ার্‌তু লির্‌রাহ'মা-নি সাওমাং ফালান্ উকাল্লিমাল ইয়াওমা ইংছিইইয়া-।	
তরজমা	সুতরাং আহার কর, পান কর ও চক্ষু জুড়াও। মানুষের মধ্যে কাহাকেও যদি তুমি দেখ তখন বলিও, 'আমি দয়াময়ের উদ্দেশ্যে মৌনতা অবলম্বনের মানত করিয়াছি। সুতরাং আজ আমি কিছুতেই কোন মানুষের সঙ্গে বাক্যালাপ করিব না।'	
	فَاَتَتْ بِهٖ قَوْمَهَا تَحْمِلُهٗ ؕ قَالُوْا يٰمَرْيَمُ لَقَدْ جِئْتِ شَيْـًٔا فَرِيًّا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ফাআতাত্ বিহী ক'াওমাহা- তাহ'মিলুহূ (ط) ক'া-লূ ইয়া-মারইয়ামু লাক'াদ জি'তি শাইআং ফারিইইয়া-।	
তরজমা	অতঃপর সে সন্তানকে লইয়া তাহার সম্প্রদায়ের নিকট উপস্থিত হইল; উহারা বলিল, 'হে মার্‌ইয়াম! তুমি তো এক অদ্ভুত কাণ্ড করিয়া বসিয়াছ।	
	يٰٓاُخْتَ هٰرُوْنَ مَا كَانَ اَبُوْكِ امْرَ اَ سَوْءٍ وَّمَا كَانَتْ اُمُّكِ بَغِيًّا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইয়া~ উখতা হা-রূনা মা-কা-না আবূকিম রাআ ছাওইওঁ ওয়ামা-কানাত্ উম্মুকি বাগিইইয়া-।	
তরজমা	'হে হারূন-ভগ্নি! তোমার পিতা অসৎ ব্যক্তি ছিল না এবং তোমার মাতাও ছিল না ব্যভিচারিণী।'	
	فَاَشَارَتْ اِلَيْهِ ؕ قَالُوْا كَيْفَ نُكَلِّمُ مَنْ كَانَ فِى الْمَهْدِ صَبِيًّا ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাআশা-রাত্ ইলাইহি (ط) ক'া-লূ কাইফা নুকাল্লিমু মাং কা-না ফিল্ মাহদি সাবিইইয়া-।	
তরজমা	অতঃপর মার্‌ইয়াম সন্তানের প্রতি ইঙ্গিত করিল। উহারা বলিল, 'যে কোলের শিশু তাহার সঙ্গে আমরা কেমন করিয়া কথা বলিব ?'	
	قَالَ اِنِّىْ عَبْدُ اللّٰهِ ۖ اٰتٰنِىَ الْكِتٰبَ وَجَعَلَنِىْ نَبِيًّا ۙ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নী 'আব্‌দুল্লা-হি (ط) আ-তা-নিয়াল কিতা-বা ওয়া জা'আলানী নাবিইইয়া-।	

তরজমা	সে বলিল, 'আমি তো আল্লাহ্‌র বান্দা। তিনি আমাকে কিতাব দিয়াছেন, আমাকে নবী করিয়াছেন,	
	وَّجَعَلَنِىْ مُبٰرَكًا اَيْنَ مَا كُنْتُ ۖ وَاَوْصٰنِىْ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ مَا دُمْتُ حَيًّا ۝٣١	31
প্রতিবর্ণায়ন	ওয়াজা'আলানী মুবা-রাকান্ আইনা মা-কুংতু, ওয়া আওসা-নী বিসসালা-তি ওয়াঝ্‌ঝাকা-তি মা-দুম্‌তু হ'াইইয়া-।	
তরজমা	'যেখানেই আমি থাকি না কেন তিনি আমাকে বরকতময় করিয়াছেন, তিনি আমাকে নির্দেশ দিয়াছেন যত দিন জীবিত থাকি তত দিন সালাত ও যাকাত আদায় করিতে–	
	وَّبَرًّا بِوَالِدَتِىْ ۖ وَلَمْ يَجْعَلْنِىْ جَبَّارًا شَقِيًّا ۝٣٢	32
প্রতিবর্ণায়ন	ওয়াবার্‌রাম বিওয়া-লিদাতী (ز) ওয়ালাম্ ইয়াজ'আল্‌নী জাব্বা-রাং শাকি'ইইয়া-।	
তরজমা	'আর আমাকে আমার মাতার প্রতি অনুগত করিয়াছেন এবং তিনি আমাকে করেন নাই উদ্ধত ও হতভাগ্য;	
	وَالسَّلٰمُ عَلَىَّ يَوْمَ وُلِدْتُّ وَيَوْمَ اَمُوْتُ وَيَوْمَ اُبْعَثُ حَيًّا ۝٣٣	33
প্রতিবর্ণায়ন	ওয়াছ্‌ছালা-মূ 'আলাইইয়া ইয়াওমা উলিত্‌তু ওয়া ইয়াওমা আমূতু ওয়া ইয়াওমা উব্'আছু হ'াইইয়া-।	
তরজমা	'আমার প্রতি শান্তি যেদিন আমি জন্মলাভ করিয়াছি, যেদিন আমার মৃত্যু হইবে এবং যেদিন জীবিত অবস্থায় আমি উত্থিত হইব।'	
	ذٰلِكَ عِيْسَى ابْنُ مَرْيَمَ ۚ قَوْلَ الْحَقِّ الَّذِىْ فِيْهِ يَمْتَرُوْنَ ۝٣٤	34
প্রতিবর্ণায়ন	য'া-লিকা 'ঈছাবনু মারইয়ামা (ج) ক'াওলাল হ'াক্কি'ল্লাযী ফীহি ইয়াম্‌তারূন।	
তরজমা	এই-ই মার্‌ইয়াম-তনয় 'ঈসা। আমি বলিলাম সত্য কথা, যে বিষয়ে উহারা বিতর্ক করে।	
	مَا كَانَ لِلّٰهِ اَنْ يَّتَّخِذَ مِنْ وَّلَدٍ ۙ سُبْحٰنَهٗ ۭ اِذَا قَضٰٓى اَمْرًا فَاِنَّمَا يَقُوْلُ لَهٗ كُنْ فَيَكُوْنُ ۝٣٥	35
প্রতিবর্ণায়ন	মা- কা-না লিল্লা-হি আইঁ ইয়াত্তাখিয'া মিওঁ ওয়ালাদিং (لا) ছুবহ'া-নাহূ (ط) ইয'া- ক'াদ'া~ আমরাং ফাইন্নামা- ইয়াকূ'লু লাহূ কুং ফাইয়াকূন্।	
তরজমা	সন্তান গ্রহণ করা আল্লাহ্‌র কাজ নহে, তিনি পবিত্র মহিমময়। তিনি যখন কিছু স্থির করেন তখন সেই সম্পর্কে বলেন 'হও' এবং উহা হইয়া যায়।	
	وَاِنَّ اللّٰهَ رَبِّىْ وَرَبُّكُمْ فَاعْبُدُوْهُ ۭ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ۝٣٦	36
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাল্লা-হা রাব্বী ওয়ারাব্বুকুম ফা'বুদূহু (ط) হা-য'া-সিরা-তুম মুছ্‌তাক'ীম্।	
তরজমা	আল্লাহ্‌ই আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালক ; সুতরাং তোমরা তাঁহার 'ইবাদত কর, ইহাই সরল পথ।	

	فَاخْتَلَفَ الْاَحْزَابُ مِنْۢ بَيْنِهِمْ ۚ فَوَيْلٌ لِّلَّذِيْنَ كَفَرُوْا مِنْ مَّشْهَدِ يَوْمٍ عَظِيْمٍ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ফাখ্‌তালাফাল আহ্‌যাব-বু মিম্ বাইনিহিম (ج) ফাওয়াইলুল্ লিল্লাযীনা কাফারূ মিম মাশ্‌হাদি ইয়াওমিন্ ‘আজীম।	
তরজমা	অতঃপর দলগুলি নিজেদের মধ্যে মতানৈক্য সৃষ্টি করিল, সুতরাং দুর্ভোগ কাফিরদের জন্য মহাদিবস আগমনকালে।	
	اَسْمِعْ بِهِمْ وَاَبْصِرْ ۙ يَوْمَ يَاْتُوْنَنَا لٰكِنِ الظّٰلِمُوْنَ الْيَوْمَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আছ্‌মি‘বিহিম্ ওয়া আবসির্ (لا) ইয়াওমা ইয়া’তূনানা-লা-কিনিজ্‌জ্বা-লিমূনাল ইয়াওমা ফী দ্বালা-লিম মুবীন্।	
তরজমা	উহারা যেদিন আমার নিকট আসিবে সেই দিন উহারা কত স্পষ্ট শুনিবে ও দেখিবে! কিন্তু জালিমরা আজ স্পষ্ট বিভ্রান্তিতে আছে।	
	وَاَنْذِرْهُمْ يَوْمَ الْحَسْرَةِ اِذْ قُضِيَ الْاَمْرُ ۘ وَهُمْ فِيْ غَفْلَةٍ وَّهُمْ لَا يُؤْمِنُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া আংযি্‌রহুম ইয়াওমাল হ্‌াছ্‌রাতি ইয্‌ কু্‌দি্‌য়াল্ আম্‌র (م)। ওয়াহুম্ ফী গাফ্‌লাতিওঁ ওয়াহুম্ লা-ইউ’মিনূন্।	
তরজমা	উহাদেরকে সতর্ক করিয়া দাও পরিতাপ দিবস সম্বন্ধে, যখন সকল সিদ্ধান্ত হইয়া যাইবে। এখন উহারা গাফিল এবং উহারা বিশ্বাস করে না।	
	اِنَّا نَحْنُ نَرِثُ الْاَرْضَ وَمَنْ عَلَيْهَا وَاِلَيْنَا يُرْجَعُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইন্না-নাহ্‌নু নারিছু্‌ল আরদ্‌া ওয়ামান্ ‘আলাইহা- ওয়া ইলাইনা-ইউরজা‘ঊন্।	
তরজমা	নিশ্চয়ই পৃথিবীর ও উহার উপর যাহারা আছে তাহাদের চূড়ান্ত মালিকানা আমারই রহিবে এবং উহারা আমারই নিকট প্রত্যানীত হইবে।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ اِبْرٰهِيْمَ ۘ اِنَّهٗ كَانَ صِدِّيْقًا نَّبِيًّا ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়ায্‌কুর ফিল কিতা-বি ইবরা-হীমা (ط) ইন্নাহূ কা-না সিদ্দীক্‌ান্ নাবিইইয়া-।	
তরজমা	স্মরণ কর, এই কিতাবে উল্লিখিত ইব্‌রাহীমের কথা; সে ছিল সত্যনিষ্ঠ, নবী।	
	اِذْ قَالَ لِاَبِيْهِ يٰٓاَبَتِ لِمَ تَعْبُدُ مَا لَا يَسْمَعُ وَلَا يُبْصِرُ وَلَا يُغْنِيْ عَنْكَ شَيْـًٔا ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইয্‌ ক্বা-লা লিআবীহি ইয়া~ আবাতি লিমা তা‘বুদু মা-লা-ইয়াছ্‌মা‘উ ওয়ালা-ইউব্‌সিরূ ওয়ালা- ইউগ্‌নী ‘আংকা শাইআ-।	
তরজমা	যখন সে তাহার পিতাকে বলিল, ‘হে আমার পিতা! তুমি তাহার ‘ইবাদত কর কেন যে শুনে না, দেখে না এবং তোমার কোনই কাজে আসে না ?’	
	يٰٓاَبَتِ اِنِّيْ قَدْ جَآءَنِيْ مِنَ الْعِلْمِ مَا لَمْ يَاْتِكَ فَاتَّبِعْنِيْٓ اَهْدِكَ صِرَاطًا سَوِيًّا ﴿٤٣﴾	43

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইয়া~ আবাতি ইন্নী ক'াদ জা~আনী মিনাল 'ইলমি মা-লাম্ ইয়া'তিকা ফাত্তাবি'নী~ আহদিকা সিরা-ত'াং ছাবি'ইইয়া- ।	
তরজমা	'হে আমার পিতা! আমার নিকট তো আসিয়াছে জ্ঞান যাহা তোমার নিকট আসে নাই; সুতরাং আমার অনুসরণ কর, আমি তোমাকে সঠিক পথ দেখাইব।	
	يَٰٓأَبَتِ لَا تَعۡبُدِ ٱلشَّيۡطَٰنَۖ إِنَّ ٱلشَّيۡطَٰنَ كَانَ لِلرَّحۡمَٰنِ عَصِيّٗا ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ইয়া~ আবাতি লা-তা'বুদিশ্শাইত'া-না (ত্ব) ইন্নাশ্শাইত'া-না ক'া-না লির্রাহ'মা-নি আ'সিইইয়া- ।	
তরজমা	'হে আমার পিতা! শয়তানের 'ইবাদত করিও না। শয়তান তো দয়াময়ের অবাধ্য।	
	يَٰٓأَبَتِ إِنِّيٓ أَخَافُ أَن يَمَسَّكَ عَذَابٞ مِّنَ ٱلرَّحۡمَٰنِ فَتَكُونَ لِلشَّيۡطَٰنِ وَلِيّٗا ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ইয়া~ আবাতি ইন্নী~ আখা-ফু আইঁ ইয়ামাছ্ছাকা 'আয'া-বুম্ মিনার্ রাহ'মা-নি ফাতাকূনা লিশ্শাইত'া-নি ওয়ালিইইয়া- ।	
তরজমা	'হে আমার পিতা! আমি তো আশংকা করি যে, তোমাকে দয়াময়ের শাস্তি স্পর্শ করিবে, তখন তুমি হইয়া পড়িবে শয়তানের বন্ধু।'	
	قَالَ أَرَاغِبٌ أَنتَ عَنۡ ءَالِهَتِي يَٰٓإِبۡرَٰهِيمُۖ لَئِن لَّمۡ تَنتَهِ لَأَرۡجُمَنَّكَۖ وَٱهۡجُرۡنِي مَلِيّٗا ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ক'া-লা আরা-গিবুন আংতা 'আন্ আ-লিহাতী ইয়া~ ইবরা-হীমু (জ) লাইল্লাম তাংতাহি লাআর্জুমান্নাকা ওয়াহজুর্নী মালিইইয়া- ।	
তরজমা	পিতা বলিল, 'হে ইব্রাহীম! তুমি কি আমার দেব-দেবী হইতে বিমুখ ? যদি তুমি নিবৃত্ত না হও তবে আমি প্রস্তরাঘাতে তোমার প্রাণ নাশ করিবই; তুমি চিরদিনের জন্য আমার নিকট হইতে দূর হইয়া যাও।'	
	قَالَ سَلَٰمٌ عَلَيۡكَۖ سَأَسۡتَغۡفِرُ لَكَ رَبِّيٓۖ إِنَّهُۥ كَانَ بِي حَفِيّٗا ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ক'া-লা ছালা-মুন্ 'আলাইকা (জ) ছাআছ্তাগ্ফিরুলাকা রাব্বী (ত্ব) ইন্নাহূ কা-না বী হ'াফিইইয়া- ।	
তরজমা	ইব্রাহীম বলিল, 'তোমার প্রতি সালাম। আমি আমার প্রতিপালকের নিকট তোমার জন্য ক্ষমা প্রার্থনা করিব, নিশ্চয় তিনি আমার প্রতি অতিশয় অনুগ্রহশীল।	
	وَأَعۡتَزِلُكُمۡ وَمَا تَدۡعُونَ مِن دُونِ ٱللَّهِ وَأَدۡعُواْ رَبِّي عَسَىٰٓ أَلَّآ أَكُونَ بِدُعَآءِ رَبِّي شَقِيّٗا ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া আ'তাঝিলুকুম্ ওয়ামা- তাদ্'উনা মিং দূনিল্লা-হি ওয়া আদ্'উ রাব্বী (য) 'আছা~ আল্লা~ আকূনা বিদু'আ~ই রাব্বী শাকি'ইইয়া- ।	

তরজমা	'আমি তোমাদের হইতে ও তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদের 'ইবাদত কর তাহাদের হইতে পৃথক হইতেছি; আমি আমার প্রতিপালককে আহ্বান করি; আশা করি, আমার প্রতিপালককে আহ্বান করিয়া আমি ব্যর্থকাম হইব না।'	
	فَلَمَّا اعْتَزَلَهُمْ وَمَا يَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ۙ وَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَيَعْقُوْبَ ؕ وَكُلًّا جَعَلْنَا نَبِيًّا ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	ফালাম্মা' তাঝালাহুম্ ওয়ামা-ইয়া'বুদূনা মিং দূনিল্লা-হি (ﻯ) ওয়াহাব্না-লাহূ~ ইছহা'-ক'া ওয়া ইয়া'কূ'বা (ط) ওয়া কুল্লাং জা'আলনা- নাবিইইয়া- ।	
তরজমা	অতঃপর সে যখন তাহাদের হইতে ও তাহারা আল্লাহ্ ব্যতীত যাহাদের 'ইবাদত করিত সেই সকল হইতে পৃথক হইয়া গেল তখন আমি তাহাকে দান করিলাম ইসহাক ও ইয়া'কূব এবং প্রত্যেককে নবী করিলাম।	
	وَوَهَبْنَا لَهُمْ مِّنْ رَّحْمَتِنَا وَجَعَلْنَا لَهُمْ لِسَانَ صِدْقٍ عَلِيًّا ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াহাবনা-লাহুম্ মির রাহ'মাতিনা- ওয়া জা'আলনা- লাহুম্ লিছা-না সিদকি'ন্ 'আলিইইয়া- ।	
তরজমা	এবং তাহাদেরকে আমি দান করিলাম আমার অনুগ্রহ ও তাহাদের নাম-যশ সমুচ্চ করিলাম।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ مُوْسٰۤى ۫ اِنَّهٗ كَانَ مُخْلَصًا وَّكَانَ رَسُوْلًا نَّبِيًّا ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়ায'কুর ফিল কিতা-বি মূছা~ ইন্নাহূ কা-না মুখলাসাও ওয়া কা-না রাছূলান্ নাবিইইয়া- ।	
তরজমা	স্মরণ কর, এই কিতাবে মূসার কথা, সে ছিল বিশেষ মনোনীত এবং সে ছিল রাসূল, নবী।	
	وَنَادَيْنٰهُ مِنْ جَانِبِ الطُّوْرِ الْاَيْمَنِ وَقَرَّبْنٰهُ نَجِيًّا ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া না-দাইনা-হু মিং জা-নিবিত'ূ রিল্ আইমানি ওয়া ক'াররাব্না-হু নাজিইইয়া- ।	
তরজমা	তাহাকে আমি আহ্বান করিয়াছিলাম তূর পর্বতের দক্ষিণ দিক হইতে এবং আমি অন্তরঙ্গ আলাপে তাহাকে নৈকট্য দান করিয়াছিলাম।	
	وَوَهَبْنَا لَهٗ مِنْ رَّحْمَتِنَاۤ اَخَاهُ هٰرُوْنَ نَبِيًّا ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াহাব্না-লাহূ মির্রাহ'মাতিনা~ আখা-হু হা-রূনা নাবিইইয়া- ।	
তরজমা	আমি নিজ অনুগ্রহে তাহাকে দিলাম তাহার ভ্রাতা হারূনকে নবীরূপে।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ اِسْمٰعِيْلَ ۫ اِنَّهٗ كَانَ صَادِقَ الْوَعْدِ وَكَانَ رَسُوْلًا نَّبِيًّا ﴿۵۴﴾	54

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ায্‌কুর ফিল্ কিতা–বি ইছ্‌মা–ঈলা (ز) ইন্নাহূ কা–না সা–দিক্‌ব্‌ল্ ওয়া'দি ওয়া কা–না রাছূলান্ নাবিইইয়া– ।	
তরজমা	স্মরণ কর, এই কিতাবে ইসমাঈলের কথা, সে তো ছিল প্রতিশ্রুতি পালনে সত্যাশ্রয়ী এবং সে ছিল রাসূল, নবী;	
	وَكَانَ يَأْمُرُ أَهْلَهُ بِالصَّلٰوةِ وَالزَّكٰوةِ ۖ وَكَانَ عِنْدَ رَبِّهٖ مَرْضِيًّا ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ওয়া কা–না ইয়া'মুরু আহলাহূ বিসসালা–তি ওয়াঝ্‌ঝাকা–তি (ص) ওয়া কা–না 'ইংদা রাব্বিহী মার্‌দি'ইইয়া– ।	
তরজমা	সে তাহার পরিজনবর্গকে সালাত ও যাকাতের নির্দেশ দিত এবং সে ছিল তাহার প্রতিপালকের সন্তোষভাজন।	
	وَاذْكُرْ فِي الْكِتٰبِ إِدْرِيسَ ۖ إِنَّهُ كَانَ صِدِّيقًا نَّبِيًّا ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়ায্‌কুর ফিল কিতা–বি ইদ্‌রীছা (ز) ইন্নাহূ কা–না সিদ্দীক্‌ব্‌ন্ নাবিইইয়া– ।	
তরজমা	স্মরণ কর, এই কিতাবে ইদ্‌রীসের কথা, সে ছিল সত্যনিষ্ঠ, নবী;	
	وَّرَفَعْنٰهُ مَكَانًا عَلِيًّا ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়া রাফা'না–হু মাকা–নান্ 'আলিয়া– ।	
তরজমা	এবং আমি তাহাকে উন্নীত করিয়াছিলাম উচ্চ মর্যাদায়।	
	أُولٰٓئِكَ الَّذِينَ أَنْعَمَ اللّٰهُ عَلَيْهِمْ مِّنَ النَّبِيّٖنَ مِنْ ذُرِّيَّةِ اٰدَمَ ۗ وَمِمَّنْ حَمَلْنَا مَعَ نُوحٍ ۖ وَّمِنْ ذُرِّيَّةِ إِبْرٰهِيمَ وَإِسْرَآءِيلَ ۖ وَمِمَّنْ هَدَيْنَا وَاجْتَبَيْنَا ۚ إِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُ الرَّحْمٰنِ خَرُّوا سُجَّدًا وَّبُكِيًّا ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায্‌ীনা আন্'আমাল্লা–হু 'আলাইহিম্ মিনান্ নাবিইয়ীনা মিং য়ু'ররিইইয়াতি আ–দামা (ق) ওয়া মিম্মান হ'ামাল্‌না– মা'আ নূহি'ওঁ (ز) ওয়া মিং য়ু'ররিইইয়াতি ইবরা–হীমা ওয়া ইছ্‌রা~ঈলা (ز) ওয়া মিম্মান্ হাদাইনা– ওয়াজতাবাইনা– (ط) ইয'া– তুত্‌লা–'আলাইহিম্ আ–য়া–তুর্‌রাহ'মা–নি খাররু ছুজ্জাদাওঁ ওয়া বুকিইইয়া–(ছিজদাহ-৫) ।	
তরজমা	ইহারাই তাহারা, নবীদের মধ্যে যাহাদেরকে আল্লাহ্ অনুগ্রহ করিয়াছেন, আদমের বংশ হইতে ও যাহাদেরকে আমি নূহের সঙ্গে নৌকায় আরোহণ করাইয়াছিলাম এবং ইব্‌রাহীম ও ইসরাঈলের বংশোদ্ভূত ও যাহাদেরকে আমি পথনির্দেশ করিয়াছিলাম ও মনোনীত করিয়াছিলাম; তাহাদের নিকট দয়াময়ের আয়াত আবৃত্তি করা হইলে তাহারা সিজ্‌দায় লুটাইয়া পড়িত ক্রন্দন করিতে করিতে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَخَلَفَ مِنۢ بَعۡدِهِمۡ خَلۡفٌ اَضَاعُوا الصَّلٰوةَ وَاتَّبَعُوا الشَّهَوٰتِ فَسَوۡفَ يَلۡقَوۡنَ غَيًّا ۙ﴿۵۹﴾	59
প্রতিবর্ণায়ন	ফাখালাফা মিম্ বা'দিহিম্ খালফুন আদ'া-'উসসালা-তা ওয়াত্ তাবা'উশ্শাহাওয়া-তি ফাছাওফা ইয়ালক'াওনা গাইইয়া- ।	
তরজমা	উহাদের পরে আসিল অপদার্থ পরবর্তীরা, তাহারা সালাত নষ্ট করিল ও লালসা-পরবশ হইল। সুতরাং উহারা অচিরেই কুকর্মের শাস্তি প্রত্যক্ষ করিবে,	
	اِلَّا مَنۡ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَاُولٰٓئِكَ يَدۡخُلُوۡنَ الۡجَنَّةَ وَلَا يُظۡلَمُوۡنَ شَيۡـًٔا ۙ﴿۶۰﴾	60
প্রতিবর্ণায়ন	ইল্লা-মাং তা-বা ওয়া আ-মানা ওয়া 'আমিলা সা-লিহ'াং ফাউলা~ইকা ইয়াদখুলূনাল্ জান্নাতা ওয়ালা-ইউজ্'লামূনা শাইআ- ।	
তরজমা	কিন্তু উহারা নহে-যাহারা তওবা করিয়াছে, ঈমান আনিয়াছে ও সৎকর্ম করিয়াছে। উহারা তো জান্নাতে প্রবেশ করিবে। উহাদের প্রতি কোন জুল্লুম করা হইবে না।	
	جَنّٰتِ عَدۡنِ ِۨالَّتِىۡ وَعَدَ الرَّحۡمٰنُ عِبَادَهٗ بِالۡغَيۡبِ ؕ اِنَّهٗ كَانَ وَعۡدُهٗ مَاۡتِيًّا ؕ﴿۶۱﴾	61
প্রতিবর্ণায়ন	জান্না-তি 'আদ্নি নিল্লাতী ওয়া আ'দার্ রাহ'মা-নু 'ইবা-দাহূ বিলগাইবি (ط) ইন্নাহূ কা-না ওয়া'দুহূ মা'তিইইয়া- ।	
তরজমা	ইহা স্থায়ী জান্নাত, যে অদৃশ্য বিষয়ের প্রতিশ্রুতি দয়াময় তাঁহার বান্দাদেরকে দিয়াছেন। তাঁহার প্রতিশ্রুত বিষয় অবশ্যম্ভাবী।	
	لَا يَسۡمَعُوۡنَ فِيۡهَا لَغۡوًا اِلَّا سَلٰمًا ؕ وَلَهُمۡ رِزۡقُهُمۡ فِيۡهَا بُكۡرَةً وَّعَشِيًّا ﴿۶۲﴾	62
প্রতিবর্ণায়ন	লা-ইয়াছ্মা'ঊনা ফীহা- লাগ্ওয়ান্ ইল্লা-ছালা-মাওঁ (ط) ওয়ালাহুম রিঝকু'হুম ফীহি-বুক্রাতাওঁ ওয়া 'আশিইইয়া- ।	
তরজমা	সেখানে তাহারা 'শান্তি' ব্যতীত কোন অসার বাক্য শুনিবে না এবং সেখানে সকাল-সন্ধ্যা তাহাদের জন্য থাকিবে জীবনোপকরণ।	
	تِلۡكَ الۡجَنَّةُ الَّتِىۡ نُوۡرِثُ مِنۡ عِبَادِنَا مَنۡ كَانَ تَقِيًّا ﴿۶۳﴾	63
প্রতিবর্ণায়ন	তিল্কাল্ জান্নাতুল্লাতী নূরিছু মিন্ 'ইবা-দিনা-মাং কা-না তাকি'ইইয়া- ।	
তরজমা	এই সেই জান্নাত, যাহার অধিকারী করিব আমার বান্দাদের মধ্যে মুত্তাকীদেরকে।	
	وَمَا نَتَنَزَّلُ اِلَّا بِاَمۡرِ رَبِّكَ ۚ لَهٗ مَا بَيۡنَ اَيۡدِيۡنَا وَمَا خَلۡفَنَا وَمَا بَيۡنَ ذٰلِكَ ۚ وَمَا كَانَ رَبُّكَ نَسِيًّا ۚ﴿۶۴﴾	64
প্রতিবর্ণায়ন	ওয়ামা-নাতানাঝঝালু ইল্লা- বিআম্রি রাব্বিকা (ج) লাহূ মা-বাইনা আইদীনা-ওয়ামা-খালফানা ওয়ামা- বাইনা য'া-লিকা (ج) ওয়ামা-কা-না রাব্বুকা নাছিইইয়া- ।	

তরজমা	'আমরা আপনার প্রতিপালকের আদেশ ব্যতীত অবতরণ করি না; যাহা আমাদের সম্মুখে ও পশ্চাতে আছে ও যাহা এই দুই-এর অন্তর্বর্তী তাহা তাঁহারই এবং আপনার প্রতিপালক ভুলিবার নন।'	
	رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا فَاعْبُدْهُ وَاصْطَبِرْ لِعِبَادَتِهٖ ؕ هَلْ تَعْلَمُ لَهٗ سَمِيًّا ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	রাব্বুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি` ওয়ামা-বাইনাহুমা- ফা'বুদ্হু ওয়াসত`াবির লি'ইবা-দাতিহী (ط) হাল্ তা'লামু লাহূ ছামিইইয়া-।	
তরজমা	তিনি আকাশমণ্ডলী, পৃথিবী ও তাহাদের অন্তর্বর্তী যাহা কিছু, তাহার প্রতিপালক। সুতরাং তাঁহারই 'ইবাদত কর এবং তাঁহার 'ইবাদতে ধৈর্যশীল থাক। তুমি কি তাঁহার সমগুণসম্পন্ন কাহাকেও জান ?	
	وَيَقُوْلُ الْاِنْسَانُ ءَاِذَا مَا مِتُّ لَسَوْفَ اُخْرَجُ حَيًّا ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ`লুল্ ইংছা-নু আইয`া-মা-মিত্তু লাছাওফা উখ্রাজু হ`াইইয়া-।	
তরজমা	মানুষ বলে, 'আমার মৃত্যু হইলে আমি কি জীবিত অবস্থায় উত্থিত হইব ?'	
	اَوَلَا يَذْكُرُ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ قَبْلُ وَلَمْ يَكُ شَيْـًٔا ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	আওয়ালা- ইয়ায`কু`রুল্ ইংছা-নু আন্না-খালাক`না-হু মিং ক`াব্লু ওয়া লাম্ ইয়াকু শাইআ-।	
তরজমা	মানুষ কি স্মরণ করে না যে, আমি তাহাকে পূর্বে সৃষ্টি করিয়াছি যখন সে কিছুই ছিল না ?	
	فَوَرَبِّكَ لَنَحْشُرَنَّهُمْ وَالشَّيٰطِيْنَ ثُمَّ لَنُحْضِرَنَّهُمْ حَوْلَ جَهَنَّمَ جِثِيًّا ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ফাওয়ারাব্বিকা লানাহ`শুরান্নাহুম ওয়াশ্শায়া-ত`ীনা ছু`ম্মা লানুহ`দি`রান্নাহুম হ`াওলা জাহান্নামা জিছি`ইইয়া-।	
তরজমা	সুতরাং শপথ তোমার প্রতিপালকের। আমি তো উহাদেরকে এবং শয়তানদেরকেসহ একত্র সমবেত করিবই ও পরে আমি উহাদেরকে নতজানু অবস্থায় জাহান্নামের চতুর্দিকে উপস্থিত করিবই।	
	ثُمَّ لَنَنْزِعَنَّ مِنْ كُلِّ شِيْعَةٍ اَيُّهُمْ اَشَدُّ عَلَى الرَّحْمٰنِ عِتِيًّا ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা লানাংঝি'আন্না মিং কুল্লি শী'আতিন্ আইয়ুহুম্ আশাদ্দু 'আলার রাহ`মা-নি 'ইতিইইয়া-।	
তরজমা	অতঃপর প্রত্যেক দলের মধ্যে যে দয়াময়ের প্রতি সর্বাধিক অবাধ্য আমি তাহাকে টানিয়া বাহির করিবই।	
	ثُمَّ لَنَحْنُ اَعْلَمُ بِالَّذِيْنَ هُمْ اَوْلٰى بِهَا صِلِيًّا ﴿٧٠﴾	70

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা লানাহ'নু আ'লামু বিল্লায'ীনা হুম্ আওলা-বিহা-সিলিইইয়া-।	
তরজমা	এবং আমি তো উহাদের মধ্যে যাহারা জাহান্নামে প্রবেশের অধিকতর যোগ্য তাহাদের বিষয় ভাল জানি।	
	وَاِنْ مِّنْكُمْ اِلَّا وَارِدُهَا ۚ كَانَ عَلٰى رَبِّكَ حَتْمًا مَّقْضِيًّا ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়া ইম্ মিংকুম্ ইল্লা- ওয়া-রিদুহা- (ج) কা-না 'আলা-রাব্বিকা হ'াত্মাম্ মাক'দি'ইইয়া-।	
তরজমা	এবং তোমাদের প্রত্যেকেই উহা অতিক্রম করিবে; ইহা তোমার প্রতিপালকের অনিবার্য সিদ্ধান্ত।	
	ثُمَّ نُنَجِّى الَّذِيْنَ اتَّقَوْا وَّنَذَرُ الظّٰلِمِيْنَ فِيْهَا جِثِيًّا ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা নুনাজজিল্লায'ীনাত্তাক'াওঁ ওয়া নায'ারুজ্ জ'া-লিমীনা ফীহা-জিছি'ইইয়া-।	
তরজমা	পরে আমি মুত্তাকীদেরকে উদ্ধার করিব এবং জালিমদেরকে সেখানে নতজানু অবস্থায় রাখিয়া দিব।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْٓا ۙ اَىُّ الْفَرِيْقَيْنِ خَيْرٌ مَّقَامًا وَّاَحْسَنُ نَدِيًّا ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া-তুত্লা- আলাইহিম আ-য়া-তুনা- বাইয়িনা-তিং ক'া-লাল্লায'ীনা কাফারূ লিল্লায'ীনা আ-মানূ (لا) আইয়ুল্ ফারীক'াইনি খাইরুম্ মাক'া-মাওঁ ওয়া আহ'ছানু নাদিইইয়া-।	
তরজমা	উহাদের নিকট আমার স্পষ্ট আয়াতসমূহ আবৃত্ত হইলে কাফিররা মু'মিনদেরকে বলে, 'দুই দলের মধ্যে কোন্‌টি মর্যাদায় শ্রেষ্ঠতর ও মজলিস হিসাবে উত্তম ?'	
	وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ هُمْ اَحْسَنُ اَثَاثًا وَّرِءْيًا ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়াকাম্ আহলাক্না-ক'াবলাহুম মিং ক'ারনিন্‌হুম আহ'ছানু আছ'া-ছ'াওঁ ওয়ারি'য়া-।	
তরজমা	উহাদের পূর্বে আমি কত মানবগোষ্ঠীকে বিনাশ করিয়াছি-যাহারা উহাদের অপেক্ষা সম্পদ ও বাহ্যদৃষ্টিতে শ্রেষ্ঠ ছিল।	
	قُلْ مَنْ كَانَ فِى الضَّلٰلَةِ فَلْيَمْدُدْ لَهُ الرَّحْمٰنُ مَدًّا ۚ حَتّٰٓى اِذَا رَاَوْا مَا يُوْعَدُوْنَ اِمَّا الْعَذَابَ وَاِمَّا السَّاعَةَ ؕ فَسَيَعْلَمُوْنَ مَنْ هُوَ شَرٌّ مَّكَانًا وَّاَضْعَفُ جُنْدًا ﴿٧٥﴾	75

প্রতিবর্ণায়ন	ক্বু'ল মাং কা-না ফিদ্ দ'ালা-লাতি ফালইয়াম্দুদ লাহুর্‌রাহ'মা-নু মাদ্দান (ج) হ'াত্তা~ ইয'া-রাআও মা-ইউ'আদূনা ইম্মাল 'আয'া-বা ওয়া ইম্মাছ্ছা-'আতা (ط) ফাছাইয়া'লামূনা মান্ হুওয়া শাররুম মাকা-নাওঁ ওয়া আদ''আফু জুংদা-।	
তরজমা	বল, 'যাহারা বিভ্রান্তিতে আছে, দয়াময় তাহাদেরকে প্রচুর ঢিল দিবেন যতক্ষণ না তাহারা, যে বিষয়ে তাহাদেরকে সতর্ক করা হইতেছে তাহা প্রত্যক্ষ করিবে, উহা শাস্তি হউক অথবা কিয়ামতই হউক। অতঃপর তাহারা জানিতে পারিবে, কে মর্যাদায় নিকৃষ্ট ও কে দলবলে দুর্বল।	
	وَيَزِيْدُ اللّٰهُ الَّذِيْنَ اهْتَدَوْا هُدًى ؕ وَالْبٰقِيٰتُ الصّٰلِحٰتُ خَيْرٌ عِنْدَ رَبِّكَ ثَوَابًا وَّ خَيْرٌ مَّرَدًّا ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াঝীদুল্লা-হু ল্লায'ীনাহ্তাদাও হুদাওঁ (ط) ওয়াল বা-কি'য়া-তুসসা-লিহ'া-তু খাইরুন 'ইংদা রাব্বিকা ছ'াওয়া-বাও ওয়াখাইরুম মারাদ্দা-।	
তরজমা	এবং যাহারা সৎপথে চলে আল্লাহ্ তাহাদেরকে অধিক হিদায়াত দান করেন; এবং স্থায়ী সৎকর্ম তোমার প্রতিপালকের পুরস্কার প্রাপ্তির জন্য শ্রেষ্ঠ এবং প্রতিদান হিসাবেও শ্রেষ্ঠ।	
	اَفَرَءَيْتَ الَّذِيْ كَفَرَ بِاٰيٰتِنَا وَقَالَ لَاُوْتَيَنَّ مَالًا وَّ وَلَدًا ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	আফারাআইতাল্লায'ী কাফারা বিআ-য়া-তিনা-ওয়াক'া-লা লাঊতাইয়ান্না মা-লাওঁ ওয়া ওয়ালাদা-।	
তরজমা	তুমি কি লক্ষ্য করিয়াছ সেই ব্যক্তিকে, যে আমার আয়াতসমূহ প্রত্যাখ্যান করিয়াছে এবং সে বলে, 'আমাকে ধনসম্পদ ও সন্তান-সন্ততি দেওয়া হইবেই ?'	
	اَطَّلَعَ الْغَيْبَ اَمِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	আত'ত'ালা'আল গাইবা আমিত্তাখায'া 'ইংদার রাহ'মা-নি 'আহদা-।	
তরজমা	সে কি অদৃশ্য সম্বন্ধে অবহিত হইয়াছে অথবা দয়াময়ের নিকট হইতে প্রতিশ্রুতি লাভ করিয়াছে ?	
	كَلَّا ؕ سَنَكْتُبُ مَا يَقُوْلُ وَنَمُدُّ لَهٗ مِنَ الْعَذَابِ مَدًّا ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	কাল্লা- (ط) ছানাক্তুবু মা-ইয়াক্বূ'লু ওয়ানামুদ্দু লাহূ মিনাল্ 'আয'া-বি মাদ্দা-।	
তরজমা	কখনই নহে, তাহারা যাহা বলে আমি তাহা লিখিয়া রাখিব এবং তাহাদের শাস্তি বৃদ্ধি করিতে থাকিব।	
	وَّ نَرِثُهٗ مَا يَقُوْلُ وَيَاْتِيْنَا فَرْدًا ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ওয়া নারিছু'হূ মা-ইয়াক্বূ'লু ওয়া ইয়া'তীনা- ফারদা-।	
তরজমা	সে যে বিষয়ের কথা বলে তাহা থাকিবে আমার অধিকারে এবং সে আমার নিকট আসিবে একা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اٰلِهَةً لِّيَكُوْنُوْا لَهُمْ عِزًّا ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাখাযূ মিং দূনিল্লা-হি আ-লিহাতাল লিইয়াকূনূ লাহুম ‘ইঝঝা-।	
তরজমা	তাহারা আল্লাহ্ ব্যতীত অন্য ইলাহ্ গ্রহণ করে এইজন্য, যাহাতে উহারা তাহাদের সহায় হয় ;	
	كَلَّا ۭ سَيَكْفُرُوْنَ بِعِبَادَتِهِمْ وَيَكُوْنُوْنَ عَلَيْهِمْ ضِدًّا ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	কাল্লা- (ط) ছাইয়াক্ফুরূনা বি‘ইবা-দাতিহিম্ ওয়া ইয়াকূনূনা ‘আলাইহিম দি‘দ্দা-।	
তরজমা	কখনই নহে; উহারা তো তাহাদের ‘ইবাদত অস্বীকার করিবে এবং তাহাদের বিরোধী হইয়া যাইবে।	
	اَلَمْ تَرَ اَنَّآ اَرْسَلْنَا الشَّيٰطِيْنَ عَلَى الْكٰفِرِيْنَ تَؤُزُّهُمْ اَزًّا ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা আন্না~ আরছালনাশ্শাইয়া-তী-না ‘আলাল্ কা-ফিরীনা তাউঝঝুহুম আঝঝা-।	
তরজমা	তুমি কি লক্ষ্য কর নাই যে, আমি কাফিরদের জন্য শয়তানদেরকে ছাড়িয়া রাখিয়াছি উহাদেরকে মন্দ কর্মে বিশেষভাবে প্রলুব্ধ করিবার জন্য ?	
	فَلَا تَعْجَلْ عَلَيْهِمْ ۭ اِنَّمَا نَعُدُّ لَهُمْ عَدًّا ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ফালা-তা‘জাল্ ‘আলাইহিম (ط) ইন্নামা-না‘উদ্দু লাহুম্ ‘আদ্দা-।	
তরজমা	সুতরাং তাহাদের বিষয়ে তুমি তাড়াতাড়ি করিও না। আমি তো গণনা করিতেছি উহাদের নির্ধারিত কাল,	
	يَوْمَ نَحْشُرُ الْمُتَّقِيْنَ اِلَى الرَّحْمٰنِ وَفْدًا ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ইয়াওমা নাহ্শুরুল্ মুত্তাক্বীনা ইলার্রাহ্মা-নি ওয়াফ্দা-।	
তরজমা	যেদিন দয়াময়ের নিকট মুত্তাকীদেরকে সম্মানিত মেহমানরূপে সমবেত করিব,	
	وَّنَسُوْقُ الْمُجْرِمِيْنَ اِلٰى جَهَنَّمَ وِرْدًا ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়া নাছূক্বুল্ মুজরিমীনা ইলা-জাহান্নামা বি‘র্দা-।	
তরজমা	এবং অপরাধীদেরকে তৃষ্ণাতুর অবস্থায় জাহান্নামের দিকে হাঁকাইয়া লইয়া যাইব।	
	لَا يَمْلِكُوْنَ الشَّفَاعَةَ اِلَّا مَنِ اتَّخَذَ عِنْدَ الرَّحْمٰنِ عَهْدًا ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	লা-ইয়াম্লিকূনাশ্শাফা-‘আতা ইল্লা- মানিত্ তাখায‘া ‘ইংদার্রাহ্মা-নি ‘আহদা-।	
তরজমা	যে দয়াময়ের নিকট প্রতিশ্রুতি গ্রহণ করিয়াছে, সে ব্যতীত অন্য কাহারও সুপারিশ করিবার ক্ষমতা থাকিবে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوا اتَّخَذَ الرَّحْمٰنُ وَلَدًا ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লুত্ তাখায'ার্ রাহ'মা-নু ওয়ালাদা-।	
তরজমা	তাহারা বলে, 'দয়াময় সন্তান গ্রহণ করিয়াছেন।'	
	لَقَدْ جِئْتُمْ شَيْـًٔا إِدًّا ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	লাক'াদ জি'তুম্ শাইআন্ ইদ্দা-।	
তরজমা	তোমরা তো এমন এক জঘন্য বিষয়ের অবতারণা করিয়াছ;	
	تَكَادُ السَّمٰوٰتُ يَتَفَطَّرْنَ مِنْهُ وَتَنْشَقُّ الْأَرْضُ وَتَخِرُّ الْجِبَالُ هَدًّا ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	তাকা-দুছ্ছামা-ওয়া-তু ইয়াতাফাত'ত'ার্না মিনহু ওয়া তাংশাক্কু'ল আর্দু ওয়া তাখির্রুল্ জিবা-লু হাদ্দা-।	
তরজমা	যাহাতে আকাশমণ্ডলী বিদীর্ণ হইয়া যাইবে, পৃথিবী খণ্ড-বিখণ্ড হইবে ও পর্বতমণ্ডলী চূর্ণ-বিচূর্ণ হইয়া আপতিত হইবে,	
	أَنْ دَعَوْا لِلرَّحْمٰنِ وَلَدًا ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	আং দা'আও লির্রাহ'মা-নি ওয়ালাদা-।	
তরজমা	যেহেতু তাহারা দয়াময়ের প্রতি সন্তান আরোপ করে।	
	وَمَا يَنْبَغِي لِلرَّحْمٰنِ أَنْ يَتَّخِذَ وَلَدًا ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াম্বাগী লির রাহ'মা-নি আইঁ ইয়াত্তাখিয'া ওয়ালাদা-।	
ZiRgv	অথচ সন্তান গ্রহণ করা দয়াময়ের জন্য শোভন নহে।	
	إِنْ كُلُّ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْأَرْضِ إِلَّا آتِي الرَّحْمٰنِ عَبْدًا ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	ইং কুল্লু মাং ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি' ইল্লা~আ-তির রাহ'মা-নি 'আব্দা-।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে এমন কেহ নাই, যে দয়াময়ের নিকট বান্দারূপে উপস্থিত হইবে না।	
	لَقَدْ أَحْصٰهُمْ وَعَدَّهُمْ عَدًّا ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	লাক'াদ আহ'সা-হুম্ ওয়া 'আদ্দাহুম্ 'আদ্দা-।	
তরজমা	তিনি তাহাদেরকে পরিবেষ্টন করিয়া রাখিয়াছেন এবং তিনি তাহাদেরকে বিশেষভাবে গণনা করিয়াছেন,	
	وَكُلُّهُمْ آتِيهِ يَوْمَ الْقِيٰمَةِ فَرْدًا ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়া কুল্লুহুম্ আ-তীহি ইয়াওমাল কি'য়া-মাতি ফার্দা-।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং কিয়ামত দিবসে উহাদের সকলেই তাঁহার নিকট আসিবে একাকী অবস্থায়।	
	إِنَّ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ سَيَجْعَلُ لَهُمُ الرَّحْمَٰنُ وُدًّا ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লাযীনা আ-মানূ ওয়া ‘আমিলুসসা-লিহা-তি ছাইয়াজ‘আলু লাহুমুর্ রাহ্মা-নু উদ্দা-।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে দয়াময় অবশ্যই তাহাদের জন্য সৃষ্টি করিবেন ভালবাসা।	
	فَإِنَّمَا يَسَّرْنَاهُ بِلِسَانِكَ لِتُبَشِّرَ بِهِ الْمُتَّقِينَ وَتُنذِرَ بِهِ قَوْمًا لُّدًّا ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা- ইয়াছ্ছার্না-হু বিলিছা-নিকা লিতুবাশ্শিরা বিহিল মুত্তাক্বীনা ওয়া তুংযি্‘রা বিহী ক্বাওমাল লুদ্দা-।	
তরজমা	আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করিয়া দিয়াছি যাহাতে তুমি উহা দ্বারা মুত্তাকীদেরকে সুসংবাদ দিতে পার এবং বিতণ্ডাপ্রবণ সম্প্রদায়কে উহা দ্বারা সতর্ক করিতে পার।	
	وَكَمْ أَهْلَكْنَا قَبْلَهُم مِّن قَرْنٍ ۖ هَلْ تُحِسُّ مِنْهُم مِّنْ أَحَدٍ أَوْ تَسْمَعُ لَهُمْ رِكْزًا ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ওয়া কাম্ আহলাক্না- ক্বাব্লাহুম মিং ক্বার্নিন (ط) হাল্ তুহি্‘ছ্ছু মিনহুম্ মিন আহ্‘াদিন আও তাছমা‘উ লাহুম রিক্বা-।	
তরজমা	তাহাদের পূর্বে আমি কত মানবগোষ্ঠীকে বিনাশ করিয়াছি! তুমি কি তাহাদের কাহাকেও দেখিতে পাও অথবা ক্ষীণতম শব্দও শুনিতে পাও ?	

20 - Taha-ত্বা-হা -طه

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	طٰهٰ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ত্বা-হা-	
তরজমা	তা-হা,	
	مَا أَنزَلْنَا عَلَيْكَ الْقُرْآنَ لِتَشْقَىٰ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	মা~ আংঝাল্না- ‘আলাইকাল্ কু‘র্আ-না লিতাশ্ক্বা~।	
তরজমা	তুমি ক্লেশ পাইবে এইজন্য আমি তোমার প্রতি কুরআন অবতীর্ণ করি নাই,	
	إِلَّا تَذْكِرَةً لِّمَن يَخْشَىٰ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইল্লা- তায্কিরাতাল লিমাইঁ ইয়াখ্শা-।	
তরজমা	বরং যে ভয় করে কেবল তাহার উপদেশার্থে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	تَنْزِيْلًا مِّمَّنْ خَلَقَ الْاَرْضَ وَالسَّمٰوٰتِ الْعُلٰى ۝	4
প্রতিবর্ণায়ন	তাংঝীলাম্ মিম্মান্ খালাক'াল্ আরদ'া ওয়াছ্ছামা–ওয়া–তিল 'উলা– ।	
তরজমা	যিনি পৃথিবী ও সমুচ্চ আকাশমণ্ডলী সৃষ্টি করিয়াছেন তাঁহার নিকট হইতে ইহা অবতীর্ণ।	
	اَلرَّحْمٰنُ عَلَى الْعَرْشِ اسْتَوٰى ۝	5
প্রতিবর্ণায়ন	আর্‌রাহ'মা–নু 'আলাল্ 'আরশিছ্ তাওয়া– ।	
তরজমা	দয়াময় আর্‌শে সমাসীন।	
	لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَمَا بَيْنَهُمَا وَمَا تَحْتَ الثَّرٰى ۝	6
প্রতিবর্ণায়ন	লাহূ মা–ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ামা–ফিল্ আরদি' ওয়ামা– বাইনাহুমা– ওয়ামা তাহ'তাছ্'ছ'ারা– ।	
তরজমা	যাহা আছে আকাশমণ্ডলীতে, পৃথিবীতে, এই দুইয়ের অন্তর্বর্তী স্থানে ও ভূগর্ভে তাহা তাঁহারই।	
	وَاِنْ تَجْهَرْ بِالْقَوْلِ فَاِنَّهٗ يَعْلَمُ السِّرَّ وَاَخْفَى ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তাজহার বিল্‌ক'াওলি ফাইন্নাহূ ইয়া'লামুছ্ছির্‌রা ওয়া আখ্‌ফা– ।	
তরজমা	যদি তুমি উচ্চকণ্ঠে কথা বল, তবে তিনি তো যাহা গুপ্ত ও অব্যক্ত সকলই জানেন।	
	اَللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ؕ لَهُ الْاَسْمَآءُ الْحُسْنٰى ۝	8
প্রতিবর্ণায়ন	আল্লা–হু লা~ইলা–হা ইল্লা– হুওয়া (ط) লাহুল আছমা~উল হু'ছ্না– ।	
তরজমা	আল্লাহ্, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই, সুন্দর সুন্দর নাম তাঁহারই।	
	وَهَلْ اَتٰىكَ حَدِيْثُ مُوْسٰى ۝	9
প্রতিবর্ণায়ন	ওয়াহাল্ আতা–কা হ'াদীছু' মূছা– ।	
তরজমা	মূসার বৃত্তান্ত তোমার নিকট পৌঁছিয়াছে কি ?	
	اِذْ رَاٰ نَارًا فَقَالَ لِاَهْلِهِ امْكُثُوْۤا اِنِّيْۤ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْۤ اٰتِيْكُمْ مِّنْهَا بِقَبَسٍ اَوْ اَجِدُ عَلَى النَّارِ هُدًى ۝	10
প্রতিবর্ণায়ন	ইয'রাআ– না–রাং ফাক'া–লা লিআহলিহিম্ কুছু'~ ইন্নী~ আ–নাছ্তু না–রাল্ লা'আল্লী~ আ–তীকুম্ মিন্‌হা–বিক'াবাছিন আও আজিদু 'আলান্ না–রি হুদা– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সে যখন আগুন দেখিল তখন তাহার পরিবারবর্গকে বলিল, 'তোমরা এখানে থাক আমি আগুন দেখিয়াছি। সম্ভবত আমি তোমাদের জন্য উহা হইতে কিছু জ্বলন্ত অঙ্গার আনিতে পারিব অথবা আমি আগুনের নিকটে কোন পথনির্দেশ পাইব।'	
	فَلَمَّآ اَتٰىهَا نُوْدِىَ يٰمُوْسٰٓى ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আতা-হা-নূদিয়া ইয়া- মূছা- ।	
তরজমা	অতঃপর যখন সে আগুনের নিকট আসিল তখন আহ্বান করিয়া বলা হইল, 'হে মূসা!	
	اِنِّىْٓ اَنَا رَبُّكَ فَاخْلَعْ نَعْلَيْكَ ۚ اِنَّكَ بِالْوَادِ الْمُقَدَّسِ طُوًى ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্নী~ আনা রাব্বুকা ফাখলা'না'লাইকা (ে) ইন্নাকা বিল্ওয়া-দিল্ মুক'দ্দাছি তু'ওয়া ।	
তরজমা	আমিই তোমার প্রতিপালক, অতএব তোমার পাদুকা খুলিয়া ফেল, কারণ তুমি পবিত্র 'তুওয়া' উপত্যকায় রহিয়াছ।	
	وَاَنَا اخْتَرْتُكَ فَاسْتَمِعْ لِمَا يُوْحٰٓى ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া আনাখ্ তারতুকা ফাছ্তামি'লিমা-ইউহ'া- ।	
তরজমা	'এবং আমি তোমাকে মনোনীত করিয়াছি। অতএব যাহা ওহী প্রেরণ করা হইতেছে তুমি তাহা মনোযোগের সঙ্গে শ্রবণ কর।	
	اِنَّنِىْٓ اَنَا اللّٰهُ لَآ اِلٰهَ اِلَّآ اَنَا فَاعْبُدْنِىْ ۙ وَاَقِمِ الصَّلٰوةَ لِذِكْرِىْ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ইন্নানী~ আনাল্লা-হু লা~ ইলা-হা ইল্লা~ আনা- ফা'বুদ্নী (৪) ওয়া আকি'মিসসালা-তা লিযি'করী ।	
তরজমা	'আমিই আল্লাহ্, আমি ব্যতীত কোন ইলাহ্ নাই। অতএব আমার 'ইবাদত কর এবং আমার স্মরণার্থে সালাত কায়েম কর।	
	اِنَّ السَّاعَةَ اٰتِيَةٌ اَكَادُ اُخْفِيْهَا لِتُجْزٰى كُلُّ نَفْسٍ بِمَا تَسْعٰى ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ইন্নাছ্ছা-'আতা আ-তিয়াতুন আকা-দু উখ্ফীহা-লিতুজঝা- কুল্লু নাফ্ছিম্ বিমা- তাছ'আ- ।	
তরজমা	'কিয়ামত অবশ্যম্ভাবী, আমি ইহা গোপন রাখিতে চাহি যাহাতে প্রত্যেকেই নিজ কর্মানুযায়ী ফল লাভ করিতে পারে।	
	فَلَا يَصُدَّنَّكَ عَنْهَا مَنْ لَّا يُؤْمِنُ بِهَا وَاتَّبَعَ هَوٰىهُ فَتَرْدٰى ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ফালা-ইয়াসুদ্দান্নাকা 'আনহা- মাল্ লা-ইউ'মিনু বিহা- ওয়াত্তাবা'আ হাওয়া-হু ফাতারদা- ।	

তরজমা	‘সুতরাং যে ব্যক্তি কিয়ামতে বিশ্বাস করে না ও নিজ প্রবৃত্তির অনুসরণ করে, সে যেন তোমাকে উহাতে বিশ্বাস স্থাপনে নিবৃত্ত না করে, নিবৃত্ত হইলে তুমি ধ্বংস হইয়া যাইবে।	
	وَمَا تِلْكَ بِيَمِيْنِكَ يٰمُوْسٰى ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ামা– তিল্কা বিইয়ামীনিকা ইয়া–মূছা– ।	
তরজমা	‘হে মূসা! তোমার দক্ষিণ হস্তে উহা কী ?’	
	قَالَ هِيَ عَصَايَ ۚ أَتَوَكَّؤُا عَلَيْهَا وَأَهُشُّ بِهَا عَلَىٰ غَنَمِي وَلِيَ فِيهَا مَآرِبُ أُخْرَىٰ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ক'া–লা হিয়া ‘আসা–ইয়া (ج) আতাওয়াক্কাউ ‘আলাইহা–ওয়া আহু'শ্শু বিহা– ‘আলা– গানামী ওয়ালিয়া ফীহা– মাআ–রিবু উখরা– ।	
তরজমা	সে বলিল, ‘উহা আমার লাঠি; আমি ইহাতে ভর দেই এবং ইহা দ্বারা আঘাত করিয়া আমি আমার মেষপালের জন্য বৃক্ষপত্র ফেলিয়া থাকি এবং ইহা আমার অন্যান্য কাজেও লাগে।’	
	قَالَ أَلْقِهَا يٰمُوْسٰى ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ক'া–লা আল্কি'হা– ইয়া–মূছা– ।	
তরজমা	আল্লাহ্ বলিলেন, ‘হে মূসা! তুমি ইহা নিক্ষেপ কর।’	
	فَأَلْقٰهَا فَإِذَا هِيَ حَيَّةٌ تَسْعٰى ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ফাআলক'া–হা– ফাইয'া–হিয়া হ'াইয়াতুং তাছ'আ– ।	
তরজমা	অতঃপর সে উহা নিক্ষেপ করিল, সঙ্গে সঙ্গে উহা সাপ হইয়া ছুটিতে লাগিল,	
	قَالَ خُذْهَا وَلَا تَخَفْ ۖ سَنُعِيدُهَا سِيرَتَهَا الْأُولَىٰ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ক'া–লা খুয'হা– ওয়ালা– তাখাফ্ (وقفة) ছানু'ঈদুহা– ছীরাতাহাল উলা– ।	
তরজমা	তিনি বলিলেন, ‘তুমি ইহাকে ধর, ভয় করিও না, আমি ইহাকে ইহার পূর্বরূপে ফিরাইয়া দিব।	
	وَاضْمُمْ يَدَكَ إِلَىٰ جَنَاحِكَ تَخْرُجْ بَيْضَاءَ مِنْ غَيْرِ سُوٓءٍ ۖ آيَةً أُخْرَىٰ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়াদ'মুম্ ইয়াদাকা ইলা–জানা–হি'কা তাখরুজ বাইদ'া~য়া মিন্ গাইরি ছূ~ইন্ আ–য়াতান্ উখ্রা– ।	
তরজমা	‘এবং তোমার হাত তোমার বগলে রাখ, ইহা বাহির হইয়া আসিবে নির্মল উজ্জ্বল হইয়া অপর এক নিদর্শনস্বরূপ।	
	لِنُرِيَكَ مِنْ آيَاتِنَا الْكُبْرَى ﴿٢٣﴾	23

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লিনুরিয়াকা মিন্ আ-য়া-তিনাল্ কুবরা- ।	
তরজমা	'ইহা এইজন্য যে, আমি তোমাকে দেখাইব আমার মহানিদর্শনগুলির কিছু।	
	اِذْهَبْ اِلٰى فِرْعَوْنَ اِنَّهٗ طَغٰى ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ইয্'হাব ইলা-ফির'আওনা ইন্নাহূ ত'াগা- ।	
তরজমা	'ফির'আওনের নিকট যাও, সে তো সীমালংঘন করিয়াছে।'	
	قَالَ رَبِّ اشْرَحْ لِىْ صَدْرِىْ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বিশ্'রাহ্'লী সাদ্'রী ।	
তরজমা	মূসা বলিল, 'হে আমার প্রতিপালক! আমার বক্ষ প্রশস্ত করিয়া দাও।	
	وَيَسِّرْ لِىْٓ اَمْرِىْ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াছ্'ছিরলী~আমরী ।	
তরজমা	এবং আমার কর্ম সহজ করিয়া দাও।	
	وَاحْلُلْ عُقْدَةً مِّنْ لِّسَانِىْ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়াহ্'লুল্ 'উক'দাতাম্ মিল্লিছা-নী ।	
তরজমা	আমার জিহ্বার জড়তা দূর করিয়া দাও—	
	يَفْقَهُوْا قَوْلِىْ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইয়াফ্ক'াহূ ক'াওলী ।	
তরজমা	যাহাতে উহারা আমার কথা বুঝিতে পারে।	
	وَاجْعَلْ لِّىْ وَزِيْرًا مِّنْ اَهْلِىْ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়াজ'আল্লী ওয়াঝীরাম্ মিন্ আহলী ।	
তরজমা	আমার জন্য করিয়া দাও একজন সাহায্যকারী আমার স্বজনবর্গের মধ্য হইতে;	
	هٰرُوْنَ اَخِى ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	হা-রূনা আখী ।	
তরজমা	আমার ভ্রাতা হারূনকে;	
	اشْدُدْ بِهٖٓ اَزْرِىْ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	উশ্'দুদ্ বিহী~আঝরী ।	
তরজমা	তাহার দ্বারা আমার শক্তি সুদৃঢ় কর,	
	وَاَشْرِكْهُ فِىْٓ اَمْرِىْ ﴿٣٢﴾	32

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া আশ্‌রিক্‌হু ফী~আমরী।	
তরজমা	ও তাহাকে আমার কর্মে অংশী কর,	
	كَيْ نُسَبِّحَكَ كَثِيْرًا ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কাই নুছাব্বিহ'াকা কাছ'ীরা-।	
তরজমা	যাহাতে আমরা তোমার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিতে পারি প্রচুর;	
	وَّنَذْكُرَكَ كَثِيْرًا ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়ানায'্‌কুরাকা কাছ'ীরা-।	
তরজমা	এবং তোমাকে স্মরণ করিতে পারি অধিক।	
	اِنَّكَ كُنْتَ بِنَا بَصِيْرًا ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্নাকা কুংতা বিনা-বাসীরা-।	
তরজমা	'তুমি তো আমাদের সম্যক দ্রষ্টা।'	
	قَالَ قَدْ اُوْتِيْتَ سُؤْلَكَ يٰمُوْسٰى ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ক'া-লা ক'াদ ঊতীতা ছু'লাকা ইয়া-মূছা-।	
তরজমা	তিনি বলিলেন, হে মূসা! তুমি যাহা চাহিয়াছ তাহা তোমাকে দেওয়া হইল।	
	وَلَقَدْ مَنَنَّا عَلَيْكَ مَرَّةً اُخْرٰى ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ মানান্না- 'আলাইকা মার্‌রাতান্ উখ্‌রা~।	
তরজমা	এবং আমি তো তোমার প্রতি আরও একবার অনুগ্রহ করিয়াছিলাম;	
	اِذْ اَوْحَيْنَآ اِلٰٓى اُمِّكَ مَا يُوْحٰٓى ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ইয' আওহ'াইনা~ ইলা~ উম্মিকা মা-ইউহ'া~।	
তরজমা	যখন আমি তোমার মাতাকে জানাইয়াছিলাম যাহা ছিল জানাইবার,	
	اَنِ اقْذِفِيْهِ فِى التَّابُوْتِ فَاقْذِفِيْهِ فِى الْيَمِّ فَلْيُلْقِهِ الْيَمُّ بِالسَّاحِلِ يَاْخُذْهُ عَدُوٌّ لِّىْ وَعَدُوٌّ لَّهٗ ؕ وَاَلْقَيْتُ عَلَيْكَ مَحَبَّةً مِّنِّىْ ۚ وَلِتُصْنَعَ عَلٰى عَيْنِىْ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	আনিক'যি' ফীহি ফিত্‌তা-বূতি ফাক'যি'ফীহি ফিল্ ইয়াম্মি ফাল্‌ইউল্‌কি'হিল ইয়াম্মু বিছ্‌ছা-হি'লি ইয়া'খুয'্‌হু 'আদুওউল্লী ওয়া 'আদুওউল্লাহূ (ط) ওয়াআল্‌ক'াইতু 'আলাইকা মাহ'াব্বাতাম মিন্নী (ج) ওয়ালিতুসনা'আ 'আলা- 'আইনী।	

তরজমা	'যে, তুমি তাহাকে সিন্দুকের মধ্যে রাখ, অতঃপর উহা দরিয়ায় ভাসাইয়া দাও যাহাতে দরিয়া উহাকে তীরে ঠেলিয়া দেয়, উহাকে আমার শত্রু ও উহার শত্রু লইয়া যাইবে। আমি আমার নিকট হইতে তোমার উপর ভালবাসা ঢালিয়া দিয়াছিলাম, যাহাতে তুমি আমার তত্ত্বাবধানে প্রতিপালিত হও।'	
	إِذْ تَمْشِيٓ أُخْتُكَ فَتَقُولُ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ مَن يَكْفُلُهُۥ ۖ فَرَجَعْنَٰكَ إِلَىٰٓ أُمِّكَ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ ۚ وَقَتَلْتَ نَفْسًا فَنَجَّيْنَٰكَ مِنَ ٱلْغَمِّ وَفَتَنَّٰكَ فُتُونًا ۚ فَلَبِثْتَ سِنِينَ فِىٓ أَهْلِ مَدْيَنَ ثُمَّ جِئْتَ عَلَىٰ قَدَرٍ يَٰمُوسَىٰ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইয' তামশী~ উখ্তুকা ফাতাকূ'লু হাল আদুল্লুকুম 'আলা-মাইঁ ইয়াক্ফুলুহূ (ط) ফারাজা'না-কা ইলা~ উম্মিকা কাই তাক'ার্‌রা 'আইনুহা-ওয়ালা-তাহ'ঝানা (ط) ওয়াক'াতাল্‌তা নাফ্ছাং ফানাজজাইনা-কা মিনাল গাম্মি ওয়া ফাতান্না-কা ফুতূনা- (قف) ফালাবিছ'্‌তা ছিনীনা ফী~ আহলি মাদ্‌ইয়ানা (لا) ছু'ম্মা জি'তা 'আলা- ক'াদারিইঁ ইয়া-মূছা- ।	
তরজমা	'যখন তোমার ভগ্নী আসিয়া বলিল, 'আমি কি তোমাদেরকে বলিয়া দিব কে এই শিশুর ভার লইবে?' তখন আমি তোমাকে তোমার মায়ের নিকট ফিরাইয়া দিলাম যাহাতে তাহার চক্ষু জুড়ায় এবং সে দুঃখ না পায়; এবং তুমি এক ব্যক্তিকে হত্যা করিয়াছিলে; অতঃপর আমি তোমাকে মনঃপীড়া হইতে মুক্তি দেই, আমি তোমাকে বহু পরীক্ষা করিয়াছি। অতঃপর তুমি কয়েক বৎসর মাদইয়ানবাসীদের মধ্যে ছিলে, হে মূসা! ইহার পরে তুমি নির্ধারিত সময়ে উপস্থিত হইলে।	
	وَٱصْطَنَعْتُكَ لِنَفْسِى ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়াছ্‌ত'ানা'তুকা লিনাফ্ছী ।	
তরজমা	'এবং আমি তোমাকে আমার নিজের জন্য প্রস্তুত করিয়া লইয়াছি।	
	ٱذْهَبْ أَنتَ وَأَخُوكَ بِـَٔايَٰتِى وَلَا تَنِيَا فِى ذِكْرِى ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইয'হাব্ আংতা ওয়াআখূকা বিআ-য়া-তী ওয়ালা- তানিয়া-ফী যি'ক্‌রী ।	
তরজমা	'তুমি ও তোমার ভ্রাতা আমার নিদর্শনসহ যাত্রা কর এবং আমার স্মরণে শৈথিল্য করিও না,	
	ٱذْهَبَآ إِلَىٰ فِرْعَوْنَ إِنَّهُۥ طَغَىٰ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ইয'্‌হাবা~ ইলা-ফির'আওনা ইন্নাহূ ত'াগা- ।	
তরজমা	'তোমরা উভয়ে ফির'আওনের নিকট যাও, সে তো সীমা-লংঘন করিয়াছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَقُوْلَا لَهٗ قَوْلًا لَّيِّنًا لَّعَلَّهٗ يَتَذَكَّرُ اَوْ يَخْشٰى ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ফাকূ'লা– লাহূ ক'াওলাল্ লাইয়িনাল্ লা'আল্লাহূ ইয়াতায'াক্কারু আও ইয়াখশা–।	
তরজমা	'তোমরা তাহার সঙ্গে নম্র কথা বলিবে, হয়তো সে উপদেশ গ্রহণ করিবে অথবা ভয় করিবে।'	
	قَالَا رَبَّنَآ اِنَّنَا نَخَافُ اَنْ يَّفْرُطَ عَلَيْنَآ اَوْ اَنْ يَّطْغٰى ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	কা–লা রাব্বানা~ ইন্নানা– নাখা–ফু আইঁ ইয়াফরুত'া 'আলাইনা~ আও আইঁ ইয়াত'গা–।	
তরজমা	তাহারা বলিল, 'হে আমাদের প্রতিপালক! আমরা তো আশংকা করি সে আমাদের উপর বাড়াবাড়ি করিবে অথবা অন্যায় আচরণে সীমালংঘন করিবে।'	
	قَالَ لَا تَخَافَآ اِنَّنِيْ مَعَكُمَآ اَسْمَعُ وَاَرٰى ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ক'া–লা লা–তাখা–ফা~ ইন্নানী মা'আকুমা~ আছ্মা'উ ওয়া আরা–।	
তরজমা	তিনি বলিলেন, 'তোমরা ভয় করিও না, আমি তো তোমাদের সঙ্গে আছি, আমি শুনি ও আমি দেখি।'	
	فَاْتِيٰهُ فَقُوْلَآ اِنَّا رَسُوْلَا رَبِّكَ فَاَرْسِلْ مَعَنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ۙ وَلَا تُعَذِّبْهُمْ ۭ قَدْ جِئْنٰكَ بِاٰيَةٍ مِّنْ رَّبِّكَ ۭ وَالسَّلٰمُ عَلٰي مَنِ اتَّبَعَ الْهُدٰى ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ফা'তিয়া–হু ফাকূ'লা~ ইন্না–রাছূলা– রাব্বিকা ফাআর্ছিল্ মা'আনা–বানী~ইছ্রাঈলা (ﻻ) ওয়ালা– তু'আয'্যি'ব্হুম্ (ط) ক'াদ জি'না–কা বিআ–য়াতিম্ মির্রাব্বিকা (ط) ওয়াছ্ছালা–মু 'আলা–মানিত্তাবা'আল্ হুদা–।	
তরজমা	সুতরাং তোমরা তাহার নিকট যাও এবং বল, 'আমরা তোমার প্রতিপালকের রাসূল, সুতরাং আমাদের সঙ্গে বনী ইস্রাঈলকে যাইতে দাও এবং তাহাদেরকে কষ্ট দিও না, আমরা তো তোমার নিকট আনিয়াছি তোমার প্রতিপালকের নিকট হইতে নিদর্শন এবং শান্তি তাহাদের প্রতি যাহারা অনুসরণ করে সৎপথ।	
	اِنَّا قَدْ اُوْحِيَ اِلَيْنَآ اَنَّ الْعَذَابَ عَلٰي مَنْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ইন্না–ক'াদ উহি'য়া ইলাইনা~ আন্নাল্ 'আয'া–বা 'আলা– মাং কায'য'াবা ওয়া তাওয়াল্লা–।	
তরজমা	'আমাদের প্রতি ওহী প্রেরণ করা হইয়াছে যে, শাস্তি তো তাহার জন্য, যে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরাইয়া নেয়।'	
	قَالَ فَمَنْ رَّبُّكُمَا يٰمُوْسٰى ﴿٤٩﴾	49

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া–লা ফামার রাব্বুকুমা–ইয়া–মূছা– ।	
তরজমা	ফির'আওন বলিল, 'হে মূসা! কে তোমাদের প্রতিপালক ?'	
	قَالَ رَبُّنَا الَّذِیۡۤ اَعۡطٰی کُلَّ شَیۡءٍ خَلۡقَهٗ ثُمَّ هَدٰی ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ক'া–লা রাব্বুনাল্লায'ী~ আ'ত'া– কুল্লা শাইয়িন্ খালক'াহূ ছু'ম্মা হাদা– ।	
তরজমা	মূসা বলিল, 'আমাদের প্রতিপালক তিনি, যিনি প্রত্যেক বস্তুকে তাহার আকৃতি দান করিয়াছেন, অতঃপর পথনির্দেশ করিয়াছেন।'	
	قَالَ فَمَا بَالُ الۡقُرُوۡنِ الۡاُوۡلٰی ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ক'া–লা ফামা– বা–লুল্ ক'ুরূনিল্ উলা– ।	
তরজমা	ফির'আওন বলিল, 'তাহা হইলে অতীত যুগের লোকদের অবস্থা কী ?'	
	قَالَ عِلۡمُهَا عِنۡدَ رَبِّیۡ فِیۡ کِتٰبٍ ۚ لَا یَضِلُّ رَبِّیۡ وَلَا یَنۡسَی ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ক'া–লা 'ইলমুহা– 'ইংদা রাব্বী ফী কিতা–বিল্ (ج) লা–ইয়াদি'ল্লু রাব্বী ওয়ালা–ইয়াংছা– ।	
তরজমা	মূসা বলিল, 'ইহার জ্ঞান আমার প্রতিপালকের নিকট কিতাবে রহিয়াছে, আমার প্রতিপালক ভুল করেন না এবং বিস্মৃতও হন না।'	
	الَّذِیۡ جَعَلَ لَکُمُ الۡاَرۡضَ مَهۡدًا وَّسَلَکَ لَکُمۡ فِیۡهَا سُبُلًا وَّاَنۡزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ؕ فَاَخۡرَجۡنَا بِهٖۤ اَزۡوَاجًا مِّنۡ نَّبَاتٍ شَتّٰی ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	আল্লায'ী জা'আলা লাকুমুল্ আর্দ'া মাহদাওঁ ওয়া ছালাকা লাকুম ফীহা ছুবুলাওঁ ওয়া আংঝালা মিনাছ্ছামা~ই মা~আং (ط) ফাআখ্রাজনা– বিহী~ আঝওয়া–জাম্ মিন্ নাবা–তিং শাত্তা– ।	
তরজমা	'যিনি তোমাদের জন্য পৃথিবীকে করিয়াছেন বিছানা এবং উহাতে করিয়া দিয়াছেন তোমাদের চলিবার পথ, তিনি আকাশ হইতে বারি বর্ষণ করেন।' এবং আমি উহা দ্বারা বিভিন্ন প্রকারের উদ্ভিদ উৎপন্ন করি।	
	کُلُوۡا وَارۡعَوۡا اَنۡعَامَکُمۡ ؕ اِنَّ فِیۡ ذٰلِکَ لَاٰیٰتٍ لِّاُولِی النُّهٰی ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	কুলূ ওয়ার'আও আন্'আ–মাকুম (ط) ইন্না ফী য'া–লিকা লাআ–য়া–তিল্ লিউলিন্ নুহা– ।	
তরজমা	তোমরা আহার কর ও তোমাদের গবাদিপশু চরাও; অবশ্যই ইহাতে নিদর্শন আছে বিবেকসম্পন্নদের জন্য।	
	مِنۡهَا خَلَقۡنٰکُمۡ وَفِیۡهَا نُعِیۡدُکُمۡ وَمِنۡهَا نُخۡرِجُکُمۡ تَارَةً اُخۡرٰی ﴿۵۵﴾	55

প্রতিবর্ণায়ন	মিন্‌হা– খালাক'না–কুম্ ওয়া ফীহা–নু'ঈদুকুম ওয়ামিন্‌হা–নুখ্‌রিজুকুম্ তা–রাতান্ উখ্‌রা– ।	
তরজমা	আমি মৃত্তিকা হইতে তোমাদেরকে সৃষ্টি করিয়াছি, উহাতেই তোমাদেরকে ফিরাইয়া দিব এবং উহা হইতে পুনর্বার তোমাদেরকে বাহির করিব।	
	وَلَقَدْ اَرَيْنٰهُ اٰيٰتِنَا كُلَّهَا فَكَذَّبَ وَاَبٰى ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ আরাইনা–হু আ–য়া–তিনা–কুল্লাহা–ফাকায্'য'াবা ওয়া আবা– ।	
তরজমা	আমি তো তাহাকে আমার সমস্ত নিদর্শন দেখাইয়াছিলাম; কিন্তু সে মিথ্যা আরোপ করিয়াছে ও অমান্য করিয়াছে।	
	قَالَ اَجِئْتَنَا لِتُخْرِجَنَا مِنْ اَرْضِنَا بِسِحْرِكَ يٰمُوْسٰى ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ক'া–লা আজি'তানা–লিতুখ্‌রিজানা–মিন আরদি'না– বিছিহ'রিকা ইয়া–মূছা– ।	
তরজমা	সে বলিল, 'হে মূসা! তুমি কি আমাদের নিকট আসিয়াছ তোমার জাদু দ্বারা আমাদেরকে আমাদের দেশ হইতে বহিষ্কার করিয়া দিবার জন্য ?	
	فَلَنَاْتِيَنَّكَ بِسِحْرٍ مِّثْلِهٖ فَاجْعَلْ بَيْنَنَا وَبَيْنَكَ مَوْعِدًا لَّا نُخْلِفُهٗ نَحْنُ وَلَاۤ اَنْتَ مَكَانًا سُوًى ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ফালানা'তিয়ান্নাকা বিছিহ'রিম মিছ'লিহী ফাজ'আল বাইনানা– ওয়া বাইনাকা মাও'ইদাল লা–নুখ্‌লিফুহূ নাহ'নু ওয়ালা~ আংতা মাকা–নাং ছুওয়া– ।	
তরজমা	'আমরাও অবশ্যই তোমার নিকট উপস্থিত করিব ইহার অনুরূপ জাদু, সুতরাং আমাদের ও তোমার মধ্যে নির্ধারণ কর এক নির্দিষ্ট সময় এক মধ্যবর্তী স্থানে, যাহার ব্যতিক্রম আমরাও করিব না এবং তুমিও করিবে না।'	
	قَالَ مَوْعِدُكُمْ يَوْمُ الزِّيْنَةِ وَاَنْ يُّحْشَرَ النَّاسُ ضُحًى ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ক'া–লা মাও'ইদুকুম্ ইয়াওমুয্ ঝীনাতি ওয়া আইঁ ইউহ'শারান্না–ছু দু'হ'া– ।	
তরজমা	মূসা বলিল, 'তোমাদের নির্ধারিত সময় উৎসবের দিন এবং যেই দিন পূর্বাহ্নে জনগণকে সমবেত করা হইবে।'	
	فَتَوَلّٰى فِرْعَوْنُ فَجَمَعَ كَيْدَهٗ ثُمَّ اَتٰى ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ফাতাওয়াল্লা– ফির'আওনু ফাজামা'আ কাইদাহূ ছু'ম্মা আতা– ।	
তরজমা	অতঃপর ফির'আওন উঠিয়া গেল এবং পরে তাহার কৌশলসমূহ একত্র করিল, অতঃপর আসিল।	
	قَالَ لَهُمْ مُّوْسٰى وَيْلَكُمْ لَا تَفْتَرُوْا عَلَى اللّٰهِ كَذِبًا فَيُسْحِتَكُمْ بِعَذَابٍ ۚ وَقَدْ خَابَ مَنِ افْتَرٰى ﴿٦١﴾	61

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লা লাহুম্ মূছা- ওয়াইলাকুম লা-তাফ্তারূ 'আলাল্লা-হি কাযি'বাং ফাইউছ্হি'তাকুম বি'আয'া-বিওঁ (ج) ওয়া ক'াদ খা-বা মানিফ্তারা- ।	
তরজমা	মূসা উহাদেরকে বলিল, 'দুর্ভোগ তোমাদের! তোমরা আল্লাহ্র প্রতি মিথ্যা আরোপ করিও না। করিলে, তিনি তোমাদেরকে শাস্তি দ্বারা সমূলে ধ্বংস করিবেন। যে মিথ্যা উদ্ভাবন করিয়াছে সে-ই ব্যর্থ হইয়াছে।'	
	فَتَنَازَعُوْٓا اَمْرَهُمْ بَيْنَهُمْ وَاَسَرُّوا النَّجْوٰى ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ফাতানা-ঝা'উ~ আমরাহুম বাইনাহুম ওয়া আছাররুন্ নাজওয়া- ।	
তরজমা	উহারা নিজেদের মধ্যে নিজেদের কর্ম সম্বন্ধে বিতর্ক করিল এবং উহারা গোপনে পরামর্শ করিল।	
	قَالُوْٓا اِنْ هٰذٰنِ لَسٰحِرٰنِ يُرِيْدٰنِ اَنْ يُّخْرِجٰكُمْ مِّنْ اَرْضِكُمْ بِسِحْرِهِمَا وَيَذْهَبَا بِطَرِيْقَتِكُمُ الْمُثْلٰى ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ ইন হা-য'া-নি লাছা-হি'রা-নি ইউরীদা-নি আইঁ ইউখরিজা-কুম মিন আর্দি'কুম বিছিহ'রিহিমা-ওয়া ইয়ায্'হাবা- বিত'ারীক'াতিকুমুল্ মুছ্'লা- ।	
তরজমা	উহারা বলিল, 'এই দুইজন অবশ্যই জাদুকর, তাহারা চাহে তাহাদের জাদু দ্বারা তোমাদেরকে তোমাদের দেশ হইতে বহিষ্কার করিতে এবং তোমাদের উৎকৃষ্ট জীবন-ব্যবস্থা ধ্বংস করিতে।	
	فَاَجْمِعُوْا كَيْدَكُمْ ثُمَّ ائْتُوْا صَفًّا ۚ وَقَدْ اَفْلَحَ الْيَوْمَ مَنِ اسْتَعْلٰى ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ফাআজমি'উ কাইদাকুম ছু'ম্মা'তূ সাফ্ফাওঁ (ج) ওয়াক'াদ আফ্লাহ'াল্ ইয়াওমা মানিছ্তা'লা- ।	
তরজমা	'অতএব তোমরা তোমাদের জাদুক্রিয়া সংহত কর, অতঃপর সারিবদ্ধ হইয়া উপস্থিত হও এবং যে আজ জয়ী হইবে সে-ই সফল হইবে।'	
	قَالُوْا يٰمُوْسٰٓى اِمَّآ اَنْ تُلْقِيَ وَاِمَّآ اَنْ نَّكُوْنَ اَوَّلَ مَنْ اَلْقٰى ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া-মূছা~ ইম্মা~ আং তুলকি'য়া ওয়া ইম্মা~ আন্ নাকূনা আওয়ালা মান্ আল্ক'া- ।	
তরজমা	উহারা বলিল, 'হে মূসা! হয় তুমি নিক্ষেপ কর অথবা প্রথমে আমরাই নিক্ষেপ করি।'	
	قَالَ بَلْ اَلْقُوْا ۚ فَاِذَا حِبَالُهُمْ وَعِصِيُّهُمْ يُخَيَّلُ اِلَيْهِ مِنْ سِحْرِهِمْ اَنَّهَا تَسْعٰى ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ক'া-লা বাল্ আলকূ', ফাইয'া- হি'বা-লুহুম্ ওয়া 'ইসিইউহুম্ ইউখাইইয়ালু ইলাইহি মিং ছিহ'রিহিম্ আন্নাহা-তাছ্'আ- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মূসা বলিল, 'বরং তোমরাই নিক্ষেপ কর।' উহাদের জাদু-প্রভাবে অকস্মাৎ মূসার মনে হইল উহাদের দড়ি ও লাঠিগুলি ছুটাছুটি করিতেছে।	
	فَاَوْجَسَ فِيْ نَفْسِهٖ خِيْفَةً مُّوْسٰى ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ফাআওজাছা ফী নাফছিহী খীফাতাম মূছা-।	
তরজমা	মূসা তাহার অন্তরে কিছু ভীতি অনুভব করিল।	
	قُلْنَا لَا تَخَفْ اِنَّكَ اَنْتَ الْاَعْلٰى ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	কু'ল্না- লা-তাখাফ ইন্নাকা আংতাল্ আ'লা-।	
তরজমা	আমি বলিলাম, 'ভয় করিও না, তুমিই প্রবল।'	
	وَاَلْقِ مَا فِيْ يَمِيْنِكَ تَلْقَفْ مَا صَنَعُوْا ؕ اِنَّمَا صَنَعُوْا كَيْدُ سٰحِرٍ ؕ وَلَا يُفْلِحُ السّٰحِرُ حَيْثُ اَتٰى ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়া আল্কি' মা- ফী ইয়ামীনিকা তাল্ক'াফ্ মা- সানা'উ (ত) ইন্নামা- সানা'উ কাইদু ছা-হি'রিওঁ (ত) ওয়ালা- ইউফ্লিহু' ছ্ছা-হি'রু হ'াইছু' আতা-।	
তরজমা	'তোমার দক্ষিণ হস্তে যাহা আছে তাহা নিক্ষেপ কর, ইহা উহারা যাহা করিয়াছে তাহা গ্রাস করিয়া ফেলিবে। উহারা যাহা করিয়াছে তাহা তো কেবল জাদুকরের কৌশল। জাদুকর যেখানেই আসুক, সফল হইবে না।'	
	فَاُلْقِيَ السَّحَرَةُ سُجَّدًا قَالُوْٓا اٰمَنَّا بِرَبِّ هٰرُوْنَ وَمُوْسٰى ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ফাউল্কি'য়াছ্ ছাহ'ারাতু ছুজ্জাদাং ক'া-লূ~ আ-মান্না- বিরাব্বি হা-রূনা ওয়া মূছা-।	
তরজমা	অতঃপর জাদুকরেরা সিজ্দাবনত হইল ও বলিল, 'আমরা হারূন ও মূসার প্রতিপালকের প্রতি ঈমান আনিলাম।'	
	قَالَ اٰمَنْتُمْ لَهٗ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ؕ اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِيْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَاُصَلِّبَنَّكُمْ فِيْ جُذُوْعِ النَّخْلِ ۫ وَلَتَعْلَمُنَّ اَيُّنَآ اَشَدُّ عَذَابًا وَّاَبْقٰى ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ক'া-লা আ-মাংতুম্ লাহূ ক'াব্লা আন্ আ-য'ানা লাকুম্ (ত) ইন্নাহূ লাকাবীরুকুমুল্লায'ী 'আল্লামাকুমুছ্ ছিহ'রা (জ) ফালাউক'াত্তি' 'আন্না আইদিয়াকুম ওয়া আরজুলাকুম মিন্ খিলা-ফিওঁ ওয়ালা উসাল্লিবান্নাকুম ফী জুযূ' 'ইন্ নাখ্লি (য) ওয়ালা তা'লামুন্না আইঁইউনা~ আশাদ্দু 'আয'া-বাওঁ ওয়াআব্ক'া-।	

তরজমা	ফির'আওন বলিল, 'কী, আমি তোমাদেরকে অনুমতি দেওয়ার পূর্বেই তোমরা মূসাতে বিশ্বাস স্থাপন করিলে! দেখিতেছি, সে তো তোমাদের প্রধান, সে তোমাদেরকে জাদু শিক্ষা দিয়াছে। সুতরাং আমি তো তোমাদের হস্তপদ বিপরীত দিক হইতে কর্তন করিবই এবং আমি তোমাদেরকে খর্জুর বৃক্ষের কাণ্ডে শূলবিদ্ধ করিবই এবং তোমরা অবশ্যই জানিতে পারিবে আমাদের মধ্যে কাহার শাস্তি কঠোরতর ও অধিক স্থায়ী।'	
	قَالُوْا لَنْ نُّؤْثِرَكَ عَلٰى مَا جَآءَنَا مِنَ الْبَيِّنٰتِ وَالَّذِيْ فَطَرَنَا فَاقْضِ مَآ اَنْتَ قَاضٍ ؕ اِنَّمَا تَقْضِيْ هٰذِهِ الْحَيٰوةَ الدُّنْيَا ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ক'া-লূ লান্ নু'ছি'রাকা 'আলা-মা-জা~আনা- মিনাল বাইয়িনা-তি ওয়াল্লায'ী ফাত'ারানা- ফাক'দি' মা~আংতা ক'া-দি'ন্ (ত) ইন্নামা- তাক'দ'ী হা-যি'হিল্ হ'য়া-তাদ্ দুন্ইয়া-।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের নিকট যে স্পষ্ট নিদর্শন আসিয়াছে তাহার উপর এবং যিনি আমাদেরকে সৃষ্টি করিয়াছেন তাঁহার উপর তোমাকে আমরা কিছুতেই প্রাধান্য দিব না। সুতরাং তুমি কর যাহা তুমি করিতে চাও। তুমি তো কেবল এই পার্থিব জীবনের উপর কর্তৃত্ব করিতে পার।'	
	اِنَّآ اٰمَنَّا بِرَبِّنَا لِيَغْفِرَ لَنَا خَطٰيٰنَا وَمَآ اَكْرَهْتَنَا عَلَيْهِ مِنَ السِّحْرِ ؕ وَاللّٰهُ خَيْرٌ وَّاَبْقٰى ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ইন্না~আ-মান্না- বিরাব্বিনা- লিইয়াগফিরালানা- খাত'া-ইয়া-না- ওয়ামা~ আক্রাহতানা- 'আলাইহি মিনাছ্ছিহ'রি (ত) ওয়াল্লা-হু খাইরুঁও ওয়া আবক'া-।	
তরজমা	'আমরা নিশ্চয়ই আমাদের প্রতিপালকের প্রতি ঈমান আনিয়াছি যাহাতে তিনি ক্ষমা করেন আমাদের অপরাধ এবং তুমি আমাদেরকে যে জাদু করিতে বাধ্য করিয়াছ তাহা। আর আল্লাহ্ শ্রেষ্ঠ ও চিরস্থায়ী।'	
	اِنَّهٗ مَنْ يَّاْتِ رَبَّهٗ مُجْرِمًا فَاِنَّ لَهٗ جَهَنَّمَ ؕ لَا يَمُوْتُ فِيْهَا وَلَا يَحْيٰى ﴿۷۴﴾	74
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মাইঁ ইয়া'তি রাব্বাহূ মুজরিমাং ফাইন্না লাহূ জাহান্নামা (ত) লা-ইয়ামূতু ফীহা- ওয়ালা-ইয়াহ'ইয়া-।	
তরজমা	যে তাহার প্রতিপালকের নিকট অপরাধী হইয়া উপস্থিত হইবে তাহার জন্য তো আছে জাহান্নাম, সেখানে সে মরিবেও না, বাঁচিবেও না।	
	وَمَنْ يَّاْتِهٖ مُؤْمِنًا قَدْ عَمِلَ الصّٰلِحٰتِ فَاُولٰٓئِكَ لَهُمُ الدَّرَجٰتُ الْعُلٰى ﴿۷۵﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়ামাইঁ ইয়া'তিহী মু'মিনাং ক'াদ 'আমিলাসসা-লিহ'া-তি ফাউলা~ইকা লাহুমুদ্ দারাজা-তুল 'উলা-।	
তরজমা	এবং যাহারা তাঁহার নিকট উপস্থিত হইবে মু'মিন অবস্থায় সৎকর্ম করিয়া, তাহাদের জন্য আছে সমুচ্চ মর্যাদা-	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	جَنّٰتُ عَدْنٍ تَجْرِیْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِیْنَ فِیْهَا ؕ وَ ذٰلِكَ جَزٰٓؤُا مَنْ تَزَكّٰى ﴿۷۶﴾	76
প্রতিবর্ণায়ন	জান্না–তু ‘আদনিং তাজরী মিং তাহ্‌তিহাল আনহা–রু খা–লিদীনা ফীহা– (ط) ওয়া য্‌া–লিকা জাঝা~উ মাং তাঝাক্কা–	
তরজমা	স্থায়ী জান্নাত, যাহার পাদদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা স্থায়ী হইবে এবং এই পুরস্কার তাহাদেরই, যাহারা পবিত্র।	
	وَ لَقَدْ اَوْحَیْنَاۤ اِلٰى مُوْسٰۤى ۙ اَنْ اَسْرِ بِعِبَادِیْ فَاضْرِبْ لَهُمْ طَرِیْقًا فِی الْبَحْرِ یَبَسًا ۙ لَّا تَخٰفُ دَرَكًا وَّ لَا تَخْشٰى ﴿۷۷﴾	77
প্রতিবর্ণায়ন	ওয়া লাক্‌াদ্ আওহ্‌াইনা~ ইলা মূছা~ (ﻯ) আন্ আছ্‌রি বি‘ইবা–দী ফাদ্‌রিব লাহুম ত্‌ারীক্‌াং ফিল বাহ্‌রি ইয়াবাছাল্ (ﻯ) লা–তাখা–ফু দারাকাওঁ ওয়ালা– তাখ্‌শা– ।	
তরজমা	আমি অবশ্যই মূসার প্রতি প্রত্যাদেশ করিয়াছিলাম এই মর্মে যে, আমার বান্দাদেরকে লইয়া রজনীযোগে বহির্গত হও এবং তাহাদের জন্য সমুদ্রের মধ্য দিয়া এক শুষ্ক পথ নির্মাণ কর। পশ্চাৎ হইতে আসিয়া তোমাকে ধরিয়া ফেলা হইবে–এই আশংকা করিও না এবং ভয়ও করিও না।	
	فَاَتْبَعَهُمْ فِرْعَوْنُ بِجُنُوْدِهٖ فَغَشِیَهُمْ مِّنَ الْیَمِّ مَا غَشِیَهُمْ ﴿۷۸﴾	78
প্রতিবর্ণায়ন	ফাআতবা‘আহুম ফির‘আওনু বিজুনূদিহী ফাগাশিয়াহুম মিনাল্ ইয়াম্মি মা– গাশিইয়াহুম ।	
তরজমা	অতঃপর ফির‘আওন তাহার সৈন্যবাহিনীসহ তাহাদের পশ্চাদ্ধাবন করিল, অতঃপর সমুদ্র উহাদেরকে সম্পূর্ণরূপে নিমজ্জিত করিল।	
	وَ اَضَلَّ فِرْعَوْنُ قَوْمَهٗ وَ مَا هَدٰى ﴿۷۹﴾	79
প্রতিবর্ণায়ন	ওয়া আদ্‌াল্লা ফির্‘আওনু ক্‌াওমাহূ ওয়ামা–হাদা– ।	
তরজমা	আর ফির‘আওন তাহার সম্প্রদায়কে পথভ্রষ্ট করিয়াছিল এবং সৎপথ দেখায় নাই।	
	یٰبَنِیْۤ اِسْرَآءِیْلَ قَدْ اَنْجَیْنٰكُمْ مِّنْ عَدُوِّكُمْ وَ وٰعَدْنٰكُمْ جَانِبَ الطُّوْرِ الْاَیْمَنَ وَ نَزَّلْنَا عَلَیْكُمُ الْمَنَّ وَ السَّلْوٰى ﴿۸۰﴾	80
প্রতিবর্ণায়ন	ইয়া–বানী~ ইছ্‌রা~ঈলা ক্‌াদ আংজাইনা–কুম মিন ‘আদুওবি‘কুম ওয়া ওয়া–‘আদ্‌না–কুম জা–নিবাত্‌ত্‌ূ‘রিল আইমানা ওয়া নাঝঝাল্‌না–‘আলাইকুমুল মান্না ওয়াছ্‌ছালওয়া– ।	
তরজমা	হে বনী ইসরাঈল! আমি তো তোমাদেরকে শত্রু হইতে উদ্ধার করিয়াছিলাম, আমি তোমাদেরকে প্রতিশ্রুতি দিয়াছিলাম তূর পর্বতের দক্ষিণ পার্শ্বে এবং তোমাদের নিকট মান্না ও সাল্‌ওয়া প্রেরণ করিয়াছিলাম,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كُلُوْا مِنْ طَيِّبٰتِ مَا رَزَقْنٰكُمْ وَلَا تَطْغَوْا فِيْهِ فَيَحِلَّ عَلَيْكُمْ غَضَبِيْ ۚ وَمَنْ يَّحْلِلْ عَلَيْهِ غَضَبِيْ فَقَدْ هَوٰى ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	কুলূ মিং ত'াইয়িবা-তি মা-রাঝাক'না-কুম্ ওয়ালা- তাত'গাও ফীহি ফাইয়াহি'ল্লা 'আলাইকুম গাদ'বী (ج) ওয়া মাইঁ ইয়াহ'লিল্ 'আলাইহি গাদ'াবী ফাক'াদ্ হাওয়া- ।	
তরজমা	তোমাদেরকে যাহা দান করিয়াছি তাহা হইতে ভাল ভাল বস্তু আহার কর এবং এই বিষয়ে সীমালংঘন করিও না, করিলে তোমাদের উপর আমার ক্রোধ অবধারিত এবং যাহার উপর আমার ক্রোধ অবধারিত সে তো ধ্বংস হইয়া যায়।	
	وَاِنِّيْ لَغَفَّارٌ لِّمَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا ثُمَّ اهْتَدٰى ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী লাগাফ্ফা-রুল লিমাং তা-বা ওয়া আ-মানা ওয়া 'আমিলা সা-লিহ'াং ছু'ম্মাহতাদা- ।	
তরজমা	এবং আমি অবশ্যই ক্ষমাশীল তাহার প্রতি, যে তওবা করে, ঈমান আনে, সৎকর্ম করে ও সৎপথে অবিচলিত থাকে।	
	وَمَآ اَعْجَلَكَ عَنْ قَوْمِكَ يٰمُوْسٰى ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আ'জালাকা 'আং ক'াওমিকা ইয়া-মূছা- ।	
তরজমা	হে মূসা! তোমার সম্প্রদায়কে পশ্চাতে ফেলিয়া তোমাকে ত্বরা করিতে বাধ্য করিল কিসে?	
	قَالَ هُمْ اُولَآءِ عَلٰٓى اَثَرِيْ وَعَجِلْتُ اِلَيْكَ رَبِّ لِتَرْضٰى ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ক'া-লা হুম্ উলা~ই 'আলা~ আছ'ারী ওয়া 'আজিল্তু ইলাইকা রাব্বি লিতারদ'া- ।	
তরজমা	সে বলিল, 'এই তো উহারা আমার পশ্চাতে এবং হে আমার প্রতিপালক! আমি ত্বরায় তোমার নিকট আসিলাম, তুমি সন্তুষ্ট হইবে এইজন্য।'	
	قَالَ فَاِنَّا قَدْ فَتَنَّا قَوْمَكَ مِنْۢ بَعْدِكَ وَاَضَلَّهُمُ السَّامِرِيُّ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফাইন্না-ক'াদ ফাতান্না- ক'াওমাকা মিম্ বা'দিকা ওয়া আদ'াল্লাহুমুছ্ ছামিরিইয়ু ।	
তরজমা	তিনি বলিলেন, 'আমি তো তোমার সম্প্রদায়কে পরীক্ষায় ফেলিয়াছি তোমার চলিয়া আসার পর এবং সামিরী উহাদেরকে পথভ্রষ্ট করিয়াছে।'	
	فَرَجَعَ مُوْسٰٓى اِلٰى قَوْمِهٖ غَضْبَانَ اَسِفًا ۚ قَالَ يٰقَوْمِ اَلَمْ يَعِدْكُمْ رَبُّكُمْ وَعْدًا حَسَنًا ۭ اَفَطَالَ عَلَيْكُمُ الْعَهْدُ اَمْ اَرَدْتُّمْ اَنْ يَّحِلَّ عَلَيْكُمْ غَضَبٌ مِّنْ رَّبِّكُمْ فَاَخْلَفْتُمْ مَّوْعِدِيْ ﴿٨٦﴾	86

প্রতিবর্ণায়ন	ফারাজা'আ মূছা~ইলা-ক'াওমিহী গাদ'বা-না আছিফাং (ج) ক'া-লা ইয়া-ক'াওমি আলাম্ ইয়া'ইদকুম্ রাব্বুকুম্ ওয়া'দান্ হ'াছানান (ط) আফাত'া-লা 'আলাইকুমুল 'আহদু আম আরাত্তুম আইঁ ইয়াহি'ল্লা 'আলাইকুম গাদ'াবুম্ মির রাব্বিকুম ফাআখ্লাফ্তুম মাও'ইদী।	
তরজমা	অতঃপর মূসা তাহার সম্প্রদায়ের নিকট ফিরিয়া গেল ক্রুদ্ধ ও ক্ষুব্ধ হইয়া। সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমাদের প্রতিপালক কি তোমাদেরকে এক উত্তম প্রতিশ্রুতি দেন নাই ? তবে কি প্রতিশ্রুতিকাল তোমাদের নিকট সুদীর্ঘ হইয়াছে, না তোমরা চাহিয়াছ তোমাদের প্রতি আপতিত হউক তোমাদের প্রতিপালকের ক্রোধ, যে কারণে তোমরা আমার প্রতি প্রদত্ত অঙ্গীকার ভঙ্গ করিলে ?'	
	قَالُوْا مَآ اَخْلَفْنَا مَوْعِدَكَ بِمَلْكِنَا وَلٰكِنَّا حُمِّلْنَآ اَوْزَارًا مِّنْ زِيْنَةِ الْقَوْمِ فَقَذَفْنٰهَا فَكَذٰلِكَ اَلْقَى السَّامِرِيُّ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ক'া-লূ মা~ আখ্লাফ্না- মাও'ইদাকা বিমাল্কিনা- ওয়ালা-কিন্না-হু'ম্মিলনা~আও ঝা-রাম মিং ঝীনাতিল ক'াওমি ফাক'ায'াফ্না-হা ফাকায'া-লিকা আল্ক'াছ্ছা-মিরিইয়ু।	
তরজমা	উহারা বলিল, 'আমরা তোমার প্রতি প্রদত্ত অঙ্গীকার স্বেচ্ছায় ভঙ্গ করি নাই ; তবে আমাদের উপর চাপাইয়া দেওয়া হইয়াছিল লোকের অলংকারের বোঝা এবং আমরা উহা অগ্নিকুণ্ডে নিক্ষেপ করি, অনুরূপভাবে সামিরীও নিক্ষেপ করে।	
	فَاَخْرَجَ لَهُمْ عِجْلًا جَسَدًا لَّهٗ خُوَارٌ فَقَالُوْا هٰذَآ اِلٰهُكُمْ وَاِلٰهُ مُوْسٰى فَنَسِيَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ফাআখ্রাজা লাহুম 'ইজলাং জাছাদাল্লাহূ খুওয়া-রুং ফাক'া-লূ হা-য'া~ইলা-হুকুম্ ওয়াইলা-হু মূছা-ফানাছী-।	
তরজমা	'অতঃপর সে উহাদের জন্য গড়িল এক গো-বৎস, এক অবয়ব, যাহা হাম্বা রব করিত।' উহারা বলিল, 'ইহা তোমাদের ইলাহ্ এবং মূসারও ইলাহ্, কিন্তু মূসা ভুলিয়া গিয়াছে।'	
	اَفَلَا يَرَوْنَ اَلَّا يَرْجِعُ اِلَيْهِمْ قَوْلًا ۙ وَّلَا يَمْلِكُ لَهُمْ ضَرًّا وَّلَا نَفْعًا ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	আফালা- ইয়ারাওনা আল্লা-ইয়ারজি'উ ইলাইহিম্ ক'াওলাওঁ (لا) ওয়ালা- ইয়াম্লিকু লাহুম্ দ'ার্রাওঁ ওয়ালা- নাফ্'আ- ।	
তরজমা	তবে কি উহারা ভাবিয়া দেখে না যে, উহা তাহাদের কথায় সাড়া দেয় না এবং তাহাদের কোন ক্ষতি অথবা উপকার করিবার ক্ষমতা রাখে না ?	

		90
	وَلَقَدْ قَالَ لَهُمْ هٰرُوْنُ مِنْ قَبْلُ يٰقَوْمِ اِنَّمَا فُتِنْتُمْ بِهٖ ۚ وَاِنَّ رَبَّكُمُ الرَّحْمٰنُ فَاتَّبِعُوْنِيْ وَاَطِيْعُوْٓا اَمْرِيْ ﴿٩٠﴾	
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ ক'া-লা লাহুম হা-রূনু মিং ক'াবলু ইয়া-ক'াওমি ইন্নামা- ফুতিংতুম বিহী (ج) ওয়া ইন্না রাব্বাকুমুর রাহ'মা-নু ফাত্তাবি'ঊনী ওয়া আত'ী'উ~আম্‌রী।	
তরজমা	হারূন উহাদেরকে পূর্বেই বলিয়াছিল, 'হে আমার সম্প্রদায়! ইহা দ্বারা তো কেবল তোমাদেরকে পরীক্ষায় ফেলা হইয়াছে। তোমাদের প্রতিপালক তো দয়াময়; সুতরাং তোমরা আমার অনুসরণ কর এবং আমার আদেশ মানিয়া চল।'	
		91
	قَالُوْا لَنْ نَّبْرَحَ عَلَيْهِ عٰكِفِيْنَ حَتّٰى يَرْجِعَ اِلَيْنَا مُوْسٰى ﴿٩١﴾	
প্রতিবর্ণায়ন	ক'া-লূ লান্ নাব্‌রাহ'া 'আলাইহি 'আ-কিফীনা হ'াত্তা- ইয়ারজি'আ ইলাইনা- মূছা-।	
তরজমা	উহারা বলিয়াছিল, 'আমাদের নিকট মূসা ফিরিয়া না আসা পর্যন্ত আমরা ইহার পূজা হইতে কিছুতেই বিরত হইব না।'	
		92
	قَالَ يٰهٰرُوْنُ مَا مَنَعَكَ اِذْ رَاَيْتَهُمْ ضَلُّوْٓا ﴿٩٢﴾	
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইয়া-হা-রূনূ মা-মানা'আকা ইয' রাআইতাহুম্ দ'াল্লু~।	
তরজমা	মূসা বলিল, 'হে হারূন! তুমি যখন দেখিলে উহারা পথভ্রষ্ট হইয়াছে তখন কিসে তোমাকে নিবৃত্ত করিল-	
		93
	اَلَّا تَتَّبِعَنِ ۭ اَفَعَصَيْتَ اَمْرِيْ ﴿٩٣﴾	
প্রতিবর্ণায়ন	আল্লা-তাত্তাবি'আনি (ط) আফা'আসাইতা আমরী।	
তরজমা	'আমার অনুসরণ করা হইতে ? তবে কি তুমি আমার আদেশ অমান্য করিলে ?'	
		94
	قَالَ يَبْنَؤُمَّ لَا تَاْخُذْ بِلِحْيَتِيْ وَلَا بِرَاْسِيْ ۚ اِنِّيْ خَشِيْتُ اَنْ تَقُوْلَ فَرَّقْتَ بَيْنَ بَنِيْٓ اِسْرَاۗءِيْلَ وَلَمْ تَرْقُبْ قَوْلِيْ ﴿٩٤﴾	
প্রতিবর্ণায়ন	ক'ালা ইয়াবনাউম্মা লা-তা'খুয' বিলিহ'ইয়াতী ওয়ালা- বিরা'ছী (ج) ইন্নী খাশীতু আং তাক্‌ূ'লা ফার্‌রাক'তা বাইনা বানী~ইছরা~ঈলা ওয়ালাম তারক্‌ুব্ ক'াওলী।	
তরজমা	হারূন বলিল, 'হে আমার সহোদর! আমার শ্মশ্রু ও কেশ ধরিও না। আমি আশংকা করিয়াছিলাম যে, তুমি বলিবে, 'তুমি বনী ইসরাঈলদের মধ্যে বিভেদ সৃষ্টি করিয়াছ ও তুমি আমার বাক্য পালনে যত্নবান হও নাই।'	
		95
	قَالَ فَمَا خَطْبُكَ يٰسَامِرِيُّ ﴿٩٥﴾	
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফামা- খাত'বুকা ইয়া-ছা-মিরিইয়ু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মূসা বলিল, 'হে সামিরী! তোমার ব্যাপার কী ?'	
	قَالَ بَصُرْتُ بِمَا لَمْ يَبْصُرُوْا بِهٖ فَقَبَضْتُ قَبْضَةً مِّنْ اَثَرِ الرَّسُوْلِ فَنَبَذْتُهَا وَكَذٰلِكَ سَوَّلَتْ لِيْ نَفْسِيْ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ক'া-লা বাসুর্তু বিমা- লাম ইয়াব্সুরূ বিহী ফাক'াবাদ'তু ক'াবদ'াতাম্ মিন্ আছ'ারির রাছূলি ফানাবায'তুহা- ওয়াকায'া-লিকা ছাওওয়ালাত্ লী নাফছী।	
তরজমা	সে বলিল, 'আমি দেখিয়াছিলাম যাহা উহারা দেখে নাই, অতঃপর আমি সেই দূতের পদচিহ্ন হইতে একমুষ্টি লইয়াছিলাম এবং আমি উহা নিক্ষেপ করিয়াছিলাম; আমার মন আমার জন্য শোভন করিয়াছিল এইরূপ করা।'	
	قَالَ فَاذْهَبْ فَاِنَّ لَكَ فِي الْحَيٰوةِ اَنْ تَقُوْلَ لَا مِسَاسَ ۖ وَاِنَّ لَكَ مَوْعِدًا لَّنْ تُخْلَفَهٗ ۚ وَانْظُرْ اِلٰٓى اِلٰهِكَ الَّذِيْ ظَلْتَ عَلَيْهِ عَاكِفًا ۭ لَنُحَرِّقَنَّهٗ ثُمَّ لَنَنْسِفَنَّهٗ فِي الْيَمِّ نَسْفًا ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফায'হাব্ ফাইন্না লাকা ফিল হ'ায়া-তি আং তাকূ'লা লা-মিছা-ছা (ص) ওয়া ইন্না-লাকা মাও'ইদাল্ লাং তুখ্লাফাহূও (ج) ওয়াংজুর ইলা~ইলা-হিকাল্লায'ী জ'ালতা 'আলাইহি আ-কিফাল্ (ط) লানুহ'াররিক'ান্নাহূ ছু'ম্মা লানাংছিফান্নাহূ ফিল্ ইয়াম্মি নাছ্ফা-।	
তরজমা	মূসা বলিল, 'দূর হও; তোমার জীবদ্দশায় তোমার জন্য ইহাই রহিল যে, তুমি বলিবে, 'আমি অস্পৃশ্য', এবং তোমার জন্য রহিল এক নির্দিষ্ট কাল, তোমার বেলায় যাহার ব্যতিক্রম হইবে না এবং তুমি তোমার সেই ইলাহের প্রতি লক্ষ্য কর যাহার পূজায় তুমি রত ছিলে; আমরা উহাকে জ্বালাইয়া দিবই, অতঃপর উহাকে বিক্ষিপ্ত করিয়া সাগরে নিক্ষেপ করিবই।'	
	اِنَّمَآ اِلٰهُكُمُ اللّٰهُ الَّذِيْ لَآ اِلٰهَ اِلَّا هُوَ ۭ وَسِعَ كُلَّ شَيْءٍ عِلْمًا ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ইন্নামা~ইলা-হুকুমুল্লা-হুল্ লায'ী লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ط) ওয়াছি'আ কুল্লা শাইয়িন্ 'ইলমা-।	
তরজমা	তোমাদের ইলাহ্ তো কেবল আল্লাহ্ই যিনি ব্যতীত অন্য কোন ইলাহ নাই, তাঁহার জ্ঞান সর্ববিষয়ে ব্যাপ্ত।	
	كَذٰلِكَ نَقُصُّ عَلَيْكَ مِنْ اَنْۢبَاۗءِ مَا قَدْ سَبَقَ ۚ وَقَدْ اٰتَيْنٰكَ مِنْ لَّدُنَّا ذِكْرًا ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা নাকু'সসু 'আলাইকা মিন্ আমবা~ই মা ক'াদ্ ছাবাক'া (ج) ওয়া ক'াদ আ-তাইনা-কা মিল্লাদুন্না- যি'ক্রা-।	
তরজমা	পূর্বে যাহা ঘটিয়াছে তাহার সংবাদ আমি এইভাবে তোমার নিকট বিবৃত করি এবং আমি আমার নিকট হইতে তোমাকে দান করিয়াছি উপদেশ,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَنْ اَعْرَضَ عَنْهُ فَاِنَّهٗ يَحْمِلُ يَوْمَ الْقِيٰمَةِ وِزْرًا ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	মান্ আ'রাদ'া 'আনহু ফাইন্নাহূ ইয়াহ'মিলু ইয়াওমাল কি'য়া–মাতি বি'ঝরা–	
তরজমা	ইহা হইতে যে বিমুখ হইবে সে অবশ্যই কিয়ামতের দিন মহাভার বহন করিবে।	
	خٰلِدِيْنَ فِيْهِ ؕ وَسَآءَ لَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ حِمْلًا ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	খা–লিদীনা ফীহি (ط) ওয়া ছা~আ লাহুম ইয়াওমাল্ কি'য়া–মাতি হি'ম্লা– ।	
তরজমা	উহাতে উহারা স্থায়ী হইবে এবং কিয়ামতের দিন এই বোঝা উহাদের জন্য হইবে কত মন্দ!	
	يَّوْمَ يُنْفَخُ فِى الصُّوْرِ وَنَحْشُرُ الْمُجْرِمِيْنَ يَوْمَئِذٍ زُرْقًا ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইউংফাখু ফিসসূরি ওয়া নাহ'শুরুল মুজরিমীনা ইয়াওমাইযি'ং ঝুরক'া– ।	
তরজমা	যেদিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে এবং যেই দিন আমি অপরাধীদেরকে দৃষ্টিহীন অবস্থায় সমবেত করিব।	
	يَّتَخَافَتُوْنَ بَيْنَهُمْ اِنْ لَّبِثْتُمْ اِلَّا عَشْرًا ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ইয়াতাখা–ফাতূনা বাইনাহুম ইল্ লাবিছ্'তুম ইল্লা–'আশরা– ।	
তরজমা	সেই দিন উহারা নিজেদের মধ্যে চুপিচুপি বলাবলি করিবে, 'তোমরা মাত্র দশ দিন অবস্থান করিয়াছিলে।'	
	نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ اِذْ يَقُوْلُ اَمْثَلُهُمْ طَرِيْقَةً اِنْ لَّبِثْتُمْ اِلَّا يَوْمًا ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	নাহ'নু আ'লামু বিমা–ইয়াকূ'লূনা ইয্' ইয়াকূ'লু আম্ছ'ালুহুম্ ত'ারীক'াতান্ ইল লাবিছ'তুম ইল্লা– ইয়াওমা– ।	
তরজমা	আমি ভাল জানি উহারা কি বলিবে, উহাদের মধ্যে যে অপেক্ষাকৃত সৎপথে ছিল সে বলিবে, 'তোমরা মাত্র একদিন অবস্থান করিয়াছিলে।'	
প্রতিবর্ণায়ন	ক ’াওমা ফির‘আওনা (ط) আলা– ইয়াত্তাকূ ’ন।	
তরজমা	‘ফির‘আওনের সম্প্রদায়ের নিকট; উহারা কি ভয় করে না ?’	
	قَالَ رَبِّ اِنِّيْٓ اَخَافُ اَنْ يُّكَذِّبُوْنِ ۝١٢ ۖ	12
প্রতিবর্ণায়ন	ক ’া–লা রাব্বি ইন্নী–আখা–ফু আইঁ ইউকায্ যি ’বূন।	
তরজমা	তখন সে বলিয়াছিল, ‘হে আমার প্রতিপালক ! আমি আশংকা করি যে, উহারা আমাকে অস্বীকার করিবে,	
	وَيَضِيْقُ صَدْرِيْ وَلَا يَنْطَلِقُ لِسَانِيْ فَاَرْسِلْ اِلٰى هٰرُوْنَ ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াদ ীক ু সাদরী ওয়ালা–ইয়াংত লিক ু লিছা–নী ফাআরছিল ইলা– হা–রূন।	
তরজমা	‘এবং আমার হৃদয় সংকুচিত হইয়া পড়িতেছে, আর আমার জিহ্বা তো সাবলীল নাই ! সুতরাং হারূনের প্রতিও প্রত্যাদেশ পাঠাও।	
	وَلَهُمْ عَلَيَّ ذَنْۢبٌ فَاَخَافُ اَنْ يَّقْتُلُوْنِ ۝١٤	14
প্রতিবর্ণায়ন	ওয়ালাহুম ‘আলাইইয়া য ’াম্বুং ফাআখা–ফু আইঁ ইয়াক তুলূন।	
তরজমা	‘আমার বিরুদ্ধে তো উহাদের এক অভিযোগ আছে, আমি আশংকা করি উহারা আমাকে হত্যা করিবে।’	
	قَالَ كَلَّا ۚ فَاذْهَبَا بِاٰيٰتِنَآ اِنَّا مَعَكُمْ مُّسْتَمِعُوْنَ ۝١٥	15
প্রতিবর্ণায়ন	ক ’া–লা কাল্লা– (ج) ফায হাবা–বিআ–য়া–তিনা ইন্না মা‘আকুম মুছতামি‘উন।	
তরজমা	আল্লাহ্ বলিলেন, ‘না, কখনই নহে, অতএব তোমরা উভয়ে আমার নিদর্শনসহ যাও, আমি তো তোমাদের সঙ্গে আছি, শ্রবণকারী।	
	فَاْتِيَا فِرْعَوْنَ فَقُوْلَآ اِنَّا رَسُوْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ۝١٦	16

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফা'তিইয়া– ফির'আওনা ফাক্বূ'লা~ ইন্না–রাছূলু রাব্বিল 'আ–লামীন।	
তরজমা	'অতএব তোমরা উভয়ে ফির'আওনের নিকট যাও এবং বল, 'আমরা তো জগতসমূহের প্রতিপালকের রাসূল,	
	اَنْ اَرْسِلْ مَعَنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আন আরছিল মা'আনা– বানী~ইছরা~ঈল।	
তরজমা	'আমাদের সঙ্গে যাইতে দাও বনী ইসরাঈলকে।'	
	قَالَ اَلَمْ نُرَبِّكَ فِيْنَا وَلِيْدًا وَّلَبِثْتَ فِيْنَا مِنْ عُمُرِكَ سِنِيْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ক'া–লা আলাম নুরাব্বিকা ফীনা– ওয়ালীদাওঁ ওয়ালাবিছ'তা ফীনা– মিন 'উমুরিকা ছিনীন।	
তরজমা	ফির'আওন বলিল, 'আমরা কি তোমাকে শৈশবে আমাদের মধ্যে লালন-পালন করি নাই ? আর তুমি তো তোমার জীবনের বহু বৎসর আমাদের মধ্যে কাটাইয়াছ,	
	وَفَعَلْتَ فَعْلَتَكَ الَّتِيْ فَعَلْتَ وَاَنْتَ مِنَ الْكٰفِرِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া ফা'আলতা ফা'লাতাকাল্লাতী ফা'আলতা ওয়াআংতা মিনাল কা–ফিরীন।	
তরজমা	'এবং তুমি তোমার কর্ম যাহা করিবার তাহা তো করিয়াছ ; তুমি অকৃতজ্ঞ।'	
	قَالَ فَعَلْتُهَآ اِذًا وَّاَنَا مِنَ الضَّآلِّيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ক'া–লা ফা'আলতুহা~ ইয'াওঁ ওয়া আনা মিনাদ'দ'া~ল্লীন।	
তরজমা	মূসা বলিল, 'আমি তো ইহা করিয়াছিলাম তখন, যখন ছিলাম অনবধান।	
	فَفَرَرْتُ مِنْكُمْ لَمَّا خِفْتُكُمْ فَوَهَبَ لِيْ رَبِّيْ حُكْمًا وَّجَعَلَنِيْ مِنَ الْمُرْسَلِيْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ফাফারার্তু মিংকুম লাম্মা–খিফতুকুম ফাওয়াহাবালী রাব্বী হু'ক্মাওঁ ওয়া জা'আলানী মিনাল মুর্ছালীন।	
তরজমা	'অতঃপর আমি যখন তোমাদের ভয়ে ভীত হইলাম তখন আমি তোমাদের নিকট হইতে পলাইয়া গিয়াছিলাম। তৎপর আমার প্রতিপালক আমাকে জ্ঞান দান করিয়াছেন এবং আমাকে রাসূল করিয়াছেন।	
	وَتِلْكَ نِعْمَةٌ تَمُنُّهَا عَلَيَّ اَنْ عَبَّدْتَّ بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া তিলকা নি'মাতুং তামুন্নুহা– 'আলাইইয়া আন 'আব্বাত্তা বানী~ইছরা~ঈল।	
তরজমা	'আমার প্রতি তোমার যে অনুগ্রহের কথা উল্লেখ করিতেছ, তাহা তো এই যে, তুমি বনী ইসরাঈলকে দাসে পরিণত করিয়াছ।'	
	قَالَ فِرْعَوْنُ وَمَا رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٢٣﴾	23

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফির'আওনু ওয়ামা-রাব্বুল 'আ-লামীন।	
তরজমা	ফির'আওন বলিল, 'জগতসমূহের প্রতিপালক আবার কী ?'	
	قَالَ رَبُّ السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَمَا بَيْنَهُمَا ؕ اِنْ كُنْتُمْ مُّوْقِنِيْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বুছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি' ওয়ামা- বাইনাহুমা- (ত) ইং কুংতুম মূকি'নীন।	
তরজমা	মূসা বলিল, 'তিনি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর প্রতিপালক, যদি তোমরা নিশ্চিত বিশ্বাসী হও।'	
	قَالَ لِمَنْ حَوْلَهٗۤ اَلَا تَسْتَمِعُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ক'া-লা লিমান হ'াওলাহূ~ আলা- তাছতামি'উন।	
তরজমা	ফির'আওন তাহার পারিষদবর্গকে লক্ষ্য করিয়া বলিল, 'তোমরা শুনিতেছ তো !'	
	قَالَ رَبُّكُمْ وَرَبُّ اٰبَآئِكُمُ الْاَوَّلِيْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বুকুম ওয়ারাব্বু আবা~ইকুমুল আওওয়ালীন।	
তরজমা	মূসা বলিল, 'তিনি তোমাদের প্রতিপালক এবং তোমাদের পূর্বপুরুষগণেরও প্রতিপালক।'	
	قَالَ اِنَّ رَسُوْلَكُمُ الَّذِيْۤ اُرْسِلَ اِلَيْكُمْ لَمَجْنُوْنٌ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্না রাছূলাকুমুল্লায'ী~ উরছিলা ইলাইকুম লামাজনূন।	
তরজমা	ফির'আওন বলিল, 'তোমাদের প্রতি প্রেরিত তোমাদের রাসূল তো নিশ্চয়ই পাগল।'	
	قَالَ رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ وَمَا بَيْنَهُمَا ؕ اِنْ كُنْتُمْ تَعْقِلُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বুল মাশরিকি' ওয়াল মাগরিবি ওয়ামা- বাইনাহুমা- (ত) ইং কুংতুম তা'কি'লূন।	
তরজমা	মূসা বলিল, 'তিনি পূর্ব ও পশ্চিমের এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুর প্রতিপালক; যদি তোমরা বুঝিতে !'	
	قَالَ لَئِنِ اتَّخَذْتَ اِلٰهًا غَيْرِيْ لَاَجْعَلَنَّكَ مِنَ الْمَسْجُوْنِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক'া-লা লাইনিত্তাখায্'তা ইলা-হান গাইরী লাআজ'আলান্নাকা মিনাল মাছজূনীন।	
তরজমা	ফির'আওন বলিল, 'তুমি যদি আমার পরিবর্তে অন্যকে ইলাহ্রূপে গ্রহণ কর আমি তোমাকে অবশ্যই কারারুদ্ধ করিব।'	
	قَالَ اَوَلَوْ جِئْتُكَ بِشَيْءٍ مُّبِيْنٍ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ক'া-লা আওয়ালাও জি'তুকা বিশাইয়িম্ মুবীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মূসা বলিল, 'আমি যদি তোমার নিকট কোন স্পষ্ট নিদর্শন আনয়ন করি, তবুও ?'	
	قَالَ فَأْتِ بِهٖٓ إِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফা'তি বিহী~ ইং কুংনতা মিনাসসা-দিক ীন।	
তরজমা	ফির'আওন বলিল, 'তুমি যদি সত্যবাদী হও তবে উহা উপস্থিত কর।'	
	فَأَلْقٰى عَصَاهُ فَإِذَا هِيَ ثُعْبَانٌ مُّبِيْنٌ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফাআলকা'- 'আসা-হু ফাইযা'-হিয়া ছু'বা-নুম মুবীন।	
তরজমা	অতঃপর মূসা তাহার লাঠি নিক্ষেপ করিলে তৎক্ষণাৎ উহা এক সাক্ষাৎ অজগর হইল।	
	وَنَزَعَ يَدَهٗ فَإِذَا هِيَ بَيْضَآءُ لِلنّٰظِرِيْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া নাযা'আ ইয়াদাহূ ফাইযা'-হিয়া বাইদা'~উ লিন্না-জি'রীন।	
তরজমা	এবং মূসা হাত বাহির করিল আর তৎক্ষণাৎ উহা দর্শকদের দৃষ্টিতে শুভ্র উজ্জ্বল প্রতিভাত হইল।	
	قَالَ لِلْمَلَإِ حَوْلَهٗٓ إِنَّ هٰذَا لَسٰحِرٌ عَلِيْمٌ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ক'া-লা লিলমালায়ি হ'াওলাহূ~ ইন্না হা-যা'- লাছা-হি'রুন 'আলীম।	
তরজমা	ফির'আওন তাহার পারিষদবর্গকে বলিল, 'এ তো এক সুদক্ষ জাদুকর !	
	يُّرِيْدُ أَنْ يُّخْرِجَكُمْ مِّنْ أَرْضِكُمْ بِسِحْرِهٖ ۖ فَمَاذَا تَأْمُرُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইউরীদু আইঁ ইউখ্‌রিজাকুম মিন আরদি'কুম বিছিহ'রিহী (ق) ফামা-যা'-তা'মুরূন।	
তরজমা	'এ তোমাদেরকে তোমাদের দেশ হইতে তাহার জাদুবলে বহিষ্কার করিতে চায়। এখন তোমরা কী করিতে বল ?'	
	قَالُوْٓا أَرْجِهْ وَأَخَاهُ وَابْعَثْ فِي الْمَدَآئِنِ حٰشِرِيْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ আরজিহ্ ওয়া আখা-হু ওয়াব'আছ' ফিল মাদা-ইনি হ'া-শিরীন।	
তরজমা	উহারা বলিল, 'তাহাকে ও তাহার ভ্রাতাকে কিছু অবকাশ দাও এবং নগরে নগরে সংগ্রাহকদেরকে পাঠাও,	
	يَأْتُوْكَ بِكُلِّ سَحَّارٍ عَلِيْمٍ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ইয়া'তূকা বিকুল্লি ছাহ্'হ'া-রিন 'আলীম।	
তরজমা	'যেন তাহারা তোমার নিকট প্রতিটি অভিজ্ঞ জাদুকর উপস্থিত করে।'	
	فَجُمِعَ السَّحَرَةُ لِمِيْقَاتِ يَوْمٍ مَّعْلُوْمٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ফাজুমি'আছ্ ছাহ'ারাতু লিমীকা'-তি ইয়াওমিম মা'লূম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর এক নির্ধারিত দিনে নির্দিষ্ট সময়ে জাদুকরদেরকে একত্র করা হইল,	
	وَّقِيْلَ لِلنَّاسِ هَلْ اَنْتُمْ مُّجْتَمِعُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া ক'ীলা লিন্না–ছি হাল্ আংতুম মুজতামি'ঊন।	
তরজমা	এবং লোকদেরকে বলা হইল, 'তোমরাও সমবেত হইতেছ কি ?	
	لَعَلَّنَا نَتَّبِعُ السَّحَرَةَ اِنْ كَانُوْا هُمُ الْغٰلِبِيْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	লা'আল্লানা– নাত্তাবি'উছ্ ছাহ'ারাতা ইং কা–নূ হুমুল গা–লিবীন।	
তরজমা	'যেন আমরা জাদুকরদের অনুসরণ করিতে পারি, যদি উহারা বিজয়ী হয়।'	
	فَلَمَّا جَآءَ السَّحَرَةُ قَالُوْا لِفِرْعَوْنَ اَئِنَّ لَنَا لَاَجْرًا اِنْ كُنَّا نَحْنُ الْغٰلِبِيْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– জা~আছ্ছাহ'ারাতু ক'া–লূ লিফির'আওনা আইন্না লানা– লাআজরান ইং কুন্না–নাহ'নুল গা–লিবীন।	
তরজমা	অতঃপর জাদুকরেরা আসিয়া ফিরা'আওনকে বলিল, 'আমরা যদি বিজয়ী হই আমাদের জন্য পুরস্কার থাকিবে তো ?	
	قَالَ نَعَمْ وَاِنَّكُمْ اِذًا لَّمِنَ الْمُقَرَّبِيْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ক'া–লা না'আম ওয়া ইন্নাকুম ইয'াল্লামিনাল মুক'ার্বাবীন।	
তরজমা	ফিরা'আওন বলিল, 'হ্যাঁ, তখন তোমরা অবশ্যই আমার ঘনিষ্ঠদের শামিল হইবে।'	
	قَالَ لَهُمْ مُّوْسٰٓى اَلْقُوْا مَآ اَنْتُمْ مُّلْقُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ক'া–লা লাহুম মূছা~ আলকূ মা~আংতুম মুলকূ'ন।	
তরজমা	মূসা উহাদেরকে বলিল, 'তোমাদের যাহা নিক্ষেপ করিবার তাহা নিক্ষেপ কর।'	
	فَاَلْقَوْا حِبَالَهُمْ وَعِصِيَّهُمْ وَقَالُوْا بِعِزَّةِ فِرْعَوْنَ اِنَّا لَنَحْنُ الْغٰلِبُوْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ফাআলক'াও হি'বা–লাহুম ওয়া 'ইসিইইয়াহুম ওয়া ক'া–লূ বি'ইঝ্ঝাতি ফির'আওনা ইন্না–লানাহ'নুল গা–লিবূন।	
তরজমা	অতঃপর উহারা উহাদের রজ্জু ও লাঠি নিক্ষেপ করিল এবং উহারা বলিল, 'ফির'আওনের ইয্যতের শপথ ! আমরাই বিজয়ী হইব।'	
	فَاَلْقٰى مُوْسٰى عَصَاهُ فَاِذَا هِيَ تَلْقَفُ مَا يَاْفِكُوْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ফাআলক'া– মূছা– 'আসা–হু ফাইয'া– হিইয়া তালক'াফু মা–ইয়া'ফিকূন।	
তরজমা	অতঃপর মূসা তাহার লাঠি নিক্ষেপ করিল, সহসা উহা উহাদের অলীক সৃষ্টিগুলিকে গ্রাস করিতে লাগিল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَأُلْقِيَ السَّحَرَةُ سُجِدِينَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ফাউলকি'য়াছ্ ছাহ'ারাতু ছা-জিদীন।	
তরজমা	তখন জাদুকরেরা সিজ্‌দাবনত হইয়া পড়িল।	
	قَالُوٓا اٰمَنَّا بِرَبِّ الْعٰلَمِينَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ আ-মান্না- বিরাব্বিল 'আ-লামীন।	
তরজমা	এবং বলিল, 'আমরা ঈমান আনয়ন করিলাম জগতসমূহের প্রতিপালকের প্রতি-	
	رَبِّ مُوسٰى وَ هٰرُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	রাব্বি মূছা-ওয়াহা-রূন।	
তরজমা	'যিনি মূসা ও হারূনেরও প্রতিপালক।'	
	قَالَ اٰمَنْتُمْ لَهٗ قَبْلَ اَنْ اٰذَنَ لَكُمْ ۚ اِنَّهٗ لَكَبِيْرُكُمُ الَّذِيْ عَلَّمَكُمُ السِّحْرَ ۚ فَلَسَوْفَ تَعْلَمُوْنَ ۬ لَاُقَطِّعَنَّ اَيْدِيَكُمْ وَاَرْجُلَكُمْ مِّنْ خِلَافٍ وَّلَاُوصَلِّبَنَّكُمْ اَجْمَعِيْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ক'া-লা আ-মাংতুম লাহূ ক'াবলা আন আ-য'া-না লাকুম (ج) ইন্নাহূ লাকাবীরু কুমুল্লায'ী 'আল্লামাকুমুছ্ ছিহ'রা (ج) ফালাছাওফা তা'লামূনা (ط) লাউক'াত্তি'আন্না আইদিয়াকুম ওয়া আরজুলাকুম মিন খিলা-ফিওঁ ওয়ালাউসাল্লিবান্নাকুম আজমা'ঈন।	
তরজমা	ফির'আওন বলিল, 'কী ! আমি তোমাদেরকে অনুমতি দেওয়ার পূর্বেই তোমরা উহাতে বিশ্বাস করিলে ? সে-ই তো তোমাদের প্রধান যে তোমাদেরকে জাদু শিক্ষা দিয়াছে। শীঘ্রই তোমরা ইহার পরিণাম জানিবে। আমি অবশ্যই তোমাদের হাত এবং তোমাদের পা বিপরীত দিক হইতে কর্তন করিব এবং তোমাদের সকলকে শূলবিদ্ধ করিবই।'	
	قَالُوْا لَا ضَيْرَ ۚ اِنَّآ اِلٰى رَبِّنَا مُنْقَلِبُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ক'া-লূ লা-দ'াইরা (ز) ইন্না~ ইলা- রাব্বিনা- মুংক'ালিবূন।	
তরজমা	উহারা বলিল, 'কোন ক্ষতি নাই, আমরা আমাদের প্রতিপালকের নিকটই প্রত্যাবর্তন করিব।	
	اِنَّا نَطْمَعُ اَنْ يَّغْفِرَ لَنَا رَبُّنَا خَطٰيٰنَآ اَنْ كُنَّآ اَوَّلَ الْمُؤْمِنِيْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ইন্না-নাত'মা'উ আইঁ ইউগফিরালানা- রাব্বুনা- খাত'াইয়া-না~আং কুন্না~ আওওয়ালাল মু'মিনীন।	
তরজমা	'আমরা তো আশা করি, আমাদের প্রতিপালক আমাদের অপরাধ মার্জনা করিবেন, কারণ আমরা মু'মিনদের মধ্যে অগ্রণী।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاَوۡحَيۡنَاۤ اِلٰى مُوۡسٰۤى اَنۡ اَسۡرِ بِعِبَادِىۡۤ اِنَّكُمۡ مُّتَّبَعُوۡنَ ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া আওহ'াইনা~ইলা–মূছা~আন আছরিবি'ইবা–দী~ ইন্নাকুম মুত্তাবা'উন।	
তরজমা	আমি মূসার প্রতি ওহী করিয়াছিলাম এই মর্মে : 'আমার বান্দাদেরকে লইয়া রাত্রিকালে বাহির হও, তোমাদের তো পশ্চাদ্ধাবন করা হইবে।'	
	فَاَرۡسَلَ فِرۡعَوۡنُ فِى الۡمَدَآئِنِ حٰشِرِيۡنَ ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	ফাআরছালা ফির'আওনু ফিল মাদা~ইনি হ'া–শিরীন।	
তরজমা	অতঃপর ফির'আওন শহরে শহরে লোক সংগ্রহকারী পাঠাইল,	
	اِنَّ هٰٓؤُلَآءِ لَشِرۡذِمَةٌ قَلِيۡلُوۡنَ ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	ইন্না হা~উলা~ই লাশির্‌যি'মাতুং ক'ালীলূন।	
তরজমা	এই বলিয়া, 'ইহারা তো ক্ষুদ্র একটি দল	
	وَاِنَّهُمۡ لَنَا لَغَآئِظُوۡنَ ﴿۵۵﴾	55
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহুম লানা– লাগা~ইজূ'ন।	
তরজমা	এবং 'উহারা তো আমাদের ক্রোধ উদ্রেক করিয়াছে ;	
	وَاِنَّا لَجَمِيۡعٌ حٰذِرُوۡنَ ﴿۵۶﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না– লাজামী'উন হ'া–যি'রূন।	
তরজমা	এবং আমরা তো সকলেই সদাশংকিত।'	
	فَاَخۡرَجۡنٰهُمۡ مِّنۡ جَنّٰتٍ وَّعُيُوۡنٍ ﴿۵۷﴾	57
প্রতিবর্ণায়ন	ফাআখ্‌রাজনা–হুম মিং জান্না–তিওঁ ওয়া 'উয়ূন।	
তরজমা	পরিণামে আমি ফির'আওন গোষ্ঠীকে বহিষ্কার করিলাম উহাদের উদ্যানরাজি ও প্রস্রবণ হইতে	
	وَّكُنُوۡزٍ وَّمَقَامٍ كَرِيۡمٍ ﴿۵۸﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া কুনূঝিওঁ ওয়া মাক'া–মিং কারীম।	
তরজমা	এবং ধনভাণ্ডার ও সুরম্য সৌধমালা হইতে।	
	كَذٰلِكَ ؕ وَاَوۡرَثۡنٰهَا بَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ ﴿۵۹﴾	59
প্রতিবর্ণায়ন	কায'া–লিকা (ط) ওয়া আওরাছ'না–হা– বানী~ ইছরা~ঈল।	
তরজমা	এইরূপই ঘটিয়াছিল এবং বনী ইসরাঈলকে করিয়াছিলাম এই সমুদয়ের অধিকারী।	
	فَاَتۡبَعُوۡهُمۡ مُّشۡرِقِيۡنَ ﴿۶۰﴾	60

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাআতবা'উহুম মুশরিক'ীন।	
তরজমা	উহারা সূর্যোদয়কালে তাহাদের পশ্চাতে আসিয়া পড়িল।	
	فَلَمَّا تَرَآءَ الْجَمْعٰنِ قَالَ اَصْحٰبُ مُوْسٰٓى اِنَّا لَمُدْرَكُوْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-তারা~আল জাম'আ-নি ক'া-লা আসহ'া-বু মূছা~ইন্না- লামুদরাকূন।	
তরজমা	অতঃপর যখন দুই দল পরস্পরকে দেখিল, তখন মূসার সঙ্গীরা বলিল, 'আমরা তো ধরা পড়িয়া গেলাম।'	
	قَالَ كَلَّا ۚ اِنَّ مَعِىَ رَبِّىْ سَيَهْدِيْنِ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ক'া-লা কাল্লা- (চ) ইন্না মা'ইয়া রাব্বী ছাইয়াহদীন।	
তরজমা	মূসা বলিল, 'কখনই নহে ! আমার সঙ্গে আছেন আমার প্রতিপালক ; সত্বর তিনি আমাকে পথনির্দেশ করিবেন।'	
	فَاَوْحَيْنَآ اِلٰى مُوْسٰٓى اَنِ اضْرِبْ بِّعَصَاكَ الْبَحْرَ ۖ فَانْفَلَقَ فَكَانَ كُلُّ فِرْقٍ كَالطَّوْدِ الْعَظِيْمِ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ফাআওহ'াইনা~ইলা- মূছা~আনিদ্'রিব বি'আসাকাল বাহ'রা (ত) ফাংফালাক'া ফাকা-না কুল্লু ফিরকি'ং কাত'ত'াওদিল 'আজ'ীম।	
তরজমা	অতঃপর মূসার প্রতি ওহী করিলাম, 'তোমার যষ্টি দ্বারা সমুদ্রে আঘাত কর।' ফলে উহা বিভক্ত হইয়া প্রত্যেক ভাগ বিশাল পর্বতসদৃশ হইয়া গেল ;	
	وَاَزْلَفْنَا ثَمَّ الْاٰخَرِيْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ওয়া আঝলাফ্না- ছ'াম্মাল আ-খারীন।	
তরজমা	আমি সেখানে উপনীত করিলাম অপর দলটিকে,	
	وَاَنْجَيْنَا مُوْسٰى وَمَنْ مَّعَهٗٓ اَجْمَعِيْنَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়া আংজাইনা-মূছা- ওয়ামাম্ মা'আহূ~ আজমা'ঈন।	
তরজমা	এবং আমি উদ্ধার করিলাম মূসা ও তাহার সঙ্গী সকলকে,	
	ثُمَّ اَغْرَقْنَا الْاٰخَرِيْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আগরাক'নাল আ-খারীন।	
তরজমা	তৎপর নিমজ্জিত করিলাম অপর দলটিকে।	
	اِنَّ فِىْ ذٰلِكَ لَاٰيَةً ۖ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাওঁ (ত) ওয়ামা-কা-না আকছ'ারুহুম মু'মিনীন।	
তরজমা	ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে, কিন্তু উহাদের অধিকাংশই মু'মিন নহে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল ‘আঝীঝুর রাহ ীম।	
তরজমা	তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	وَاتْلُ عَلَيْهِمْ نَبَأَ إِبْرَاهِيمَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়াত্লু ‘আলাইহিম নাবাআ ইবরা–হীম।	
তরজমা	উহাদের নিকট ইব্রাহীমের বৃত্তান্ত বর্ণনা কর।	
	إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَا تَعْبُدُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ইয ক া–লা লিআবীহি ওয়া ক ওমিহী মা–তা‘বুদূন।	
তরজমা	সে যখন তাহার পিতা ও তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা কিসের ‘ইবাদত কর ?’	
	قَالُوا نَعْبُدُ أَصْنَامًا فَنَظَلُّ لَهَا عَاكِفِينَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ক া–লূ না‘বুদু আসনা–মাং ফানাজ াল্লু লাহা– ‘আ–কিফীন।	
তরজমা	উহারা বলিল, ‘আমরা মূর্তির পূজা করি এবং আমরা নিষ্ঠার সঙ্গে উহাদের পূজায় নিরত থাকিব।’	
	قَالَ هَلْ يَسْمَعُونَكُمْ إِذْ تَدْعُونَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ক া–লা হাল ইয়াছ্মা‘উনাকুম ইয তাদ‘ঊন।	
তরজমা	সে বলিল, ‘তোমরা প্রার্থনা করিলে উহারা কি শুনে ?’	
	أَوْ يَنفَعُونَكُمْ أَوْ يَضُرُّونَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	আও ইয়াংফা‘উনাকুম আও ইয়াদু রূন।	
তরজমা	‘অথবা উহারা কি তোমাদের উপকার কিংবা অপকার করিতে পারে ?’	
	قَالُوا بَلْ وَجَدْنَا آبَاءَنَا كَذَٰلِكَ يَفْعَلُونَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ক া–লূ বাল ওয়া জাদনা আ–বা~আনা– কায া–লিকা ইয়াফ‘আলূন।	
তরজমা	উহারা বলিল, ‘না, তবে আমরা আমাদের পিতৃপুরুষদেরকে এইরূপই করিতে দেখিয়াছি।’	
	قَالَ أَفَرَأَيْتُم مَّا كُنتُمْ تَعْبُدُونَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ক া–লা আফারাআইতুম মা–কুংতুম তা‘বুদূন।	
তরজমা	সে বলিল, ‘তোমরা কি ভাবিয়া দেখিয়াছ, কিসের পূজা করিতেছ,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أَنتُمْ وَآبَآؤُكُمُ ٱلْأَقْدَمُونَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	আংতুম ওয়া আ-বা~উকুমুল আক'দামূন।	
তরজমা	'তোমরা এবং তোমাদের অতীত পিতৃপুরুষেরা?	
	فَإِنَّهُمْ عَدُوٌّ لِّىٓ إِلَّا رَبَّ ٱلْعَٰلَمِينَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ফাইন্নাহুম 'আদুওউল্লী~ ইল্লা- রাব্বাল 'আ-লামীন।	
তরজমা	'উহারা সকলেই আমার শত্রু, জগতসমূহের প্রতিপালক ব্যতীত;	
	ٱلَّذِى خَلَقَنِى فَهُوَ يَهْدِينِ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	আল্লায'ী খালাক'ানী ফাহুওয়া ইয়াহ্দীন।	
তরজমা	'যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন, তিনিই আমাকে পথ প্রদর্শন করেন।	
	وَٱلَّذِى هُوَ يُطْعِمُنِى وَيَسْقِينِ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ী হুওয়া ইউত'ঈমুনী ওয়া ইয়াছক'ীন।	
তরজমা	'তিনিই আমাকে দান করেন আহার্য ও পানীয়।	
	وَإِذَا مَرِضْتُ فَهُوَ يَشْفِينِ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- মারিদ্'তু ফাহুওয়া ইয়াশফীন।	
তরজমা	'এবং রোগাক্রান্ত হইলে তিনিই আমাকে রোগমুক্ত করেন ;	
	وَٱلَّذِى يُمِيتُنِى ثُمَّ يُحْيِينِ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ী ইউমীতুনী ছু'ম্মা ইউহ'ঈন।	
তরজমা	'এবং তিনিই আমার মৃত্যু ঘটাইবেন, অতঃপর পুনর্জীবিত করিবেন।	
	وَٱلَّذِىٓ أَطْمَعُ أَن يَغْفِرَ لِى خَطِيٓـَٔتِى يَوْمَ ٱلدِّينِ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ী~ আত'মা'উ আইঁ ইয়াগফিরালী খাত'ী~আতী ইয়াওমাদ্ দীন।	
তরজমা	'এবং আশা করি, তিনি কিয়ামত দিবসে আমার অপরাধ মার্জনা করিয়া দিবেন।	
	رَبِّ هَبْ لِى حُكْمًا وَأَلْحِقْنِى بِٱلصَّٰلِحِينَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	রাব্বি হাবলী হু'কমাওঁ ওয়া আল্হি'ক'নী বিসসা-লিহ'ীন।	
তরজমা	'হে আমার প্রতিপালক ! আমাকে জ্ঞান দান কর এবং সৎকর্মপরায়ণদের শামিল কর।	
	وَٱجْعَل لِّى لِسَانَ صِدْقٍ فِى ٱلْءَاخِرِينَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ওয়াজ'আল্লী লিছা-না সিদ্কি'ং ফিল আ-খিরীন।	
তরজমা	'আমাকে পরবর্তীদের মধ্যে যশস্বী কর,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاجْعَلْنِيْ مِنْ وَّرَثَةِ جَنَّةِ النَّعِيْمِ ۙ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ওয়াজ'আল্নী মিওঁ ওয়ারাছ'াতি জান্নাতিন্ না'ঈম।	
তরজমা	'এবং আমাকে সুখময় জান্নাতের অধিকারীদের অন্তর্ভুক্ত কর,	
	وَاغْفِرْ لِاَبِيْٓ اِنَّهٗ كَانَ مِنَ الضَّآلِّيْنَ ۙ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়াগফির লিআবী~ ইন্নাহূ কা-না মিনাদ'দ'া~ল্লীন,	
তরজমা	'আর আমার পিতাকে ক্ষমা কর, তিনি তো পথভ্রষ্টদের শামিল ছিলেন।	
	وَلَا تُخْزِنِيْ يَوْمَ يُبْعَثُوْنَ ۙ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তুখঝিনী ইয়াওমা ইউব'আছ'ূন।	
তরজমা	'এবং আমাকে লাঞ্ছিত করিও না পুনরুত্থান দিবসে	
	يَوْمَ لَا يَنْفَعُ مَالٌ وَّلَا بَنُوْنَ ۙ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ইয়াওমা লা- ইয়াংফা'উ মা-লুওঁ ওয়ালা- বানূন।	
তরজমা	'যেদিন ধন-সম্পদ ও সন্তান-সন্ততি কোন কাজে আসিবে না ;	
	اِلَّا مَنْ اَتَى اللّٰهَ بِقَلْبٍ سَلِيْمٍ ؕ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	ইল্লা- মান আতাল্লা-হা বিক'ালবিং ছালীম।	
তরজমা	'সেদিন উপকৃত হইবে কেবল সে, যে আল্লাহ্‌র নিকট আসিবে বিশুদ্ধ অন্তকরণ লইয়া।'	
	وَاُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِيْنَ ۙ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া উঝ্‌লিফাতিল জান্নাতু লিল্‌মুত্তাক'ীন।	
তরজমা	মুত্তাকীদের নিকটবর্তী করা হইবে জান্নাত,	
	وَبُرِّزَتِ الْجَحِيْمُ لِلْغٰوِيْنَ ۙ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ওয়া বুর্‌রিঝাতিল জাহ'ীমু লিল্‌গা-ব'ীন।	
তরজমা	এবং পথভ্রষ্টদের জন্য উন্মোচিত করা হইবে জাহান্নাম ;	
	وَقِيْلَ لَهُمْ اَيْنَمَا كُنْتُمْ تَعْبُدُوْنَ ۙ﴿٩٢﴾	92
প্রতিবর্ণায়ন	ওয়াক'ীলা লাহুম আইনামা- কুংতুম তা'বুদূন।	
তরজমা	উহাদেরকে বলা হইবে, 'তাহারা কোথায়, তোমরা যাহাদের 'ইবাদত করিতে-	
	مِنْ دُوْنِ اللّٰهِ ؕ هَلْ يَنْصُرُوْنَكُمْ اَوْ يَنْتَصِرُوْنَ ؕ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	মিং দূনিল্লাহি (ط) হাল ইয়াংসুরূনাকুম আও ইয়াংতাসিরূন।	

তরজমা	'আল্লাহ্‌র পরিবর্তে ? উহারা কি তোমাদের সাহায্য করিতে পারে অথবা উহারা কি আত্মরক্ষা করিতে সক্ষম ?	
	فَكُبْكِبُوْا فِيْهَا هُمْ وَالْغَاوٗنَ ﴿٩٤﴾	94
প্রতিবর্ণায়ন	ফাকুবকিবূ ফীহা– হুম ওয়াল্‌গা–উন।	
তরজমা	অতঃপর উহাদেরকে এবং পথভ্রষ্টদেরকে জাহান্নামে নিক্ষেপ করা হইবে অধোমুখী করিয়া,	
	وَجُنُوْدُ اِبْلِيْسَ اَجْمَعُوْنَ ﴿٩٥﴾	95
প্রতিবর্ণায়ন	ওয়াজুনূদু ইবলীছা আজমা'উন।	
তরজমা	এবং ইব্‌লীসের বাহিনীর সকলকেও।	
	قَالُوْا وَهُمْ فِيْهَا يَخْتَصِمُوْنَ ﴿٩٦﴾	96
প্রতিবর্ণায়ন	ক'া–লূ ওয়া হুম ফীহা– ইয়াখতাসিমূন।	
তরজমা	উহারা সেখানে বিতর্কে লিপ্ত হইয়া বলিবে,	
	تَاللّٰهِ اِنْ كُنَّا لَفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	তাল্লা–হি ইং কুন্না–লাফী দ'ালা–লিম মুবীন।	
তরজমা	'আল্লাহ্‌র শপথ ! আমরা তো স্পষ্ট বিভ্রান্তিতেই ছিলাম,	
	اِذْ نُسَوِّيْكُمْ بِرَبِّ الْعٰلَمِيْنَ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ইয' নুছাওব 'ীকুম বিরাব্বিল 'আ–লামীন।	
তরজমা	'যখন আমরা তোমাদেরকে জগতসমূহের প্রতিপালকের সমকক্ষ গণ্য করিতাম।	
	وَمَآ اَضَلَّنَآ اِلَّا الْمُجْرِمُوْنَ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আদ'াল্লানা~ইল্লাল মুজরিমূন।	
তরজমা	'আমাদেরকে দুষ্কৃতিকারীরাই বিভ্রান্ত করিয়াছিল।	
	فَمَا لَنَا مِنْ شَافِعِيْنَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	ফামা– লানা– মিং শা–ফি'ঈন।	
তরজমা	'পরিণামে আমাদের কোন সুপারিশকারী নাই।	
	وَلَا صَدِيْقٍ حَمِيْمٍ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ওয়ালা সাদীকি'ন হ'ামীম।	
তরজমা	'এবং কোন সহৃদয় বন্ধুও নাই।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَوْ اَنَّ لَنَا كَرَّةً فَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ফালাও আন্না লানা– কার্‌রাতাং ফানাকূনা মিনাল মু'মিনীন।	
তরজমা	'হায়, যদি আমাদের একবার প্রত্যাবর্তনের সুযোগ ঘটিত, তাহা হইলে আমরা মু'মিনদের অন্তর্ভুক্ত হইয়া যাইতাম!	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٠٣﴾	103
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য'া–লিকা লাআ–য়াতাওঁ (ط) ওয়ামা–কা–না আকছ'ারুহুম মু'মিনীন।	
তরজমা	ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে, কিন্তু উহাদের অধিকাংশ মু'মিন নহে।	
	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٠٤﴾	104
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আঝীঝুর রাহ'ীম।	
তরজমা	তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	كَذَّبَتْ قَوْمُ نُوْحِ ِۨالْمُرْسَلِيْنَ ﴿١٠٥﴾	105
প্রতিবর্ণায়ন	কায্'য'াবাত ক'াওমু নূহি'নিল মুরছালীন।	
তরজমা	নূহের সম্প্রদায় রাসূলগণের প্রতি মিথ্যা আরোপ করিয়াছিল।	
	اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ نُوْحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٠٦﴾	106
প্রতিবর্ণায়ন	ইয' ক'া–লা লাহুম আখূহুম নূহ'ন 'আলা– তাত্তাকূ'ন।	
তরজমা	যখন উহাদের ভ্রাতা নূহ্ উহাদেরকে বলিল, 'তোমরা কি সাবধান হইবে না ?	
	اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٠٧﴾	107
প্রতিবর্ণায়ন	ইন্নী লাকুম রাছূলুন আমীন।	
তরজমা	'আমি তো তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٠٨﴾	108
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা–হা ওয়া আত'ী'উন।	
তরজমা	'অতএব তোমরা আল্লাহকে ভয় কর এবং আমার আনুগত্য কর।	
	وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٠٩﴾	109
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আছআলুকুম 'আলাইহি মিন আজরিন (ج) ইন আজরিয়া ইল্লা– 'আলা–রাব্বিল 'আ–লামীন।	
তরজমা	'আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাহি না ; আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকটই আছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা–হা ওয়াআত'ী'উন।	
তরজমা	'সুতরাং তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।'	
	قَالُوْٓا اَنُؤْمِنُ لَكَ وَاتَّبَعَكَ الْاَرْذَلُوْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ক'া–লূ~ আনু'মিনু লাকা ওয়াত্তাবা'আকাল আরয'ালূন।	
তরজমা	উহারা বলিল, 'আমরা কি তোমার প্রতি বিশ্বাস স্থাপন করিব অথচ ইতরজনেরা তোমার অনুসরণ করিতেছে ?'	
	قَالَ وَمَا عِلْمِيْ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	ক'া–লা ওয়ামা– 'ইলমী বিমা– কা–নূ ইয়া'মালূন।	
তরজমা	নূহ্ বলিল, 'উহারা কী করিত তাহা আমার জানা নাই।'	
	اِنْ حِسَابُهُمْ اِلَّا عَلٰى رَبِّيْ لَوْ تَشْعُرُوْنَ ﴿١١٣﴾	113
প্রতিবর্ণায়ন	ইন হি'ছা–বুহুম ইল্লা– 'আলা– রাব্বী লাও তাশ'উরূন।	
তরজমা	উহাদের হিসাব গ্রহণ তো আমার প্রতিপালকেরই কাজ; যদি তোমরা বুঝিতে!	
	وَمَآ اَنَا بِطَارِدِ الْمُؤْمِنِيْنَ ﴿١١٤﴾	114
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আনা বিত'া–রিদিল মু'মিনীন।	
তরজমা	'মু'মিনদেরকে তাড়াইয়া দেওয়া আমার কাজ নহে।	
	اِنْ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿١١٥﴾	115
প্রতিবর্ণায়ন	ইন আনা ইল্লা– নায'ীরুম্ মুবীন।	
তরজমা	'আমি তো কেবল একজন স্পষ্ট সতর্ককারী।'	
	قَالُوْا لَئِنْ لَّمْ تَنْتَهِ يٰنُوْحُ لَتَكُوْنَنَّ مِنَ الْمَرْجُوْمِيْنَ ﴿١١٦﴾	116
প্রতিবর্ণায়ন	ক'া–লূ লাইল্লাম তাংতাহি ইয়া–নূহু` লাতাকূনান্না মিনাল মারজূমীন।	
তরজমা	উহারা বলিল, 'হে নূহ্ ! তুমি যদি নিবৃত্ত না হও তবে তুমি অবশ্যই প্রস্তরাঘাতে নিহতদের শামিল হইবে।'	
	قَالَ رَبِّ اِنَّ قَوْمِيْ كَذَّبُوْنِ ﴿١١٧﴾	117
প্রতিবর্ণায়ন	ক'া–লা রাব্বি ইন্না ক'াওমী ক'ায্'য'াবূন।	
তরজমা	নূহ্ বলিল, 'হে আমার প্রতিপালক ! আমার সম্প্রদায়ই তো আমাকে অস্বীকার করিতেছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَافْتَحْ بَيْنِيْ وَبَيْنَهُمْ فَتْحًا وَّنَجِّنِيْ وَمَنْ مَّعِيَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿١١٨﴾	118
প্রতিবর্ণায়ন	ফাফ্‌তাহ্‌ বাইনী ওয়া বাইনাহুম ফাত্‌হ্‌াও ওয়া নাজজিনী ওয়ামাম মা'ইয়া মিনাল মু'মিনীন।	
তরজমা	'সুতরাং তুমি আমার ও উহাদের মধ্যে স্পষ্ট মীমাংসা করিয়া দাও এবং আমাকে ও আমার সঙ্গে যেসব মু'মিন আছে, তাহাদেরকে রক্ষা কর।'	
	فَاَنْجَيْنٰهُ وَمَنْ مَّعَهٗ فِي الْفُلْكِ الْمَشْحُوْنِ ﴿١١٩﴾	119
প্রতিবর্ণায়ন	ফাআংজাইনা-হু ওয়ামাম মা'আহূ ফিল ফুল্‌কিল মাশহূ্‌ন।	
তরজমা	অতঃপর আমি তাহাকে ও তাহার সঙ্গে যাহারা ছিল, তাহাদেরকে রক্ষা করিলাম বোঝাই নৌযানে।	
	ثُمَّ اَغْرَقْنَا بَعْدُ الْبٰقِيْنَ ﴿١٢٠﴾	120
প্রতিবর্ণায়ন	ছু্‌ম্মা আগরাক্‌না- বা'দুল বা-ক্‌ীন।	
তরজমা	তৎপর অবশিষ্ট সকলকে নিমজ্জিত করিলাম।	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٢١﴾	121
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য্‌া-লিকা লাআ-য়াতাওঁ (ط) ওয়ামা কা-না আকছ্‌ারুহুম মু'মিনীন।	
তরজমা	ইহাতে অবশ্যই রহিয়াছে নিদর্শন, কিন্তু উহাদের অধিকাংশই বিশ্বাসী নহে।	
	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٢٢﴾	122
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আঝীঝুর রাহ্‌ীম।	
তরজমা	এবং তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	كَذَّبَتْ عَادُ ِۨالْمُرْسَلِيْنَ ﴿١٢٣﴾	123
প্রতিবর্ণায়ন	কায্‌য্‌াবাত 'আ-দুনিল মুরছালীন।	
তরজমা	'আদ সম্প্রদায় রাসূলগণকে অস্বীকার করিয়াছিল।	
	اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ هُوْدٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٢٤﴾	124
প্রতিবর্ণায়ন	ইয্‌ ক্‌া-লা লাহুম আখূহুম হূদুন 'আলা- তাত্তাকূ্‌ন।	
তরজমা	যখন উহাদের ভ্রাতা হূদ উহাদেরকে বলিল, 'তোমরা কি সাবধান হইবে না ?	
	اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٢٥﴾	125
প্রতিবর্ণায়ন	ইন্নী লাকুম রাছূলুন আমীন।	
তরজমা	'আমি তো তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٢٦﴾	126
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা-হা ওয়াআত'ী'ঊন।	
তরজমা	'অতএব আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।	
	وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِىَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٢٧﴾	127
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আছআলুকুম 'আলাইহি মিন আজরিন (ج) ইন আজরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	'আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাহি না, আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকট আছে।	
	اَتَبْنُوْنَ بِكُلِّ رِيْعٍ اٰيَةً تَعْبَثُوْنَ ﴿١٢٨﴾	128
প্রতিবর্ণায়ন	আতাব্‌নূনা বিকুল্লি রী'ইন আ-য়াতাং তা'বাছূ'ন।	
তরজমা	'তোমরা কি প্রতিটি উচ্চ স্থানে স্মৃতিস্তম্ভ নির্মাণ করিতেছ নিরর্থক ?	
	وَتَتَّخِذُوْنَ مَصَانِعَ لَعَلَّكُمْ تَخْلُدُوْنَ ﴿١٢٩﴾	129
প্রতিবর্ণায়ন	ওয়া তাত্তাখিযূ'না মাসা-নি'আ লা'আল্লাকুম তাখ্‌লুদূন।	
তরজমা	'আর তোমরা প্রাসাদ নির্মাণ করিতেছ এই মনে করিয়া যে, তোমরা চিরস্থায়ী হইবে।	
	وَاِذَا بَطَشْتُمْ بَطَشْتُمْ جَبَّارِيْنَ ﴿١٣٠﴾	130
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- বাত'াশ্‌তুম বাত'াশ্‌তুম জাব্বা-রীন।	
তরজমা	'এবং যখন তোমরা আঘাত হান তখন আঘাত হানিয়া থাক কঠোরভাবে।	
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٣١﴾	131
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা-হা ওয়া আত'ী'ঊন।	
তরজমা	'অতএব তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর।	
	وَاتَّقُوا الَّذِىْٓ اَمَدَّكُمْ بِمَا تَعْلَمُوْنَ ﴿١٣٢﴾	132
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকু'ল্লায'ী~ আমাদ্দাকুম বিমা- তা'লামূন।	
তরজমা	'ভয় কর তাঁহাকে যিনি তোমাদেরকে দান করিয়াছেন সেই সমুদয়, যাহা তোমরা জান।	
	اَمَدَّكُمْ بِاَنْعَامٍ وَّبَنِيْنَ ﴿١٣٣﴾	133
প্রতিবর্ণায়ন	আমাদ্দাকুম বিআন'আ-মিওঁ ওয়াবানীন।	
তরজমা	'তিনি তোমাদেরকে দান করিয়াছেন চতুষ্পদ জন্তু ও সন্তান-সন্ততি।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَجَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿١٣٤﴾	134
প্রতিবর্ণায়ন	ওয়া জান্নাতিওঁ ওয়া ‘উইয়ূন।	
তরজমা	‘উদ্যান ও প্রস্রবণ;	
	اِنِّيْٓ اَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿١٣٥﴾	135
প্রতিবর্ণায়ন	ইন্নী˜আখা-ফু ‘আলাইকুম ‘আয॰া-বা ইয়াওমিন ‘আজ॰ীম।	
তরজমা	‘আমি তো তোমাদের জন্য আশংকা করি মহাদিবসের শাস্তির।’	
	قَالُوْا سَوَآءٌ عَلَيْنَآ اَوَعَظْتَ اَمْ لَمْ تَكُنْ مِّنَ الْوٰعِظِيْنَ ﴿١٣٦﴾	136
প্রতিবর্ণায়ন	ক॰া-লূ ছাওয়া~উন ‘আলাইনা˜ আওয়া ‘আজ॰তা আম লাম তাকুম মিনাল ওয়া‘ইজ॰ীন।	
তরজমা	উহারা বলিল, ‘তুমি উপদেশ দাও অথবা না-ই দাও, উভয়ই আমাদের জন্য সমান।	
	اِنْ هٰذَآ اِلَّا خُلُقُ الْاَوَّلِيْنَ ﴿١٣٧﴾	137
প্রতিবর্ণায়ন	ইন হা-য॰া˜ইল্লা-খুলুকু॰ল আওওয়ালীন।	
তরজমা	ইহা তো পূর্ববর্তীদেরই স্বভাব।	
	وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿١٣٨﴾	138
প্রতিবর্ণায়ন	ওয়ামা-নাহ॰নু বিমু‘আয॰্য॰াবীন।	
তরজমা	‘আমরা শাস্তিপ্রাপ্তদের শামিল নই।’	
	فَكَذَّبُوْهُ فَاَهْلَكْنٰهُمْ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ۭ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿١٣٩﴾	139
প্রতিবর্ণায়ন	ফাকায॰্য॰াবূহু ফাআহ্লাকনা-হুম (ط) ইন্না ফী য॰া-লিকা লাআ-য়াতাও (ط) ওয়ামা- কা-না আকছ॰ারুহুম মু’মিনীন।	
তরজমা	অতঃপর উহারা তাহাকে প্রত্যাখ্যান করিল এবং আমি উহাদেরকে ধ্বংস করিলাম। ইহাতে অবশ্যই আছে নিদর্শন ; কিন্তু উহাদের অধিকাংশই মু’মিন নহে।	
	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿١٤٠﴾	140
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল ‘আঝীঝুর্ রাহ॰ীম।	
তরজমা	এবং তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	كَذَّبَتْ ثَمُوْدُ الْمُرْسَلِيْنَ ﴿١٤١﴾	141
প্রতিবর্ণায়ন	কায॰্য॰াবাত ছ॰ামূদুল মুরছালীন।	
তরজমা	সামূদ সম্প্রদায় রাসূলগণকে অস্বীকার করিয়াছিল।	

	اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ صٰلِحٌ اَلَا تَتَّقُوْنَ ﴿١٤٢﴾	142
প্রতিবর্ণায়ন	ইয' ক'া-লা লাহুম আখূহুম সা-লিহুন 'আলা- তাত্তাকূ'ন।	
তরজমা	যখন উহাদের ভ্রাতা সালিহ্ উহাদেরকে বলিল, 'তোমরা কি সাবধান হইবে না ?	
	اِنِّيْ لَكُمْ رَسُوْلٌ اَمِيْنٌ ﴿١٤٣﴾	143
প্রতিবর্ণায়ন	ইন্নী লাকুম রাছূলুন আমীন।	
তরজমা	'আমি তো তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٤٤﴾	144
প্রতিবর্ণায়ন	ফাত্তাকুল্লা-হা ওয়া আত'ী'উন।	
তরজমা	'অতএব তোমরা আল্লাহ্কে ভয় কর এবং আমার আনুগত্য কর,	
	وَمَآ اَسْـَٔلُكُمْ عَلَيْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِيَ اِلَّا عَلٰى رَبِّ الْعٰلَمِيْنَ ﴿١٤٥﴾	145
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আছআলুকুম 'আলাইহি মিন আজরিন (ج) ইন আজরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	'আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাহি না, আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকটই আছে।	
	اَتُتْرَكُوْنَ فِيْ مَا هٰهُنَآ اٰمِنِيْنَ ﴿١٤٦﴾	146
প্রতিবর্ণায়ন	আতুত্রাকূনা ফী মা-হা-হুনা~আ-মিনীন।	
তরজমা	'তোমাদেরকে কি নিরাপদ অবস্থায় ছাড়িয়া রাখা হইবে, যাহা এইখানে আছে উহাতে-	
	فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿١٤٧﴾	147
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিওঁ ওয়া 'উইয়ূন।	
তরজমা	'উদ্যানে, প্রস্রবণে	
	وَّزُرُوْعٍ وَّنَخْلٍ طَلْعُهَا هَضِيْمٌ ﴿١٤٨﴾	148
প্রতিবর্ণায়ন	ওয়া ঝুরূ'ইওঁ ওয়া নাখ্লিং ত'াল'উহা-হাদ'ীম।	
তরজমা	'ও শস্যক্ষেত্রে এবং সুকোমল গুচ্ছবিশিষ্ট খর্জুর বাগানে ?	
	وَتَنْحِتُوْنَ مِنَ الْجِبَالِ بُيُوْتًا فٰرِهِيْنَ ﴿١٤٩﴾	149
প্রতিবর্ণায়ন	ওয়া তান্হি'তূনা মিনাল জিবা-লি বুউতাং ফা-রিহীন।	
তরজমা	'তোমরা তো নৈপুণ্যের সঙ্গে পাহাড় কাটিয়া গৃহ নির্মাণ করিতেছ।	
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِيْعُوْنِ ﴿١٥٠﴾	150

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা–হা ওয়া আত'ী'উন।	
তরজমা	'তোমরা আল্লাহ্‌কে ভয় কর এবং আমার আনুগত্য কর	
	وَلَا تُطِيعُوٓا۟ أَمْرَ ٱلْمُسْرِفِينَ ﴿١٥١﴾	151
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তুত'ী'উ~আম্‌রাল মুছ্‌রিফীন।	
তরজমা	'এবং সীমালংঘনকারীদের আদেশ মান্য করিও না ;	
	ٱلَّذِينَ يُفْسِدُونَ فِى ٱلْأَرْضِ وَلَا يُصْلِحُونَ ﴿١٥٢﴾	152
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউফছিদূনা ফিল আরদি' ওয়ালা– ইউসলিহূ'ন।	
তরজমা	'যাহারা পৃথিবীতে অশান্তি সৃষ্টি করে, শান্তি স্থাপন করে না।'	
	قَالُوٓا۟ إِنَّمَآ أَنتَ مِنَ ٱلْمُسَحَّرِينَ ﴿١٥٣﴾	153
প্রতিবর্ণায়ন	ক'া–লূ~ইন্নামা~আংতা মিনাল মুছাহ'হ'ারীন।	
তরজমা	উহারা বলিল, 'তুমি তো জাদুগ্রস্তদের অন্যতম।	
	مَآ أَنتَ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا فَأْتِ بِـَٔايَةٍ إِن كُنتَ مِنَ ٱلصَّٰدِقِينَ ﴿١٥٤﴾	154
প্রতিবর্ণায়ন	মা~আংতা ইল্লা–বাশারুম মিছ'লুনা (ج) ফা'তি বিআয়া–তিন ইং কুংতা মিনাসসা–দিক'ীন।	
তরজমা	'তুমি তো আমাদের মত একজন মানুষ, কাজেই তুমি যদি সত্যবাদী হও তবে একটি নিদর্শন উপস্থিত কর।'	
	قَالَ هَٰذِهِۦ نَاقَةٌ لَّهَا شِرْبٌ وَلَكُمْ شِرْبُ يَوْمٍ مَّعْلُومٍ ﴿١٥٥﴾	155
প্রতিবর্ণায়ন	ক'া–লা হা–যি'হী না–ক'াতুল্ লাহা–শিরবুওঁ ওয়ালাকুম শিরবু ইয়াওমিম মা'লূম।	
তরজমা	সালিহ্ বলিল, 'এই একটি উষ্ট্রী, ইহার জন্য আছে পানি পানের পালা এবং তোমাদের জন্য আছে নির্ধারিত দিনে পানি পানের পালা ;	
	وَلَا تَمَسُّوهَا بِسُوٓءٍ فَيَأْخُذَكُمْ عَذَابُ يَوْمٍ عَظِيمٍ ﴿١٥٦﴾	156
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তামাছ্‌ছূহা– বিছূ~ইং ফাইয়া'খুয'াকুম 'আয'া–বু ইয়াওমিন 'আজ'ীম।	
তরজমা	'এবং উহার কোন অনিষ্ট সাধন করিও না; করিলে মহাদিবসের শাস্তি তোমাদের উপর আপতিত হইবে।'	
	فَعَقَرُوهَا فَأَصْبَحُوا۟ نَٰدِمِينَ ﴿١٥٧﴾	157
প্রতিবর্ণায়ন	ফা'আক'ারূহা– ফাআছবাহূ' না–দিমীন।	
তরজমা	কিন্তু উহারা উহাকে বধ করিল, পরিণামে উহারা অনুতপ্ত হইল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَاَخَذَهُمُ الْعَذَابُ ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰیَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِیْنَ ﴿۱۵۸﴾	158
প্রতিবর্ণায়ন	ফাআখায'াহুমুল 'আয'া-বু (ত্ব) ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাওঁ ; ওয়ামা- কা-না আকছ'ারুহুম মু'মিনীন।	
তরজমা	অতঃপর শাস্তি উহাদেরকে গ্রাস করিল। ইহাতে অবশ্যই রহিয়াছে নিদর্শন, কিন্তু উহাদের অধিকাংশই মু'মিন নহে।	
	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِیْزُ الرَّحِیْمُ ﴿۱۵۹﴾	159
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আঝীঝুর রাহ'ীম।	
তরজমা	তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	كَذَّبَتْ قَوْمُ لُوْطِ ِۨالْمُرْسَلِیْنَ ﴿۱۶۰﴾	160
প্রতিবর্ণায়ন	কায'্য'াবাত ক'াওমু লূতি'নিল্ মুরছালীন।	
তরজমা	লূতের সম্প্রদায় রাসূলগণকে অস্বীকার করিয়াছিল,	
	اِذْ قَالَ لَهُمْ اَخُوْهُمْ لُوْطٌ اَلَا تَتَّقُوْنَ ﴿۱۶۱﴾	161
প্রতিবর্ণায়ন	ইয' ক'া-লা লাহুম আখূহুম লূতুন্ আলা- তাত্তাকূ'ন।	
তরজমা	যখন উহাদের ভ্রাতা লূত উহাদেরকে বলিল, 'তোমরা কি সাবধান হইবে না ?	
	اِنِّیْ لَكُمْ رَسُوْلٌ اَمِیْنٌ ﴿۱۶۲﴾	162
প্রতিবর্ণায়ন	ইন্নী লাকুম রাছূলুন আমীন।	
তরজমা	'আমি তো তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	
	فَاتَّقُوا اللّٰهَ وَاَطِیْعُوْنِ ﴿۱۶۳﴾	163
প্রতিবর্ণায়ন	ফাত্তাকুল্লা-হা ওয়া আত'ী'ঊন।	
তরজমা	'সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর এবং আমার আনুগত্য কর।	
	وَمَاۤ اَسْـَٔلُكُمْ عَلَیْهِ مِنْ اَجْرٍ ۚ اِنْ اَجْرِیَ اِلَّا عَلٰی رَبِّ الْعٰلَمِیْنَ ﴿۱۶۴﴾	164
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আছ্আলুকুম 'আলাইহি মিন আজরিন (ج) ইন্ আজরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	'আমি ইহার জন্য তোমাদের নিকট কোন প্রতিদান চাহি না, আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকটই আছে।	
	اَتَاْتُوْنَ الذُّكْرَانَ مِنَ الْعٰلَمِیْنَ ﴿۱۶۵﴾	165
প্রতিবর্ণায়ন	আতা'তূনায' য'ুকরা-না মিনাল 'আ-লামীন।	
তরজমা	'বিশ্বজগতের মধ্যে তো তোমরাই পুরুষের সঙ্গে উপগত হও,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَتَذَرُوْنَ مَا خَلَقَ لَكُمْ رَبُّكُمْ مِّنْ اَزْوَاجِكُمْ ؕ بَلْ اَنْتُمْ قَوْمٌ عٰدُوْنَ ﴿١٦٦﴾	166
প্রতিবর্ণায়ন	ওয়া তায'ারূনা মা– খালাক'া লাকুম রাব্বুকুম মিন আঝওয়া–জিকুম (ত্ব) বাল আংতুম ক'াওমুন ‘আ–দূন।	
তরজমা	‘এবং তোমাদের প্রতিপালক তোমাদের জন্য যে স্ত্রীগণকে সৃষ্টি করিয়াছেন তাহাদেরকে তোমরা বর্জন করিয়া থাক। তোমরা তো সীমালংঘনকারী সম্প্রদায়।’	
	قَالُوْا لَئِنْ لَّمْ تَنْتَهِ يٰلُوْطُ لَتَكُوْنَنَّ مِنَ الْمُخْرَجِيْنَ ﴿١٦٧﴾	167
প্রতিবর্ণায়ন	ক'া–লূ লাইল্লাম তাংতাহি ইয়া–লূতু লাতাকূনান্না মিনাল মুখ্‌রাজীন।	
তরজমা	উহারা বলিল, ‘হে লূত ! তুমি যদি নিবৃত্ত না হও, তবে অবশ্যই তুমি নির্বাসিত হইবে।’	
	قَالَ اِنِّيْ لِعَمَلِكُمْ مِّنَ الْقَالِيْنَ ﴿١٦٨﴾	168
প্রতিবর্ণায়ন	ক'া–লা ইন্নী লি‘আমালিকুম মিনাল ক'া–লীন।	
তরজমা	লূত বলিল, ‘আমি তো তোমাদের এই কর্মকে ঘৃণা করি।	
	رَبِّ نَجِّنِيْ وَاَهْلِيْ مِمَّا يَعْمَلُوْنَ ﴿١٦٩﴾	169
প্রতিবর্ণায়ন	রাব্বি নাজজিনী ওয়া আহ্‌লী মিম্মা– ইয়া‘মালূন।	
তরজমা	‘হে আমার প্রতিপালক ! আমাকে এবং আমার পরিবার-পরিজনকে, উহারা যাহা করে, তাহা হইতে রক্ষা কর।	
	فَنَجَّيْنٰهُ وَاَهْلَهٗۤ اَجْمَعِيْنَ ﴿١٧٠﴾	170
প্রতিবর্ণায়ন	ফানাজ্‌জাইনা–হু ওয়া আহ্‌লাহূ˜আজমা‘ঈন।	
তরজমা	অতঃপর আমি তাহাকে এবং তাহার পরিবার-পরিজন সকলকে রক্ষা করিলাম	
	اِلَّا عَجُوْزًا فِي الْغٰبِرِيْنَ ﴿١٧١﴾	171
প্রতিবর্ণায়ন	ইল্লা–‘আজুঝাং ফিল গা–বিরীন।	
তরজমা	এক বৃদ্ধা ব্যতীত, যে ছিল পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।	
	ثُمَّ دَمَّرْنَا الْاٰخَرِيْنَ ﴿١٧٢﴾	172
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা দাম্মারনাল আ–খারীন।	
তরজমা	অতঃপর অপর সকলকে ধ্বংস করিলাম।	
	وَاَمْطَرْنَا عَلَيْهِمْ مَّطَرًا ۚ فَسَآءَ مَطَرُ الْمُنْذَرِيْنَ ﴿١٧٣﴾	173
প্রতিবর্ণায়ন	ওয়া আমত'ারনা– ‘আলাইহিম মাত'ারাং (ত্ব) ফাছা˜আ মাত'ারুল মুংয'ারীন।	

তরজমা	তাহাদের উপর শাস্তিমূলক বৃষ্টি বর্ষণ করিয়াছিলাম, ভীতি প্রদর্শিতদের জন্য এই বৃষ্টি ছিল কত নিকৃষ্ট।	
	إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً ۖ وَمَا كَانَ أَكْثَرُهُم مُّؤْمِنِينَ ﴿١٧٤﴾	174
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাওঁ (ط) ওয়ামা-কা-না আকছ'ারুহুম মু'মিনীন।	
তরজমা	ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে, কিন্তু উহাদের অধিকাংশই মু'মিন নহে।	
	وَإِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿١٧٥﴾	175
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আঝীঝুর রাহ'ীম।	
তরজমা	তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	كَذَّبَ أَصْحَابُ لْـَٔيْكَةِ الْمُرْسَلِينَ ﴿١٧٦﴾	176
প্রতিবর্ণায়ন	কায্'য'াবা আসহ'া-বুল আই্কাতিল মুরছালীন।	
তরজমা	আয়কাবাসীরা রাসূলগণকে অস্বীকার করিয়াছিল,	
	إِذْ قَالَ لَهُمْ شُعَيْبٌ أَلَا تَتَّقُونَ ﴿١٧٧﴾	177
প্রতিবর্ণায়ন	ইয' ক'া-লা লাহুম শু'আইবুন আলা- তাত্তাকূ'ন।	
তরজমা	যখন শু'আয়ব উহাদেরকে বলিয়াছিল, তোমরা কি সাবধান হইবে না?	
	إِنِّي لَكُمْ رَسُولٌ أَمِينٌ ﴿١٧٨﴾	178
প্রতিবর্ণায়ন	ইন্নী লাকুম রাছূলুন আমীন।	
তরজমা	'আমি তো তোমাদের জন্য এক বিশ্বস্ত রাসূল।	
	فَاتَّقُوا اللَّهَ وَأَطِيعُونِ ﴿١٧٩﴾	179
প্রতিবর্ণায়ন	ফাত্তাকু'ল্লা-হা ওয়া আত'ী'উন।	
তরজমা	'সুতরাং তোমরা আল্লাহ্কে ভয় কর ও আমার আনুগত্য কর।	
	وَمَا أَسْأَلُكُمْ عَلَيْهِ مِنْ أَجْرٍ ۖ إِنْ أَجْرِيَ إِلَّا عَلَىٰ رَبِّ الْعَالَمِينَ ﴿١٨٠﴾	180
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আছ্আলুকুম 'আলাইহি মিন আজরিন (ج) ইন আজরিয়া ইল্লা- 'আলা- রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	'আমি তোমাদের নিকট ইহার জন্য কোন প্রতিদান চাহি না। আমার পুরস্কার তো জগতসমূহের প্রতিপালকের নিকটই আছে।	
	أَوْفُوا الْكَيْلَ وَلَا تَكُونُوا مِنَ الْمُخْسِرِينَ ﴿١٨١﴾	181
প্রতিবর্ণায়ন	আওফুল কাইলা ওয়ালা- তাকূনূ মিনাল মুখছিরীন।	

তরজমা	'তোমরা মাপে পূর্ণ মাত্রায় দিবে ; যাহারা মাপে ঘাটতি করে তোমরা তাহাদের অন্তর্ভুক্ত হইও না।	
	وَزِنُوْا بِالْقِسْطَاسِ الْمُسْتَقِيْمِ ﴿١٨٢﴾	182
প্রতিবর্ণায়ন	ওয়াঝিনূ বিলকি'ছ্ত'া–ছিল মুছতাক'ীম।	
তরজমা	'এবং ওজন করিবে সঠিক দাঁড়িপাল্লায়।	
	وَلَا تَبْخَسُوا النَّاسَ اَشْيَآءَهُمْ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿١٨٣﴾	183
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাব্খাছুন্না–ছা আশইয়া~আহুম ওয়ালা– তা'ছ'াও ফিল আর্দি' মুফছিদীন।	
তরজমা	'লোকদেরকে তাহাদের প্রাপ্য বস্তু কম দিবে না এবং পৃথিবীতে বিপর্যয় ঘটাইবে না।	
	وَاتَّقُوا الَّذِىْ خَلَقَكُمْ وَالْجِبِلَّةَ الْاَوَّلِيْنَ ﴿١٨٤﴾	184
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাকু'ল্লায'ী খালাক'াকুম ওয়াল জিবিল্লাতাল আওওয়ালীন।	
তরজমা	'এবং ভয় কর তাঁহাকে যিনি তোমাদেরকে ও তোমাদের পূর্বে যাহারা গত হইয়াছে তাহাদেরকে সৃষ্টি করিয়াছেন।'	
	قَالُوْٓا اِنَّمَآ اَنْتَ مِنَ الْمُسَحَّرِيْنَ ﴿١٨٥﴾	185
প্রতিবর্ণায়ন	ক'া–লূ~ ইন্নামা~আংতা মিনাল মুছাহ'হ'ারীন।	
তরজমা	উহারা বলিল, 'তুমি তো জাদুগ্রস্তদের অন্তর্ভুক্ত ;	
	وَمَآ اَنْتَ اِلَّا بَشَرٌ مِّثْلُنَا وَاِنْ نَّظُنُّكَ لَمِنَ الْكٰذِبِيْنَ ﴿١٨٦﴾	186
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আংতা ইল্লা– বাশারুম মিছ'লুনা– ওয়া ইন্ নাজু'ন্নুকা লামিনাল কা–যি'বীন।	
তরজমা	'তুমি আমাদের মতই একজন মানুষ। আমরা মনে করি, তুমি মিথ্যাবাদীদের অন্যতম।	
	فَاَسْقِطْ عَلَيْنَا كِسَفًا مِّنَ السَّمَآءِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿١٨٧﴾	187
প্রতিবর্ণায়ন	ফাআছকি'ত' 'আলাইনা– কিছাফাম মিনাছ্ছামা~ই ইং কুংতা মিনাস্সা–দিক'ীন।	
তরজমা	'তুমি যদি সত্যবাদী হও তবে আকাশের এক খণ্ড আমাদের উপর ফেলিয়া দাও।'	
	قَالَ رَبِّىْٓ اَعْلَمُ بِمَا تَعْمَلُوْنَ ﴿١٨٨﴾	188
প্রতিবর্ণায়ন	ক'া–লা রাব্বী~আ'লামু বিমা–তা'মালূন।	
তরজমা	সে বলিল, 'আমার প্রতিপালক ভাল জানেন তোমরা যাহা কর।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَكَذَّبُوْهُ فَاَخَذَهُمْ عَذَابُ يَوْمِ الظُّلَّةِ ؕ اِنَّهٗ كَانَ عَذَابَ يَوْمٍ عَظِيْمٍ ﴿۱۸۹﴾	189
প্রতিবর্ণায়ন	ফাকায্যা'বূহু ফাআখায'াহুম 'আয'া-বু ইয়াওমিজ'জু'ল্লাতি (ط) ইন্নাহূ কা-না 'আয'া-বা ইয়াওমিন 'আজ'ীম।	
তরজমা	অতঃপর উহারা তাহাকে প্রত্যাখ্যান করিল, পরে উহাদেরকে মেঘাচ্ছন্ন দিবসের শাস্তি গ্রাস করিল। ইহা তো ছিল এক ভীষণ দিবসের শাস্তি !	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً ؕ وَمَا كَانَ اَكْثَرُهُمْ مُّؤْمِنِيْنَ ﴿۱۹۰﴾	190
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাওঁ (ط) ওয়ামা- কা-না আকছ'ারুহুম মু'মিনীন।	
তরজমা	ইহাতে অবশ্যই রহিয়াছে নিদর্শন, কিন্তু উহাদের অধিকাংশই মু'মিন নহে।	
	وَاِنَّ رَبَّكَ لَهُوَ الْعَزِيْزُ الرَّحِيْمُ ﴿۱۹۱﴾	191
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাহুওয়াল 'আঝীঝুর রাহ'ীম।	
তরজমা	এবং তোমার প্রতিপালক, তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	وَاِنَّهٗ لَتَنْزِيْلُ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿۱۹۲﴾	192
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাতাংঝীলু রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	নিশ্চয়ই আল-কুরআন জগতসমূহের প্রতিপালক হইতে অবতীর্ণ।	
	نَزَلَ بِهِ الرُّوْحُ الْاَمِيْنُ ﴿۱۹۳﴾	193
প্রতিবর্ণায়ন	নাঝালা বিহির রূহু'লআমীন।	
তরজমা	জিব্‌রাঈল ইহা লইয়া অবতরণ করিয়াছে	
	عَلٰى قَلْبِكَ لِتَكُوْنَ مِنَ الْمُنْذِرِيْنَ ﴿۱۹۴﴾	194
প্রতিবর্ণায়ন	'আ-লা ক'ালবিকা লিতাকূনা মিনাল মুংযি'রীন।	
তরজমা	তোমার হৃদয়ে, যাহাতে তুমি সতর্ককারী হইতে পার।	
	بِلِسَانٍ عَرَبِيٍّ مُّبِيْنٍ ﴿۱۹۵﴾	195
প্রতিবর্ণায়ন	বিলিছা-নিন 'আরাবিইয়িম মুবীন।	
তরজমা	অবতীর্ণ করা হইয়াছে সুস্পষ্ট আরবী ভাষায়।	
	وَاِنَّهٗ لَفِيْ زُبُرِ الْاَوَّلِيْنَ ﴿۱۹۶﴾	196
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাফী ঝুবুরিল আওওয়ালীন।	
তরজমা	পূর্ববর্তী কিতাবসমূহে অবশ্যই ইহার উল্লেখ আছে।	
	اَوَلَمْ يَكُنْ لَّهُمْ اٰيَةً اَنْ يَّعْلَمَهٗ عُلَمٰٓؤُا بَنِيْٓ اِسْرَآءِيْلَ ﴿۱۹۷﴾	197

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আওয়ালাম ইয়াকুল্লাহুম আ-য়াতান আইঁ ইয়া'লামাহূ 'উলামা~উ বানী~ইছরা~ঈল।	
তরজমা	বনী ইস্‌রাঈলের পণ্ডিতগণ ইহা অবগত আছে-ইহা কি উহাদের জন্য নিদর্শন নহে ?	
	وَلَوْ نَزَّلْنٰهُ عَلٰى بَعْضِ الْاَعْجَمِيْنَ ﴿١٩٨﴾	198
প্রতিবর্ণায়ন	ওয়ালাও নাঝঝাল্‌না-হু 'আলা-বা'দি'ল আ'জামীন।	
তরজমা	আমি যদি ইহা কোন আ'জামীর প্রতি অবতীর্ণ করিতাম	
	فَقَرَاَهٗ عَلَيْهِمْ مَّا كَانُوْا بِهٖ مُؤْمِنِيْنَ ﴿١٩٩﴾	199
প্রতিবর্ণায়ন	ফাক'ারাআহূ 'আলাইহিম মা-কা-নূ বিহী মু'মিনীন।	
তরজমা	এবং উহা সে উহাদের নিকট পাঠ করিত, তবে উহারা উহাতে ঈমান আনিত না ;	
	كَذٰلِكَ سَلَكْنٰهُ فِيْ قُلُوْبِ الْمُجْرِمِيْنَ ﴿٢٠٠﴾	200
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা ছালাক্‌না-হু ফী কু'লূবিল মুজরিমীন।	
তরজমা	এইভাবে আমি অপরাধীদের অন্তরে অবিশ্বাস সঞ্চার করিয়াছি।	
	لَا يُؤْمِنُوْنَ بِهٖ حَتّٰى يَرَوُا الْعَذَابَ الْاَلِيْمَ ﴿٢٠١﴾	201
প্রতিবর্ণায়ন	লা- ইউ'মিনূনা বিহী হ'াত্তা- ইয়ারাউল 'আয'া-বাল আলীম।	
তরজমা	উহারা ইহাতে ঈমান আনিবে না যতক্ষণ না উহারা মর্মন্তুদ শাস্তি প্রত্যক্ষ করে;	
	فَيَاْتِيَهُمْ بَغْتَةً وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٢٠٢﴾	202
প্রতিবর্ণায়ন	ফাইয়া'তিয়াহুম বাগতাতাওঁ ওয়াহুম লা-ইয়াশ'উরূন।	
তরজমা	ফলে তাহা উহাদের নিকট আসিয়া পড়িবে আকস্মিকভাবে ; উহারা কিছুই বুঝিতে পারিবে না।	
	فَيَقُوْلُوْا هَلْ نَحْنُ مُنْظَرُوْنَ ﴿٢٠٣﴾	203
প্রতিবর্ণায়ন	ফাইয়াকূ'লূ হাল নাহ'নু মুংজ'ারূন।	
তরজমা	তখন উহারা বলিবে, 'আমাদেরকে কি অবকাশ দেওয়া হইবে ?'	
	اَفَبِعَذَابِنَا يَسْتَعْجِلُوْنَ ﴿٢٠٤﴾	204
প্রতিবর্ণায়ন	আফাবি'আয'া-বিনা -ইয়াছতা'জিলূন।	
তরজমা	উহারা কি তবে আমার শাস্তি ত্বরান্বিত করিতে চায় ?	
	اَفَرَءَيْتَ اِنْ مَّتَّعْنٰهُمْ سِنِيْنَ ﴿٢٠٥﴾	205
প্রতিবর্ণায়ন	আফারাআইতা ইম্মাত্‌তা'না-হুম ছিনীন।	
তরজমা	তুমি ভাবিয়া দেখ যদি আমি তাহাদেরকে দীর্ঘকাল ভোগ-বিলাস করিতে দেই,	

	ثُمَّ جَآءَهُمْ مَّا كَانُوْا يُوْعَدُوْنَ ﴿٢٠٦﴾	206
প্রতিবর্ণায়ন	ছু ম্মা জা~আহুম মা- কা-নূ ইউ'আদূন।	
তরজমা	এবং পরে উহাদেরকে যে বিষয়ে সতর্ক করা হইয়াছিল তাহা উহাদের নিকট আসিয়া পড়ে,	
	مَآ اَغْنٰى عَنْهُمْ مَّا كَانُوْا يُمَتَّعُوْنَ ﴿٢٠٧﴾	207
প্রতিবর্ণায়ন	মা~আগনা- 'আনহুম মা- কা-নূ ইউমাত্তা'ঊন।	
তরজমা	তখন উহাদের ভোগ-বিলাসের উপকরণ উহাদের কোন কাজে আসিবে কি ?	
	وَمَآ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍ اِلَّا لَهَا مُنْذِرُوْنَ ﴿٢٠٨﴾	208
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আহ্লাকনা-মিং ক'ার্ইয়াতিন ইল্লা- লাহা-মুংযি'রূন।	
তরজমা	আমি এমন কোন জনপদ ধ্বংস করি নাই যাহার জন্য সতর্ককারী ছিল না ;	
	ذِكْرٰى ۛ وَمَا كُنَّا ظٰلِمِيْنَ ﴿٢٠٩﴾	209
প্রতিবর্ণায়ন	যি'করা- (مع) ওয়ামা- কুন্না- জ'া-লিমীন।	
তরজমা	ইহা উপদেশস্বরূপ, আর আমি অন্যায়াচারী নই,	
	وَمَا تَنَزَّلَتْ بِهِ الشَّيٰطِيْنُ ﴿٢١٠﴾	210
প্রতিবর্ণায়ন	ওয়ামা তানাঝঝালাত বিহিশ্শাইয়া-ত'ীন।	
তরজমা	শয়তানেরা উহাসহ অবতীর্ণ হয় নাই।	
	وَمَا يَنْۢبَغِيْ لَهُمْ وَمَا يَسْتَطِيْعُوْنَ ﴿٢١١﴾	211
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াম্বাগী লাহুম ওয়ামা- ইয়াছতাত'ী'ঊন।	
তরজমা	উহারা এই কাজের যোগ্য নয় এবং উহারা ইহার সামর্থ্যও রাখে না।	
	اِنَّهُمْ عَنِ السَّمْعِ لَمَعْزُوْلُوْنَ ﴿٢١٢﴾	212
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম 'আনিছ্ছাম'ই লামা'ঝূলূন।	
তরজমা	উহাদেরকে তো শ্রবণের সুযোগ হইতে দূরে রাখা হইয়াছে।	
	فَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَتَكُوْنَ مِنَ الْمُعَذَّبِيْنَ ﴿٢١٣﴾	213
প্রতিবর্ণায়ন	ফালা- তাদ'উ মা'আল্লা-হি ইলা-হান আ-খারা ফাতাকূনা মিনাল মু'আয'য'াবীন।	
তরজমা	অতএব তুমি অন্য কোন ইলাহ্কে আল্লাহ্র সঙ্গে ডাকিও না, ডাকিলে তুমি শাস্তিপ্রাপ্তদের অন্তর্ভুক্ত হইবে।	
	وَاَنْذِرْ عَشِيْرَتَكَ الْاَقْرَبِيْنَ ﴿٢١٤﴾	214

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া আংযি'র 'আশীরাতাকাল আক'রাবীন।	
তরজমা	তোমার নিকট-আত্মীয়বর্গকে সতর্ক করিয়া দাও।	
	وَاخْفِضْ جَنَاحَكَ لِمَنِ اتَّبَعَكَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢١٥﴾	215
প্রতিবর্ণায়ন	ওয়াখ্ফিদ' জানা-হ'াকা লিমানিত্তাবা'আকা মিনাল মু'মিনীন।	
তরজমা	এবং যাহারা তোমার অনুসরণ করে সেই সমস্ত মু'মিনদের প্রতি বিনয়ী হও।	
	فَاِنْ عَصَوْكَ فَقُلْ اِنِّيْ بَرِيْٓءٌ مِّمَّا تَعْمَلُوْنَ ﴿٢١٦﴾	216
প্রতিবর্ণায়ন	ফাইন 'আসাওকা ফাক'ুল ইন্নী বারী~উম মিম্মা- তা'মালূন।	
তরজমা	উহারা যদি তোমার অবাধ্যতা করে, তুমি বলিও, 'তোমরা যাহা কর তাহা হইতে আমি দায়মুক্ত।'	
	وَتَوَكَّلْ عَلَى الْعَزِيْزِ الرَّحِيْمِ ﴿٢١٧﴾	217
প্রতিবর্ণায়ন	ওয়া তাওয়াক্কাল 'আলাল 'আঝীঝির রাহ'ীম।	
তরজমা	তুমি নির্ভর কর পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহ্‌র উপর,	
	الَّذِيْ يَرٰىكَ حِيْنَ تَقُوْمُ ﴿٢١٨﴾	218
প্রতিবর্ণায়ন	আল্লায'ী ইয়ারা-কা হ'ীনা তাকূ'ম।	
তরজমা	যিনি তোমাকে দেখেন যখন তুমি দণ্ডায়মান হও,	
	وَتَقَلُّبَكَ فِي السّٰجِدِيْنَ ﴿٢١٩﴾	219
প্রতিবর্ণায়ন	ওয়া তাক'াল্লুবাকা ফিছ্ছা-জিদীন।	
তরজমা	এবং দেখেন সিজ্‌দাকারীদের সঙ্গে তোমার উঠাবসা।	
	اِنَّهٗ هُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ﴿٢٢٠﴾	220
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ হুওয়াছ্ ছামী'উল 'আলীম।	
তরজমা	তিনি তো সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	هَلْ اُنَبِّئُكُمْ عَلٰى مَنْ تَنَزَّلُ الشَّيٰطِيْنُ ﴿٢٢١﴾	221
প্রতিবর্ণায়ন	হাল উনাব্বিউকুম 'আলা- মাং তানাঝ্ঝালুশ্ শাইয়া-ত'ীন।	
তরজমা	তোমাদেরকে কি আমি জানাইব কাহার নিকট শয়তানরা অবতীর্ণ হয় ?	
	تَنَزَّلُ عَلٰى كُلِّ اَفَّاكٍ اَثِيْمٍ ﴿٢٢٢﴾	222
প্রতিবর্ণায়ন	তানাঝ্ঝালু 'আলা-কুল্লি আফফা-কিন আছী'ম।	
তরজমা	উহারা অবতীর্ণ হয় প্রত্যেকটি ঘোর মিথ্যাবাদী ও পাপীর নিকট।	

	يُلْقُوْنَ السَّمْعَ وَاَكْثَرُهُمْ كٰذِبُوْنَ ﴿٢٢٣﴾	223
প্রতিবর্ণায়ন	ইউল্‌কূ'নাছ্‌ছাম্‌'আ ওয়া আকছ'ারুহুম কা-যি'বূন।	
তরজমা	উহারা কান পাতিয়া থাকে এবং উহাদের অধিকাংশই মিথ্যাবাদী।	
	وَالشُّعَرَآءُ يَتَّبِعُهُمُ الْغَاوٗنَ ﴿٢٢٤﴾	224
প্রতিবর্ণায়ন	ওয়াশ্‌শু'আরা~উ ইয়াত্তাবি'উহুমুল গা-উন।	
তরজমা	এবং কবিদেরকে অনুসরণ করে বিভ্রান্তরাই।	
	اَلَمْ تَرَ اَنَّهُمْ فِيْ كُلِّ وَادٍ يَّهِيْمُوْنَ ﴿٢٢٥﴾	225
প্রতিবর্ণায়ন	আলাম তারা আন্নাহুম ফী কুল্লি ওয়াদিইঁ ইয়াহীমূন।	
তরজমা	তুমি কি দেখ না উহারা উদ্‌ভ্রান্ত হইয়া প্রত্যেক উপত্যকায় ঘুরিয়া বেড়ায় ?	
	وَاَنَّهُمْ يَقُوْلُوْنَ مَا لَا يَفْعَلُوْنَ ﴿٢٢٦﴾	226
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহুম ইয়াকূ'লূনা মা-লা-ইয়াফ'আলূন।	
তরজমা	এবং তাহারা তো বলে যাহা তাহারা করে না।	
	اِلَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَذَكَرُوا اللّٰهَ كَثِيْرًا وَّانْتَصَرُوْا مِنْۢ بَعْدِ مَا ظُلِمُوْا ؕ وَسَيَعْلَمُ الَّذِيْنَ ظَلَمُوْٓا اَيَّ مُنْقَلَبٍ يَّنْقَلِبُوْنَ ﴿٢٢٧﴾	227
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ'া-তি ওয়া য'াকারুল্লা-হা কাছ'ীরাওঁ ওয়াংতাসারূ মিম বা'দি মা- জু'লিমূ (ط) ওয়া ছাইয়া'লামুল লায'ীনা জালামূ~ আইইয়া মুংক'ালাবিইঁ ইয়াংক'ালিবূন।	
তরজমা	কিন্তু উহারা ব্যতীত, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং আল্লাহ্‌কে অধিক স্মরণ করে ও অত্যাচারিত হইবার পর প্রতিশোধ গ্রহণ করে। অত্যাচারীরা শীঘ্রই জানিবে কোন্ স্থলে উহারা প্রত্যাবর্তন করিবে।	

27 - An-Naml-নামল -النمل

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	طٰسٓ ۚ تِلْكَ اٰيٰتُ الْقُرْاٰنِ وَكِتَابٍ مُّبِيْنٍ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ত'া-ছী~ন (قف) তিলকা আ-য়া-তুল ক'ুরআ-নি ওয়া কিতা-বিম মুবীন।	
তরজমা	তা-সীন ; এইগুলি আয়াত আল-কুরআনের এবং সুস্পষ্ট কিতাবের;	
	هُدًى وَّبُشْرٰى لِلْمُؤْمِنِيْنَ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	হুদাওঁ ওয়া বুশরা- লিলমু'মিনীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	পথনির্দেশ ও সুসংবাদ মু'মিনদের জন্য।	
	الَّذِيْنَ يُقِيْمُوْنَ الصَّلٰوةَ وَيُؤْتُوْنَ الزَّكٰوةَ وَهُمْ بِالْاٰخِرَةِ هُمْ يُوْقِنُوْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইউক'ীমূনাসসালা-তা ওয়া ইউ'তূনাঝ্‌যাকা-তা ওয়া হুম বিল আ-খিরাতি হুম ইউকি'নূন।	
তরজমা	যাহারা সালাত কায়েম করে ও যাকাত দেয় আর তাহারাই আখিরাতে নিশ্চিত বিশ্বাসী।	
	اِنَّ الَّذِيْنَ لَا يُؤْمِنُوْنَ بِالْاٰخِرَةِ زَيَّنَّا لَهُمْ اَعْمَالَهُمْ فَهُمْ يَعْمَهُوْنَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা লা-ইউ'মিনূনা বিলআ-খিরাতি ঝাইইয়ান্না-লাহুম আ'মা-লাহুম ফাহুম ইয়া'মাহূন।	
তরজমা	যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহাদের দৃষ্টিতে তাহাদের কর্মকে আমি শোভন করিয়াছি, ফলে উহারা বিভ্রান্তিতে ঘুরিয়া বেড়ায়;	
	اُولٰٓئِكَ الَّذِيْنَ لَهُمْ سُوْٓءُ الْعَذَابِ وَهُمْ فِي الْاٰخِرَةِ هُمُ الْاَخْسَرُوْنَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায'ীনা লাহুম ছূ~উল 'আয'া-বি ওয়াহুম ফিল আ-খিরাতি হুমুল আখছারূন।	
তরজমা	ইহাদেরই জন্য রহিয়াছে কঠিন শাস্তি এবং ইহারাই আখিরাতে সর্বাধিক ক্ষতিগ্রস্ত।	
	وَاِنَّكَ لَتُلَقَّى الْقُرْاٰنَ مِنْ لَّدُنْ حَكِيْمٍ عَلِيْمٍ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাকা লাতুলাক্ক'াল কু'রআ-না মিল্লাদুন হ'াকীমিন 'আলীম।	
তরজমা	নিশ্চয়ই তোমাকে আল-কুরআন দেওয়া হইতেছে প্রজ্ঞাময়, সর্বজ্ঞের নিকট হইতে।	
	اِذْ قَالَ مُوْسٰى لِاَهْلِهٖٓ اِنِّيْٓ اٰنَسْتُ نَارًا ۭ سَاٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ اَوْ اٰتِيْكُمْ بِشِهَابٍ قَبَسٍ لَّعَلَّكُمْ تَصْطَلُوْنَ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইয' ক'া-লা মূছা- লিআহ্‌লিহী~ ইন্নী~ আ-নাছতু না-রাং (ط) ছাআ-তীকুম মিনহা- বিখাবারিন আও আ-তীকুম বিশিহা-বিং ক'াবাছিল্ লা'আল্লাকুম তাসত'ালূন।	
তরজমা	স্মরণ কর সেই সময়ের কথা, যখন মূসা তাহার পরিবারবর্গকে বলিয়াছিল, 'আমি আগুন দেখিয়াছি, সত্বর আমি সেখান হইতে তোমাদের জন্য কোন খবর আনিব অথবা তোমাদের জন্য আনিব জ্বলন্ত অঙ্গার, যাহাতে তোমরা আগুন পোহাইতে পার।	
	فَلَمَّا جَآءَهَا نُوْدِيَ اَنْۢ بُوْرِكَ مَنْ فِي النَّارِ وَمَنْ حَوْلَهَا ۭ وَسُبْحٰنَ اللّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জা~আহা- নূদিইয়া আম বূরিকা মাং ফিন্না-রি ওয়া মান হ'াওলাহা- (ط) ওয়া ছুবহ'া-নাল্লা-হি রাব্বিল 'আ-লামীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর সে যখন উহার নিকট আসিল, তখন ঘোষিত হইল 'ধন্য, যাহারা আছে এই আলোর মধ্যে এবং যাহারা আছে ইহার চতুষ্পার্শ্বে, জগতসমূহের প্রতিপালক আল্লাহ্ পবিত্র ও মহিমান্বিত।	
	يٰمُوْسٰٓى اِنَّهٗٓ اَنَا اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۙ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ইয়া–মূছা~ইন্নাহূ~আনাল্লা–হুল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	'হে মূসা! আমি তো আল্লাহ্, পরাক্রমশালী, প্রজ্ঞাময়,	
	وَاَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰى لَا تَخَفْ ۖ اِنِّىْ لَا يَخَافُ لَدَىَّ الْمُرْسَلُوْنَ ۖ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া আলকি' 'আসা–কা (ط) ফালাম্মা– রাআ–হা–তাহ্তাঝ্ঝু কাআন্নাহা–জা~ন্নুওঁ ওয়াল্লা–মুদ্বিরাওঁ ওয়ালাম ইউ'আক্কি'ব (ط) ইয়া–মূছা– লা–তাখাফ্ (قف) ইন্নী লা–ইয়াখা–ফু লাদাইয়াল মুরছালূন।	
তরজমা	'তুমি তোমার লাঠি নিক্ষেপ কর।' অতঃপর যখন সে উহাকে সর্পের ন্যায় ছুটাছুটি করিতে দেখিল তখন সে পিছনের দিকে ছুটিতে লাগিল এবং ফিরিয়াও তাকাইল না। বলা হইল, 'হে মূসা! ভীত হইও না, নিশ্চয়ই আমি এমন, আমার সান্নিধ্যে রাসূলগণ ভয় পায় না;	
	اِلَّا مَنْ ظَلَمَ ثُمَّ بَدَّلَ حُسْنًۢا بَعْدَ سُوْٓءٍ فَاِنِّىْ غَفُوْرٌ رَّحِيْمٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ইল্লা–মাং জ'ালামা ছু'ম্মা বাদ্দালা হু'ছনাম বা'দা ছূ~ইং (قف) ফাইন্নী গাফূরুর রাহ'ীম।	
তরজমা	'তবে যাহারা জুলুম করিবার পর মন্দ কর্মের পরিবর্তে সৎকর্ম করে, তাহাদের প্রতি আমি ক্ষমাশীল, পরম দয়ালু।	
	وَاَدْخِلْ يَدَكَ فِىْ جَيْبِكَ تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۫ فِىْ تِسْعِ اٰيٰتٍ اِلٰى فِرْعَوْنَ وَقَوْمِهٖ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া আদ্খিল ইয়াদাকা ফী জাইবিকা তাখ্রুজ বাইদ'া~আ মিন গাইরি ছূ~ইং ফী তিছ'ই আ–য়া–তিন ইলা– ফির'আওনা ওয়া ক'াওমিহী (ط) ইন্নাহুম কা–নূ ক'াওমাং ফা–ছিক'ীন।	
তরজমা	'এবং তোমার হাত তোমার বগলে রাখ, ইহা বাহির হইয়া আসিবে শুভ্র নির্মল অবস্থায়। ইহা ফির'আওন ও তাহার সম্প্রদায়ের নিকট আনীত নয়টি নিদর্শনের অন্তর্গত। উহারা তো সত্যত্যাগী সম্প্রদায়।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَلَمَّا جَآءَتْهُمْ اٰيٰتُنَا مُبْصِرَةً قَالُوْا هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জা~আত্হুম আ-য়া-তুনা- মুবসিরাতাং ক'া-লূ হা-য'া- ছিহ'রুম্ মুবীন।	
তরজমা	অতঃপর যখন উহাদের নিকট আমার স্পষ্ট নিদর্শন আসিল, উহারা বলিল, 'ইহা সুস্পষ্ট জাদু।'	
	وَجَحَدُوْا بِهَا وَاسْتَيْقَنَتْهَآ اَنْفُسُهُمْ ظُلْمًا وَّعُلُوًّا ؕ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُفْسِدِيْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া জাহ'াদূ বিহা- ওয়াছ্তাইক'ানাত্হা~ আংফুছুহুম জু'লমাওঁ ওয়া 'উলুওওয়াং (ط) ফাংজু'র কাইফা কা-না 'আ-কি'বাতুল মুফছিদীন।	
তরজমা	উহারা অন্যায় ও উদ্ধতভাবে নিদর্শনগুলি প্রত্যাখ্যান করিল, যদিও উহাদের অন্তর এইগুলিকে সত্য বলিয়া গ্রহণ করিয়াছিল। দেখ, বিপর্যয় সৃষ্টিকারীদের পরিণাম কেমন হইয়াছিল!	
	وَلَقَدْ اٰتَيْنَا دَاوٗدَ وَسُلَيْمٰنَ عِلْمًا ۚ وَقَالَا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ فَضَّلَنَا عَلٰى كَثِيْرٍ مِّنْ عِبَادِهِ الْمُؤْمِنِيْنَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আ-তাইনা-দা-ঊদা ওয়া ছুলাইমা-না 'ইলমান (ج) ওয়া ক'া-লাল হ'ামদু লিল্লা-হিল্লাযী ফাদ্দ'ালানা- 'আলা- কাছ'ীরিম মিন 'ইবা-দিহিল মু'মিনীন।	
তরজমা	আমি অবশ্যই দাউদ ও সুলায়মানকে জ্ঞান দান করিয়াছিলাম এবং তাহারা উভয়ে বলিয়াছিল, সকল প্রশংসা আল্লাহ্র যিনি আমাদেরকে তাহার বহু মু'মিন বান্দাদের উপর শ্রেষ্ঠত্ব দিয়াছেন।'	
	وَوَرِثَ سُلَيْمٰنُ دَاوٗدَ وَقَالَ يٰٓاَيُّهَا النَّاسُ عُلِّمْنَا مَنْطِقَ الطَّيْرِ وَاُوْتِيْنَا مِنْ كُلِّ شَيْءٍ ؕ اِنَّ هٰذَا لَهُوَ الْفَضْلُ الْمُبِيْنُ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়ারিছ'া ছুলাইমা-নু দা-ঊদা ওয়া ক'া-লা ইয়া~আইয়ুহান্না-ছু 'উল্লিম্না-মাংতি'ক'াত' ত'াইরি ওয়াঊতীনা- মিং কুল্লি শাইয়িন (ط) ইন্না হা-য'া- লাহুওয়াল ফাদ'লুল মুবীন।	
তরজমা	সুলায়মান হইয়াছিল দাউদের উত্তরাধিকারী এবং সে বলিয়াছিল, 'হে মানুষ! আমাকে বিহংগকুলের ভাষা শিক্ষা দেওয়া হইয়াছে এবং আমাকে সকল কিছু দেওয়া হইয়াছে, ইহা অবশ্যই সুস্পষ্ট অনুগ্রহ।'	
	وَحُشِرَ لِسُلَيْمٰنَ جُنُوْدُهٗ مِنَ الْجِنِّ وَالْاِنْسِ وَالطَّيْرِ فَهُمْ يُوْزَعُوْنَ ﴿١٧﴾	17

প্রতিবর্ণায়ন	ওয়া হু ʿশিরা লিছুলাইমা–না জুনূদুহূ মিনাল জিন্নি ওয়াল ইংছি ওয়াত ʿত ʿাইরি ফাহুম ইউঝা‘উন।	
তরজমা	সুলায়মানের সম্মুখে সমবেত করা হইল তাহার বাহিনীকে—জিন, মানুষ ও বিহংগকুলকে এবং উহাদেরকে বিন্যস্ত করা হইল বিভিন্ন ব্যূহে।	
	حَتّٰٓى اِذَآ اَتَوْا عَلٰى وَادِ النَّمْلِ ۙ قَالَتْ نَمْلَةٌ يّٰٓاَيُّهَا النَّمْلُ ادْخُلُوْا مَسٰكِنَكُمْ ۚ لَا يَحْطِمَنَّكُمْ سُلَيْمٰنُ وَ جُنُوْدُهٗ ۙ وَهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	হ ʿাত্তা~ ইযা ʿা~আতাও ‘আলা– ওয়া–দিন্নাম্‌লি (ﻻ) ক ʿা–লাত্ নামলাতুই ইয়া~আইয়ুহান্‌নামলুদ্‌খুলূ মাছা–কিনাকুম (ج) লা– ইয়াহ ʿতি ʿমান্নাকুম ছুলাইমা–নু ওয়া জুনূদুহূ (ﻻ) ওয়াহুম লা– ইয়াশ‘উরূন।	
তরজমা	যখন উহারা পিপীলিকা-অধ্যুষিত উপত্যকায় পৌঁছিল তখন এক পিপীলিকা বলিল, ‘হে পিপীলিকা-বাহিনী! তোমরা তোমাদের গৃহে প্রবেশ কর, যেন সুলায়মান এবং তাহার বাহিনী তাহাদের অজ্ঞাতসারে তোমাদেরকে পদতলে পিষিয়া না ফেলে।’	
	فَتَبَسَّمَ ضَاحِكًا مِّنْ قَوْلِهَا وَقَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَدْخِلْنِيْ بِرَحْمَتِكَ فِيْ عِبَادِكَ الصّٰلِحِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ফাতাবাছ্‌ছামা দ ʿা–হি ʿকাম্ মিং ক ʿাওলিহা– ওয়া ক ʿা–লা রাব্বি আওঝি‘নী~আন আশকুরা নি‘মাতাকাল্লাতী~ আন‘আমতা ‘আলাইইয়া ওয়া ‘আলা–ওয়া–লিদাইইয়া ওয়াআন আ‘মালা সা–লিহ ʿাং তারদ ʿা–হু ওয়া আদখিল্‌নী বিরাহ ʿমাতিকা ফী ‘ইবাদিকাসসা–লিহ ʿীন।	
তরজমা	সুলায়মান উহার উক্তিতে মৃদু হাস্য করিল এবং বলিল, ‘হে আমার প্রতিপালক! তুমি আমাকে সামর্থ্য দাও যাহাতে আমি তোমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করিতে পারি, আমার প্রতি ও আমার পিতামাতার প্রতি তুমি যে অনুগ্রহ করিয়াছ তাহার জন্য এবং যাহাতে আমি সৎকার্য করিতে পারি, যাহা তুমি পসন্দ কর এবং তোমার অনুগ্রহে আমাকে তোমার সৎকর্মপরায়ণ বান্দাদের শামিল কর।’	
	وَتَفَقَّدَ الطَّيْرَ فَقَالَ مَا لِيَ لَآ اَرَى الْهُدْهُدَ ۖ اَمْ كَانَ مِنَ الْغَآئِبِيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া তাফাক ʿক ʿাদাত ʿ ত ʿাইরা ফাক ʿা–লা মা– লিইয়া লা~আরাল হুদ্‌হুদা (ز) আম কা–না মিনাল গা~ইবীন।	
তরজমা	সুলায়মান বিহংগদলের সন্ধান লইল এবং বলিল, ‘ব্যাপার কি, হুদ্‌হুদ্‌কে দেখিতেছি না যে! সে অনুপস্থিত না কি ?	
	لَاُعَذِّبَنَّهٗ عَذَابًا شَدِيْدًا اَوْ لَاَاْذْبَحَنَّهٗٓ اَوْ لَيَاْتِيَنِّيْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٢١﴾	21

প্রতিবর্ণায়ন	লাউ'আয্যি'বান্নাহূ 'আয'া-বাং শাদীদান আও লাআয্'বাহ'ান্নাহূ~আওলাইয়া'তিইয়ান্নী বিছুল্ত'া-নিম মুবীন।	
তরজমা	'সে উপযুক্ত কারণ না দর্শাইলে আমি অবশ্যই উহাকে কঠিন শাস্তি দিব অথবা যবেহ্ করিব।'	
	فَمَكَثَ غَيْرَ بَعِيْدٍ فَقَالَ اَحَطْتُّ بِمَا لَمْ تُحِطْ بِهٖ وَجِئْتُكَ مِنْ سَبَاٍ بِنَبَاٍ يَّقِيْنٍ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ফামাকাছ'া গাইরা বা'ঈদিং ফাক'া-লা আহ'াত্তু বিমা- লামতুহিত' বিহী ওয়াজি'তুকা মিং ছাবাইম্ বিনাবাইঁ ইয়াক'ীন।	
তরজমা	অনতিবিলম্বে হুদ্হুদ্ আসিয়া পড়িল এবং বলিল, 'আপনি যাহা অবগত নন আমি তাহা অবগত হইয়াছি এবং 'সাবা' হইতে সুনিশ্চিত সংবাদ লইয়া আসিয়াছি।	
	اِنِّيْ وَجَدْتُّ امْرَاَةً تَمْلِكُهُمْ وَاُوْتِيَتْ مِنْ كُلِّ شَيْءٍ وَّلَهَا عَرْشٌ عَظِيْمٌ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন্নী ওয়াজাত্তুম রাআতাং তামলিকুহুম ওয়া উতিইয়াত মিং কুল্লি শাইয়িওঁ ওয়া লাহা- 'আরশুন 'আজ'ীম।	
তরজমা	'আমি তো এক নারীকে দেখিলাম উহাদের উপর রাজত্ব করিতেছে। তাহাকে দেওয়া হইয়াছে সকল কিছু হইতেই এবং তাহার আছে এক বিরাট সিংহাসন।	
	وَجَدْتُّهَا وَقَوْمَهَا يَسْجُدُوْنَ لِلشَّمْسِ مِنْ دُوْنِ اللّٰهِ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ فَهُمْ لَا يَهْتَدُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া জাত্তুহা- ওয়া ক'াওমাহা- ইয়াছ্জুদূনা লিশ্শামছি মিং দূনিল্লা-হি ওয়া ঝাইইয়ানা লাহুমুশ্ শাইত'া-নু আ'মা-লাহুম ফাসাদ্দাহুম 'আনিছ্ছাবীলি ফাহুম লা- ইয়াহ্তাদূন।	
তরজমা	'আমি তাহাকে ও তাহার সম্প্রদায়কে দেখিলাম তাহারা আল্লাহ্র পরিবর্তে সূর্যকে সিজ্দা করিতেছে। শয়তান উহাদের কার্যাবলী উহাদের নিকট শোভন করিয়াছে এবং উহাদেরকে সৎপথ হইতে নিবৃত্ত করিয়াছে, ফলে উহারা সৎপথ পায় না;	
	اَلَّا يَسْجُدُوْا لِلّٰهِ الَّذِيْ يُخْرِجُ الْخَبْءَ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَيَعْلَمُ مَا تُخْفُوْنَ وَمَا تُعْلِنُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	আল্লা-ইয়াছজুদূ লিল্লা-হিল্লাযী' ইউখ্রিজুল খাবআ ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল আরদি' ওয়া ইয়া'লামু মা-তুখফূনা ওয়ামা- তু'লিনূন (*ছিজদাহ-৮*)।	
তরজমা	'নিবৃত্ত করিয়াছে এইজন্য যে, উহারা যেন সিজ্দা না করে আল্লাহ্কে যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীর লুক্কায়িত বস্তুকে প্রকাশ করেন, যিনি জানেন, যাহা তোমরা গোপন কর এবং যাহা তোমরা ব্যক্ত কর।	
	اَللّٰهُ لَآ اِلٰهَ اِلَّا هُوَ رَبُّ الْعَرْشِ الْعَظِيْمِ ﴿٢٦﴾	26

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আল্লা-হু লা~ ইলা-হা ইল্লা- হুওয়া রাব্বুল ‘আরশিল ‘আজ`ীম ।	
তরজমা	‘আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই, তিনি মহাআরশের অধিপতি।’	
	قَالَ سَنَنْظُرُ اَصَدَقْتَ اَمْ كُنْتَ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ক`া-লা ছানাংজু`রু আসাদাক`তা আম কুংতা মিনাল কা-যি`বীন।	
তরজমা	সুলায়মান বলিল, ‘আমি দেখিব তুমি কি সত্য বলিয়াছ, না তুমি মিথ্যাবাদী ?	
	اِذْهَبْ بِّكِتٰبِيْ هٰذَا فَاَلْقِهْ اِلَيْهِمْ ثُمَّ تَوَلَّ عَنْهُمْ فَانْظُرْ مَاذَا يَرْجِعُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইয`হাব বিকিতা-বী হা-য`া- ফাআলকি`হ্ ইলাইহিম ছু`ম্মা তাওয়াল্লা ‘আনহুম ফাংজুর মা-য`া- ইয়ারজি‘উন।	
তরজমা	‘তুমি যাও আমার এই পত্র লইয়া এবং ইহা তাহাদের নিকট অর্পণ কর ; অতঃপর তাহাদের নিকট হইতে সরিয়া থাকিও এবং লক্ষ্য করিও তাহাদের প্রতিক্রিয়া কী ?’	
	قَالَتْ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اِنِّيْٓ اُلْقِيَ اِلَيَّ كِتٰبٌ كَرِيْمٌ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক`া-লাত ইয়া~আইয়ুহাল মালাউ ইন্নী~উলকি`য়া ইলাইইয়া কিতা-বুং কারীম।	
তরজমা	সেই নারী বলিল, ‘হে পারিষদবর্গ! আমাকে এক সম্মানিত পত্র দেওয়া হইয়াছে ;	
	اِنَّهٗ مِنْ سُلَيْمٰنَ وَاِنَّهٗ بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মিং ছুলাইমা-না ওয়া ইন্নাহূ বিছমিল্লা-হির রাহ`মা-নির রাহ`ীম।	
তরজমা	‘ইহা সুলায়মানের নিকট হইতে এবং ইহা এই : দয়াময়, পরম দয়ালু আল্লাহ্র নামে,	
	اَلَّا تَعْلُوْا عَلَيَّ وَاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	আল্লা- তা‘লূ ‘আলাইইয়া ওয়া’তূনী মুছলিমীন।	
তরজমা	‘অহমিকাবশে আমাকে অমান্য করিও না, এবং আনুগত্য স্বীকার করিয়া আমার নিকট উপস্থিত হও।’	
	قَالَتْ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَفْتُوْنِيْ فِيْٓ اَمْرِيْ ۚ مَا كُنْتُ قَاطِعَةً اَمْرًا حَتّٰى تَشْهَدُوْنِ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক`া-লাত ইয়া~আইয়ুহাল মালাউ আফতূনী ফী~আমরী (জ) মা- কুংতু ক`া-তি`‘আতান আমরান হ`াত্তা-তাশহাদূন।	
তরজমা	সেই নারী বলিল, ‘হে পারিষদবর্গ! আমার এই সমস্যায় তোমাদের অভিমত দাও। আমি কোন ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করি না তোমাদের উপস্থিতি ব্যতীত।	
	قَالُوْا نَحْنُ اُولُوْا قُوَّةٍ وَّاُولُوْا بَاْسٍ شَدِيْدٍ ۙ وَّالْاَمْرُ اِلَيْكِ فَانْظُرِيْ مَاذَا تَاْمُرِيْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ক`া-লূ নাহ`নু উলূ কু`ওওয়াতিওঁ ওয়া উলূ বা’ছিং শাদীদিওঁ (ঌ) ওয়াল আমরু ইলাইকি ফাংজু`রী মা-য`া-তা’মুরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা বলিল, 'আমরা তো শক্তিশালী ও কঠোর যোদ্ধা; তবে সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আপনারই, কী আদেশ করিবেন তাহা আপনি ভাবিয়া দেখুন।'	
	قَالَتْ اِنَّ الْمُلُوْكَ اِذَا دَخَلُوْا قَرْيَةً اَفْسَدُوْهَا وَجَعَلُوْٓا اَعِزَّةَ اَهْلِهَآ اَذِلَّةً ۚ وَكَذٰلِكَ يَفْعَلُوْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ক'া-লাত ইন্নাল মুলূকা ইয'া-দাখালূ ক'ারইয়াতান আফ্ছাদূহা- ওয়া জা'আলূ~ আ'ইঝ্ঝাতা আহ্লিহা~আযি'ল্লাতাওঁ (ج) ওয়া কায'া-লিকা ইয়াফ'আলূন।	
তরজমা	সে বলিল, 'রাজা-বাদশাহ্‌রা যখন কোন জনপদে প্রবেশ করে তখন উহাকে বিপর্যস্ত করিয়া দেয় এবং সেখানকার মর্যাদাবান ব্যক্তিদেরকে অপদস্থ করে, ইহারাও এইরূপই করিবে;	
	وَاِنِّيْ مُرْسِلَةٌ اِلَيْهِمْ بِهَدِيَّةٍ فَنٰظِرَةٌۢ بِمَ يَرْجِعُ الْمُرْسَلُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী মুর্ছিলাতুন ইলাইহিম বিহাদিইইয়াতিং ফানা-জি'রাতুম বিমা ইয়ারজি'উল মুরছালূন।	
তরজমা	'আমি তাহাদের নিকট উপঢৌকন পাঠাইতেছি, দেখি, দূতেরা কী লইয়া ফিরিয়া আসে।'	
	فَلَمَّا جَآءَ سُلَيْمٰنَ قَالَ اَتُمِدُّوْنَنِ بِمَالٍ ۖ فَمَآ اٰتٰىنِيَ اللّٰهُ خَيْرٌ مِّمَّآ اٰتٰىكُمْ ۚ بَلْ اَنْتُمْ بِهَدِيَّتِكُمْ تَفْرَحُوْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-জা~আ ছুলাইমা-না ক'া-লা আতুমিদ্দূনানি বিমা-লিং (ز) ফামা~আ-তা-নিইয়াল্লা-হু খাইরুম মিম্মা~আ-তা-কুম (ج) বাল আংতুম বিহাদিইইয়াতিকুম তাফ্‌রাহূ'ন।	
তরজমা	দূত সুলায়মানের নিকট আসিলে সুলায়মান বলিল, 'তোমরা কি আমাকে ধন-সম্পদ দিয়া সাহায্য করিতেছ ? আল্লাহ্ আমাকে যাহা দিয়াছেন, তাহা তোমাদেরকে যাহা দিয়াছেন তাহা হইতে উৎকৃষ্ট অথচ তোমরা তোমাদের উপঢৌকন লইয়া উৎফুল্ল বোধ করিতেছ।	
	اِرْجِعْ اِلَيْهِمْ فَلَنَاْتِيَنَّهُمْ بِجُنُوْدٍ لَّا قِبَلَ لَهُمْ بِهَا وَلَنُخْرِجَنَّهُمْ مِّنْهَآ اَذِلَّةً وَّهُمْ صٰغِرُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ইরজি' ইলাইহিম ফালানা'তিইয়ান্নাহুম বিজুনূদিল্ লা-কি'বালা লাহুম বিহা- ওয়ালানুখরিজান্নাহুম মিনহা~আযি'ল্লাতাওঁ ওয়াহুম সা-গিরূন।	
তরজমা	'উহাদের নিকট ফিরিয়া যাও, আমি অবশ্যই উহাদের বিরুদ্ধে লইয়া আসিব এক সৈন্যবাহিনী যাহার মুকাবিলা করিবার শক্তি উহাদের নাই। আমি অবশ্যই উহাদেরকে সেখান হইতে বহিষ্কার করিব লাঞ্ছিতভাবে এবং উহারা হইবে অবনমিত।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالَ يٰٓاَيُّهَا الْمَلَؤُا اَيُّكُمْ يَاْتِيْنِيْ بِعَرْشِهَا قَبْلَ اَنْ يَّاْتُوْنِيْ مُسْلِمِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইয়া~আইয়ুহাল মালাউ আইয়ুকুম ইয়া'তীনী বি'আরশিহা-ক'াবলা আইঁ ইয়া'তূনী মুছলিমীন।	
তরজমা	সুলায়মান আরো বলিল, 'হে আমার পারিষদবর্গ! তাহারা আত্মসমর্পণ করিয়া আমার নিকট আসিবার পূর্বে তোমাদের মধ্যে কে তাহার সিংহাসন আমার নিকট লইয়া আসিবে ?'	
	قَالَ عِفْرِيْتٌ مِّنَ الْجِنِّ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ تَقُوْمَ مِنْ مَّقَامِكَ ۚ وَاِنِّيْ عَلَيْهِ لَقَوِيٌّ اَمِيْنٌ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ক'া-লা 'ইফ্রীতুম মিনাল জিন্নি আনা আ-তীকা বিহী ক'াবলা আং তাকূ'মা মিম মাক'া-মিকা (ج) ওয়া ইন্নী 'আলাইহি লাক'াওওয়িয়ুন আমীন।	
তরজমা	এক শক্তিশালী জিন বলিল, 'আপনি আপনার স্থান হইতে উঠিবার পূর্বেই আমি উহা আনিয়া দিব এবং এই ব্যাপারে আমি অবশ্যই ক্ষমতাবান, বিশ্বস্ত।'	
	قَالَ الَّذِيْ عِنْدَهٗ عِلْمٌ مِّنَ الْكِتٰبِ اَنَا اٰتِيْكَ بِهٖ قَبْلَ اَنْ يَّرْتَدَّ اِلَيْكَ طَرْفُكَ ؕ فَلَمَّا رَاٰهُ مُسْتَقِرًّا عِنْدَهٗ قَالَ هٰذَا مِنْ فَضْلِ رَبِّيْ ۖ لِيَبْلُوَنِيْٓ ءَاَشْكُرُ اَمْ اَكْفُرُ ؕ وَمَنْ شَكَرَ فَاِنَّمَا يَشْكُرُ لِنَفْسِهٖ ۚ وَمَنْ كَفَرَ فَاِنَّ رَبِّيْ غَنِيٌّ كَرِيْمٌ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ক'া-লাল্লায'ী 'ইংদাহূ 'ইলমুম মিনাল কিতা-বি আনা আ-তীকা বিহী ক'াবলা আইঁ ইয়ারতাদ্দা ইলাইকা ত'ারফুকা (ط) ফালাম্মা- রাআ-হু মুছতাকি'র্রান ইংদাহূ ক'া-লা হা-য'া-মিং ফাদ'লি রাব্বী (قف) লিইয়াবলুওয়ানী~ আআশকুরু আম আকফুরু (ط) ওয়া মাং শাকারা ফাইন্নামা- ইয়াশকুরু লিনাফছিহী (ج) ওয়ামাং কাফারা ফাইন্না রাব্বী গানিইয়ুং কারীম।	
তরজমা	কিতাবের জ্ঞান যাহার ছিল, সে বলিল, 'আপনি চক্ষুর পলক ফেলিবার পূর্বেই আমি উহা আপনাকে আনিয়া দিব।' সুলায়মান যখন উহা সম্মুখে রক্ষিত অবস্থায় দেখিল তখন সে বলিল, 'ইহা আমার প্রতিপালকের অনুগ্রহ, যাহাতে তিনি আমাকে পরীক্ষা করিতে পারেন-আমি কৃতজ্ঞ না অকৃতজ্ঞ। যে কৃতজ্ঞতা প্রকাশ করে, সে তো কৃতজ্ঞতা প্রকাশ করে নিজেরই কল্যাণের জন্য এবং যে অকৃতজ্ঞ, সে জানিয়া রাখুক যে, আমার প্রতিপালক অভাবমুক্ত, মহানুভব।'	
	قَالَ نَكِّرُوْا لَهَا عَرْشَهَا نَنْظُرْ اَتَهْتَدِيْٓ اَمْ تَكُوْنُ مِنَ الَّذِيْنَ لَا يَهْتَدُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ক'া-লা নাক্কিরূ লাহা- 'আরশাহা- নাংজু'র আতাহ্তাদী~ আম তাকূনু মিনাল্লায'ীনা লা ইয়াহ্তাদূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সুলায়মান বলিল, 'তাহার সিংহাসনের আকৃতি অপরিচিত করিয়া বদলাইয়া দাও; দেখি সে সঠিক দিশা পায়, না সে বিভ্রান্তদের শামিল হয়;	
	فَلَمَّا جَآءَتْ قِيْلَ اَهٰكَذَا عَرْشُكِ ؕ قَالَتْ كَاَنَّهٗ هُوَ ۚ وَاُوْتِيْنَا الْعِلْمَ مِنْ قَبْلِهَا وَكُنَّا مُسْلِمِيْنَ ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-জা~আত ক'ীলা আহা-কাযা'- 'আরশুকি (ط) ক'া-লাত কাআন্নাহূ হুওয়া (ج) ওয়া উতীনাল 'ইলমা মিং ক'াবলিহা- ওয়া কুন্না-মুছলিমীন।	
তরজমা	সেই নারী যখন আসিল, তখন তাহাকে জিজ্ঞাসা করা হইল, 'তোমার সিংহাসন কি এইরূপই ?' সে বলিল, 'ইহা তো যেন উহাই।' আমাদেরকে ইতিপূর্বেই প্রকৃত জ্ঞান দান করা হইয়াছে এবং আমরা আত্মসমর্পণও করিয়াছি।'	
	وَصَدَّهَا مَا كَانَتْ تَّعْبُدُ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ اِنَّهَا كَانَتْ مِنْ قَوْمٍ كٰفِرِيْنَ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়াসাদ্দাহা- মা- কা-নাত তা'বুদু মিং দূনিল্লা-হি (ط) ইন্নাহা-কা-নাত মিং ক'াওমিং কা-ফিরীন।	
তরজমা	আল্লাহ্‌র পরিবর্তে সে যাহার পূজা করিত তাহাই তাহাকে সত্য হইতে নিবৃত্ত করিয়াছে, সে ছিল কাফির সম্প্রদায়ের অন্তর্ভুক্ত।	
	قِيْلَ لَهَا ادْخُلِي الصَّرْحَ ۚ فَلَمَّا رَاَتْهُ حَسِبَتْهُ لُجَّةً وَّكَشَفَتْ عَنْ سَاقَيْهَا ؕ قَالَ اِنَّهٗ صَرْحٌ مُّمَرَّدٌ مِّنْ قَوَارِيْرَ ؕ قَالَتْ رَبِّ اِنِّيْ ظَلَمْتُ نَفْسِيْ وَاَسْلَمْتُ مَعَ سُلَيْمٰنَ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ক'ীলা লাহাদ খুলিস্‌সারহ'া (ج) ফালাম্মা- রাআত্‌হু হ'াছিবাত্‌হু লুজ্জাতাওঁ ওয়া কাশাফাত 'আং ছা-ক'াইহা- (ط) ক'া-লা ইন্নাহূ ছারহু'ম মুমার্‌রাদুম মিং ক'াওয়ারীরা (ط) ক'া-লাত রাব্বি ইন্নী জ'ালাম্‌তু নাফছী ওয়া আছলামতু মা'আ ছুলাইমা-না লিল্লা-হি রাব্বিল 'আ-লামীন।	
তরজমা	তাহাকে বলা হইল, 'এই প্রাসাদে প্রবেশ কর।' যখন সে উহা দেখিল তখন সে উহাকে এক গভীর জলাশয় মনে করিল এবং সে তাহার পদদ্বয় অনাবৃত করিল। সুলায়মান বলিল, 'ইহা তো স্বচ্ছ স্ফটিক মণ্ডিত প্রাসাদ।' সেই নারী বলিল, 'হে আমার প্রতিপালক! আমি তো নিজের প্রতি জুলুম করিয়াছিলাম, আমি সুলায়মানের সঙ্গে জগতসমূহের প্রতিপালক আল্লাহ্‌র নিকট আত্মসমর্পণ করিতেছি।'	
	وَلَقَدْ اَرْسَلْنَاۤ اِلٰى ثَمُوْدَ اَخَاهُمْ صٰلِحًا اَنِ اعْبُدُوا اللّٰهَ فَاِذَا هُمْ فَرِيْقٰنِ يَخْتَصِمُوْنَ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আর্‌ছাল্‌না~ইলা- ছ'ামূদা আখা-হুম সা-লিহ'ান আনি'বুদুল্লা-হা- ফাইয'া-হুম ফারীক'া-নি ইয়াখতাসিমূন।	

তরজমা	আমি অবশ্যই সামূদ সম্প্রদায়ের নিকট তাহাদের ভ্রাতা সালিহ্‌কে পাঠাইয়াছিলাম এই আদেশসহ : 'তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর', কিন্তু উহারা দ্বিধাবিভক্ত হইয়া বিতর্কে লিপ্ত হইল।	
	قَالَ يٰقَوْمِ لِمَ تَسْتَعْجِلُوْنَ بِالسَّيِّئَةِ قَبْلَ الْحَسَنَةِ ۚ لَوْلَا تَسْتَغْفِرُوْنَ اللّٰهَ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইয়া-ক'াওমি লিমা তাছতা'জিলূনা বিছ্‌ছাইয়িআতি ক'াবলাল হ'াছানাতি (ج) লাওলা- তাছতাগফিরূনাল্লা-হা লা'আল্লাকুম তুর্‌হ'ামূন।	
তরজমা	সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা কেন কল্যাণের পূর্বে অকল্যাণ ত্বরান্বিত করিতে চাহিতেছ ? কেন তোমরা আল্লাহ্‌র নিকট ক্ষমা প্রার্থনা করিতেছ না, যাহাতে তোমরা অনুগ্রহভাজন হইতে পার ?'	
	قَالُوا اطَّيَّرْنَا بِكَ وَبِمَنْ مَّعَكَ ۭ قَالَ طٰۗىِٕرُكُمْ عِنْدَ اللّٰهِ بَلْ اَنْتُمْ قَوْمٌ تُفْتَنُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ক'া-লুত্‌ ত'াইয়ারনা- বিকা ওয়া বিমাম্‌ মা'আকা (ط) ক'া-লা ত'া~ইরুকুম 'ইংদাল্লা-হি বাল আংতুম ক'াওমুং তুফ্‌তানূন।	
তরজমা	উহারা বলিল, 'তোমাকে ও তোমার সঙ্গে যাহারা আছে তাহাদেরকে আমরা অমঙ্গলের কারণ মনে করি।' সালিহ্‌ বলিল, 'তোমাদের শুভাশুভ আল্লাহ্‌র ইখ্‌তিয়ারে, বস্তুত তোমরা এমন এক সম্প্রদায় যাহাদেরকে পরীক্ষা করা হইতেছে।'	
	وَكَانَ فِي الْمَدِيْنَةِ تِسْعَةُ رَهْطٍ يُّفْسِدُوْنَ فِي الْاَرْضِ وَلَا يُصْلِحُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া কা-না ফিল মাদীনাতি তিছ'আতু রাহতি'ইঁ ইউফ্‌ছিদূনা ফিল আরদি' ওয়ালা- ইউসলিহূ'ন।	
তরজমা	আর সেই শহরে ছিল এমন নয় ব্যক্তি, যাহারা দেশে বিপর্যয় সৃষ্টি করিত এবং সৎকর্ম করিত না।	
	قَالُوْا تَقَاسَمُوْا بِاللّٰهِ لَنُبَيِّتَنَّهٗ وَاَهْلَهٗ ثُمَّ لَنَقُوْلَنَّ لِوَلِيِّهٖ مَا شَهِدْنَا مَهْلِكَ اَهْلِهٖ وَاِنَّا لَصٰدِقُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ক'া-লূ তাক'া-ছামূ বিল্লা-হি লানুবাইয়িতান্নাহূ ওয়া আহ্‌লাহূ ছু'ম্মা লানাকূ'লান্না লিওয়ালিয়্যিহী মা-শাহিদ্‌না- মাহ্‌লিকা আহলিহী ওয়া ইন্না- লাসা-দিকূ'ন।	
তরজমা	উহারা বলিল, 'তোমরা আল্লাহ্‌র নামে শপথ গ্রহণ কর, 'আমরা রাত্রিকালে তাহাকে ও তাহার পরিবার-পরিজনকে অবশ্যই আক্রমণ করিব ; অতঃপর তাহার অভিভাবককে নিশ্চয় বলিব, 'তাহার পরিবার-পরিজনের হত্যা আমরা প্রত্যক্ষ করি নাই; আমরা অবশ্যই সত্যবাদী।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَكَرُوْا مَكْرًا وَّمَكَرْنَا مَكْرًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া মাকারূ মাকরাওঁ ওয়া মাকারনা- মাকরাওঁ ওয়া হুম লা-ইয়াশ'উরূন।	
তরজমা	উহারা এক চক্রান্ত করিয়াছিল এবং আমিও এক কৌশল অবলম্বন করিলাম, কিন্তু উহারা বুঝিতে পারে নাই।	
	فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ مَكْرِهِمْ ۙ اَنَّا دَمَّرْنٰهُمْ وَقَوْمَهُمْ اَجْمَعِيْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ফাংজু'র কাইফা কা-না 'আ-কি'বাতু মাক্‌রিহিম (ﻯ) আন্না- দাম্মারনা-হুম ওয়া ক'াওমাহুম আজমা'ঈন।	
তরজমা	অতএব দেখ, উহাদের চক্রান্তের পরিণাম কী হইয়াছে-আমি অবশ্যই উহাদেরকে ও উহাদের সম্প্রদায়ের সকলকে ধ্বংস করিয়াছি।	
	فَتِلْكَ بُيُوْتُهُمْ خَاوِيَةً ۢ بِمَا ظَلَمُوْا ۗ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيَةً لِّقَوْمٍ يَّعْلَمُوْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ফাতিলকা বুয়ূতুহুম খা-বি'য়াতাম্ বিমা- জ'ালামূ (ط) ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাল্ লিক'াওমিইঁ ইয়া'লামূন।	
তরজমা	এই তো উহাদের ঘরবাড়ি-সীমালংঘনহেতু যাহা জনশূন্য অবস্থায় পড়িয়া আছে; ইহাতে জ্ঞানী সম্প্রদায়ের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে।	
	وَاَنْجَيْنَا الَّذِيْنَ اٰمَنُوْا وَكَانُوْا يَتَّقُوْنَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া আংজাইনাল্লায'ীনা আ-মানূ ওয়া কা-নূ ইয়াত্তাকূ'ন।	
তরজমা	এবং যাহারা মু'মিন ও মুত্তাকী ছিল তাহাদেরকে আমি উদ্ধার করিয়াছি।	
	وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖٓ اَتَاْتُوْنَ الْفَاحِشَةَ وَاَنْتُمْ تُبْصِرُوْنَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া লূত'ান ইয' ক'া-লা লিক'াওমিহী~ আতা'তূনাল ফা-হি'শাতা ওয়া আংতুম তুবসিরূন।	
তরজমা	স্মরণ কর লূতের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, 'তোমরা জানিয়া-শুনিয়া কেন অশ্লীল কাজ করিতেছ,	
	اَئِنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ شَهْوَةً مِّنْ دُوْنِ النِّسَآءِ ۭ بَلْ اَنْتُمْ قَوْمٌ تَجْهَلُوْنَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	আইন্নাকুম লাতা'তূনার রিজা-লা শাহ্‌ওয়াতাম মিং দূনিন্ নিছা-ই (ط) বাল আংতুম ক'াওমুং তাজহালূন।	
তরজমা	'তোমরা কি কামতৃপ্তির জন্য নারীকে ছাড়িয়া পুরুষে উপগত হইবে ? তোমরা তো এক অজ্ঞ সম্প্রদায়।'	
	فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖٓ اِلَّآ اَنْ قَالُوْٓا اَخْرِجُوْٓا اٰلَ لُوْطٍ مِّنْ قَرْيَتِكُمْ ۚ اِنَّهُمْ اُنَاسٌ يَّتَطَهَّرُوْنَ ﴿٥٦﴾	56

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফামা– কা–না জাওয়া–বা ক'াওমিহী~ইল্লা–আং ক'া–লূ~আখ্‌রিজু~আ–লা লূতি'ম মিং ক'ারইয়াতিকুম (চ) ইন্নাহুম উনা–ছুঁই ইয়াতাত'াহহারূন।	
তরজমা	উত্তরে তাহার সম্প্রদায় শুধু বলিল, 'লূত-পরিবারকে তোমাদের জনপদ হইতে বহিষ্কার কর, ইহারা তো এমন লোক যাহারা পবিত্র সাজিতে চায়।	
	فَأَنجَيْنَٰهُ وَأَهْلَهُۥٓ إِلَّا ٱمْرَأَتَهُۥ قَدَّرْنَٰهَا مِنَ ٱلْغَٰبِرِينَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ফাআংজাইনা–হু ওয়া আহ্‌লাহূ~ইল্লাম রাআতাহূ (য) ক'াদ্দারনা–হা– মিনাল গা–বিরীন।	
তরজমা	অতঃপর আমি তাহাকে ও তাহার পরিজনবর্গকে উদ্ধার করিলাম, তাহার স্ত্রী ব্যতীত, তাহাকে করিয়াছিলাম ধ্বংসপ্রাপ্তদের অন্তর্ভুক্ত।	
	وَأَمْطَرْنَا عَلَيْهِم مَّطَرًا ۖ فَسَآءَ مَطَرُ ٱلْمُنذَرِينَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া আমত'ারনা– 'আলাইহিম মাত'ারাং (চ) ফাছা~আ মাত'ারুল মুংয'ারীন।	
তরজমা	তাহাদের উপর ভয়ংকর বৃষ্টি বর্ষণ করিয়াছিলাম, ভীতি প্রদর্শিতদের জন্য এই বর্ষণ ছিল কত নিকৃষ্ট!	
	قُلِ ٱلْحَمْدُ لِلَّهِ وَسَلَٰمٌ عَلَىٰ عِبَادِهِ ٱلَّذِينَ ٱصْطَفَىٰٓ ۗ ءَآللَّهُ خَيْرٌ أَمَّا يُشْرِكُونَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ক'ুলিল্‌হ'ামদু লিল্লা–হি ওয়া ছালা–মুন 'আলা– 'ইবাদিহিল্লায'ী নাসত'াফা– (ত) আ~ল্লা–হু খাইরুন আম্মা– ইউশরিকূন।	
তরজমা	বল, 'সকল প্রশংসা আল্লাহ্‌রই এবং শান্তি তাঁহার মনোনীত বান্দাদের প্রতি!' শ্রেষ্ঠ কি আল্লাহ্, না উহারা যাহাদেরকে শরীক করে তাহারা ?	
	أَمَّنْ خَلَقَ ٱلسَّمَٰوَٰتِ وَٱلْأَرْضَ وَأَنزَلَ لَكُم مِّنَ ٱلسَّمَآءِ مَآءً ۚ فَأَنۢبَتْنَا بِهِۦ حَدَآئِقَ ذَاتَ بَهْجَةٍ ۚ مَّا كَانَ لَكُمْ أَن تُنۢبِتُوا۟ شَجَرَهَآ ۗ أَءِلَٰهٌ مَّعَ ٱللَّهِ ۚ بَلْ هُمْ قَوْمٌ يَعْدِلُونَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	আম্মান খালাক'াছ্‌ছামা–ওয়া–তি ওয়াল আরদ'া ওয়া আংঝালা লাকুম মিনাছ্‌ছামা~ই মা~আং (চ) ফাআম্‌বাত্‌না–বিহী হ'াদা~ইক'া য'া–তা বাহ্‌জাতিম্ (চ) মা–কা–না লাকুম আং তুমবিতূ শাজারাহা– ; আ ইলা–হুম মা'আল্লা–হি ; বাল হুম ক'াওমুঁই ইয়া'দিলূন।	
তরজমা	বরং তিনি, যিনি সৃষ্টি করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবী এবং আকাশ হইতে তোমাদের জন্য বর্ষণ করেন বৃষ্টি ; অতঃপর আমি উহা দ্বারা মনোরম উদ্যান সৃষ্টি করি, উহার বৃক্ষাদি উদ্‌গত করিবার ক্ষমতা তোমাদের নাই। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তবুও উহারা এমন এক সম্প্রদায় যাহারা সত্যবিচ্যুত হয়।	

	اَمَّنْ جَعَلَ الْاَرْضَ قَرَارًا وَّ جَعَلَ خِلٰلَهَآ اَنْهٰرًا وَّ جَعَلَ لَهَا رَوَاسِيَ وَ جَعَلَ بَيْنَ الْبَحْرَيْنِ حَاجِزًا ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ بَلْ اَكْثَرُهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	আম্মাং জা'আলাল্ আর্দ'া ক'ারা-রাওঁ ওয়া জা'আলা খিলা-লাহা¯আনহা-রাওঁ ওয়া জা'আলা লাহা রাওয়া-ছিয়া ওয়া জা'আলা বাইনাল্ বাহ'রাইনি হ'া-জিঝান (ط) আ ইলা-হুম মা'আল্লা-হি (ط) বাল্ আক্ছ'ারুহুম লা-ইয়া'লামূন।	
তরজমা	বরং তিনি, যিনি পৃথিবীকে করিয়াছেন বাসোপযোগী এবং উহার মাঝে মাঝে প্রবাহিত করিয়াছেন নদীনালা এবং উহাতে স্থাপন করিয়াছেন সুদৃঢ় পর্বত ও দুই দরিয়ার মধ্যে সৃষ্টি করিয়াছেন অন্তরায় ; আল্লাহ্র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তবুও উহাদের অনেকেই জানে না।	
	اَمَّنْ يُّجِيْبُ الْمُضْطَرَّ اِذَا دَعَاهُ وَ يَكْشِفُ السُّوْٓءَ وَ يَجْعَلُكُمْ خُلَفَآءَ الْاَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قَلِيْلًا مَّا تَذَكَّرُوْنَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	আম্মাইঁ ইউজীবুল্ মুদ্'ত'ার্‌রা ইযা'া- দা'আ-হু ওয়া ইয়াক্শিফুছ্ছূ¯আ ওয়া ইয়াজ'আলুকুম খুলাফা¯আল্ আর্‌দি' (ط) আ ইলা-হুম্ মা'আল্লা-হি (ط) ক'ালীলাম মা-তায'াক্কারূন।	
তরজমা	বরং তিনি, যিনি আর্তের আহ্বানে সাড়া দেন, যখন সে তাঁহাকে ডাকে এবং বিপদ-আপদ দূরীভূত করেন এবং তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি করেন। আল্লাহ্র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? তোমরা উপদেশ অতি সামান্যই গ্রহণ করিয়া থাক।	
	اَمَّنْ يَّهْدِيْكُمْ فِيْ ظُلُمٰتِ الْبَرِّ وَ الْبَحْرِ وَ مَنْ يُّرْسِلُ الرِّيٰحَ بُشْرًا بَيْنَ يَدَيْ رَحْمَتِهٖ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ تَعٰلَى اللّٰهُ عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	আম্মাইঁ ইয়াহ্দীকুম্ ফী জু'লুমা-তিল্ বার্‌রি ওয়াল্ বাহ'রি ওয়া মাইঁ ইউরছিলুর্ রিয়া-হ'া বুশ্‌রাম বাইনা ইয়াদাই রাহ'মাতিহী (ط) আ ইলা-হুম্ মা'আল্লা-হি (ط) তা'আ-লাল্লা-হু 'আম্মা-ইউশ্‌রিকূন।	
তরজমা	বরং তিনি, যিনি তোমাদেরকে স্থলের ও পানির অন্ধকারে পথ প্রদর্শন করেন এবং যিনি স্বীয় অনুগ্রহের প্রাক্কালে সুসংবাদবাহী বায়ু প্রেরণ করেন। আল্লাহ্র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? উহারা যাহাকে শরীক করে আল্লাহ্ তাহা হইতে বহু উর্ধ্বে।	
	اَمَّنْ يَّبْدَؤُا الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ وَ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَ الْاَرْضِ ؕ ءَاِلٰهٌ مَّعَ اللّٰهِ ؕ قُلْ هَاتُوْا بُرْهَانَكُمْ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٦٤﴾	64

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আম্মাইঁ ইয়াব্‌দাউল খালক'া ছু'ম্মা ইউ'ঈদুহূ ওয়ামাইঁ ইয়ার্‌যুকু'কুম্ মিনাছ্ ছামা~ই ওয়াল্ আর্‌দি' (ط) আ ইলা-হুম্ মা'আল্লা-হি (ط) কু'ল হা-তূ বুরহা-নাকুম ইং কুংতুম্ সা-দিক'ীন।	
তরজমা	বরং তিনি, যিনি আদিতে সৃষ্টি করেন, অতঃপর উহার পুনরাবৃত্তি করিবেন এবং যিনি তোমাদেরকে আকাশ ও পৃথিবী হইতে জীবনোপকরণ দান করেন। আল্লাহ্‌র সঙ্গে অন্য কোন ইলাহ্ আছে কি ? বল, 'তোমরা যদি সত্যবাদী হও তবে তোমাদের প্রমাণ পেশ কর।'	
	قُلْ لَّا يَعْلَمُ مَنْ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ الْغَيْبَ اِلَّا اللّٰهُ ؕ وَمَا يَشْعُرُوْنَ اَيَّانَ يُبْعَثُوْنَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	কু'ল্ লা-ইয়া'লামু মাং ফিছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি'ল্ গাইবা ইল্লাল্লা-হু (ط) ওয়ামা-ইয়াশ্'উরূনা আইয়া-না ইউব্'আছূ'ন্।	
তরজমা	বল, 'আল্লাহ্ ব্যতীত আকাশমণ্ডলী ও পৃথিবীতে কেহই অদৃশ্য বিষয়ের জ্ঞান রাখে না এবং উহারা জানে না উহারা কখন উত্থিত হইবে।'	
	بَلِ ادّٰرَكَ عِلْمُهُمْ فِي الْاٰخِرَةِ ۚ بَلْ هُمْ فِيْ شَكٍّ مِّنْهَا ۚ بَلْ هُمْ مِّنْهَا عَمُوْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	বালিদ্ দা-রাকা 'ইল্‌মুহুম ফিল আ-খিরাতি (قف) বাল্ হুম ফী শাক্কিম্ মিনহা-, বাল্ হুম্ মিন্‌হা-'আমূন।	
তরজমা	আখিরাত সম্পর্কে উহাদের জ্ঞান তো নিঃশেষ হইয়াছে ; উহারা তো এ বিষয়ে সন্দিগ্ধ, বরং এ বিষয়ে উহারা অন্ধ।	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْٓا ءَاِذَا كُنَّا تُرٰبًا وَّاٰبَآؤُنَآ اَئِنَّا لَمُخْرَجُوْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ীনা কাফারূ~ আইয'া-কুন্না-তুরা-বাওঁ ওয়াআ-বা~উনা~ আইন্না লামুখ্‌রাজুন্।	
তরজমা	কাফিররা বলে, 'আমরা ও আমাদের পিতৃপুরুষেরা মৃত্তিকায় পর্যবসিত হইয়া গেলেও কি আমাদেরকে উত্থিত করা হইবে ?	
	لَقَدْ وُعِدْنَا هٰذَا نَحْنُ وَاٰبَآؤُنَا مِنْ قَبْلُ ۖ اِنْ هٰذَآ اِلَّآ اَسَاطِيْرُ الْاَوَّلِيْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	লাক'াদ্ উ'ইদ্‌না- হা-য'া-নাহ'নু ওয়া আ-বা~উনা-মিং ক'াব্‌লু (لا) ইন্ হা-য'া~ইল্লা~আছা-ত'ীরুল্ আওওয়ালীন্।	
তরজমা	'এই বিষয়ে তো আমাদেরকে এবং পূর্বে আমাদের পূর্বপুরুষগণকেও ভীতি প্রদর্শন করা হইয়াছিল। ইহা তো পূর্ববর্তীদের উপকথা ব্যতীত আর কিছু নহে।'	
	قُلْ سِيْرُوْا فِي الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُجْرِمِيْنَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ক'ুল ছীরূ ফিল্ আর্‌দি' ফাংজু'রূ কাইফা কা-না 'আ-কি'বাতুল মুজরিমীন্।	
তরজমা	বল, 'পৃথিবীতে পরিভ্রমণ কর এবং দেখ অপরাধীদের পরিণাম কিরূপ হইয়াছে।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَا تَحْزَنْ عَلَيْهِمْ وَلَا تَكُنْ فِيْ ضَيْقٍ مِّمَّا يَمْكُرُوْنَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তাহ্‌যান্ ‘আলাইহিম্ ওয়ালা– তাকুং ফী দ্বাইকিম্ মিম্মা– ইয়াম্‌কুরূন্।	
তরজমা	উহাদের সম্পর্কে তুমি দুঃখ করিও না এবং উহাদের ষড়যন্ত্রে মনঃক্ষুণ্ন হইও না।	
	وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ্‌লূনা মাতা– হা–যাল্ ওয়া‘দু ইং কুংতুম সা–দিকীন্।	
তরজমা	উহারা বলে, ‘তোমরা যদি সত্যবাদী হও তবে বল, কখন এই প্রতিশ্রুতি পূর্ণ হইবে ?’	
	قُلْ عَسٰى اَنْ يَّكُوْنَ رَدِفَ لَكُمْ بَعْضُ الَّذِيْ تَسْتَعْجِلُوْنَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ক্বুল্ ‘আছা~আইঁ ইয়াকূনা রাদিফা লাকুম্ বা‘দুল্লাযী তাছ্‌তা‘জিলূন্।	
তরজমা	বল, ‘তোমরা যে বিষয় ত্বরান্বিত করিতে চাহিতেছ সম্ভবত তাহার কিছু তোমাদের নিকটবর্তী হইয়াছে।’	
	وَاِنَّ رَبَّكَ لَذُوْ فَضْلٍ عَلَى النَّاسِ وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَشْكُرُوْنَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাযূ ফাদ্‌লিন্ ‘আলান্না–ছি ওয়ালা– কিন্না আক্‌ছারাহুম লা–ইয়াশ্‌কুরূন্।	
তরজমা	নিশ্চয়ই তোমার প্রতিপালক মানুষের প্রতি অনুগ্রহশীল; কিন্তু উহাদের অধিকাংশই অকৃতজ্ঞ।	
	وَاِنَّ رَبَّكَ لَيَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না রাব্বাকা লাইয়া‘লামু মা–তুকিন্নু সুদূরুহুম ওয়ামা–ইউ‘লিনূন।	
তরজমা	উহাদের অন্তর যাহা গোপন করে এবং উহারা যাহা প্রকাশ করে তাহা তোমার প্রতিপালক অবশ্যই জানেন।	
	وَمَا مِنْ غَآئِبَةٍ فِي السَّمَآءِ وَالْاَرْضِ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়ামা মিন গা~ইবাতিং ফিছ্‌ছামা~ই ওয়াল আরদি ইল্লা–ফী কিতা–বিম মুবীন।	
তরজমা	আকাশে ও পৃথিবীতে এমন কোন গোপন রহস্য নাই, যাহা সুস্পষ্ট কিতাবে নাই।	
	اِنَّ هٰذَا الْقُرْاٰنَ يَقُصُّ عَلٰى بَنِيْٓ اِسْرَآءِيْلَ اَكْثَرَ الَّذِيْ هُمْ فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ইন্না হা–যাল কু‘রআ–না ইয়াকু‘স্‌সু ‘আলা–বানী~ইছরা~ঈলা আকছারাল্লাযী হুম ফীহি ইয়াখতালিফূন।	
তরজমা	বনী ইসরাঈল যেই সমস্ত বিষয়ে মতভেদ করে, এই কুরআন তাহার অধিকাংশ তাহাদের নিকট বিবৃত করে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِنَّهٗ لَهُدًى وَّرَحْمَةٌ لِّلْمُؤْمِنِيْنَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লাহুদাওঁ ওয়া রাহ`মাতুল লিল্‌মু'মিনীন।	
তরজমা	এবং নিশ্চয়ই ইহা মু'মিনদের জন্য হিদায়াত ও রহমত।	
	اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ بِحُكْمِهٖ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْعَلِيْمُ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকা ইয়াকদ`ী বাইনাহুম বিহু`কমিহী (ج) ওয়া হুওয়াল 'আঝীঝুল 'আলীম।	
তরজমা	তোমার প্রতিপালক তো তাঁহার বিধান অনুযায়ী উহাদের মধ্যে ফায়সালা করিয়া দিবেন। তিনি পরাক্রমশালী, সর্বজ্ঞ।	
	فَتَوَكَّلْ عَلَى اللّٰهِ ۭ اِنَّكَ عَلَى الْحَقِّ الْمُبِيْنِ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ফাতাওয়াক্কাল 'আলাল্লা-হি (ط) ইন্নাকা 'আলাল হ`াক্কি`ল মুবীন।	
তরজমা	অতএব আল্লাহ্‌র উপর নির্ভর কর; তুমি তো স্পষ্ট সত্যে প্রতিষ্ঠিত।	
	اِنَّكَ لَا تُسْمِعُ الْمَوْتٰى وَلَا تُسْمِعُ الصُّمَّ الدُّعَاۗءَ اِذَا وَلَّوْا مُدْبِرِيْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ইন্নাকা লা-তুছমি'উল মাওতা-ওয়ালা-তুছমি'উসসু`ম্মাদ্‌দু'আ-আ ইয`া-ওয়াল্লাও মুদবিরীন।	
তরজমা	মৃতকে তো তুমি কথা শোনাইতে পারিবে না, বধিরকেও পারিবে না আহ্বান শোনাইতে, যখন উহারা পিঠ ফিরাইয়া চলিয়া যায়।	
	وَمَآ اَنْتَ بِهٰدِ الْعُمْيِ عَنْ ضَلٰلَتِهِمْ ۭ اِنْ تُسْمِعُ اِلَّا مَنْ يُّؤْمِنُ بِاٰيٰتِنَا فَهُمْ مُّسْلِمُوْنَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আংতা বিহা-দিল 'উময়ি 'আং দ`ালা-লাতিহিম (ط) ইং তুছমি'উ ইল্লা-মাইঁ ইউ'মিনু বিআ-য়া-তিনা-ফাহুম মুছলিমূন।	
তরজমা	তুমি অন্ধদেরকে উহাদের পথভ্রষ্টতা হইতে পথে আনিতে পারিবে না। তুমি শোনাইতে পারিবে কেবল তাহাদেরকে, যাহারা আমার নিদর্শনাবলীতে বিশ্বাস করে। আর তাহারাই আত্মসমর্পণকারী।	
	وَاِذَا وَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ اَخْرَجْنَا لَهُمْ دَاۗبَّةً مِّنَ الْاَرْضِ تُكَلِّمُهُمْ ۙ اَنَّ النَّاسَ كَانُوْا بِاٰيٰتِنَا لَا يُوْقِنُوْنَ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ওয়া ইয`া-ওয়াক`া'আল ক`াওলু 'আলাইহিম আখরাজনা-লাহুম দা~ব্বাতাম মিনাল আরদি` তুকাল্লিমুহুম (لا) আন্নান্‌না-ছা কা-নূ বিআ-য়া-তিনা-লা- ইউকি`নূন্।	
তরজমা	যখন ঘোষিত শাস্তি উহাদের নিকট আসিবে তখন আমি মৃত্তিকাগর্ভ হইতে বাহির করিব এক জীব, যাহা উহাদের সঙ্গে কথা বলিবে, এইজন্য যে, মানুষ আমার নিদর্শনে অবিশ্বাসী।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَيَوْمَ نَحْشُرُ مِنْ كُلِّ اُمَّةٍ فَوْجًا مِّمَّنْ يُّكَذِّبُ بِاٰيٰتِنَا فَهُمْ يُوْزَعُوْنَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা নাহ'শুরু মিং কুল্লি উম্মাতিং ফাওজাম মিম্মাইঁ ইউকায'যি'বু বিআ-য়া-তিনা-ফাহুম ইউঝা'ঊন।	
তরজমা	স্মরণ কর সেই দিনের কথা, যেই দিন আমি সমবেত করিব প্রত্যেক সম্প্রদায় হইতে এক-একটি দলকে, যাহারা আমার নিদর্শনাবলী প্রত্যাখ্যান করিত আর উহাদেরকে সারিবদ্ধ করা হইবে।	
	حَتّٰٓى اِذَا جَآءُوْ قَالَ اَكَذَّبْتُمْ بِاٰيٰتِىْ وَلَمْ تُحِيْطُوْا بِهَا عِلْمًا اَمَّاذَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	হ'ত্তা~ইযা'- জা~ঊ ক'া-লা আকায'য'াবতুম বিআ-য়া-তী ওয়া লাম তুহ'ীতূ' বিহা-'ইলমান আম্মা-য'া-কুংতুম তা'মালূন।	
তরজমা	যখন উহারা সমাগত হইবে তখন আল্লাহ্ উহাদেরকে বলিবেন, 'তোমরা কি আমার নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছিলে, অথচ উহা তোমরা জ্ঞানায়ত্ত করিতে পার নাই ? বরং তোমরা আরও কিছু করিতেছিলে ?'	
	وَوَقَعَ الْقَوْلُ عَلَيْهِمْ بِمَا ظَلَمُوْا فَهُمْ لَا يَنْطِقُوْنَ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ওয়া-ওয়াক'া'আল ক'াওলু 'আলাইহিম বিমা-জ'ালামূ ফাহুম লা-ইয়াংতি'কূ'ন।	
তরজমা	সীমালংঘন হেতু উহাদের উপর ঘোষিত শাস্তি আসিয়া পড়িবে; ফলে উহারা কিছুই বলিতে পারিবে না।	
	اَلَمْ يَرَوْا اَنَّا جَعَلْنَا الَّيْلَ لِيَسْكُنُوْا فِيْهِ وَالنَّهَارَ مُبْصِرًا ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	আলাম ইয়ারাও আন্না-জা'আলনাল্লাইলা লিইয়াছকুনূ ফীহি ওয়ান্নাহা-রা মুবসিরান (ط) ইন্না ফী য'া-লিকা লাআ-য়া-তিল লিক'াওমিইঁ ইউ'মিনূন।	
তরজমা	উহারা কি অনুধাবন করে না যে, আমি রাত্রি সৃষ্টি করিয়াছি উহাদের বিশ্রামের জন্য এবং দিবসকে করিয়াছি আলোকপ্রদ ? ইহাতে মু'মিন সম্প্রদায়ের জন্য অবশ্যই নিদর্শন রহিয়াছে।	
	وَيَوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ فَفَزِعَ مَنْ فِي السَّمٰوٰتِ وَمَنْ فِي الْاَرْضِ اِلَّا مَنْ شَاۗءَ اللّٰهُ ۭ وَكُلٌّ اَتَوْهُ دٰخِرِيْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউংফাখু ফিস্সূরি ফাফাঝি'আ মাং ফিছ্ছামা-ওয়া-তি ওয়া মাং ফিল আরদি' ইল্লা-মাং শা~আল্লা-হু (ط) ওয়া কুল্লুন আতাওহু দা-খিরীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং যেদিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে, সেই দিন আকাশমণ্ডলীর ও পৃথিবীর সকলেই ভীত-বিহবল হইয়া পড়িবে, তবে আল্লাহ্ যাহাদেরকে চাহিবেন তাহারা ব্যতীত এবং সকলেই তাঁহার নিকট আসিবে বিনীত অবস্থায়।	
	وَتَرَى الْجِبَالَ تَحْسَبُهَا جَامِدَةً وَّهِيَ تَمُرُّ مَرَّ السَّحَابِ ؕ صُنْعَ اللّٰهِ الَّذِيْٓ اَتْقَنَ كُلَّ شَيْءٍ ؕ اِنَّهٗ خَبِيْرٌۢ بِمَا تَفْعَلُوْنَ ﴿٨٨﴾	88
প্রতিবর্ণায়ন	ওয়া তারাল জিবা-লা তাহ্ছাবুহা- জা-মিদাতাওঁ ওয়াহিয়া তামুররু মার্‌রাছছাহ্‌া-বি (ط) সুন্‌'আল্লা-হিল্লাযী~ আত্‌ক্‌'ানা কুল্লা শাইয়িন (ط) ইন্নাহূ খাবীরুম্ বিমা- তাফ্‌'আলূন্।	
তরজমা	তুমি পর্বতমালা দেখিতেছ, মনে করিতেছ উহা অচল, অথচ উহারা হইবে মেঘপুঞ্জের ন্যায় সঞ্চরমাণ। ইহা আল্লাহ্‌রই সৃষ্টি নৈপুণ্য, যিনি সমস্ত কিছুকে করিয়াছেন সুষম। তোমরা যাহা কর সে সম্বন্ধে তিনি সম্যক অবগত।	
	مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَهُمْ مِّنْ فَزَعٍ يَّوْمَئِذٍ اٰمِنُوْنَ ﴿٨٩﴾	89
প্রতিবর্ণায়ন	মাং জা~আ বিলহ্‌'ছানাতি ফালাহূ খাইরুম মিন্‌হা- (ج) ওয়া হুম্ মিং ফাঝাইয়ঁ ইয়াওমাইযি'ন্ আ-মিনূন্।	
তরজমা	যে কেহ সৎকর্ম লইয়া আসিবে, সে উহা হইতে উৎকৃষ্ট প্রতিফল পাইবে এবং সেই দিন উহারা শংকা হইতে নিরাপদ থাকিবে।	
	وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَكُبَّتْ وُجُوْهُهُمْ فِي النَّارِ ؕ هَلْ تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٩٠﴾	90
প্রতিবর্ণায়ন	ওয়া মাং জা~আ বিছ্‌ছাইয়িআতি ফাকুব্বাত্ উজূহুহুম্ ফিন্না-রি (ط) হাল্ তুজঝাওনা ইল্লা- মা-কংতুম্ তা'মালূন।	
তরজমা	যে কেহ অসৎকর্ম লইয়া আসিবে, তাহাকে অধোমুখে নিক্ষেপ করা হইবে দোযখে এবং উহাদেরকে বলা হইবে, 'তোমরা যাহা করিতে তাহারই প্রতিফল তোমাদেরকে দেওয়া হইতেছে।'	
	اِنَّمَآ اُمِرْتُ اَنْ اَعْبُدَ رَبَّ هٰذِهِ الْبَلْدَةِ الَّذِيْ حَرَّمَهَا وَلَهٗ كُلُّ شَيْءٍ ۖ وَّاُمِرْتُ اَنْ اَكُوْنَ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿٩١﴾	91
প্রতিবর্ণায়ন	ইন্নামা~ উমির্‌তু আন্ আ'বুদা রাব্বা হা-যি'হিল্ বাল্‌দাতিল্লাযী হ'ার্‌রামাহা- ওয়ালাহূ কুল্লু শাইয়িওঁ (ز) ওয়া উমির্‌তু আন্ আকূনা মিনাল্ মুছলিমীন্।	
তরজমা	আমি তো আদিষ্ট হইয়াছি এই নগরীর প্রভুর 'ইবাদত করিতে, যিনি ইহাকে করিয়াছেন সম্মানিত। সমস্ত কিছু তাঁহারই। আমি আরও আদিষ্ট হইয়াছি, যেন আমি আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত হই।	

		92
	وَاَنْ اَتْلُوا الْقُرْاٰنَ ۚ فَمَنِ اهْتَدٰى فَاِنَّمَا يَهْتَدِيْ لِنَفْسِهٖ ۚ وَمَنْ ضَلَّ فَقُلْ اِنَّمَآ اَنَا مِنَ الْمُنْذِرِيْنَ ﴿٩٢﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া আন আত্‌লুওয়াল্ কু'রআ-না (ج) ফামানিহ্ তাদা- ফাইন্নামা- ইয়াহ্‌তাদী লিনাফ্‌ছিহী (ج) ওয়া মাং দ'াল্লা ফাক্‌ুল্ ইন্নামা~ আনা মিনাল মুংযি'রীন্।	
তরজমা	আমি আরও আদিষ্ট হইয়াছি, কুরআন তিলাওয়াত করিতে; অতএব যে ব্যক্তি সৎপথ অনুসরণ করে, সে সৎপথ অনুসরণ করে নিজেরই কল্যাণের জন্য। আর কেহ ভ্রান্ত পথ অবলম্বন করিলে তুমি বলিও, 'আমি তো কেবল সতর্ককারীদের মধ্যে একজন।'	
	وَقُلِ الْحَمْدُ لِلّٰهِ سَيُرِيْكُمْ اٰيٰتِهٖ فَتَعْرِفُوْنَهَا ۭ وَمَا رَبُّكَ بِغَافِلٍ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٩٣﴾	93
প্রতিবর্ণায়ন	ওয়া কু'লিল্ হ'াম্‌দু লিল্লা-হি ছাইউরীকুম আ-য়া-তিহী ফাতা'রিফূনাহা- (ط) ওয়ামা- রাব্বুকা বিগা-ফিলিন্ 'আম্মা- তা'মালূন্।	
তরজমা	আর বল, 'সকল প্রশংসা আল্লাহ্‌রই, তিনি তোমাদেরকে সত্বর দেখাইবেন তাঁহার নিদর্শন; তখন তোমরা উহা বুঝিতে পারিবে।' তোমরা যাহা কর সে সম্বন্ধে তোমার প্রতিপালক গাফিল নন।	

28 - Al-Qasas-ক্বাসাস -القصص

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	طٰسٓمّٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ত'া-ছি~ম্ মী~ম্।	
তরজমা	তা-সীন-মীম;	
	تِلْكَ اٰيٰتُ الْكِتٰبِ الْمُبِيْنِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	তিল্‌কা আ-য়া-তুল কিতা-বিল মুবীন।	
তরজমা	এই আয়াতগুলি সুস্পষ্ট কিতাবের।	
	نَتْلُوْا عَلَيْكَ مِنْ نَّبَاِ مُوْسٰى وَفِرْعَوْنَ بِالْحَقِّ لِقَوْمٍ يُّؤْمِنُوْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	নাত্‌লূ 'আলাইকা মিং নাবাই মূছা- ওয়াফির'আওনা বিল্‌হ'াক্কি লিক'াওমিইঁ ইউ'মিনূন্।	
তরজমা	আমি তোমার নিকট মূসা ও ফির'আওনের কিছু বৃত্তান্ত যথাযথভাবে বিবৃত করিতেছি, মু'মিন সম্প্রদায়ের উদ্দেশ্যে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِنَّ فِرْعَوْنَ عَلَا فِي الْاَرْضِ وَجَعَلَ اَهْلَهَا شِيَعًا يَّسْتَضْعِفُ طَآئِفَةً مِّنْهُمْ يُذَبِّحُ اَبْنَآءَهُمْ وَيَسْتَحْيٖ نِسَآءَهُمْ ؕ اِنَّهٗ كَانَ مِنَ الْمُفْسِدِيْنَ ۝	4
প্রতিবর্ণায়ন	ইন্না ফির'আওনা 'আলা-ফিল্ আর্দি' ওয়াজা'আলা আহ্লাহা- শিইয়া'আই্ঁ ইয়াছতাদ্'ইফু ত'া~ইফাতাম মিন্হুম ইউয'াব্বিহু' আব্না~আহুম ওয়াইয়াছ্তাহ'য়ী নিছা~আহুম (ط) ইন্নাহূ কা-না মিনাল মুফ্ছিদীন।	
তরজমা	ফির'আওন দেশে পরাক্রমশালী হইয়াছিল এবং সেখানকার অধিবাসীবৃন্দকে বিভিন্ন শ্রেণীতে বিভক্ত করিয়া উহাদের একটি শ্রেণীকে সে হীনবল করিয়াছিল; উহাদের পুত্রগণকে সে হত্যা করিত এবং নারীগণকে জীবিত থাকিতে দিত। সে তো ছিল বিপর্যয় সৃষ্টিকারী।	
	وَنُرِيْدُ اَنْ نَّمُنَّ عَلَى الَّذِيْنَ اسْتُضْعِفُوْا فِي الْاَرْضِ وَنَجْعَلَهُمْ اَئِمَّةً وَّنَجْعَلَهُمُ الْوٰرِثِيْنَ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়ানুরীদু আন্নামুন্না 'আলাল্লায'ীনাছ্তুদ''ইফূ ফিল্ আরদি' ওয়া নাজ'আলাহুম আয়িম্মাতাওঁ ওয়া নাজ'আলাহুমুল ওয়া-রিছ'ীন।	
তরজমা	আমি ইচ্ছা করিলাম, সে দেশে যাহাদেরকে হীনবল করা হইয়াছিল, তাহাদের প্রতি অনুগ্রহ করিতে, তাহাদেরকে নেতৃত্ব দান করিতে ও উত্তরাধিকারী করিতে;	
	وَنُمَكِّنَ لَهُمْ فِي الْاَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا مِنْهُمْ مَّا كَانُوْا يَحْذَرُوْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়া নুমাক্কিনা লাহুম্ ফিল আরদি' ওয়া নুরিয়া ফির'আওনা ওয়া হা-মা-না ওয়া জুনূদাহুমা-মিন্হুম মা-কা-নূ ইয়াহ'য'ারূন্।	
তরজমা	এবং তাহাদেরকে দেশে ক্ষমতায় প্রতিষ্ঠিত করিতে, আর ফির'আওন, হামান ও তাহাদের বাহিনীকে তাহা দেখাইয়া দিতে, যাহা উহাদের নিকট তাহারা আশংকা করিত।	
	وَاَوْحَيْنَآ اِلٰٓى اُمِّ مُوْسٰٓى اَنْ اَرْضِعِيْهِ ۚ فَاِذَا خِفْتِ عَلَيْهِ فَاَلْقِيْهِ فِي الْيَمِّ وَلَا تَخَافِيْ وَلَا تَحْزَنِيْ ۚ اِنَّا رَآدُّوْهُ اِلَيْكِ وَجَاعِلُوْهُ مِنَ الْمُرْسَلِيْنَ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া আওহ'াইনা~ইলা~উম্মি মূছা~আন্ আরদি''ঈহি (ج) ফাইয'া-খিফ্তি 'আলাইহি ফাআল্ক'ীহি ফিল্ ইয়াম্মি ওয়ালা-তাখা-ফী ওয়ালা- তাহ'ঝানী (ج) ইন্না- রা~দ্দূহু ইলাইকি ওয়া জা-'ইলূহু মিনাল্ মুর্ছালীন।	
তরজমা	মূসা-জননীর অন্তরে আমি ইঙ্গিতে নির্দেশ করিলাম, 'শিশুটিকে স্তন্য দান করিতে থাক। যখন তুমি তাহার সম্পর্কে কোন আশংকা করিবে তখন ইহাকে দরিয়ায় নিক্ষেপ করিও এবং ভয় করিও না, দুঃখও করিও না। আমি অবশ্যই ইহাকে তোমার নিকট ফিরাইয়া দিব এবং ইহাকে রাসূলদের একজন করিব।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَالْتَقَطَهٗۤ اٰلُ فِرْعَوْنَ لِيَكُوْنَ لَهُمْ عَدُوًّا وَّحَزَنًا ؕ اِنَّ فِرْعَوْنَ وَهَامٰنَ وَجُنُوْدَهُمَا كَانُوْا خٰطِـِٕيْنَ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ফাল্‌তাক'াত'াহূ~ আ-লু ফির'আওনা লিয়াকূনা লাহুম 'আদুওওয়াওঁ ওয়া হ'াঝানান (ط) ইন্না ফির'আওনা ওয়া হা-মা-না ওয়া জুনূদাহুমা- কা-নূ খা-তি'ঈন্।	
তরজমা	অতঃপর ফির'আওনের লোকজন তাহাকে উঠাইয়া লইল। ইহার পরিণাম তো এই ছিল যে, সে উহাদের শত্রু ও দুঃখের কারণ হইবে। অবশ্যই ফির'আওন, হামান ও উহাদের বাহিনী ছিল অপরাধী।	
	وَقَالَتِ امْرَاَتُ فِرْعَوْنَ قُرَّتُ عَيْنٍ لِّيْ وَلَكَ ؕ لَا تَقْتُلُوْهُ ۖ عَسٰۤى اَنْ يَّنْفَعَنَاۤ اَوْ نَتَّخِذَهٗ وَلَدًا وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাতিম্‌রাআতু ফির'আওনা কু'র্‌রাতু 'আইনিল্লী ওয়ালাকা (ط) লা-তাক'তুলূহু 'আছা~ আইঁ ইয়াংফা'আনা~ আও নাত্তাখিয'াহূ ওয়ালাদাওঁ ওয়া হুম লা-ইয়াশ'উরূন।	
তরজমা	ফির'আওনের স্ত্রী বলিল, 'এই শিশু আমার ও তোমার নয়ন-প্রীতিকর। ইহাকে হত্যা করিও না, সে আমাদের উপকারে আসিতে পারে, আমরা তাহাকে সন্তান হিসাবেও গ্রহণ করিতে পারি।' প্রকৃতপক্ষে উহারা ইহার পরিণাম বুঝিতে পারে নাই।	
	وَاَصْبَحَ فُؤَادُ اُمِّ مُوْسٰى فٰرِغًا ؕ اِنْ كَادَتْ لَتُبْدِيْ بِهٖ لَوْلَاۤ اَنْ رَّبَطْنَا عَلٰى قَلْبِهَا لِتَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়াআসবাহ'া ফুআ-দু উম্মি মূছা- ফা-রিগান (ط) ইং কা-দাত লাতুব্‌দী বিহী লাওলা~আর রাবাত'না- 'আলা- ক'াল্‌বিহা- লিতাকূনা মিনাল্ মু'মিনীন।	
তরজমা	মূসা-জননীর হৃদয় অস্থির হইয়া পড়িয়াছিল। যাহাতে সে আস্থাশীল হয় তজ্জন্য আমি তাহার হৃদয়কে দৃঢ় করিয়া না দিলে সে তাহার পরিচয় তো প্রকাশ করিয়াই দিত।	
	وَقَالَتْ لِاُخْتِهٖ قُصِّيْهِ ۫ فَبَصُرَتْ بِهٖ عَنْ جُنُبٍ وَّهُمْ لَا يَشْعُرُوْنَ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাত্ লিউখ্‌তিহী কু'সসীহি (ز) ফাবাসুরাত বিহী 'আং জুনুবিওঁ ওয়াহুম লা-ইয়াশ'উরূন্।	
তরজমা	সে মূসার ভগ্নিকে বলিল, 'ইহার পিছনে পিছনে যাও।' সে উহাদের অজ্ঞাতসারে দূর হইতে তাহাকে দেখিতেছিল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَحَرَّمْنَا عَلَيْهِ الْمَرَاضِعَ مِنْ قَبْلُ فَقَالَتْ هَلْ أَدُلُّكُمْ عَلَىٰ أَهْلِ بَيْتٍ يَكْفُلُونَهُ لَكُمْ وَهُمْ لَهُ نَاصِحُونَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া হ'ার্‌রাম্‌না- 'আলাইহিল মারা-দি''আ মিং ক'াব্‌লু ফাক'া-লাত হাল্ আদুল্লকুম্ 'আলা~আহ্‌লি বাইতিইঁ ইয়াক্‌ফুলূনাহূ লাকুম ওয়াহুম লাহূ না-সিহূ'ন্।	
তরজমা	পূর্ব হইতেই আমি ধাত্রী-স্তন্যপানে তাহাকে বিরত রাখিয়াছিলাম। মূসার ভগ্নি বলিল, 'তোমাদেরকে কি আমি এমন এক পরিবারের সন্ধান দিব যাহারা তোমাদের হইয়া ইহাকে লালন-পালন করিবে এবং ইহার মঙ্গলকামী হইবে ?'	
	فَرَدَدْنَاهُ إِلَىٰ أُمِّهِ كَيْ تَقَرَّ عَيْنُهَا وَلَا تَحْزَنَ وَلِتَعْلَمَ أَنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ফারাদাদ্‌না-হু ইলা~উম্মিহী কাই তাক'া'ররা 'আইনুহা- ওয়ালা-তাহ'ঝানা, ওয়ালিতা'লামা আন্না ওয়া'দাল্লা-হি হ'াক্কু'ওঁ ওয়ালা-কিন্না আক্‌ছ'ারাহুম লা-ইয়া'লামূন্।	
তরজমা	অতঃপর আমি তাহাকে ফিরাইয়া দিলাম তাহার জননীর নিকট যাহাতে তাহার চক্ষু জুড়ায়, সে দুঃখ না করে এবং বুঝিতে পারে যে, আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য ; কিন্তু অধিকাংশ মানুষই ইহা জানে না।	
	وَلَمَّا بَلَغَ أَشُدَّهُ وَاسْتَوَىٰ آتَيْنَاهُ حُكْمًا وَعِلْمًا ۚ وَكَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়ালাম্মা- বালাগা আশুদ্দাহূ ওয়াছ্‌তাওয়া~আ-তাইনা-হু হু'ক্‌মাওঁ ওয়া 'ইলমাওঁ (ط) ওয়া কায'া-লিকা নাজঝিল্ মুহ'ছিনীন্।	
তরজমা	যখন মূসা পূর্ণ যৌবনে উপনীত ও পরিণত বয়স্ক হইল তখন আমি তাহাকে হিক্‌মত ও জ্ঞান দান করিলাম; এইভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কার প্রদান করিয়া থাকি।	
	وَدَخَلَ الْمَدِينَةَ عَلَىٰ حِينِ غَفْلَةٍ مِنْ أَهْلِهَا فَوَجَدَ فِيهَا رَجُلَيْنِ يَقْتَتِلَانِ هَٰذَا مِنْ شِيعَتِهِ وَهَٰذَا مِنْ عَدُوِّهِ ۖ فَاسْتَغَاثَهُ الَّذِي مِنْ شِيعَتِهِ عَلَى الَّذِي مِنْ عَدُوِّهِ ۖ فَوَكَزَهُ مُوسَىٰ فَقَضَىٰ عَلَيْهِ ۖ قَالَ هَٰذَا مِنْ عَمَلِ الشَّيْطَانِ ۖ إِنَّهُ عَدُوٌّ مُضِلٌّ مُبِينٌ ﴿١٥﴾	15

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া দাখালাল্ মাদীনাতা ‘আলা- হ ীনি গাফ্লাতিম্ মিন্ আহলিহা- ফাওয়াজাদা ফীহা- রাজুলাইনি ইয়াক তাতিলা-নি (ق) হা-য া-মিং শী‘আতিহী ওয়া হা-য া-মিন্ আদুওবি হী (ج) ফাছতাগা-ছ াহুল্লায ী মিং শী‘আতিহী ‘আলাল্লায ী মিন ‘আদুওবি হী (ج) ফাওয়াকাঝাহূ মূছা-ফাক াদ া- ‘আলাইহি (ق) ক া-লা হা-য া-মিন্ ‘আমালিশ্শাইত া-নি (ط) ইন্নাহূ ‘আদুওউম্ মুদি ল্লুম মুবীন্।	
তরজমা	সে নগরীতে প্রবেশ করিল, যখন ইহার অধিবাসীরা ছিল অসতর্ক। সেখানে সে দুইটি লোককে সংঘর্ষে লিপ্ত দেখিল, একজন তাহার নিজ দলের এবং অপর জন তাহার শত্রুদলের। মূসার দলের লোকটি উহার শত্রুর বিরুদ্ধে তাহার সাহায্য প্রার্থনা করিল, তখন মূসা উহাকে ঘুষি মারিল; এইভাবে সে তাহাকে হত্যা করিয়া বসিল। মূসা বলিল, ‘ইহা শয়তানের কাণ্ড। সে তো প্রকাশ্য শত্রু ও বিভ্রান্তকারী।’	
	قَالَ رَبِّ اِنِّیۡ ظَلَمۡتُ نَفۡسِیۡ فَاغۡفِرۡ لِیۡ فَغَفَرَ لَهٗ ؕ اِنَّهٗ هُوَ الۡغَفُوۡرُ الرَّحِیۡمُ ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	ক া-লা রাব্বি ইন্নী জ ালাম্তু নাফ্ছী ফাগ্ফির্লী ফাগাফারা লাহূ (ط) ইন্নাহূ হুওয়াল গাফূরুর্ রাহ ীম।	
তরজমা	সে বলিল, ‘হে আমার প্রতিপালক! আমি তো আমার নিজের প্রতি জুলুম করিয়াছি; সুতরাং আমাকে ক্ষমা কর।’ অতঃপর তিনি তাহাকে ক্ষমা করিলেন। তিনি তো ক্ষমাশীল, পরম দয়ালু।	
	قَالَ رَبِّ بِمَاۤ اَنۡعَمۡتَ عَلَیَّ فَلَنۡ اَکُوۡنَ ظَهِیۡرًا لِّلۡمُجۡرِمِیۡنَ ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ক া-লা রাব্বি বিমা ~আন্‘আমতা আলাইইয়া ফালান্ আকূনা জ াহীরাল লিলমুজরিমীন্।	
তরজমা	সে আরও বলিল, ‘হে আমার প্রতিপালক! তুমি যেহেতু আমার প্রতি অনুগ্রহ করিয়াছ, আমি কখনও অপরাধীদের সাহায্যকারী হইব না।’	
	فَاَصۡبَحَ فِی الۡمَدِیۡنَةِ خَآئِفًا یَّتَرَقَّبُ فَاِذَا الَّذِی اسۡتَنۡصَرَهٗ بِالۡاَمۡسِ یَسۡتَصۡرِخُهٗ ؕ قَالَ لَهٗ مُوۡسٰۤی اِنَّکَ لَغَوِیٌّ مُّبِیۡنٌ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ফাআসবাহ া ফিল্ মাদীনাতি খা~ইফাঁই ইয়াতারাক্ব াবু ফাইয া ল্লাযি ছ্ তাংসারাহূ বিল্আম্ছি ইয়াছতাস্রিখুহু (ط) ক া-লা লাহূ মূছা ~ইন্নাকা লাগাবি ইউম্ মুবীন।	
তরজমা	অতঃপর ভীত সতর্ক অবস্থায় সেই নগরীতে তাহার প্রভাত হইল। হঠাৎ সে শুনিতে পাইল পূর্বদিন যে ব্যক্তি তাহার সাহায্য চাহিয়াছিল, সে তাহার সাহায্যের জন্য চিৎকার করিতেছে। মূসা তাহাকে বলিল, ‘তুমি তো স্পষ্টই একজন বিভ্রান্ত ব্যক্তি।’	

19

فَلَمَّآ اَنْ اَرَادَ اَنْ يَّبْطِشَ بِالَّذِيْ هُوَ عَدُوٌّ لَّهُمَا ۙ قَالَ يٰمُوْسٰٓى اَتُرِيْدُ اَنْ تَقْتُلَنِيْ كَمَا قَتَلْتَ نَفْسًۢا بِالْاَمْسِ ۚ اِنْ تُرِيْدُ اِلَّآ اَنْ تَكُوْنَ جَبَّارًا فِي الْاَرْضِ وَمَا تُرِيْدُ اَنْ تَكُوْنَ مِنَ الْمُصْلِحِيْنَ ﴿١٩﴾

প্রতিবর্ণায়ন

ফালাম্মা~আন আরা-দা আই ইয়াব্‌তি'শা বিল্লায'ী হুওয়া 'আদুওউল্‌লাহুমা- (لا) ক'া-লা ইয়া-মূছা~আতুরীদু আং তাক'তুলানী কামা-ক'াতাল্‌তা নাফ্‌ছাম্ বিল্‌আম্‌ছি (ق) ইং তুরীদু ইল্লা~আং তাকূনা জাব্বা-রাং ফিল্ আর্‌দি' ওয়ামা- তুরীদু আং তাকূনা মিনাল্ মুসলিহ'ীন।

তরজমা

অতঃপর মূসা যখন উভয়ের শত্রুকে ধরিতে উদ্যত হইল, তখন সে ব্যক্তি বলিয়া উঠিল, 'হে মূসা! গতকাল তুমি যেমন এক ব্যক্তিকে হত্যা করিয়াছ, সেভাবে আমাকেও কি হত্যা করিতে চাহিতেছ ? তুমি তো পৃথিবীতে স্বেচ্ছাচারী হইতে চাহিতেছ, শান্তি স্থাপনকারী হইতে চাও না।'

20

وَجَآءَ رَجُلٌ مِّنْ اَقْصَا الْمَدِيْنَةِ يَسْعٰى ۖ قَالَ يٰمُوْسٰٓى اِنَّ الْمَلَاَ يَاْتَمِرُوْنَ بِكَ لِيَقْتُلُوْكَ فَاخْرُجْ اِنِّيْ لَكَ مِنَ النّٰصِحِيْنَ ﴿٢٠﴾

প্রতিবর্ণায়ন

ওয়া জা~আ রাজুলুম্ মিন্ আক'সাল্ মাদীনাতি ইয়াছ্'আ- (ز) ক'া-লা ইয়া-মূছা~ইন্নাল মালায়া ইয়া'তামিরূনা বিকা লিইয়াক'তুলূকা ফাখ্‌রুজ ইন্নী লাকা মিনান্ না-সিহ'ীন্।

তরজমা

নগরীর দূর প্রান্ত হইতে এক ব্যক্তি ছুটিয়া আসিল ও বলিল, 'হে মূসা! পারিষদবর্গ তোমাকে হত্যা করিবার পরামর্শ করিতেছে। সুতরাং তুমি বাহিরে চলিয়া যাও, আমি তো তোমার মঙ্গলকামী।'

21

فَخَرَجَ مِنْهَا خَآئِفًا يَّتَرَقَّبُ ۖ قَالَ رَبِّ نَجِّنِيْ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢١﴾

প্রতিবর্ণায়ন

ফাখারাজা মিন্‌হা- খা-ইফাই্ ইয়াতারাক্ব'াবু (ز) ক'া-লা রাব্বি নাজ্জিনী মিনাল্ ক'াওমিজ্ জ'া-লিমীন্।

তরজমা

ভীত সতর্ক অবস্থায় সে সেখান হইতে বাহির হইয়া পড়িল এবং বলিল, 'হে আমার প্রতিপালক! তুমি জালিম সম্প্রদায় হইতে আমাকে রক্ষা কর।'

22

وَلَمَّا تَوَجَّهَ تِلْقَآءَ مَدْيَنَ قَالَ عَسٰى رَبِّيْٓ اَنْ يَّهْدِيَنِيْ سَوَآءَ السَّبِيْلِ ﴿٢٢﴾

প্রতিবর্ণায়ন

ওয়া লাম্মা- তাওয়াজ্জাহা তিলক'া~আ মাদইয়ানা কা-লা 'আছা- রাব্বী~ আই ইয়াহদিয়ানী ছাওয়া~আছ্‌ছাবীল।

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যখন মূসা মাদইয়ান অভিমুখে যাত্রা করিল তখন বলিল, 'আশা করি আমার প্রতিপালক আমাকে সরল পথ প্রদর্শন করিবেন।'	
	وَلَمَّا وَرَدَ مَآءَ مَدْيَنَ وَجَدَ عَلَيْهِ أُمَّةً مِّنَ النَّاسِ يَسْقُوْنَ ۖ وَوَجَدَ مِنْ دُوْنِهِمُ امْرَاَتَيْنِ تَذُوْدٰنِ ۚ قَالَ مَا خَطْبُكُمَا ۖ قَالَتَا لَا نَسْقِيْ حَتّٰى يُصْدِرَ الرِّعَآءُ ۖ وَاَبُوْنَا شَيْخٌ كَبِيْرٌ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-ওয়ারাদা মা~আ মাদ্ইয়ানা ওয়াজাদা 'আলাইহি উম্মাতাম্ মিনান্না-ছি ইয়াছক্বূ'না (ز) ওয়া ওয়াজাদা মিং্ দূনিহিমুম্রাআতাইনি তাযূ'দা-নি (ج) ক'া-লা মা-খাত'বুকুমা- (ط) ক'া-লাতা-লা-নাছ্ক'ী হ'াত্তা- ইউসদিরার রি'আ~উ (سكتة) ওয়া আবূনা-শাইখুং কাবীর্।	
তরজমা	যখন সে মাদইয়ানের কূপের নিকট পৌঁছিল, দেখিল, একদল লোক তাহাদের জানোয়ারগুলিকে পানি পান করাইতেছে এবং উহাদের পশ্চাতে দুইজন নারী তাহাদের পশুগুলিকে আগলাইতেছে। মূসা বলিল, 'তোমাদের কী ব্যাপার ?' উহারা বলিল, 'আমরা আমাদের জানোয়ারগুলিকে পানি পান করাইতে পারি না, যতক্ষণ রাখালেরা উহাদের জানোয়ারগুলিকে লইয়া সরিয়া না যায়। আমাদের পিতা অতি বৃদ্ধ।'	
	فَسَقٰى لَهُمَا ثُمَّ تَوَلّٰٓى اِلَى الظِّلِّ فَقَالَ رَبِّ اِنِّيْ لِمَآ اَنْزَلْتَ اِلَيَّ مِنْ خَيْرٍ فَقِيْرٌ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাছাক'া-লাহুমা- ছু'ম্মা তাওয়াল্লা~ইলাজ্'জি'ল্লি ফাক'া-লা রাব্বি ইন্নী লিমা~আংঝাল্'তা ইলাইইয়া মিন্ খাইরিং ফাক'ীর্।	
তরজমা	মূসা তখন উহাদের পক্ষে জানোয়ারগুলিকে পানি পান করাইল। তৎপর সে ছায়ার নিচে আশ্রয় গ্রহণ করিয়া বলিল, 'হে আমার প্রতিপালক! তুমি আমার প্রতি যে অনুগ্রহ করিবে আমি তো তাহার কাঙ্গাল।'	
	فَجَآءَتْهُ اِحْدٰىهُمَا تَمْشِيْ عَلَى اسْتِحْيَآءٍ ۖ قَالَتْ اِنَّ اَبِيْ يَدْعُوْكَ لِيَجْزِيَكَ اَجْرَ مَا سَقَيْتَ لَنَا ۚ فَلَمَّا جَآءَهٗ وَقَصَّ عَلَيْهِ الْقَصَصَ ۙ قَالَ لَا تَخَفْ ۖ نَجَوْتَ مِنَ الْقَوْمِ الظّٰلِمِيْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফাজা~আত্হু ইহ'দা-হুমা- তাম্শী 'আলাছ্ তিহ'ইয়া-ইং, ক'া-লাত্ ইন্না আবী ইয়াদ্'উকা লিইয়াজঝিয়াকা আজরামা- ছাক'াইতা লানা- (ط) ফালাম্মা-জা~আহূ ওয়া ক'াসসা 'আলাইহিল ক'াসাসা (لا) ক'া-লা লা-তাখাফ্ (قف) নাজাওতা মিনাল ক'াওমিজ্'জ'া-লিমীন্।	

তরজমা	তখন নারীদ্বয়ের একজন শরম-জড়িত চরণে তাহার নিকট আসিল এবং বলিল, 'আমার পিতা আপনাকে আমন্ত্রণ করিতেছেন, আমাদের জানোয়ারগুলিকে পানি পান করাইবার পারিশ্রমিক দেওয়ার জন্য।' অতঃপর মূসা তাহার নিকট আসিয়া সমস্ত বৃত্তান্ত বর্ণনা করিলে সে বলিল, 'ভয় করিও না, তুমি জালিম সম্প্রদায়ের কবল হইতে বাঁচিয়া গিয়াছ।'	
	قَالَتْ اِحْدٰىهُمَا يٰۤاَبَتِ اسْتَاْجِرْهُ ۫ اِنَّ خَيْرَ مَنِ اسْتَاْجَرْتَ الْقَوِيُّ الْاَمِيْنُ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ক'া-লাত্ ইহ'দা-হুমা- ইয়া~আবাতিস্ তা'জির্হু (য) ইন্না খাইরা মানিস্তা'জার্তাল কাবি'ইয়ুউল আমীন।	
তরজমা	উহাদের একজন বলিল, 'হে পিতা! তুমি ইহাকে মজুর নিযুক্ত কর, কারণ তোমার মজুর হিসাবে উত্তম হইবে সেই ব্যক্তি, যে শক্তিশালী, বিশ্বস্ত।'	
	قَالَ اِنِّيْۤ اُرِيْدُ اَنْ اُنْكِحَكَ اِحْدَى ابْنَتَيَّ هٰتَيْنِ عَلٰۤى اَنْ تَاْجُرَنِيْ ثَمٰنِيَ حِجَجٍ ۚ فَاِنْ اَتْمَمْتَ عَشْرًا فَمِنْ عِنْدِكَ ۚ وَ مَاۤ اُرِيْدُ اَنْ اَشُقَّ عَلَيْكَ ؕ سَتَجِدُنِيْۤ اِنْ شَآءَ اللّٰهُ مِنَ الصّٰلِحِيْنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্নী~উরীদু আন্ উংকিহ'াকা ইহ'দাব্নাতাইইয়া হা-তাইনি 'আলা~আং তা'জুরানী ছ'ামা-নিয়া হি'জাজিং (চ) ফাইন আত্মাম্তা 'আশ্রাং ফামিন 'ইংদিকা (চ) ওয়ামা~উরীদু আন্ আশুক্ক'া 'আলাইকা (ত) ছাতাজিদুনী~ইং শা~আল্লা-হু মিনাস্সা-লিহ'ীন্।	
তরজমা	সে মূসাকে বলিল, 'আমি আমার এই কন্যাদ্বয়ের একজনকে তোমার সঙ্গে বিবাহ দিতে চাই, এই শর্তে যে, তুমি আট বৎসর আমার কাজ করিবে, যদি তুমি দশ বৎসর পূর্ণ কর, সে তোমার ইচ্ছা। আমি তোমাকে কষ্ট দিতে চাই না। আল্লাহ্ ইচ্ছা করিলে তুমি আমাকে সদাচারী পাইবে।'	
	قَالَ ذٰلِكَ بَيْنِيْ وَ بَيْنَكَ ؕ اَيَّمَا الْاَجَلَيْنِ قَضَيْتُ فَلَا عُدْوَانَ عَلَيَّ ؕ وَ اللّٰهُ عَلٰى مَا نَقُوْلُ وَكِيْلٌ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ক'া-লা য'া-লিকা বাইনি ওয়া বাইনাকা (ত) আইইয়ামাল্ আজালাইনি ক'াদ'াইতু ফালা-'উদ্ওয়া-না 'আলাইইয়া (ত) ওয়াল্লা-হু 'আলা- মা- নাকূ'লু ওয়াকীল্।	
তরজমা	মূসা বলিল, 'আমার ও আপনার মধ্যে এই চুক্তিই রহিল। এই দুইটি মেয়াদের কোন একটি আমি পূর্ণ করিলে আমার বিরুদ্ধে কোন অভিযোগ থাকিবে না। আমরা যে বিষয়ে কথা বলিতেছি আল্লাহ্ তাহার সাক্ষী।'	
	فَلَمَّا قَضٰى مُوْسَى الْاَجَلَ وَ سَارَ بِاَهْلِهٖۤ اٰنَسَ مِنْ جَانِبِ الطُّوْرِ نَارًا ؕ قَالَ لِاَهْلِهِ امْكُثُوْۤا اِنِّيْۤ اٰنَسْتُ نَارًا لَّعَلِّيْۤ اٰتِيْكُمْ مِّنْهَا بِخَبَرٍ اَوْ جَذْوَةٍ مِّنَ النَّارِ لَعَلَّكُمْ تَصْطَلُوْنَ ﴿۲۹﴾	29

প্রতিবর্ণায়ন	ফালাম্মা– ক'াদ'া– মূছাল্ আজালা ওয়াছা–রা বিআহ্লিহী~আ–নাছা মিং জা–নিবিত্'তু'রি না–রাং (ج) ক'া–লা লিআহ্লিহিম্কুছূ'~ ইন্নী~আ–নাছ্তু না–রাল্লা'আল্লী~ আ–তীকুম মিন্হা–বিখাবারিন্ আও জায'ওয়াতিম্ মিনান্না–রি লা'আল্লাকুম্ তাসত'ালূন্।	
তরজমা	মূসা যখন তাহার মেয়াদ পূর্ণ করিবার পর সপরিবারে যাত্রা করিল, তখন সে তূর পর্বতের দিকে আগুন দেখিতে পাইল। সে তাহার পরিজনবর্গকে বলিল, 'তোমরা অপেক্ষা কর, আমি আগুন দেখিয়াছি, সম্ভবত আমি সেখান হইতে তোমাদের জন্য খবর আনিতে পারি অথবা একখণ্ড জ্বলন্ত কাঠ আনিতে পারি যাহাতে তোমরা আগুন পোহাইতে পার।'	
	فَلَمَّآ اَتٰىهَا نُوْدِىَ مِنْ شَاطِئِ الْوَادِ الْاَيْمَنِ فِى الْبُقْعَةِ الْمُبٰرَكَةِ مِنَ الشَّجَرَةِ اَنْ يّٰمُوْسٰٓى اِنِّىْٓ اَنَا اللّٰهُ رَبُّ الْعٰلَمِيْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~আতা–হা– নূদিয়া মিং শা–তি'ইল্ ওয়া–দিল্ আই্মানি ফিল্ বুক''আতিল্ মুবা–রাকাতি মিনাশ্শাজারাতি আইঁইয়া–মূছা~ইন্নী~আনাল্লা–হু রাব্বুল্ 'আ–লামীন।	
তরজমা	যখন মূসা আগুনের নিকট পৌঁছিল তখন উপত্যকার দক্ষিণ পার্শ্বে পবিত্র ভূমিস্থিত এক বৃক্ষের দিক হইতে তাহাকে আহ্বান করিয়া বলা হইল, 'হে মূসা ! আমিই আল্লাহ্, জগতসমূহের প্রতিপালক;'	
	وَاَنْ اَلْقِ عَصَاكَ ؕ فَلَمَّا رَاٰهَا تَهْتَزُّ كَاَنَّهَا جَآنٌّ وَّلّٰى مُدْبِرًا وَّلَمْ يُعَقِّبْ ؕ يٰمُوْسٰٓى اَقْبِلْ وَلَا تَخَفْ ۫ اِنَّكَ مِنَ الْاٰمِنِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া আন্ আল্কি' 'আসা–কা (ط) ফালাম্মা– রাআ–হা– তাহ্তাব্বু কাআন্নাহা– জা~ন্নুওঁ ওয়াল্লা– মুদ্বিরাওঁ ওয়া লাম্ ইউআক্কি'ব্ (ط) ইয়া–মূছা~ আক'বিল ওয়ালা–তাখাফ (قف) ইন্নাকা মিনাল আ–মিনীন্।	
তরজমা	আরও বলা হইল, 'তুমি তোমার যষ্টি নিক্ষেপ কর।' অতঃপর, যখন সে উহাকে সর্পের ন্যায় ছুটাছুটি করিতে দেখিল তখন পিছনের দিকে ছুটিতে লাগিল এবং ফিরিয়া তাকাইল না। তাহাকে বলা হইল, 'হে মূসা! সম্মুখে আইস, ভয় করিও না; তুমি তো নিরাপদ।	
	اُسْلُكْ يَدَكَ فِىْ جَيْبِكَ تَخْرُجْ بَيْضَآءَ مِنْ غَيْرِ سُوْٓءٍ ۫ وَّاضْمُمْ اِلَيْكَ جَنَاحَكَ مِنَ الرَّهْبِ فَذٰنِكَ بُرْهَانٰنِ مِنْ رَّبِّكَ اِلٰى فِرْعَوْنَ وَمَلَا۟ئِهٖ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٣٢﴾	32

প্রতিবর্ণায়ন	উছলুক ইয়াদাকা ফী জাইবিকা তাখ্‌রুজ বাইদ'া~আ মিন গাইরি ছূ~ইওঁ (ز) ওয়াদ্‌মুম্‌ ইলাইকা জানা-হ'াকা মিনার্‌রাহ্‌বি ফায'া-নিকা বুরহা-না-নি মির্‌রাব্বিকা ইলা- ফির'আওনা ওয়া মালাইহী (ط) ইন্নাহুম্‌ কা-নূ ক'াওমাং ফা-ছিক'ীন্‌।	
তরজমা	'তোমার হাত তোমার বগলে রাখ, ইহা বাহির হইয়া আসিবে শুভ্র-সমুজ্জ্বল নির্দোষ হইয়া। ভয় দূর করিবার জন্য তোমার হস্তদ্বয় নিজের দিকে চাপিয়া ধর। এই দুইটি তোমার প্রতিপালক-প্রদত্ত প্রমাণ, ফির'আওন ও তাহার পারিষদবর্গের জন্য। উহারা তো সত্যত্যাগী সম্প্রদায়।	
	قَالَ رَبِّ اِنِّیۡ قَتَلۡتُ مِنۡہُمۡ نَفۡسًا فَاَخَافُ اَنۡ یَّقۡتُلُوۡنِ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বি ইন্নী ক'াতাল্‌তু মিন্‌হুম নাফছাং ফাআখা-ফু আইঁ ইয়াক'তুলূন্‌।	
তরজমা	মূসা বলিল, 'হে আমার প্রতিপালক! আমি তো উহাদের একজনকে হত্যা করিয়াছি। ফলে আমি আশংকা করিতেছি উহারা আমাকে হত্যা করিবে।	
	وَ اَخِیۡ ہٰرُوۡنُ ہُوَ اَفۡصَحُ مِنِّیۡ لِسَانًا فَاَرۡسِلۡہُ مَعِیَ رِدۡاً یُّصَدِّقُنِیۡۤ ۫ اِنِّیۡۤ اَخَافُ اَنۡ یُّکَذِّبُوۡنِ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া আখী হা-রূনু হুওয়া আফসাহু' মিন্নী লিছা-নাং ফাআর্‌ছিল্‌হু মা'ইয়া রিদ্‌আইঁ ইউসাদ্দিকু'নী~ইন্নী~ (ز) আখা-ফু আইঁ ইউকায্‌যি'বূন।	
তরজমা	'আমার ভ্রাতা হারূন আমা অপেক্ষা বাগ্মী; অতএব তাহাকে আমার সাহায্যকারীরূপে প্রেরণ কর, সে আমাকে সমর্থন করিবে। আমি আশংকা করি উহারা আমাকে মিথ্যাবাদী বলিবে।'	
	قَالَ سَنَشُدُّ عَضُدَکَ بِاَخِیۡکَ وَ نَجۡعَلُ لَکُمَا سُلۡطٰنًا فَلَا یَصِلُوۡنَ اِلَیۡکُمَا ۚ بِاٰیٰتِنَاۤ اَنۡتُمَا وَ مَنِ اتَّبَعَکُمَا الۡغٰلِبُوۡنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	ক'া-লা ছানাশুদ্দু 'আদু'দাকা বিআখীকা ওয়া নাজ'আলু লাকুমা- ছুল্‌ত'া-নাং ফালা- ইয়াসিলূনা ইলাইকুমা- (مع) বিআ-য়া-তিনা~(مع) আংতুমা- ওয়া মানিত্‌তাবা'আকুমাল গা-লিবূন্‌।	
তরজমা	আল্লাহ্‌ বলিলেন, 'আমি তোমার ভ্রাতার দ্বারা তোমার বাহু শক্তিশালী করিব এবং তোমাদের উভয়কে প্রাধান্য দান করিব। উহারা তোমাদের নিকট পৌঁছিতে পারিবে না। তোমরা এবং তোমাদের অনুসারীরা আমার নিদর্শনবলে উহাদের উপর প্রবল হইবে।'	
	فَلَمَّا جَآءَہُمۡ مُّوۡسٰی بِاٰیٰتِنَا بَیِّنٰتٍ قَالُوۡا مَا ہٰذَاۤ اِلَّا سِحۡرٌ مُّفۡتَرًی وَّ مَا سَمِعۡنَا بِہٰذَا فِیۡۤ اٰبَآئِنَا الۡاَوَّلِیۡنَ ﴿۳۶﴾	36

প্রতিবর্ণায়ন	ফালাম্মা- জা~আহুম মূছা- বিআ-য়া-তিনা বাইয়িনা-তিং ক'া-লূ মা- হা-য'া~ ইল্লা - ছিহ্'রুম মুফ্তারাওঁ ওয়ামা- ছামি'না- বিহা-য'া- ফী~আ-বা~ইনাল আওওয়ালীন্।	
তরজমা	মূসা যখন উহাদের নিকট আমার সুস্পষ্ট নিদর্শনগুলি লইয়া আসিল, উহারা বলিল, 'ইহা তো অলীক ইন্দ্রজাল মাত্র। আমাদের পূর্বপুরুষগণের কালে কখনও এইরূপ কথা শুনি নাই।'	
	وَقَالَ مُوْسٰى رَبِّيْٓ اَعْلَمُ بِمَنْ جَآءَ بِالْهُدٰى مِنْ عِنْدِهٖ وَمَنْ تَكُوْنُ لَهٗ عَاقِبَةُ الدَّارِ ۭ اِنَّهٗ لَا يُفْلِحُ الظّٰلِمُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা মূছা- রাব্বী~আ'লামু বিমাং জা~আ বিল্হুদা- মিন 'ইংদিহী ওয়া মাং তাকূনু লাহূ 'আ-কি'বাতুদ্দা-রি (ط) ইন্নাহূ লা- ইউফলিহু'জ্'জ'া-লিমূন্।	
তরজমা	মূসা বলিল, 'আমার প্রতিপালক সম্যক অবগত, কে তাঁহার নিকট হইতে পথনির্দেশ আনিয়াছে এবং আখিরাতে কাহার পরিণাম শুভ হইবে। জালিমরা কখনো সফলকাম হইবে না।'	
	وَقَالَ فِرْعَوْنُ يٰٓاَيُّهَا الْمَلَاُ مَا عَلِمْتُ لَكُمْ مِّنْ اِلٰهٍ غَيْرِيْ ۚ فَاَوْقِدْ لِيْ يٰهَامٰنُ عَلَى الطِّيْنِ فَاجْعَلْ لِّيْ صَرْحًا لَّعَلِّيْٓ اَطَّلِعُ اِلٰٓى اِلٰهِ مُوْسٰى ۙ وَاِنِّيْ لَاَظُنُّهٗ مِنَ الْكٰذِبِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ফির'আওনু ইয়া~আইয়ুহাল্ মালাউ মা- 'আলিম্তু লাকুম মিন্ ইলা-হিন গাইরী (ج) ফাআওকি'দ্লী ইয়া-হা-মা-নু 'আলাত্'ত'ীনি ফাজ্'আল্লী সারহ'াল্ লা'আল্লী~আত'ালি'উ ইলা~ইলা-হি মূছা-ওয়া ইন্নী লাআজু'ন্নুহূ মিনাল্ কা-যি'বীন্।	
তরজমা	ফির'আওন বলিল, 'হে পারিষদবর্গ! আমি ব্যতীত তোমাদের অন্য কোন ইলাহ্ আছে বলিয়া জানি না। হে হামান! তুমি আমার জন্য ইট পোড়াও এবং একটি সুউচ্চ প্রাসাদ তৈয়ার কর; হয়ত আমি ইহাতে উঠিয়া মূসার ইলাহ্কে দেখিতে পারি। তবে আমি অবশ্যই মনে করি সে মিথ্যাবাদী।'	
	وَاسْتَكْبَرَ هُوَ وَجُنُوْدُهٗ فِي الْاَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَظَنُّوْٓا اَنَّهُمْ اِلَيْنَا لَا يُرْجَعُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াছ্তাক্বারা হুওয়া ওয়া জুনূদুহূ ফিল্ আর্দি'বিগাইরিল্ হ'াক্কি'ওয়া জ'ান্নূ~আন্নাহুম্ ইলাইনা- লা-ইউরজা'ঊন্।	
তরজমা	ফির'আওন ও তাহার বাহিনী অন্যায়ভাবে পৃথিবীতে অহংকার করিয়াছিল এবং উহারা মনে করিয়াছিল যে, উহারা আমার নিকট প্রত্যাবর্তিত হইবে না।	
	فَاَخَذْنٰهُ وَجُنُوْدَهٗ فَنَبَذْنٰهُمْ فِي الْيَمِّ ۚ فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الظّٰلِمِيْنَ ﴿٤٠﴾	40

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাআখায'না-হু ওয়া জুনূদাহূ ফানাবায'না-হুম ফিল্ ইয়াম্মি (ج) ফাংজু'র কাইফা কা-না 'আ-কি'বাতুজ্'জা'-লিমীন।	
তরজমা	অতএব আমি তাহাকে ও তাহার বাহিনীকে ধরিলাম এবং তাহাদেরকে সমুদ্রে নিক্ষেপ করিলাম। দেখ, জালিমদের পরিণাম কি হইয়া থাকে।	
	وَجَعَلْنٰهُمْ اَىِٕمَّةً يَّدْعُوْنَ اِلَى النَّارِ ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ لَا يُنْصَرُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলনা-হুম আইম্মাতাইঁ ইয়াদ্'ঊনা ইলান্না-রি (ج) ওয়া ইয়াওমাল্ কি'য়া-মাতি লা-ইউৎসারূন্।	
তরজমা	উহাদেরকে আমি নেতা করিয়াছিলাম; উহারা লোকদেরকে জাহান্নামের দিকে আহ্বান করিত; কিয়ামতের দিন উহাদেরকে সাহায্য করা হইবে না।	
	وَاَتْبَعْنٰهُمْ فِىْ هٰذِهِ الدُّنْيَا لَعْنَةً ۚ وَيَوْمَ الْقِيٰمَةِ هُمْ مِّنَ الْمَقْبُوْحِيْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া আত্বা'না-হুম্ ফী হা-যি'হিদ্দুন্ইয়া- লা'নাতাওঁ (ج) ওয়া ইয়াওমাল্ কি'য়া-মাতি হুম মিনাল মাক'বূহী'ন্।	
তরজমা	এই পৃথিবীতে আমি উহাদের পশ্চাতে লাগাইয়া দিয়াছি অভিসম্পাত এবং কিয়ামতের দিন উহারা হইবে ঘৃণিত।	
	وَلَقَدْ اٰتَيْنَا مُوْسَى الْكِتٰبَ مِنْۢ بَعْدِ مَآ اَهْلَكْنَا الْقُرُوْنَ الْاُوْلٰى بَصَآئِرَ لِلنَّاسِ وَهُدًى وَّرَحْمَةً لَّعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ আ-তাইনা-মূছাল্ কিতা-বা মিম্ বা'দি মা~আহ্লাক্নাল কু'রূনাল্ ঊলা-বাসা~ইরা লিন্না-ছি ওয়াহুদাওঁ ওয়া রাহ'মাতাল্ লা'আল্লাহুম ইয়াতায'াক্কারূন্।	
তরজমা	আমি তো পূর্ববর্তী বহু মানবগোষ্ঠীকে বিনাশ করিবার পর মূসাকে দিয়াছিলাম কিতাব, মানবজাতির জন্য জ্ঞানবর্তিকা, পথনির্দেশ ও অনুগ্রহস্বরূপ, যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে।	
	وَمَا كُنْتَ بِجَانِبِ الْغَرْبِىِّ اِذْ قَضَيْنَآ اِلٰى مُوْسَى الْاَمْرَ وَمَا كُنْتَ مِنَ الشّٰهِدِيْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কুংতা বিজানিবিল্ গার্বিইয়ি ইয'্ ক'াদ'াইনা~ইলা- মূছাল আমরা ওয়ামা- কুংতা মিনাশ্শা-হিদীন।	
তরজমা	মূসাকে যখন আমি বিধান দিয়াছিলাম তখন তুমি পশ্চিম প্রান্তে উপস্থিত ছিলে না এবং তুমি প্রত্যক্ষদর্শীও ছিলে না।	
	وَلٰكِنَّآ اَنْشَاْنَا قُرُوْنًا فَتَطَاوَلَ عَلَيْهِمُ الْعُمُرُ ۚ وَمَا كُنْتَ ثَاوِيًا فِىْٓ اَهْلِ مَدْيَنَ تَتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۙ وَلٰكِنَّا كُنَّا مُرْسِلِيْنَ ﴿٤٥﴾	45

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ালা- কিন্না~ আংশা'না- কু'রূনাং ফাতাত'া-ওয়ালা 'আলাইহিমুল্ 'উমুরু (ج) ওয়ামা- কুংতা ছ'া-বি'য়াং ফী~আহ্লি মাদ্ইয়ানা তাত্লূ 'আলাইহিম্ আ-য়া-তিনা- (٤) ওয়া লা-কিন্না-কুন্না- মুরছিলীন্।	
তরজমা	বস্তুত আমি অনেক মানবগোষ্ঠীর আবির্ভাব ঘটাইয়াছিলাম ; অতঃপর উহাদের বহু যুগ অতিবাহিত হইয়া গিয়াছে। তুমি তো মাদইয়ানবাসীদের মধ্যে বিদ্যমান ছিলে না উহাদের নিকট আমার আয়াত আবৃত্তি করিবার জন্য। আমিই তো ছিলাম রাসূল প্রেরণকারী।	
	وَمَا كُنْتَ بِجَانِبِ الطُّوْرِ اِذْ نَادَيْنَا وَلٰكِنْ رَّحْمَةً مِّنْ رَّبِّكَ لِتُنْذِرَ قَوْمًا مَّآ اَتٰىهُمْ مِّنْ نَّذِيْرٍ مِّنْ قَبْلِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কুংতা বিজা-নিবিত্'তূ'রি ই্য' না-দাইনা- ওয়ালা-কির্ রাহ'মাতাম্ মির্ রাব্বিকা লিতুংযি'রা ক'াওমাম্ মা~আতা-হুম মিং নায'ীরিম মিং ক'াব্লিকা লা'আল্লাহুম ইয়াতায'াক্কারূন্।	
তরজমা	মূসাকে যখন আমি আহ্বান করিয়াছিলাম তখন তুমি তূর পর্বতপার্শ্বে উপস্থিত ছিলে না। বস্তুত ইহা তোমার প্রতিপালকের নিকট হইতে দয়াস্বরূপ, যাহাতে তুমি এমন এক সম্প্রদায়কে সতর্ক করিতে পার, যাহাদের নিকট তোমার পূর্বে কোন সতর্ককারী আসে নাই, যেন উহারা উপদেশ গ্রহণ করে ;	
	وَلَوْلَآ اَنْ تُصِيْبَهُمْ مُّصِيْبَةٌ بِمَا قَدَّمَتْ اَيْدِيْهِمْ فَيَقُوْلُوْا رَبَّنَا لَوْلَآ اَرْسَلْتَ اِلَيْنَا رَسُوْلًا فَنَتَّبِعَ اٰيٰتِكَ وَنَكُوْنَ مِنَ الْمُؤْمِنِيْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা~আং তুসীবাহুম মুসীবাতুম্ বিমা-ক'াদ্দামাত্ আইদীহিম ফাইয়াক্'লূ রাব্বানা-লাওলা~আরছাল্তা ইলাইনা- রাছূলাং ফানাত্তাবি'আ আ-য়া-তিকা ওয়া নাকূনা মিনাল্ মু'মিনীন্।	
তরজমা	রাসূল না পাঠাইলে উহাদের কৃতকর্মের জন্য উহাদের কোন বিপদ হইলে উহারা বলিত, 'হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের নিকট কোন রাসূল প্রেরণ করিলে না কেন ? করিলে আমরা তোমার বিধান মানিয়া চলিতাম এবং আমরা হইতাম মু'মিন।'	
	فَلَمَّا جَآءَهُمُ الْحَقُّ مِنْ عِنْدِنَا قَالُوْا لَوْلَآ اُوْتِيَ مِثْلَ مَآ اُوْتِيَ مُوْسٰى ۭ اَوَلَمْ يَكْفُرُوْا بِمَآ اُوْتِيَ مُوْسٰى مِنْ قَبْلُ ۚ قَالُوْا سِحْرٰنِ تَظٰهَرَا ۡ وَقَالُوْٓا اِنَّا بِكُلٍّ كٰفِرُوْنَ ﴿٤٨﴾	48

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফালাম্মা– জা~আহুমুল্ হ'াক্কু' মিন্ 'ইংদিনা ক'া–লূ লাওলা~ উতিয়া মিছ'লা মা~উতিয়া মূছা– (ط) আওয়ালাম্ ইয়াক্ফুরূ বিমা~উতিয়া মূছা– মিং ক'াব্লু (ج) ক'া–লূ ছিহ'রা–নি তাজ'া–হারা– (قف) ওয়া ক'া–লূ~ইন্না– বিকুল্লিং কা–ফিরূন।	
তরজমা	অতঃপর যখন আমার নিকট হইতে উহাদের নিকট সত্য আসিল, উহারা বলিতে লাগিল, 'মূসাকে যেরূপ দেওয়া হইয়াছিল, তাহাকে সেরূপ দেওয়া হইল না কেন ?' কিন্তু পূর্বে মূসাকে যাহা দেওয়া হইয়াছিল তাহা কি উহারা অস্বীকার করে নাই ? উহারা বলিয়াছিল, 'দুইটিই জাদু, একে অপরকে সমর্থন করে।' এবং উহারা বলিয়াছিল, 'আমরা সকলকেই প্রত্যাখ্যান করি।'	
	قُلْ فَأْتُوْا بِكِتٰبٍ مِّنْ عِنْدِ اللّٰهِ هُوَ اَهْدٰى مِنْهُمَآ اَتَّبِعْهُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ক'ুল্ ফা'তূ বিকিতা–বিম্ মিন্ 'ইংদিল্লা–হি হুওয়া আহ্দা– মিনহুমা~ আত্তাবি'হু ইং কুংতুম্ সা–দিক'ীন্।	
ZiRgv	বল, 'তোমরা সত্যবাদী হইলে আল্লাহ্র নিকট হইতে এক কিতাব আনয়ন কর, যাহা পথনির্দেশে এতদুভয় হইতে উৎকৃষ্টতর হইবে ; আমি সে কিতাব অনুসরণ করিব।'	
	فَاِنْ لَّمْ يَسْتَجِيْبُوْا لَكَ فَاعْلَمْ اَنَّمَا يَتَّبِعُوْنَ اَهْوَآءَهُمْ ؕ وَمَنْ اَضَلُّ مِمَّنِ اتَّبَعَ هَوٰىهُ بِغَيْرِ هُدًى مِّنَ اللّٰهِ ؕ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফাইল লাম ইয়াছ্তাজীবূ লাকা ফা'লাম্ আন্নামা–ইয়াত্তাবি'উনা আহ্ওয়া–আহুম্ (ط) ওয়ামান্ আদ'াল্লু মিম্ মানিত্তাবা'আ হাওয়া–হু বিগাইরি হুদাম্ মিনাল্লা–হি (ط) ইন্নাল্লা–হা লা–ইয়াহ্দিল ক'াওমাজ্জা–লিমীন্।	
তরজমা	অতঃপর উহারা যদি তোমার আহ্বানে সাড়া না দেয়, তাহা হইলে জানিবে উহারা তো কেবল নিজেদের খেয়াল-খুশির অনুসরণ করে। আল্লাহ্র পথনির্দেশ অগ্রাহ্য করিয়া যে ব্যক্তি নিজ খেয়াল-খুশির অনুসরণ করে তাহা অপেক্ষা অধিক বিভ্রান্ত আর কে ? আল্লাহ্ জালিম সম্প্রদায়কে পথনির্দেশ করেন না।	
	وَلَقَدْ وَصَّلْنَا لَهُمُ الْقَوْلَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ ওয়াস্সাল্না– লাহুমুল্ ক'াওলা লা'আল্লাহুম ইয়াতাযাক্কারূন্।	
তরজমা	আমি তো উহাদের নিকট পরপর বাণী পৌঁছাইয়া দিয়াছি; যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে।	
	اَلَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ مِنْ قَبْلِهٖ هُمْ بِهٖ يُؤْمِنُوْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা আ–তাইনা–হুমুল কিতা–বা মিং ক'াবলিহী হুম বিহী ইউ'মিনূন্।	
তরজমা	ইহার পূর্বে আমি যাহাদেরকে কিতাব দিয়াছিলাম, তাহারা ইহাতে বিশ্বাস করে।	

	وَاِذَا يُتْلٰى عَلَيْهِمْ قَالُوْٓا اٰمَنَّا بِهٖٓ اِنَّهُ الْحَقُّ مِنْ رَّبِّنَآ اِنَّا كُنَّا مِنْ قَبْلِهٖ مُسْلِمِيْنَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-া- ইউত্লা- ‘আলাইহিম্ ক'া-লূ~আ-মান্না- বিহী~ইন্নাহুল্ হ'াক্কু মির্ রাব্বিনা~ইন্না-কুন্না-মিং ক'াবলিহী মুছলিমীন্।	
তরজমা	যখন উহাদের নিকট ইহা আবৃত্তি করা হয় তখন উহারা বলে, ‘আমরা ইহাতে ঈমান আনি, নিশ্চয়ই ইহা আমাদের প্রতিপালক হইতে আগত সত্য। আমরা তো পূর্বেও আত্মসমর্পণকারী ছিলাম;	
	أُولٰٓئِكَ يُؤْتَوْنَ اَجْرَهُمْ مَّرَّتَيْنِ بِمَا صَبَرُوْا وَيَدْرَءُوْنَ بِالْحَسَنَةِ السَّيِّئَةَ وَمِمَّا رَزَقْنٰهُمْ يُنْفِقُوْنَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	উলা~ইকা ইউ'তাওনা আজরাহুম্ মার্রাতাইনি বিমা-সাবারূ ওয়া ইয়াদ্রাঊনা বিল্হ'াছানাতিছ্ ছাইয়িআতা ওয়া মিম্মা-রাঝাক'না-হুম ইউংফিক্ূ'ন।	
তরজমা	উহাদেরকে দুইবার পারিশ্রমিক প্রদান করা হইবে, যেহেতু উহারা ধৈর্যশীল এবং উহারা ভালর দ্বারা মন্দের মুকাবিলা করে ও আমি উহাদেরকে যে রিযিক দিয়াছি তাহা হইতে উহারা ব্যয় করে।	
	وَاِذَا سَمِعُوا اللَّغْوَ اَعْرَضُوْا عَنْهُ وَقَالُوْا لَنَآ اَعْمَالُنَا وَلَكُمْ اَعْمَالُكُمْ ۡ سَلٰمٌ عَلَيْكُمْ ۡ لَا نَبْتَغِى الْجٰهِلِيْنَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা-া- ছামি‘উল্ লাগ্ওয়া আ‘রাদূ ‘আনহু ওয়া ক'া-লূ লানা~আ‘মা-লুনা- ওয়ালাকুম আ‘মা-লুকুম্ (ز) ছালা-মুন্ ‘আলাইকুম (ز) লা-নাব্তাগিল্ জা-হিলীন্।	
তরজমা	উহারা যখন অসার বাক্য শ্রবণ করে তখন উহারা তাহা উপেক্ষা করিয়া চলে এবং বলে, ‘আমাদের কাজের ফল আমাদের জন্য এবং তোমাদের কাজের ফল তোমাদের জন্য ; তোমাদের প্রতি ‘সালাম’। আমরা অজ্ঞদের সঙ্গ চাহি না।’	
	اِنَّكَ لَا تَهْدِىْ مَنْ اَحْبَبْتَ وَلٰكِنَّ اللّٰهَ يَهْدِىْ مَنْ يَّشَآءُ ۚ وَهُوَ اَعْلَمُ بِالْمُهْتَدِيْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ইন্নাকা লা-তাহ্দী মাং আহ'বাবতা ওয়ালাকিন্নাল্লা-হা ইয়াহ্দী মাইঁ ইয়াশা~ঊ (ج) ওয়া হুওয়া আ‘লামু বিল্মুহ্তাদীন্।	
তরজমা	তুমি যাহাকে ভালবাস, ইচ্ছা করিলেই তাহাকে সৎপথে আনিতে পারিবে না। তবে আল্লাহ্ই যাহাকে ইচ্ছা সৎপথে আনয়ন করেন এবং তিনিই ভাল জানেন সৎপথ অনুসারীদেরকে।	

	وَقَالُوْٓا اِنْ نَّتَّبِعِ الْهُدٰى مَعَكَ نُتَخَطَّفْ مِنْ اَرْضِنَا ؕ اَوَلَمْ نُمَكِّنْ لَّهُمْ حَرَمًا اٰمِنًا يُّجْبٰٓى اِلَيْهِ ثَمَرٰتُ كُلِّ شَىْءٍ رِّزْقًا مِّنْ لَّدُنَّا وَلٰكِنَّ اَكْثَرَهُمْ لَا يَعْلَمُوْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ~ইং নাত্তাবি'ইল্ হুদা- মা'আকা নুতাখাত্'ত'াফ্ মিন্ আরদি'না- (ط) আওয়ালাম্ নুমাক্কিল্ লাহুম হ'ারামান্ আ-মিনাই্ ইউজবা~ইলাইহি ছ'ামারা-তু কুল্লি শাইইর্‌রিঝক'াম্ মিল্লাদুন্না-ওয়ালা-কিন্না আক্ছ'ারাহুম্ লা-ইয়া'লামূন্।	
তরজমা	উহারা বলে, 'আমরা যদি তোমার সঙ্গে সৎপথ অনুসরণ করি তবে আমাদেরকে দেশ হইতে উৎখাত করা হইবে।' আমি কি উহাদেরকে এক নিরাপদ হারামে প্রতিষ্ঠিত করি নাই, যেখানে সর্বপ্রকার ফলমূল আমদানী হয় আমার দেওয়া রিযিক স্বরূপ ? কিন্তু উহাদের অধিকাংশই ইহা জানে না।	
	وَكَمْ اَهْلَكْنَا مِنْ قَرْيَةٍۭ بَطِرَتْ مَعِيْشَتَهَا ۚ فَتِلْكَ مَسٰكِنُهُمْ لَمْ تُسْكَنْ مِّنْۢ بَعْدِهِمْ اِلَّا قَلِيْلًا ؕ وَكُنَّا نَحْنُ الْوٰرِثِيْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ওয়া কাম্ আহ্লাক্না- মিং ক'ারইয়াতিম্ বাতি'রাত্ মা'ঈশাতাহা- (ج) ফাতিল্কা মাছা-কিনুহুম লাম্ তুছ্কাম্ মিম্ বা'দিহিম ইল্লা- ক'ালীলাওঁ (ط) ওয়া কুন্না- নাহ'নুল ওয়া-রিছ'ীন্।	
তরজমা	কত জনপদকে আমি ধ্বংস করিয়াছি যাহার বাসিন্দারা নিজেদের ভোগ-সম্পদের দম্ভ করিত! এইগুলিই তো উহাদের ঘরবাড়ি ; উহাদের পর এইগুলিতে লোকজন সামান্যই বসবাস করিয়াছে। আর আমি তো চূড়ান্ত মালিকানার অধিকারী !	
	وَمَا كَانَ رَبُّكَ مُهْلِكَ الْقُرٰى حَتّٰى يَبْعَثَ فِىْٓ اُمِّهَا رَسُوْلًا يَّتْلُوْا عَلَيْهِمْ اٰيٰتِنَا ۚ وَمَا كُنَّا مُهْلِكِى الْقُرٰٓى اِلَّا وَاَهْلُهَا ظٰلِمُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়ামা-কা-না রাব্বুকা মুহ্লিকাল্ কু'রা-হ'াত্তা-ইয়াব্'আছ'া ফী~উম্মিহা- রাছূলাই্ ইয়াত্লূ 'আলাইহিম্ আ-য়া-তিনা- (ج) ওয়ামা-কুন্না-মুহ্লিকিল্ কু'রা~ইল্লা- ওয়া আহলুহা-জ'া-লিমূন্।	
তরজমা	তোমার প্রতিপালক জনপদসমূহকে ধ্বংস করেন না উহার কেন্দ্রে তাঁহার আয়াত আবৃত্তি করিবার জন্য রাসূল প্রেরণ না করিয়া এবং আমি জনপদসমূহকে তখনই ধ্বংস করি যখন ইহার বাসিন্দারা জুলুম করে।	
	وَمَآ اُوْتِيْتُمْ مِّنْ شَىْءٍ فَمَتَاعُ الْحَيٰوةِ الدُّنْيَا وَزِيْنَتُهَا ۚ وَمَا عِنْدَ اللّٰهِ خَيْرٌ وَّاَبْقٰى ؕ اَفَلَا تَعْقِلُوْنَ ﴿٦٠﴾	60

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ঊতীতুম মিং শাই্য়িং ফামাতা-'উল্ হ'য়া-তিদ্দুন্ইয়া-ওয়াঝীনাতুহা- (ج) ওয়ামা-'ইংদাল্লা-হি খাই্রুওঁ ওয়া আব্ক'া- (ط) আফালা- তা'কি'লূন্।	
তরজমা	তোমাদেরকে যাহা কিছু দেওয়া হইয়াছে তাহা তো পার্থিব জীবনের ভোগ ও শোভা এবং যাহা আল্লাহ্র নিকট আছে তাহা উত্তম ও স্থায়ী। তোমরা কি অনুধাবন করিবে না ?	
	اَفَمَنْ وَّعَدْنٰهُ وَعْدًا حَسَنًا فَهُوَ لَاقِيْهِ كَمَنْ مَّتَّعْنٰهُ مَتَاعَ الْحَيٰوةِ الدُّنْيَا ثُمَّ هُوَ يَوْمَ الْقِيٰمَةِ مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	আফামাওঁ ওয়া 'আদানা-হু ওয়া'দান হ'াছানাং ফাহুওয়া লা-ক'ীহি কামাম মাত্তা'না-হু মাতা-'আল্ হ'য়া-তিদ্দুনইয়া- ছু'ম্মা হুওয়া ইয়াওমাল্ কি'য়া-মাতি মিনাল্ মুহ'দ'ারীন্।	
তরজমা	যাহাকে আমি উত্তম পুরস্কারের প্রতিশ্রুতি দিয়াছি, যাহা সে পাইবে, সে কি ঐ ব্যক্তির সমান যাহাকে আমি পার্থিব জীবনের ভোগ-সম্ভার দিয়াছি, যাহাকে পরে কিয়ামতের দিন হাযির করা হইবে ?	
	وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ اَيْنَ شُرَكَآءِيَ الَّذِيْنَ كُنْتُمْ تَزْعُمُوْنَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ'লু আইনা শুরাকা~ই ইয়াল্লায'ীনা কুংতুম তাঝ'উমূন্।	
তরজমা	এবং সেই দিন তিনি উহাদেরকে আহ্বান করিয়া বলিবেন, 'তোমরা যাহাদেরকে আমার শরীক গণ্য করিতে, তাহারা কোথায় ?'	
	قَالَ الَّذِيْنَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ رَبَّنَا هٰٓؤُلَآءِ الَّذِيْنَ اَغْوَيْنَا ۚ اَغْوَيْنٰهُمْ كَمَا غَوَيْنَا ۚ تَبَرَّاْنَآ اِلَيْكَ ۖ مَا كَانُوْٓا اِيَّانَا يَعْبُدُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ক'া-লাল্লায'ীনা হ'াক্ক'া 'আলাইহিমুল্ ক'াওলু রাব্বানা- হা~উলা~ইল্লায'ীনা আগ্ওয়াই্না- (ج) আগ্ওয়াই্না-হুম কামা-গাওয়াইনা- (ج) তাবার্রা'না~ইলাইকা (ز) মা- কা-নূ~ ইয়্যা-না- ইয়া'বুদূন্।	
তরজমা	যাহাদের জন্য শাস্তি অবধারিত হইয়াছে তাহারা বলিবে, 'হে আমাদের প্রতিপালক ! ইহাদেরকেই আমরা বিভ্রান্ত করিয়াছিলাম ; ইহাদেরকে বিভ্রান্ত করিয়াছিলাম যেমন আমরা বিভ্রান্ত হইয়াছিলাম ; আপনার সমীপে আমরা দায়িত্ব হইতে অব্যাহতি চাহিতেছি। ইহারা তো আমাদের 'ইবাদত করিত না।'	

	وَقِيْلَ ادْعُوْا شُرَكَآءَكُمْ فَدَعَوْهُمْ فَلَمْ يَسْتَجِيْبُوْا لَهُمْ وَرَاَوُا الْعَذَابَ ۚ لَوْ اَنَّهُمْ كَانُوْا يَهْتَدُوْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ওয়া ক'ীলাদ্'উ শুরাকা~আকুম্ ফাদা'আওহুম ফালাম্ ইয়াছ্তাজীবূ লাহুম্ ওয়ারাআউল 'আয'া-বা (ج) লাও আন্নাহুম কা-নূ ইয়াহ্তাদূন্।	
তরজমা	উহাদেরকে বলা হইবে, 'তোমাদের দেবতাগুলিকে আহ্বান কর।' তখন ইহারা উহাদেরকে ডাকিবে। কিন্তু উহারা ইহাদের ডাকে সাড়া দিবে না। ইহারা শাস্তি প্রত্যক্ষ করিবে। হায়! ইহারা যদি সৎপথ অনুসরণ করিত।	
	وَيَوْمَ يُنَادِيْهِمْ فَيَقُوْلُ مَاذَآ اَجَبْتُمُ الْمُرْسَلِيْنَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ'লু মা-য'া~আজাব্তুমুল্ মুরছালীন্।	
তরজমা	আর সেই দিন আল্লাহ্ ইহাদেরকে ডাকিয়া বলিবেন, 'তোমরা রাসূলগণকে কী জবাব দিয়াছিলে ?'	
	فَعَمِيَتْ عَلَيْهِمُ الْاَنْۢبَآءُ يَوْمَئِذٍ فَهُمْ لَا يَتَسَآءَلُوْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ফা'আমিয়াত 'আলাইহিমুল্ আম্বা~উ ইয়াওমায়িযি'ং ফাহুম লা-ইয়াতাছা~আলূন্।	
তরজমা	সেই দিন সকল তথ্য তাহাদের নিকট হইতে বিলুপ্ত হইবে এবং ইহারা একে অপরকে জিজ্ঞাসাবাদও করিতে পারিবে না।	
	فَاَمَّا مَنْ تَابَ وَاٰمَنَ وَعَمِلَ صَالِحًا فَعَسٰٓى اَنْ يَّكُوْنَ مِنَ الْمُفْلِحِيْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ফাআম্মা-মাং তা-বা ওয়া আ-মানা ওয়া'আমিলা সা-লিহ'াং ফা'আছা~আইঁ ইয়াকূনা মিনাল মুফ্লিহ'ীন্।	
তরজমা	তবে যে ব্যক্তি তওবা করিয়াছিল এবং ঈমান আনিয়াছিল ও সৎকর্ম করিয়াছিল, আশা করা যায় সে সাফল্য অর্জনকারীদের অন্তর্ভুক্ত হইবে।	
	وَرَبُّكَ يَخْلُقُ مَا يَشَآءُ وَيَخْتَارُ ۗ مَا كَانَ لَهُمُ الْخِيَرَةُ ۗ سُبْحٰنَ اللّٰهِ وَتَعٰلٰى عَمَّا يُشْرِكُوْنَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুকা ইয়াখলুকু' মা- ইয়াশা~উ ওয়া ইয়াখ্তা-রু (ط) মা- কানা লাহুমুল খিয়ারাতু (ط) ছুবহ'া-নাল্লা-হি ওয়া তা'আ-লা- 'আম্মা-ইউশ্রিকূন্।	
তরজমা	তোমার প্রতিপালক যাহা ইচ্ছা সৃষ্টি করেন এবং যাহাকে ইচ্ছা মনোনীত করেন, ইহাতে উহাদের কোন হাত নাই। আল্লাহ্ পবিত্র, মহান এবং উহারা যাহাকে শরীক করে তাহা হইতে তিনি উর্ধ্বে!	
	وَرَبُّكَ يَعْلَمُ مَا تُكِنُّ صُدُوْرُهُمْ وَمَا يُعْلِنُوْنَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুকা ইয়া'লামু মা-তুকিন্নু সুদূরুহুম ওয়ামা- ইউ'লিমূন্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আর তোমার প্রতিপালক জানেন ইহাদের অন্তর যাহা গোপন করে এবং ইহারা যাহা ব্যক্ত করে।	
	وَهُوَ اللّٰهُ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ؕ لَهُ الۡحَمۡدُ فِى الۡاُوۡلٰى وَالۡاٰخِرَةِ ۖ وَلَهُ الۡحُكۡمُ وَاِلَيۡهِ تُرۡجَعُوۡنَ ﴿۷۰﴾	70
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়াল্লা-হু লা~ইলা-হা ইল্লা-হুওয়া (ط) লাহুল হ'াম্‌দু ফিল্ ঊলা-ওয়াল্ আ-খিরাতি (ز) ওয়া লাহুল্ হু'কমু ওয়া ইলাইহি তুরজা'উন্।	
তরজমা	তিনিই আল্লাহ্, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই, দুনিয়া ও আখিরাতে সমস্ত প্রশংসা তাঁহারই ; বিধান তাঁহারই ; তোমরা তাঁহারই দিকে প্রত্যাবর্তিত হইবে।	
	قُلۡ اَرَءَيۡتُمۡ اِنۡ جَعَلَ اللّٰهُ عَلَيۡكُمُ الَّيۡلَ سَرۡمَدًا اِلٰى يَوۡمِ الۡقِيٰمَةِ مَنۡ اِلٰهٌ غَيۡرُ اللّٰهِ يَاۡتِيۡكُمۡ بِضِيَآءٍ ؕ اَفَلَا تَسۡمَعُوۡنَ ﴿۷۱﴾	71
প্রতিবর্ণায়ন	ক'ুল্ আরাআইতুম্ ইং জা'আলা-ল্লাহু 'আলাইকুমুল্ লাইলা ছার্‌মাদান্ ইলা- ইয়াওমিল্ কি'য়া-মাতি মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া'তীকুম্ বিদি'য়া~ইন (ط) আফালা-তাছমা'উন্।	
তরজমা	বল, 'তোমরা ভাবিয়া দেখিয়াছ কি, আল্লাহ্ যদি রাত্রিকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ্ ব্যতীত এমন কোন্ ইলাহ্ আছে, যে তোমাদেরকে আলোক আনিয়া দিতে পারে ? তবুও কি তোমরা কর্ণপাত করিবে না ?'	
	قُلۡ اَرَءَيۡتُمۡ اِنۡ جَعَلَ اللّٰهُ عَلَيۡكُمُ النَّهَارَ سَرۡمَدًا اِلٰى يَوۡمِ الۡقِيٰمَةِ مَنۡ اِلٰهٌ غَيۡرُ اللّٰهِ يَاۡتِيۡكُمۡ بِلَيۡلٍ تَسۡكُنُوۡنَ فِيۡهِ ؕ اَفَلَا تُبۡصِرُوۡنَ ﴿۷۲﴾	72
প্রতিবর্ণায়ন	ক'ুল আরাআইতুম ইং জা'আলাল্লা-হু 'আলাইকুমুন্ নাহা-রা ছার্‌মাদান্ ইলা- ইয়াওমিল কি'য়া-মাতি মান্ ইলা-হুন গাইরুল্লা-হি ইয়া'তীকুম্ বিলাইলিং তাছ্‌কুনূনা ফীহি (ط) আফালা-তুব্‌সিরূন।	
তরজমা	বল, 'তোমরা ভাবিয়া দেখিয়াছ কি, আল্লাহ্ যদি দিবসকে কিয়ামতের দিন পর্যন্ত স্থায়ী করেন, আল্লাহ্ ব্যতীত এমন কোন্ ইলাহ্ আছে, যে তোমাদের জন্য রাত্রির আবির্ভাব ঘটাইবে, যাহাতে তোমরা বিশ্রাম করিতে পার ? তবুও কি তোমরা ভাবিয়া দেখিবে না ?'	
	وَمِنۡ رَّحۡمَتِهٖ جَعَلَ لَـكُمُ الَّيۡلَ وَالنَّهَارَ لِتَسۡكُنُوۡا فِيۡهِ وَلِتَبۡتَغُوۡا مِنۡ فَضۡلِهٖ وَلَعَلَّكُمۡ تَشۡكُرُوۡنَ ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া মির রাহ'মাতিহী জা'আলা লাকুমুল্ লাইলা ওয়ান্ নাহা-রা লিতাছ্‌কুনূ ফীহি ওয়ালিতাব্‌তাগূ মিং ফাদ্‌লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্‌কুরূন।	

তরজমা	তিনিই তাঁহার দয়ায় তোমাদের জন্য করিয়াছেন রজনী ও দিবস, যেন উহাতে তোমরা বিশ্রাম করিতে পার এবং তাঁহার অনুগ্রহ সন্ধান করিতে পার এবং কৃতজ্ঞতা প্রকাশ কর।	
	وَيَوْمَ يُنَادِيهِمْ فَيَقُولُ أَيْنَ شُرَكَائِيَ الَّذِينَ كُنتُمْ تَزْعُمُونَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউনা-দীহিম ফাইয়াকূ'লু আইনা শুরাকা~ইয়াল্লায ীনা কুংতুম তাঝ'উমূন্।	
তরজমা	সেই দিন তিনি উহাদেরকে আহ্বান করিয়া বলিবেন, 'তোমরা যাহাদেরকে আমার শরীক গণ্য করিতে তাহারা কোথায় ?'	
	وَنَزَعْنَا مِن كُلِّ أُمَّةٍ شَهِيدًا فَقُلْنَا هَاتُوا بُرْهَانَكُمْ فَعَلِمُوا أَنَّ الْحَقَّ لِلَّهِ وَضَلَّ عَنْهُم مَّا كَانُوا يَفْتَرُونَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়ানাঝা'না-মিং কুল্লি উম্মাতিং শাহীদাং ফাকু'লনা-হা-তূ বুরহা-নাকুম্ ফা'আলিমূ~আন্নাল্ হ'াক্ক'া লিল্লা-হি ওয়া দ'াল্লা 'আনহুম মা-কা-নূ ইয়াফ্তারূন্।	
তরজমা	প্রত্যেক সম্প্রদায় হইতে আমি একজন সাক্ষী বাহির করিয়া আনিব এবং বলিব, 'তোমাদের প্রমাণ উপস্থিত কর।' তখন উহারা জানিতে পারিবে, ইলাহ্ হইবার অধিকার আল্লাহ্রই এবং উহারা যাহা উদ্ভাবন করিত তাহা উহাদের নিকট হইতে অন্তর্হিত হইবে।	
	إِنَّ قَارُونَ كَانَ مِن قَوْمِ مُوسَىٰ فَبَغَىٰ عَلَيْهِمْ ۖ وَآتَيْنَاهُ مِنَ الْكُنُوزِ مَا إِنَّ مَفَاتِحَهُ لَتَنُوءُ بِالْعُصْبَةِ أُولِي الْقُوَّةِ إِذْ قَالَ لَهُ قَوْمُهُ لَا تَفْرَحْ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْفَرِحِينَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ইন্না ক'া-রূনা কা-না মিং ক'াওমি মূছা-ফাবাগা- 'আলাইহিম (ص) ওয়া আ-তাইনা-হু মিনাল্ কুনূঝি মা~ইন্না মাফা-তিহ'াহূ লাতানূ~উ বিল্'উসবাতি উলিল কু'ওওয়াতি (ق) ইয' ক'া-লা লাহূ ক'াওমুহূ লা- তাফ্রাহ্' ইন্নাল্লা-হা লা-ইউহি'ব্বুল ফারিহ ীন্।	
তরজমা	কারূন ছিল মূসার সম্প্রদায়ভুক্ত, কিন্তু সে তাহাদের প্রতি ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিল। আমি তাহাকে দান করিয়াছিলাম এমন ধনভাণ্ডার যাহার চাবিগুলি বহন করা একদল বলবান লোকের পক্ষেও কষ্টসাধ্য ছিল। স্মরণ কর, তাহার সম্প্রদায় তাহাকে বলিয়াছিল, 'দম্ভ করিও না, নিশ্চয় আল্লাহ্ দাম্ভিকদেরকে পসন্দ করেন না।	
	وَابْتَغِ فِيمَا آتَاكَ اللَّهُ الدَّارَ الْآخِرَةَ ۖ وَلَا تَنسَ نَصِيبَكَ مِنَ الدُّنْيَا ۖ وَأَحْسِن كَمَا أَحْسَنَ اللَّهُ إِلَيْكَ ۖ وَلَا تَبْغِ الْفَسَادَ فِي الْأَرْضِ ۖ إِنَّ اللَّهَ لَا يُحِبُّ الْمُفْسِدِينَ ﴿٧٧﴾	77

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াব্‌তাগি ফিমা˜আ–তা–কাল্লা–হুদ্‌দা–রাল আ–খিরাতা ওয়ালা– তাংছা নাসীবাকা মিনাদ্‌দুনইয়া– ওয়া আহ˙ছিন্ কামা˜আহ˙ছানাল্লা–হু ইলাইকা ওয়ালা তাব্‌গিল্ ফাছা–দা ফিল্ আর্‌দি˙ (ط) ইন্নাল্লা–হা লা–ইউহি˙ব্বুল মুফছিদীন্।	
তরজমা	'আল্লাহ্ যাহা তোমাকে দিয়াছেন তদ্দ্বারা আখিরাতের আবাস অনুসন্ধান কর এবং দুনিয়া হইতে তোমার অংশ ভুলিও না; তুমি অনুগ্রহ কর যেমন আল্লাহ্ তোমার প্রতি অনুগ্রহ করিয়াছেন এবং পৃথিবীতে বিপর্যয় সৃষ্টি করিতে চাহিও না। আল্লাহ্ বিপর্যয় সৃষ্টিকারীকে ভালবাসেন না।'	
	قَالَ اِنَّمَآ اُوْتِيْتُهٗ عَلٰى عِلْمٍ عِنْدِىْ ؕ اَوَلَمْ يَعْلَمْ اَنَّ اللّٰهَ قَدْ اَهْلَكَ مِنْ قَبْلِهٖ مِنَ الْقُرُوْنِ مَنْ هُوَ اَشَدُّ مِنْهُ قُوَّةً وَّاَكْثَرُ جَمْعًا ؕ وَلَا يُسْـَٔلُ عَنْ ذُنُوْبِهِمُ الْمُجْرِمُوْنَ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ক'া–লা ইন্নামা˜ঊতীতুহূ 'আলা– 'ইল্‌মিন 'ইংদী (ط) আওয়ালাম্ ইয়া'লাম্ আন্নাল্লা–হা ক'াদ আহ্‌লাকা মিং ক'াব্‌লিহী মিনাল ক'ুরূনি মান্ হুওয়া আশাদ্দু মিনহু ক'ুওওয়াতাওঁ ওয়া আক্‌ছ˙রু জাম্'আওঁ (ط) ওয়ালা– ইউছআলু 'আং য'ুনূবিহিমুল্ মুজরিমূন্।	
তরজমা	সে বলিল, 'এই সম্পদ আমি আমার জ্ঞানবলে প্রাপ্ত হইয়াছি।' সে কি জানিত না আল্লাহ্ তাহার পূর্বে ধ্বংস করিয়াছেন বহু মানবগোষ্ঠীকে যাহারা তাহা অপেক্ষা শক্তিতে ছিল প্রবল, জনসংখ্যায় ছিল অধিক ? অপরাধীদেরকে উহাদের অপরাধ সম্পর্কে প্রশ্ন করা হইবে না।	
	فَخَرَجَ عَلٰى قَوْمِهٖ فِىْ زِيْنَتِهٖ ؕ قَالَ الَّذِيْنَ يُرِيْدُوْنَ الْحَيٰوةَ الدُّنْيَا يٰلَيْتَ لَنَا مِثْلَ مَآ اُوْتِىَ قَارُوْنُ ۙ اِنَّهٗ لَذُوْ حَظٍّ عَظِيْمٍ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ফাখারাজা 'আলা– ক'াওমিহী ফী ঝীনাতিহী (ط) ক'া–লাল্লায˜ীনা ইউরীদূনাল্ হ'ায়া–তাদ্‌দুন্ইয়া– ইয়া– লাইতা লানা– মিছ˙লা মা˜ঊতিয়া ক'া–রূনু (لا) ইন্নাহূ লাযূ˙ হ'াজ্জি˙ন্ 'আজ˙ীম্।	
তরজমা	কারূন তাহার সম্প্রদায়ের সম্মুখে উপস্থিত হইয়াছিল জাঁকজমকসহকারে। যাহারা পার্থিব জীবন কামনা করিত তাহারা বলিল, 'আহা, কারূনকে যেইরূপ দেওয়া হইয়াছে আমাদেরকেও যদি তাহা দেওয়া হইত। প্রকৃতই সে মহাভাগ্যবান।'	
	وَقَالَ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ وَيْلَكُمْ ثَوَابُ اللّٰهِ خَيْرٌ لِّمَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۚ وَلَا يُلَقّٰىهَآ اِلَّا الصّٰبِرُوْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া–লাল্লায˜ীনা ঊতুল 'ইল্‌মা ওয়াইলাকুম্ ছ˙াওয়া–বুল্লা–হি খাইরুল্ লিমান আ–মানা ওয়া 'আমিলা সা–লিহ˙াওঁ (ج) ওয়ালা– ইউলাক্ক'া–হা˜ইল্লাসসা–বিরূন্।	

তরজমা	এবং যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছিল তাহারা বলিল, 'ধিক তোমাদেরকে! যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আল্লাহ্‌র পুরস্কারই শ্রেষ্ঠ এবং ধৈর্যশীল ব্যতীত ইহা কেহ পাইবে না।'	
		81
	فَخَسَفْنَا بِهٖ وَبِدَارِهِ الْاَرْضَ ۫ فَمَا كَانَ لَهٗ مِنْ فِئَةٍ يَّنْصُرُوْنَهٗ مِنْ دُوْنِ اللّٰهِ ۗ وَمَا كَانَ مِنَ الْمُنْتَصِرِيْنَ ﴿٨١﴾	
প্রতিবর্ণায়ন	ফাখাছাফনা- বিহী ওয়া বিদা-রিহিল আর্‌দ'া (قف) ফামা- কা-না লাহূ মিং ফিয়াতিইঁ ইয়াংসুরূনাহূ মিং দূনিল্লা-হি (ق) ওয়ামা- কা-না মিনাল মুংতাসিরীন্‌।	
তরজমা	অতঃপর আমি কারূনকে তাহার প্রাসাদসহ ভূগর্ভে প্রোথিত করিলাম। তাহার স্বপক্ষে এমন কোন দল ছিল না যে আল্লাহ্‌র শাস্তি হইতে তাহাকে সাহায্য করিতে পারিত এবং সে নিজেও আত্মরক্ষায় সক্ষম ছিল না।	
		82
	وَاَصْبَحَ الَّذِيْنَ تَمَنَّوْا مَكَانَهٗ بِالْاَمْسِ يَقُوْلُوْنَ وَيْكَاَنَّ اللّٰهَ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ ۚ لَوْ لَآ اَنْ مَّنَّ اللّٰهُ عَلَيْنَا لَخَسَفَ بِنَا ۗ وَيْكَاَنَّهٗ لَا يُفْلِحُ الْكٰفِرُوْنَ ﴿٨٢﴾	
প্রতিবর্ণায়ন	ওয়া আসবাহ'াল্লাযীনা তামান্নাও মাকা-নাহূ বিল্‌আম্‌ছি ইয়াকূ'লূনা ওয়াইকাআন্নাল্লা-হা ইয়াব্‌ছুতু'র্‌রিঝক'া লিমাইঁ ইয়াশা~উ মিন 'ইবা-দিহী ওয়া ইয়াক'দিরু (ج) লাওলা~আম্‌ মান্নাল্লা-হু 'আলাইনা- লাখাছাফা বিনা- (ط) ওয়াইকাআন্নাহূ লা-ইউফ্‌লিহু'ল্‌ কা-ফিরূন্‌।	
তরজমা	পূর্বদিন যাহারা তাহার মত হইবার কামনা করিয়াছিল, তাহারা বলিতে লাগিল, 'দেখিলে তো, আল্লাহ্‌ তাঁহার বান্দাদের মধ্যে যাহার জন্য ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন এবং যাহার জন্য ইচ্ছা হ্রাস করেন। যদি আল্লাহ্‌ আমাদের প্রতি সদয় না হইতেন তবে আমাদেরকেও তিনি ভূগর্ভে প্রোথিত করিতেন। দেখিলে তো! কাফিররা সফলকাম হয় না।'	
		83
	تِلْكَ الدَّارُ الْاٰخِرَةُ نَجْعَلُهَا لِلَّذِيْنَ لَا يُرِيْدُوْنَ عُلُوًّا فِى الْاَرْضِ وَلَا فَسَادًا ۗ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ ﴿٨٣﴾	
প্রতিবর্ণায়ন	তিল্‌কাদ্‌দা-রুল আ-খিরাতু নাজ'আলুহা- লিল্লাযীনা লা- ইউরীদূনা 'উলুওওয়াং ফিল্‌ আরদি' ওয়ালা- ফাছা-দাওঁ (ط) ওয়াল্‌ 'আ-কি'বাতু লিল্‌মুত্তাকীন্‌।	
তরজমা	ইহা আখিরাতের সেই আবাস যাহা আমি নির্ধারিত করি তাহাদের জন্য যাহারা এই পৃথিবীতে উদ্ধত হইতে ও বিপর্যয় সৃষ্টি করিতে চাহে না। শুভ পরিণাম মুত্তাকীদের জন্য।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَنْ جَآءَ بِالْحَسَنَةِ فَلَهٗ خَيْرٌ مِّنْهَا ۚ وَمَنْ جَآءَ بِالسَّيِّئَةِ فَلَا يُجْزَى الَّذِيْنَ عَمِلُوا السَّيِّاٰتِ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	মাং জা~আ বিল হ'াছানাতি ফালাহূ খাইরুম্ মিনহা- (ج) ওয়া মাং জা~আ বিছ্ছাইয়িআতি ফালা- ইউজ্‌ঝাল্লায ীনা 'আমিলুছ্ ছাইয়িআ-তি ইল্লা- মা- কা-নূ ইয়া'মালূন্।	
তরজমা	যে কেহ সৎকর্ম লইয়া উপস্থিত হয় তাহার জন্য রহিয়াছে উহা অপেক্ষা উত্তম ফল, আর যে মন্দ কর্ম লইয়া উপস্থিত হয়, তবে যাহারা মন্দ কর্ম করে তাহাদেরকে তাহারা যাহা করিয়াছে উহারই শাস্তি দেওয়া হইবে।	
	اِنَّ الَّذِىْ فَرَضَ عَلَيْكَ الْقُرْاٰنَ لَرَآدُّكَ اِلٰى مَعَادٍ ۭ قُلْ رَّبِّيْٓ اَعْلَمُ مَنْ جَآءَ بِالْهُدٰى وَمَنْ هُوَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ী ফারাদ'া 'আলাইকাল্ কু'রআ-না লারা~দ্দুকা ইলা- মা'আ-দিং (ط) কু'র্‌রাব্বী~আ'লামু মাং জা~আ বিলহুদা- ওয়া মান্ হুওয়া ফী দ'ালা-লিম্ মুবীন্।	
তরজমা	যিনি তোমার জন্য কুরআনকে করিয়াছেন বিধান তিনি তোমাকে অবশ্যই ফিরাইয়া আনিবেন জন্মভূমিতে। বল, 'আমার প্রতিপালক ভাল জানেন কে সৎপথের নির্দেশ আনিয়াছে এবং কে স্পষ্ট বিভ্রান্তিতে আছে।'	
	وَمَا كُنْتَ تَرْجُوْٓا اَنْ يُّلْقٰٓى اِلَيْكَ الْكِتٰبُ اِلَّا رَحْمَةً مِّنْ رَّبِّكَ فَلَا تَكُوْنَنَّ ظَهِيْرًا لِّلْكٰفِرِيْنَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কুংতা তারাজূ~আইঁ ইউল্‌ক'া~ইলাইকাল্ কিতা-বু ইল্লা-রাহ'মাতাম্ মির্ রাব্বিকা ফালা- তাকূনান্না জ'াহীরাল্ লিলকা-ফিরীন্।	
তরজমা	তুমি আশা কর নাই যে, তোমার প্রতি কিতাব অবতীর্ণ হইবে। ইহা তো কেবল তোমার প্রতিপালকের অনুগ্রহ। সুতরাং তুমি কখনও কাফিরদের সহায় হইও না।	
	وَلَا يَصُدُّنَّكَ عَنْ اٰيٰتِ اللّٰهِ بَعْدَ اِذْ اُنْزِلَتْ اِلَيْكَ وَادْعُ اِلٰى رَبِّكَ وَلَا تَكُوْنَنَّ مِنَ الْمُشْرِكِيْنَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াসুদ্দুন্নাকা 'আন্ আ-য়া-তিল্লা-হি বা'দা ইয্ উংঝিলাত্ ইলাইকা ওয়াদ্'উ ইলা- রাব্বিকা ওয়ালা- তাকূনান্না মিনাল্ মুশরিকীন্।	
তরজমা	তোমার প্রতি আল্লাহ্‌র আয়াত অবতীর্ণ হওয়ার পর উহারা যেন তোমাকে কিছুতেই সেগুলি হইতে বিমুখ না করে। তুমি তোমার প্রতিপালকের দিকে আহ্বান কর এবং কিছুতেই মুশরিকদের অন্তর্ভুক্ত হইও না।	

		88
	وَلَا تَدْعُ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ۘ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ؕ كُلُّ شَیْءٍ هَالِكٌ اِلَّا وَجْهَهٗ ؕ لَهُ الْحُكْمُ وَاِلَیْهِ تُرْجَعُوْنَ ﴿۸۸﴾	
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাদ্'উ মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা(م) । লা~ইলা-হা ইল্লা-হুওয়া (قف) কুল্লু শাইইন্ হা-লিকুন ইল্লা- ওয়াজহাহূ (ط) লাহুল হুক্মু ওয়া ইলাইহি তুরজা'উন্ ।	
তরজমা	তুমি আল্লাহ্‌র সঙ্গে অন্য ইলাহ্‌কে ডাকিও না, তিনি ব্যতীত অন্য কোন ইলাহ্ নাই। আল্লাহ্‌র সত্তা ব্যতীত সমস্ত কিছুই ধ্বংসশীল। বিধান তাঁহারই এবং তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	

29 - Al-`Ankabut-আনকাবূত -العنكبوت

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِیْمِ

	الٓمّٓ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলিফ লা~ম মী~ম ।	
তরজমা	আলিফ-লাম-মীম;	
	اَحَسِبَ النَّاسُ اَنْ یُّتْرَكُوْۤا اَنْ یَّقُوْلُوْۤا اٰمَنَّا وَهُمْ لَا یُفْتَنُوْنَ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আহ'াছিবান্না-ছু আইঁ ইউতরাকূ~ আইঁ ইয়াকূ'লূ~ আ-মান্না-ওয়া হুম লা-ইউফতানূন ।	
তরজমা	মানুষ কি মনে করে যে, 'আমরা ঈমান আনিয়াছি' এই কথা বলিলেই উহাদেরকে পরীক্ষা না করিয়া অব্যাহতি দেওয়া হইবে ?	
	وَلَقَدْ فَتَنَّا الَّذِیْنَ مِنْ قَبْلِهِمْ فَلَیَعْلَمَنَّ اللّٰهُ الَّذِیْنَ صَدَقُوْا وَلَیَعْلَمَنَّ الْكٰذِبِیْنَ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ ফাতান্নাল্লায'ীনা মিং ক'াবলিহিম ফালাইয়া'লামান্নাল্লা-হুল্লায'ীনা সাদাকূ' ওয়ালাইয়া'লামান্নাল কা-যি'বীন । ।	
তরজমা	আমি তো ইহাদের পূর্ববর্তীদেরকেও পরীক্ষা করিয়াছিলাম ; আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা সত্যবাদী এবং তিনি অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মিথ্যাবাদী।	
	اَمْ حَسِبَ الَّذِیْنَ یَعْمَلُوْنَ السَّیِّاٰتِ اَنْ یَّسْبِقُوْنَا ؕ سَآءَ مَا یَحْكُمُوْنَ ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	আম হ'াছিবাল্লায'ীনা ইয়া'মালূনাছ্‌ছাইয়িআ-তি আইঁ ইয়াছবিকূ'না- (ط) ছা~আ মা- ইয়াহ'কুমূন ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	তবে কি যাহারা মন্দ কর্ম করে তাহারা মনে করে যে, তাহারা আমার আয়ত্তের বাহিরে চলিয়া যাইবে ? তাহাদের সিদ্ধান্ত কত মন্দ!	
	مَنْ كَانَ يَرْجُوْا لِقَآءَ اللّٰهِ فَاِنَّ اَجَلَ اللّٰهِ لَاٰتٍ ؕ وَهُوَ السَّمِيْعُ الْعَلِيْمُ ۝	5
প্রতিবর্ণায়ন	মাং কা-না ইয়ারজু লিক'া~আল্লা-হি ফাইন্না আজালাল্লা-হি লাআ-তিওঁ (ط) ওয়া হুওয়াছ্ ছামী'উল 'আলীম।	
তরজমা	যে আল্লাহ্‌র সাক্ষাৎ কামনা করে সে জানিয়া রাখুক, আল্লাহ্‌র নির্ধারিত কাল আসিবেই। তিনি সর্বশ্রোতা, সর্বজ্ঞ।	
	وَمَنْ جَاهَدَ فَاِنَّمَا يُجَاهِدُ لِنَفْسِهٖ ؕ اِنَّ اللّٰهَ لَغَنِيٌّ عَنِ الْعٰلَمِيْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়া মাং জা-হাদা ফাইন্নামা-ইউজা-হিদু লিনাফ্‌ছিহী (ط) ইন্নাল্লা-হা লাগানিইইউন্ 'আনিল 'আ-লামীন।	
তরজমা	যে কেহ সাধনা করে, সে তো নিজের জন্যই সাধনা করে ; আল্লাহ্ তো বিশ্বজগৎ হইতে অমুখাপেক্ষী।	
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُكَفِّرَنَّ عَنْهُمْ سَيِّاٰتِهِمْ وَلَنَجْزِيَنَّهُمْ اَحْسَنَ الَّذِيْ كَانُوْا يَعْمَلُوْنَ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ'া-তি লানুকাফফিরান্না 'আনহুম ছাইয়িআ-তিহিম ওয়ালানাজঝিয়ান্নাহুম আহ'ছানাল্লায'ী কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	এবং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি নিশ্চয়ই তাহাদের হইতে তাহাদের মন্দ কর্মগুলি মিটাইয়া দিব এবং আমি অবশ্যই তাহাদেরকে প্রতিদান দিব, তাহারা যে উত্তম কর্ম করিত তাহার।	
	وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ حُسْنًا ؕ وَاِنْ جَاهَدٰكَ لِتُشْرِكَ بِيْ مَا لَيْسَ لَكَ بِهٖ عِلْمٌ فَلَا تُطِعْهُمَا ؕ اِلَيَّ مَرْجِعُكُمْ فَاُنَبِّئُكُمْ بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ۝	8
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াস্‌সাইনাল ইংছা-না বিওয়া-লিদাইহি হু'ছনাওঁ (ط) ওয়া ইং জা-হাদা-কা লিতুশরিকা বী মা-লাইছা লাকা বিহী 'ইলমুং ফালা-তুতি'হুমা- (ط) ইলাইইয়া মারজি'উকুম ফাউনাব্বিউকুম বিমা-কুংতুম তা'মালূন।	
তরজমা	আমি মানুষকে নির্দেশ দিয়াছি তাহার পিতামাতার প্রতি সদ্ব্যবহার করিতে। তবে উহারা যদি তোমার উপর বল প্রয়োগ করে আমার সঙ্গে এমন কিছু শরীক করিতে যাহার সম্পর্কে তোমার কোন জ্ঞান নাই, তুমি তাহাদেরকে মানিও না। আমারই নিকট তোমাদের প্রত্যাবর্তন। অতঃপর আমি তোমাদেরকে জানাইয়া দিব তোমরা কী করিতেছিলে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَنُدْخِلَنَّهُمْ فِي الصّٰلِحِيْنَ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্সা-লিহ াতি লানুদ্খিলান্নাহুম ফিস্সা-লিহ ীন।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে আমি অবশ্যই তাহাদেরকে সৎকর্মপরায়ণদের অন্তর্ভুক্ত করিব।	
	وَمِنَ النَّاسِ مَنْ يَّقُوْلُ اٰمَنَّا بِاللّٰهِ فَاِذَآ اُوْذِيَ فِي اللّٰهِ جَعَلَ فِتْنَةَ النَّاسِ كَعَذَابِ اللّٰهِ ۭ وَلَىِٕنْ جَاۗءَ نَصْرٌ مِّنْ رَّبِّكَ لَيَقُوْلُنَّ اِنَّا كُنَّا مَعَكُمْ ۭ اَوَلَيْسَ اللّٰهُ بِاَعْلَمَ بِمَا فِيْ صُدُوْرِ الْعٰلَمِيْنَ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি মাইঁ ইয়াকূ ল আ-মান্না-বিল্লা-হি ফাইযা-উযি ইয়া ফিল্লা-হি জা'আলা ফিতনাতান্না-ছি কা'আযা-বিল্লা-হি (ط) ওয়ালাইং জা~আ নাসরুম্ মির্ রাব্বিকা লাইয়াকূ লুন্না ইন্না-কুন্না-মা'আকুম (ط) আওয়া লাইছাল্লা-হু বিআ'লামা বিমা-ফী সুদূরিল 'আ-লামীন।	
তরজমা	মানুষের মধ্যে কতক বলে, 'আমরা আল্লাহে বিশ্বাস করি, কিন্তু আল্লাহ্র পথে যখন উহারা নিগৃহীত হয়, তখন উহারা মানুষের পীড়নকে আল্লাহ্র শাস্তির মত গণ্য করে এবং তোমার প্রতিপালকের নিকট হইতে কোন সাহায্য আসিলে উহারা বলিতে থাকে, 'আমরা তো তোমাদের সঙ্গেই ছিলাম।' বিশ্ববাসীর অন্তঃকরণে যাহা আছে, আল্লাহ্ কি তাহা সম্যক অবগত নহেন ?'	
	وَلَيَعْلَمَنَّ اللّٰهُ الَّذِيْنَ اٰمَنُوْا وَلَيَعْلَمَنَّ الْمُنٰفِقِيْنَ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া লাইয়া'লামান্নাল্লা-হুল্লায ীনা আ-মানূ ওয়া লাইয়া'লামান্নাল মুনা-ফিক ীন।	
তরজমা	আল্লাহ্ অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা ঈমান আনিয়াছে এবং অবশ্যই প্রকাশ করিয়া দিবেন কাহারা মুনাফিক।	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوا اتَّبِعُوْا سَبِيْلَنَا وَلْنَحْمِلْ خَطٰيٰكُمْ ۭ وَمَا هُمْ بِحٰمِلِيْنَ مِنْ خَطٰيٰهُمْ مِّنْ شَيْءٍ ۭ اِنَّهُمْ لَكٰذِبُوْنَ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ওয়া ক া-লাল্লায ীনা কাফারূ লিল্লায ীনা আ-মানত্তাবি'উ ছাবীলানা-ওয়ালনাহ্ মিল খাত া-য়া-কুম (ط) ওয়ামা-হুম বিহ া-মিলীনা মিন খাত া-য়া হুম মিং শাইয়িন (ط) ইন্নাহুম লাকা-যি বূন।	
তরজমা	কাফিররা মু'মিনদেরকে বলে, 'আমাদের পথ অনুসরণ কর তাহা হইলে আমরা তোমাদের পাপভার বহন করিব।' কিন্তু উহারা তো তাহাদের পাপভারের কিছুই বহন করিবে না। উহারা অবশ্যই মিথ্যাবাদী।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَيَحْمِلُنَّ اَثْقَالَهُمْ وَاَثْقَالًا مَّعَ اَثْقَالِهِمْ ۫ وَلَيُسْـَٔلُنَّ يَوْمَ الْقِيٰمَةِ عَمَّا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া লাইয়াহ্‌মিলুন্না আছ্‌ক'া-লাহুম্ ওয়াআছ্‌ক'া-লাম মা'আ আছ্‌ক'া-লিহিম (ز) ওয়ালাইউছআলুন্না ইয়াওমাল কি'য়া-মাতি 'আম্মা-কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	উহারা নিজেদের ভার বহন করিবে এবং নিজেদের বোঝার সঙ্গে আরও কিছু বোঝা ; আর উহারা যে মিথ্যা উদ্ভাবন করে সে সম্পর্কে কিয়ামত দিবসে অবশ্যই উহাদেরকে প্রশ্ন করা হইবে।	
	وَلَقَدْ اَرْسَلْنَا نُوْحًا اِلٰى قَوْمِهٖ فَلَبِثَ فِيْهِمْ اَلْفَ سَنَةٍ اِلَّا خَمْسِيْنَ عَامًا ؕ فَاَخَذَهُمُ الطُّوْفَانُ وَهُمْ ظٰلِمُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আরছালনা-নূহ'ান ইলা-ক'াওমিহী ফালাবিছ'া ফীহিম্ আলফা ছানাতিন ইল্লা-খামছীনা 'আ-মাং (ط) ফাআখায'া হুমুত্‌ত্বূ'ফা-নু ওয়াহুম জ'া-লিমূন।	
তরজমা	আমি তো নূহ্‌কে তাহার সম্প্রদায়ের নিকট প্রেরণ করিয়াছিলাম। সে উহাদের মধ্যে অবস্থান করিয়াছিল পঞ্চাশ কম হাজার বৎসর। অতঃপর প্লাবন উহাদেরকে গ্রাস করে ; কারণ উহারা ছিল সীমালংঘনকারী।	
	فَاَنْجَيْنٰهُ وَاَصْحٰبَ السَّفِيْنَةِ وَجَعَلْنٰهَاۤ اٰيَةً لِّلْعٰلَمِيْنَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ফাআংজাইনা-হু ওয়া আসহ'া-বাছ্‌ছাফীনাতি ওয়া জা'আল্‌না-হা- আ-য়াতাল্ লিল্'আ-লামীন।	
তরজমা	অতঃপর আমি তাহাকে এবং যাহারা তরণীতে আরোহণ করিয়াছিল তাহাদেরকে রক্ষা করিলাম এবং বিশ্বজগতের জন্য ইহাকে করিলাম একটি নিদর্শন।	
	وَاِبْرٰهِيْمَ اِذْ قَالَ لِقَوْمِهِ اعْبُدُوا اللّٰهَ وَاتَّقُوْهُ ؕ ذٰلِكُمْ خَيْرٌ لَّكُمْ اِنْ كُنْتُمْ تَعْلَمُوْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া ইবরা-হীমা ইয্' ক'া-লা লিক'াওমিহি'বুদুল্লা-হা ওয়াত্তাকূ'হু (ط) য'া-লিকুম খাইরুল্লাকুম ইং কুংতুম তা'লামূন।	
তরজমা	স্মরণ কর ইব্‌রাহীমের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, তোমরা আল্লাহ্‌র 'ইবাদত কর এবং তাঁহাকে ভয় কর ; তোমাদের জন্য ইহাই শ্রেয় যদি তোমরা জানিতে !	
	اِنَّمَا تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَوْثَانًا وَّتَخْلُقُوْنَ اِفْكًا ؕ اِنَّ الَّذِيْنَ تَعْبُدُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ لَا يَمْلِكُوْنَ لَكُمْ رِزْقًا فَابْتَغُوْا عِنْدَ اللّٰهِ الرِّزْقَ وَاعْبُدُوْهُ وَاشْكُرُوْا لَهٗ ؕ اِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿١٧﴾	17

প্রতিবর্ণায়ন	ইন্নামা-তা'বূদূনা মিং দূনিল্লা-হি আওছা-নাওঁ ওয়া তাখলুকূনা ইফ্কান (ط) ইন্নাল্লাযীনা তা'বুদূনা মিং দূনিল্লা-হি লা-ইয়ামলিকূনা লাকুম রিঝ্ক'াং ফাবতাগূ 'ইংদাল্লা-হির্ রিঝ্ক'া ওয়া'বুদূহু ওয়াশকুরূলাহূ (ط) ইলাইহি তুরজা'ঊন।	
তরজমা	'তোমরা তো আল্লাহ্ ব্যতীত কেবল মূর্তিপূজা করিতেছ এবং মিথ্যা উদ্ভাবন করিতেছ। তোমরা আল্লাহ্ ব্যতীত যাহাদের পূজা কর তাহারা তোমাদের জীবনোপকরণের মালিক নয়। সুতরাং তোমরা জীবনোপকরণ কামনা কর আল্লাহ্র নিকট এবং তাঁহার 'ইবাদত কর ও তাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। তোমরা তাঁহারই নিকট প্রত্যাবর্তিত হইবে।	
	وَاِنْ تُكَذِّبُوْا فَقَدْ كَذَّبَ اُمَمٌ مِّنْ قَبْلِكُمْ ؕ وَمَا عَلَى الرَّسُوْلِ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া ইং তূকায্'যি'বূ ফাক'াদ কায্'য'াবা উমামুম মিং ক'াবলিকুম (ط) ওয়ামা-'আলার্রাছূলি ইল্লাল বালা-গুল মুবীন।	
তরজমা	'তোমরা যদি অস্বীকার কর তবে তো তোমাদের পূর্ববর্তীরাও মিথ্যাবাদী বলিয়াছিল। সুস্পষ্টভাবে প্রচার করিয়া দেওয়া ব্যতীত রাসূলের আর কোন দায়িত্ব নাই।	
	اَوَلَمْ يَرَوْا كَيْفَ يُبْدِئُ اللّٰهُ الْخَلْقَ ثُمَّ يُعِيْدُهٗ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	আওয়ালাম ইয়ারাও কাইফা ইউবদিউল্লা-হুল খালক'া ছু'ম্মা ইউ'ঈদুহূ (ط) ইন্না য'া-লিকা 'আলাল্লা-হি ইয়াছীর।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না, কিভাবে আল্লাহ্ সৃষ্টিকে অস্তিত্ব দান করেন, অতঃপর উহা পুনরায় সৃষ্টি করেন ? ইহা তো আল্লাহ্র জন্য সহজ।	
	قُلْ سِيْرُوْا فِى الْاَرْضِ فَانْظُرُوْا كَيْفَ بَدَاَ الْخَلْقَ ثُمَّ اللّٰهُ يُنْشِئُ النَّشْاَةَ الْاٰخِرَةَ ؕ اِنَّ اللّٰهَ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿۲۰﴾ ع	20
প্রতিবর্ণায়ন	কু'ল্ ছীরূ ফিল আরদি' ফাংজু'রূ কাইফা বাদাআল খালক'া ছু'ম্মাল্লা-হু ইউংশিউং নাশআতাল আ-খিরাতা (ط) ইন্নাল্লা-হা 'আলা-কুল্লি শাইয়িং ক'াদীর।	
তরজমা	বল, 'তোমরা পৃথিবীতে পরিভ্রমণ কর এবং অনুধাবন কর, কিভাবে তিনি সৃষ্টি আরম্ভ করিয়াছেন! অতঃপর আল্লাহ্ সৃষ্টি করিবেন পরবর্তী সৃষ্টি। আল্লাহ্ তো সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	يُعَذِّبُ مَنْ يَّشَآءُ وَيَرْحَمُ مَنْ يَّشَآءُ ۚ وَاِلَيْهِ تُقْلَبُوْنَ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ইউ'আয্'যি'বূ মাইঁইয়াশা~উ ওয়া ইয়ারহ'ামু মাইঁ ইয়াশা~উ (ج) ওয়া ইলাইহি তুক'লাবূন ।	
তরজমা	তিনি যাহাকে ইচ্ছা শাস্তি দেন এবং যাহার প্রতি ইচ্ছা অনুগ্রহ করেন। তোমরা তাঁহারই নিকট প্রত্যাবর্তিত হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَآ اَنۡتُمۡ بِمُعۡجِزِيۡنَ فِى الۡاَرۡضِ وَلَا فِى السَّمَآءِ ۖ وَمَا لَـكُمۡ مِّنۡ دُوۡنِ اللّٰهِ مِنۡ وَّلِىٍّ وَّلَا نَصِيۡرٍ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়ামা-আংতুম বিমু'জিঝীনা ফিল আরদি্ ওয়ালা-ফিছ্ছামা~ই (ز) ওয়ামা-লাকুম মিং দূনিল্লা-হি মিওঁ ওয়ালিইয়িওঁ ওয়ালা-নাসীর।	
তরজমা	তোমরা আল্লাহ্‌কে ব্যর্থ করিতে পারিবে না পৃথিবীতে, আর না আকাশে এবং আল্লাহ্ ব্যতীত তোমাদের কোন অভিভাবক নাই, সাহায্যকারীও নাই।	
	وَالَّذِيۡنَ كَفَرُوۡا بِاٰيٰتِ اللّٰهِ وَلِقَآئِهٖۤ اُولٰٓئِكَ يَئِسُوۡا مِنۡ رَّحۡمَتِىۡ وَاُولٰٓئِكَ لَهُمۡ عَذَابٌ اَلِيۡمٌ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা কাফারূ বিআ-য়া-তিল্লা-হি ওয়া লিক'া-ইহী~উলা~ইকা ইয়াইছূ মির্‌রাহ'মাতী ওয়া উলা~ইকা লাহুম 'আয'া-বুন আলীম।	
তরজমা	যাহারা আল্লাহ্‌র নিদর্শন ও তাঁহার সাক্ষাৎ অস্বীকার করে, তাহারাই আমার অনুগ্রহ হইতে নিরাশ হয়। আর তাহাদের জন্য আছে মর্মন্তুদ শাস্তি।	
	فَمَا كَانَ جَوَابَ قَوۡمِهٖۤ اِلَّاۤ اَنۡ قَالُوا اقۡتُلُوۡهُ اَوۡ حَرِّقُوۡهُ فَاَنۡجٰىهُ اللّٰهُ مِنَ النَّارِ ؕ اِنَّ فِىۡ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّقَوۡمٍ يُّؤۡمِنُوۡنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ফামা-কা-না জাওয়া-বা ক'াওমিহী-ইল্লা-আং ক'াংলুক'তুলূহু আও হ'ার্‌রিকুহু ফাআংজা-হুল্লা-হু মিনান্না-রি (ط) ইন্না ফী য'া-লিকা লাআ-য়া-তিল্ লিক'াওমিইঁ ইউ'মিনূন।	
তরজমা	উত্তরে ইব্‌রাহীমের সম্প্রদায় শুধু এই বলিল, 'ইহাকে হত্যা কর অথবা অগ্নিদগ্ধ কর।' কিন্তু আল্লাহ্ তাহাকে অগ্নি হইতে রক্ষা করিলেন। ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে মু'মিন সম্প্রদায়ের জন্য।	
	وَقَالَ اِنَّمَا اتَّخَذۡتُمۡ مِّنۡ دُوۡنِ اللّٰهِ اَوۡثَانًا ۙ مَّوَدَّةَ بَيۡنِكُمۡ فِى الۡحَيٰوةِ الدُّنۡيَا ۚ ثُمَّ يَوۡمَ الۡقِيٰمَةِ يَكۡفُرُ بَعۡضُكُمۡ بِبَعۡضٍ وَّيَلۡعَنُ بَعۡضُكُمۡ بَعۡضًا ۖ وَّمَاۡوٰٮكُمُ النَّارُ وَمَا لَـكُمۡ مِّنۡ نّٰصِرِيۡنَ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ইন্নামাত্তাখায'তুম মিং দূনিল্লা-হি আওছ'া-নাম্ (لا) মাওয়াদ্দাতা বাইনিকুম ফিল হ'ায়া-তিদ্ দুন্‌ইয়া- (ج) ছু'ম্মা ইয়াওমাল কি'য়া-মাতি ইয়াকফুরু বা'দু'কুম বিবা'দি'ওঁ ওয়া ইয়াল্'আনু বা'দু'কুম বা'দ'াওঁ (ز) ওয়ামা' ওয়া-কুমুন্না-রু ওয়ামা-লাকুম মিন্না-সিরীন।	
তরজমা	ইব্‌রাহীম বলিল, 'তোমরা তো আল্লাহ্‌র পরিবর্তে মূর্তিগুলিকে উপাস্যরূপে গ্রহণ করিয়াছ, পার্থিব জীবনে তোমাদের পারস্পরিক বন্ধুত্বের খাতিরে। পরে কিয়ামতের দিন তোমরা একে অপরকে অস্বীকার করিবে এবং পরস্পর পরস্পরকে অভিসম্পাত দিবে। তোমাদের আবাস হইবে জাহান্নাম এবং তোমাদের কোন সাহায্যকারী থাকিবে না।'	

	فَاٰمَنَ لَهٗ لُوْطٌ ۘ وَقَالَ اِنِّیْ مُهَاجِرٌ اِلٰی رَبِّیْ ؕ اِنَّهٗ هُوَ الْعَزِیْزُ الْحَكِیْمُ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ফাআ–মানা লাহূ লূত˙ (م)। ওয়া ক˙া–লা ইন্নী মুহা–জিরুন ইলা–রাব্বী (ط) ইন্নাহূ হুওয়াল ‘আঝীঝুল হ˙াকীম।	
তরজমা	লূত তাহার প্রতি বিশ্বাস স্থাপন করিল। ইব্‌রাহীম বলিল, ‘আমি আমার প্রতিপালকের উদ্দেশ্যে দেশ ত্যাগ করিতেছি। তিনি তো পরাক্রমশালী, প্রজ্ঞাময়।’	
	وَوَهَبْنَا لَهٗۤ اِسْحٰقَ وَیَعْقُوْبَ وَجَعَلْنَا فِیْ ذُرِّیَّتِهِ النُّبُوَّةَ وَالْكِتٰبَ وَاٰتَیْنٰهُ اَجْرَهٗ فِی الدُّنْیَا ۚ وَاِنَّهٗ فِی الْاٰخِرَةِ لَمِنَ الصّٰلِحِیْنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াহাবনা–লাহূ˜ ইছহ˙া–ক˙া ওয়াইয়া‘কূ˙বা ওয়া জা‘আলনা–ফী যু˙ররিইইয়াতিহিন্ নুবুওওয়াতা ওয়ালকিতা–বা ওয়া আ–তাইনা–হু আজরাহূ ফিদ্‌দুনইয়া– (ج) ওয়া ইন্নাহূ ফিল আ–খিরাতি লামিনাস্‌সা–লিহ˙ীন।	
তরজমা	আমি ইব্‌রাহীমকে দান করিলাম ইসহাক ও ইয়া‘কূব এবং তাহার বংশধরদের জন্য স্থির করিলাম নবুওয়াত ও কিতাব এবং আমি তাহাকে দুনিয়ায় পুরস্কৃত করিয়াছিলাম ; আখিরাতেও সে নিশ্চয়ই সৎকর্মপরায়ণদের অন্যতম হইবে।	
	وَلُوْطًا اِذْ قَالَ لِقَوْمِهٖۤ اِنَّكُمْ لَتَاْتُوْنَ الْفَاحِشَةَ ۫ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ اَحَدٍ مِّنَ الْعٰلَمِیْنَ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া লূত˙ান ইয˙ ক˙া–লা লিক˙াওমিহী–ইন্নাকুম লাতা’তূনাল ফা–হি˙শাতা (ز) মা–ছাবাক˙াকুম বিহা–মিন আহ˙াদিম মিনাল ‘আ–লামীন।	
তরজমা	স্মরণ কর লূতের কথা, সে তাহার সম্প্রদায়কে বলিয়াছিল, ‘তোমরা তো এমন অশ্লীল কর্ম করিতেছ, যাহা তোমাদের পূর্বে বিশ্বে কেহ করে নাই।	
	اَىِٕنَّكُمْ لَتَاْتُوْنَ الرِّجَالَ وَتَقْطَعُوْنَ السَّبِیْلَ ۙ وَتَاْتُوْنَ فِیْ نَادِیْكُمُ الْمُنْكَرَ ؕ فَمَا كَانَ جَوَابَ قَوْمِهٖۤ اِلَّاۤ اَنْ قَالُوا ائْتِنَا بِعَذَابِ اللّٰهِ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِیْنَ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	আইন্নাকুম লাতা’তূনার রিজা–লা ওয়া তাক˙ত˙া‘ঊনাছ্ ছাবীলা (لا) ওয়া তা’তূনা ফী না–দীকুমুল মুংকারা (ط) ফামা–কা–না জাওয়া–বা ক˙াওমিহী˜ ইল্লা˜ আং ক˙া–লূ’ তিনা–বি‘আয˙া–বিল্লা–হি ইং কুংতা মিনাস্‌সা–দিক˙ীন।	
তরজমা	‘তোমরাই তো পুরুষে উপগত হইতেছ, তোমরাই তো রাহাজানি করিয়া থাক এবং তোমরাই তো নিজেদের মজলিসে প্রকাশ্যে ঘৃণ্য কর্ম করিয়া থাক।’ উত্তরে তাহার সম্প্রদায় শুধু এই বলিল, ‘আমাদের উপর আল্লাহ্‌র শাস্তি আনয়ন কর–যদি তুমি সত্যবাদী হও।’	
	قَالَ رَبِّ انْصُرْنِیْ عَلَی الْقَوْمِ الْمُفْسِدِیْنَ ﴿۳۰﴾	30

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লা রাব্বিংসুরনী 'আলাল ক'াওমিল মুফছিদীন।	
তরজমা	সে বলিল, 'হে আমার প্রতিপালক ! বিপর্যয় সৃষ্টিকারী সম্প্রদায়ের বিরুদ্ধে আমাকে সাহায্য কর।'	
	وَلَمَّا جَآءَتْ رُسُلُنَآ اِبْرٰهِيْمَ بِالْبُشْرٰى ۙ قَالُوْٓا اِنَّا مُهْلِكُوْٓا اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ ۚ اِنَّ اَهْلَهَا كَانُوْا ظٰلِمِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা-জা~আত রুছুলুনা~ইবরা-হীমা বিলবুশরা- (لا) ক'া-লূ ইন্না- মুহলিকূ~আহলি হা-যি'হিল ক'ারইয়াতি (ج) ইন্না আহলাহা-কা-নূ জ'া-লিমীন।	
তরজমা	যখন আমার প্রেরিত ফিরিশ্‌তাগণ সুসংবাদসহ ইব্‌রাহীমের নিকট আসিল, তাহারা বলিয়াছিল, 'আমরা এই জনপদবাসীদেরকে ধ্বংস করিব, ইহার অধিবাসীরা তো জালিম।'	
	قَالَ اِنَّ فِيْهَا لُوْطًا ۭ قَالُوْا نَحْنُ اَعْلَمُ بِمَنْ فِيْهَا ۡ لَنُنَجِّيَنَّهٗ وَاَهْلَهٗٓ اِلَّا امْرَاَتَهٗ ۡ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক'া-লা ইন্না ফীহা-লূত'া- (ط) ক'া-লূ নাহ'নু আ'লামু বিমাং ফীহা- (ز) লানুনাজজিয়ান্নাহূ ওয়া আহ্‌লাহূ~ইল্লাম রাআতাহূ (ز) কা-নাত মিনাল গা-বিরীন।	
তরজমা	ইব্‌রাহীম বলিল, 'এই জনপদে তো লূত রহিয়াছে।' উহারা বলিল, 'সেখানে কাহারা আছে, তাহা আমরা ভাল জানি, আমরা তো লূতকে ও তাহার পরিজনবর্গকে রক্ষা করিবই, তাহার স্ত্রীকে ব্যতীত ; সে তো পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত।'	
	وَلَمَّآ اَنْ جَآءَتْ رُسُلُنَا لُوْطًا سِيْٓءَ بِهِمْ وَضَاقَ بِهِمْ ذَرْعًا وَّقَالُوْا لَا تَخَفْ وَلَا تَحْزَنْ ۫ اِنَّا مُنَجُّوْكَ وَاَهْلَكَ اِلَّا امْرَاَتَكَ كَانَتْ مِنَ الْغٰبِرِيْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্মা~আং জা~আত রুছুলুনা-লূত'ান ছী~আ বিহিম ওয়া দ'া-ক'া বিহিম য'ার'আওঁ ওয়া ক'া-লূ লা-তাখাফ ওয়ালা-তাহ'ঝান (قف) ইন্না-মুনাজ্‌জূকা ওয়া আহলাকা ইল্লাম রাআতাকা কা-নাত মিনাল গা-বিরীন।	
তরজমা	এবং যখন আমার প্রেরিত ফিরিশতাগণ লূতের নিকট আসিল, তখন তাহাদের জন্য সে বিষণ্ন হইয়া পড়িল এবং নিজেকে তাহাদের রক্ষায় অসমর্থ মনে করিল। উহারা বলিল, 'ভয় করিও না, দুঃখ করিও না ; আমরা তোমাকে ও তোমার পরিজনবর্গকে রক্ষা করিব, তোমার স্ত্রী ব্যতীত ; সে তো পশ্চাতে অবস্থানকারীদের অন্তর্ভুক্ত ;	
	اِنَّا مُنْزِلُوْنَ عَلٰٓى اَهْلِ هٰذِهِ الْقَرْيَةِ رِجْزًا مِّنَ السَّمَآءِ بِمَا كَانُوْا يَفْسُقُوْنَ ﴿٣٤﴾	34

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্না মুংঝিলূনা ‘আলা~ আহলি হা-যি’হিল ক’ারইয়াতি রিজঝাম মিনাছ্ছামা~ই বিমা-কা-নূ ইয়াফছুকূ’ন।	
তরজমা	‘আমরা এই জনপদবাসীদের উপর আকাশ হইতে শাস্তি নাযিল করিব, কারণ উহারা পাপাচার করিতেছিল।’	
	وَلَقَدْ تَّرَكْنَا مِنْهَآ اٰيَةًۢ بَيِّنَةً لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া লাক’াত তারাকনা-মিনহা~আ-য়াতাম্ বাইয়িনাতাল লিক’াওমিই ইয়া‘কি’লূন।	
তরজমা	আমি তো বোধশক্তিসম্পন্ন সম্প্রদায়ের জন্য ইহাতে একটি স্পষ্ট নিদর্শন রাখিয়াছি।	
	وَاِلٰى مَدْيَنَ اَخَاهُمْ شُعَيْبًا ۙ فَقَالَ يٰقَوْمِ اعْبُدُوا اللّٰهَ وَارْجُوا الْيَوْمَ الْاٰخِرَ وَلَا تَعْثَوْا فِى الْاَرْضِ مُفْسِدِيْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া ইলা-মাদইয়না আখা-হুম শু‘আইবাং (ﻉ) ফাক’া-লা ইয়া-ক’াওমি‘বুদুল্লা-হা ওয়ারজুল ইয়াওমাল আ-খিরা ওয়ালা- তা‘ছ’াও ফিল আরদি’ মুফছিদীন।	
তরজমা	আমি মাদ্ইয়ানবাসীদের প্রতি তাহাদের ভ্রাতা শু‘আয়বকে পাঠাইয়াছিলাম। সে বলিয়াছিল, ‘হে আমার সম্প্রদায় ! তোমরা আল্লাহ্র ‘ইবাদত কর, শেষ দিবসকে ভয় কর এবং পৃথিবীতে বিপর্যয় ঘটাইও না।’	
	فَكَذَّبُوْهُ فَاَخَذَتْهُمُ الرَّجْفَةُ فَاَصْبَحُوْا فِىْ دَارِهِمْ جٰثِمِيْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ফাকায’য’াবূহু ফাআখায’াত্হুমুর্ রাজফাতু ফাআসবাহূ’ ফী দা-রিহিম জা-ছি’মীন।	
তরজমা	কিন্তু উহারা তাহার প্রতি মিথ্যা আরোপ করিল ; অতঃপর উহারা ভূমিকম্প দ্বারা আক্রান্ত হইল ; ফলে উহারা নিজ গৃহে নতজানু অবস্থায় শেষ হইয়া গেল।	
	وَعَادًا وَّثَمُوْدَا۟ وَقَدْ تَّبَيَّنَ لَكُمْ مِّنْ مَّسٰكِنِهِمْ ۖ وَزَيَّنَ لَهُمُ الشَّيْطٰنُ اَعْمَالَهُمْ فَصَدَّهُمْ عَنِ السَّبِيْلِ وَكَانُوْا مُسْتَبْصِرِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া ‘আদাওঁ ওয়া ছ’ামূদা ওয়া ক’াত্তাবাইইয়ানা লাকুম মিম মাছা-কিনিহিম (قف) ওয়া ঝাইইয়ানা লাহুমুশ্শাইত’া-নু আ‘মা-লাহুম ফাসাদ্দাহুম ‘আনিছ্ছাবীলি ওয়া কা-নূ মুছতাবসিরীন।	
তরজমা	এবং আমি ‘আদ ও সামূদকে ধ্বংস করিয়াছিলাম ; উহাদের বাড়িঘরই তোমাদের জন্য ইহার সুস্পষ্ট প্রমাণ। শয়তান উহাদের কাজকে উহাদের দৃষ্টিতে শোভন করিয়াছিল এবং উহাদেরকে সৎপথ অবলম্বনে বাধা দিয়াছিল, যদিও উহারা ছিল বিচক্ষণ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَارُوْنَ وَفِرْعَوْنَ وَهَامٰنَ ۫ وَلَقَدْ جَآءَهُمْ مُّوْسٰى بِالْبَيِّنٰتِ فَاسْتَكْبَرُوْا فِي الْاَرْضِ وَمَا كَانُوْا سٰبِقِيْنَ ۚ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-রূনা ওয়া ফির'আওনা ওয়া হা-মা-না (ق) ওয়া লাক'াদ জা~আহুম মূছা-বিলবাইয়িনা-তি ফাছতাক্বারূ ফিল আরদি' ওয়ামা-কা-নূ ছা-বিক'ীন।	
তরজমা	এবং আমি সংহার করিয়াছিলাম কারূন, ফির'আওন ও হামানকে। মূসা উহাদের নিকট সুস্পষ্ট নিদর্শনসহ আসিয়াছিল ; তখন তাহারা দেশে দম্ভ করিত; কিন্তু উহারা আমার শাস্তি এড়াইতে পারে নাই।	
	فَكُلًّا اَخَذْنَا بِذَنْۢبِهٖ ۚ فَمِنْهُمْ مَّنْ اَرْسَلْنَا عَلَيْهِ حَاصِبًا ۚ وَمِنْهُمْ مَّنْ اَخَذَتْهُ الصَّيْحَةُ ۚ وَمِنْهُمْ مَّنْ خَسَفْنَا بِهِ الْاَرْضَ ۚ وَمِنْهُمْ مَّنْ اَغْرَقْنَا ۚ وَمَا كَانَ اللّٰهُ لِيَظْلِمَهُمْ وَلٰكِنْ كَانُوْٓا اَنْفُسَهُمْ يَظْلِمُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ফাকু'ল্ লান আখয'না-বিয'ামবিহী ফামিনহুম মান্ আরছালনা-'আলাইহি হ'া-সিবাওঁ (ج) ওয়া মিনহুম মান আখায'াতহুস্ সাইহ'াতু (ج) ওয়া মিনহুম মান্ খাছাফনা-বিহিল আরদ'া (ج) ওয়া মিনহুম মান আগরাক'না- (ج) ওয়ামা-কা-নাল্লা-হু লিইয়াজ'লিমাহুম ওয়ালা-কিং কা-নূ~আংফুছাহুম ইয়াজ'লিমূন।	
তরজমা	উহাদের প্রত্যেককেই আমি তাহার অপরাধের জন্য শাস্তি দিয়াছিলাম : উহাদের কাহারও প্রতি প্রেরণ করিয়াছি প্রস্তরসহ প্রচণ্ড ঝটিকা, উহাদের কাহাকেও আঘাত করিয়াছিল মহানাদ, কাহাকেও আমি প্রোথিত করিয়াছিলাম ভূগর্ভে এবং কাহাকেও করিয়াছিলাম নিমজ্জিত। আল্লাহ্ তাহাদের প্রতি কোন জুলুম করেন নাই ; তাহারা নিজেরাই নিজেদের প্রতি জুলুম করিয়াছিল।	
	مَثَلُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ كَمَثَلِ الْعَنْكَبُوْتِ ۚ اِتَّخَذَتْ بَيْتًا ۭ وَاِنَّ اَوْهَنَ الْبُيُوْتِ لَبَيْتُ الْعَنْكَبُوْتِ ۘ لَوْ كَانُوْا يَعْلَمُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	মাছ'ালুল্লায'ীনাত্তাখাযূ' মিং দূনিল্লা-হি আওলিয়া~আ কামাছ'ালিল 'আংকাবূতি (ج) ইত্তাখায'াত্ বাইতাওঁ (ط) ওয়া ইন্না আওহানাল বুয়ূতি লা বাইতুল 'আংকাবূত। লাও কা-নূ ইয়া'লামূন।	
তরজমা	যাহারা আল্লাহ্র পরিবর্তে অপরকে অভিভাবকরূপে গ্রহণ করে তাহাদের দৃষ্টান্ত মাকড়সার ন্যায়, যে নিজের জন্য ঘর বানায় এবং ঘরের মধ্যে মাকড়সার ঘরই তো দুর্বলতম, যদি উহারা জানিত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّ اللَّهَ يَعْلَمُ مَا يَدْعُونَ مِن دُونِهِ مِن شَيْءٍ ۚ وَهُوَ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা-হা ইয়া'লামু মা-ইয়াদ'উনা মিং দূনিহী মিং শাইয়িওঁ (ত) ওয়া হুওয়াল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	উহারা আল্লাহ্‌র পরিবর্তে যাহা কিছুকে আহ্বান করে, আল্লাহ্ তো তাহা জানেন এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	وَتِلْكَ الْأَمْثَالُ نَضْرِبُهَا لِلنَّاسِ ۖ وَمَا يَعْقِلُهَا إِلَّا الْعَالِمُونَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া তিলকাল আমছ'া-লু নাদ'রিবুহা-লিন্না-ছি (ج) ওয়ামা-ইয়া'কি'লুহা~ ইল্লাল 'আ-লিমূন।	
তরজমা	এই সকল দৃষ্টান্ত আমি মানুষের জন্য দেই, কিন্তু কেবল জ্ঞানী ব্যক্তিরাই ইহা বুঝে।	
	خَلَقَ اللَّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ بِالْحَقِّ ۚ إِنَّ فِي ذَٰلِكَ لَآيَةً لِّلْمُؤْمِنِينَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	খালাক'াল্লা-হুছ্‌ছামা-ওয়া-তি ওয়াল আরদ'া বিল্‌হ'াক্কি'(ত) ইন্না ফী য'া-লিকা লাআ-য়াতাল লিলমু'মিনীন।	
তরজমা	আল্লাহ্ যথাযথভাবে আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন ; ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে মু'মিনদের জন্য।	
	اتْلُ مَا أُوحِيَ إِلَيْكَ مِنَ الْكِتَابِ وَأَقِمِ الصَّلَاةَ ۖ إِنَّ الصَّلَاةَ تَنْهَىٰ عَنِ الْفَحْشَاءِ وَالْمُنكَرِ ۗ وَلَذِكْرُ اللَّهِ أَكْبَرُ ۗ وَاللَّهُ يَعْلَمُ مَا تَصْنَعُونَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	উতলু মা~ঊহি'য়া ইলাইকা মিনাল্ কিতা-বি ওয়া আকি'মিস্‌সালা-তা (ত) ইন্নাস্‌সালা-তা তানহা-'আনিল ফাহ'শা~ই ওয়াল মুংকারি (ত) ওয়ালাযি'ক্‌রুল্লা-হি আকবারু (ত) ওয়াল্লা-হু ইয়া'লামু মা-তাসনা'উন।	
তরজমা	তুমি আবৃত্তি কর কিতাব হইতে যাহা তোমার প্রতি প্রত্যাদেশ করা হয়। এবং সালাত কায়েম কর। সালাত অবশ্যই বিরত রাখে অশ্লীল ও মন্দ কার্য হইতে। আর আল্লাহ্‌র স্মরণই তো সর্বশ্রেষ্ঠ। তোমরা যাহা কর আল্লাহ্ তাহা জানেন।	
	وَلَا تُجَادِلُوا أَهْلَ الْكِتَابِ إِلَّا بِالَّتِي هِيَ أَحْسَنُ إِلَّا الَّذِينَ ظَلَمُوا مِنْهُمْ ۖ وَقُولُوا آمَنَّا بِالَّذِي أُنزِلَ إِلَيْنَا وَأُنزِلَ إِلَيْكُمْ وَإِلَٰهُنَا وَإِلَٰهُكُمْ وَاحِدٌ وَنَحْنُ لَهُ مُسْلِمُونَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়ালা-তুজা-দিলূ~আহলাল কিতা-বি ইল্লা-বিল্লাতী হিয়া আহ'ছানু (ق) ইল্লাল্লাযী'না জ'ালামূ মিনহুম ওয়া কূ'লূ~আ-মান্না-বিল্লাযী'~ উংঝিলা ইলাইনা-ওয়া উংঝিলা ইলাইকুম ওয়া ইলা-হুনা-ওয়া ইলা-হুকুম ওয়া-হি'দুওঁ ওয়া নাহ'নু লাহূ মুছলিমূন।	

	তোমরা উত্তম পন্থা ব্যতীত কিতাবীদের সঙ্গে বিতর্ক করিবে না, তবে তাহাদের সঙ্গে করিতে পার, যাহারা উহাদের মধ্যে সীমালংঘনকারী। এবং বল, 'আমাদের প্রতি ও তোমাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে, তাহাতে আমরা বিশ্বাস করি এবং আমাদের ইলাহ্ ও তোমাদের ইলাহ্ তো একই এবং আমরা তাঁহারই প্রতি আত্মসমর্পণকারী।'	
তরজমা		
	وَكَذٰلِكَ اَنْزَلْنَآ اِلَيْكَ الْكِتٰبَ ؕ فَالَّذِيْنَ اٰتَيْنٰهُمُ الْكِتٰبَ يُؤْمِنُوْنَ بِهٖ ۚ وَمِنْ هٰٓؤُلَآءِ مَنْ يُّؤْمِنُ بِهٖ ؕ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الْكٰفِرُوْنَ ﴿٤٧﴾	47
	ওয়া কাযা-লিকা আংঝালনা~ইলাইকাল কিতা-বা (ত) ফাল্লাযীনা আ-তাইনা-হুমুল কিতা-বা ইউ'মিনূনা বিহী (চ) ওয়া মিন হা~উলা~ই মাইঁ ইউ'মিনু বিহী (ত) ওয়ামা-ইয়াজহাদু বিআ-য়া-তিনা~ইল্লাল কা-ফিরূন।	
প্রতিবর্ণায়ন		
	এইভাবেই আমি তোমার প্রতি কুরআন অবতীর্ণ করিয়াছি এবং যাহাদেরকে আমি কিতাব দিয়াছিলাম তাহারা ইহাতে বিশ্বাস করে। আর ইহাদেরও কেহ কেহ ইহাতে বিশ্বাস করে। কেহ অস্বীকার করে না আমার নিদর্শনাবলী কাফির ব্যতীত।	
তরজমা		
	وَمَا كُنْتَ تَتْلُوْا مِنْ قَبْلِهٖ مِنْ كِتٰبٍ وَّلَا تَخُطُّهٗ بِيَمِيْنِكَ اِذًا لَّارْتَابَ الْمُبْطِلُوْنَ ﴿٤٨﴾	48
	ওয়ামা-কুংতা তাতলূ মিং ক'াবলিহী মিং কিতা-বিওঁ ওয়ালা-তাখুত্ত'হূ বিয়ামীনিকা ইয'াল্ লারতা-বাল মুবতি'লূন।	
প্রতিবর্ণায়ন		
	তুমি তো ইহার পূর্বে কোন কিতাব পাঠ কর নাই এবং স্বহস্তে কোন কিতাব লিখ নাই যে, মিথ্যাচারীরা সন্দেহ পোষণ করিবে।	
তরজমা		
	بَلْ هُوَ اٰيٰتٌۢ بَيِّنٰتٌ فِيْ صُدُوْرِ الَّذِيْنَ اُوْتُوا الْعِلْمَ ؕ وَمَا يَجْحَدُ بِاٰيٰتِنَآ اِلَّا الظّٰلِمُوْنَ ﴿٤٩﴾	49
	বাল হুওয়া আ-য়া-তুম বাইয়িনা-তুং ফী সদূরিল্লায'ীনা উতুল 'ইলমা (ত) ওয়ামা-ইয়াজহাদু বিআ-য়া-তিনা~ইল্লাজ'জ'া-লিমূন।	
প্রতিবর্ণায়ন		
	বরং যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছে বস্তুত তাহাদের অন্তরে ইহা স্পষ্ট নিদর্শন। কেবল জালিমরাই আমার নিদর্শন অস্বীকার করে।	
তরজমা		
	يَوْمَ تُقَلَّبُ وُجُوْهُهُمْ فِي النَّارِ يَقُوْلُوْنَ يٰلَيْتَنَآ اَطَعْنَا اللّٰهَ وَاَطَعْنَا الرَّسُوْلَا ۝	66
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তুক'াল্লাবু উজূহুহুম ফিন্না-রি ইয়াকূ'লূনা ইয়া-লাইতানা-আত'া'নাল্লাহা ওয়াআত'া'নার্‌রাছূলা- ।	
তরজমা	যেদিন উহাদের মুখমণ্ডল অগ্নিতে উলটপালট করা হইবে সেদিন উহারা বলিবে, 'হায়, আমরা যদি আল্লাহকে মানিতাম ও রাসূলকে মানিতাম!'	
	وَقَالُوْا رَبَّنَآ اِنَّآ اَطَعْنَا سَادَتَنَا وَكُبَرَآءَنَا فَاَضَلُّوْنَا السَّبِيْلَا ۝	67
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ রাব্বানা~ ইন্না~ আত'া'না-ছা-দাতানা- ওয়াকুবারা~আনা-ফাআদ'াল্লূনাছ্ ছাবীলা- ।	
তরজমা	তাহারা আরও বলিবে, 'হে আমাদের প্রতিপালক ! আমরা আমাদের নেতা ও প্রভাবশালীদের আনুগত্য করিয়াছিলাম এবং উহারা আমাদেরকে পথভ্রষ্ট করিয়াছিল ;	
	رَبَّنَآ اٰتِهِمْ ضِعْفَيْنِ مِنَ الْعَذَابِ وَالْعَنْهُمْ لَعْنًا كَبِيْرًا ۝	68
প্রতিবর্ণায়ন	রাব্বানা~আ-তিহিম্ দি''ফাইনি মিনাল্ 'আয'া-বি ওয়াল্ 'আনহুম লা'নাং কাবীরা- ।	

তরজমা	‘হে আমাদের প্রতিপালক! উহাদেরকে দ্বিগুণ শাস্তি দাও এবং উহাদেরকে দাও মহাঅভিসম্পাত।’	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْا لَا تَكُوْنُوْا كَالَّذِيْنَ اٰذَوْا مُوْسٰى فَبَرَّاَهُ اللّٰهُ مِمَّا قَالُوْا ؕ وَكَانَ عِنْدَ اللّٰهِ وَجِيْهًا ؕ ﴿٦٩﴾	**69**
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহাল্লায ীনা আ-মানূ লা-তাকূনূ কাল্লায ীনা আ-য াও মূছা-ফাবার্‌রাআহুল্লা-হু মিম্মা-ক া-লূ (ত) ওয়া কা-না ‘ইংদাল্লা-হি ওয়াজীহা- ।	
তরজমা	হে মু’মিনগণ ! মূসাকে যাহারা ক্লেশ দিয়াছে তোমরা উহাদের ন্যায় হইও না; উহারা যাহা রটনা করিয়াছিল আল্লাহ্‌ উহা হইতে তাহাকে নির্দোষ প্রমাণ করেন; এবং আল্লাহ্‌র নিকট সে মর্যাদাবান।	
	يٰٓاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوا اتَّقُوا اللّٰهَ وَقُوْلُوْا قَوْلًا سَدِيْدًا ۙ ﴿٧٠﴾	**70**
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লায ীনা আ-মানুত্তাকু ল্লা-হা ওয়াকূ লূ ক াওলাং ছাদীদা- ।	
তরজমা	হে মু’মিনগণ! আল্লাহ্‌কে ভয় কর এবং সঠিক কথা বল;	
	يُّصْلِحْ لَكُمْ اَعْمَالَكُمْ وَيَغْفِرْ لَكُمْ ذُنُوْبَكُمْ ؕ وَمَنْ يُّطِعِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَقَدْ فَازَ فَوْزًا عَظِيْمًا ﴿٧١﴾	**71**
প্রতিবর্ণায়ন	ইউসলিহ্‌ লাকুম্‌ আ‘মা-লাকুম ওয়া ইয়াগ্‌ফির্‌লাকুম্‌ যু নূবাকুম্‌ (ত) ওয়া মাইঁ ইউতি ‘ইল্লা-হা ওয়া রাছুলাহূ ফাক াদ্‌ ফা-ঝা ফাওঝান্‌ ‘আজ ীমা- ।	
তরজমা	তাহা হইলে তিনি তোমাদের জন্য তোমাদের কর্ম ত্রুটিমুক্ত করিবেন এবং তোমাদের পাপ ক্ষমা করিবেন। যাহারা আল্লাহ্‌ ও তাঁহার রাসূলের আনুগত্য করে, তাহারা অবশ্যই মহাসাফল্য অর্জন করিবে।	
	اِنَّا عَرَضْنَا الْاَمَانَةَ عَلَى السَّمٰوٰتِ وَالْاَرْضِ وَالْجِبَالِ فَاَبَيْنَ اَنْ يَّحْمِلْنَهَا وَاَشْفَقْنَ مِنْهَا وَحَمَلَهَا الْاِنْسَانُ ؕ اِنَّهٗ كَانَ ظَلُوْمًا جَهُوْلًا ۙ ﴿٧٢﴾	**72**
প্রতিবর্ণায়ন	ইন্না- ‘আরাদ নাল্‌ আমা-নাতা ‘আলাছ্‌ছামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দি ওয়াল্‌ জিবা-লি ফাআবাইনা আইঁ ইয়াহ মিল্‌নাহা- ওয়া আশফাক না মিন্‌হা- ওয়া হ মালাহাল ইংছা-নু (ত) ইন্নাহূ কা-না জ ালূমাং জাহূলা- ।	
তরজমা	আমি তো আসমান, যমীন ও পর্বতমালার প্রতি এই আমানত পেশ করিয়াছিলাম, উহারা ইহা বহন করিতে অস্বীকার করিল এবং উহাতে শংকিত হইল, কিন্তু মানুষ উহা বহন করিল ; সে তো অতিশয় জালিম, অতিশয় অজ্ঞ।	

	لِّيُعَذِّبَ اللّٰهُ الْمُنٰفِقِيْنَ وَالْمُنٰفِقٰتِ وَالْمُشْرِكِيْنَ وَالْمُشْرِكٰتِ وَيَتُوْبَ اللّٰهُ عَلَى الْمُؤْمِنِيْنَ وَالْمُؤْمِنٰتِ ؕ وَكَانَ اللّٰهُ غَفُوْرًا رَّحِيْمًا ﴿۷۳﴾	73
প্রতিবর্ণায়ন	লিইউ'আয্'যি'বাল্লা-হুল্ মুনা-ফিক'ীনা ওয়াল মুনাফিক'া-তি ওয়াল্ মুশরিকীনা ওয়াল্ মুশ্রিকা-তি ওয়া ইয়াতূবাল্লা-হু 'আলাল্ মু'মিনীনা ওয়াল্ মু'মিনা-তি (ط) ওয়াকা-নাল্লা-হু গাফূরার্ রাহ'ীমা- ।	
তরজমা	পরিণামে আল্লাহ্ মুনাফিক পুরুষ ও মুনাফিক নারী এবং মুশরিক পুরুষ ও মুশরিক নারীকে শাস্তি দিবেন এবং মু'মিন পুরুষ ও মু'মিন নারীকে ক্ষমা করিবেন। আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	

34 - Saba'-সাবা -سبأ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِيْ لَهٗ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ وَلَهُ الْحَمْدُ فِي الْاٰخِرَةِ ؕ وَهُوَ الْحَكِيْمُ الْخَبِيْرُ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলহ'াম্দু লিল্লা-হিল্লায'ী লাহূ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্দি' ওয়া লাহুল হ'াম্দু ফিল্ আ-খিরাতি (ط) ওয়াহুওয়াল্ হ'াকীমুল্ খাবীর ।	
তরজমা	সকল প্রশংসা আল্লাহ্র, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবীতে যাহা কিছু আছে সমস্ত কিছুরই মালিক এবং আখিরাতেও প্রশংসা তাঁহারই। তিনি প্রজ্ঞাময়, সর্ববিষয়ে অবহিত।	
	يَعْلَمُ مَا يَلِجُ فِي الْاَرْضِ وَمَا يَخْرُجُ مِنْهَا وَمَا يَنْزِلُ مِنَ السَّمَآءِ وَمَا يَعْرُجُ فِيْهَا ؕ وَهُوَ الرَّحِيْمُ الْغَفُوْرُ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ইয়া'লামু মা- ইয়ালিজু ফিল্ আর্দি' ওয়ামা- ইয়াখ্রুজু মিন্হা-ওয়ামা-ইয়াংঝিলু মিনাছ্ছামা~ই ওয়ামা- ইয়া'রুজু ফীহা- (ط) ওয়া হুওয়ার্ রাহ'ীমুল্ গাফূর ।	
তরজমা	তিনি জানেন যাহা ভূমিতে প্রবেশ করে, যাহা উহা হইতে নির্গত হয় এবং যাহা আকাশ হইতে নাযিল হয় এবং যাহা কিছু উহাতে উত্থিত হয়। তিনিই পরম দয়ালু, অতিশয় ক্ষমাশীল।	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَا تَاْتِيْنَا السَّاعَةُ ؕ قُلْ بَلٰى وَرَبِّيْ لَتَاْتِيَنَّكُمْ ۙ عٰلِمِ الْغَيْبِ ۚ لَا يَعْزُبُ عَنْهُ مِثْقَالُ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَلَاۤ اَصْغَرُ مِنْ ذٰلِكَ وَلَاۤ اَكْبَرُ اِلَّا فِيْ كِتٰبٍ مُّبِيْنٍ ۙ﴿۳﴾	3

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ীনা কাফারূ লা- তা'তীনাছ্ ছা-'আতু (ط) ক'ুল্ বালা-ওয়া রাব্বী লাতা'তিইয়ান্নাকুম্ (ﻉ) 'আ-লিমিল্ গাইবি (ج) লা- ইয়া'ঝুবু 'আন্হু মিছ্'ক'া-লু য'ার্‌রাতিং ফিছ্ছামা-ওয়া-তি ওয়ালা-ফিল্ আর্‌দি' ওয়ালা~ আসগারু মিং য'া-লিকা ওয়ালা~আক্‌বারু ইল্লা-ফী কিতা-বিম্ মুবীন।	
তরজমা	কাফিররা বলে, 'আমাদের নিকট কিয়ামত আসিবে না।' বল, 'আসিবেই, শপথ আমার প্রতিপালকের, নিশ্চয়ই তোমাদের নিকট উহা আসিবে।' তিনি অদৃশ্য সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত; আকাশমণ্ডলী ও পৃথিবীতে তাঁহার অগোচর নয় অণু পরিমাণ কিছু কিংবা তদপেক্ষা ক্ষুদ্র অথবা বৃহৎ কিছু ; ইহার প্রত্যেকটি আছে সুস্পষ্ট কিতাবে।	
	لِّيَجْزِيَ الَّذِينَ آمَنُوا وَعَمِلُوا الصَّالِحَاتِ ۚ أُولَٰئِكَ لَهُم مَّغْفِرَةٌ وَرِزْقٌ كَرِيمٌ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	লিইয়াজঝিয়াল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুস্‌সা-লিহ'া-তি (ط) উলা~ইকা লাহুম্ মাগ্‌ফিরাতুওঁ ওয়ারিঝকু'ং কারীম।	
তরজমা	ইহা এইজন্য যে, যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ তিনি তাহাদেরকে পুরস্কৃত করিবেন। ইহাদেরই জন্য আছে ক্ষমা ও সম্মানজনক রিযিক।	
	وَالَّذِينَ سَعَوْ فِي آيَاتِنَا مُعَاجِزِينَ أُولَٰئِكَ لَهُمْ عَذَابٌ مِّن رِّجْزٍ أَلِيمٌ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা ছা'আও ফী~ আয়া-তিনা- মু'আজিঝীনা উলা~ইকা লাহুম্ 'আয'া-বুম্মির্ রিজঝিন্ আলীম।	
তরজমা	যাহারা আমার আয়াতকে ব্যর্থ করিবার চেষ্টা করে তাহাদের জন্য রহিয়াছে ভয়ংকর মর্মন্তুদ শাস্তি।	
	وَيَرَى الَّذِينَ أُوتُوا الْعِلْمَ الَّذِي أُنزِلَ إِلَيْكَ مِن رَّبِّكَ هُوَ الْحَقَّ ۙ وَيَهْدِي إِلَىٰ صِرَاطِ الْعَزِيزِ الْحَمِيدِ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ারাল্লায'ীনা উতুল্ 'ইলমাল্লায'ী~ উংঝিলা ইলাইকা মির্ রাব্বিকা হুওয়াল্ হ'াক্ক'া (ﻉ) ওয়া ইয়াহ্‌দী~ ইলা-সিরা-তি'ল্ 'আঝীঝিল্ হ'ামীদ।	
তরজমা	যাহাদেরকে জ্ঞান দেওয়া হইয়াছে তাহারা জানে যে, তোমার প্রতিপালকের নিকট হইতে তোমার প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাই সত্য ; ইহা পরাক্রমশালী প্রশংসার্হ আল্লাহ্‌র পথনির্দেশ করে।	
	وَقَالَ الَّذِينَ كَفَرُوا هَلْ نَدُلُّكُمْ عَلَىٰ رَجُلٍ يُنَبِّئُكُمْ إِذَا مُزِّقْتُمْ كُلَّ مُمَزَّقٍ ۙ إِنَّكُمْ لَفِي خَلْقٍ جَدِيدٍ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ীনা কাফারূ হাল্ নাদুল্লুকুম্ 'আলা-রাজুলিইঁ ইউনাব্বিউকুম্ ইয'া-মুঝঝিক'তুম্ কুল্লা মুমাঝঝাকি'ন (ﻉ) ইন্নাকুম্ লাফী খাল্‌কি'ং জাদীদ।	
তরজমা		

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	কাফিররা বলে, আমরা কি তোমাদেরকে এমন ব্যক্তির সন্ধান দিব যে তোমাদেরকে বলে, 'তোমাদের দেহ সম্পূর্ণ ছিন্নভিন্ন হইয়া পড়িলেও তোমরা নূতন সৃষ্টিরূপে উত্থিত হইবেই ?'	
	اَفۡتَرٰی عَلَی اللّٰهِ كَذِبًا اَمۡ بِهٖ جِنَّةٌ ؕ بَلِ الَّذِیۡنَ لَا یُؤۡمِنُوۡنَ بِالۡاٰخِرَةِ فِی الۡعَذَابِ وَالضَّلٰلِ الۡبَعِیۡدِ ﴿۸﴾	৪
প্রতিবর্ণায়ন	আফ্‌তারা– 'আলাল্লা–হি কাযি'বান্ আম্ বিহী জিন্নাতুম্ (ط) বালিল্লাযীনা লা– ইউ'মিনূনা বিল্‌আ–খিরাতি ফিল্ 'আযা–বি ওয়াদ্দ'লা–লিল্ বা'ঈদ।	
তরজমা	সে কি আল্লাহ্ সম্বন্ধে মিথ্যা উদ্ভাবন করে অথবা সে কি উন্মাদ ? বস্তুত যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহারা শাস্তি ও ঘোর বিভ্রান্তিতে রহিয়াছে।	
	اَفَلَمۡ یَرَوۡا اِلٰی مَا بَیۡنَ اَیۡدِیۡهِمۡ وَمَا خَلۡفَهُمۡ مِّنَ السَّمَآءِ وَالۡاَرۡضِ ؕ اِنۡ نَّشَاۡ نَخۡسِفۡ بِهِمُ الۡاَرۡضَ اَوۡ نُسۡقِطۡ عَلَیۡهِمۡ كِسَفًا مِّنَ السَّمَآءِ ؕ اِنَّ فِیۡ ذٰلِكَ لَاٰیَةً لِّكُلِّ عَبۡدٍ مُّنِیۡبٍ ﴿۹﴾	৯
প্রতিবর্ণায়ন	আফালাম্ ইয়ারাও ইলা– মা–বাইনা আইদীহিম ওয়ামা- খালফাহুম মিনাছ্‌ছামা~ই ওয়াল্ আরদি' (ط) ইন্ নাশা' নাখছিফ বিহিমূল আরদ'া আও নুছকি'ত' আলাইহিম কিছাফাম মিনাছ্‌ছামা~ই (ط) ইন্না ফী য'া–লিকা লাআ–য়াতাল্ লিকুল্লি 'আবদিম মুনীব।	
তরজমা	উহারা কি উহাদের সম্মুখে ও পশ্চাতে আসমান ও যমীনে যাহা আছে তাহার প্রতি লক্ষ্য করে না ? আমি ইচ্ছা করিলে উহাদেরকেসহ ভূমি ধসাইয়া দিব অথবা উহাদের উপর আকাশখণ্ডের পতন ঘটাইব ; আল্লাহ্‌র অভিমুখী প্রতিটি বান্দার জন্য ইহাতে অবশ্যই নিদর্শন রহিয়াছে।	
	وَلَقَدۡ اٰتَیۡنَا دَاوٗدَ مِنَّا فَضۡلًا ؕ یٰجِبَالُ اَوِّبِیۡ مَعَهٗ وَالطَّیۡرَ ۚ وَاَلَنَّا لَهُ الۡحَدِیۡدَ ﴿۱۰﴾	১০
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আ-তাইনা দা–ঊদা মিন্না– ফাদ'লাহঁ (ط) ইয়া–জিবা–লু আওবি'বী মা'আহূ ওয়াত্ত'াইরা (ج) ওয়া আলান্না–লাহুল হ'াদীদ।	
তরজমা	আমি নিশ্চয়ই দাউদের প্রতি অনুগ্রহ করিয়াছিলাম এবং আদেশ করিয়াছিলাম, 'হে পর্বতমালা ! তোমরা দাউদের সঙ্গে আমার পবিত্রতা ঘোষণা কর' এবং বিহঙ্গকুলকেও, তাহার জন্য নমনীয় করিয়াছিলাম লৌহ-	
	اَنِ اعۡمَلۡ سٰبِغٰتٍ وَّقَدِّرۡ فِی السَّرۡدِ وَاعۡمَلُوۡا صَالِحًا ؕ اِنِّیۡ بِمَا تَعۡمَلُوۡنَ بَصِیۡرٌ ﴿۱۱﴾	১১
প্রতিবর্ণায়ন	আনি'মাল ছা–বিগা–তিওঁ ওয়া ক'াদ্দির ফিছ্‌ছারদি ওয়া'মালূ সা–লিহ'ান (ط) ইন্নী বিমা–তা'মালূনা বাসীর।	

তরজমা	'যাহাতে তুমি পূর্ণ মাপের বর্ম তৈয়ার করিতে এবং বুননে পরিমাণ রক্ষা করিতে পার' এবং তোমরা সৎকর্ম কর, তোমরা যাহা কিছু কর আমি উহার সম্যক দ্রষ্টা।	
	وَلِسُلَيْمٰنَ الرِّيْحَ غُدُوُّهَا شَهْرٌ وَّرَوَاحُهَا شَهْرٌ ۚ وَاَسَلْنَا لَهٗ عَيْنَ الْقِطْرِ ۭ وَمِنَ الْجِنِّ مَنْ يَّعْمَلُ بَيْنَ يَدَيْهِ بِاِذْنِ رَبِّهٖ ۭ وَمَنْ يَّزِغْ مِنْهُمْ عَنْ اَمْرِنَا نُذِقْهُ مِنْ عَذَابِ السَّعِيْرِ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া লিছুলাইমা-নার্‌রীহ'া গুদুওউহা-শাহরুওঁ ওয়ারাওয়া-হু'হা-শাহরুওঁ (ج) ওয়া আছালনা-লাহু 'আইনাল কি'ত্'রি (ط) ওয়ামিনাল জিন্নি মাইঁ ইয়া'মালু বাইনা ইয়াদাইহি বিইয'নি রাব্বিহী (ط) ওয়া মাইঁ ইয়াঝিগ মিনহুম 'আন আমরিনা- নুযি'ক'হু মিন 'আয'া-বিছ্‌ছা'ঈর।	
তরজমা	আমি সুলায়মানের অধীন করিয়াছিলাম বায়ুকে যাহা প্রভাতে এক মাসের পথ অতিক্রম করিত এবং সন্ধ্যায় এক মাসের পথ অতিক্রম করিত। আমি তাহার জন্য গলিত তাম্রের এক প্রস্রবণ প্রবাহিত করিয়াছিলাম। তাহার প্রতিপালকের অনুমতিক্রমে জিনদের কতক তাহার সম্মুখে কাজ করিত। উহাদের মধ্যে যে আমার নির্দেশ অমান্য করে তাহাকে আমি জ্বলন্ত অগ্নি-শাস্তি আস্বাদন করাইব।	
	يَعْمَلُوْنَ لَهٗ مَا يَشَاۗءُ مِنْ مَّحَارِيْبَ وَتَمَاثِيْلَ وَجِفَانٍ كَالْجَوَابِ وَقُدُوْرٍ رّٰسِيٰتٍ ۭ اِعْمَلُوْٓا اٰلَ دَاوٗدَ شُكْرًا ۭ وَ قَلِيْلٌ مِّنْ عِبَادِيَ الشَّكُوْرُ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ইয়া'মালূনা লাহু মা-ইয়াশা~উ মিম্ মাহ'া-রীবা ওয়া তামা-ছ'ীলা ওয়া জিফা-নিং কাল জাওয়া-বি ওয়া কু'দূরির্ রা-ছিয়া-তিন (ط) ই'মালূ~আ-লা দা-উদা শুকরাওঁ (ط) ওয়া ক'ালীলুম মিন 'ইবা-দিয়াশ্‌শাকূর।	
তরজমা	উহারা সুলায়মানের ইচ্ছানুযায়ী প্রাসাদ, ভাস্কর্য, হাওযসদৃশ বৃহদাকার পাত্র এবং সুদৃঢ়ভাবে স্থাপিত ডেগ নির্মাণ করিত। আমি বলিয়াছিলাম, 'হে দাউদ-পরিবার! কৃতজ্ঞতার সঙ্গে তোমরা কাজ করিতে থাক। আমার বান্দাদের মধ্যে অল্পই কৃতজ্ঞ!'	
	فَلَمَّا قَضَيْنَا عَلَيْهِ الْمَوْتَ مَا دَلَّهُمْ عَلٰي مَوْتِهٖٓ اِلَّا دَاۗبَّةُ الْاَرْضِ تَاْكُلُ مِنْسَاَتَهٗ ۚ فَلَمَّا خَرَّ تَبَيَّنَتِ الْجِنُّ اَنْ لَّوْ كَانُوْا يَعْلَمُوْنَ الْغَيْبَ مَا لَبِثُوْا فِي الْعَذَابِ الْمُهِيْنِ ﴿١٤﴾ ۭ	14
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-ক'াদ'াইনা-'আলাইহিল মাওতা মা-দাল্লাহুম 'আলা- মাওতিহী-ইল্লা-দা~ব্বাতুল আরদি' তা'কুলু মিং ছাআতাহু (ج) ফালাম্মা-খাররা তাবাইয়ানাতিল জিন্নু আল্লাও কা-নূ ইয়া'লামূনাল্ গাইবা মা-লাবিছূ' ফিল 'আয'া-বিল মুহীন।	

	যখন আমি সুলায়মানের মৃত্যু ঘটাইলাম তখন জিনদেরকে তাহার মৃত্যু বিষয় জানাইল কেবল মাটির পোকা যাহা তাহার লাঠি খাইতেছিল। যখন সে পড়িয়া গেল তখন জিনেরা বুঝিতে পারিল যে, উহারা যদি অদৃশ্য বিষয় অবগত থাকিত তাহা হইলে উহারা লাঞ্ছনাদায়ক শাস্তিতে আবদ্ধ	
তরজমা	থাকিত না।	
	لَقَدْ كَانَ لِسَبَإٍ فِيْ مَسْكَنِهِمْ اٰيَةٌ ۚ جَنَّتٰنِ عَنْ يَّمِيْنٍ وَّشِمَالٍ ۭ كُلُوْا مِنْ رِّزْقِ رَبِّكُمْ وَاشْكُرُوْا لَهٗ ۭ بَلْدَةٌ طَيِّبَةٌ وَّرَبٌّ غَفُوْرٌ ﴿١٥﴾	15
	লাক'াদ্ কা-না লিছাবাইং ফী মাছকানিহিম্ আ-য়াতুং (চ) জান্নাতা-নি আইঁ ইয়ামীনিওঁ ওয়াশিমা-লিং (ত) কুলূ মির্ রিয'কি' রাব্বিকুম্ ওয়াশ্কুরূ লাহূ (ত) বাল্দাতুং ত'াইয়িবাতুওঁ	
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বুন্ গাফূর।	
	সাবাবাসীদের জন্য তো উহাদের বাসভূমিতে ছিল এক নিদর্শন : দুইটি উদ্যান, একটি ডান দিকে, অপরটি বাম দিকে, উহাদেরকে বলা হইয়াছিল, 'তোমরা তোমাদের প্রতিপালক-প্রদত্ত	
তরজমা	রিযিক ভোগ কর এবং তাঁহার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ কর। উত্তম নগরী এবং ক্ষমাশীল প্রতিপালক।'	
	فَاَعْرَضُوْا فَاَرْسَلْنَا عَلَيْهِمْ سَيْلَ الْعَرِمِ وَبَدَّلْنٰهُمْ بِجَنَّتَيْهِمْ جَنَّتَيْنِ ذَوَاتَيْ اُكُلٍ خَمْطٍ وَّاَثْلٍ وَّشَيْءٍ مِّنْ سِدْرٍ قَلِيْلٍ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ফাআ'রাদূ' ফাআর্ছাল্না-'আলাইহিম্ ছাইলাল্ 'আরিমি ওয়া বাদ্দাল্না-হুম্ বিজান্নাতাইহিম্ জান্নাতাইনি য'াওয়া-তাই উকুলিন্ খাম্তি'ওঁ ওয়া আছ্'লিওঁ ওয়া শাইয়িম্ মিং ছিদ্রিং ক'ালীল্।	
	পরে উহারা অবাধ্য হইল। ফলে আমি উহাদের উপর প্রবাহিত করিলাম বাঁধভাঙ্গা বন্যা এবং উহাদের উদ্যান দুইটিকে পরিবর্তন করিয়া দিলাম এমন দুইটি উদ্যানে যাহাতে উৎপন্ন হয়	
তরজমা	বিস্বাদ ফলমূল, ঝাউ গাছ এবং কিছু কুল গাছ।	
	ذٰلِكَ جَزَيْنٰهُمْ بِمَا كَفَرُوْا ۭ وَهَلْ نُجٰزِيْٓ اِلَّا الْكَفُوْرَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	য'া-লিকা জাঝাইনা-হুম্ বিমা-কাফারূ (ত) ওয়া হাল্ নুজা-ঝী~ইল্লাল্ কাফূর।	
	আমি উহাদেরকে এই শাস্তি দিয়াছিলাম উহাদের কুফরীর জন্য। আমি কৃতঘ্ন ব্যতীত আর	
তরজমা	কাহাকেও এমন শাস্তি দেই না।	
	وَجَعَلْنَا بَيْنَهُمْ وَبَيْنَ الْقُرَى الَّتِيْ بٰرَكْنَا فِيْهَا قُرًى ظَاهِرَةً وَّقَدَّرْنَا فِيْهَا السَّيْرَ ۭ سِيْرُوْا فِيْهَا لَيَالِيَ وَاَيَّامًا اٰمِنِيْنَ ﴿١٨﴾	18

প্রতিবর্ণায়ন	ওয়া জা'আল্না– বাইনাহুম্ ওয়া বাইনাল্ কু'রাল্লাতী বা–রাক্না–ফীহা–কু'রাং জ'া–হিরাতাওঁ ওয়াক'াদ্দার্না– ফীহাছ্ছাইরা (ط) ছীরূ ফীহা–লায়া–লিয়া ওয়া আইইয়া-মান্ আ–মিনীন।	
তরজমা	উহাদের ও যেসব জনপদের প্রতি আমি অনুগ্রহ করিয়াছিলাম সেইগুলির মধ্যবর্তী স্থানে দৃশ্যমান বহু জনপদ স্থাপন করিয়াছিলাম এবং ঐসব জনপদে ভ্রমণের যথাযথ ব্যবস্থা করিয়াছিলাম এবং উহাদেরকে বলিয়াছিলাম, 'তোমরা এইসব জনপদে নিরাপদে ভ্রমণ কর দিবস ও রজনীতে।'	
	فَقَالُوْا رَبَّنَا بٰعِدْ بَيْنَ اَسْفَارِنَا وَظَلَمُوْٓا اَنْفُسَهُمْ فَجَعَلْنٰهُمْ اَحَادِيْثَ وَمَزَّقْنٰهُمْ كُلَّ مُمَزَّقٍ ۭ اِنَّ فِيْ ذٰلِكَ لَاٰيٰتٍ لِّكُلِّ صَبَّارٍ شَكُوْرٍ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ফাক'া–লূ রাব্বানা– বা–'ইদ বাইনা আছফা–রিনা– ওয়া জ'ালামূ˜আংফুছাহুম ফাজা'আল্না–হুম্ আহ'া–দীছ'া ওয়া মাঝ্ঝাক'না–হুম্ কুল্লা মুমাঝ্ঝাকি'ন (ط) ইন্না ফী য'া–লিকা লাআ–য়া–তিল লিকুল্লি সাব্বা–রিং শাকূর।	
তরজমা	কিন্তু উহারা বলিল, 'হে আমাদের প্রতিপালক ! আমাদের সফরের মন্যিলের ব্যবধান বর্ধিত কর।' উহারা নিজেদের প্রতি জুলুম করিয়াছিল। ফলে আমি উহাদেরকে কাহিনীর বিষয়বস্তুতে পরিণত করিলাম এবং উহাদেরকে ছিন্নভিন্ন করিয়া দিলাম। ইহাতে প্রত্যেক ধৈর্যশীল, কৃতজ্ঞ ব্যক্তির জন্য নিদর্শন রহিয়াছে।	
	وَلَقَدْ صَدَّقَ عَلَيْهِمْ اِبْلِيْسُ ظَنَّهٗ فَاتَّبَعُوْهُ اِلَّا فَرِيْقًا مِّنَ الْمُؤْمِنِيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ সাদ্দাক'া 'আলাইহিম ইব্লীছূ জ'ান্নাহূ ফাত্তাবা'ঊহু ইল্লা–ফারীক'াম্ মিনাল্ মু'মিনীন।	
তরজমা	উহাদের সম্বন্ধে ইব্লীস তাহার ধারণা সত্য প্রমাণ করিল, ফলে উহাদের মধ্যে একটি মু'মিন দল ব্যতীত সকলেই তাহার অনুসরণ করিল ;	
	وَمَا كَانَ لَهٗ عَلَيْهِمْ مِّنْ سُلْطٰنٍ اِلَّا لِنَعْلَمَ مَنْ يُّؤْمِنُ بِالْاٰخِرَةِ مِمَّنْ هُوَ مِنْهَا فِيْ شَكٍّ ۭ وَرَبُّكَ عَلٰي كُلِّ شَيْءٍ حَفِيْظٌ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া মা– কা–না লাহূ 'আলাইহিম্ মিং ছুল্ত'া–নিন্ ইল্লা–লিনা'লামা মাইঁ ইউ'মিনু বিলআ–খিরাতি মিম্মান্ হুওয়া মিন্হা– ফী শাক্কিওঁ (ط) ওয়া রাব্বুকা 'আলা–কুল্লি শাইয়িন্ হ'াফীজ'।	
তরজমা	উহাদের উপর শয়তানের কোন আধিপত্য ছিল না। কাহারা আখিরাতে বিশ্বাসী এবং কাহারা উহাতে সন্দিহান তাহা প্রকাশ করিয়া দেওয়াই ছিল আমার উদ্দেশ্য। তোমার প্রতিপালক সর্ববিষয়ে হিফাযতকারী।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قُلِ ادْعُوا الَّذِيْنَ زَعَمْتُمْ مِّنْ دُوْنِ اللّٰهِ ۚ لَا يَمْلِكُوْنَ مِثْقَالَ ذَرَّةٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ وَمَا لَهُمْ فِيْهِمَا مِنْ شِرْكٍ وَّمَا لَهٗ مِنْهُمْ مِّنْ ظَهِيْرٍ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	কু'লিদ 'উল্লায'ীনা ঝা'আম্তুম্ মিং দূনিল্লা-হি (ج) লা-ইয়াম্লিকূনা মিছ্'কা'-লা য'ার্রাতিং ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ালা-ফিল্ আর্দি' ওয়ামা- লাহুম্ ফীহিমা- মিং শির্কিওঁ ওয়ামা-লাহূ মিন্হুম্ মিং জ'াহীর।	
তরজমা	বল, 'তোমরা আহ্বান কর উহাদেরকে যাহাদেরকে তোমরা আল্লাহ্‌র পরিবর্তে ইলাহ্ মনে করিতে। উহারা আকাশমণ্ডলী ও পৃথিবীতে অণু পরিমাণ কিছুর মালিক নয় এবং এতদুভয়ে উহাদের কোন অংশও নাই এবং উহাদের কেউ তাঁহার সহায়কও নয়।'	
	وَلَا تَنْفَعُ الشَّفَاعَةُ عِنْدَهٗۤ اِلَّا لِمَنْ اَذِنَ لَهٗ ؕ حَتّٰۤى اِذَا فُزِّعَ عَنْ قُلُوْبِهِمْ قَالُوْا مَاذَا ۙ قَالَ رَبُّكُمْ ؕ قَالُوا الْحَقَّ ۚ وَهُوَ الْعَلِيُّ الْكَبِيْرُ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাংফা'উশ্শাফা-'আতু 'ইংদাহূ ইল্লা- লিমান্ আযি'না লাহূ (ط) হ'াত্তা ইযা'-ফুঝ্ঝি'আ 'আং কু'লূবিহিম্ ক'া-লূ মা-য'া- (لا) ক'া-লা রাব্বুকুম ক'া-লুল্ হ'াক্ক'া (ج) ওয়া হুওয়াল 'আলিইয়ুল্ কাবীর।	
তরজমা	যাহাকে অনুমতি দেওয়া হয় সে ব্যতীত আল্লাহ্‌র নিকট কাহারও সুপারিশ ফলপ্রসূ হইবে না। পরে যখন উহাদের অন্তর হইতে ভয় বিদূরিত হইবে তখন উহারা পরস্পরের মধ্যে জিজ্ঞাসাবাদ করিবে, 'তোমাদের প্রতিপালক কী বলিলেন ?' তদুত্তরে তাহারা বলিবে, 'যাহা সত্য তিনি তাহাই বলিয়াছেন।' তিনি সমুচ্চ, মহান।	
	قُلْ مَنْ يَّرْزُقُكُمْ مِّنَ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ قُلِ اللّٰهُ ۙ وَاِنَّاۤ اَوْ اِيَّاكُمْ لَعَلٰى هُدًى اَوْ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	কু'ল মাইঁইয়ার্ ঝুকু'কুম্ মিনাছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি' (ط) কু'লিল্লা-হু ওয়া ইন্না'আও ইয়্যা-কুম্ লা'আলা-হুদান্ আও ফী দ'ালা-লিম্ মুবীন।	
তরজমা	বল, 'আকাশমণ্ডলী ও পৃথিবী হইতে কে তোমাদেরকে রিযিক প্রদান করেন?' বল, 'আল্লাহ্। হয় আমরা না হয় তোমরা সৎপথে স্থিত অথবা স্পষ্ট বিভ্রান্তিতে পতিত।'	
	قُلْ لَّا تُسْـَٔلُوْنَ عَمَّاۤ اَجْرَمْنَا وَلَا نُسْـَٔلُ عَمَّا تَعْمَلُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	কু'ল্ লা-তুছ্আলূনা 'আম্মা'আজ্রাম্না- ওয়ালা- নুছ্আলু 'আম্মা- তা'মালূন।	
তরজমা	বল, 'আমাদের অপরাধের জন্য তোমাদেরকে জবাবদিহি করিতে হইবে না এবং তোমরা যাহা কর সে সম্পর্কে আমাদেরকেও জবাবদিহি করিতে হইবে না।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قُلْ يَجْمَعُ بَيْنَنَا رَبُّنَا ثُمَّ يَفْتَحُ بَيْنَنَا بِالْحَقِّ ۖ وَهُوَ الْفَتَّاحُ الْعَلِيمُ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	কু'ল্ ইয়াজমা'উ বাইনানা- রাব্বুনা- ছু'ম্মা ইয়াফ্তাহু' বাইনানা- বিল্ হ'াক্কি'(ত্ব) ওয়া হুওয়াল্ ফাত্তা-হু'ল্ 'আলীম।	
তরজমা	বল, 'আমাদের প্রতিপালক আমাদের সকলকে একত্র করিবেন, অতঃপর তিনি আমাদের মধ্যে সঠিকভাবে ফয়সালা করিয়া দিবেন, তিনিই শ্রেষ্ঠ ফয়সালাকারী, সর্বজ্ঞ।'	
	قُلْ أَرُونِيَ الَّذِينَ أَلْحَقْتُمْ بِهِ شُرَكَاءَ كَلَّا ۖ بَلْ هُوَ اللَّهُ الْعَزِيزُ الْحَكِيمُ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	কু'ল্ আরূনিয়াল্লায'ীনা আলহ'াক'তুম্ বিহী শুরাকা~আ কাল্লা- (ত্ব) বাল্ হুওয়াল্লা-হুল্ 'আঝীঝুল্ হ'াকীম।	
তরজমা	বল, 'তোমরা আমাকে দেখাও যাহাদেরকে শরীকরূপে তাঁহার সঙ্গে জুড়িয়া দিয়াছ তাহাদেরকে। না, কখনও না, বরং তিনি আল্লাহ্ পরাক্রমশালী, প্রজ্ঞাময়।'	
	وَمَا أَرْسَلْنَاكَ إِلَّا كَافَّةً لِّلنَّاسِ بَشِيرًا وَنَذِيرًا وَلَٰكِنَّ أَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُونَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আর্ছালনা-কা ইল্লা- কা~ফ্ফাতাল্ লিন্না-ছি বাশীরাওঁ ওয়ানায'ীরাওঁ ওয়ালা- কিন্না আক্ছ'ারান্না-ছি লা- ইয়া'লামূন।	
তরজমা	আমি তো তোমাকে সমগ্র মানবজাতির প্রতি সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে প্রেরণ করিয়াছি ; কিন্তু অধিকাংশ মানুষ জানে না।	
	وَيَقُولُونَ مَتَىٰ هَٰذَا الْوَعْدُ إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা মাতা- হা-য'াল্ ওয়া'দু ইং কুংতুম্ সা-দিক'ীন।	
তরজমা	তাহারা জিজ্ঞাসা করে, 'তোমরা যদি সত্যবাদী হও তবে বল, এই প্রতিশ্রুতি কখন বাস্তবায়িত হইবে ?'	
	قُل لَّكُم مِّيعَادُ يَوْمٍ لَّا تَسْتَأْخِرُونَ عَنْهُ سَاعَةً وَلَا تَسْتَقْدِمُونَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	কু'ল লাকুম্ মী'আ-দু ইয়াওমিল লা-তাছ্তা'খিরূনা 'আন্হু ছা-'আতাওঁ ওয়ালা- তাছ্তাক'দিমূন।	
তরজমা	বল, 'তোমাদের জন্য আছে এক নির্ধারিত দিবস, যাহা তোমরা মুহূর্তকাল বিলম্বিত করিতে পারিবে না, আর ত্বরান্বিতও করিতে পারিবে না।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لَنْ نُّؤْمِنَ بِهٰذَا الْقُرْاٰنِ وَلَا بِالَّذِيْ بَيْنَ يَدَيْهِ ؕ وَلَوْ تَرٰٓى اِذِ الظّٰلِمُوْنَ مَوْقُوْفُوْنَ عِنْدَ رَبِّهِمْ ۖۚ يَرْجِعُ بَعْضُهُمْ اِلٰى بَعْضِ ِۨالْقَوْلَ ۚ يَقُوْلُ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا لَوْلَآ اَنْتُمْ لَكُنَّا مُؤْمِنِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়াক'া-লাল্লায'ীনা কাফারূ লান্ নু'মিনা বিহা-য'াল্ কু'রআ-নি ওয়ালা- বিল্লায'ী বাইনা ইয়াদাইহি (ط) ওয়ালাও তারা~ইযি'জ্জ'া-লিমূনা মাওকূ'ফূনা 'ইংদা রাব্বিহিম্ (ج) ইয়ার্‌জি'উ বা'দু'হুম্ ইলা- বা'দি'নিল্ ক'াওলা (ج) ইয়াকূ'লুল্লায'ীনাছ্তুদ''ইফূ লিল্লায'ীনাছ্তাক্‌বারূ লাওলা~আংতুম্ লাকুন্না- মু'মিনীন।	
তরজমা	কাফিররা বলে, 'আমরা এই কুরআনে কখনও বিশ্বাস করিব না, ইহার পূর্ববর্তী কিতাবসমূহেও নয়। হায়! তুমি যদি দেখিতে জালিমদেরকে যখন তাহাদের প্রতিপালকের সম্মুখে দণ্ডায়মান করা হইবে তখন উহারা পরস্পর বাদ-প্রতিবাদ করিতে থাকিবে, যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহারা ক্ষমতাদর্পীদেরকে বলিবে, 'তোমরা না থাকিলে আমরা অবশ্যই মু'মিন হইতাম।'	
	قَالَ الَّذِيْنَ اسْتَكْبَرُوْا لِلَّذِيْنَ اسْتُضْعِفُوْٓا اَنَحْنُ صَدَدْنٰكُمْ عَنِ الْهُدٰى بَعْدَ اِذْ جَآءَكُمْ بَلْ كُنْتُمْ مُّجْرِمِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক'া-লাল্লায'ীনাছ্তাক্‌বারূ লিল্লায'ীনাছ্তুদ''ইফূ~ আনাহ্'নু সাদাদ্‌না-কুম 'আনিল্ হুদা-বা'দা ইয' জা~আকুম্ বাল্ কুংতুম মুজরিমীন।	
তরজমা	যাহারা ক্ষমতাদর্পী ছিল তাহারা, যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহাদেরকে বলিবে, 'তোমাদের নিকট সৎপথের দিশা আসিবার পর আমরা কি তোমাদেরকে উহা হইতে নিবৃত্ত করিয়াছিলাম ? বস্তুত তোমরাই তো ছিলে অপরাধী।'	
	وَقَالَ الَّذِيْنَ اسْتُضْعِفُوْا لِلَّذِيْنَ اسْتَكْبَرُوْا بَلْ مَكْرُ الَّيْلِ وَالنَّهَارِ اِذْ تَاْمُرُوْنَنَآ اَنْ نَّكْفُرَ بِاللّٰهِ وَنَجْعَلَ لَهٗٓ اَنْدَادًا ؕ وَاَسَرُّوا النَّدَامَةَ لَمَّا رَاَوُا الْعَذَابَ ؕ وَجَعَلْنَا الْاَغْلٰلَ فِيْٓ اَعْنَاقِ الَّذِيْنَ كَفَرُوْا ؕ هَلْ يُجْزَوْنَ اِلَّا مَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়াক'া-লাল্লায'ীনাছ্তুদ''ইফূ লিল্লায'ীনাছ্তাক্‌বারূ বাল্ মাকরুল্ লাইলি ওয়ান্নাহা-রি ইয' তা'মুরূনানা~আন নাক্‌ফুরা বিল্লা-হি ওয়ানাজ'আলা লাহূ~আংদা-দাওঁ (ج) ওয়া আছার্‌রুন্নাদা-মাতা লাম্মা- রাআউল্ 'আয'া-বা (ج) ওয়াজা'আলনাল্ আগ্‌লা-লা ফী~আ'নাকি'ল্লায'ীনা কাফারূ (ج) হাল্ ইউজঝাওনা ইল্লা-মা- কা-নূ ইয়া'মালূন।	

তরজমা	যাহাদেরকে দুর্বল মনে করা হইত তাহারা ক্ষমতাদর্পীদেরকে বলিবে, 'প্রকৃতপক্ষে তোমরাই তো দিবারাত্র চক্রান্তে লিপ্ত ছিলে, আমাদেরকে নির্দেশ দিয়াছিলে যেন আমরা আল্লাহ্‌কে অমান্য করি এবং তাঁহার শরীক স্থাপন করি।' যখন তাহারা শাস্তি প্রত্যক্ষ করিবে তখন তাহারা অনুতাপ গোপন রাখিবে এবং আমি কাফিরদের গলদেশে শৃংখল পরাইব। উহাদেরকে উহারা যাহা করিত তাহারই প্রতিফল দেওয়া হইবে।	
	وَمَآ اَرْسَلْنَا فِيْ قَرْيَةٍ مِّنْ نَّذِيْرٍ اِلَّا قَالَ مُتْرَفُوْهَآ ۙ اِنَّا بِمَآ اُرْسِلْتُمْ بِهٖ كٰفِرُوْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আরছাল্‌না-ফী ক'ার্‌ইয়াতিম্ মিন্ নাযী'রিন্ ইল্লা-ক'া-লা মুতরাফূহা~ ইন্না বিমা~'উরছিলতুম্ বিহী কা-ফিরূন।	
তরজমা	যখনই আমি কোন জনপদে সতর্ককারী প্রেরণ করিয়াছি উহার বিত্তশালী অধিবাসীরা বলিয়াছে, 'তোমরা যাহাসহ প্রেরিত হইয়াছ আমরা তাহা প্রত্যাখ্যান করি।'	
	وَقَالُوْا نَحْنُ اَكْثَرُ اَمْوَالًا وَّاَوْلَادًا ۙ وَّمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ নাহ্‌নু আক্‌ছ'ারু আম্‌ওয়া-লাওঁ ওয়াআওলা-দাওঁ (لا) ওয়ামা- নাহ্‌নু বিমু'আয্‌য'াবীন।	
তরজমা	উহারা আরও বলিত, 'আমরা ধনে-জনে সমৃদ্ধিশালী ; সুতরাং আমাদেরকে কিছুতেই শাস্তি দেওয়া হইবে না।'	
	قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ وَيَقْدِرُ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্না রাব্বী ইয়াবছুতু'র্‌রিঝক'ালিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াক'দিরু ওয়া লা-কিন্না আক্‌ছ'ারান্না-ছি লা-ইয়া'লামূন।	
তরজমা	বল, 'আমার প্রতিপালক যাহার প্রতি ইচ্ছা তাহার রিযিক বর্ধিত করেন অথবা সীমিত করেন; কিন্তু অধিকাংশ লোকই ইহা জানে না।'	
	وَمَآ اَمْوَالُكُمْ وَلَآ اَوْلَادُكُمْ بِالَّتِيْ تُقَرِّبُكُمْ عِنْدَنَا زُلْفٰٓى اِلَّا مَنْ اٰمَنَ وَعَمِلَ صَالِحًا ۡ فَاُولٰٓئِكَ لَهُمْ جَزَآءُ الضِّعْفِ بِمَا عَمِلُوْا وَهُمْ فِي الْغُرُفٰتِ اٰمِنُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়ামা~'আম্‌ওয়া-লুকুম্ ওয়ালা~'আওলা-দুকুম্ বিল্লাতী তুক'ার্‌রিবুকুম্ 'ইংদানা-ঝুল্‌ফা~ ইল্লা-মান্ আ-মানা ওয়া 'আমিলা সা-লিহ'াং (ز) ফাউলা~ইকা লাহুম্ জাঝা~উদ্ দি'ফি বিমা-'আমিলূ ওয়াহুম্ ফিল্ গুরূফা-তি আ-মিনূন।	

তরজমা	তোমাদের ধন-সম্পদ ও সন্তান-সন্ততি এমন কিছু নয় যাহা তোমাদেরকে আমার নিকটবর্তী করিয়া দিবে ; তবে যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহারাই তাহাদের কর্মের জন্য পাইবে বহুগু ণ পুরস্কার; আর তাহারা প্রাসাদে নিরাপদে থাকিবে।	
	وَالَّذِيْنَ يَسْعَوْنَ فِيْٓ اٰيٰتِنَا مُعٰجِزِيْنَ اُولٰٓئِكَ فِي الْعَذَابِ مُحْضَرُوْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা ইয়াছ্'আওনা ফী ~আ-য়া-তিনা- মু'আ-জিঝীনা উলা~ইকা ফিল্ 'আয'া-বি মুহ'দ'ারূন।	
তরজমা	যাহারা আমার আয়াতকে ব্যর্থ করিবার চেষ্টা করিবে তাহারা শাস্তি ভোগ করিতে থাকিবে।	
	قُلْ اِنَّ رَبِّيْ يَبْسُطُ الرِّزْقَ لِمَنْ يَّشَآءُ مِنْ عِبَادِهٖ وَيَقْدِرُ لَهٗ ۭ وَمَآ اَنْفَقْتُمْ مِّنْ شَيْءٍ فَهُوَ يُخْلِفُهٗ ۚ وَهُوَ خَيْرُ الرّٰزِقِيْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	কু'ল্ ইন্না রাব্বী ইয়াব্ছুতু'র্ রিঝক'ালিমাই ইয়াশা~উ মিন্ 'ইবা-দিহী ওয়া ইয়াক'দিরু লাহূ (ط) ওয়ামা ~আংফাক'তুম্ মিং শাইয়িং ফাহুওয়া ইউখ্লিফুহূ (ج) ওয়াহুওয়া খাইরুর্ রা-ঝিক' ীন।	
তরজমা	বল, 'আমার প্রতিপালক তো তাঁহার বান্দাদের মধ্যে যাহার প্রতি ইচ্ছা রিযিক বর্ধিত করেন এবং যাহার প্রতি ইচ্ছা সীমিত করেন। তোমরা যাহা কিছু ব্যয় করিবে তিনি তাহার প্রতিদান দিবেন। তিনিই শ্রেষ্ঠ রিযিকদাতা।'	
	وَيَوْمَ يَحْشُرُهُمْ جَمِيْعًا ثُمَّ يَقُوْلُ لِلْمَلٰۗىِٕكَةِ اَهٰٓؤُلَاۗءِ اِيَّاكُمْ كَانُوْا يَعْبُدُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইয়াহ'শুরুহুম্ জামী'আং ছু'ম্মা ইয়াকূ'লু লিল্মালা~ইকাতি আহা ~উলা~ই ইয়্যা-কুম্ কা-নূ ইয়া'বুদূন।	
তরজমা	স্মরণ কর, যেদিন তিনি ইহাদের সকলকে একত্র করিবেন, অতঃপর ফিরিশতাদেরকে জিজ্ঞাসা করিবেন, 'ইহারা কি তোমাদেরই পূজা করিত ?'	
	قَالُوْا سُبْحٰنَكَ اَنْتَ وَلِيُّنَا مِنْ دُوْنِهِمْ ۚ بَلْ كَانُوْا يَعْبُدُوْنَ الْجِنَّ ۚ اَكْثَرُهُمْ بِهِمْ مُّؤْمِنُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ছুবহ'া-নাকা আংতা ওয়ালিইয়ুনা- মিং দূনিহিম (ج) বাল্ কা-নূ ইয়া'বুদূনাল্ জিন্না (ج) আক্ছ'ারুহুম বিহিম্ মু'মিনূন।	
তরজমা	ফিরিশ্তারা বলিবে, 'তুমি পবিত্র, মহান! তুমিই আমাদের অভিভাবক, উহারা নয়; বরং উহারা তো পূজা করিত জিনদের এবং উহাদের অধিকাংশই ছিল উহাদের প্রতি বিশ্বাসী।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَالْيَوْمَ لَا يَمْلِكُ بَعْضُكُمْ لِبَعْضٍ نَّفْعًا وَّلَا ضَرًّا ؕ وَنَقُوْلُ لِلَّذِيْنَ ظَلَمُوْا ذُوْقُوْا عَذَابَ النَّارِ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ফাল্ইয়াওমা লা– ইয়াম্লিকু বা'দু'কুম্ লিবা'দি'ন নাফ্'আওঁ ওয়ালা– দ'ার্রাওঁ (ط) ওয়ানাকূ'লু লিল্লায'ীনা জ'ালামূ যূ'কূ' 'আয'া–বান্না–রিল্লাতী কুংতুম্ বিহা–তুকায'যি'বূন।	
তরজমা	'আজ তোমাদের একে অন্যের উপকার কিংবা অপকার করিবার ক্ষমতা নাই।' যাহারা জুলুম করিয়াছিল তাহাদেরকে বলিব, 'তোমরা যে অগ্নি-শাস্তি অস্বীকার করিতে তাহা আস্বাদন কর।'	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالُوْا مَا هٰذَاۤ اِلَّا رَجُلٌ يُّرِيْدُ اَنْ يَّصُدَّكُمْ عَمَّا كَانَ يَعْبُدُ اٰبَآؤُكُمْ ۚ وَقَالُوْا مَا هٰذَاۤ اِلَّاۤ اِفْكٌ مُّفْتَرًى ؕ وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ اِنْ هٰذَاۤ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া–তুত্লা–'আলাইহিম্ আ–য়া–তুনা–বাইয়িনা–তিং ক'া–লূ মা– হা–য'া~ইল্লা–রাজূলুইঁ ইউরীদু আইঁ ইয়াসুদ্দাকুম্ 'আম্মা– কা–না ইয়া'বুদু আ–বা~উকুম্ (ج) ওয়াক'া–লূ মা– হা–য'া~ইল্লা~ইফকুম্ মুফ্তারাওঁ- (ط) ওয়া ক'া–লাল্লায'ীনা কাফারূ লিল্ হ'াক্কি' লাম্মা–জা~আহুম্ (لا) ইন্ হা–য'া~ইল্লা–ছিহ'রুম্ মুবীন।	
তরজমা	ইহাদের নিকট যখন আমার সুস্পষ্ট আয়াতসমূহ তিলাওয়াত করা হয় তখন ইহারা বলে, 'তোমাদের পূর্বপুরুষ যাহার 'ইবাদত করিত এই ব্যক্তিই তো তাহার 'ইবাদতে তোমাদেরকে বাধা দিতে চায়।' ইহারা আরও বলে, 'ইহা তো মিথ্যা উদ্ভাবন ব্যতীত কিছু নয়,' এবং কাফিরদের নিকট যখন সত্য আসে তখন উহারা বলে, 'ইহা তো এক সুস্পষ্ট জাদু।'	
	وَمَاۤ اٰتَيْنٰهُمْ مِّنْ كُتُبٍ يَّدْرُسُوْنَهَا وَمَاۤ اَرْسَلْنَاۤ اِلَيْهِمْ قَبْلَكَ مِنْ نَّذِيْرٍ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আ–তাইনা–হুম্ মিং কুতুবিইঁ ইয়াদ্রুছূনাহা– ওয়ামা~আর্ছাল্না~ইলাইহিম্ ক'াব্লাকা মিন নায'ীর।	
তরজমা	আমি ইহাদেরকে পূর্বে কোন কিতাব দেই নাই যাহা ইহারা অধ্যয়ন করিত এবং তোমার পূর্বে ইহাদের নিকট কোন সতর্ককারীও প্রেরণ করি নাই।	
	وَكَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۙ وَمَا بَلَغُوْا مِعْشَارَ مَاۤ اٰتَيْنٰهُمْ فَكَذَّبُوْا رُسُلِيْ ۫ فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া কায'্য'াবাল্লায'ীনা মিং ক'াবলিহিম্ (لا) ওয়ামা– বালাগূ মি'শা–রা মা~আ–তাইনা–হুম্ ফাকায'্য'াবূ রুছুলী (قف) ফাকাইফা কা–না নাকীর।	

	ইহাদের পূর্ববর্তীরাও মিথ্যা আরোপ করিয়াছিল। উহাদেরকে আমি যাহা দিয়াছিলাম, ইহারা তাহার এক-দশমাংশও পায় নাই, তবুও উহারা আমার রাসূলদেরকে মিথ্যাবাদী বলিয়াছিল। ফলে কত ভয়ংকর হইয়াছিল আমার শাস্তি।	
তরজমা		
	قُلْ اِنَّمَآ اَعِظُكُمْ بِوَاحِدَةٍ ۚ اَنْ تَقُوْمُوْا لِلّٰهِ مَثْنٰى وَفُرَادٰى ثُمَّ تَتَفَكَّرُوْا ۗ مَا بِصَاحِبِكُمْ مِّنْ جِنَّةٍ ۭ اِنْ هُوَ اِلَّا نَذِيْرٌ لَّكُمْ بَيْنَ يَدَيْ عَذَابٍ شَدِيْدٍ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নামা~ আ'ইজু'কুম্ বিওয়া-হি'দাতিন্ (ج) আং তাকূ'মূ লিল্লা-হি মাছ'না- ওয়া ফুরা-দা- ছু'ম্মা তাতাফাক্কারূ (قف) মা-বিসা-হি'বিকুম্ মিং জিন্নাতিন্ (ط) ইন্ হুওয়া ইল্লা-নায'ীরুল্ লাকুম্ বাইনা ইয়াদাই 'আয'া-বিং শাদীদ।	
তরজমা	বল, 'আমি তোমাদেরকে একটি বিষয়ে উপদেশ দিতেছি : তোমরা আল্লাহ্‌র উদ্দেশ্যে দুই-দুইজন অথবা এক-একজন করিয়া দাঁড়াও, অতঃপর তোমরা চিন্তা করিয়া দেখ-তোমাদের সঙ্গী আদৌ উন্মাদ নয়। সে তো আসন্ন কঠিন শাস্তি সম্পর্কে তোমাদের সতর্ককারী মাত্র।	
	قُلْ مَا سَاَلْتُكُمْ مِّنْ اَجْرٍ فَهُوَ لَكُمْ ۭ اِنْ اَجْرِيَ اِلَّا عَلَي اللّٰهِ ۚ وَهُوَ عَلٰي كُلِّ شَيْءٍ شَهِيْدٌ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	কু'ল্ মা- ছাআল্‌তুকুম মিন্ আজরিং ফাহুওয়া লাকুম (ط) ইন্ আজরিয়া ইল্লা- 'আলাল্লা-হি (ج) ওয়া হুওয়া 'আলা- কুল্লি শাইয়িং শাহীদ।	
তরজমা	বল, 'আমি তোমাদের নিকট কোন পারিশ্রমিক চাই না, তাহা তো তোমাদেরই ; আমার পুরস্কার তো আছে আল্লাহ্‌র নিকট এবং তিনি সর্ববিষয়ে দ্রষ্টা।'	
	قُلْ اِنَّ رَبِّيْ يَقْذِفُ بِالْحَقِّ ۚ عَلَّامُ الْغُيُوْبِ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্না রাব্বী ইয়াক'যি'ফু বিল্‌হ'াক্কি' 'আল্লা-মুল্ গুয়ুব।	
তরজমা	বল, 'আমার প্রতিপালক সত্যের দ্বারা অসত্যকে আঘাত করেন ; তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা।'	
	قُلْ جَاۗءَ الْحَقُّ وَمَا يُبْدِئُ الْبَاطِلُ وَمَا يُعِيْدُ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	কু'ল্ জা~আল্ হ'াক্কু' ওয়ামা- ইউব্‌দিউল্ বা-তি'লু ওয়ামা- ইউ'ঈদ।	
তরজমা	বল, 'সত্য আসিয়াছে এবং অসত্য না পারে নূতন কিছু সৃজন করিতে, আর না পারে পুনরাবৃত্তি করিতে।'	
	قُلْ اِنْ ضَلَلْتُ فَاِنَّمَآ اَضِلُّ عَلٰي نَفْسِيْ ۚ وَاِنِ اهْتَدَيْتُ فَبِمَا يُوْحِيْٓ اِلَيَّ رَبِّيْ ۭ اِنَّهٗ سَمِيْعٌ قَرِيْبٌ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	কু'ল্ ইং দ'ালাল্‌তু ফাইন্নামা~আদি'ল্লু 'আলা-নাফ্‌ছী (ج) ওয়াইনিহ্‌তাদাইতু ফাবিমা-ইউহ'ী~ ইলাইয়া রাব্বী (ط) ইন্নাহূ ছামী'উং ক'ারীব্।	

তরজমা	বল, 'আমি বিভ্রান্ত হইলে বিভ্রান্তির পরিণাম আমারই এবং যদি আমি সৎপথে থাকি তবে তাহা এইজন্য যে, আমার প্রতি আমার প্রতিপালক ওহী প্রেরণ করেন। তিনি সর্বশ্রোতা, সন্নিকট।'	
	وَلَوْ تَرٰٓى اِذْ فَزِعُوْا فَلَا فَوْتَ وَاُخِذُوْا مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ۙ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়া লাও তারা~ইয্ ফাঝি'উ ফালা- ফাওতা ওয়া উখিযূ মিম্ মাকা-নিং ক'ারীব্।	
তরজমা	তুমি যদি দেখিতে যখন ইহারা ভীত-বিহ্বল হইয়া পড়িবে, তখন ইহারা অব্যাহতি পাইবে না এবং ইহারা নিকটস্থ স্থান হইতে ধৃত হইবে,	
	وَّقَالُوْٓا اٰمَنَّا بِهٖ ۚ وَاَنّٰى لَهُمُ التَّنَاوُشُ مِنْ مَّكَانٍۢ بَعِيْدٍ ۖ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ~ আ-মান্না- বিহী (ج) ওয়া আন্না- লাহুমুত্তানা-উশু মিম্ মাকা-নিম্ বা'ঈদ্।	
তরজমা	এবং ইহারা বলিবে, 'আমরা তাহাতে ঈমান আনিলাম।' কিন্তু এত দূরবর্তী স্থান হইতে উহারা নাগাল পাইবে কিরূপে ?	
	وَّقَدْ كَفَرُوْا بِهٖ مِنْ قَبْلُ ۚ وَيَقْذِفُوْنَ بِالْغَيْبِ مِنْ مَّكَانٍۢ بَعِيْدٍ ۚ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াদ্ কাফারূ বিহী মিং ক'াবলু (ج) ওয়া ইয়াক'যি'ফূনা বিল্গাইবি মিম্ মাকা-নিম্ বা'ঈদ্।	
তরজমা	উহারা তো পূর্বে তাহা প্রত্যাখ্যান করিয়াছিল ; উহারা দূরবর্তী স্থান হইতে অদৃশ্য বিষয়ে বাক্য ছুঁড়িয়া মারিত।	
	وَحِيْلَ بَيْنَهُمْ وَبَيْنَ مَا يَشْتَهُوْنَ كَمَا فُعِلَ بِاَشْيَاعِهِمْ مِّنْ قَبْلُ ۭ اِنَّهُمْ كَانُوْا فِيْ شَكٍّ مُّرِيْبٍ ۚ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ওয়া হ'ীলা বাইনাহুম্ ওয়া বাইনা মা-ইয়াশ্তাহূনা কামা-ফু'ইলা বিআশইয়া-'ইহিম্ মিং ক'াবলু (ط) ইন্নাহুম্ কা-নূ ফী শাক্কিম্ মুরীব্।	
তরজমা	ইহাদের ও ইহাদের বাসনার মধ্যে অন্তরাল করা হইয়াছে, যেমন পূর্বে করা হইয়াছিল ইহাদের সমপন্থীদের ক্ষেত্রে। উহারা ছিল বিভ্রান্তিকর সন্দেহের মধ্যে।	
প্রতিবর্ণায়ন	৩৫-ছূরা ফা-তি'র , আয়াতর : ৪৫	

35 - Fatir-ফাতির -فاطر

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রতিবর্ণায়ন	আল্ হ'ামদু লিল্লা-হি ফা-তি'রিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি' জা'ইলিল্ মালা~ইকাতি রুছুলান্ উলী~আজনিহ'াতিম্মাছ্'না- ওয়া ছু'লা-ছ'া ওয়া রুবা-'আ (ط) ইয়াঝীদু ফিল্ খাল্কি' মা- ইয়াশা~উ (ط) ইন্নাল্লা-হা আ'লা-কুল্লি শাইয়িং ক'াদীর।

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সকল প্রশংসা আকাশমণ্ডলী ও পৃথিবীর সৃষ্টিকর্তা আল্লাহ্‌রই-যিনি বাণীবাহক করেন ফিরিশ্‌তাদেরকে যাহারা দুই দুই, তিন তিন অথবা চার চার পক্ষবিশিষ্ট। তিনি সৃষ্টিতে যাহা ইচ্ছা বৃদ্ধি করেন। আল্লাহ্‌ সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	مَا يَفْتَحِ اللّٰهُ لِلنَّاسِ مِنْ رَّحْمَةٍ فَلَا مُمْسِكَ لَهَا ۚ وَمَا يُمْسِكْ ۙ فَلَا مُرْسِلَ لَهٗ مِنْۢ بَعْدِهٖ ؕ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ۝٢	2
প্রতিবর্ণায়ন	মা ইয়াফ্‌তাহি'ল্লা-হু লিন্না-ছি মির্ রাহ'মাতিং ফালা- মুম্‌ছিকা লাহা- (ج) ওয়া মা- ইউম্‌ছিক (لا) ফালা- মুর্‌ছিলা লাহূ মিম্ বা'দিহী (ط) ওয়া হুওয়াল 'আঝীঝুল হ'াকীম।	
তরজমা	আল্লাহ্‌ মানুষের প্রতি কোন অনুগ্রহ অবারিত করিলে কেহ উহা নিবারণকারী নাই এবং তিনি কিছু নিরুদ্ধ করিতে চাহিলে তৎপর কেহ উহার উন্মুক্তকারী নাই। তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	
	يٰۤاَيُّهَا النَّاسُ اذْكُرُوْا نِعْمَتَ اللّٰهِ عَلَيْكُمْ ؕ هَلْ مِنْ خَالِقٍ غَيْرُ اللّٰهِ يَرْزُقُكُمْ مِّنَ السَّمَآءِ وَالْاَرْضِ ؕ لَاۤ اِلٰهَ اِلَّا هُوَ ۚ فَاَنّٰى تُؤْفَكُوْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহান্না-ছুয'কুরূ নি'মাতাল্লা-হি 'আলাইকুম (ط) হাল্ মিন্ খা-লিকি'ন গাইরুল্লা-হি ইয়ার্‌ঝুকু'কুম মিনাছ্ ছামা~ই ওয়াল্ আর্‌দি'(ط) লা~ইলা-হা ইল্লা- হুওয়া (ز) ফাআন্না-তু'ফাকূন।	
তরজমা	হে মানুষ! তোমাদের প্রতি আল্লাহ্‌র অনুগ্রহ স্মরণ কর। আল্লাহ্‌ ব্যতীত কি কোন স্রষ্টা আছে, যে তোমাদেরকে আকাশমণ্ডলী ও পৃথিবী হইতে রিযিক দান করে ? তিনি ব্যতীত কোন ইলাহ্‌ নাই। সুতরাং কোথায় তোমরা বিপথে চালিত হইতেছ ?	
	وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كُذِّبَتْ رُسُلٌ مِّنْ قَبْلِكَ ؕ وَاِلَى اللّٰهِ تُرْجَعُ الْاُمُوْرُ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইউকায'যি'বূকা ফাক'াদ্ কুয'যি'বাত্ রুছুলুম মিং ক'াব্‌লিকা (ط) ওয়া ইলাল্লা-হি তুর্‌জা'উল উমূর।	
তরজমা	ইহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে তোমার পূর্বেও রাসূলগণের প্রতি মিথ্যা আরোপ করা হইয়াছিল। আল্লাহ্‌র নিকটই সকল বিষয় প্রত্যানীত হইবে।	
	يٰۤاَيُّهَا النَّاسُ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ فَلَا تَغُرَّنَّكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۪ وَلَا يَغُرَّنَّكُمْ بِاللّٰهِ الْغَرُوْرُ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহান্না-ছু ইন্না ওয়া'দাল্লা-হি হ'াক্কু'ং ফালা- তাগুর্‌রান্নাকুমুল হ'ায়াতুদ্দন্‌ইয়া- (قف) ওয়ালা-ইয়াগুর্‌রান্নাকুম্ বিল্লা-হিল্ গারূর।	

	হে মানুষ ! নিশ্চয়ই আল্লাহ্‌র প্রতিশ্রুতি সত্য; সুতরাং পার্থিব জীবন যেন তোমাদেরকে কিছুতেই প্রতারিত না করে এবং সেই প্রবঞ্চক যেন কিছুতেই আল্লাহ্‌ সম্পর্কে তোমাদেরকে প্রবঞ্চিত না করে।	
তরজমা		
	اِنَّ الشَّيْطٰنَ لَكُمْ عَدُوٌّ فَاتَّخِذُوْهُ عَدُوًّا ؕ اِنَّمَا يَدْعُوْا حِزْبَهٗ لِيَكُوْنُوْا مِنْ اَصْحٰبِ السَّعِيْرِ ؕ﴿۶﴾	6
	ইন্নাশ্‌শাইত'া-না লাকুম্‌ 'আদুওউং ফাত্তাখিযূ'হু আ'দুওওয়ান (ত) ইন্নামা- ইয়াদ্‌'উ হি'ঝবাহূ লিইয়াকূনূ মিন্‌ আসহ'া-বিছ্‌ছা'ঈর।	
প্রতিবর্ণায়ন		
	শয়তান তো তোমাদের শত্রু ; সুতরাং তাহাকে শত্রু হিসাবে গ্রহণ কর। সে তো তাহার দলবলকে আহ্বান করে কেবল এইজন্য যে, উহারা যেন জাহান্নামী হয়।	
তরজমা		
	اَلَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ؕ وَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ لَهُمْ مَّغْفِرَةٌ وَّ اَجْرٌ كَبِيْرٌ ؕ﴿۷﴾	7
	আল্লায'ীনা কাফারূ লাহুম 'আয'া-বুং শাদীদুওঁ (ত) ওয়াল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ'া-তি লাহুম্‌ মাগ্‌ফিরাতুওঁ ওয়া আজরুং কাবীর।	
প্রতিবর্ণায়ন		
	যাহারা কুফরী করে তাহাদের জন্য আছে কঠিন শাস্তি এবং যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে তাহাদের জন্য আছে ক্ষমা ও মহাপুরস্কার।	
তরজমা		
	اَفَمَنْ زُيِّنَ لَهٗ سُوْٓءُ عَمَلِهٖ فَرَاٰهُ حَسَنًا ؕ فَاِنَّ اللّٰهَ يُضِلُّ مَنْ يَّشَآءُ وَيَهْدِيْ مَنْ يَّشَآءُ ۫ فَلَا تَذْهَبْ نَفْسُكَ عَلَيْهِمْ حَسَرٰتٍ ؕ اِنَّ اللّٰهَ عَلِيْمٌۢ بِمَا يَصْنَعُوْنَ ؕ﴿۸﴾	8
	আফামাং যুইয়িনা লাহূ ছূ~উ 'আমালিহী ফারাআ-হু হ'াছানাং (ত) ফাইন্নাল্লা-হা ইউদি'ল্লু মাইঁ ইয়াশা~উ (য) ফালা- তায'হাব্‌ নাফ্‌ছুকা 'আলাইহিম্‌ হ'াছারাতিন (ত) ইন্নাল্লা-হা 'আলীমুম্‌ বিমা-ইয়াসনা'ঊন।	
প্রতিবর্ণায়ন		
	কাহাকেও যদি তাহার মন্দকর্ম শোভন করিয়া দেখান হয় এবং সে ইহাকে উত্তম মনে করে, সেই ব্যক্তি কি তাহার সমান যে সৎকর্ম করে ? আল্লাহ্‌ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। অতএব ইহাদের জন্য আক্ষেপ করিয়া তোমার প্রাণ যেন ধ্বংস না হয়। উহারা যাহা করে নিশ্চয়ই আল্লাহ্‌ তাহা জানেন।	
তরজমা		
	وَاللّٰهُ الَّذِيْٓ اَرْسَلَ الرِّيٰحَ فَتُثِيْرُ سَحَابًا فَسُقْنٰهُ اِلٰى بَلَدٍ مَّيِّتٍ فَاَحْيَيْنَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا ؕ كَذٰلِكَ النُّشُوْرُ ؕ﴿۹﴾	9
	ওয়াল্লা-হুল্লায'ী~আর্‌ছালার্‌ রিইয়া-হ'া ফাতুছ'ীরু ছাহ'া-বাং ফাছুক'না-হু ইলা-বালাদিম্‌ মাইয়িতিং ফাআহ'ইয়াইনা- বিহিল্‌ আর্‌দ'া বা'দা মাওতিহা- (ত) কায'া-লিকান্‌ নুশূর।	
প্রতিবর্ণায়ন		

তরজমা	আল্লাহ্ই বায়ু প্রেরণ করিয়া উহা দ্বারা মেঘমালা সঞ্চারিত করেন। অতঃপর আমি উহা নির্জীব ভূখণ্ডের দিকে পরিচালিত করি, অতঃপর আমি উহা দ্বারা ধরিত্রীকে উহার মৃত্যুর পর সঞ্জীবিত করি। এইরূপেই মৃত্যুর পর পুনরায় জীবিত করিয়া উঠানো হইবে।	
	مَنْ كَانَ يُرِيْدُ الْعِزَّةَ فَلِلّٰهِ الْعِزَّةُ جَمِيْعًا ؕ اِلَيْهِ يَصْعَدُ الْكَلِمُ الطَّيِّبُ وَالْعَمَلُ الصَّالِحُ يَرْفَعُهٗ ؕ وَالَّذِيْنَ يَمْكُرُوْنَ السَّيِّاٰتِ لَهُمْ عَذَابٌ شَدِيْدٌ ؕ وَمَكْرُ اُولٰٓئِكَ هُوَ يَبُوْرُ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	মাং কা-না ইউরীদুল ‘ইঝঝাতা ফালিল্লা-হিল্ ‘ইঝঝাতু জামী‘আন (ত) ইলাইহি ইয়াস‘আদুল্ কালিমুত্ ত’াইয়িবু ওয়াল্ ‘আমালুসসা-লিহু ইয়ার্ফা‘উহূ (ত) ওয়াল্লায ীনা ইয়াম্কুরূনাছ্ ছাইয়িআ-তি লাহুম্ ‘আয’া-বুং শাদীদুওঁ (ত) ওয়া মাক্রূ উলা~ইকা হুওয়া ইয়াবূর।	
তরজমা	কেহ সম্মান ও ক্ষমতা চাহিলে সে জানিয়া রাখুক, সকল সম্মান ও ক্ষমতা তো আল্লাহ্রই। তাঁহারই দিকে পবিত্র বাণীসমূহ সমুত্থিত হয় এবং সৎকর্ম উহাকে উন্নীত করে, আর যাহারা মন্দ কাজের ফন্দি আঁটে তাহাদের জন্য আছে কঠিন শাস্তি। তাহাদের ফন্দি ব্যর্থ হইবেই।	
	وَاللّٰهُ خَلَقَكُمْ مِّنْ تُرَابٍ ثُمَّ مِنْ نُّطْفَةٍ ثُمَّ جَعَلَكُمْ اَزْوَاجًا ؕ وَمَا تَحْمِلُ مِنْ اُنْثٰى وَلَا تَضَعُ اِلَّا بِعِلْمِهٖ ؕ وَ مَا يُعَمَّرُ مِنْ مُّعَمَّرٍ وَّلَا يُنْقَصُ مِنْ عُمُرِهٖٓ اِلَّا فِيْ كِتٰبٍ ؕ اِنَّ ذٰلِكَ عَلَى اللّٰهِ يَسِيْرٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু খালাক’াকুম্ মিং তুরা-বিং ছু ম্মা জা‘আলাকুম্ আঝওয়া-জাওঁ (ত) ওয়ামা-তাহ্ মিলু মিন উংছ’া- ওয়ালা-তাদ’া‘উ ইল্লা- বি‘ইল্মিহী (ত) ওয়ামা- ইউ‘আম্মারু মিম্ মু‘আম্মারিওঁ ওয়ালা- ইউংক’াসু মিন্ ‘উমুরিহী~ ইল্লা ফী কিতা-বিন (ত) ইন্না য’া-লিকা ‘আলাল্লা-হি ইয়াছীর।	
তরজমা	আল্লাহ্ তোমাদেরকে সৃষ্টি করিয়াছেন মৃত্তিকা হইতে ; অতঃপর শুক্রবিন্দু হইতে, অতঃপর তোমাদেরকে করিয়াছেন যুগল ! আল্লাহ্র অজ্ঞাতসারে কোন নারী গর্ভধারণ করে না এবং প্রসবও করে না। কোন দীর্ঘায়ু ব্যক্তির আয়ু বৃদ্ধি করা হয় না এবং তাহার আয়ু হ্রাস করা হয় না, কিন্তু তাহা তো রহিয়াছে ‘কিতাবে’। ইহা আল্লাহ্র জন্য সহজ।	
	وَمَا يَسْتَوِي الْبَحْرٰنِ ۖ هٰذَا عَذْبٌ فُرَاتٌ سَآئِغٌ شَرَابُهٗ وَهٰذَا مِلْحٌ اُجَاجٌ ؕ وَمِنْ كُلٍّ تَاْكُلُوْنَ لَحْمًا طَرِيًّا وَّ تَسْتَخْرِجُوْنَ حِلْيَةً تَلْبَسُوْنَهَا ۚ وَتَرَى الْفُلْكَ فِيْهِ مَوَاخِرَ لِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿١٢﴾	12

প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াছ্তাবি'ল্ বাহ'রা-নি (ق) হা-য'া- 'আয'বুং ফুরা-তুং ছা~ইগুং শারা-বুহূ ওয়া হা-য'া- মিল্হু'ন্ উজা-জুওঁ (ط) ওয়া মিং কুল্লিং তা'কুলূনা লাহ'মাং ত'ারিইইয়াওঁ ওয়া তাছ্তাখ্রিজূনা হি'ল্য়াতাং তাল্বাছূনাহা- ওয়া তারাল্ ফুল্কা ফীহি মাওয়া-খিরাঁ লিতাব্তাগু মিং ফাদ্'লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্কুরূন।	
তরজমা	দরিয়া দুইটি একরূপ নয় : একটির পানি সুমিষ্ট ও সুপেয়, অপরটির পানি লোনা, খর। প্রত্যেকটি হইতে তোমরা তাজা গোশ্ত আহার কর এবং আহরণ কর অলংকার যাহা তোমরা পরিধান কর, এবং তোমরা দেখ উহার বুক চিরিয়া নৌযান চলাচল করে যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ অনুসন্ধান করিতে পার এবং যাহাতে তোমরা কৃতজ্ঞতা প্রকাশ কর।	
	يُوْلِجُ الَّيْلَ فِى النَّهَارِ وَيُوْلِجُ النَّهَارَ فِى الَّيْلِ ۙ وَ سَخَّرَ الشَّمْسَ وَالْقَمَرَ ۖ كُلٌّ يَّجْرِىْ لِاَجَلٍ مُّسَمًّى ؕ ذٰلِكُمُ اللّٰهُ رَبُّكُمْ لَهُ الْمُلْكُ ؕ وَالَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِهٖ مَا يَمْلِكُوْنَ مِنْ قِطْمِيْرٍ ؕ ﴿۱۳﴾	**13**
প্রতিবর্ণায়ন	ইউলিজুল্লাইলা ফিন্নাহা-রি ওয়া ইউলিজুন্নাহা-রা ফিল্লাইলি (لا) ওয়া ছাখ্খারাশ্শাম্ছা ওয়াল্ ক'ামারা কুল্লুইঁ ইয়াজরী লিআজালিম্ মুছাম্মাং (ط) য'া-লিকুমুল্লা-হু রাব্বাকুম্ লাহুল্ মুল্কু (ط) ওয়াল্লায'ীনা তাদ্'উনা মিং দূনিহী মা-ইয়াম্লিকূনা মিং কি'ত'মীর।	
তরজমা	তিনি রাত্রিকে দিবসে প্রবিষ্ট করান এবং দিবসকে প্রবিষ্ট করান রাত্রিতে, তিনি সূর্য ও চন্দ্রকে করিয়াছেন নিয়মাধীন ; প্রত্যেকে পরিভ্রমণ করে এক নির্দিষ্ট কাল পর্যন্ত। তিনিই আল্লাহ্, তোমাদের প্রতিপালক। আধিপত্য তাঁহারই। এবং তোমরা আল্লাহ্র পরিবর্তে যাহাদেরকে ডাক তাহারা তো খর্জুর আঁটির আবরণেরও অধিকারী নয়।	
	اِنْ تَدْعُوْهُمْ لَا يَسْمَعُوْا دُعَآءَكُمْ ۚ وَلَوْ سَمِعُوْا مَا اسْتَجَابُوْا لَكُمْ ؕ وَيَوْمَ الْقِيٰمَةِ يَكْفُرُوْنَ بِشِرْكِكُمْ ؕ وَلَا يُنَبِّئُكَ مِثْلُ خَبِيْرٍ ؕ ﴿۱۴﴾	**14**
প্রতিবর্ণায়ন	ইং তাদ্'উহুম্ লা-ইয়াছ্মা'উ দু'আ~আকুম্ (ج) ওয়ালাও ছামি'উ মাছতাজা-বূ লাকুম (ط) ওয়া ইয়াওমাল্ কি'য়া-মাতি ইয়াক্ফুরূনা বিশির্কিকুম (ط) ওয়া লা-ইউনাব্বিউকা মিছ্'লু খাবীর।	
তরজমা	তোমরা তাহাদেরকে আহ্বান করিলে তাহারা তোমাদের আহ্বান শুনিবে না এবং শুনিলেও তোমাদের আহবানে সাড়া দিবে না। তোমরা তাহাদেরকে যে শরীক করিয়াছ তাহা উহারা কিয়ামতের দিন অস্বীকার করিবে। সর্বজ্ঞের ন্যায় কেহই তোমাকে অবহিত করিতে পারে না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يَٰٓأَيُّهَا ٱلنَّاسُ أَنتُمُ ٱلْفُقَرَآءُ إِلَى ٱللَّهِ ۖ وَٱللَّهُ هُوَ ٱلْغَنِىُّ ٱلْحَمِيدُ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ইয়া~আইয়ুহান্না-ছু আংতুমুল্ ফুক'ারা~উ ইলাল্লা-হি (ج) ওয়াল্লা-হু হুওয়াল গানিইয়ুল্ হ'ামীদ।	
তরজমা	হে মানুষ! তোমরা তো আল্লাহ্‌র মুখাপেক্ষী; কিন্তু আল্লাহ্, তিনি অভাবমুক্ত, প্রশংসার্হ।	
	إِن يَشَأْ يُذْهِبْكُمْ وَيَأْتِ بِخَلْقٍ جَدِيدٍ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ইয়ঁ ইয়াশা' ইউয্'হিব্‌কুম্ ওয়া ইয়া'তি বিখাল্‌কি'ং জাদীদ।	
তরজমা	তিনি ইচ্ছা করিলে তোমাদেরকে অপসৃত করিতে পারেন এবং এক নূতন সৃষ্টি আনয়ন করিতে পারেন।	
	وَمَا ذَٰلِكَ عَلَى ٱللَّهِ بِعَزِيزٍ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ামা- য'া-লিকা 'আলাল্লা-হি বি'আঝীঝ।	
তরজমা	ইহা আল্লাহ্‌র পক্ষে কঠিন নয়।	
	وَلَا تَزِرُ وَازِرَةٌ وِزْرَ أُخْرَىٰ ۚ وَإِن تَدْعُ مُثْقَلَةٌ إِلَىٰ حِمْلِهَا لَا يُحْمَلْ مِنْهُ شَىْءٌ وَلَوْ كَانَ ذَا قُرْبَىٰ ۗ إِنَّمَا تُنذِرُ ٱلَّذِينَ يَخْشَوْنَ رَبَّهُم بِٱلْغَيْبِ وَأَقَامُوا۟ ٱلصَّلَوٰةَ ۚ وَمَن تَزَكَّىٰ فَإِنَّمَا يَتَزَكَّىٰ لِنَفْسِهِۦ ۚ وَإِلَى ٱللَّهِ ٱلْمَصِيرُ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়ালা- তাঝিরু ওয়া- ঝিরাতুওঁ বি'ঝ্‌রা উখরা- (ط) ওয়া ইং তাদ্'উ মুছ্'ক'ালাতুন্ ইলা-হি'ম্‌লিহা- লা-ইউহ'মাল্ মিন্‌হু শাইয়ুওঁ ওয়ালাও কা-না য'া-কুরবা- (ط) ইন্নামা- তুংযি'রুল্লায'ীনা ইয়াখ্‌শাওনা রাব্বাহুম্ বিল্‌গাইবি ওয়া আক'ামুসসালা-তা (ط) ওয়া মাং তাঝাক্কা- ফাইন্নামা- ইয়াতাঝাক্কা- লিনাফছিহী (ط) ওয়া ইলাল্লা-হিল্ মাসীর।	
তরজমা	কোন বহনকারী অন্যের বোঝা বহন করিবে না; কোন ভারাক্রান্ত ব্যক্তি যদি কাহাকেও ইহা বহন করিতে আহবান করে তবে উহার কিছুই বহন করা হইবে না-সে নিকট-আত্মীয় হইলেও। তুমি কেবল তাহাদেরকেই সতর্ক করিতে পার যাহারা তাহাদের প্রতিপালককে না দেখিয়া ভয় করে এবং সালাত কায়েম করে। যে কেহ নিজকে পরিশোধন করে সে তো পরিশোধন করে নিজেরই কল্যাণের জন্য। আল্লাহ্‌রই দিকে প্রত্যাবর্তন।	
	وَمَا يَسْتَوِى ٱلْأَعْمَىٰ وَٱلْبَصِيرُ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াছ্‌তাবি'ল্ আ'মা- ওয়াল বাসীর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সমান নয় অন্ধ ও চক্ষুষ্মান,	
	وَلَا الظُّلُمٰتُ وَلَا النُّوْرُ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়ালাজ্জু ˙লুমা-তু ওয়ালান্নুর।	
তরজমা	আর না অন্ধকার ও আলো,	
	وَلَا الظِّلُّ وَلَا الْحَرُوْرُ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়ালাজ্জি ˙ল্লু ওয়ালাল্ হ ˙ারূর।	
তরজমা	আর না ছায়া ও রৌদ্র,	
	وَمَا يَسْتَوِي الْاَحْيَآءُ وَلَا الْاَمْوَاتُ ؕ اِنَّ اللّٰهَ يُسْمِعُ مَنْ يَّشَآءُ ۚ وَمَآ اَنْتَ بِمُسْمِعٍ مَّنْ فِي الْقُبُوْرِ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াছ্তাবি ˙ল্ আহ ˙ইয়া~উ ওয়ালাল্ আম্ওয়া-তু (ط) ইন্নাল্লা-হা ইউছমি ‘উ মাই্ঁ ইয়াশা~উ (ج) ওয়ামা ˜আংতা বিমুছ্মি ‘ইম্ মাং ফিল্ কু ˙বূর।	
তরজমা	এবং সমান নয় জীবিত ও মৃত। আল্লাহ্ই যাহাকে ইচ্ছা শ্রবণ করান; তুমি শোনাইতে সমর্থ হইবে না যাহারা কবরে রহিয়াছে তাহাদেরকে।	
	اِنْ اَنْتَ اِلَّا نَذِيْرٌ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন আংতা ইল্লা-নায ˚ীর।	
তরজমা	তুমি একজন সতর্ককারী মাত্র।	
	اِنَّآ اَرْسَلْنٰكَ بِالْحَقِّ بَشِيْرًا وَّنَذِيْرًا ؕ وَاِنْ مِّنْ اُمَّةٍ اِلَّا خَلَا فِيْهَا نَذِيْرٌ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ইন্না ˜আর্ছাল্না-কা বিল্হ ˙াক্কি ˙ বাশীরাওঁ ওয়া নায ˚ীরাওঁ (ج) ওয়া ইম্ মিন্ উম্মাতিন্ ইল্লা-খালা-ফীহা-নায ˚ীর।	
তরজমা	আমি তো তোমাকে সত্যসহ প্রেরণ করিয়াছি সুসংবাদদাতা ও সতর্ককারীরূপে; এমন কোন সম্প্রদায় নাই যাহার নিকট সতর্ককারী প্রেরিত হয় নাই।	
	وَاِنْ يُّكَذِّبُوْكَ فَقَدْ كَذَّبَ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ۚ جَآءَتْهُمْ رُسُلُهُمْ بِالْبَيِّنٰتِ وَبِالزُّبُرِ وَبِالْكِتٰبِ الْمُنِيْرِ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইউকায ˙যি ˙বূকা ফাক ˙াদ্ কায ˙য ˙াবাল্লায ˚ীনা মিং ক ˙াব্লিহিম্ (ج) জা~আত্হুম্ রুছুলহুম্ বিল্বাইয়িনা-তি ওয়া বিঝ্ঝুবুরি ওয়া বিল্কিতা-বিল্ মুনীর।	

	ইহারা যদি তোমার প্রতি মিথ্যা আরোপ করে তবে ইহাদের পূর্ববর্তীগণও তো মিথ্যা আরোপ করিয়াছিল-তাহাদের নিকট আসিয়াছিল তাহাদের রাসূলগণ সুস্পষ্ট নিদর্শন, গ্রন্থাদি ও	
তরজমা	দীপ্তিমান কিতাবসহ।	
	ثُمَّ اَخَذْتُ الَّذِيْنَ كَفَرُوْا فَكَيْفَ كَانَ نَكِيْرِ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আখায তুল্লাযীনা কাফারূ ফাকাইফা কা-না নাকীর্।	
তরজমা	অতঃপর আমি কাফিরদেরকে শাস্তি দিয়াছিলাম। কী ভয়ংকর আমার শাস্তি!	
	اَلَمْ تَرَ اَنَّ اللّٰهَ اَنْزَلَ مِنَ السَّمَآءِ مَآءً ۚ فَاَخْرَجْنَا بِهٖ ثَمَرٰتٍ مُّخْتَلِفًا اَلْوَانُهَا ؕ وَمِنَ الْجِبَالِ جُدَدٌۢ بِيْضٌ وَّ حُمْرٌ مُّخْتَلِفٌ اَلْوَانُهَا وَغَرَابِيْبُ سُوْدٌ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	আলাম্ তারা- আন্নাল্লাহা আংঝালা মিনাছ্ছামা~ই মা-আং (ج) ফাআখ্রাজনা-বিহী ছ ামারা-তিম্ মুখ্তালিফান্ আল্ওয়া-নুহা- (ط) ওয়া মিনাল্ জিবা-লি জুদাদুম্ বীদু ওঁ ওয়া হু ম্রুম্ মুখ্তালিফুন্ আল্ওয়া-নুহা-ওয়া গারা-বীবু ছূদ।	
তরজমা	তুমি কি দেখ না, আল্লাহ্ আকাশ হইতে বৃষ্টিপাত করেন; এবং আমি ইহা দ্বারা বিচিত্র বর্ণের ফলমূল উদ্গত করি। আর পাহাড়ের মধ্যে আছে বিচিত্র বর্ণের পথ-শুভ্র, লাল ও নিকষ কাল।	
	وَمِنَ النَّاسِ وَالدَّوَآبِّ وَالْاَنْعَامِ مُخْتَلِفٌ اَلْوَانُهٗ كَذٰلِكَ ؕ اِنَّمَا يَخْشَى اللّٰهَ مِنْ عِبَادِهِ الْعُلَمٰٓؤُا ؕ اِنَّ اللّٰهَ عَزِيْزٌ غَفُوْرٌ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া মিনান্না-ছি ওয়াদ্দাওয়া~ব্বি ওয়াল্ আন্আ-মি মুখ্তালিফুন্ আল্ওয়া-নুহূ কায া-লিকা (ط) ইন্নামা- ইয়াখ্শাল্লা-হা মিন্ ‘ইবা-দিহিল্ ‘উলামা~উ (ط) ইন্নাল্লা-হা ‘আঝীঝুন্ গাফূর।	
তরজমা	এইভাবে রং-বেরং-এর মানুষ, জন্তু ও আন আম রহিয়াছে। আল্লাহ্র বান্দাদের মধ্যে যাহারা জ্ঞানী তাহারাই তাঁহাকে ভয় করে; আল্লাহ্ পরাক্রমশালী, ক্ষমাশীল।	
	اِنَّ الَّذِيْنَ يَتْلُوْنَ كِتٰبَ اللّٰهِ وَاَقَامُوا الصَّلٰوةَ وَاَنْفَقُوْا مِمَّا رَزَقْنٰهُمْ سِرًّا وَّعَلَانِيَةً يَّرْجُوْنَ تِجَارَةً لَّنْ تَبُوْرَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায ীনা ইয়াত্লূনা কিতা-বাল্লা-হি ওয়াআক া-মুসসালা-তা ওয়াআংফাকূ মিম্মা-রাঝাক না-হুম্ ছির্রাওঁ ওয়া‘আলা-নিয়াতাইঁ ইয়ার্জূনা তিজা-রাতাল্লাং তাবূর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহারা আল্লাহ্‌র কিতাব তিলাওয়াত করে, সালাত কায়েম করে, আমি তাহাদেরকে যে রিযিক দিয়াছি তাহা হইতে গোপনে ও প্রকাশ্যে ব্যয় করে, তাহারাই আশা করে এমন ব্যবসায়ের, যাহার ক্ষয় নাই।	
	لِيُوَفِّيَهُمْ اُجُوْرَهُمْ وَيَزِيْدَهُمْ مِّنْ فَضْلِهٖ ؕ اِنَّهٗ غَفُوْرٌ شَكُوْرٌ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	লিইউওয়াফ্ফিইয়াহুম্ উজূরাহুম্ ওয়া ইয়াঝীদাহুম্ মিং ফাদ'লিহী (ط) ইন্নাহূ গাফূরুং শাকূর।	
তরজমা	এইজন্য যে, আল্লাহ্ তাহাদের কর্মের পূর্ণ প্রতিফল দিবেন এবং তিনি নিজ অনুগ্রহে তাহাদেরকে আরও বেশি দিবেন। তিনি তো ক্ষমাশীল, গুণগ্রাহী।	
	وَالَّذِيْٓ اَوْحَيْنَآ اِلَيْكَ مِنَ الْكِتٰبِ هُوَ الْحَقُّ مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ ؕ اِنَّ اللّٰهَ بِعِبَادِهٖ لَخَبِيْرٌۢ بَصِيْرٌ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাযী~ আওহ'াইনা~ইলাইকা মিনাল্ কিতা-বি হুওয়াল্ হ'াক্কু' মুসাদ্দিক'াল্ লিমা-বাইনা ইয়াদাইহি (ط) ইন্নাল্লা-হা বি'ইবা-দিহী লাখাবীরুম্ বাসীর।	
তরজমা	আমি তোমার প্রতি যে কিতাব অবতীর্ণ করিয়াছি তাহা সত্য, ইহা পূর্ববর্তী কিতাবের প্রত্যায়নকারী। নিশ্চয়ই আল্লাহ্ তাঁহার বান্দাদের সমস্ত কিছু জানেন ও দেখেন।	
	ثُمَّ اَوْرَثْنَا الْكِتٰبَ الَّذِيْنَ اصْطَفَيْنَا مِنْ عِبَادِنَا ۚ فَمِنْهُمْ ظَالِمٌ لِّنَفْسِهٖ ۚ وَمِنْهُمْ مُّقْتَصِدٌ ۚ وَمِنْهُمْ سَابِقٌۢ بِالْخَيْرٰتِ بِاِذْنِ اللّٰهِ ؕ ذٰلِكَ هُوَ الْفَضْلُ الْكَبِيْرُ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আওরাছ্'নাল্ কিতা-বাল্লাযী'নাস্ত'াফাইনা মিন্ 'ইবা-দিনা- (ج) ফামিন্হুম্ জ'া-লিমুল্লিনাফ্ছিহী ওয়া মিন্হুম মুক'তাছিদুওঁ (ج) ওয়া মিন্হুম ছা-বিকু'ম্ বিল্খাইরা-তি বিইয'নিল্লা-হি (ط) য'া-লিকা হুওয়াল্ ফাদ'লুল্ কাবীর।	
তরজমা	অতঃপর আমি কিতাবের অধিকারী করিলাম আমার বান্দাদের মধ্য হইতে যাহাদেরকে আমি মনোনীত করিয়াছি; তবে তাহাদের কেহ নিজের প্রতি অত্যাচারী, কেহ মধ্যপন্থী এবং কেহ আল্লাহ্‌র ইচ্ছায় কল্যাণকর কাজে অগ্রগামী। ইহাই মহাঅনুগ্রহ-	
	جَنّٰتُ عَدْنٍ يَّدْخُلُوْنَهَا يُحَلَّوْنَ فِيْهَا مِنْ اَسَاوِرَ مِنْ ذَهَبٍ وَّلُؤْلُؤًا ۚ وَلِبَاسُهُمْ فِيْهَا حَرِيْرٌ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	জান্না-তু 'আদ্নিইঁ ইয়াদ্খুলূনাহা- ইউহ'াল্লাওনা ফীহা- মিন আছা-বি'রা মিং য'াহাবিওঁ ওয়ালু'লুওয়া- (ج) ওয়া লিবা-ছুহুম্ ফীহা- হ'ারীর।	
তরজমা	স্থায়ী জান্নাত, যাহাতে তাহারা প্রবেশ করিবে, সেখানে তাহাদেরকে স্বর্ণ-নির্মিত কংকন ও মুক্তা দ্বারা অলংকৃত করা হইবে এবং সেখানে তাহাদের পোশাক-পরিচ্ছদ হইবে রেশমের।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوا الْحَمْدُ لِلّٰهِ الَّذِيْٓ اَذْهَبَ عَنَّا الْحَزَنَ ۭ اِنَّ رَبَّنَا لَغَفُوْرٌ شَكُوْرُۨ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লুল্ হ'াম্দু লিল্লা-হিল্লায'ী~ আয'হাবা 'আন্নাল্ হ'াঝানা (ط) ইন্না রাব্বানা-লাগাফূরুং শাকূর।	
তরজমা	এবং তাহারা বলিবে, 'সকল প্রশংসা আল্লাহ্‌র, যিনি আমাদের দুঃখ-দুর্দশা দূরীভূত করিয়াছেন; আমাদের প্রতিপালক তো ক্ষমাশীল, গুণগ্রাহী;	
	الَّذِيْٓ اَحَلَّنَا دَارَ الْمُقَامَةِ مِنْ فَضْلِهٖ ۚ لَا يَمَسُّنَا فِيْهَا نَصَبٌ وَّلَا يَمَسُّنَا فِيْهَا لُغُوْبٌ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	আল্লায'ী~আহ'াল্লানা- দা-রাল্ মুক'া-মাতি মিং ফাদ'লিহী (ج) লা-ইয়ামাছ্ছুনা- ফীহা-নাসাবুঁও ওয়ালা-ইয়ামাছ্ছুনা ফীহা-লুগূব।	
তরজমা	'যিনি নিজ অনুগ্রহে আমাদেরকে স্থায়ী আবাস দিয়াছেন যেখানে ক্লেশ আমাদেরকে স্পর্শ করে না এবং ক্লান্তিও স্পর্শ করে না।'	
	وَالَّذِيْنَ كَفَرُوْا لَهُمْ نَارُ جَهَنَّمَ ۚ لَا يُقْضٰى عَلَيْهِمْ فَيَمُوْتُوْا وَلَا يُخَفَّفُ عَنْهُمْ مِّنْ عَذَابِهَا ۭ كَذٰلِكَ نَجْزِيْ كُلَّ كَفُوْرٍ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা কাফারূ লাহুম না-রু জাহান্নামা (ج) লা-ইউক্'দ'া- 'আলাইহিম্ ফাইয়ামূতূ ওয়ালা- ইউখাফ্ফাফু 'আন্হুম মিন্ 'আয'া-বিহা- (ط) কায'া-লিকা নাজঝী কুল্লা কাফূর।	
তরজমা	কিন্তু যাহারা কুফরী করে তাহাদের জন্য আছে জাহান্নামের আগুন। উহাদের মৃত্যুর আদেশ দেওয়া হইবে না যে, উহারা মরিবে এবং উহাদের হইতে জাহান্নামের শাস্তিও লাঘব করা হইবে না। এইভাবে আমি প্রত্যেক অকৃতজ্ঞকে শাস্তি দিয়া থাকি।	
	وَهُمْ يَصْطَرِخُوْنَ فِيْهَا ۚ رَبَّنَآ اَخْرِجْنَا نَعْمَلْ صَالِحًا غَيْرَ الَّذِيْ كُنَّا نَعْمَلُ ۭ اَوَلَمْ نُعَمِّرْكُمْ مَّا يَتَذَكَّرُ فِيْهِ مَنْ تَذَكَّرَ وَجَاۗءَكُمُ النَّذِيْرُ ۭ فَذُوْقُوْا فَمَا لِلظّٰلِمِيْنَ مِنْ نَّصِيْرٍ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া হুম্ ইয়াসত'ারিখূনা ফীহা- (ج) রাব্বানা~আখ্‌রিজনা- না'মাল্ সা-লিহ'ান্ গাইরাল্লায'ী কুন্না- না'মালু (ط) আওয়ালাম্ নু'আম্মির্ কুম্ মা-ইয়াতায'াক্কারু ফীহি মাং তায'াক্কারা ওয়াজা~আ কুমুন নায'ীরু (ط) ফাযূ'কূ ফামা- লিজ্জ'া-লিমীনা মিন নাসীর।	
তরজমা	সেখানে তাহারা আর্তনাদ করিয়া বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমাদেরকে নিষ্কৃতি দাও, আমরা সৎকর্ম করিব, পূর্বে যাহা করিতাম তাহা করিব না।' আল্লাহ্ বলিবেন, 'আমি কি তোমাদেরকে এতো দীর্ঘ জীবন দান করি নাই যে, তখন কেহ সতর্ক হইতে চাহিলে সতর্ক হইতে পারিতে? তোমাদের নিকট তো সতর্ককারীও আসিয়াছিল। সুতরাং শাস্তি আস্বাদন কর; জালিমদের কোন সাহায্যকারী নাই।'	

	اِنَّ اللّٰهَ عٰلِمُ غَيْبِ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ؕ اِنَّهٗ عَلِيْمٌۢ بِذَاتِ الصُّدُوْرِ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা ‘আ–লিমু গাইবিছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্‌দি· (ত) ইন্নাহূ ‘আলীমুম্ বিয·া–তিস্ সুদূর।	
তরজমা	নিশ্চয়ই আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবীর অদৃশ্য বিষয় অবগত আছেন। অন্তরে যাহা রহিয়াছে সে সম্বন্ধে তিনি সবিশেষ অবহিত।	
	هُوَ الَّذِىْ جَعَلَكُمْ خَلٰٓئِفَ فِى الْاَرْضِ ؕ فَمَنْ كَفَرَ فَعَلَيْهِ كُفْرُهٗ ؕ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ عِنْدَ رَبِّهِمْ اِلَّا مَقْتًا ۚ وَلَا يَزِيْدُ الْكٰفِرِيْنَ كُفْرُهُمْ اِلَّا خَسَارًا ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	হুওয়াল্লাযী জা‘আলাকুম্ খালা~ইফা ফিল্ আর্‌দি· (ত) ফামাং কাফারা ফা‘আলাইহি কুফ্‌রুহূ (ত) ওয়ালা– ইয়াঝীদুল কা–ফিরীনা কুফ্‌রুহুম্ ‘ইংদা রাব্বিহিম্ ইল্লা– মাক·তাওঁ (চ) ওয়ালা– ইয়াঝীদুল্ কা–ফিরীনা কুফ্‌রুহুম্ ইল্লা– খাছা–রা–।	
তরজমা	তিনিই তোমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি করিয়াছেন। সুতরাং কেহ কুফরী করিলে তাহার কুফরীর জন্য সে নিজেই দায়ী হইবে। কাফিরদের কুফরী কেবল উহাদের প্রতিপালকের ক্রোধই বৃদ্ধি করে এবং কাফিরদের কুফরী উহাদের ক্ষতিই বৃদ্ধি করে।	
	قُلْ اَرَءَيْتُمْ شُرَكَآءَكُمُ الَّذِيْنَ تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ ؕ اَرُوْنِىْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِى السَّمٰوٰتِ اَمْ اٰتَيْنٰهُمْ كِتٰبًا فَهُمْ عَلٰى بَيِّنَتٍ مِّنْهُ ۚ بَلْ اِنْ يَّعِدُ الظّٰلِمُوْنَ بَعْضُهُمْ بَعْضًا اِلَّا غُرُوْرًا ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	কু·ল্ আরাআইতুম্ শুরাকা~আকুমুল্লায·ীনা তাদ্‌‘ঊনা মিং দূনিল্লা–হি (ত) আরূনী মা–য·া–খালাকূ· মিনাল আর্‌দি· আম্ লাহুম্ শির্‌কুং ফিছ্ ছামা–ওয়া–তি (চ) আম্ আ–তাইনা–হুম্ কিতা–বাং ফাহুম্ ‘আলা– বাইয়িনাতিম্ মিনহু (চ) বাল ইয়ঁ ইয়া‘ইদুজ্জ·া–লিমূনা বা‘দু·হুম বা‘দ·ান ইল্লা– গুরূরা–	
তরজমা	বল, ‘তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ডাক সেই সকল শরীকের কথা ভাবিয়া দেখিয়াছ কি ? তাহারা পৃথিবীতে কিছু সৃষ্টি করিয়া থাকিলে আমাকে দেখাও; অথবা আকাশমণ্ডলীর সৃষ্টিতে উহাদের কোন অংশ আছে কি ? না কি আমি উহাদেরকে এমন কোন কিতাব দিয়াছি যাহার প্রমাণের উপর ইহারা নির্ভর করে ?’ বস্তুত জালিমরা একে অপরকে মিথ্যা প্রতিশ্রুতি দিয়া থাকে।–	
	اِنَّ اللّٰهَ يُمْسِكُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ اَنْ تَزُوْلَا ۚ وَلَئِنْ زَالَتَآ اِنْ اَمْسَكَهُمَا مِنْ اَحَدٍ مِّنْۢ بَعْدِهٖ ؕ اِنَّهٗ كَانَ حَلِيْمًا غَفُوْرًا ﴿۴۱﴾	41

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা ইউম্‌ছিকুছ্‌ ছামা–ওয়া–তি ওয়াল আর্‌দ'া আং তাঝূলা– (ج) ওয়ালাইং ঝা–লাতা˜ইন্‌ আম্‌ছাকাহুমা–মিন্‌ আহ'াদিম্‌ মিম্‌ বা'দিহী (ط) ইন্নাহূ কা–না হ'ালীমান্‌ গাফূরা– ।	
তরজমা	আল্লাহ্‌ই আকাশমণ্ডলী ও পৃথিবীকে সংরক্ষণ করেন, যাহাতে উহারা স্থানচ্যুত না হয়, উহারা স্থানচ্যুত হইলে তিনি ব্যতীত কে উহাদেরকে রক্ষা করিবে ? তিনি তো অতি সহনশীল, ক্ষমাপরায়ণ।	
	وَاَقْسَمُوْا بِاللّٰهِ جَهْدَ اَيْمَانِهِمْ لَئِنْ جَآءَهُمْ نَذِيْرٌ لَّيَكُوْنُنَّ اَهْدٰى مِنْ اِحْدَى الْاُمَمِ ۚ فَلَمَّا جَآءَهُمْ نَذِيْرٌ مَّا زَادَهُمْ اِلَّا نُفُوْرًا ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া আক'ছামূ বিল্লা–হি জাহ্‌দা আইমা–নিহিম্‌ লাইং জা~আহুম্‌ নায'ীরুল্লাইয়াকূনুন্না আহ্‌দা–মিন্‌ ইহ'দাল্‌ উমামি (ج) ফালাম্মা–জা~আহুম্‌ নায'ীরুম মা–ঝা–দাহুম ইল্লা–নুফূরা– ।	
তরজমা	ইহারা দৃঢ়তার সঙ্গে আল্লাহ্‌র শপথ করিয়া বলিত যে, ইহাদের নিকট কোন সতর্ককারী আসিলে ইহারা অন্য সকল সম্প্রদায় অপেক্ষা সৎপথের অধিকতর অনুসারী হইবে; কিন্তু ইহাদের নিকট যখন সতর্ককারী আসিল তখন তাহা কেবল উহাদের বিমুখতাই বৃদ্ধি করিল-	
	اسْتِكْبَارًا فِي الْاَرْضِ وَمَكْرَ السَّيِّئِ ۚ وَلَا يَحِيْقُ الْمَكْرُ السَّيِّئُ اِلَّا بِاَهْلِهٖ ۚ فَهَلْ يَنْظُرُوْنَ اِلَّا سُنَّتَ الْاَوَّلِيْنَ ۚ فَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَبْدِيْلًا ۚ وَلَنْ تَجِدَ لِسُنَّتِ اللّٰهِ تَحْوِيْلًا ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ইছ্‌তিক্‌বা–রাং ফিল্‌ আর্‌দি˙ ওয়ামাক্‌রাছ্‌ ছাইয়িয়ি (ط) ওয়ালা–ইয়াহ'ীক্বু'ল মাক্‌রুছ্‌ ছাইয়িইউ ইল্লা–বিআহ্‌লিহী (ط) ফাহাল্‌ ইয়াংজু'রূনা ইল্লা– ছুন্নাতাল্‌ আওওয়ালীনা (ج) ফালাং তাজিদা লিছুন্নাতিল্লা–হি তাব্‌দীলাওঁ ওয়ালাং তাজিদা লিছুন্নাতিল্লা–হি তাহ'ব'ীলা– ।	
তরজমা	পৃথিবীতে ঔদ্ধত্য প্রকাশ এবং কূট ষড়যন্ত্রের কারণে। কূট ষড়যন্ত্র উহার উদ্যোক্তাদেরকেই পরিবেষ্টন করে। তবে কি ইহারা প্রতীক্ষা করিতেছে পূর্ববর্তীদের প্রতি প্রযুক্ত বিধানের ? কিন্তু তুমি আল্লাহ্‌র বিধানের কখনও কোন পরিবর্তন পাইবে না এবং আল্লাহ্‌র বিধানের কোন ব্যতিক্রমও দেখিবে না।	
	اَوَلَمْ يَسِيْرُوْا فِي الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ وَكَانُوْٓا اَشَدَّ مِنْهُمْ قُوَّةً ۭ وَمَا كَانَ اللّٰهُ لِيُعْجِزَهٗ مِنْ شَيْءٍ فِي السَّمٰوٰتِ وَلَا فِي الْاَرْضِ ۭ اِنَّهٗ كَانَ عَلِيْمًا قَدِيْرًا ﴿٤٤﴾	44

প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়াছীরূ ফিল্ আর্দি˙ ফাইয়াংজু˙রূ কাইফা কা–না ‘আ–কি˙বাতুল্লায˙ীনা মিং ক˙াব্লিহিম্ ওয়া কা–নূ˜আশাদ্দা মিন্হুম কু˙ওওয়াতাওঁ (ط) ওয়ামা– কা–নাল্লা–হু লিইউ‘জিঝাহূ মিং শাইয়িং ফিছ্ ছামা–ওয়া–তি ওয়ালা– ফিল্ আর্দি˙(ط) ইন্নাহূ কা–না ‘আলীমাং ক˙াদীরা– ।	
তরজমা	ইহারা কি পৃথিবীতে পরিভ্রমণ করে নাই ? তাহা হইলে ইহাদের পূর্ববর্তীদের পরিণাম কী হইয়াছিল তাহা দেখিতে পাইত। উহারা তো ইহাদের অপেক্ষা অধিকতর বলশালী ছিল। আল্লাহ্ এমন নন যে, আকাশমণ্ডলী এবং পৃথিবীর কোন কিছুই তাঁহাকে অক্ষম করিতে পারে; তিনি সর্বজ্ঞ, সর্বশক্তিমান।	
	وَلَوْ يُؤَاخِذُ اللّٰهُ النَّاسَ بِمَا كَسَبُوْا مَا تَرَكَ عَلٰى ظَهْرِهَا مِنْ دَآبَّةٍ وَّلٰكِنْ يُّؤَخِّرُهُمْ اِلٰٓى اَجَلٍ مُّسَمًّى ۚ فَاِذَا جَآءَ اَجَلُهُمْ فَاِنَّ اللّٰهَ كَانَ بِعِبَادِهٖ بَصِيْرًا ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়ালাও ইউআ–খিযু˙ল্লা–হুন্না–ছা বিমা–কাছাবূ মা– তারাকা ‘আলা– জ˙াহ্রিহা– মিং দা~ব্বাতিওঁ ওয়ালা-কিইঁ ইউআখ্খিরুহুম্ ইলা˜আজালিম্ মুছাম্মাং (ج) ফাইয˙া–জা~আ আজালুহুম্ ফাইন্নাল্লা–হা কা–না বি‘ইবা–দিহী বাসীরা ।	
তরজমা	আল্লাহ্ মানুষকে তাহাদের কৃতকর্মের জন্য শাস্তি দিলে ভূপৃষ্ঠে কোন জীব- জন্তুকেই রেহাই দিতেন না, কিন্তু তিনি এক নির্দিষ্ট কাল পর্যন্ত তাহাদেরকে অবকাশ দিয়া থাকেন। অতঃপর তাহাদের নির্দিষ্ট কাল আসিয়া গেলে আল্লাহ্ তো আছেন তাঁহার বান্দাদের সম্যক দ্রষ্টা।	
প্রতিবর্ণায়ন	৩৬-ছূরা ইয়া-ছীন, আয়াত : ৮৩	

36 - Ya-Sin-ইয়াসীন -يس

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

প্রতিবর্ণায়ন	ইয়া–ছী~ন্ ।	
তরজমা	ইয়া-সীন,	
	وَالْقُرْاٰنِ الْحَكِيْمِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্ কু˙রআ–নিল্ হ˙াকীম ।	
তরজমা	শপথ জ্ঞানগর্ভ কুরআনের,	
	اِنَّكَ لَمِنَ الْمُرْسَلِيْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্নাকা লামিনাল্ মুর্ছালীন ।	
তরজমা	তুমি অবশ্যই রাসূলদের অন্তর্ভুক্ত;	
	عَلٰى صِرَاطٍ مُّسْتَقِيْمٍ ﴿٤﴾	4

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	‘আলা–সিরাতি ম্ মুছ্তাক ীম।	
তরজমা	তুমি সরল পথে প্রতিষ্ঠিত।	
	تَنْزِيلَ الْعَزِيزِ الرَّحِيمِ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	তাংঝীলাল্ ‘আঝীঝির রাহ ীম।	
তরজমা	কুরআন অবতীর্ণ পরাক্রমশালী, পরম দয়ালু আল্লাহ্র নিকট হইতে,	
	لِتُنْذِرَ قَوْمًا مَّا أُنْذِرَ آبَاؤُهُمْ فَهُمْ غَافِلُونَ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	লিতুংযি রা ক াওমাম্মা ~ উংযি রা আ–বা ~ উহুম্ ফাহুম গা–ফিলূন।	
তরজমা	যাহাতে তুমি সতর্ক করিতে পার এমন এক জাতিকে যাহাদের পিতৃপুরুষদেরকে সতর্ক করা হয় নাই, যাহার ফলে উহারা গাফিল।	
	لَقَدْ حَقَّ الْقَوْلُ عَلَىٰ أَكْثَرِهِمْ فَهُمْ لَا يُؤْمِنُونَ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	লাক াদ হ াক্ক াল্ ক াওলু ‘আলা ~ আক্ছ ারিহিম্ ফাহুম্ লা–ইউ’মিনূন।	
তরজমা	উহাদের অধিকাংশের জন্য সেই বাণী অবধারিত হইয়াছে; সুতরাং উহারা ঈমান আনিবে না।	
	إِنَّا جَعَلْنَا فِي أَعْنَاقِهِمْ أَغْلَالًا فَهِيَ إِلَى الْأَذْقَانِ فَهُم مُّقْمَحُونَ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ইন্না– জা‘আল্না–ফী ~ আ‘না–কি হিম্ আগ্লা–লাং ফাহিয়া ইলাল্ আয ক া–নি ফাহুম্ মুক মাহূ ন।	
তরজমা	আমি উহাদের গলদেশে চিবুক পর্যন্ত বেড়ি পরাইয়াছি, ফলে উহারা উর্ধ্বমুখী হইয়া গিয়াছে।	
	وَجَعَلْنَا مِن بَيْنِ أَيْدِيهِمْ سَدًّا وَمِنْ خَلْفِهِمْ سَدًّا فَأَغْشَيْنَاهُمْ فَهُمْ لَا يُبْصِرُونَ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্না– মিম্ বাইনি আইদীহিম্ ছাদ্দাওঁ ওয়া মিন খাল্ফিহিম্ ছাদ্দাং ফাআগশাইনা–হুম্ ফাহুম লা–ইউবসিরূন।	
তরজমা	আমি উহাদের সম্মুখে প্রাচীর ও পশ্চাতে প্রাচীর স্থাপন করিয়াছি এবং উহাদেরকে আবৃত করিয়াছি; ফলে উহারা দেখিতে পায় না।	
	وَسَوَاءٌ عَلَيْهِمْ أَأَنذَرْتَهُمْ أَمْ لَمْ تُنذِرْهُمْ لَا يُؤْمِنُونَ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া ছাওয়া ~ উন্ ‘আলাইহিম্ আ আংয ারতাহুম্ আম্ লাম্ তুংযি রহুম্ লা–ইউ’মিনূন।	
তরজমা	তুমি উহাদেরকে সতর্ক কর বা না কর, উহাদের পক্ষে উভয়ই সমান; উহারা ঈমান আনিবে না।	
	إِنَّمَا تُنذِرُ مَنِ اتَّبَعَ الذِّكْرَ وَخَشِيَ الرَّحْمَٰنَ بِالْغَيْبِ ۖ فَبَشِّرْهُ بِمَغْفِرَةٍ وَأَجْرٍ كَرِيمٍ ﴿١١﴾	11

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নামা– তুংযি'রু মানিত্তাবা'আয্'যি'ক্রা ওয়া খাশিয়ার্‌রাহ'মা–না বিল্‌গাইবি (ج) ফাবাশ্‌শির্‌হু বিমাগফিরাতিওঁ ওয়া আজরিং কারীম্‌।	
তরজমা	তুমি কেবল তাহাকেই সতর্ক করিতে পার যে উপদেশ মানিয়া চলে এবং না দেখিয়া দয়াময় আল্লাহ্‌কে ভয় করে। অতএব তাহাকে তুমি ক্ষমা ও মহাপুরস্কারের সংবাদ দাও।	
	إِنَّا نَحْنُ نُحْيِي الْمَوْتَىٰ وَنَكْتُبُ مَا قَدَّمُوا وَآثَارَهُمْ ۚ وَكُلَّ شَيْءٍ أَحْصَيْنَاهُ فِي إِمَامٍ مُّبِينٍ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্না– নাহ'নু নুহ্‌'য়িল মাওতা– ওয়া নাক্‌তুবু মা–ক'াদ্দামূ ওয়া আ–ছ'া–রাহুম (ط) ওয়া কুল্লা শাইয়িন্‌ আহ'সাইনা–হু ফী~ ইমা–মিম্‌ মুবীন্‌।	
তরজমা	আমিই মৃতকে করি জীবিত এবং লিখিয়া রাখি যাহা উহারা অগ্রে প্রেরণ করে ও যাহা উহারা পশ্চাতে রাখিয়া যায়, আমি তো প্রত্যেক জিনিস স্পষ্ট কিতাবে সংরক্ষিত রাখিয়াছি।	
	وَاضْرِبْ لَهُم مَّثَلًا أَصْحَابَ الْقَرْيَةِ إِذْ جَاءَهَا الْمُرْسَلُونَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়াদ'রিব্‌ লাহুম্‌ মাছ'লান্‌ আসহ'া–বাল্‌ ক'ারইয়াহ (م)। ইয' জা~আহাল্‌ মুর্‌ছালূন।	
তরজমা	উহাদের নিকট বর্ণনা কর এক জনপদের অধিবাসীদের দৃষ্টান্ত; যখন তাহাদের নিকট আসিয়াছিল রাসূলগণ।	
	إِذْ أَرْسَلْنَا إِلَيْهِمُ اثْنَيْنِ فَكَذَّبُوهُمَا فَعَزَّزْنَا بِثَالِثٍ فَقَالُوا إِنَّا إِلَيْكُم مُّرْسَلُونَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ইয'্‌ আর্‌ছালনা~ ইলাইলিমুছ'্‌নাইনি ফাকায্‌'য'াবূহুমা– ফা'আঝ্‌ঝাঝ্‌না– বিছ'া–লিছিং ফাক'া–লূ~ ইন্না~ ইলাউকুম্‌ মুর্‌ছালূন।	
তরজমা	যখন উহাদের নিকট পাঠাইয়াছিলাম দুইজন রাসূল, তখন উহারা তাহাদেরকে মিথ্যাবাদী বলিয়াছিল, অতঃপর আমি তাহাদেরকে শক্তিশালী করিয়াছিলাম তৃতীয় একজন দ্বারা। তাহারা বলিয়াছিল, 'আমরা তো তোমাদের নিকট প্রেরিত হইয়াছি।'	
	قَالُوا مَا أَنتُمْ إِلَّا بَشَرٌ مِّثْلُنَا ۙ وَمَا أَنزَلَ الرَّحْمَٰنُ مِن شَيْءٍ ۙ إِنْ أَنتُمْ إِلَّا تَكْذِبُونَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ক'া–লূ মা~ আংতুম্‌ ইল্লা–বাশারুম্‌ মিছ'্‌লুনা– (ﻉ) ওয়ামা~আংঝালার্‌রাহ'মা–নু মিংশাইয়িন্‌ (ﻉ) ইন আংতুম্‌ ইল্লা–তাক্‌যি'বূন।	
তরজমা	উহারা বলিল, 'তোমরা আমাদের মতই মানুষ, দয়াময় আল্লাহ্‌ তো কিছুই অবতীর্ণ করেন নাই। তোমরা কেবল মিথ্যাই বলিতেছ।'	
	قَالُوا رَبُّنَا يَعْلَمُ إِنَّا إِلَيْكُمْ لَمُرْسَلُونَ ﴿١٦﴾	16

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লূ রাব্বুনা- ইয়া'লামু ইন্না-ইলাইকুম্ লামুরছালূন।	
তরজমা	তাহারা বলিল, 'আমাদের প্রতিপালক জানেন-আমরা অবশ্যই তোমাদের নিকট প্রেরিত হইয়াছি।	
	وَمَا عَلَيْنَآ اِلَّا الْبَلٰغُ الْمُبِيْنُ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ামা- 'আলাইনা~ইল্লাল্ বালা-গুল্ মুবীন।	
তরজমা	'স্পষ্টভাবে প্রচার করাই আমাদের দায়িত্ব।'	
	قَالُوْٓا اِنَّا تَطَيَّرْنَا بِكُمْ ۚ لَئِنْ لَّمْ تَنْتَهُوْا لَنَرْجُمَنَّكُمْ وَلَيَمَسَّنَّكُمْ مِّنَّا عَذَابٌ اَلِيْمٌ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ইন্না- তাত'াইয়ার্না বিকুম্ (চ) লাইল্লাম্ তাংতাহূ লানার্জুমান্নাকুম্ ওয়ালাইয়ামাছ্ছান্নাকুম মিন্না- 'আয'া-বুন আলীম।	
তরজমা	উহারা বলিল, 'আমরা তো তোমাদেরকে অমঙ্গলের কারণ মনে করি, যদি তোমরা বিরত না হও তোমাদেরকে অবশ্যই প্রস্তরাঘাতে হত্যা করিব এবং আমাদের পক্ষ হইতে তোমাদের উপর মর্মন্তুদ শাস্তি অবশ্যই আপতিত হইবে।'	
	قَالُوْا طَآئِرُكُمْ مَّعَكُمْ ۭ اَئِنْ ذُكِّرْتُمْ ۭ بَلْ اَنْتُمْ قَوْمٌ مُّسْرِفُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ত'া~ইরুকুম্ মা'আকুম্ (ত) আইং যু'ক্কির্তুম (ত) বাল্ আংতুম ক'াওমুম্ মুছ্রিফূন।	
তরজমা	তাহারা বলিল, 'তোমাদের অমঙ্গল তোমাদেরই সঙ্গে; ইহা কি এইজন্য যে, আমরা তোমাদেরকে উপদেশ দিতেছি ? বস্তুত তোমরা এক সীমালংঘনকারী সম্প্রদায়।'	
	وَجَآءَ مِنْ اَقْصَا الْمَدِيْنَةِ رَجُلٌ يَّسْعٰى قَالَ يٰقَوْمِ اتَّبِعُوا الْمُرْسَلِيْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়াজা~আ মিন আক'সাল্ মাদীনাতি রাজুলুই ইয়াছ্'আ- ক'া-লা ইয়াক'াওমিত্তাবি'উল্ মুর্ছালীন।	
তরজমা	নগরীর প্রান্ত হইতে এক ব্যক্তি ছুটিয়া আসিল। সে বলিল, 'হে আমার সম্প্রদায়! তোমরা রাসূলদের অনুসরণ কর;	
	اتَّبِعُوْا مَنْ لَّا يَسْـَٔلُكُمْ اَجْرًا وَّهُمْ مُّهْتَدُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ইত্তাবি'উ মাল্লা-ইয়াছ্আলুকুম আজরাওঁ ওয়া হুম্ মুহ্তাদূন।	
তরজমা	'অনুসরণ কর তাহাদের, যাহারা তোমাদের নিকট কোন প্রতিদান চায় না এবং যাহারা সৎপথপ্রাপ্ত।	
	وَمَا لِيَ لَآ اَعْبُدُ الَّذِيْ فَطَرَنِيْ وَاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া মা-লিয়া লা~আ'বুদুল্লায'ী ফাত'ারানী ওয়া ইলাইহি তুর্জা'উন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'আমার কি যুক্তি আছে যে, যিনি আমাকে সৃষ্টি করিয়াছেন এবং যাঁহার নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে আমি তাঁহার 'ইবাদত করিব না ?	
	ءَاَتَّخِذُ مِنْ دُوْنِهٖٓ اٰلِهَةً اِنْ يُّرِدْنِ الرَّحْمٰنُ بِضُرٍّ لَّا تُغْنِ عَنِّيْ شَفَاعَتُهُمْ شَيْـًٔا وَّلَا يُنْقِذُوْنِ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	আআত্তাখিযু মিং দুনিহী~আ-লিহাতান ইয়ঁ ইউরিদ্‌নির্ রাহ মা-নু বিদু'র্‌রিল লা-তুগ্‌নি 'আন্নী শাফা-'আতুহুম্ শাইআওঁ ওয়ালা-ইউংকি'যূ'ন।	
তরজমা	'আমি কি তাঁহার পরিবর্তে অন্য ইলাহ্ গ্রহণ করিব ? দয়াময় আল্লাহ্ আমাকে ক্ষতিগ্রস্ত করিতে চাইলে উহাদের সুপারিশ আমার কোন কাজে আসিবে না এবং উহারা আমাকে উদ্ধার করিতেও পারিবে না।	
	اِنِّيْٓ اِذًا لَّفِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ইন্নী~ ইয'াল্লাফী দ'ালা-লিম্মুবীন।	
তরজমা	'এইরূপ করিলে আমি অবশ্যই স্পষ্ট বিভ্রান্তিতে পড়িব।	
	اِنِّيْٓ اٰمَنْتُ بِرَبِّكُمْ فَاسْمَعُوْنِ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইন্নী~আ-মাংতু বিরাব্বিকুম্ ফাছ্‌মা'ঊন।	
তরজমা	'আমি তো তোমাদের প্রতিপালকের উপর ঈমান আনিয়াছি, অতএব তোমরা আমার কথা শোন।'	
	قِيْلَ ادْخُلِ الْجَنَّةَ ۭ قَالَ يٰلَيْتَ قَوْمِيْ يَعْلَمُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ক'ীলাদ খুলিল্ জান্নাতা (ط) ক'া-লা ইয়া-লাইতা ক'াওমী ইয়া'লামূন।	
তরজমা	তাহাকে বলা হইল, 'জান্নাতে প্রবেশ কর।' সে বলিয়া উঠিল, 'হায়! আমার সম্প্রদায় যদি জানিতে পারিত-	
	بِمَا غَفَرَ لِيْ رَبِّيْ وَجَعَلَنِيْ مِنَ الْمُكْرَمِيْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	বিমা-গাফারালী রাব্বী ওয়া জা'আলানী মিনাল্ মুক্‌রামীন।	
তরজমা	'কিরূপে আমার প্রতিপালক আমাকে ক্ষমা করিয়াছেন এবং আমাকে সম্মানিত করিয়াছেন।'	
	وَمَآ اَنْزَلْنَا عَلٰي قَوْمِهٖ مِنْۢ بَعْدِهٖ مِنْ جُنْدٍ مِّنَ السَّمَاۗءِ وَمَا كُنَّا مُنْزِلِيْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়ামা~আংঝাল্‌না- 'আলা-ক'াওমিহী মিম্ বা'দিহী মিং জুংদিম্ মিনাছ্‌ছামা~ই ওয়ামা- কুন্না-মুংঝিলীন।	
তরজমা	আমি তাহার পরে তাহার সম্প্রদায়ের বিরুদ্ধে আকাশ হইতে কোন বাহিনী প্রেরণ করি নাই এবং প্রেরণের প্রয়োজনও ছিল না।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِن كَانَتْ إِلَّا صَيْحَةً وَاحِدَةً فَإِذَا هُمْ خَٰمِدُونَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ইং কা-নাত্ ইল্লা-সাইহ`াতাওঁ ওয়া-হি`দাতাং ফাইযা`-হুম্ খা-মিদূন।	
তরজমা	উহা ছিল কেবল এক মহানাদ। ফলে উহারা নিথর নিস্তব্ধ হইয়া গেল।	
	يَٰحَسْرَةً عَلَى الْعِبَادِ ۚ مَا يَأْتِيهِم مِّن رَّسُولٍ إِلَّا كَانُوا بِهِ يَسْتَهْزِءُونَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইয়া-হ`াছ্রাতান্ ‘আলাল্ ‘ইবা-দি (ج) মা- ইয়া’তীহিম্ মির্ রাছূলিন ইল্লা- কা-নূ বিহী ইয়াছ্তাহ্ঝিউন।	
তরজমা	পরিতাপ বান্দাদের জন্য; উহাদের নিকট যখনই কোন রাসূল আসিয়াছে তখনই উহারা তাহাকে ঠাট্টা-বিদ্রূপ করিয়াছে।	
	أَلَمْ يَرَوْا كَمْ أَهْلَكْنَا قَبْلَهُم مِّنَ الْقُرُونِ أَنَّهُمْ إِلَيْهِمْ لَا يَرْجِعُونَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	আলাম্ ইয়ারাও কাম্ আহ্লাক্না- ক`াব্লাহুম্ মিনাল্ কু`রূনি আন্নাহুম্ ইলাইহিম্ লা-ইয়ার্জি‘উন।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না উহাদের পূর্বে কত মানবগোষ্ঠী আমি ধ্বংস করিয়াছি যাহারা উহাদের মধ্যে ফিরিয়া আসিবে না ?	
	وَإِن كُلٌّ لَّمَّا جَمِيعٌ لَّدَيْنَا مُحْضَرُونَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া ইং কুল্লুল্ লাম্মা-জামী‘উল লাদাইনা- মুহ`দ`ারূন।	
তরজমা	এবং অবশ্যই উহাদের সকলকে একত্রে আমার নিকট উপস্থিত করা হইবে।	
	وَآيَةٌ لَّهُمُ الْأَرْضُ الْمَيْتَةُ أَحْيَيْنَاهَا وَأَخْرَجْنَا مِنْهَا حَبًّا فَمِنْهُ يَأْكُلُونَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া আ-য়াতুল লাহুমুল্ আর্দু`ল মাইতাতু (ج) আহ`ইয়াইনা-হা- ওয়াআখরাজনা-মিন্হা-হ`াব্বাং ফামিন্হু ইয়া’কুলূন।	
তরজমা	উহাদের জন্য একটি নিদর্শন মৃত ধরিত্রী, যাহাকে আমি সঞ্জীবিত করি এবং উহা হইতে উৎপন্ন করি শস্য যাহা উহারা আহার করে।	
	وَجَعَلْنَا فِيهَا جَنَّاتٍ مِّن نَّخِيلٍ وَأَعْنَابٍ وَفَجَّرْنَا فِيهَا مِنَ الْعُيُونِ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আল্না-ফীহা-জান্না-তিম্ মিন্ নাখীলিওঁ ওয়া আ‘না-বিও ওয়া ফাজ্জার্না- ফীহা-মিনাল্ ‘উইউন।	
তরজমা	উহাতে আমি সৃষ্টি করি খর্জুর ও আঙুরের উদ্যান এবং উহাতে উৎসারিত করি প্রস্রবণ,	
	لِيَأْكُلُوا مِن ثَمَرِهِ وَمَا عَمِلَتْهُ أَيْدِيهِمْ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	লিইয়া’কুলূ মিং ছ`ামারিহী (لا) ওয়ামা- ‘আমিলাত্হু আইদীহিম্ (ط) আফালা-ইয়াশ্কুরূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যাহাতে উহারা আহার করিতে পারে উহার ফলমূল হইতে, অথচ উহাদের হস্ত উহা সৃষ্টি করে নাই। তবুও কি উহারা কৃতজ্ঞতা প্রকাশ করিবে না ?	
	سُبْحٰنَ الَّذِیْ خَلَقَ الْاَزْوَاجَ كُلَّهَا مِمَّا تُنْۢبِتُ الْاَرْضُ وَمِنْ اَنْفُسِهِمْ وَمِمَّا لَا یَعْلَمُوْنَ ﴿۳۶﴾	36
প্রতিবর্ণায়ন	ছুবহ'া-নাল্লায' ী খালাক'াল্ আঝাওয়া-জা কুল্লাহা- মিম্মা-তুম্বিতুল আর্দু ওয়া মিন আংফুছিহিম ওয়া মিম্মা-লা-ইয়া'লামূন।	
তরজমা	পবিত্র ও মহান তিনি, যিনি উদ্ভিদ, মানুষ এবং উহারা যাহাদেরকে জানে না তাহাদের প্রত্যেককে সৃষ্টি করিয়াছেন জোড়া জোড়া করিয়া।	
	وَاٰیَةٌ لَّهُمُ الَّیْلُ ۖ نَسْلَخُ مِنْهُ النَّهَارَ فَاِذَا هُمْ مُّظْلِمُوْنَ ﴿۳۷﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া আ-য়াতুল্লাহুমুল্লাইলু (চ) নাছ্লাখু মিন্হুন্নাহা-রা ফাইয'া-হুম্ মুজ্' লিমূন।	
তরজমা	উহাদের জন্য এক নিদর্শন রাত্রি, উহা হইতে আমি দিবালোক অপসারিত করি, তখন উহারা অন্ধকারাচ্ছন্ন হইয়া পড়ে।	
	وَالشَّمْسُ تَجْرِیْ لِمُسْتَقَرٍّ لَّهَا ؕ ذٰلِكَ تَقْدِیْرُ الْعَزِیْزِ الْعَلِیْمِ ﴿۳۸﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়াশ্শাম্ছু তাজরী লিমুছতাক'াররিল্ লাহা- (ত) য'া-লিকা তাক'দীরুল 'আঝীঝিল্ 'আলীম।	
তরজমা	আর সূর্য ভ্রমণ করে উহার নির্দিষ্ট গন্তব্যের দিকে, ইহা পরাক্রমশালী, সর্বজ্ঞের নিয়ন্ত্রণ।	
	وَالْقَمَرَ قَدَّرْنٰهُ مَنَازِلَ حَتّٰی عَادَ كَالْعُرْجُوْنِ الْقَدِیْمِ ﴿۳۹﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াল্ ক'ামারা ক'াদ্দার্না-হু মানা-ঝিলা হ'াত্তা- 'আ-দাকাল্ 'উর্জুনিল্ ক'াদীম।	
তরজমা	এবং চন্দ্রের জন্য আমি নির্দিষ্ট করিয়াছি বিভিন্ন মনযিল; অবশেষে উহা শুষ্ক বক্র, পুরাতন খর্জুর শাখার আকার ধারণ করে।	
	لَا الشَّمْسُ یَنْۢبَغِیْ لَهَاۤ اَنْ تُدْرِكَ الْقَمَرَ وَلَا الَّیْلُ سَابِقُ النَّهَارِ ؕ وَكُلٌّ فِیْ فَلَكٍ یَّسْبَحُوْنَ ﴿۴۰﴾	40
প্রতিবর্ণায়ন	লাশ্শাম্ছু ইয়াম্বাগী লাহা~আং তুদ্রিকাল্ ক'ামারা ওয়ালাল্লাইলু ছা-বিকুন্নাহা-রি (ত) ওয়া কুল্লুং ফী ফালাকিই ইয়াছবাহূ'ন।	
তরজমা	সূর্যের পক্ষে সম্ভব নয় চন্দ্রের নাগাল পাওয়া এবং রজনীর পক্ষে সম্ভব নয় দিবসকে অতিক্রম করা; এবং প্রত্যেকে নিজ নিজ কক্ষপথে সন্তরণ করে।	
	وَاٰیَةٌ لَّهُمْ اَنَّا حَمَلْنَا ذُرِّیَّتَهُمْ فِی الْفُلْكِ الْمَشْحُوْنِ ﴿۴۱﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া আ-য়াতুল লাহুম্ আন্না-হ'ামাল্না- যু'র্রিইয়াতাহুম্ ফিল্ ফুল্কিল্ মাশ্হূ'ন।	
তরজমা	উহাদের জন্য এক নিদর্শন এই যে, আমি উহাদের বংশধরদেরকে বোঝাই নৌযানে আরোহণ করাইয়াছিলাম;	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَخَلَقْنَا لَهُمْ مِّنْ مِّثْلِهٖ مَا يَرْكَبُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া খালাক'না–লাহুম্ মিম্ মিছ্'লিহী মা ইয়ার্কাবূন।	
তরজমা	এবং উহাদের জন্য অনুরূপ যানবাহন সৃষ্টি করিয়াছি যাহাতে উহারা আরোহণ করে।	
	وَاِنْ نَّشَاْ نُغْرِقْهُمْ فَلَا صَرِيْخَ لَهُمْ وَلَا هُمْ يُنْقَذُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্ নাশা' নুগ্রিক'হুম্ ফালা–ছারীখা লাহুম্ ওয়ালা–হুম্ ইউংক'ায'ূন।	
তরজমা	আমি ইচ্ছা করিলে উহাদেরকে নিমজ্জিত করিতে পারি; সে অবস্থায় উহাদের কোন সাহায্যকারী থাকিবে না এবং উহারা পরিত্রাণও পাইবে না-	
	اِلَّا رَحْمَةً مِّنَّا وَمَتَاعًا اِلٰى حِيْنٍ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ইল্লা–রাহ্'মাতাম্ মিন্না– ওয়া মাতা–'আন্ ইলা–হ'ীন্।	
তরজমা	আমার অনুগ্রহ না হইলে এবং কিছু কালের জন্য জীবনোপভোগ করিতে না দিলে।	
	وَاِذَا قِيْلَ لَهُمُ اتَّقُوْا مَا بَيْنَ اَيْدِيْكُمْ وَمَا خَلْفَكُمْ لَعَلَّكُمْ تُرْحَمُوْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া–ক'ীলা লাহুমুত্তাকূ' মা– বাইনা আইদীকুম্ ওয়ামা– খাল্ফাকুম্ লা'আল্লাকুম তুর্হ'ামূন্।	
তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'যাহা তোমাদের সম্মুখে ও তোমাদের পশ্চাতে আছে সে সম্বন্ধে সাবধান হও যাহাতে তোমরা অনুগ্রহভাজন হইতে পার,'	
	وَمَا تَاْتِيْهِمْ مِّنْ اٰيَةٍ مِّنْ اٰيٰتِ رَبِّهِمْ اِلَّا كَانُوْا عَنْهَا مُعْرِضِيْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়ামা– তা'তীহিম্ মিন আ–য়াতিম মিন্ আ–য়া–তি রাব্বিহিম্ ইল্লা–কা–নূ 'আন্হা– মু'রিদ'ীন।	
তরজমা	এবং যখনই উহাদের প্রতিপালকের নিদর্শনাবলীর কোন নিদর্শন উহাদের নিকট আসে, তখনই উহারা তাহা হইতে মুখ ফিরাইয়া নেয়।	
	وَاِذَا قِيْلَ لَهُمْ اَنْفِقُوْا مِمَّا رَزَقَكُمُ اللّٰهُ ۙ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْٓا اَنُطْعِمُ مَنْ لَّوْ يَشَآءُ اللّٰهُ اَطْعَمَهٗٓ ۖ اِنْ اَنْتُمْ اِلَّا فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া– ক'ীলা লাহুম্ আংফিকূ' মিম্মা–রাঝাক'াকুমুল্লা–হু (ﷲ) ক'া–লাল্লায'ীনা কাফারূ লিল্লায'ীনা আমানূ~ আনুত'ইমু মাল্লাও ইয়াশা~উল্লা–হু আত'আমাহূ~ ইন্ আংতুম্ ইল্লা–ফী দ'ালা–লিম্ মুবীন।	

তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'আল্লাহ্ তোমাদেরকে যে জীবনোপকরণ দিয়াছেন তাহা হইতে ব্যয় কর' তখন কাফিররা মু'মিনদেরকে বলে, 'যাহাকে আল্লাহ্ ইচ্ছা করিলে খাওয়াইতে পারিতেন আমরা কি তাহাকে খাওয়াইব ? তোমরা তো স্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছ।'	
	وَيَقُوْلُوْنَ مَتٰى هٰذَا الْوَعْدُ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা মাতা- হ'া-য'াল্ ওয়া'দু ইং কংতুম্ সা-দিক'ীন।	
তরজমা	উহারা বলে, 'তোমরা যদি সত্যবাদী হও তবে বল, এই প্রতিশ্রুতি কখন পূর্ণ হইবে ?'	
	مَا يَنْظُرُوْنَ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً تَاْخُذُهُمْ وَهُمْ يَخِصِّمُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	মা- ইয়াংজু'রূনা ইল্লা সাইহ'াতাওঁ ওয়া-হি'দাতাং তা'খুয'ুহুম্ ইয়াখিসসিমূন।	
তরজমা	ইহারা তো অপেক্ষায় আছে এক মহানাদের যাহা ইহাদেরকে আঘাত করিবে ইহাদের বাক-বিতণ্ডাকালে।	
	فَلَا يَسْتَطِيْعُوْنَ تَوْصِيَةً وَّلَآ اِلٰٓى اَهْلِهِمْ يَرْجِعُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফালা-ইয়াছতাত'ী'উনা তাওছিয়াতাওঁ ওয়ালা~ইলা~আহ্লিহিম্ ইয়ার্জি'উন।	
তরজমা	তখন উহারা ওসিয়াত করিতে সমর্থ হইবে না এবং নিজেদের পরিবার-পরিজনের নিকট ফিরিয়া আসিতেও পারিবে না।	
	وَنُفِخَ فِي الصُّوْرِ فَاِذَا هُمْ مِّنَ الْاَجْدَاثِ اِلٰى رَبِّهِمْ يَنْسِلُوْنَ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়ানুফিখা ফিসসূরি ফাইয'া-হুম মিনাল আজদা-ছি' ইলা-রাব্বিহিম ইয়াংছিলূন।	
তরজমা	যখন শিংগায় ফুৎকার দেওয়া হইবে তখনই তাহারা কবর হইতে ছুটিয়া আসিবে তাহাদের প্রতিপালকের দিকে।	
	قَالُوْا يٰوَيْلَنَا مَنْۢ بَعَثَنَا مِنْ مَّرْقَدِنَا ۜ هٰذَا مَا وَعَدَ الرَّحْمٰنُ وَصَدَقَ الْمُرْسَلُوْنَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইয়া-ওয়াইলানা- মাম্ বা'আছ'ানা- মিম্ মার্ক'াদিনা- (سكتة) হা-য'া- মা-ওয়া'আদার রাহ'মা-নু ওয়া সাদাকাল্ মুর্ছালূন।	
তরজমা	উহারা বলিবে, 'হায় ! দুর্ভোগ আমাদের ! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল হইতে উঠাইল ? দয়াময় আল্লাহ্ তো ইহারই প্রতিশ্রুতি দিয়াছিলেন এবং রাসূলগণ সত্যই বলিয়াছিলেন।'	
	اِنْ كَانَتْ اِلَّا صَيْحَةً وَّاحِدَةً فَاِذَا هُمْ جَمِيْعٌ لَّدَيْنَا مُحْضَرُوْنَ ﴿٥٣﴾	53

প্রতিবর্ণায়ন	ইং কা-নাত ইল্লা- সাইহ'াতাওঁ ওয়া-হি'দাতাং ফাইয'া-হুম্ জামী'উল্ লাদাইনা- মুহ'দ'ারূন।	
তরজমা	ইহা হইবে কেবল এক মহানাদ ; তখনই ইহাদের সকলকে উপস্থিত করা হইবে আমার সম্মুখে,	
	فَالْيَوْمَ لَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَّلَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ফালইয়াওমা লা- তুজ'লামু নাফছুং শাইয়াওঁ ওয়ালা- তুজঝাওনা ইল্লা- মা-কুংতুম্ তা'মালূন।	
তরজমা	আজ কাহারও প্রতি কোন জুলুম করা হইবে না এবং তোমরা যাহা করিতে কেবল তাহারই প্রতিফল দেওয়া হইবে।	
	اِنَّ اَصْحٰبَ الْجَنَّةِ الْيَوْمَ فِيْ شُغُلٍ فٰكِهُوْنَ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ইন্না আসহ'া-বাল্ জান্নাতিল্ ইয়াওমা ফী শুগুলিং ফা-কিহূন।	
তরজমা	এই দিন জান্নাতবাসিগণ আনন্দে মগ্ন থাকিবে,	
	هُمْ وَاَزْوَاجُهُمْ فِيْ ظِلٰلٍ عَلَى الْاَرَآئِكِ مُتَّكِـُٔوْنَ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	হুম্ ওয়া আঝওয়া-জুহুম্ ফী জি'লা-লিন্ 'আলাল্ আরা~ইকি মুত্তাকিঊন।	
তরজমা	তাহারা এবং তাহাদের স্ত্রীগণ সুশীতল ছায়ায় সুসজ্জিত আসনে হেলান দিয়া বসিবে।	
	لَهُمْ فِيْهَا فَاكِهَةٌ وَّلَهُمْ مَّا يَدَّعُوْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	লাহুম্ ফীহা- ফা-কিহাতুওঁ ওয়া লাহুম্ মা- ইয়াদ্দা'ঊন।	
তরজমা	সেখানে থাকিবে তাহাদের জন্য ফলমূল এবং তাহাদের জন্য বাঞ্ছিত সমস্ত কিছু,	
	سَلٰمٌ ۚ قَوْلًا مِّنْ رَّبٍّ رَّحِيْمٍ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ছালা-মুং (قف) ক'াওলাম্ মির্‌রাব্বির্ রাহ'ীম।	
তরজমা	সালাম, পরম দয়ালু প্রতিপালকের পক্ষ হইতে সম্ভাষণ।	
	وَامْتَازُوا الْيَوْمَ اَيُّهَا الْمُجْرِمُوْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ওয়াম্ তা-ঝুল ইয়াওমা আইয়ুহাল মুজরিমূন।	
তরজমা	আর 'হে অপরাধিগণ! তোমরা আজ পৃথক হইয়া যাও।'	
	اَلَمْ اَعْهَدْ اِلَيْكُمْ يٰبَنِيْٓ اٰدَمَ اَنْ لَّا تَعْبُدُوا الشَّيْطٰنَ ۚ اِنَّهٗ لَكُمْ عَدُوٌّ مُّبِيْنٌ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	আলাম্ আ'হাদ্ ইলাইকুম্ ইয়া-বানী~আ-দামা আল্লা-তা'বুদুশ্‌শাইত'া-না (ج) ইন্নাহূ লাকুম 'আদুওউম্ মুবীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে বনী আদম! আমি কি তোমাদেরকে নির্দেশ দিই নাই যে, তোমরা শয়তানের দাসত্ব করিও না, কারণ সে তো তোমাদের প্রকাশ্য শত্রু ?	
	وَّاَنِ اعْبُدُوْنِيْ ؕ هٰذَا صِرَاطٌ مُّسْتَقِيْمٌ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া আনি'বুদূনী (ط) হা-যা'া- সিরা-তুম্ মুছ্তাক ীম।	
তরজমা	আর আমারই 'ইবাদত কর, ইহাই সরল পথ।	
	وَلَقَدْ اَضَلَّ مِنْكُمْ جِبِلًّا كَثِيْرًا ؕ اَفَلَمْ تَكُوْنُوْا تَعْقِلُوْنَ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ আদ'াল্লা মিংকুম্ জিবিল্লাং কাছ ীরা- (ط) আফালাম্ তাকূনূ তা'কি'লূন।	
তরজমা	শয়তান তো তোমাদের বহু দলকে বিভ্রান্ত করিয়াছিল, তবুও কি তোমরা বুঝ নাই ?	
	هٰذِهٖ جَهَنَّمُ الَّتِيْ كُنْتُمْ تُوْعَدُوْنَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	হা-যি'হী জাহান্নামুল্লাতী কুংতুম তূ'আদূন।	
তরজমা	ইহাই সেই জাহান্নাম, যাহার প্রতিশ্রুতি তোমাদেরকে দেওয়া হইয়াছিল।	
	اِصْلَوْهَا الْيَوْمَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ইসলাওহাল্ ইয়াওমা বিমা- কুংতুম্ তাক্ফুরূন।	
তরজমা	আজ তোমরা ইহাতে প্রবেশ কর; কারণ তোমরা ইহাকে অবিশ্বাস করিয়াছিলে।	
	اَلْيَوْمَ نَخْتِمُ عَلٰٓى اَفْوَاهِهِمْ وَتُكَلِّمُنَآ اَيْدِيْهِمْ وَتَشْهَدُ اَرْجُلُهُمْ بِمَا كَانُوْا يَكْسِبُوْنَ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	আল্ইয়াওমা নাখ্তিমু 'আলা~আফ্ওয়া-হিহিম্ ওয়াতুকাল্লিমুনা~ আইদীহিম্ ওয়া তাশ্হাদু আর্জুলুহুম বিমা- কা-নূ ইয়াক্ছিবূন।	
তরজমা	আমি আজ ইহাদের মুখ মোহর করিয়া দিব, ইহাদের হস্ত কথা বলিবে আমার সঙ্গে এবং ইহাদের চরণ সাক্ষ্য দিবে ইহাদের কৃতকর্মের।	
	وَلَوْ نَشَآءُ لَطَمَسْنَا عَلٰٓى اَعْيُنِهِمْ فَاسْتَبَقُوا الصِّرَاطَ فَاَنّٰى يُبْصِرُوْنَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ওয়ালাও নাশা~উ লাত'ামাছনা- আলা~ আ'ইউনিহিম ফাছতাবাকু'স্সিরা-তা ফাআন্না- ইউবসিরূন।	
তরজমা	আমি ইচ্ছা করিলে অবশ্যই ইহাদের চক্ষুগুলিকে লোপ করিয়া দিতাম, তখন ইহারা পথ চলিতে চাহিলে কি করিয়া দেখিতে পাইত!	
	وَلَوْ نَشَآءُ لَمَسَخْنٰهُمْ عَلٰى مَكَانَتِهِمْ فَمَا اسْتَطَاعُوْا مُضِيًّا وَّلَا يَرْجِعُوْنَ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ওয়ালাও নাশা~উ লামাছাখ্না-হুম্ 'আলা মাকা-নাতিহিম্ ফামাছ্তাত'া-'উ মুদি'ইয়াওঁ ওয়ালা-ইয়ার্জি'উন।	

তরজমা	এবং আমি ইচ্ছা করিলে অবশ্যই স্ব স্ব স্থানে ইহাদের আকৃতি পরিবর্তন করিয়া দিতাম, ফলে ইহারা চলিতে পারিত না এবং ফিরিয়াও আসিতে পারিত না।	
	وَمَنْ نُّعَمِّرْهُ نُنَكِّسْهُ فِي الْخَلْقِ ۖ أَفَلَا يَعْقِلُونَ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ওয়ামাং নু'আম্মির্হু নুনাক্কিছ্হু ফিল খাল্‌কি' (ত্ব) আফালা- ইয়া'কি'লূন।	
তরজমা	আমি যাহাকে দীর্ঘ জীবন দান করি প্রকৃতিগতভাবে তাহার অবনতি ঘটাই। তবুও কি উহারা বুঝে না ?	
	وَمَا عَلَّمْنَاهُ الشِّعْرَ وَمَا يَنْبَغِي لَهُ ۚ إِنْ هُوَ إِلَّا ذِكْرٌ وَقُرْآنٌ مُّبِينٌ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ওয়ামা-'আল্লাম্না-হুশ্‌শি'রা ওয়ামা- ইয়াম্বাগী লাহূ (ত্ব) ইন্ হুওয়া ইল্লা- যি'করুওঁ ওয়া কু'রআ-নুম মুবীন।	
তরজমা	আমি রাসূলকে কাব্য রচনা করিতে শিখাই নাই এবং ইহা তাহার পক্ষে শোভনীয় নয়। ইহা তো কেবল এক উপদেশ এবং সুস্পষ্ট কুরআন;	
	لِّيُنذِرَ مَن كَانَ حَيًّا وَيَحِقَّ الْقَوْلُ عَلَى الْكَافِرِينَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	লিইউন্‌যি'রা মাং কা-না হ'াইয়াওঁ ওয়া ইয়াহি'ক্ব'াল্ ক'াওলু 'আলাল্ কা-ফিরীন।	
তরজমা	যাহাতে সে সতর্ক করিতে পারে জীবিতগণকে এবং যাহাতে কাফিরদের বিরুদ্ধে শাস্তির কথা সত্য হইতে পারে।	
	أَوَلَمْ يَرَوْا أَنَّا خَلَقْنَا لَهُم مِّمَّا عَمِلَتْ أَيْدِينَا أَنْعَامًا فَهُمْ لَهَا مَالِكُونَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়ারাও আন্না- খালাক'না- লাহুম মিম্মা- 'আমিলাত আইদীনা~ আন'আ-মাং ফাহুম্ লাহা- মা-লিকূন।	
তরজমা	উহারা কি লক্ষ্য করে না যে, আমার হাতে সৃষ্ট বস্তুসমূহের মধ্যে উহাদের জন্য আমি সৃষ্টি করিয়াছি 'আন'আম' তথা চতুষ্পদ জন্তু এবং উহারাই এইগুলির অধিকারী ?	
	وَذَلَّلْنَاهَا لَهُمْ فَمِنْهَا رَكُوبُهُمْ وَمِنْهَا يَأْكُلُونَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া য'াল্লাল্না-হা- লাহুম্ ফামিন্হা- রাকূবুহুম্ ওয়া মিন্হা- ইয়া'কুলূন।	
ZiRgv	এবং আমি এইগুলিকে তাহাদের বশীভূত করিয়া দিয়াছি। এইগুলির কতক তাহাদের বাহন এবং উহাদের কতক তাহারা আহার করে।	
	وَلَهُمْ فِيهَا مَنَافِعُ وَمَشَارِبُ ۖ أَفَلَا يَشْكُرُونَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ওয়া লাহুম্ ফীহা- মানা-ফি'উ ওয়া মাশা-রিবু (ত্ব) আফালা- ইয়াশকুরূন।	
তরজমা	তাহাদের জন্য এইগুলিতে আছে বহু উপকারিতা আর আছে পানীয় বস্তু। তবুও কি তাহারা কৃতজ্ঞ হইবে না ?	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اٰلِهَةً لَّعَلَّهُمْ يُنْصَرُوْنَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ওয়াত্তাখাযূ মিং দূনিল্লা–হি আ–লিহাতাল লা'আল্লাহুম্ ইউংসারূন।	
তরজমা	তাহারা তো আল্লাহ্‌র পরিবর্তে অন্য ইলাহ্ গ্রহণ করিয়াছে এই আশায় যে, তাহারা সাহায্যপ্রাপ্ত হইবে।	
	لَا يَسْتَطِيْعُوْنَ نَصْرَهُمْ ۙ وَهُمْ لَهُمْ جُنْدٌ مُّحْضَرُوْنَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	লা–ইয়াছ্‌তাত্বী'ঊনা নাসরাহুম্ (ষ) ওয়াহুম্ লাহুম জুংদুম মুহ্‌দ্বারূন।	
তরজমা	কিন্তু এইসব ইলাহ্ তাহাদেরকে সাহায্য করিতে সক্ষম নয়; তাহাদেরকে উহাদের বাহিনীরূপে উপস্থিত করা হইবে।	
	فَلَا يَحْزُنْكَ قَوْلُهُمْ ۘ اِنَّا نَعْلَمُ مَا يُسِرُّوْنَ وَمَا يُعْلِنُوْنَ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ফালা–ইয়াহ্‌ঝুংকা ক'াওলুহুম্ (ম)। ইন্না–না'লামু মা– ইউছির্‌রূনা ওয়ামা–ইউ'লিনূন।	
তরজমা	অতএব তাহাদের কথা তোমাকে যেন দুঃখ না দেয়। আমি তো জানি যাহা তাহারা গোপন করে এবং যাহা তাহারা ব্যক্ত করে।	
	اَوَلَمْ يَرَ الْاِنْسَانُ اَنَّا خَلَقْنٰهُ مِنْ نُّطْفَةٍ فَاِذَا هُوَ خَصِيْمٌ مُّبِيْنٌ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্ ইয়ারাল্ ইংছা–নু আন্না– খালাক্‌না–হু মিং নুত্‌ফাতিং ফাইযা–হুওয়া খাসীমুম মুবীন।	
তরজমা	মানুষ কি দেখে না যে, আমি তাহাকে সৃষ্টি করিয়াছি শুক্রবিন্দু হইতে ? অথচ পরে সে হইয়া পড়ে প্রকাশ্য বিতণ্ডাকারী।	
	وَضَرَبَ لَنَا مَثَلًا وَّنَسِيَ خَلْقَهٗ ۭ قَالَ مَنْ يُّحْيِ الْعِظَامَ وَهِيَ رَمِيْمٌ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ওয়া দ'ারাবা লানা–মাছ'ালাওঁ ওয়া নাছিয়া খালক'াহূ (ভ) ক'া–লা মাইঁ ইউহ্‌য়িল্ 'ইজ'া–মা ওয়া হিয়া রামীম।	
তরজমা	এবং সে আমার সম্বন্ধে উপমা রচনা করে, অথচ সে নিজের সৃষ্টির কথা ভুলিয়া যায়। সে বলে, 'কে অস্থিতে প্রাণ সঞ্চার করিবে যখন উহা পচিয়া গলিয়া যাইবে ?'	
	قُلْ يُحْيِيْهَا الَّذِيْٓ اَنْشَاَهَآ اَوَّلَ مَرَّةٍ ۭ وَهُوَ بِكُلِّ خَلْقٍ عَلِيْمُۨ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	কু'ল্ ইউহ্‌য়ী হাল্লায'ী~ আংশাআহা~ আওওয়ালা মার্‌রাতিওঁ (ভ) ওয়া হুয়া বিকুল্লি খাল্‌কি'ন্ 'আলীমু।	
তরজমা	বল, 'উহার মধ্যে প্রাণ সঞ্চার করিবেন তিনিই যিনি ইহা প্রথমবার সৃষ্টি করিয়াছেন এবং তিনি প্রত্যেকটি সৃষ্টি সম্বন্ধে সম্যক পরিজ্ঞাত।'	

	الَّذِىْ جَعَلَ لَكُمْ مِّنَ الشَّجَرِ الْاَخْضَرِ نَارًا فَاِذَآ اَنْتُمْ مِّنْهُ تُوْقِدُوْنَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	আল্লায ী জা'আলা লাকুম্ মিনাশ্শাজারিল্ আখ্দ'ারি না-রাং ফাইয'া- আংতুম্ মিনহু তূকি'দূন।	
তরজমা	তিনি তোমাদের জন্য সবুজ বৃক্ষ হইতে অগ্নি উৎপাদন করেন এবং তোমরা উহা হইতে প্রজ্বলিত কর।	
	اَوَلَيْسَ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يَّخْلُقَ مِثْلَهُمْ ۭ بَلٰى ۙ وَهُوَ الْخَلّٰقُ الْعَلِيْمُ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	আওয়া লাইছাল্লায ী খালাক'াছ্ছামা-ওয়াতি ওয়াল্ আরদ'া বিক'া-দিরিন্ 'আলা~ আইঁ ইয়াখ্লুক'া মিছ'লাহুম্ (ط) বালা- (ق) ওয়া হুওয়াল খাল্লা-কু'ল 'আলীম।	
তরজমা	যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন তিনি কি তাহাদের অনুরূপ সৃষ্টি করিতে সমর্থ নন ? হাঁ, নিশ্চয়ই তিনি মহাস্রষ্টা, সর্বজ্ঞ।	
	اِنَّمَآ اَمْرُهٗٓ اِذَآ اَرَادَ شَيْـــًٔا اَنْ يَّقُوْلَ لَهٗ كُنْ فَيَكُوْنُ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ইন্নামা~ আমরুহূ~ ইয'া~আরা-দা শাইআং আইঁ ইয়াকূ'লা লাহূ কুং ফাইয়াকূন।	
তরজমা	তাঁহার ব্যাপার শুধু এই, তিনি যখন কোন কিছুর ইচ্ছা করেন, তিনি উহাকে বলেন, 'হও', ফলে উহা হইয়া যায়।	
	فَسُبْحٰنَ الَّذِىْ بِيَدِهٖ مَلَكُوْتُ كُلِّ شَيْءٍ وَّاِلَيْهِ تُرْجَعُوْنَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ফাছুব্হ'া-নাল্লায ী বিয়াদিহী মালাকূতু কুল্লি শাইয়িওঁ ওয়া ইলাইহি তুর্জা'উন।	
তরজমা	অতএব পবিত্র ও মহান তিনি, যাঁহার হস্তেই প্রত্যেক বিষয়ের সর্বময় কর্তৃত্ব; আর তাঁহারই নিকট তোমরা প্রত্যাবর্তিত হইবে।	

37 - As-Saffat-সাফ্ফাত -الصافات

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالصّٰٓفّٰتِ صَفًّا ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াসসা~ফফা-তি সাফ্ফা- ।	
তরজমা	শপথ তাহাদের যাহারা সারিবদ্ধভাবে দণ্ডায়মান	
	فَالزّٰجِرٰتِ زَجْرًا ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ফাঝ্ঝা-জিরা-তি ঝাজরা- ।	
তরজমা	ও যাহারা কঠোর পরিচালক	
	فَالتّٰلِيٰتِ ذِكْرًا ﴿٣﴾	3

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাত্তা–লিয়া–তি যি'করা– ।	
তরজমা	এবং যাহারা 'যিকির' আবৃত্তিতে রত–	
	إِنَّ إِلٰهَكُمْ لَوَاحِدٌ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ইন্না ইলা– হাকুম লাওয়া–হি'দ ।	
তরজমা	নিশ্চয়ই তোমাদের ইলাহ্ এক,	
	رَبُّ السَّمٰوٰتِ وَالْأَرْضِ وَمَا بَيْنَهُمَا وَرَبُّ الْمَشَارِقِ ۝٥	5
প্রতিবর্ণায়ন	রাব্বুছ্ ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দি' ওয়ামা– বাইনাহুমা– ওয়া রাব্বুল মাশা–রিক' ।	
তরজমা	যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছুর প্রভু এবং প্রভু সকল উদয়স্থলের।	
	إِنَّا زَيَّنَّا السَّمَآءَ الدُّنْيَا بِزِينَةٍ الْكَوَاكِبِ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ইন্না– ঝাইয়ান্নাছ্ছামা~আদ্দুন্ইয়া–বিঝীনাতিনিল্ কাওয়া–কিব ।	
তরজমা	আমি নিকটবর্তী আকাশকে নক্ষত্ররাজির সুষমা দ্বারা সুশোভিত করিয়াছি,	
	وَحِفْظًا مِّنْ كُلِّ شَيْطٰنٍ مَّارِدٍ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া হি'ফ্জ'াম্ মিং কুল্লি শাইত'া–নিম মা–রিদ ।	
তরজমা	এবং রক্ষা করিয়াছি প্রত্যেক বিদ্রোহী শয়তান হইতে।	
	لَا يَسَّمَّعُوْنَ إِلَى الْمَلَإِ الْأَعْلٰى وَيُقْذَفُوْنَ مِنْ كُلِّ جَانِبٍ ۝٨	8
প্রতিবর্ণায়ন	লা ইয়াছ্ছাম্মা'উনা ইলাল্ মালাইল্ আ'লা– ওয়া ইউক'য'াফূনা মিং কুল্লি জা–নিব ।	
তরজমা	ফলে উহারা উর্ধ্ব জগতের কিছু শ্রবণ করিতে পারে না এবং উহাদের প্রতি নিক্ষিপ্ত হয় সকল দিক হইতে–	
	دُحُوْرًا وَّلَهُمْ عَذَابٌ وَّاصِبٌ ۝٩	9
প্রতিবর্ণায়ন	দুহূ'রাও ওয়ালাহুম্ 'আয'া–বুন ওয়া–সিব ।	
তরজমা	বিতাড়নের জন্য এবং উহাদের জন্য আছে অবিরাম শাস্তি।	
	إِلَّا مَنْ خَطِفَ الْخَطْفَةَ فَأَتْبَعَهُ شِهَابٌ ثَاقِبٌ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ইল্লা– মান্ খাতি'ফাল্ খাত'ফাতা ফাআত্বা'আহূ শিহা–বুং ছ'াকি'ব ।	
তরজমা	তবে কেহ হঠাৎ কিছু শুনিয়া ফেলিলে জ্বলন্ত উল্কাপিণ্ড তাহার পশ্চাদ্ধাবন করে।	
	فَاسْتَفْتِهِمْ أَهُمْ أَشَدُّ خَلْقًا أَمْ مَّنْ خَلَقْنَا ۚ إِنَّا خَلَقْنٰهُمْ مِّنْ طِيْنٍ لَّازِبٍ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ফাছ্তাফ্তিহিম্ আহুম্ আশাদ্দু খাল্ক'ান্ আম্মান্ খালাক'না– (ত) ইন্না– খালাক'না–হুম্ মিং ত'ীনিল লা-ঝিব ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহাদেরকে জিজ্ঞাসা কর, উহারা সৃষ্টিতে দৃঢ়তর, না আমি অন্য যাহা কিছু সৃষ্টি করিয়াছি তাহা ? উহাদেরকে আমি সৃষ্টি করিয়াছি আঠাল মৃত্তিকা হইতে।	
	بَلْ عَجِبْتَ وَيَسْخَرُوْنَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	বাল্ ‘আজিব্তা ওয়া ইয়াছ্খারূন্।	
তরজমা	তুমি তো বিস্ময় বোধ করিতেছ, আর উহারা করিতেছে বিদ্রূপ।	
	وَاِذَا ذُكِّرُوْا لَا يَذْكُرُوْنَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইয’া- যু’ক্কিরূ লা- ইয়ায’কুরূন।	
তরজমা	এবং যখন উহাদেরকে উপদেশ দেওয়া হয় উহারা তাহা গ্রহণ করে না।	
	وَاِذَا رَاَوْا اٰيَةً يَّسْتَسْخِرُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া ইয’া- রাআও আ-য়াতাই ইয়াছ্তাছ্খিরূন।	
তরজমা	উহারা কোন নিদর্শন দেখিলে উপহাস করে	
	وَقَالُوْٓا اِنْ هٰذَآ اِلَّا سِحْرٌ مُّبِيْنٌ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ক’া-লূ~ ইন্ হা-য’া~ ইল্লা- ছিহ’রু মুবীন।	
তরজমা	এবং বলে, ‘ইহা তো এক সুস্পষ্ট জাদু ব্যতীত আর কিছুই নয়।’	
	ءَاِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَّعِظَامًا ءَاِنَّا لَمَبْعُوْثُوْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আইয’া-মিত্না- ওয়া কুন্না- তুরাবাওঁ ওয়া ‘ইজা-মান্ আইন্না- লামাব্‘উছূ’ন।	
তরজমা	‘আমরা যখন মরিয়া যাইব এবং মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইব, তখনও কি আমাদেরকে উত্থিত করা হইবে ?	
	اَوَاٰبَآؤُنَا الْاَوَّلُوْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	আওয়াআ-বা~উনাল্ আওওয়ালূন।	
তরজমা	‘এবং আমাদের পূর্বপুরুষদেরকেও ?’	
	قُلْ نَعَمْ وَاَنْتُمْ دَاخِرُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	কু’ল্ না‘আম্ ওয়া আংতুম দা-খিরূন।	
তরজমা	বল, ‘হাঁ, এবং তোমরা হইবে লাঞ্ছিত।’	
	فَاِنَّمَا هِيَ زَجْرَةٌ وَّاحِدَةٌ فَاِذَا هُمْ يَنْظُرُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা- হিয়া ঝাজরাতুওঁ ওয়া-হি’দাতুং ফাইয’া- হুম্ ইয়াংজু’রূন।	
তরজমা	উহা একটি মাত্র প্রচণ্ড শব্দ-আর তখনই উহারা প্রত্যক্ষ করিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوْا يٰوَيْلَنَا هٰذَا يَوْمُ الدِّيْنِ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া- ক'া-লূ ইয়া-ওয়াইলানা- হা-য'া- ইয়াওমুদ্দীন।	
তরজমা	এবং উহারা বলিবে, 'দুর্ভোগ আমাদের! ইহাই তো কর্মফল দিবস।'	
	هٰذَا يَوْمُ الْفَصْلِ الَّذِيْ كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	হা-য'া- ইয়াওমুল্ ফাসলিল্লায'ী কুংতুম্ বিহী তুকায'যি'বূন।	
তরজমা	ইহাই ফয়সালার দিন যাহা তোমরা অস্বীকার করিতে।	
	اُحْشُرُوا الَّذِيْنَ ظَلَمُوْا وَاَزْوَاجَهُمْ وَمَا كَانُوْا يَعْبُدُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	উহ'শুরুল্লায'ীনা জ'ালামূ ওয়া আঝওয়া-জাহুম্ ওয়ামা- কা-নূ ইয়া'বুদূন।	
তরজমা	ফিরিশ্তাদেরকে বলা হইবে, 'একত্র কর জালিম ও উহাদের সহচরগণকে এবং উহাদেরকে যাহাদের 'ইবাদত করিত তাহারা-	
	مِنْ دُوْنِ اللّٰهِ فَاهْدُوْهُمْ اِلٰى صِرَاطِ الْجَحِيْمِ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	মিং দূনিল্লা-হি ফাহ্দূহুম্ ইলা- সিরা-তি'ল্ জাহ'ীম।	
তরজমা	আল্লাহ্র পরিবর্তে এবং উহাদেরকে পরিচালিত কর জাহান্নামের পথে,	
	وَقِفُوْهُمْ اِنَّهُمْ مَّسْئُوْلُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়াকি'ফূহুম্ ইন্নাহুম্ মাছ্উলূন।	
তরজমা	'অতঃপর উহাদেরকে থামাও, কারণ উহাদেরকে প্রশ্ন করা হইবে :	
	مَا لَكُمْ لَا تَنَاصَرُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	মা- লাকুম্ লা- তানা-সারূন।	
তরজমা	'তোমাদের কী হইল যে, তোমরা একে অপরের সাহায্য করিতেছ না ?'	
	بَلْ هُمُ الْيَوْمَ مُسْتَسْلِمُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	বাল্ হুমুল্ ইয়াওমা মুছ্তাছ্লিমূন।	
তরজমা	বস্তুত সেই দিন উহারা আত্মসমর্পণ করিবে	
	وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া আক'বালা বা'দু'হুম্ 'আলা- বা'দি'ইঁ ইয়াতাছা~আলূন।	
তরজমা	এবং উহারা একে অপরের সামনাসামনি হইয়া জিজ্ঞাসাবাদ করিবে-	
	قَالُوْٓا اِنَّكُمْ كُنْتُمْ تَاْتُوْنَنَا عَنِ الْيَمِيْنِ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ক'া-লূ~ ইন্নাকুম্ কুংতুম্ তা'তূনানা- 'আনিল্ ইয়ামীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা বলিবে, 'তোমরা তো তোমাদের শক্তি লইয়া আমাদের নিকট আসিতে।'	
	قَالُوْا بَلْ لَّمْ تَكُوْنُوْا مُؤْمِنِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ক'া-লূ বাল লাম্ তাকূনূ মু'মিনীন।	
তরজমা	তাহারা বলিবে, তোমরা তো বিশ্বাসীই ছিলে না,	
	وَمَا كَانَ لَنَا عَلَيْكُمْ مِّنْ سُلْطٰنٍ ۚ بَلْ كُنْتُمْ قَوْمًا طٰغِيْنَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়ামা- কা-না লানা- 'আলাইকুম্ মিং ছুল্ত'া-নিন্ (ج) বাল্ কুংতুম্ ক'াওমাং ত'া-গীন।	
তরজমা	'এবং তোমাদের উপর আমাদের কোন কর্তৃত্ব ছিল না ; বস্তুত তোমরাই ছিলে সীমালংঘনকারী সম্প্রদায়।	
	فَحَقَّ عَلَيْنَا قَوْلُ رَبِّنَا ۖ اِنَّا لَذَآئِقُوْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ফাহ'াক্ক'া 'আলাইনা- ক'াওলু রাব্বিনা~ (ق) ইনা- লায'া~ইকূ'ন।	
তরজমা	'আমাদের বিরুদ্ধে আমাদের প্রতিপালকের কথা সত্য হইয়াছে, আমাদেরকে অবশ্যই শাস্তি আস্বাদন করিতে হইবে।	
	فَاَغْوَيْنٰكُمْ اِنَّا كُنَّا غٰوِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ফাআগ্ওয়াইনা-কুম্ ইন্না- কুন্না- গা-ব'ীন।	
তরজমা	'আমরা তোমাদেরকে বিভ্রান্ত করিয়াছিলাম, কারণ আমরা নিজেরাও ছিলাম বিভ্রান্ত।'	
	فَاِنَّهُمْ يَوْمَئِذٍ فِى الْعَذَابِ مُشْتَرِكُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ফাইন্নাহুম্ ইয়াওমাইযি'ং ফিল্ 'আয'া-বি মুশ্তারিকূন।	
তরজমা	উহারা সকলেই সেই দিন শাস্তির শরীক হইবে।	
	اِنَّا كَذٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِيْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্না- কায'া-লিকা নাফ্'আলু বিলমুজরিমীন।	
তরজমা	অপরাধীদের প্রতি আমি এইরূপই করিয়া থাকি।	
	اِنَّهُمْ كَانُوْٓا اِذَا قِيْلَ لَهُمْ لَآ اِلٰهَ اِلَّا اللّٰهُ ۙ يَسْتَكْبِرُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম কা-নূ~ইয'া- ক'ীলা লাহুম লা~ইলা-হা ইল্লাল্লা-হু (لا) ইয়াছতাক্বিরূন।	
তরজমা	উহাদেরকে 'আল্লাহ্ ব্যতীত কোন ইলাহ্ নাই' বলা হইলে উহারা অহংকার করিত	
	وَيَقُوْلُوْنَ اَئِنَّا لَتَارِكُوْٓا اٰلِهَتِنَا لِشَاعِرٍ مَّجْنُوْنٍ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াকূ'লূনা আইন্না- লাতা-রিকূ~আ-লিহাতিনা- লিশা-'ইরিম্ মাজনূন।	

তরজমা	এবং বলিত, 'আমরা কি এক উন্মাদ কবির কথায় আমাদের ইলাহ্‌গণকে বর্জন করিব ?'	
	بَلْ جَآءَ بِالْحَقِّ وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	বাল্ জা~আ বিল্‌হ'াক্কি ওয়া সাদ্দাক'াল মুরছালীন।	
তরজমা	বরং সে তো সত্য লইয়া আসিয়াছে এবং সে রাসূলদেরকে সত্য বলিয়া স্বীকার করিয়াছে।	
	اِنَّكُمْ لَذَآئِقُوا الْعَذَابِ الْاَلِيْمِ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ইন্নাকুম লায'া~ইকু'ল 'আয'া-বিল আলীম।	
তরজমা	তোমরা অবশ্যই মর্মন্তুদ শাস্তির আস্বাদ গ্রহণ করিবে।	
	وَمَا تُجْزَوْنَ اِلَّا مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়া মা- তুজঝাওনা ইল্লা- মা-কুংতুম তা'মালূন।	
তরজমা	এবং তোমরা যাহা করিতে তাহারই প্রতিফল পাইবে-	
	اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইল্লা- 'ইবাদাল্লা-হিল মুখলাসীন।	
তরজমা	তবে তাহারা নয় যাহারা আল্লাহ্‌র একনিষ্ঠ বান্দা।	
	اُولٰٓئِكَ لَهُمْ رِزْقٌ مَّعْلُوْمٌ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	উলা~ইকা লাহুম্ রিঝকুম মা'লূম।	
তরজমা	তাহাদের জন্য আছে নির্ধারিত রিযিক-	
	فَوَاكِهُ ۚ وَهُمْ مُّكْرَمُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ফাওয়া-কিহু (চ) ওয়া হুম্ মুক্‌রামূন।	
তরজমা	ফলমূল; আর তাহারা হইবে সম্মানিত,	
	فِيْ جَنّٰتِ النَّعِيْمِ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিং না'ঈম।	
তরজমা	সুখদ-কাননে	
	عَلٰى سُرُرٍ مُّتَقٰبِلِيْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	'আলা-ছুরুরিম্ মুতাক'া-বিলীন।	
তরজমা	তাহারা মুখামুখি হইয়া আসনে আসীন হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	يُطَافُ عَلَيْهِمْ بِكَأْسٍ مِّن مَّعِينٍ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ইউত`া–ফু ‘আলাইহিম্ বিকা’ছিম্ মিম্ মা‘ঈন।	
তরজমা	তাহাদেরকে ঘুরিয়া ঘুরিয়া পরিবেশন করা হইবে বিশুদ্ধ সুরাপূর্ণ পাত্রে।	
	بَيْضَاءَ لَذَّةٍ لِّلشَّارِبِينَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	বাইদ`া~আ লায্`য`াতিল্ লিশ্শা–রিবীন।	
তরজমা	শুভ্র উজ্জ্বল, যাহা হইবে পানকারীদের জন্য সুস্বাদু।	
	لَا فِيهَا غَوْلٌ وَلَا هُمْ عَنْهَا يُنزَفُونَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	লা– ফীহা– গাওলুওঁ ওয়ালা– হুম্ ‘আনহা–ইউংঝাফূন।	
তরজমা	উহাতে ক্ষতিকর কিছু থাকিবে না এবং উহাতে তাহারা মাতালও হইবে না,	
	وَعِندَهُمْ قَاصِرَاتُ الطَّرْفِ عِينٌ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ‘ইংদাহুম্ ক`া–সিরা–তুত্ত`ার্ফি ‘ঈন।	
তরজমা	তাহাদের সঙ্গে থাকিবে আনতনয়না, আয়তলোচনা হূরীগণ।	
	كَأَنَّهُنَّ بَيْضٌ مَّكْنُونٌ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	কাআন্নাহুন্না বাইদুঁম্ মাক্নূন।	
তরজমা	তাহারা যেন সুরক্ষিত ডিম্ব।	
	فَأَقْبَلَ بَعْضُهُمْ عَلَىٰ بَعْضٍ يَتَسَاءَلُونَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফাআক`বালা বা‘দু`হুম্ ‘আলা– বা‘দি`ইঁ ইয়াতাছা~আলূন।	
তরজমা	তাহারা একে অপরের সামনাসামনি হইয়া জিজ্ঞাসাবাদ করিবে।	
	قَالَ قَائِلٌ مِّنْهُمْ إِنِّي كَانَ لِي قَرِينٌ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ক`া–লা ক`া–ইলুম্ মিন্হুম্ ইন্নী কা–না লী ক`ারীন।	
তরজমা	তাহাদের কেহ বলিবে, ‘আমার ছিল এক সঙ্গী;	
	يَقُولُ أَئِنَّكَ لَمِنَ الْمُصَدِّقِينَ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ইয়াকূ`লু আইন্নাকা লামিনাল মুসাদ্দিক`ীন।	
তরজমা	‘সে বলিত, ‘তুমি কি ইহাতে বিশ্বাসী যে,	
	أَإِذَا مِتْنَا وَكُنَّا تُرَابًا وَعِظَامًا أَإِنَّا لَمَدِينُونَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	আইয`া– মিত্না– ওয়া কুন্না– তুরা–বাওঁ ওয়া ‘ইজ`া–মাং আইন্না– লামাদীনূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'আমরা যখন মরিয়া যাইব এবং আমরা মৃত্তিকা ও অস্থিতে পরিণত হইব তখনও কি আমাদেরকে প্রতিফল দেওয়া হইবে?'	
	قَالَ هَلْ اَنْتُمْ مُّطَّلِعُوْنَ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ক'া-লা হাল্ আংতুম্ মুত্ত'ালি'ঊন।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, 'তোমরা কি তাহাকে দেখিতে চাও ?'	
	فَاطَّلَعَ فَرَاٰهُ فِيْ سَوَآءِ الْجَحِيْمِ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ফাত্ত'ালা'আ ফারাআ-হু ফী ছাওয়া~ইল্ জাহ'ীম।	
তরজমা	অতঃপর সে ঝুঁকিয়া দেখিবে এবং উহাকে দেখিতে পাইবে জাহান্নামের মধ্যস্থলে;	
	قَالَ تَاللّٰهِ اِنْ كِدْتَّ لَتُرْدِيْنِ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ক'া-লা তাল্লা-হি ইং কিত্তা লাতুর্দীন।	
তরজমা	বলিবে, 'আল্লাহ্র কসম! তুমি তো আমাকে প্রায় ধ্বংসই করিয়াছিলে,	
	وَلَوْلَا نِعْمَةُ رَبِّيْ لَكُنْتُ مِنَ الْمُحْضَرِيْنَ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	ওয়া লাওলা- নি'মাতু রাব্বী লাকুংতু মিনাল্ মুহ'দ'ারীন।	
তরজমা	'আমার প্রতিপালকের অনুগ্রহ না থাকিলে আমিও তো হাযিরকৃত ব্যক্তিদের মধ্যে শামিল হইতাম।	
	اَفَمَا نَحْنُ بِمَيِّتِيْنَ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	আফামা-নাহ'নু বিমাইয়িতীন।	
তরজমা	'আমাদের তো আর মৃত্যু হইবে না	
	اِلَّا مَوْتَتَنَا الْاُوْلٰى وَمَا نَحْنُ بِمُعَذَّبِيْنَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ইল্লা- মাওতাতানাল্ উলা- ওয়ামা-নাহ'নু বিমু'আয'্য'াবীন।	
তরজমা	'প্রথম মৃত্যুর পর এবং আমাদেরকে শাস্তিও দেওয়া হইবে না!'	
	اِنَّ هٰذَا لَهُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ইন্না হা-য'া- লাহুওয়াল ফাওযুল 'আজ'ীম।	
তরজমা	ইহা তো মহাসাফল্য।	
	لِمِثْلِ هٰذَا فَلْيَعْمَلِ الْعٰمِلُوْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	লিমিছ্'লি হা-য'া- ফাল্ ইয়া'মালিল্ 'আ-মিলূন।	
তরজমা	এইরূপ সাফল্যের জন্য সাধকদের উচিত সাধনা করা,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أَذَٰلِكَ خَيْرٌ نُّزُلًا أَمْ شَجَرَةُ الزَّقُّومِ ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	আয'া–লিকা খাইরুং নুঝুলান্ আম্ শাজারাতুঝ্ ঝাক্'কূ'ম।	
তরজমা	আপ্যায়নের জন্য কি ইহাই শ্রেয় না যাক্কুম বৃক্ষ ?	
	إِنَّا جَعَلْنَاهَا فِتْنَةً لِّلظَّالِمِينَ ﴿٦٣﴾	63
প্রতিবর্ণায়ন	ইন্না– জা'আল্না–হা– ফিত্নাতাল লিজ্জ'া–লিমীন।	
তরজমা	জালিমদের জন্য আমি ইহা সৃষ্টি করিয়াছি পরীক্ষাস্বরূপ,	
	إِنَّهَا شَجَرَةٌ تَخْرُجُ فِي أَصْلِ الْجَحِيمِ ﴿٦٤﴾	64
প্রতিবর্ণায়ন	ইন্নাহা– শাজারাতুং তাখ্রুজু ফী~আসলিল্ জাহ'ীম।	
তরজমা	এই বৃক্ষ উদ্গত হয় জাহান্নামের তলদেশ হইতে,	
	طَلْعُهَا كَأَنَّهُ رُءُوسُ الشَّيَاطِينِ ﴿٦٥﴾	65
প্রতিবর্ণায়ন	ত'াল'উহা– কাআন্নাহূ রুউছুশ্শায়া–ত'ীন।	
তরজমা	ইহার মোচা যেন শয়তানের মাথা	
	فَإِنَّهُمْ لَآكِلُونَ مِنْهَا فَمَالِئُونَ مِنْهَا الْبُطُونَ ﴿٦٦﴾	66
প্রতিবর্ণায়ন	ফাইন্নাহুম্ লাআ–কিলূনা মিন্হা– ফামা–লিউনা মিন্হাল বুতূ'ন।	
তরজমা	অবশ্যই উহারা ইহা হইতে ভক্ষণ করিবে এবং উদর পূর্ণ করিবে ইহা দ্বারা।	
	ثُمَّ إِنَّ لَهُمْ عَلَيْهَا لَشَوْبًا مِّنْ حَمِيمٍ ﴿٦٧﴾	67
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইন্না লাহুম্ 'আলাইহা- লাশাওবাম্ মিন্ হ'ামীম।	
তরজমা	তদুপরি উহাদের জন্য থাকিবে ফুটন্ত পানির মিশ্রণ।	
	ثُمَّ إِنَّ مَرْجِعَهُمْ لَإِلَى الْجَحِيمِ ﴿٦٨﴾	68
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইন্না মার্জি'আহুম্ লা ইলাল্ জাহ'ীম।	
তরজমা	আর উহাদের গন্তব্য হইবে অবশ্যই প্রজ্বলিত অগ্নির দিকে।	
	إِنَّهُمْ أَلْفَوْا آبَاءَهُمْ ضَالِّينَ ﴿٦٩﴾	69
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম্ আল্ফাও আ–বা~আহুম্ দ'া~ল্লীন।	
তরজমা	উহারা উহাদের পিতৃপুরুষগণকে পাইয়াছিল বিপথগামী।	
	فَهُمْ عَلَىٰ آثَارِهِمْ يُهْرَعُونَ ﴿٧٠﴾	70
প্রতিবর্ণায়ন	ফাহুম্ 'আলা~ আ–ছ'া–রিহিম্ ইউহ্রা'উন।	
তরজমা	এবং তাহাদের পদাঙ্ক অনুসরণে ধাবিত হইয়াছিল।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ ضَلَّ قَبْلَهُمْ اَكْثَرُ الْاَوَّلِيْنَ ﴿٧١﴾	71
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ দ'াল্লা ক'াব্লাহুম্ আক্ছ'ারুল্ আওওয়ালীন।	
তরজমা	উহাদের পূর্বেও পূর্ববর্তীদের অধিকাংশ বিপথগামী হইয়াছিল,	
	وَلَقَدْ اَرْسَلْنَا فِيْهِمْ مُّنْذِرِيْنَ ﴿٧٢﴾	72
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ আর্ছাল্না–ফীহিম্ মুংযি'রীন।	
তরজমা	এবং আমি উহাদের মধ্যে সতর্ককারী প্রেরণ করিয়াছিলাম।	
	فَانْظُرْ كَيْفَ كَانَ عَاقِبَةُ الْمُنْذَرِيْنَ ﴿٧٣﴾	73
প্রতিবর্ণায়ন	ফাংজু'র্ কাইফা কা–না 'আ–কি'বাতুল মুংয'ারীন্।	
তরজমা	সুতরাং লক্ষ্য কর যাহাদেরকে সতর্ক করা হইয়াছিল, তাহাদের পরিণাম কী হইয়াছিল!	
	اِلَّا عِبَادَ اللّٰهِ الْمُخْلَصِيْنَ ﴿٧٤﴾	74
প্রতিবর্ণায়ন	ইল্লা– 'ইবা–দাল্লা–হিল্ মুখলাসীন।	
তরজমা	তবে আল্লাহ্র একনিষ্ঠ বান্দাদের কথা স্বতন্ত্র।	
	وَلَقَدْ نَادٰىنَا نُوْحٌ فَلَنِعْمَ الْمُجِيْبُوْنَ ﴿٧٥﴾	75
প্রতিবর্ণায়ন	ওয়ালা ক'াদ্ না–দা–না–নূহুঁং ফালানি'মাল্ মুজীবূন।	
তরজমা	নূহ্ আমাকে আহ্বান করিয়াছিল, আর আমি কত উত্তম সাড়াদানকারী।	
	وَنَجَّيْنٰهُ وَاَهْلَهٗ مِنَ الْكَرْبِ الْعَظِيْمِ ﴿٧٦﴾	76
প্রতিবর্ণায়ন	ওয়া নাজ্জাইনা–হু ওয়া আহ্লাহূ মিনাল্ কার্বিল্ 'আজ'ীম।	
তরজমা	তাহাকে এবং তাহার পরিবারবর্গকে আমি উদ্ধার করিয়াছিলাম মহাসংকট হইতে।	
	وَجَعَلْنَا ذُرِّيَّتَهٗ هُمُ الْبٰقِيْنَ ﴿٧٧﴾	77
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আল্না– যু'ররিইইয়াতাহূ হুমুল্ বাক'ীন।	
তরজমা	তাহার বংশধরদেরকেই আমি বিদ্যমান রাখিয়াছি বংশপরম্পরায়,	
	وَتَرَكْنَا عَلَيْهِ فِى الْاٰخِرِيْنَ ﴿٧٨﴾	78
প্রতিবর্ণায়ন	ওয়া তারাক্না– 'আলাইহি ফিল্ আ–খিরীন।	
তরজমা	আমি ইহা পরবর্তীদের স্মরণে রাখিয়াছি।	
	سَلٰمٌ عَلٰى نُوْحٍ فِى الْعٰلَمِيْنَ ﴿٧٩﴾	79
প্রতিবর্ণায়ন	ছালা–মুন্ 'আলা–নূহিঁং ফিল্ 'আ–লামীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সমগ্র বিশ্বের মধ্যে নূহের প্রতি শান্তি বর্ষিত হউক!	
	إِنَّا كَذَٰلِكَ نَجْزِي الْمُحْسِنِينَ ﴿٨٠﴾	80
প্রতিবর্ণায়ন	ইন্না- কায'া-লিকা নাজঝিল্ মুহ'ছিনীন।	
তরজমা	এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি,	
	إِنَّهُ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِينَ ﴿٨١﴾	81
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল্ মু'মিনীন।	
তরজমা	সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্যতম।	
	ثُمَّ أَغْرَقْنَا الْآخَرِينَ ﴿٨٢﴾	82
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আগরাক'নাল্ আ-খারীন।	
তরজমা	অন্য সকলকে আমি নিমজ্জিত করিয়াছিলাম।	
	وَإِنَّ مِنْ شِيعَتِهِ لَإِبْرَاهِيمَ ﴿٨٣﴾	83
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না মিং শী'আতিহী লাইবরা-হীম।	
তরজমা	আর ইব্রাহীম তো তাহার অনুগামীদের অন্তর্ভুক্ত।	
	إِذْ جَاءَ رَبَّهُ بِقَلْبٍ سَلِيمٍ ﴿٨٤﴾	84
প্রতিবর্ণায়ন	ইয' জা~আ রাব্বাহূ বিক'ালবিং ছালীম।	
তরজমা	স্মরণ কর, সে তাহার প্রতিপালকের নিকট উপস্থিত হইয়াছিল বিশুদ্ধচিত্তে;	
	إِذْ قَالَ لِأَبِيهِ وَقَوْمِهِ مَاذَا تَعْبُدُونَ ﴿٨٥﴾	85
প্রতিবর্ণায়ন	ইয্' ক'া-লা লিআবীহি ওয়া ক'াওমিহী মা-য'া- তা'বুদূন।	
তরজমা	যখন সে তাহার পিতা ও তাহার সম্প্রদায়কে জিজ্ঞাসা করিয়াছিল, 'তোমরা কিসের পূজা করিতেছ ?	
	أَئِفْكًا آلِهَةً دُونَ اللَّهِ تُرِيدُونَ ﴿٨٦﴾	86
প্রতিবর্ণায়ন	আইফ্কান্ আ-লিহাতাং দূনাল্লা-হি তুরীদূন।	
তরজমা	'তোমরা কি আল্লাহ্র পরিবর্তে অলীক ইলাহ্গুলিকে চাও ?	
	فَمَا ظَنُّكُمْ بِرَبِّ الْعَالَمِينَ ﴿٨٧﴾	87
প্রতিবর্ণায়ন	ফমা- জ'ান্নুকুম্ বিরাব্বিল্ 'আ-লামীন।	
তরজমা	'জগতসমূহের প্রতিপালক সম্বন্ধে তোমাদের ধারণা কী ?'	
	فَنَظَرَ نَظْرَةً فِي النُّجُومِ ﴿٨٨﴾	88

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফানাজ`ারা নাজ্`রাতাং ফিন্নুজূম্।	
তরজমা	অতঃপর সে তারকারাজির দিকে একবার তাকাইল	
	فَقَالَ اِنِّیۡ سَقِیۡمٌ ﴿۸۹﴾	89
প্রতিবর্ণায়ন	ফাক`া-লা ইন্নী ছাক`ীম।	
তরজমা	এবং বলিল, 'আমি অসুস্থ।'	
	فَتَوَلَّوۡا عَنۡهُ مُدۡبِرِیۡنَ ﴿۹۰﴾	90
প্রতিবর্ণায়ন	ফাতওয়াল্লাও 'আন্হু মুদ্বিরীন।	
তরজমা	অতঃপর উহারা তাহাকে পশ্চাতে রাখিয়া চলিয়া গেল।	
	فَرَاغَ اِلٰۤی اٰلِهَتِهِمۡ فَقَالَ اَلَا تَاۡكُلُوۡنَ ﴿۹۱﴾	91
প্রতিবর্ণায়ন	ফারা-গা ইলা~আ-লিহাতিহিম্ ফাক`া-লা আলা-তা'কুলূন।	
তরজমা	পরে সে সন্তর্পণে উহাদের দেবতাগুলির নিকট গেল এবং বলিল, 'তোমরা খাদ্য গ্রহণ করিতেছ না কেন ?'	
	مَا لَكُمۡ لَا تَنۡطِقُوۡنَ ﴿۹۲﴾	92
প্রতিবর্ণায়ন	মা-লাকুম্ লা- তাংতি`কূ`ন।	
তরজমা	'তোমাদের কী হইয়াছে যে, তোমরা কথা বল না ?'	
	فَرَاغَ عَلَیۡهِمۡ ضَرۡبًۢا بِالۡیَمِیۡنِ ﴿۹۳﴾	93
প্রতিবর্ণায়ন	ফারা-গা 'আলাইহি`ম্ দ`ার্বাম্ বিল্ইয়ামীন।	
তরজমা	অতঃপর সে উহাদের উপর সবলে আঘাত হানিল।	
	فَاَقۡبَلُوۡۤا اِلَیۡهِ یَزِفُّوۡنَ ﴿۹۴﴾	94
প্রতিবর্ণায়ন	ফাআক`বালূ~ ইলাইহি ইয়াঝিফ্ফূন।	
তরজমা	তখন ঐ লোকগুলি তাহার দিকে ছুটিয়া আসিল।	
	قَالَ اَتَعۡبُدُوۡنَ مَا تَنۡحِتُوۡنَ ﴿۹۵﴾	95
প্রতিবর্ণায়ন	ক`া-লা আতা'বুদূনা মা- তানহি`তূন।	
তরজমা	সে বলিল, 'তোমরা নিজেরা যাহাদেরকে খোদাই করিয়া নির্মাণ কর তোমরা কি তাহাদেরই পূজা কর ?	
	وَاللّٰهُ خَلَقَكُمۡ وَمَا تَعۡمَلُوۡنَ ﴿۹۶﴾	96
প্রতিবর্ণায়ন	ওয়াল্লা-হু খালাক`াকুম্ ওয়ামা- তা'মালূন।	

তরজমা	'প্রকৃতপক্ষে আল্লাহ্ই সৃষ্টি করিয়াছেন তোমাদেরকে এবং তোমরা যাহা তৈরি কর তাহাও।'	
	قَالُوا ابْنُوا لَهُ بُنْيَانًا فَأَلْقُوهُ فِي الْجَحِيمِ ﴿٩٧﴾	97
প্রতিবর্ণায়ন	ক'া-লুব্নূ লাহূ বুনইয়া-নাং ফাআলকূ'হু ফিল্ জাহ'ীম।	
তরজমা	উহারা বলিল, 'ইহার জন্য এক ইমারত নির্মাণ কর, অতঃপর ইহাকে জ্বলন্ত অগ্নিতে নিক্ষেপ কর।'	
	فَأَرَادُوا بِهِ كَيْدًا فَجَعَلْنَاهُمُ الْأَسْفَلِينَ ﴿٩٨﴾	98
প্রতিবর্ণায়ন	ফাআরাদূ বিহী কাইদাং ফাজা'আল্না- হুমুল্ আছ্ফালীন।	
তরজমা	উহারা তাহার বিরুদ্ধে চক্রান্তের সংকল্প করিয়াছিল; কিন্তু আমি উহাদেরকে অতিশয় হেয় করিয়া দিলাম।	
	وَقَالَ إِنِّي ذَاهِبٌ إِلَىٰ رَبِّي سَيَهْدِينِ ﴿٩٩﴾	99
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ইন্নী য'া-হিবুন্ ইলা- রাব্বী ছাইয়াহ্দীন।	
তরজমা	সে বলিল, 'আমি আমার প্রতিপালকের দিকে চলিলাম, তিনি আমাকে অবশ্যই সৎপথে পরিচালিত করিবেন;	
	رَبِّ هَبْ لِي مِنَ الصَّالِحِينَ ﴿١٠٠﴾	100
প্রতিবর্ণায়ন	রাব্বি হাব্লী মিনাসসা-লিহ'ীন।	
তরজমা	'হে আমার প্রতিপালক! আমাকে এক সৎকর্মপরায়ণ সন্তান দান কর।'	
	فَبَشَّرْنَاهُ بِغُلَامٍ حَلِيمٍ ﴿١٠١﴾	101
প্রতিবর্ণায়ন	ফাবাশ্শার্না-হু বিগুলা- মিন্ হ'ালীম।	
তরজমা	অতঃপর আমি তাহাকে এক স্থিরবুদ্ধি পুত্রের সুসংবাদ দিলাম।	
	فَلَمَّا بَلَغَ مَعَهُ السَّعْيَ قَالَ يَا بُنَيَّ إِنِّي أَرَىٰ فِي الْمَنَامِ أَنِّي أَذْبَحُكَ فَانْظُرْ مَاذَا تَرَىٰ ۚ قَالَ يَا أَبَتِ افْعَلْ مَا تُؤْمَرُ ۖ سَتَجِدُنِي إِن شَاءَ اللَّهُ مِنَ الصَّابِرِينَ ﴿١٠٢﴾	102
প্রতিবর্ণায়ন	ফালাম্মা-বালাগা মা'আহুছ্ ছা'ইয়া ক'া-লা ইয়া-বুনাইইয়া ইন্নী~ আরা- ফিল্ মানা-মি আন্নী~ আয'বাহু'কা ফাংজু'র্ মা-য'া- তারা- (ط) ক'া-লা ইয়া~আবাতিফ্'আল্ মা-তু'মারু (ز) ছাতাজিদুনী~ইং শা-আল্লা-হু মিনাসসা-বিরীন্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর সে যখন তাহার পিতার সঙ্গে কাজ করিবার মত বয়সে উপনীত হইল তখন ইবরাহীম বলিল, 'বৎস! আমি স্বপ্নে দেখি যে, তোমাকে আমি যবেহ্ করিতেছি, এখন তোমার অভিমত কি বল ?' সে বলিল, 'হে আমার পিতা! আপনি যাহা আদিষ্ট হইয়াছেন তাহাই করুন। আল্লাহ্র ইচ্ছায় আপনি আমাকে ধৈর্যশীল পাইবেন।'	
	فَلَمَّآ اَسۡلَمَا وَتَلَّهٗ لِلۡجَبِيۡنِ ﴿۱۰۳﴾	103
প্রতিবর্ণায়ন	ফালাম্মা~ আছ্লামা– ওয়া তাল্লাহূ লিল্জাবীন।	
তরজমা	যখন তাহারা উভয়ে আনুগত্য প্রকাশ করিল এবং ইব্রাহীম তাহার পুত্রকে কাত করিয়া শায়িত করিল,	
	وَنَادَيۡنٰهُ اَنۡ يّٰٓاِبۡرٰهِيۡمُ ﴿۱۰۴﴾	104
প্রতিবর্ণায়ন	ওয়া না–দাইনা–হু আইঁ ইয়া~ইবরা–হীম।	
তরজমা	তখন আমি তাহাকে আহ্বান করিয়া বলিলাম, 'হে ইব্রাহীম!	
	قَدۡ صَدَّقۡتَ الرُّءۡيَا ۚ اِنَّا كَذٰلِكَ نَجۡزِى الۡمُحۡسِنِيۡنَ ﴿۱۰۵﴾	105
প্রতিবর্ণায়ন	ক'াদ্ সাদ্দাক'তার্ রু'ইয়া– (চ) ইন্না–কায'া–লিকা নাজঝিল্ মুহ'ছিনীন।	
তরজমা	'তুমি তো স্বপ্নাদেশ সত্যই পালন করিলে!'-এইভাবেই আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি।	
	اِنَّ هٰذَا لَهُوَ الۡبَلٰٓؤُا الۡمُبِيۡنُ ﴿۱۰۶﴾	106
প্রতিবর্ণায়ন	ইন্না হা–য'া– লাহুওয়াল্ বালা~উল্ মুবীন।	
তরজমা	নিশ্চয়ই ইহা ছিল এক স্পষ্ট পরীক্ষা।	
	وَفَدَيۡنٰهُ بِذِبۡحٍ عَظِيۡمٍ ﴿۱۰۷﴾	107
প্রতিবর্ণায়ন	ওয়া ফাদাইনা–হু বিযি'বহি'ন্ 'আজ'ীম।	
তরজমা	আমি তাহাকে মুক্ত করিলাম এক কুরবানীর বিনিময়ে।	
	وَتَرَكۡنَا عَلَيۡهِ فِى الۡاٰخِرِيۡنَ ﴿۱۰۸﴾	108
প্রতিবর্ণায়ন	ওয়া তারাক্না– 'আলাইহি ফিল্ আ–খিরীন।	
তরজমা	আমি ইহা পরবর্তীদের স্মরণে রাখিয়াছি।	
	سَلٰمٌ عَلٰٓى اِبۡرٰهِيۡمَ ﴿۱۰۹﴾	109
প্রতিবর্ণায়ন	ছালা–মুন্ 'আলা~ ইবরা–হীম।	
তরজমা	ইব্রাহীমের উপর শান্তি বর্ষিত হউক!	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿١١٠﴾	110
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা নাজঝিল্ মুহ'ছিনীন।	
তরজমা	এইভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি।	
	اِنَّهٗ مِنْ عِبَادِنَا الْمُؤْمِنِيْنَ ﴿١١١﴾	111
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ মিন্ 'ইবা-দিনাল মু'মুনীন।	
তরজমা	নিশ্চয়ই সে ছিল আমার মু'মিন বান্দাদের অন্যতম;	
	وَبَشَّرْنٰهُ بِاِسْحٰقَ نَبِيًّا مِّنَ الصّٰلِحِيْنَ ﴿١١٢﴾	112
প্রতিবর্ণায়ন	ওয়া বাশ্শার্না-হু বিইছহ'া-ক'া নাবিইয়াম মিনাসসা-লিহ'ীন।	
তরজমা	আমি তাহাকে সুসংবাদ দিয়াছিলাম ইস্হাকের, সে ছিল এক নবী, সৎকর্মপরায়ণদের অন্যতম,	
প্রতিবর্ণায়ন	ওয়া আল্লা-তা'লূ 'আল্লাল্লা-হি (ج) ইন্নী~ আ-তীকুম্ বিছুল্ত'া-নিম মুবীন্।	
তরজমা	'এবং তোমরা আল্লাহ্‌র বিরুদ্ধে ঔদ্ধত্য প্রকাশ করিও না, আমি তোমাদের নিকট উপস্থিত করিতেছি স্পষ্ট প্রমাণ।	
	وَاِنِّيْ عُذْتُ بِرَبِّيْ وَرَبِّكُمْ اَنْ تَرْجُمُوْنِ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নী 'উয্'তু বিরাব্বী ওয়া রাব্বিকুম্ আং তার্‌জুমূন।	
তরজমা	'তোমরা যাহাতে আমাকে প্রস্তরাঘাতে হত্যা করিতে না পার, তজ্জন্য আমি আমার প্রতিপালক ও তোমাদের প্রতিপালকের শরণ লইতেছি।	
	وَاِنْ لَّمْ تُؤْمِنُوْا لِيْ فَاعْتَزِلُوْنِ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ইল্লাম্ তু'মিনূলী ফা'তাঝিলূন।	
তরজমা	'যদি তোমরা আমার কথায় বিশ্বাস স্থাপন না কর, তবে তোমরা আমার নিকট হইতে দূরে থাক।'	
	فَدَعَا رَبَّهٗٓ اَنَّ هٰٓؤُلَآءِ قَوْمٌ مُّجْرِمُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ফাদা'আ- রাব্বাহূ~ আন্না হা~উলা~ই ক'াওমুম্ মুজরিমূন।	
তরজমা	অতঃপর মূসা তাহার প্রতিপালকের নিকট নিবেদন করিল, 'ইহারা তো এক অপরাধী সম্প্রদায়।'	
	فَاَسْرِ بِعِبَادِيْ لَيْلًا اِنَّكُمْ مُّتَّبَعُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ফাআছ্‌রি বি'ইবা-দী লাইলান্ ইন্নাকুম্ মুত্তাবা'ঊন।	
তরজমা	আমি বলিয়াছিলাম, 'তুমি আমার বান্দাদেরকে লইয়া রজনীযোগে বাহির হইয়া পড়, তোমাদের পশ্চাদ্ধাবন করা হইবেই।'	
	وَاتْرُكِ الْبَحْرَ رَهْوًا ۭ اِنَّهُمْ جُنْدٌ مُّغْرَقُوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়াত্‌রুকিল্ বাহ'রা রাহ্‌ওয়া- (ط) ইন্নাহুম্ জংদুম্ মুগ্‌রাক'ূন।	
তরজমা	সমুদ্রকে স্থির থাকিতে দাও, উহারা এমন এক বাহিনী যাহা নিমজ্জিত হইবেই।	
	كَمْ تَرَكُوْا مِنْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	কাম্ তারাকূ মিং জান্না-তিওঁ ওয়া 'উইয়ূন।	
তরজমা	উহারা পশ্চাতে রাখিয়া গিয়াছিল কত উদ্যান ও প্রস্রবণ;	
	وَّزُرُوْعٍ وَّمَقَامٍ كَرِيْمٍ ﴿٢٦﴾	26

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ঝুরূ'ইওঁ ওয়া মাক'া-মিং কারীম।	
তরজমা	কত শস্যক্ষেত্র ও সুরম্য প্রাসাদ,	
	وَّنَعۡمَةٍ كَانُوۡا فِيۡهَا فٰكِهِيۡنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া না'মাতিং কা-নূ ফীহা- ফা-কিহীন।	
তরজমা	কত বিলাস-উপকরণ, উহাতে তাহারা আনন্দ পাইত!	
	كَذٰلِكَ ۖ وَاَوۡرَثۡنٰهَا قَوۡمًا اٰخَرِيۡنَ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা (ڤف) ওয়া আওরাছ'না-হা- ক'াওমান্ আ-খারীন।	
তরজমা	এইরূপই ঘটিয়াছিল এবং আমি এই সমুদয়ের উত্তরাধিকারী করিয়াছিলাম ভিন্ন সম্প্রদায়কে।	
	فَمَا بَكَتۡ عَلَيۡهِمُ السَّمَآءُ وَالۡاَرۡضُ وَمَا كَانُوۡا مُنۡظَرِيۡنَ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	ফামা-বাকাত্ 'আলাইহিমুছ্ ছামা~উ ওয়াল্ আর্দু' ওয়ামা- কা-নূ মুংজ'ারীন।	
তরজমা	আকাশ এবং পৃথিবী কেহই উহাদের জন্যে অশ্রুপাত করে নাই এবং উহাদেরকে অবকাশও দেওয়া হয় নাই।	
	وَلَقَدۡ نَجَّيۡنَا بَنِىۡۤ اِسۡرَآءِيۡلَ مِنَ الۡعَذَابِ الۡمُهِيۡنِ ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ্ নাজ্জাইনা- বানী~ ইছ্রা~ঈলা মিনাল্ 'আয'া-বিল্ মুহীন।	
তরজমা	আমি তো উদ্ধার করিয়াছিলাম বনী ইসরাঈলকে লাঞ্ছনাদায়ক শাস্তি হইতে	
	مِنۡ فِرۡعَوۡنَ ؕ اِنَّهٗ كَانَ عَالِيًا مِّنَ الۡمُسۡرِفِيۡنَ ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	মিং ফির্'আওনা (ط) ইন্নাহূ কা-না 'আ-লিয়াম্মিনাল মুছ্রিফীন।	
তরজমা	ফির'আওনের; সে তো ছিল পরাক্রান্ত সীমালংঘনকারীদের মধ্যে।	
	وَلَقَدِ اخۡتَرۡنٰهُمۡ عَلٰى عِلۡمٍ عَلَى الۡعٰلَمِيۡنَ ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদিখ্তার্না-হুম্ 'আলা- 'ইলমিন্ 'আলাল্ 'আ-লামীন।	
তরজমা	আমি তো জানিয়া-শুনিয়াই উহাদেরকে বিশ্বে শ্রেষ্ঠত্ব দিয়াছিলাম,	
	وَاٰتَيۡنٰهُمۡ مِّنَ الۡاٰيٰتِ مَا فِيۡهِ بَلٰٓؤٌا مُّبِيۡنٌ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তাইনা-হুম্ মিনাল্ আ-য়া-তি মা-ফীহি বালা~উম মুবীন।	
তরজমা	এবং উহাদেরকে দিয়াছিলাম নিদর্শনাবলী, যাহাতে ছিল সুস্পষ্ট পরীক্ষা;	
	اِنَّ هٰٓؤُلَآءِ لَيَقُوۡلُوۡنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ইন্না হা~উলা~ই লাইয়াক্'লূন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা বলিয়াই থাকে,	
	إِنْ هِيَ إِلَّا مَوْتَتُنَا الْأُولَىٰ وَمَا نَحْنُ بِمُنشَرِينَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্ হিয়া ইল্লা– মাওতাতুনাল্ উলা– ওয়ামা– নাহ্নু বিমুংশারীন।	
তরজমা	'আমাদের প্রথম মৃত্যু ব্যতীত আর কিছুই নাই এবং আমরা আর উত্থিত হইব না।	
	فَأْتُوا بِآبَائِنَا إِن كُنتُمْ صَادِقِينَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফা'তূ বিআ–বা~ইনা~ ইং কংতুম্ সা–দিক্বীন।	
তরজমা	'অতএব তোমরা যদি সত্যবাদী হও তবে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর।'	
	أَهُمْ خَيْرٌ أَمْ قَوْمُ تُبَّعٍ وَالَّذِينَ مِن قَبْلِهِمْ أَهْلَكْنَاهُمْ إِنَّهُمْ كَانُوا مُجْرِمِينَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আহুম্ খাইরুন্ আম্ ক'াওমু তুব্বা'ইওঁ (لا) ওয়াল্লায'ীনা মিং ক'াব্লিহিম্ (ط) আহ্লাক্না–হুম্ (ز) ইন্নাহুম্ কা–নূ মুজরিমীন।	
তরজমা	শ্রেষ্ঠ কি উহারা, না তুব্বা সম্প্রদায় ও ইহাদের পূর্ববর্তীরা ? আমি উহাদেরকে ধ্বংস করিয়াছিলাম, অবশ্যই উহারা ছিল অপরাধী।	
	وَمَا خَلَقْنَا السَّمَاوَاتِ وَالْأَرْضَ وَمَا بَيْنَهُمَا لَاعِبِينَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়ামা– খালাক্'নাছছামা–ওয়া–তি ওয়াল্ আর্দ'া ওয়ামা বাইনাহুমা– লা–'ইবীন।	
তরজমা	আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যে কোন কিছুই ক্রীড়াচ্ছলে সৃষ্টি করি নাই;	
	مَا خَلَقْنَاهُمَا إِلَّا بِالْحَقِّ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	মা–খালাক্'না–হুমা~ ইল্লা বিল্হ'াক্কি' ওয়ালা–কিন্না আক্ছ'ারাহুম্ লা–ইয়া'লামূন।	
তরজমা	আমি এই দুইটি অযথা সৃষ্টি করি নাই, কিন্তু উহাদের অধিকাংশই ইহা জানে না।	
	إِنَّ يَوْمَ الْفَصْلِ مِيقَاتُهُمْ أَجْمَعِينَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ইন্না ইয়াওমাল্ ফাসলি মীক'া–তুহুম্ আজমা'ঈন।	
তরজমা	নিশ্চয়ই সকলের জন্য নির্ধারিত রহিয়াছে উহাদের বিচার দিবস।	
	يَوْمَ لَا يُغْنِي مَوْلًى عَن مَّوْلًى شَيْئًا وَلَا هُمْ يُنصَرُونَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ইয়াওমা লা–ইউগনী মাওলান্ 'আম মাওলাং শাইআওঁ ওয়ালা–হুম্ ইউংসারূন।	
তরজমা	সেদিন এক বন্ধু অপর বন্ধুর কোন কাজে আসিবে না এবং উহারা সাহায্যও পাইবে না।	
	إِلَّا مَن رَّحِمَ اللَّهُ إِنَّهُ هُوَ الْعَزِيزُ الرَّحِيمُ ﴿٤٢﴾	42

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইল্লা-মার্‌রাহি'মাল্লা-হু (ط) ইন্নাহূ হুওয়াল্ 'আঝীঝুর রাহ'ীম।	
তরজমা	তবে আল্লাহ্ যাহার প্রতি দয়া করেন তাহার কথা স্বতন্ত্র। তিনি তো পরাক্রমশালী, পরম দয়ালু।	
	إِنَّ شَجَرَتَ الزَّقُّومِ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	ইন্না শাজারাতায্‌ঝাক্কূ'ম্।	
তরজমা	নিশ্চয়ই যাক্কুম বৃক্ষ হইবে-	
	طَعَامُ الْأَثِيمِ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ত'া'আ-মুল আছ'ীম।	
তরজমা	পাপীর খাদ্য;	
	كَالْمُهْلِ يَغْلِي فِي الْبُطُونِ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	কাল্‌মুহ্‌লি (ع) ইয়াগলী ফিল্‌বুতূ'ন।	
তরজমা	গলিত তাম্রের মত, উহাদের উদরে ফুটিতে থাকিবে	
	كَغَلْيِ الْحَمِيمِ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	কাগাল্‌ইল্ হ'ামীম।	
তরজমা	ফুটন্ত পানির মত।	
	خُذُوهُ فَاعْتِلُوهُ إِلَىٰ سَوَاءِ الْجَحِيمِ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	খুযূ'হু ফা'তিলূহু ইলা-ছাওয়া~ইল্ জাহ'ীম।	
তরজমা	উহাকে ধর এবং টানিয়া লইয়া যাও জাহান্নামের মধ্যস্থলে,	
	ثُمَّ صُبُّوا فَوْقَ رَأْسِهِ مِنْ عَذَابِ الْحَمِيمِ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা সুব্বূ ফাওক'া রা'ছিহী মিন্ 'আয'া-বিল্ হ'ামীম।	
তরজমা	অতঃপর উহার মস্তকের উপর ফুটন্ত পানি ঢালিয়া শাস্তি দাও-	
	ذُقْ إِنَّكَ أَنْتَ الْعَزِيزُ الْكَرِيمُ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	যু'ক্' (ج) ইন্নাকা আংতাল্ 'আঝীঝুল কারীম।	
তরজমা	এবং বলা হইবে 'আস্বাদ গ্রহণ কর, তুমি তো ছিলে সম্মানিত, অভিজাত!	
	إِنَّ هَٰذَا مَا كُنْتُمْ بِهِ تَمْتَرُونَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ইন্না হা-য'া-মা- কুংতুম্ বিহী তাম্‌তারূন।	
তরজমা	'ইহা তো উহাই, যে বিষয়ে তোমরা সন্দেহ করিতে।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ مَقَامٍ اَمِيْنٍ ۙ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুত্তাক ীনা ফী মাক া-মিন্ আমীন্।	
তরজমা	মুত্তাকীরা তো থাকিবে নিরাপদ স্থানে-	
	فِيْ جَنّٰتٍ وَّعُيُوْنٍ ۚ﴿۵۲﴾	52
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিওঁ ওয়া ‘উইউন।	
তরজমা	উদ্যান ও ঝর্ণার মাঝে,	
	يَّلْبَسُوْنَ مِنْ سُنْدُسٍ وَّاِسْتَبْرَقٍ مُّتَقٰبِلِيْنَ ۚ﴿۵۳﴾	53
প্রতিবর্ণায়ন	ইয়াল্বাছূনা মিং ছুংদুছিওঁ ওয়া ইছ্তাব্রাকি ম মুতাক া-বিলীন।	
তরজমা	তাহারা পরিধান করিবে মিহি ও পুরু রেশমী বস্ত্র এবং মুখোমুখি হইয়া বসিবে।	
	كَذٰلِكَ ۫ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ ؕ﴿۵۴﴾	54
প্রতিবর্ণায়ন	কায া-লিকা (قف) ওয়া ঝাওওয়াজনা-হুম্ বিহূ রিন্ ‘ঈন্।	
তরজমা	এইরূপই ঘটিবে; আমি উহাদেরকে সঙ্গিনী দান করিব আয়তলোচনা হুর,	
	يَدْعُوْنَ فِيْهَا بِكُلِّ فَاكِهَةٍ اٰمِنِيْنَ ۙ﴿۵۵﴾	55
প্রতিবর্ণায়ন	ইয়াদ্‘ঊনা ফীহা-বিকুল্লি ফা-কিহাতিন আ-মিনীন।	
তরজমা	সেথায় তাহারা প্রশান্ত চিত্তে বিবিধ ফলমূল আনিতে বলিবে।	
	لَا يَذُوْقُوْنَ فِيْهَا الْمَوْتَ اِلَّا الْمَوْتَةَ الْاُوْلٰى ۚ وَوَقٰهُمْ عَذَابَ الْجَحِيْمِ ۙ﴿۵۶﴾	56
প্রতিবর্ণায়ন	লা-ইয়াযূ কূ না ফীহাল্ মাওতা ইল্লাল্ মাওতাতাল্ উলা- (ج) ওয়া ওয়াক া-হুম্ ‘আয া-বাল্ জাহ ীম।	
তরজমা	প্রথম মৃত্যুর পর তাহারা সেখানে আর মৃত্যু আস্বাদন করিবে না। আর তাহাদেরকে জাহান্নামের শাস্তি হইতে রক্ষা করিবেন-	
	فَضْلًا مِّنْ رَّبِّكَ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْعَظِيْمُ ؕ﴿۵۷﴾	57
প্রতিবর্ণায়ন	ফাদ লাম মির্ রাব্বিকা (ط) য া-লিকা হুওয়াল্ ফাওযুল্ ‘আজ ীম।	
তরজমা	তোমার প্রতিপালক নিজ অনুগ্রহে। ইহাই তো মহাসাফল্য।	
	فَاِنَّمَا يَسَّرْنٰهُ بِلِسَانِكَ لَعَلَّهُمْ يَتَذَكَّرُوْنَ ﴿۵۸﴾	58
প্রতিবর্ণায়ন	ফাইন্নামা- ইয়াছ্ছার্না-হু বিলিছা-নিকা লা‘আল্লাহুম্ ইয়াতায া-ক্কারূন।	
তরজমা	আমি তো তোমার ভাষায় কুরআনকে সহজ করিয়া দিয়াছি, যাহাতে উহারা উপদেশ গ্রহণ করে।	

	فَارْتَقِبْ اِنَّهُمْ مُّرْتَقِبُوْنَ ﴿۵۹﴾	59
প্রতিবর্ণায়ন	ফারতাকি'ব্ ইন্নাহুম্ মুর্তাকি'বূন।	
তরজমা	সুতরাং তুমি প্রতীক্ষা কর, উহারাও প্রতীক্ষমাণ।	

45 - Al-Jathiyah-জাসিয়া -الجاثية

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	حٰمٓ ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	হ'া-মী~ম্।	
তরজমা	হা-মীম।	
	تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	তাংঝীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ 'আঝীঝিল্ হ'াকীম।	
তরজমা	এই কিতাব পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতে অবতীর্ণ।	
	اِنَّ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ لَاٰيٰتٍ لِّلْمُؤْمِنِيْنَ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্না ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আরদি' লাআ-য়া-তিল্ লিল্মু'মিনীন।	
তরজমা	নিশ্চয়ই আকাশমণ্ডলী ও পৃথিবীতে নিদর্শন রহিয়াছে মু'মিনদের জন্য।	
	وَفِيْ خَلْقِكُمْ وَمَا يَبُثُّ مِنْ دَآبَّةٍ اٰيٰتٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়াফী খালকি'কুম ওয়ামা- ইয়াবুছ্ ছু' মিং দা~ব্বাতিন্ আ-য়া-তুল লিক'াওমিই ইউকি'নূন।	
তরজমা	তোমাদের সৃজনে এবং জীবজন্তুর বিস্তারে নিদর্শন রহিয়াছে নিশ্চিত বিশ্বাসীদের জন্য;	
	وَاخْتِلَافِ الَّيْلِ وَالنَّهَارِ وَمَآ اَنْزَلَ اللّٰهُ مِنَ السَّمَآءِ مِنْ رِّزْقٍ فَاَحْيَا بِهِ الْاَرْضَ بَعْدَ مَوْتِهَا وَتَصْرِيْفِ الرِّيٰحِ اٰيٰتٌ لِّقَوْمٍ يَّعْقِلُوْنَ ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়াখ্‌তিলা- ফিল্লাইলি ওয়া ন্নাহা-রি ওয়ামা~আংঝালাল্লা-হু মিনাছ্ ছামা~ই মির্ রিঝকি'ং ফাআহ'ইয়া- বিহিল্ আর্দ'া বা'দা মাওতিহা- ওয়া তাসরীফির্ রিয়া-হি' আ-য়া-তুল্ লিক'াওমিই ইয়া'কি'লূন।	
তরজমা	নিদর্শন রহিয়াছে চিন্তাশীল সম্প্রদায়ের জন্য, রাত্রি ও দিবসের পরিবর্তনে এবং আল্লাহ্ আকাশ হইতে যে বারি বর্ষণ দ্বারা ধরিত্রীকে উহার মৃত্যুর পর পুনর্জীবিত করেন তাহাতে ও বায়ুর পরিবর্তনে।	
	تِلْكَ اٰيٰتُ اللّٰهِ نَتْلُوْهَا عَلَيْكَ بِالْحَقِّ ۚ فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَ اللّٰهِ وَاٰيٰتِهٖ يُؤْمِنُوْنَ ﴿۶﴾	6

প্রতিবর্ণায়ন	তিল্কা আ-য়া-তুল্লা-হি নাত্লূহা- 'আলাইকা বিল্হ'াক্কি' ফাবিআইয়ি হ'াদীছি'ম্ বা'দাল্লা-হি ওয়া আ-য়া-তিহী ইউ'মিনূন।	
তরজমা	এইগুলি আল্লাহ্র আয়াত, যাহা আমি তোমার নিকট তিলাওয়াত করিতেছি যথাযথভাবে। সুতরাং আল্লাহ্র এবং তাঁহার আয়াতের পরিবর্তে উহারা আর কোন্ বাণীতে বিশ্বাস করিবে ?	
	وَيْلٌ لِّكُلِّ اَفَّاكٍ اَثِيْمٍ ۙ	7
প্রতিবর্ণায়ন	ওয়াইলুল্লি কুল্লি আফ্ফা-কিন্ আছ'ীম্।	
তরজমা	দুর্ভোগ প্রত্যেক ঘোর মিথ্যাবাদী পাপীর,	
	يَّسْمَعُ اٰيٰتِ اللّٰهِ تُتْلٰى عَلَيْهِ ثُمَّ يُصِرُّ مُسْتَكْبِرًا كَاَنْ لَّمْ يَسْمَعْهَا ۚ فَبَشِّرْهُ بِعَذَابٍ اَلِيْمٍ ۝	8
প্রতিবর্ণায়ন	ইয়াছ্মা'উ আ-য়া-তিল্লা-হি তুত্লা-'আলাইহি ছু'ম্মা ইউসির্রু মুছ্তাক্বিরাং কাআল্লাম্ ইয়াছ্মা'হা- (ج) ফাবাশ্শির্হু বি'আয'া-বিন্ আলীম।	
তরজমা	যে আল্লাহ্র আয়াতসমূহের তিলাওয়াত শুনে অথচ ঔদ্ধত্যের সঙ্গে অটল থাকে যেন সে উহা শুনে নাই। উহাকে সংবাদ দাও মর্মন্তুদ শাস্তির;	
	وَاِذَا عَلِمَ مِنْ اٰيٰتِنَا شَيْـًٔا اتَّخَذَهَا هُزُوًا ؕ اُولٰٓئِكَ لَهُمْ عَذَابٌ مُّهِيْنٌ ۝	9
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- 'আলিমা মিন্ আ-য়া-তিনা- শাইআনিত্তাখায'াহা- হুঝুওয়া- (ط) উলা~ইকা লাহুম্ 'আয'া-বুম মুহীন।	
তরজমা	যখন আমার কোন আয়াত সে অবগত হয় তখন উহা লইয়া পরিহাস করে। উহাদের জন্য রহিয়াছে লাঞ্ছনাদায়ক শাস্তি।	
	مِنْ وَّرَآئِهِمْ جَهَنَّمُ ۚ وَلَا يُغْنِىْ عَنْهُمْ مَّا كَسَبُوْا شَيْـًٔا وَّلَا مَا اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ اَوْلِيَآءَ ۚ وَلَهُمْ عَذَابٌ عَظِيْمٌ ۝	10
প্রতিবর্ণায়ন	মিওঁ ওয়ারা~ইহিম্ জাহান্নামু (ج) ওয়ালা- ইউগ্নী 'আন্হুম্ মা-কাছাবূ শাইআওঁ ওয়ালা- মাত্তাখায'ূ মিং দূনিল্লা-হি আওলিয়া~আ (ج) ওয়া লাহুম্ 'আয'া-বুন্ 'আজ'ীম।	
তরজমা	উহাদের পশ্চাতে রহিয়াছে জাহান্নাম; উহাদের কৃতকর্ম উহাদের কোন কাজে আসিবে না, উহারা আল্লাহ্র পরিবর্তে যাহাদেরকে অভিভাবক স্থির করিয়াছে উহারাও নহে। উহাদের জন্য রহিয়াছে মহাশাস্তি।	
	هٰذَا هُدًى ۚ وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِ رَبِّهِمْ لَهُمْ عَذَابٌ مِّنْ رِّجْزٍ اَلِيْمٌ ۝	11
প্রতিবর্ণায়ন	হা-য'া- হুদাওঁ (ج) ওয়াল্লায'ীনা কাফারূ বিআ-য়া-তি রাব্বিহিম্ লাহুম্ 'আয'া-বুম মির্ রিজঝিন্ আলীম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এই কুরআন সৎপথের দিশারী; যাহারা তাহাদের প্রতিপালকের নিদর্শনাবলী প্রত্যাখ্যান করে, উহাদের জন্য রহিয়াছে অতিশয় মর্মন্তুদ শাস্তি।	
	اَللّٰهُ الَّذِیْ سَخَّرَ لَكُمُ الْبَحْرَ لِتَجْرِیَ الْفُلْكُ فِیْهِ بِاَمْرِهٖ وَلِتَبْتَغُوْا مِنْ فَضْلِهٖ وَلَعَلَّكُمْ تَشْكُرُوْنَ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	আল্লা-হুল্লায ী ছাখ্খারা লাকুমুল্ বাহ রা লিতাজরিয়াল্ ফুল্কু ফীহি বিআম্রিহী ওয়ালিতাব্তাগূ মিং ফাদ লিহী ওয়া লা'আল্লাকুম্ তাশ্কুরূন।	
তরজমা	আল্লাহ্ই তো সমুদ্রকে তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন, যাহাতে তাঁহার আদেশে উহাতে নৌযানসমূহ চলাচল করিতে পারে ও যাহাতে তোমরা তাঁহার অনুগ্রহ অনুসন্ধান করিতে পার এবং যেন তোমরা তাঁহার প্রতি কৃতজ্ঞ হও।	
	وَسَخَّرَ لَكُمْ مَّا فِی السَّمٰوٰتِ وَمَا فِی الْاَرْضِ جَمِیْعًا مِّنْهُ ؕ اِنَّ فِیْ ذٰلِكَ لَاٰیٰتٍ لِّقَوْمٍ یَّتَفَكَّرُوْنَ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ছাখ্খারা লাকুম্ মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা-ফিল্ আর্দি জামী'আম্ মিন্হু (ط) ইন্না ফী য া-লিকা লাআ-য়া-তিল্লিক ওমিইঁ ইয়াতাফাক্কারূন।	
তরজমা	আর তিনি তোমাদের কল্যাণে নিয়োজিত করিয়াছেন আকাশমণ্ডলী ও পৃথিবীর সমস্ত কিছু নিজ অনুগ্রহে, চিন্তাশীল সম্প্রদায়ের জন্য ইহাতে তো রহিয়াছে নিদর্শন।	
	قُلْ لِّلَّذِیْنَ اٰمَنُوْا یَغْفِرُوْا لِلَّذِیْنَ لَا یَرْجُوْنَ اَیَّامَ اللّٰهِ لِیَجْزِیَ قَوْمًۢا بِمَا كَانُوْا یَكْسِبُوْنَ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	কু ল্ লিল্লায ীনা আ-মানূ ইয়াগফিরূ লিল্লায ীনা লা-ইয়ারজূনা আইয়া-মাল্লা-হি লিইয়াজঝিয়া ক ওমাম বিমা- কা-নূ ইয়াক্ছিবূন।	
তরজমা	মু'মিনদেরকে বল, 'তাহারা যেন ক্ষমা করে উহাদেরকে, যাহারা আল্লাহ্র দিবসগুলির প্রত্যাশা করে না। ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রত্যেক সম্প্রদায়কে তাহার কৃতকর্মের জন্য প্রতিদান দিবেন।'	
	مَنْ عَمِلَ صَالِحًا فَلِنَفْسِهٖ ۚ وَمَنْ اَسَآءَ فَعَلَیْهَا ۗ ثُمَّ اِلٰی رَبِّكُمْ تُرْجَعُوْنَ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	মান্ 'আমিলা সা-লিহ ং ফালিনাফ্ছিহী (ج) ওয়ামান্ আছা~আ ফা'আলাইহা- (ز) ছু ম্মা ইলা- রাব্বিকুম্ তুর্জা'উন।	
তরজমা	যে সৎকর্ম করে সে তাহার কল্যাণের জন্যই উহা করে এবং কেহ মন্দ কর্ম করিলে উহার প্রতিফল সে-ই ভোগ করিবে, অতঃপর তোমরা তোমাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তিত হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَقَدْ اٰتَيْنَا بَنِيْٓ اِسْرَآءِيْلَ الْكِتٰبَ وَالْحُكْمَ وَالنُّبُوَّةَ وَرَزَقْنٰهُمْ مِّنَ الطَّيِّبٰتِ وَفَضَّلْنٰهُمْ عَلَى الْعٰلَمِيْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ আ-তাইনা- বানী~ ইছ্রা~ঈলাল্ কিতা-বা ওয়াল্ হু'ক্মা ওয়ান্ নুবুওওয়াতা ওয়া রাঝাক'না-হুম্ মিনাত্ত'াইয়িবা-তি ওয়া ফাদ্দ'াল্না-হুম্ 'আলাল্ 'আ-লামীন।	
তরজমা	আমি তো বনী ইসরাঈলকে কিতাব, কর্তৃত্ব ও নবুওয়াত দান করিয়াছিলাম এবং উহাদেরকে উত্তম জীবনোপকরণ দিয়াছিলাম এবং দিয়াছিলাম শ্রেষ্ঠত্ব বিশ্বজগতের উপর।	
	وَاٰتَيْنٰهُمْ بَيِّنٰتٍ مِّنَ الْاَمْرِ ۚ فَمَا اخْتَلَفُوْٓا اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَهُمُ الْعِلْمُ ۢ بَغْيًۢا بَيْنَهُمْ ۭ اِنَّ رَبَّكَ يَقْضِيْ بَيْنَهُمْ يَوْمَ الْقِيٰمَةِ فِيْمَا كَانُوْا فِيْهِ يَخْتَلِفُوْنَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া আ-তাইনা-হুম্ বাইয়িনা-তিম মিনাল্ আম্রি (ج) ফামাখ্ তালাফূ~ ইল্লা-মিম্ বা'দি মা-জা~আহুমুল্ 'ইল্মু (لا) বাগ্ইয়াম্ বাইনাহুম্ (ط) ইন্না রাব্বাকা ইয়াক'দ'ী বাইনাহুম্ ইয়াওমাল্ কি'য়া-মাতি ফীমা- কা-নূ ফীহি ইয়াখ্তালিফূন।	
তরজমা	আমি উহাদেরকে সুস্পষ্ট প্রমাণ দান করিয়াছিলাম দীন সম্পর্কে। উহাদের নিকট জ্ঞান আসিবার পর উহারা শুধু পরস্পর বিদ্বেষবশত বিরোধিতা করিয়াছিল। উহারা যে বিষয়ে মতবিরোধ করিত, তোমার প্রতিপালক কিয়ামতের দিন উহাদের মধ্যে সে বিষয়ে ফয়সালা করিয়া দিবেন।	
	ثُمَّ جَعَلْنٰكَ عَلٰي شَرِيْعَةٍ مِّنَ الْاَمْرِ فَاتَّبِعْهَا وَلَا تَتَّبِعْ اَهْوَاۗءَ الَّذِيْنَ لَا يَعْلَمُوْنَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা জা'আল্না-কা 'আলা- শারী'আতিম মিনাল্ আম্রি ফাত্তাবি'হা- ওয়ালা-তাত্তাবি' আহ্ওয়া~আল্লায'ীনা লা-ইয়া'লামূন।	
তরজমা	ইহার পর আমি তোমাকে প্রতিষ্ঠিত করিয়াছি দীনের বিশেষ বিধানের উপর; সুতরাং তুমি উহার অনুসরণ কর, অজ্ঞদের খেয়াল-খুশির অনুসরণ করিও না।	
	اِنَّهُمْ لَنْ يُّغْنُوْا عَنْكَ مِنَ اللّٰهِ شَيْـــًٔا ۭ وَاِنَّ الظّٰلِمِيْنَ بَعْضُهُمْ اَوْلِيَاۗءُ بَعْضٍ ۚ وَاللّٰهُ وَلِيُّ الْمُتَّقِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্নাহুম্ লাইঁ ইউগ্নূ 'আংকা মিনাল্লা-হি শাইআওঁ (ط) ওয়া ইন্নাজ্জ'া-লিমীনা বা'দু'হুম্ আওলিয়া~উ বা'দি'ওঁ (ج) ওয়াল্লা-হু ওয়ালিইয়ুল্ মুত্তাক'ীন।	
তরজমা	আল্লাহ্র মুকাবিলায় উহারা তোমার কোনই উপকার করিতে পারিবে না; জালিমরা তো একে অপরের বন্ধু ; আর আল্লাহ্ মুত্তাকীদের বন্ধু।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	هٰذَا بَصَآئِرُ لِلنَّاسِ وَهُدًى وَّ رَحْمَةٌ لِّقَوْمٍ يُّوْقِنُوْنَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	হা-যা'া- বাসা~ইরু লিন্না-ছি ওয়া হুদাওঁ ওয়া রাহ'মাতুল লিক'াওমিইঁ ইউকি'নূন।	
তরজমা	এই কুরআন মানবজাতির জন্য সুস্পষ্ট দলীল এবং নিশ্চিত বিশ্বাসী সম্প্রদায়ের জন্য পথনির্দেশ ও রহমত।	
	اَمْ حَسِبَ الَّذِيْنَ اجْتَرَحُوا السَّيِّاٰتِ اَنْ نَّجْعَلَهُمْ كَالَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ سَوَآءً مَّحْيَاهُمْ وَ مَمَاتُهُمْ ؕ سَآءَ مَا يَحْكُمُوْنَ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	আম্ হ'াছিবাল্লায'ীনাজ তারাহু'ছ্ ছাইয়িআ-তি আন নাজ'আলাহুম্ কাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ'া-তি (لا) ছাওয়া~আম মাহ'ইয়া-হুম্ ওয়া মামা-তুহুম্ (ط) ছাআ~মা-ইয়াহ'কুমূন।	
তরজমা	দুষ্কৃতিকারীরা কি মনে করে যে, আমি জীবন ও মৃত্যুর দিক দিয়া উহাদেরকে তাহাদের সমান গণ্য করিব, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে ? উহাদের সিদ্ধান্ত কত মন্দ !	
	وَخَلَقَ اللّٰهُ السَّمٰوٰتِ وَالْاَرْضَ بِالْحَقِّ وَلِتُجْزٰى كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ وَهُمْ لَا يُظْلَمُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া খালাক'াল্লা-হুছ্ ছামা-ওয়াতি ওয়াল্ আর্দ'া বিল্হ'াক্কি' ওয়া লিতুজঝা- কুল্লু নাফ্ছিম্ বিমা- কাছাবাত ওয়া হুম্ লা- ইউজ্'লামূন।	
তরজমা	আল্লাহ্ আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন যথাযথভাবে এবং যাহাতে প্রত্যেক ব্যক্তিকে তাহার কর্মানুযায়ী ফল দেওয়া যাইতে পারে আর তাহাদের প্রতি জুলুম করা হইবে না।	
	اَفَرَءَيْتَ مَنِ اتَّخَذَ اِلٰهَهٗ هَوٰىهُ وَاَضَلَّهُ اللّٰهُ عَلٰى عِلْمٍ وَّ خَتَمَ عَلٰى سَمْعِهٖ وَقَلْبِهٖ وَجَعَلَ عَلٰى بَصَرِهٖ غِشٰوَةً ؕ فَمَنْ يَّهْدِيْهِ مِنْۢ بَعْدِ اللّٰهِ ؕ اَفَلَا تَذَكَّرُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	আফারাআইতা মানিত্তাখায'া ইলা-হাহূ হাওয়া-হু ওয়া আদ'াল্লাহুল্লা-হু 'আলা-'ইল্মিওঁ ওয়াখাতামা 'আলা- ছাম্'ইহী ওয়া ক'ালবিহী ওয়া জা'আলা 'আলা- বাসারিহী গিশা-ওয়াতাং (ط) ফামাইঁ ইয়াহ্দীহি মিম্ বা'দিল্লা-হি (ط) আফালা- তায'াক্কারূন।	
তরজমা	তুমি কি লক্ষ্য করিয়াছ তাহাকে, যে তাহার খেয়াল-খুশিকে নিজ ইলাহ্ বানাইয়া লইয়াছে ? আল্লাহ্ জানিয়া-শুনিয়াই উহাকে বিভ্রান্ত করিয়াছেন এবং উহার কর্ণ ও হৃদয় মোহর করিয়া দিয়াছেন এবং উহার চক্ষুর উপর রাখিয়াছেন আবরণ। অতএব আল্লাহ্র পরে কে তাহাকে পথনির্দেশ করিবে ? তবুও কি তোমরা উপদেশ গ্রহণ করিবে না ?	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَالُوْا مَا هِيَ اِلَّا حَيَاتُنَا الدُّنْيَا نَمُوْتُ وَنَحْيَا وَمَا يُهْلِكُنَآ اِلَّا الدَّهْرُ ۚ وَمَا لَهُمْ بِذٰلِكَ مِنْ عِلْمٍ ۚ اِنْ هُمْ اِلَّا يَظُنُّوْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লূ মা-হিয়া ইল্লা- হ'ায়া-তুনাদ্দুন্ইয়া- নামূতু ওয়া নাহ'ইয়া- ওয়ামা- ইউহ্লিকুনা~ ইল্লাদ্দাহ্রু (ج) ওয়ামা- লাহুম্ বিয'া-লিকা মিন্ 'ইলমিন্ (ج) ইন্হুম্ ইল্লা- ইয়াজু'ন্নুন।	
তরজমা	উহারা বলে, 'একমাত্র পার্থিব জীবনই আমাদের জীবন, আমরা মরি ও বাঁচি আর কালই আমাদেরকে ধ্বংস করে।' বস্তুত এই ব্যাপারে উহাদের কোন জ্ঞান নাই, উহারা তো কেবল মনগড়া কথা বলে।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ مَّا كَانَ حُجَّتَهُمْ اِلَّآ اَنْ قَالُوا ائْتُوْا بِاٰبَآئِنَآ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- তুত্লা 'আলাইহিম্ আ-য়া-তুনা- বাইয়িনা-তিম মা-কা-না হু'জ্জাতাহুম্ ইল্লা~ আং ক'া-লু'তূ বিআ-বা~ইনা~ ইং কুংতুম্ সা-দিক'ীন।	
তরজমা	উহাদের নিকট যখন আমার সুস্পষ্ট আয়াত আবৃত্তি করা হয় তখন উহাদের কোন যুক্তি থাকে না কেবল এই উক্তি ছাড়া যে, তোমরা সত্যবাদী হইলে আমাদের পূর্বপুরুষদেরকে উপস্থিত কর।	
	قُلِ اللّٰهُ يُحْيِيْكُمْ ثُمَّ يُمِيْتُكُمْ ثُمَّ يَجْمَعُكُمْ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ لَا رَيْبَ فِيْهِ وَلٰكِنَّ اَكْثَرَ النَّاسِ لَا يَعْلَمُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	কু'লিল্লা-হু ইউহ'ঈকুম্ ছু'ম্মা ইয়াজমা'উকুম্ ইলা-ইয়াওমিল্ কি'য়া-মাতি লা-রাইবা ফীহি ওয়ালা- কিন্না আক্ছ'ারান্না-ছি লা- ইয়া'লামূন্।	
তরজমা	বল, 'আল্লাহ্ই তোমাদেরকে জীবন দান করেন ও তোমাদের মৃত্যু ঘটান। অতঃপর তিনি তোমাদেরকে কিয়ামত দিবসে একত্র করিবেন, যাহাতে কোন সন্দেহ নাই। কিন্তু অধিকাংশ মানুষ তাহা জানে না।'	
	وَلِلّٰهِ مُلْكُ السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۭ وَيَوْمَ تَقُوْمُ السَّاعَةُ يَوْمَىِٕذٍ يَّخْسَرُ الْمُبْطِلُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মুল্কুছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি' (ط) ওয়া ইয়াওমা তাকূ'মুছ্ছা-'আতু ইয়াওমাইযি'ইঁ ইয়াখ্ছারুল্ মুব্তি'লূন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীর আধিপত্য আল্লাহ্রই, যেদিন কিয়ামত সংঘটিত হইবে সেদিন মিথ্যাশ্রয়ীরা হইবে ক্ষতিগ্রস্ত,	
	وَتَرٰى كُلَّ اُمَّةٍ جَاثِيَةً ۭ كُلُّ اُمَّةٍ تُدْعٰٓى اِلٰى كِتٰبِهَا ۭ اَلْيَوْمَ تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٨﴾	28

প্রতিবর্ণায়ন	ওয়া তারা-কুল্লা উম্মাতিং জা-ছি'য়াতাং (قف) কুল্লু উম্মাতিং তুদ্'আ~ ইলা- কিতা-বিহা- (ط) আল্ইয়াওমা তুজঝাওনা মা- কুংতুম্ তা'লামূন।	
তরজমা	এবং তুমি প্রত্যেক সম্প্রদায়কে দেখিবে ভয়ে নতজানু, প্রত্যেক সম্প্রদায়কে তাহার আমলনামার প্রতি আহ্বান করা হইবে ও বলা হইবে, 'আজ তোমাদেরকে তাহারই প্রতিফল দেওয়া হইবে যাহা তোমরা করিতে।	
	هٰذَا كِتٰبُنَا يَنْطِقُ عَلَيْكُمْ بِالْحَقِّ ؕ اِنَّا كُنَّا نَسْتَنْسِخُ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	হা-য'া- কিতা-বুনা- ইয়াংতি'কু' 'আলাইকুম্ বিল্হ'াক্কি' (ط) ইন্না- কুন্না- নাছ্তাংছিখু মা- কুংতুম্ তা'মালূন।	
তরজমা	'এই আমার লিপি, ইহা তোমাদের বিরুদ্ধে সাক্ষ্য দিবে সত্যভাবে। তোমরা যাহা করিতে তাহা আমি লিপিবদ্ধ করিয়াছিলাম।'	
	فَاَمَّا الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ فَيُدْخِلُهُمْ رَبُّهُمْ فِيْ رَحْمَتِهٖ ؕ ذٰلِكَ هُوَ الْفَوْزُ الْمُبِيْنُ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহ'া-তি ফাইউদ্খিলুহুম্ রাব্বুহুম্ ফী রাহ'মাতিহী (ط) য'া-লিকা হুওয়াল্ ফাওঝুল্ মুবীন।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহাদের প্রতিপালক তাহাদেরকে দাখিল করিবেন স্বীয় রহমতে। ইহাই মহাসাফল্য।	
	وَاَمَّا الَّذِيْنَ كَفَرُوْا ۫ اَفَلَمْ تَكُنْ اٰيٰتِيْ تُتْلٰى عَلَيْكُمْ فَاسْتَكْبَرْتُمْ وَكُنْتُمْ قَوْمًا مُّجْرِمِيْنَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল্লায'ীনা কাফারূ (قف) আফালাম্ তাকুন্ আ-য়া-তী তুত্লা- 'আলাইকুম্ ফাছ্তাক্বার্তুম্ ওয়া কুংতুম্ ক'াওমাম মুজরিমীন।	
তরজমা	পক্ষান্তরে, যাহারা কুফরী করে তাহাদেরকে বলা হইবে, 'তোমাদের নিকট কি আমার আয়াতসমূহ পাঠ করা হয় নাই ? কিন্তু তোমরা ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিলে এবং তোমরা ছিলে এক অপরাধী সম্প্রদায়।'	
	وَاِذَا قِيْلَ اِنَّ وَعْدَ اللّٰهِ حَقٌّ وَّالسَّاعَةُ لَا رَيْبَ فِيْهَا قُلْتُمْ مَّا نَدْرِيْ مَا السَّاعَةُ ۙ اِنْ نَّظُنُّ اِلَّا ظَنًّا وَّمَا نَحْنُ بِمُسْتَيْقِنِيْنَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- ক'ীলা ইন্না ওয়া'দাল্লা-হি হ'াক্কু'ঁ ওয়াছ্ছা-'আতু লা- রাইবা ফীহা- কু'ল্তুম্ মা- নাদ্রী মাছ্ ছা-'আতু (لا) ইং নাজু'ন্নু ইল্লা- জ'ান্নাঁও ওয়ামা- নাহ'নু বিমুছ্তাইকি'নীন।	
তরজমা	যখন বলা হয়, 'আল্লাহ্র প্রতিশ্রুতি তো সত্য, এবং কিয়ামত-ইহাতে কোন সন্দেহ নাই, তখন তোমরা বলিয়া থাক, 'আমরা জানি না কিয়ামত কী ; আমরা মনে করি ইহা একটি ধারণা মাত্র এবং আমরা এই বিষয়ে নিশ্চিত নই।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَبَدَا لَهُمْ سَيِّاٰتُ مَا عَمِلُوْا وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ওয়া বাদা- লাহুম্ ছাইয়িআ-তু মা-'আমিলূ ওয়া হ'া-ক'া বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াছ্তাহ্ঝিউন।	
তরজমা	উহাদের মন্দ কর্মগুলি উহাদের নিকট প্রকাশ হইয়া পড়িবে এবং যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করিত তাহা উহাদেরকে পরিবেষ্টন করিবে।	
	وَقِيْلَ الْيَوْمَ نَنْسٰىكُمْ كَمَا نَسِيْتُمْ لِقَآءَ يَوْمِكُمْ هٰذَا وَمَاْوٰىكُمُ النَّارُ وَمَا لَكُمْ مِّنْ نّٰصِرِيْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া ক'ীলাল্ ইয়াওমা নাংছা-কুম্ কামা-নাছীতুম্ লিক'া~আ ইয়াওমিকুম্ হা-য'া- ওয়ামা' ওয়া-কুমুন্না-রু ওয়া মা- লাকুম্ মিং না-সিরীন।	
তরজমা	আর বলা হইবে, 'আজ আমি তোমাদেরকে বিস্মৃত হইব যেমন তোমরা এই দিবসের সাক্ষাতকারকে বিস্মৃত হইয়াছিলে। তোমাদের আবাসস্থল হইবে জাহান্নাম এবং তোমাদের কোন সাহায্যকারী থাকিবে না।	
	ذٰلِكُمْ بِاَنَّكُمُ اتَّخَذْتُمْ اٰيٰتِ اللّٰهِ هُزُوًا وَّغَرَّتْكُمُ الْحَيٰوةُ الدُّنْيَا ۚ فَالْيَوْمَ لَا يُخْرَجُوْنَ مِنْهَا وَلَا هُمْ يُسْتَعْتَبُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	য'া-লিকুম্ বিআন্নাকুমুত্তাখায'তুম্ আ-য়া-তিল্লা-হি হুঝুওয়াওঁ ওয়াগার্রাত্কুমুল হ'া-য়া-তুদ্দুন্ইয়া- (ج) ফাল্ইয়াওমা লা- ইউখরাজূনা মিন্হা- ওয়ালা-হুম্ ইউছ্তা'তাবূন।	
তরজমা	'ইহা এইজন্য যে, তোমরা আল্লাহ্র নিদর্শনাবলীকে বিদ্রূপ করিয়াছিলে এবং পার্থিব জীবন তোমাদেরকে প্রতারিত করিয়াছিল।' সুতরাং সেই দিন উহাদেরকে জাহান্নাম হইতে বাহির করা হইবে না এবং আল্লাহ্র সন্তুষ্টি লাভের সুযোগ দেওয়া হইবে না।	
	فَلِلّٰهِ الْحَمْدُ رَبِّ السَّمٰوٰتِ وَرَبِّ الْاَرْضِ رَبِّ الْعٰلَمِيْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফালিল্লা-হিল্ হ'াম্দু রাব্বিছ্ ছামা-ওয়া-তি ওয়া রাব্বিল্ আর্দি' রাব্বিল্ 'আ-লামীন।	
তরজমা	সমস্ত প্রশংসা আল্লাহ্রই, যিনি আকাশমণ্ডলীর প্রতিপালক, পৃথিবীর প্রতিপালক এবং জগতসমূহের প্রতিপালক।	
	وَلَهُ الْكِبْرِيَآءُ فِي السَّمٰوٰتِ وَالْاَرْضِ ۚ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়ালাহুল কিব্রিয়া~উ ফিছ্ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দি' (ص) ওয়া হুওয়াল্ 'আঝীঝুল্ হ'াকীম।	

তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবীতে গৌরব-গরিমা তাঁহারই এবং তিনি পরাক্রমশালী, প্রজ্ঞাময়।	

46 - Al-'Ahqaf-আহকাফ -الأحقاف

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	حٰمٓ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	হা-মী~ম্।	
তরজমা	হা-মীম।	
	تَنْزِيْلُ الْكِتٰبِ مِنَ اللّٰهِ الْعَزِيْزِ الْحَكِيْمِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	তাংঝীলুল্ কিতা-বি মিনাল্লা-হিল্ ‘আঝীঝিল্ হ াকীম।	
তরজমা	এই কিতাব পরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহ্‌র নিকট হইতে অবতীর্ণ ;	
	مَا خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَآ اِلَّا بِالْحَقِّ وَاَجَلٍ مُّسَمًّى ؕ وَالَّذِيْنَ كَفَرُوْا عَمَّآ اُنْذِرُوْا مُعْرِضُوْنَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	মা- খালাক্‌নাহ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ াা ওয়ামা-বাইনাহুমা~ ইল্লা-বিল্হ াক্কি ওয়াআজালিম মুছাম্মাওঁ (ط) ওয়াল্লায ীনা কাফারূ ‘আম্মা~ উংযি রূ মু‘রিদূন।	
তরজমা	আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের মধ্যবর্তী সমস্ত কিছুই আমি যথাযথভাবে নির্দিষ্ট কালের জন্য সৃষ্টি করিয়াছি। কিন্তু কাফিররা, উহাদেরকে যে বিষয়ে সতর্ক করা হইয়াছে তাহা হইতে মুখ ফিরাইয়া নেয়।	
	قُلْ اَرَءَيْتُمْ مَّا تَدْعُوْنَ مِنْ دُوْنِ اللّٰهِ اَرُوْنِيْ مَاذَا خَلَقُوْا مِنَ الْاَرْضِ اَمْ لَهُمْ شِرْكٌ فِي السَّمٰوٰتِ ؕ اِيْتُوْنِيْ بِكِتٰبٍ مِّنْ قَبْلِ هٰذَآ اَوْ اَثٰرَةٍ مِّنْ عِلْمٍ اِنْ كُنْتُمْ صٰدِقِيْنَ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	কু‘ল্ আরাআইতুম্ মা-তাদ্‌‘উনা মিং দূনিল্লা-হি আরূনী মা- য া- খালাকূ মিনাল্ আর্দি আম্ লাহুম্ শিরকুং ফিছ্ ছামা-ওয়া-তি (ط) ঈতূনী বিকিতা-বিম্ মিং ক াবলি হা-য া~ আও আছ া-রাতিম মিন্ ‘ইল্‌মিন্ ইং কুংতুম্ সা-দিক ীন।	
তরজমা	বল, ‘তোমরা আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ডাক তাহাদের কথা ভাবিয়া দেখিয়াছ কি ? ইহারা পৃথিবীতে কী সৃষ্টি করিয়াছে আমাকে দেখাও অথবা আকাশমণ্ডলীতে উহাদের কোন অংশীদারিত্ব আছে কি ? পূর্ববর্তী কোন কিতাব অথবা পরম্পরাগত কোন জ্ঞান থাকিলে তাহা তোমরা আমার নিকট উপস্থিত কর যদি তোমরা সত্যবাদী হও।’	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَنْ اَضَلُّ مِمَّنْ يَّدْعُوْا مِنْ دُوْنِ اللّٰهِ مَنْ لَّا يَسْتَجِيْبُ لَهٗۤ اِلٰى يَوْمِ الْقِيٰمَةِ وَهُمْ عَنْ دُعَآىِٕهِمْ غٰفِلُوْنَ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়ামান্ আদ'াল্লু মিম্মাইঁ ইয়াদ্'উ মিং দূনিল্লা-হি মাল্লা- ইয়াছ্তাজীবু লাহূ ইলা- ইয়াওমিল্ কি'য়া-মাতি ওয়াহুম্ 'আং দু'আ~ইহিম্ গা-ফিলূন।	
তরজমা	সেই ব্যক্তি অপেক্ষা অধিক বিভ্রান্ত কে, যে আল্লাহ্র পরিবর্তে এমন কিছুকে ডাকে যাহা কিয়ামত দিবস পর্যন্তও উহাতে সাড়া দিবে না ? এবং এইগু লি উহাদের প্রার্থনা সম্বন্ধে অবহিতও নয়।	
	وَاِذَا حُشِرَ النَّاسُ كَانُوْا لَهُمْ اَعْدَآءً وَّكَانُوْا بِعِبَادَتِهِمْ كٰفِرِيْنَ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- হু'শিরান্না-ছু কা-নূ লাহুম্ আ'দা~আওঁ ওয়া কা-নূ বি'ইবা-দাতিহিম্ কা-ফিরীন।	
তরজমা	যখন কিয়ামতের দিন মানুষকে একত্র করা হইবে তখন ঐগু লি হইবে উহাদের শত্রু এবং ঐগু লি উহাদের 'ইবাদত অস্বীকার করিবে।	
	وَاِذَا تُتْلٰى عَلَيْهِمْ اٰيٰتُنَا بَيِّنٰتٍ قَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلْحَقِّ لَمَّا جَآءَهُمْ ۙ هٰذَا سِحْرٌ مُّبِيْنٌ ۝	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া- তুত্লা 'আলাইহিম্ আ-য়া-তুনা- বাইয়িনা-তিং ক'া-লাল্লায'ীনা কাফারূ লিল্হাক্কি' লাম্মা- জা~আহুম্ (ষ) হা-য'া- ছিহ'রুম্ মুবীন।	
তরজমা	যখন উহাদের নিকট আমার সুস্পষ্ট আয়াতসমূহ আবৃত্তি করা হয় এবং উহাদের নিকট সত্য উপস্থিত হয়, তখন কাফিররা বলে, 'ইহা তো সুস্পষ্ট জাদু।'	
	اَمْ يَقُوْلُوْنَ افْتَرٰىهُ ؕ قُلْ اِنِ افْتَرَيْتُهٗ فَلَا تَمْلِكُوْنَ لِيْ مِنَ اللّٰهِ شَيْـًٔا ؕ هُوَ اَعْلَمُ بِمَا تُفِيْضُوْنَ فِيْهِ ؕ كَفٰى بِهٖ شَهِيْدًۢا بَيْنِيْ وَبَيْنَكُمْ ؕ وَهُوَ الْغَفُوْرُ الرَّحِيْمُ ۝	8
প্রতিবর্ণায়ন	আম্ ইয়াকূ'লূনাফ্তারা-হু (ত) কু'ল্ ইনিফ্তারাইতুহূ ফালা- তাম্লিকূনা লী মিনাল্লা-হি শাইআন (ত) হুওয়া আ'লামু বিমা-তুফীদূ'না ফীহি (ত) কাফা-বিহী শাহীদাম্ বাইনী ওয়া বাইনাকুম্ (ত) ওয়া হুওয়াল্ গাফূরুর রাহ'ীম।	
তরজমা	তবে কি উহারা বলে যে, 'সে ইহা উদ্ভাবন করিয়াছে।' বল, 'যদি আমি ইহা উদ্ভাবন করিয়া থাকি, তবে তোমরা তো আল্লাহ্র শাস্তি হইতে আমাকে কিছুতেই রক্ষা করিতে পারিবে না। তোমরা যে বিষয়ে আলোচনায় লিপ্ত আছ, সে সম্বন্ধে আল্লাহ্ সবিশেষ অবহিত। আমার ও তোমাদের মধ্যে সাক্ষী হিসাবে তিনিই যথেষ্ট এবং তিনি ক্ষমাশীল, পরম দয়ালু।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قُلْ مَا كُنْتُ بِدْعًا مِّنَ الرُّسُلِ وَمَآ اَدْرِىْ مَا يُفْعَلُ بِىْ وَلَا بِكُمْ ۗ اِنْ اَتَّبِعُ اِلَّا مَا يُوْحٰٓى اِلَىَّ وَمَآ اَنَا اِلَّا نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	কু'ল্ মা- কুংতু বিদ্'আম্ মিনার্ রুছুলি ওয়ামা~আদ্রী মা- ইউফ্'আলু বী ওয়ালা-বিকুম (ط) ইন্ আত্তাবি'উ ইল্লা- মা- ইউহ'া~ ইলাইইয়া ওয়ামা~ আনা ইল্লা- নায'ীরুম্ মুবীন।	
তরজমা	বল, 'আমি কোন নূতন রাসূল নই। আমি জানি না, আমার ও তোমাদের ব্যাপারে কী করা হইবে ; আমি আমার প্রতি যাহা ওহী করা হয় কেবল তাহারই অনুসরণ করি। আর আমি তো এক স্পষ্ট সতর্ককারী মাত্র।'	
	قُلْ اَرَءَيْتُمْ اِنْ كَانَ مِنْ عِنْدِ اللّٰهِ وَكَفَرْتُمْ بِهٖ وَشَهِدَ شَاهِدٌ مِّنْ بَنِىْٓ اِسْرَآءِيْلَ عَلٰى مِثْلِهٖ فَاٰمَنَ وَاسْتَكْبَرْتُمْ ۗ اِنَّ اللّٰهَ لَا يَهْدِى الْقَوْمَ الظّٰلِمِيْنَ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	কু'ল আরাআইতুম্ ইং কা-না মিং 'ইংদিল্লা-হি ওয়া কাফার্তুম্ বিহী ওয়া শাহিদা শা-হিদুম্ মিম্ বানী~ ইছরা~ঈলা 'আলা- মিছ্'লিহী ফাআ-মানা ওয়াছ্তাক্বার্তুম (ط) ইন্নাল্লা-হা লা- ইয়াহ্দিল্ ক'াওমাজ্জ'া-লিমীন।	
তরজমা	বল, 'তোমরা ভাবিয়া দেখিয়াছ কি যদি এই কুরআন আল্লাহ্র নিকট হইতে অবতীর্ণ হইয়া থাকে আর তোমরা ইহাতে অবিশ্বাস কর, অথচ বনী ইসরাঈলের একজন ইহার অনুরূপ কিতাব সম্পর্কে সাক্ষ্য দিয়াছে এবং ইহাতে বিশ্বাস স্থাপন করিয়াছে ; আর তোমরা ঔদ্ধত্য প্রকাশ কর, তাহা হইলে তোমাদের পরিণাম কি হইবে ? নিশ্চয়ই আল্লাহ্ জালিমদেরকে সৎপথে পরিচালিত করেন না।	
	وَقَالَ الَّذِيْنَ كَفَرُوْا لِلَّذِيْنَ اٰمَنُوْا لَوْ كَانَ خَيْرًا مَّا سَبَقُوْنَآ اِلَيْهِ ۗ وَاِذْ لَمْ يَهْتَدُوْا بِهٖ فَسَيَقُوْلُوْنَ هٰذَآ اِفْكٌ قَدِيْمٌ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল্লায'ীনা কাফারূ লিল্লায'ীনা আ-মানূ লাও কা-না খাইরাম মা-ছাবাকূ'না~ ইলাইহি (ط) ওয়া ইয' লাম্ ইয়াহ্তাদূ বিহী ফাছাইয়াকূ'লূনা হা-য'া~ ইফ্কুং ক'াদীম।	
তরজমা	মু'মিনদের সম্পর্কে কাফিররা বলে, 'যদি ইহা ভাল হইত তবে তাহারা ইহার দিকে আমাদেরকে অতিক্রম করিয়া যাইতে পারিত না।' আর যখন উহারা ইহা দ্বারা সৎপথপ্রাপ্ত হয় নাই তখন তাহারা অবশ্য বলিবে, 'ইহা তো এক পুরাতন মিথ্যা।'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمِنْ قَبْلِهٖ كِتٰبُ مُوْسٰٓى اِمَامًا وَّرَحْمَةً ؕ وَهٰذَا كِتٰبٌ مُّصَدِّقٌ لِّسَانًا عَرَبِيًّا لِّيُنْذِرَ الَّذِيْنَ ظَلَمُوْا ۖ وَ بُشْرٰى لِلْمُحْسِنِيْنَ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া মিং ক'াব্লিহী কিতা-বু মূছা~ ইমা-মাওঁ ওয়া রাহ'মাতাওঁ (ط) ওয়া হা-য'া- কিতা-বুম্মুসাদ্দিকু'ল্লিছা-নান্ 'আরাবিইইয়াল্ লিইউংযি'রাল্লায'ীনা জ'ালামূ (ق) ওয়াবুশ্রা-লিল্মুহ'ছিনীন।	
তরজমা	ইহার পূর্বে ছিল মূসার কিতাব আদর্শ ও অনুগ্রহস্বরূপ। আর এই কিতাব ইহার প্রত্যায়নকারী, আরবী ভাষায়, যেন ইহা জালিমদেরকে সতর্ক করে এবং যাহারা সৎকর্ম করে তাহাদেরকে সুসংবাদ দেয়।	
	اِنَّ الَّذِيْنَ قَالُوْا رَبُّنَا اللّٰهُ ثُمَّ اسْتَقَامُوْا فَلَا خَوْفٌ عَلَيْهِمْ وَلَا هُمْ يَحْزَنُوْنَ ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা ক'া-লূ রাব্বুনাল্লা-হু ছু'ম্মাছ্তাক'া-মূ ফালা- খাওফুন্ 'আলাইহিম্ ওয়ালা- হুম্ ইয়াহ'ঝানূন।	
তরজমা	যাহারা বলে, 'আমাদের প্রতিপালক তো আল্লাহ্' অতঃপর অবিচলিত থাকে, তাহাদের কোন ভয় নাই এবং তাহারা দুঃখিতও হইবে না।	
	اُولٰٓئِكَ اَصْحٰبُ الْجَنَّةِ خٰلِدِيْنَ فِيْهَا ۚ جَزَآءًۢ بِمَا كَانُوْا يَعْمَلُوْنَ ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	উলা~ইকা আসহ'া-বুল্ জান্নাতি খা-লিদীনা ফীহা- (ج) জাঝা~আম বিমা- কা-নূ ইয়া'মালূন।	
তরজমা	তাহারাই জান্নাতের অধিবাসী, সেখানে তাহারা স্থায়ী হইবে, তাহারা যাহা করিত তাহার পুরস্কারস্বরূপ।	
	وَوَصَّيْنَا الْاِنْسَانَ بِوَالِدَيْهِ اِحْسٰنًا ؕ حَمَلَتْهُ اُمُّهٗ كُرْهًا وَّوَضَعَتْهُ كُرْهًا ؕ وَحَمْلُهٗ وَفِصٰلُهٗ ثَلٰثُوْنَ شَهْرًا ؕ حَتّٰٓى اِذَا بَلَغَ اَشُدَّهٗ وَبَلَغَ اَرْبَعِيْنَ سَنَةً ۙ قَالَ رَبِّ اَوْزِعْنِيْٓ اَنْ اَشْكُرَ نِعْمَتَكَ الَّتِيْٓ اَنْعَمْتَ عَلَيَّ وَعَلٰى وَالِدَيَّ وَاَنْ اَعْمَلَ صَالِحًا تَرْضٰىهُ وَاَصْلِحْ لِيْ فِيْ ذُرِّيَّتِيْ ۚ اِنِّيْ تُبْتُ اِلَيْكَ وَاِنِّيْ مِنَ الْمُسْلِمِيْنَ ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াস্সাইনাল্ ইংছা-না বিওয়া-লিদাইহি ইহ'ছা-নান (ط) হ'ামালাত্হু উম্মুহূ কুর্হাওঁ ওয়া ওয়াদ'া'আত্হু কুর্হাওঁ (ط) ওয়া হ'ামলুহূ ওয়া ফিসা-লুহূ ছ'ালা-ছূ'না শাহরান (ط) হ'াত্তা~ ইয'া- বালাগা আশুদ্দাহূ ওয়া বালাগা আর্বা'ঈনা ছানাতাং (لا) ক'া-লা রাব্বি আওঝি'নী~ আং আশ্কুরা নি'মাতাকাল্লাতী~ আন্'আম্তা 'আলাইইয়া ওয়া 'আলা- ওয়া-লিদাইইয়া ওয়া আন্ আ'মালা সা-লিহ'াং তার্দ'া-হু ওয়া আসলিহ'লী ফী যু'র্রিইইয়াতী (لا) ইন্নী তুব্তু ইলাইকা ওয়া ইন্নী মিনাল্ মুছলিমীন।	

	আমি মানুষকে তাহার মাতা-পিতার প্রতি সদয় ব্যবহারের নির্দেশ দিয়াছি। তাহার জননী তাহাকে গর্ভে ধারণ করে কষ্টের সঙ্গে এবং প্রসব করে কষ্টের সঙ্গে, তাহাকে গর্ভে ধারণ করিতে ও তাহার স্তন্য ছাড়াইতে লাগে ত্রিশ মাস, ক্রমে সে যখন পূর্ণ শক্তিপ্রাপ্ত হয় এবং চল্লিশ বৎসরে উপনীত হয় তখন বলে, 'হে আমার প্রতিপালক ! তুমি আমাকে সামর্থ্য দাও, যাহাতে আমি তোমার প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করিতে পারি, আমার প্রতি ও আমার পিতা-মাতার প্রতি তুমি যে অনুগ্রহ করিয়াছ, তাহার জন্য এবং যাহাতে আমি সৎকর্ম করিতে পারি যাহা তুমি পসন্দ কর ; আমার জন্য আমার সন্তান-সন্ততিদেরকে সৎকর্মপরায়ণ কর, আমি তোমারই অভিমুখী হইলাম এবং আমি অবশ্যই আত্মসমর্পণকারীদের অন্তর্ভুক্ত।	
তরজমা		
	أُولَٰئِكَ الَّذِينَ نَتَقَبَّلُ عَنْهُمْ أَحْسَنَ مَا عَمِلُوا وَنَتَجَاوَزُ عَن سَيِّئَاتِهِمْ فِي أَصْحَابِ الْجَنَّةِ ۖ وَعْدَ الصِّدْقِ الَّذِي كَانُوا يُوعَدُونَ ﴿١٦﴾	16
	উলা~ইকাল্লায ীনা নাতাক াব্বালু 'আন্হুম্ আহ্ছানা মা- 'আমিলূ ওয়া নাতাজা-ওয়াঝু 'আং ছাইয়িআ-তিহিম্ ফী~ আছহ াব্-বিল্ জান্নাতি (৪) ওয়া'দাস্সিদ্কি ল্লায ী কা-নূ ইঊ'আদূন।	
প্রতিবর্ণায়ন		
	'আমি ইহাদেরই সুকৃতিগুলি গ্রহণ করিয়া থাকি এবং মন্দ কর্মগুলি ক্ষমা করি, তাহারা জান্নাতবাসীদের অন্তর্ভুক্ত। ইহাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা সত্য।	
তরজমা		
	وَالَّذِي قَالَ لِوَالِدَيْهِ أُفٍّ لَّكُمَا أَتَعِدَانِنِي أَنْ أُخْرَجَ وَقَدْ خَلَتِ الْقُرُونُ مِن قَبْلِي ۖ وَهُمَا يَسْتَغِيثَانِ اللَّهَ وَيْلَكَ آمِنْ إِنَّ وَعْدَ اللَّهِ حَقٌّ فَيَقُولُ مَا هَٰذَا إِلَّا أَسَاطِيرُ الْأَوَّلِينَ ﴿١٧﴾	17
	ওয়াল্লায ী ক াল-লা লিওয়া-লিদাইহি উফ্ফিল্লাকুমা~ আতা'ইদা-নিনী~ আন্ উখ্রাজা ওয়াক াদ্ খালাতিল কু'রূনু মিং ক াব্লী (জ) ওয়া হুমা- ইয়াছ্তাগীছ ান্-নিল্লা-হা ওয়াইলাকা আ-মিন (ক) ইন্না ওয়া'দাল্লা-হি হ াক্কু'ং (জ) ফাইয়াকূ'লু মা-হা-য া~ ইল্লা~ আছা-ত ীরুল্ আওওয়ালীন।	
প্রতিবর্ণায়ন		
	আর এমন লোক আছে, যে তাহার মাতা-পিতাকে বলে, 'আফসোস তোমাদের জন্য ! তোমরা কি আমাকে এই ভয় দেখাইতে চাও যে, আমি পুনরুত্থিত হইব যদিও আমার পূর্বে বহু পুরুষ গত হইয়াছে ?' তখন তাহার মাতা-পিতা আল্লাহ্র নিকট ফরিয়াদ করিয়া বলে, 'দুর্ভোগ তোমার জন্য! তুমি বিশ্বাস স্থাপন কর, আল্লাহ্র প্রতিশ্রুতি অবশ্যই সত্য।' কিন্তু সে বলে, 'ইহা তো অতীত কালের উপকথা ব্যতীত কিছুই নয়।'	
তরজমা		

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أُولَٰئِكَ الَّذِينَ حَقَّ عَلَيْهِمُ الْقَوْلُ فِي أُمَمٍ قَدْ خَلَتْ مِن قَبْلِهِم مِّنَ الْجِنِّ وَالْإِنسِ ۖ إِنَّهُمْ كَانُوا خَاسِرِينَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	উলা~ইকাল্লায ীনা হ াক্ া ‘আলাইহিমুল্ ক াওলু ফী~ উমামিং ক াদ্ খালাত্ মিং ক াব্লিহিম্ মিনাল্ জিন্নি ওয়াল্ ইংছি (ত) ইন্নাহুম্ কা-নূ খা-ছিরীন।	
তরজমা	ইহাদের পূর্বে যে জিন ও মানব সম্প্রদায় গত হইয়াছে তাহাদের মত ইহাদের প্রতিও আল্লাহ্‌র উক্তি সত্য হইয়াছে। ইহারাই তো ক্ষতিগ্রস্ত।	
	وَلِكُلٍّ دَرَجَاتٌ مِّمَّا عَمِلُوا ۚ وَلِيُوَفِّيَهُمْ أَعْمَالَهُمْ وَهُمْ لَا يُظْلَمُونَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া লিকুল্লিং দারাজা-তুম্‌মিম্মা-‘আমিলূ (জ) ওয়া লিইউওয়াফ্‌ফিয়াহুম্ আ‘মা-লাহুম্ ওয়া হুম্ লা-ইউজ্‌লামূন।	
তরজমা	প্রত্যেকের মর্যাদা তাহার কর্মানুযায়ী, ইহা এইজন্য যে, আল্লাহ্ প্রত্যেকের কর্মের পূর্ণ প্রতিফল দিবেন এবং তাহাদের প্রতি অবিচার করা হইবে না।	
	وَيَوْمَ يُعْرَضُ الَّذِينَ كَفَرُوا عَلَى النَّارِ ۖ أَذْهَبْتُمْ طَيِّبَاتِكُمْ فِي حَيَاتِكُمُ الدُّنْيَا وَاسْتَمْتَعْتُم بِهَا ۖ فَالْيَوْمَ تُجْزَوْنَ عَذَابَ الْهُونِ بِمَا كُنتُمْ تَسْتَكْبِرُونَ فِي الْأَرْضِ بِغَيْرِ الْحَقِّ وَبِمَا كُنتُمْ تَفْسُقُونَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউ‘রাদ্‌ুল্লায ীনা কাফারূ ‘আলান্না-রি (ত) আয াহ্‌বতুম্ ত াইয়িবা-তিকুম্ ফী হ য়া-তিকুমুদ্দুন্‌ইয়া- ওয়াছ্‌তাম্‌তা‘তুম্ বিহা- (জ) ফাল্‌ইয়াওমা তুজঝাওনা ‘আয া-বাল্ হূনি বিমা- কুংতুম্ তাছ্‌তাক্‌বিরূনা ফিল্ আর্‌দি বিগাইরিল্ হ াক্কি ওয়া বিমা- কুংতুম্ তাফ্‌ছুক্‌ূন।	
তরজমা	যেদিন কাফিরদেরকে জাহান্নামের সন্নিকটে উপস্থিত করা হইবে সেদিন উহাদেরকে বলা হইবে, ‘তোমরা তোমাদের পার্থিব জীবনেই সুখ-সম্ভার পাইয়াছ এবং সেইগুলি উপভোগও করিয়াছ। সুতরাং আজ তোমাদেরকে দেওয়া হইবে অবমাননাকর শাস্তি। কারণ তোমরা পৃথিবীতে অন্যায়ভাবে ঔদ্ধত্য প্রকাশ করিয়াছিলে এবং তোমরা ছিলে সত্যদ্রোহী।’	
	وَاذْكُرْ أَخَا عَادٍ ۖ إِذْ أَنذَرَ قَوْمَهُ بِالْأَحْقَافِ وَقَدْ خَلَتِ النُّذُرُ مِن بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهِ أَلَّا تَعْبُدُوا إِلَّا اللَّهَ ۖ إِنِّي أَخَافُ عَلَيْكُمْ عَذَابَ يَوْمٍ عَظِيمٍ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়ায্‌কুর আখা-‘আ-দিন (ত) ইয্‌ আংয ারা ক াওমাহূ বিলআহ্‌ক া-ফি ওয়াক াদ্ খালাতিন্নুযূ্‌রু মিম্ বাইনি ইয়াদাইহি ওয়া মিন খাল্‌ফিহী~ আল্লা- তা‘বুদূ~ ইল্লাল্লা-হা (ত) ইন্নী~ আখা-ফু ‘আলাইকুম্ ‘আয া-বা ইয়াওমিন্ ‘আজ ীম।	

	স্মরণ কর, 'আদ্ সম্প্রদায়ের ভ্রাতার কথা, যাহার পূর্বে এবং পরেও সতর্ককারীরা আসিয়াছিল। সে তাহার আহ্কাফ্বাসী সম্প্রদায়কে সতর্ক করিয়াছিল এই বলিয়া, 'তোমরা আল্লাহ্ ব্যতীত কাহারও 'ইবাদত করিও না। আমি তো তোমাদের জন্য মহাদিবসের শাস্তির আশংকা	
তরজমা	করিতেছি।'	
	قَالُوْٓا اَجِئْتَنَا لِتَاْفِكَنَا عَنْ اٰلِهَتِنَا ۚ فَاْتِنَا بِمَا تَعِدُنَآ اِنْ كُنْتَ مِنَ الصّٰدِقِيْنَ ﴿٢٢﴾	22
	ক'া-লূ~ আজি'তানা- লিতা'ফিকানা- 'আন্ আ-লিহাতিনা- (ج) ফা'তিনা- বিমা- তা'ইদুনা~	
প্রতিবর্ণায়ন	ইং কুংতা মিনাসসা-দিক~ীন।	
	উহারা বলিয়াছিল, 'তুমি কি আমাদেরকে আমাদের দেব-দেবীগুলির পূজা হইতে নিবৃত্ত করিতে আসিয়াছ ? তুমি সত্যবাদী হইলে আমাদেরকে যাহার ভয় দেখাইতেছ তাহা আনয়ন	
তরজমা	কর।'	
	قَالَ اِنَّمَا الْعِلْمُ عِنْدَ اللّٰهِ ۖ وَاُبَلِّغُكُمْ مَّآ اُرْسِلْتُ بِهٖ وَلٰكِنِّيْٓ اَرٰىكُمْ قَوْمًا تَجْهَلُوْنَ ﴿٢٣﴾	23
	ক'া-লা ইন্নামাল্ 'ইল্মু 'ইংদাল্লা-হি (ز) ওয়া উবাল্লিগুকুম্ মা~উর্ছিল্তু বিহী ওয়ালা-কিন্নী~	
প্রতিবর্ণায়ন	আরা-কুম ক'াওমাং তাজহালূন।	
	সে বলিল, 'ইহার জ্ঞান তো কেবল আল্লাহ্রই নিকট আছে। আমি যাহা লইয়া প্রেরিত হইয়াছি কেবল তাহাই তোমাদের নিকট প্রচার করি, কিন্তু আমি দেখিতেছি, তোমরা এক মূঢ় সম্প্রদায়।'	
তরজমা		
	فَلَمَّا رَاَوْهُ عَارِضًا مُّسْتَقْبِلَ اَوْدِيَتِهِمْ ۙ قَالُوْا هٰذَا عَارِضٌ مُّمْطِرُنَا ۭ بَلْ هُوَ مَا اسْتَعْجَلْتُمْ بِهٖ ۭ رِيْحٌ فِيْهَا عَذَابٌ اَلِيْمٌ ﴿٢٤﴾	24
	ফালাম্মা- রাআওহু 'আ-রিদ'াম্মুছ্তাক'বিলা আও দিয়াতিহিম্ (ﻱ) ক'া-লূ হা-য'া- 'আ-	
প্রতিবর্ণায়ন	রিদুম্মুম্তি'রুনা- (ط) বাল্ হুওয়া মাছ্ তা'জাল্তুম্ বিহী (ط) রীহুং ফীহা- 'আয'া-বুন আলীম।	
	'অতঃপর যখন উহারা উহাদের উপত্যকার দিকে মেঘ আসিতে দেখিল তখন বলিতে লাগিল, 'উহা তো মেঘ, আমাদেরকে বৃষ্টি দান করিবে।' হূদ বলিল, 'ইহাই তো তাহা, যাহা তোমরা	
তরজমা	ত্বরান্বিত করিতে চাহিয়াছ, এক ঝড়, ইহাতে রহিয়াছে মর্মন্তুদ শাস্তি।	
	تُدَمِّرُ كُلَّ شَيْءٍۭ بِاَمْرِ رَبِّهَا فَاَصْبَحُوْا لَا يُرٰٓى اِلَّا مَسٰكِنُهُمْ ۭ كَذٰلِكَ نَجْزِي الْقَوْمَ الْمُجْرِمِيْنَ ﴿٢٥﴾	25
	তুদাম্মিরু কুল্লা শাইয়িম্ বিআম্রি রাব্বিহা- ফাআসবাহূ লা- ইউরা~ ইল্লা- মাছা-কিনুহুম (ط)	
প্রতিবর্ণায়ন	কায'া-লিকা নাজঝিল্ ক'াওমাল্ মুজরিমীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	'আল্লাহ্‌র নির্দেশে ইহা সমস্ত কিছুকে ধ্বংস করিয়া দিবে।' অতঃপর উহাদের পরিণাম এই হইল যে, উহাদের বসতিগুলি ছাড়া আর কিছুই রহিল না। এইভাবে আমি অপরাধী সম্প্রদায়কে প্রতিফল দিয়া থাকি।	
	وَلَقَدْ مَكَّنّٰهُمْ فِيْمَآ اِنْ مَّكَّنّٰكُمْ فِيْهِ وَجَعَلْنَا لَهُمْ سَمْعًا وَّاَبْصَارًا وَّاَفْـِٕدَةً فَمَآ اَغْنٰى عَنْهُمْ سَمْعُهُمْ وَلَآ اَبْصَارُهُمْ وَلَآ اَفْـِٕدَتُهُمْ مِّنْ شَيْءٍ اِذْ كَانُوْا يَجْحَدُوْنَ بِاٰيٰتِ اللّٰهِ وَحَاقَ بِهِمْ مَّا كَانُوْا بِهٖ يَسْتَهْزِءُوْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ মাক্কান্না-হুম্ ফীমা~ ইম্মাক্কান্না-কুম্ ফীহি ওয়া জা'আল্না- লাহুম্ ছাম্'আওঁ ওয়া আব্সা-রাওঁ ওয়া আফ্ইদাতাং (ز) ফামা~আগ্না- 'আন্হুম্ ছাম্'উহুম ওয়ালা~ আব্সা-রুহুম্ ওয়ালা~আফইদাতুহুম্ মিং শাইয়িন্ ইয' কা-নূ ইয়াজহ'াদূনা (لا) বিআ-য়া-তিল্লা-হি ওয়া হ'া-ক'া বিহিম্ মা-কা-নূ বিহী ইয়াছ্তাহ্‌ঝিউন।	
তরজমা	আমি উহাদেরকে যে প্রতিষ্ঠা দিয়াছিলাম তোমাদেরকে তাহা দেই নাই ; আমি উহাদেরকে দিয়াছিলাম কর্ণ, চক্ষু ও হৃদয় ; কিন্তু উহাদের কর্ণ, চক্ষু ও হৃদয় উহাদের কোন কাজে আসে নাই ; কেননা উহারা আল্লাহ্‌র আয়াতসমূহকে অস্বীকার করিয়াছিল। যাহা লইয়া উহারা ঠাট্টা-বিদ্রূপ করিত, উহাই উহাদেরকে পরিবেষ্টন করিল।	
	وَلَقَدْ اَهْلَكْنَا مَا حَوْلَكُمْ مِّنَ الْقُرٰى وَصَرَّفْنَا الْاٰيٰتِ لَعَلَّهُمْ يَرْجِعُوْنَ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ আহ্‌লাক্না- মা-হ'াওলাকুম মিনাল্ কু'রা- ওয়াসার্‌রাফ্না-ল্ আ-য়া-তি লা'আল্লাহুম্ ইয়ার্‌জি'ঊন।	
তরজমা	আমি তো ধ্বংস করিয়াছিলাম তোমাদের চতুষ্পার্শ্ববর্তী জনপদসমূহ ; আমি উহাদেরকে বিভিন্নভাবে আমার নিদর্শনাবলী বিবৃত করিয়াছিলাম, যাহাতে উহারা ফিরিয়া আসে।	
	فَلَوْلَا نَصَرَهُمُ الَّذِيْنَ اتَّخَذُوْا مِنْ دُوْنِ اللّٰهِ قُرْبَانًا اٰلِهَةً ؕ بَلْ ضَلُّوْا عَنْهُمْ ۚ وَذٰلِكَ اِفْكُهُمْ وَمَا كَانُوْا يَفْتَرُوْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ফালাওলা-নাসারাহুমুল্লায ীনাত্তাখাযূ' মিং দূনিল্লা-হি কু'রবা-নান্ আ-লিহাতাং (ط) বাল্ দ'াল্লূ 'আন্হুম্ (ج) ওয়া য'া-লিকা ইফকুহুম্ ওয়ামা-কা-নূ ইয়াফতারূন।	
তরজমা	উহারা আল্লাহ্‌র সান্নিধ্য লাভের জন্য আল্লাহ্‌র পরিবর্তে যাহাদেরকে ইলাহ্‌রূপে গ্রহণ করিয়াছিল তাহারা উহাদেরকে সাহায্য করিল না কেন ? বস্তুত উহাদের ইলাহ্‌গুলি উহাদের নিকট হইতে অন্তর্হিত হইয়া গেল। উহাদের মিথ্যা ও অলীক উদ্ভাবনের পরিণাম এইরূপই।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاِذْ صَرَفْنَآ اِلَيْكَ نَفَرًا مِّنَ الْجِنِّ يَسْتَمِعُوْنَ الْقُرْاٰنَ ۚ فَلَمَّا حَضَرُوْهُ قَالُوْٓا اَنْصِتُوْا ۚ فَلَمَّا قُضِيَ وَلَّوْا اِلٰى قَوْمِهِمْ مُّنْذِرِيْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়া ইয্ সারাফ্না~ ইলাকা নাফারাম্ মিনাল্ জিন্নি ইয়াছ্তামি'ঊনাল্ কু'রআ–না (ج) ফালাম্মা– হ'াদ'ারূহু ক'া–লূ~ আংছিতূ (ج) ফালাম্মা– কুদি'য়া ওয়াল্লাও ইলা– ক'াওমিহিম মুংযি'রীন।	
তরজমা	স্মরণ কর, আমি তোমার প্রতি আকৃষ্ট করিয়াছিলাম একদল জিনকে, যাহারা কুরআন পাঠ শুনিতেছিল। যখন উহারা তাহার নিকট উপস্থিত হইল, উহারা বলিল, 'চুপ করিয়া শ্রবণ কর।' যখন কুরআন পাঠ সমাপ্ত হইল উহারা উহাদের সম্প্রদায়ের নিকট ফিরিয়া গেল সতর্ককারীরূপে।	
	قَالُوْا يٰقَوْمَنَآ اِنَّا سَمِعْنَا كِتٰبًا اُنْزِلَ مِنْۢ بَعْدِ مُوْسٰى مُصَدِّقًا لِّمَا بَيْنَ يَدَيْهِ يَهْدِيْٓ اِلَى الْحَقِّ وَاِلٰى طَرِيْقٍ مُّسْتَقِيْمٍ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ক'া–লূ ইয়া– ক'াওমানা~ ইন্না–ছামি'না– কিতা–বান উংঝিলা মিম্ বা'দি মূছা–মুসাদ্দিকাল্লিমা– বাইনা ইয়াদাইহি ইয়াহ্দী~ইলাল হ'াক্কি' ওয়া ইলা– ত'ারীকি'ম্ মুছ্তাক'ীম।	
তরজমা	উহারা বলিয়াছিল, 'হে আমাদের সম্প্রদায়! আমরা এমন এক কিতাবের পাঠ শ্রবণ করিয়াছি যাহা অবতীর্ণ হইয়াছে মূসার পরে, ইহা উহার পূর্ববর্তী কিতাবকে প্রত্যয়ন করে এবং সত্য ও সরল পথের দিকে পরিচালিত করে।	
	يٰقَوْمَنَآ اَجِيْبُوْا دَاعِيَ اللّٰهِ وَاٰمِنُوْا بِهٖ يَغْفِرْ لَكُمْ مِّنْ ذُنُوْبِكُمْ وَيُجِرْكُمْ مِّنْ عَذَابٍ اَلِيْمٍ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ইয়া– ক'াওমানা~ আজীবূ দা–'ইয়াল্লা–হি ওয়াআ–মিনূ বিহী ইয়াগ্ফির্লাকুম্ মিং যু'নূবিকুম্ ওয়া ইউজিরকুম্ মিন্ 'আয'া–বিন্ আলীম।	
তরজমা	'হে আমাদের সম্প্রদায় ! আল্লাহ্র দিকে আহ্বানকারীর প্রতি সাড়া দাও এবং তাহার প্রতি বিশ্বাস স্থাপন কর, আল্লাহ্ তোমাদের পাপ ক্ষমা করিবেন এবং মর্মন্তুদ শাস্তি হইতে তোমাদেরকে রক্ষা করিবেন।'	
	وَمَنْ لَّا يُجِبْ دَاعِيَ اللّٰهِ فَلَيْسَ بِمُعْجِزٍ فِي الْاَرْضِ وَلَيْسَ لَهٗ مِنْ دُوْنِهٖٓ اَوْلِيَآءُ ۭ اُولٰۗىِٕكَ فِيْ ضَلٰلٍ مُّبِيْنٍ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া মাল্লা– ইউজিব্ দা–'ইয়াল্লা–হি ফালাইছা বিমু'জিঝিং ফিল্ আর্দি' ওয়া লাইছা লাহূ মিং দূনিহী~ আওলি~আউ (ط) উলা~ইকা ফী দ'ালা–লিমমুবীন্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	কেহ যদি আল্লাহ্‌র দিকে আহ্বানকারীর প্রতি সাড়া না দেয় তবে সে পৃথিবীতে আল্লাহ্‌র অভিপ্রায় ব্যর্থ করিতে পারিবে না এবং আল্লাহ্‌ ব্যতীত তাহাদের কোন সাহায্যকারী থাকিবে না। উহারাই সুস্পষ্ট বিভ্রান্তিতে রহিয়াছে।	
	اَوَلَمْ يَرَوْا اَنَّ اللّٰهَ الَّذِىْ خَلَقَ السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَلَمْ يَعْىَ بِخَلْقِهِنَّ بِقٰدِرٍ عَلٰٓى اَنْ يُّحْۦِىَ الْمَوْتٰى ؕ بَلٰٓى اِنَّهٗ عَلٰى كُلِّ شَىْءٍ قَدِيْرٌ ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	আওয়ালাম্‌ ইয়ারাও আন্নাল্লা-হাল্লাযী খালাক'াছ্‌ ছামা-ওয়া-তি ওয়াল্‌ আর্‌দ'া ওয়ালাম্‌ ইয়া'ইয়া বিখাল্‌কি'হিন্না ব্‌কি'া-দিরিন্‌ 'আলা~ আইঁ ইউহ'ইয়াল্‌ মাওতা- (ط) বালা~ ইন্নাহূ 'আলা- কুল্লি শাইয়িং ক'াদীর।	
তরজমা	উহারা কি অনুধাবন করে না যে, আল্লাহ্‌, যিনি আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছেন এবং এই সকলের সৃষ্টিতে কোন ক্লান্তি বোধ করেন নাই, তিনি মৃতের জীবন দান করিতেও সক্ষম? বস্তুত তিনি সর্ববিষয়ে সর্বশক্তিমান।	
	وَيَوْمَ يُعْرَضُ الَّذِيْنَ كَفَرُوْا عَلَى النَّارِ ؕ اَلَيْسَ هٰذَا بِالْحَقِّ ؕ قَالُوْا بَلٰى وَرَبِّنَا ؕ قَالَ فَذُوْقُوا الْعَذَابَ بِمَا كُنْتُمْ تَكْفُرُوْنَ ﴿۳۴﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াওমা ইউ'রাদ'ুল্লাযীনা কাফারূ 'আলান্না-রি (ط) আলাইছা হা-য'া- বিল্‌হ'াক্কি'(ط) ক'া-লূ বালা- ওয়া রাব্বিনা- (ط) ক'া-লা ফাযূ'ক্বু'ল্‌ 'আয'া-বা বিমা- কুংতুম্‌ তাক্‌ফুরূন।	
তরজমা	যেই দিন কাফিরদেরকে উপস্থিত করা হইবে জাহান্নামের নিকট, সেই দিন উহাদেরকে বলা হইবে, 'ইহা কি সত্য নয় ?' উহারা বলিবে, 'আমাদের প্রতিপালকের শপথ ! ইহা সত্য।' তখন তাহাদেরকে বলা হইবে, 'শাস্তি আস্বাদন কর, কারণ তোমরা ছিলে সত্য প্রত্যাখ্যানকারী।'	
	فَاصْبِرْ كَمَا صَبَرَ اُولُوا الْعَزْمِ مِنَ الرُّسُلِ وَلَا تَسْتَعْجِلْ لَّهُمْ ؕ كَاَنَّهُمْ يَوْمَ يَرَوْنَ مَا يُوْعَدُوْنَ ۙ لَمْ يَلْبَثُوْٓا اِلَّا سَاعَةً مِّنْ نَّهَارٍ ؕ بَلٰغٌ ۚ فَهَلْ يُهْلَكُ اِلَّا الْقَوْمُ الْفٰسِقُوْنَ ﴿۳۵﴾	35
প্রতিবর্ণায়ন	ফাসবির্‌ কামা- সাবারা উলুল্‌ 'আঝমি মিনার্‌রুছুলি ওয়ালা- তাছ্‌তা'জিল্‌ লাহুম (ط) কাআন্নাহুম্‌ ইয়াওমা ইয়ারাওনা মা- ইউ'আদূনা (لا) লাম্‌ ইয়াল্‌বাছূ~ ইল্লা- ছা-'আতাম্‌ মিন্‌ নাহা-রিং (ط) বালা-গুং ফাহাল্‌ ইউহ্‌লাকু ইল্লাল্‌ ক'াওমুল্‌ ফা-ছিক্বূ'ন।	

তরজমা	অতএব তুমি ধৈর্য ধারণ কর যেমন ধৈর্য ধারণ করিয়াছিল দৃঢ়প্রতিজ্ঞ রাসূলগণ। তুমি উহাদের জন্য ত্বরা করিও না। উহাদেরকে যেই বিষয়ে সতর্ক করা হইয়াছে তাহা যেই দিন উহারা প্রত্যক্ষ করিবে, সেই দিন উহাদের মনে হইবে, উহারা যেন দিবসের এক দণ্ডের বেশি পৃথিবীতে অবস্থান করে নাই। ইহা এক ঘোষণা, পাপাচারী সম্প্রদায়কেই ধ্বংস করা হইবে।	

47-Muhammad-মুহাম্মদ -محمد

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اَلَّذِيۡنَ كَفَرُوۡا وَصَدُّوۡا عَنۡ سَبِيۡلِ اللّٰهِ اَضَلَّ اَعۡمَالَهُمۡ ۝١	1
প্রতিবর্ণায়ন	আল্লায ীনা কাফারূ ওয়াছাদ্দূ ‘আং ছাবীলিল্লা–হি আদ ‘াল্লা আ‘মা–লাহুম্।	
তরজমা	যাহারা কুফরী করে এবং অপরকে আল্লাহ্‌র পথ হইতে নিবৃত্ত করে তিনি তাহাদের কর্ম ব্যর্থ করিয়া দেন।	
	وَالَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَاٰمَنُوۡا بِمَا نُزِّلَ عَلٰى مُحَمَّدٍ وَّهُوَ الۡحَقُّ مِنۡ رَّبِّهِمۡ ۙ كَفَّرَ عَنۡهُمۡ سَيِّاٰتِهِمۡ وَ اَصۡلَحَ بَالَهُمۡ ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহ ‘া–তি ওয়া মা–মানূ বিমা–নুঝঝিলা ‘আলা–মুহ ‘াম্মাদিওঁ ওয়াহুওয়াল্ হ ‘াক্কু ‘ মির্ রাব্বিহিম্ (ﷺ) কাফ্ফারা ‘আন্‌হুম্ ছাইয়িআ–তিহিম্ ওয়া আসলাহ ‘া বা–লাহুম্।	
তরজমা	যাহারা ঈমান আনে, সৎকর্ম করে এবং মুহাম্মাদের প্রতি যাহা অবতীর্ণ হইয়াছে তাহাতে বিশ্বাস করে, আর উহাই তাহাদের প্রতিপালক হইতে প্রেরিত সত্য, তিনি তাহাদের মন্দ কর্মগুলি বিদূরিত করিবেন এবং তাহাদের অবস্থা ভাল করিবেন।	
	ذٰلِكَ بِاَنَّ الَّذِيۡنَ كَفَرُوا اتَّبَعُوا الۡبَاطِلَ وَاَنَّ الَّذِيۡنَ اٰمَنُوا اتَّبَعُوا الۡحَقَّ مِنۡ رَّبِّهِمۡ ؕ كَذٰلِكَ يَضۡرِبُ اللّٰهُ لِلنَّاسِ اَمۡثَالَهُمۡ ۝٣	3
প্রতিবর্ণায়ন	য ‘া–লিকা বিআন্নাল্লায ীনা কাফারুত্তাবা‘উল্ বা–তি ‘লা ওয়া আন্নাল্লায ীনা আ–মানুত্তাবা‘উল্ হ ‘াক্কা ‘া মির্ রাব্বিহিম (ﷺ) কায ‘া–লিকা ইয়াদ ‘রিবুল্লা–হু লিন্না–ছি আম্ছ ‘া–লাহুম্।	
তরজমা	ইহা এইজন্য যে, যাহারা কুফরী করে তাহারা মিথ্যার অনুসরণ করে এবং যাহারা ঈমান আনে তাহারা তাহাদের প্রতিপালক-প্রেরিত সত্যের অনুসরণ করে। এইভাবে আল্লাহ্ মানুষের জন্য তাহাদের দৃষ্টান্ত প্রদান করেন।	

		4
	فَاِذَا لَقِيْتُمُ الَّذِيْنَ كَفَرُوْا فَضَرْبَ الرِّقَابِ ؕ حَتّٰۤى اِذَاۤ اَثْخَنْتُمُوْهُمْ فَشُدُّوا الْوَثَاقَ ۙ فَاِمَّا مَنًّۢا بَعْدُ وَاِمَّا فِدَآءً حَتّٰى تَضَعَ الْحَرْبُ اَوْزَارَهَا ۛؕ ذٰلِكَ ۛؕ وَلَوْ يَشَآءُ اللّٰهُ لَانْتَصَرَ مِنْهُمْ وَلٰكِنْ لِّيَبْلُوَا بَعْضَكُمْ بِبَعْضٍ ؕ وَالَّذِيْنَ قُتِلُوْا فِىْ سَبِيْلِ اللّٰهِ فَلَنْ يُّضِلَّ اَعْمَالَهُمْ ۝	
প্রতিবর্ণায়ন	ফাইযা~ লাক্বীতুমুল্লাযীনা কাফারূ ফাদ্বারবা্ রিক্বা-ব (ط) হাত্তা~ ইযা~ আছ্খাংতুমূহুম্ ফাশুদ্দুল্ ওয়াছ্বা-ক্বা (لا) ফাইম্মা- মান্নাম্ বা'দু ওয়াইম্মা- ফিদা~আন্ হাত্তা- তাদ্বা'আল্ হারবু আওঝা-রাহা- (مع) যা-লিকা (مع) ওয়ালাও ইয়াশা~উল্লা-হু লাংতাসারা মিন্হুম্ (لا) ওয়ালা-কিল্ লিইয়াব্লুওয়া বা'দ্বাকুম্ বিবা'দ্বিঁ (ط) ওয়াল্লাযীনা কু্তিলূ ফী ছাবীলিল্লা-হি ফালাইঁ ইউদ্বিল্লা আ'মা-লাহুম্।	
তরজমা	অতএব যখন তোমরা কাফিরদের সঙ্গে যুদ্ধে মুকাবিলা কর তখন তাহাদের গর্দানে আঘাত কর, পরিশেষে যখন তোমরা উহাদেরকে সম্পূর্ণরূপে পরাভূত করিবে তখন উহাদেরকে কষিয়া বাঁধিবে ; অতঃপর হয় অনুকম্পা, নয় মুক্তিপণ। তোমরা জিহাদ চালাইবে যতক্ষণ না যুদ্ধ ইহার অস্ত্র নামাইয়া ফেলে। ইহাই বিধান। ইহা এইজন্য যে, আল্লাহ্ ইচ্ছা করিলে উহাদেরকে শাস্তি দিতে পারিতেন, কিন্তু তিনি চাহেন তোমাদের একজনকে অপরের দ্বারা পরীক্ষা করিতে। যাহারা আল্লাহ্র পথে নিহত হয় তিনি কখনও তাহাদের কর্ম বিনষ্ট হইতে দেন না।	
	سَيَهْدِيْهِمْ وَيُصْلِحُ بَالَهُمْ ۝	5
প্রতিবর্ণায়ন	ছাইয়াহ্দীহিম্ ওয়া ইউসলিহু' বা-লাহুম।	
তরজমা	তিনি তাহাদেরকে সৎপথে পরিচালিত করেন এবং তাহাদের অবস্থা ভাল করিয়া দেন।	
	وَيُدْخِلُهُمُ الْجَنَّةَ عَرَّفَهَا لَهُمْ ۝	6
প্রতিবর্ণায়ন	ওয়াইউদ্খিলুহুম্ জান্নাতা 'আর্রাফাহা-লাহুম।	
তরজমা	তিনি তাহাদেরকে দাখিল করিবেন জান্নাতে, যাহার কথা তিনি তাহাদেরকে জানাইয়াছিলেন।	
	يٰۤاَيُّهَا الَّذِيْنَ اٰمَنُوْۤا اِنْ تَنْصُرُوا اللّٰهَ يَنْصُرْكُمْ وَيُثَبِّتْ اَقْدَامَكُمْ ۝	7
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল্লাযীনা আ-মানূ~ ইং তাংসরুল্লা-হা ইয়াংসুর্কুম্ ওয়া ইউছাব্বিত আক্বদা-মাকুম।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	হে মু'মিনগণ ! যদি তোমরা আল্লাহ্‌কে সাহায্য কর, আল্লাহ্‌ তোমাদেরকে সাহায্য করিবেন এবং তোমাদের অবস্থান দৃঢ় করিবেন।	
	وَالَّذِيْنَ كَفَرُوْا فَتَعْسًا لَّهُمْ وَاَضَلَّ اَعْمَالَهُمْ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা কাফারূ ফাতা'ছ াল্লাহুম্‌ ওয়া আদ াল্লা আ'মা-লাহুম।	
তরজমা	যাহারা কুফরী করিয়াছে তাহাদের জন্য রহিয়াছে দুর্ভোগ এবং তিনি তাহাদের কর্ম ব্যর্থ করিয়া দিবেন।	
	ذٰلِكَ بِاَنَّهُمْ كَرِهُوْا مَآ اَنْزَلَ اللّٰهُ فَاَحْبَطَ اَعْمَالَهُمْ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	য'া-লিকা বিআন্নাহুম্‌ কারিহূ মা~ আংঝালল্লা-হু ফাআহ'বাত'া আ'মা-লাহুম।	
তরজমা	ইহা এইজন্য যে, আল্লাহ্‌ যাহা অবতীর্ণ করিয়াছেন উহারা তাহা অপসন্দ করে। সুতরাং আল্লাহ্‌ উহাদের কর্ম নিষ্ফল করিয়া দিবেন।	
	اَفَلَمْ يَسِيْرُوْا فِى الْاَرْضِ فَيَنْظُرُوْا كَيْفَ كَانَ عَاقِبَةُ الَّذِيْنَ مِنْ قَبْلِهِمْ ؕ دَمَّرَ اللّٰهُ عَلَيْهِمْ ۫ وَلِلْكٰفِرِيْنَ اَمْثَالُهَا ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	আফালাম্‌ ইয়াছীরূ ফিল্‌ আর্‌দি' ফাইয়াংজুরূ কাইফা কা-না 'আ-কি'বাতুল্লায ীনা মিং ক'াব্‌লিহিম (ط) দাম্মারাল্লা-হু 'আলাইহিম (ز) ওয়া লিল্‌কা-ফিরীনা আম্‌ছ'া-লুহা- ।	
তরজমা	উহারা কি পৃথিবীতে পরিভ্রমণ করে নাই এবং দেখে নাই উহাদের পূর্ববর্তীদের পরিণাম কি হইয়াছে ? আল্লাহ্‌ উহাদেরকে ধ্বংস করিয়াছেন এবং কাফিরদের জন্য রহিয়াছে অনুরূপ পরিণাম।	
	ذٰلِكَ بِاَنَّ اللّٰهَ مَوْلَى الَّذِيْنَ اٰمَنُوْا وَاَنَّ الْكٰفِرِيْنَ لَا مَوْلٰى لَهُمْ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	লাক'াদ্ কুংতা ফী গাফ্‌লাতিম্ মিন্ হা-য'া- ফাকাশাফ্‌না- 'আংকা গিত'া~আকা ফাবাসারুকাল্ ইয়াওমা হ'াদীদ।	
তরজমা	তুমি এই দিবস সম্বন্ধে উদাসীন ছিলে, এখন আমি তোমার সম্মুখ হইতে পর্দা উন্মোচন করিয়াছি। অদ্য তোমার দৃষ্টি প্রখর।	
	وَقَالَ قَرِيْنُهٗ هٰذَا مَا لَدَيَّ عَتِيْدٌ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লা ক'ারীনুহূ হা-য'া- মা- লাদাইইয়া 'আতীদ।	
তরজমা	তাহার সঙ্গী ফিরিশ্‌তা বলিবে, 'এই তো আমার নিকট 'আমলনামা প্রস্তুত।'	
	اَلْقِيَا فِيْ جَهَنَّمَ كُلَّ كَفَّارٍ عَنِيْدٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	আল্‌কি'য়া- ফী জাহান্নামা কুল্লা কাফ্‌ফা-রিন 'আনীদ।	
তরজমা	আদেশ করা হইবে, তোমরা উভয়ে নিক্ষেপ কর জাহান্নামে প্রত্যেক উদ্ধত কাফিরকে-	
	مَّنَّاعٍ لِّلْخَيْرِ مُعْتَدٍ مُّرِيْبِ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	মান্না-'ইল্লিল্ খাইরি মু'তাদিমমুরীব।	
তরজমা	কল্যাণকর কাজে প্রবল বাধাদানকারী, সীমালংঘনকারী ও সন্দেহ পোষণকারী।	
	اَلَّذِيْ جَعَلَ مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ فَاَلْقِيٰهُ فِي الْعَذَابِ الشَّدِيْدِ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	আল্লায'ী জা'আলা মা'আল্লা-হি ইলা-হান্ আ-খারা ফাআল্‌কি'য়া-হু ফিল্ 'আয'া-বিশ্‌শাদীদ্।	
তরজমা	যে ব্যক্তি আল্লাহ্‌র সঙ্গে অন্য ইলাহ্ গ্রহণ করিত তাহাকে কঠিন শাস্তিতে নিক্ষেপ কর।	
	قَالَ قَرِيْنُهٗ رَبَّنَا مَآ اَطْغَيْتُهٗ وَلٰكِنْ كَانَ فِيْ ضَلٰلٍ بَعِيْدٍ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ক'া-লা ক'ারীনুহূ রাব্বানা- মা~ আত'গাইতুহূ ওয়ালা-কিং কা-না ফী দ'ালা-লিম্ বা'ঈদ।	
তরজমা	তাহার সহচর শয়তান বলিবে, 'হে আমাদের প্রতিপালক! আমি তাহাকে অবাধ্য করি নাই। বস্তুত সে-ই ছিল ঘোর বিভ্রান্ত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	قَالَ لَا تَخْتَصِمُوْا لَدَيَّ وَقَدْ قَدَّمْتُ اِلَيْكُمْ بِالْوَعِيْدِ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ক'া-লা লা-তাখ্তাছিমূ লাদাইয়া ওয়া ক'াদ্ ক'াদ্দামতু ইলাইকুম্ বিল্ওয়া'ঈদ।	
তরজমা	আল্লাহ্ বলিবেন, 'আমার সম্মুখে বাক-বিতণ্ডা করিও না; তোমাদেরকে আমি তো পূর্বেই সতর্ক করিয়াছি।	
	مَا يُبَدَّلُ الْقَوْلُ لَدَيَّ وَمَآ اَنَا بِظَلَّامٍ لِّلْعَبِيْدِ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	মা-ইউবাদ্দালুল্ ক'াওলু লাদাইয়া ওয়ামা~ আনা- বিজ'াল্লা-মিল্লিল্'আবীদ।	
তরজমা	'আমার কথার রদবদল হয় না এবং আমি আমার বান্দাদের প্রতি কোন অবিচার করি না।'	
	يَوْمَ نَقُوْلُ لِجَهَنَّمَ هَلِ امْتَلَاْتِ وَتَقُوْلُ هَلْ مِنْ مَّزِيْدٍ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইয়াওমা নাকূ'লু লিজাহান্নামা হালিম্ তালা'তি ওয়া তাকূ'লু হাল্ মিম্মাঝীদ।	
তরজমা	সেই দিন আমি জাহান্নামকে জিজ্ঞাসা করিব, 'তুমি কি পূর্ণ হইয়া গিয়াছ ?' জাহান্নাম বলিবে, 'আরও আছে কি ?'	
	وَاُزْلِفَتِ الْجَنَّةُ لِلْمُتَّقِيْنَ غَيْرَ بَعِيْدٍ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া উঝলিফাতিল্ জান্নাতু লিল্মুত্তাক'ীনা গাইরা বা'ঈদ।	
তরজমা	আর জান্নাতকে নিকটস্থ করা হইবে মুত্তাকীদের-কোন দূরত্ব থাকিবে না।	
	هٰذَا مَا تُوْعَدُوْنَ لِكُلِّ اَوَّابٍ حَفِيْظٍ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	হা-য'া- মা- তূ'আদূনা লিকুল্লি আওওয়া-বিন্ হ'াফীজ'।	
তরজমা	ইহারই প্রতিশ্রুতি তোমাদেরকে দেওয়া হইয়াছিল-প্রত্যেক আল্লাহ্-অভিমুখী, হিফাযতকারীর জন্য-	
	مَنْ خَشِيَ الرَّحْمٰنَ بِالْغَيْبِ وَجَآءَ بِقَلْبٍ مُّنِيْبِ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	মান্ খাশিয়ার রাহ'মা-না বিল্গাইবি ওয়া জা~আ বিক'াল্বিম্ মুনীব।	
তরজমা	যাহারা না দেখিয়া দয়াময় আল্লাহ্কে ভয় করে এবং বিনীত চিত্তে উপস্থিত হয়-	
	اُدْخُلُوْهَا بِسَلٰمٍ ذٰلِكَ يَوْمُ الْخُلُوْدِ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	উদ্খুলূহা- বিছালা-মিং (ط) য'া-লিকা ইয়াওমুল্ খুলূদ্।	
তরজমা	তাহাদেরকে বলা হইবে, 'শান্তির সঙ্গে তোমরা উহাতে প্রবেশ কর ; উহা অনন্ত জীবনের দিন।'	
	لَهُمْ مَّا يَشَآءُوْنَ فِيْهَا وَلَدَيْنَا مَزِيْدٌ ﴿٣٥﴾	35

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	লাহুম্ মা–ইয়াশা~উনা ফীহা– ওয়ালাদাইনা– মাঝীদ।	
তরজমা	এখানে তাহারা যাহা কামনা করিবে তাহাই পাইবে এবং আমার নিকট রহিয়াছে তাহারও অধিক।	
	وَكَمْ اَهْلَكْنَا قَبْلَهُمْ مِّنْ قَرْنٍ هُمْ اَشَدُّ مِنْهُمْ بَطْشًا فَنَقَّبُوْا فِي الْبِلَادِ ؕ هَلْ مِنْ مَّحِيْصٍ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়াকাম্ আহ্লাক্না– ক'াব্লাহুম্ মিং ক'ার্নিন্ হুম্ আশাদ্দু মিন্হুম্ বাত'শাং ফানাক্ক'াবূ ফিল্ বিলা–দি (ط) হাল্ মিম্মাহ'ীস।	
তরজমা	আমি তাহাদের পূর্বে আরও কত মানবগোষ্ঠীকে ধ্বংস করিয়াছি যাহারা ছিল উহাদের অপেক্ষা শক্তিতে প্রবল, উহারা দেশে দেশে ঘুরিয়া বেড়াইত ; উহাদের কোন পলায়নস্থল রহিল কি ?	
	اِنَّ فِيْ ذٰلِكَ لَذِكْرٰى لِمَنْ كَانَ لَهٗ قَلْبٌ اَوْ اَلْقَى السَّمْعَ وَهُوَ شَهِيْدٌ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ইন্না ফী য'া–লিকা লাযি'ক্রা– লিমাং কা–না লাহূ ক'াল্বুন্ আও আল্ক'াছ্ ছাম'আ ওয়া হুওয়া শাহীদ।	
তরজমা	নিশ্চয়ই ইহাতে উপদেশ রহিয়াছে তাহার জন্য যাহার আছে অন্তঃকরণ অথবা যে শ্রবণ করে নিবিষ্ট চিত্তে।	
	وَلَقَدْ خَلَقْنَا السَّمٰوٰتِ وَالْاَرْضَ وَمَا بَيْنَهُمَا فِيْ سِتَّةِ اَيَّامٍ ّۖ وَّمَا مَسَّنَا مِنْ لُّغُوْبٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ খালাক'্নাছ্ছামা–ওয়া–তি ওয়াল্ আর্দ'া ওয়ামা– বাইনাহুমা– ফী ছিত্তাতি আইয়া–মিওঁ (ق) ওয়ামা–মাছ্ছানা– মিল্লুগূব।	
তরজমা	আমি আকাশমণ্ডলী ও পৃথিবী এবং উহাদের অন্তর্বর্তী সমস্ত কিছু সৃষ্টি করিয়াছি ছয় দিনে; আমাকে কোন ক্লান্তি স্পর্শ করে নাই।	
	فَاصْبِرْ عَلٰى مَا يَقُوْلُوْنَ وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ قَبْلَ طُلُوْعِ الشَّمْسِ وَقَبْلَ الْغُرُوْبِ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ফাসবির্ 'আলা– মা– ইয়াকূ'লূনা ওয়া ছাববিহ' বিহ'াম্দি রাব্বিকা ক'াব্লা তু'লূ'ইশ্শাম্ছি ওয়া ক'াব্লাল্ গুরূব।	
তরজমা	অতএব উহারা যাহা বলে তাহাতে তুমি ধৈর্য ধারণ কর এবং তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর সূর্যোদয়ের পূর্বে ও সূর্যাস্তের পূর্বে,	
	وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاَدْبَارَ السُّجُوْدِ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল্লাইলি ফাছাব্বিহ'হু ওয়া আদ্বা–রাছ্ছুজূদ।	
তরজমা	তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা কর রাত্রির একাংশে এবং সালাতের পরেও।	
	وَاسْتَمِعْ يَوْمَ يُنَادِ الْمُنَادِ مِنْ مَّكَانٍ قَرِيْبٍ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়াছ্তামি' ইয়াওমা ইউনা–দিল্ মুনা–দি মিম্ মাকা–নিং ক'ারীব।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	শোন, যেদিন এক ঘোষণাকারী নিকটবর্তী স্থান হইতে আহ্বান করিবে,	
	يَّوْمَ يَسْمَعُوْنَ الصَّيْحَةَ بِالْحَقِّ ؕ ذٰلِكَ يَوْمُ الْخُرُوْجِ ﴿۴۲﴾	42
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াছ্মা'ঊনাস্সাইহ'াতা বিল্হ'াক্কি' (ط) য'া-লিকা ইয়াওমুল্ খুরূজ।	
তরজমা	যেদিন মানুষ অবশ্যই শুনিতে পাইবে মহানাদ, সেই দিনই বাহির হইবার দিন।	
	اِنَّا نَحْنُ نُحْيٖ وَنُمِيْتُ وَاِلَيْنَا الْمَصِيْرُ ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ইন্না নাহ'নু নুহ'য়ী ওয়ানুমীতু ওয়া ইলাইনাল্ মাসীর।	
তরজমা	আমিই জীবন দান করি, মৃত্যু ঘটাই এবং সকলের প্রত্যাবর্তন আমারই দিকে।	
	يَوْمَ تَشَقَّقُ الْاَرْضُ عَنْهُمْ سِرَاعًا ؕ ذٰلِكَ حَشْرٌ عَلَيْنَا يَسِيْرٌ ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তাশাক্ক'াকু'ল্ আর্দু' 'আন্হুম্ ছিরা-'আং (ط) য'া-লিকা হ'াশ্রুন্ 'আলাইনা-ইয়াছীর।	
তরজমা	যেদিন তাহাদের উপরস্থ যমীন বিদীর্ণ হইবে এবং মানুষ ত্রস্ত-ব্যস্ত হইয়া ছুটাছুটি করিবে, এই সমবেত সমাবেশকরণ আমার জন্য সহজ।	
	نَحْنُ اَعْلَمُ بِمَا يَقُوْلُوْنَ وَمَآ اَنْتَ عَلَيْهِمْ بِجَبَّارٍ ۫ فَذَكِّرْ بِالْقُرْاٰنِ مَنْ يَّخَافُ وَعِيْدِ ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	নাহ'নু আ'লামু বিমা- ইয়াকূ'লূনা ওয়ামা~ আংতা 'আলাইহিম্ বিজাব্বা-রিং (ق) ফায'াক্কির্ বিল্কু'র্আ-নি মাইঁ ইয়াখা-ফু ওয়া'ঈদ।	
তরজমা	উহারা যাহা বলে তাহা আমি জানি, তুমি উহাদের উপর জবরদস্তিকারী নও, সুতরাং যে আমার শাস্তিকে ভয় করে তাহাকে উপদেশ দান কর কুরআনের সাহায্যে।	

51 - Adh-Dhariyat-যারিয়াত -الذاريات

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالذّٰرِيٰتِ ذَرْوًا ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়ায'য'া-রিয়া-তি য'ার্ওয়া-।	
তরজমা	শপথ ধূলিঝঞ্ঝার,	
	فَالْحٰمِلٰتِ وِقْرًا ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাল্ হ'া-মিলা-তি বি'ক'রা-।	
তরজমা	শপথ বোঝা বহনকারী মেঘপুঞ্জের,	
	فَالْجٰرِيٰتِ يُسْرًا ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ফাল্জা-রিয়া-তি ইউছ্রা-।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	শপথ স্বচ্ছন্দগতি নৌযানের,	
	فَالْمُقَسِّمٰتِ اَمْرًا ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ফাল্ মুক্বা'ছ্ছিমা–তি আম্‌রা– ।	
তরজমা	শপথ কর্ম বণ্টনকারী ফিরিশ্‌তাগণের–	
	اِنَّمَا تُوْعَدُوْنَ لَصَادِقٌ ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ইন্নামা– তূ'আদূনা লাসা–দিক্ব' ।	
তরজমা	তোমাদেরকে প্রদত্ত প্রতিশ্রুতি অবশ্যই সত্য।	
	وَّاِنَّ الدِّيْنَ لَوَاقِعٌ ۭ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাদ্‌দীনা লাওয়া–কি'' উ ।	
তরজমা	কর্মফল দিবস অবশ্যম্ভাবী।	
	وَالسَّمَاۗءِ ذَاتِ الْحُبُكِ ۙ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ছামা~ই য'া–তিল্ হুব্‌ক ।	
তরজমা	শপথ বহু পথবিশিষ্ট আকাশের,	
	اِنَّكُمْ لَفِيْ قَوْلٍ مُّخْتَلِفٍ ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ইন্নাকুম্ লাফী ক'াওলিম্ মুখ্‌তালিফ ।	
তরজমা	তোমরা তো পরস্পর বিরোধী কথায় লিপ্ত।	
	يُّؤْفَكُ عَنْهُ مَنْ اُفِكَ ۭ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ইউ'ফাকু 'আন্‌হু মান্ উফিক ।	
তরজমা	যে ব্যক্তি সত্যভ্রষ্ট সে-ই উহা পরিত্যাগ করে,	
	قُتِلَ الْخَرّٰصُوْنَ ۙ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	কু'তিলাল্ খার্‌রা–ছূন ।	
তরজমা	অভিশপ্ত হউক মিথ্যাচারীরা,	
	الَّذِيْنَ هُمْ فِيْ غَمْرَةٍ سَاهُوْنَ ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা হুম্ ফী গাম্‌রাতিং ছা–হূন ।	
তরজমা	যাহারা অজ্ঞ ও উদাসীন!	
	يَسْـَٔلُوْنَ اَيَّانَ يَوْمُ الدِّيْنِ ۭ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ইয়াছ্‌আলূনা আইয়া–না ইয়াওমুদ্দীন ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা জিজ্ঞাসা করে, 'কর্মফল দিবস কবে হইবে ?'	
	يَوْمَ هُمْ عَلَى النَّارِ يُفْتَنُونَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ইয়াওমা হুম্ 'আলান্না-রি ইউফ্তানূন।	
তরজমা	বল, 'সেই দিন যখন উহাদেরকে শাস্তি দেওয়া হইবে অগ্নিতে।'	
	ذُوقُوا فِتْنَتَكُمْ ۖ هَٰذَا الَّذِي كُنتُم بِهِ تَسْتَعْجِلُونَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	যূ'কূ' ফিত্নাতাকুম (ط) হা-য'াল্লায'ী কংতুম্ বিহী তাছ্তা'জিলূন।	
তরজমা	'তোমরা তোমাদের শাস্তি আস্বাদন কর, তোমরা এই শাস্তিই ত্বরান্বিত করিতে চাহিয়াছিলে।'	
	إِنَّ الْمُتَّقِينَ فِي جَنَّاتٍ وَعُيُونٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ইন্নাল মুত্তাক'ীনা ফী জান্না-তিওঁ ওয়া উ'ইয়ূন্।	
তরজমা	সেদিন নিশ্চয়ই মুত্তাকীরা থাকিবে প্রস্রবণ-বিশিষ্ট জান্নাতে,	
	آخِذِينَ مَا آتَاهُمْ رَبُّهُمْ ۚ إِنَّهُمْ كَانُوا قَبْلَ ذَٰلِكَ مُحْسِنِينَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আ-খিয'ীনা মা~ আ-তা-হুম্ রাব্বুহুম্ (ط) ইন্নাহুম্ কা-নূ ক'াব্লা য'া-লিকা মুহ'ছিনীন।	
তরজমা	উপভোগ করিবে তাহা যাহা তাহাদের প্রতিপালক তাহাদেরকে দিবেন; কারণ পার্থিব জীবনে তাহারা ছিল সৎকর্মপরায়ণ,	
	كَانُوا قَلِيلًا مِّنَ اللَّيْلِ مَا يَهْجَعُونَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	কা-নূ ক'ালীলাম্ মিনাল্লাইলি মা-ইয়াহ্জা'উন।	
তরজমা	তাহারা রাত্রির সামান্য অংশই অতিবাহিত করিত নিদ্রায়,	
	وَبِالْأَسْحَارِ هُمْ يَسْتَغْفِرُونَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া বিল্আছ্হ'া-রিহুম্ ইয়াছ্তাগ্ফিরূন।	
তরজমা	রাত্রির শেষ প্রহরে তাহারা ক্ষমা প্রার্থনা করিত,	
	وَفِي أَمْوَالِهِمْ حَقٌّ لِّلسَّائِلِ وَالْمَحْرُومِ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া ফী~ আম্ওয়া-লিহিম্ হ'াক্ক্'ল্ লিছ্ছা~ইলি ওয়াল্ মাহ'রূম।	
তরজমা	এবং তাহাদের ধন-সম্পদে রহিয়াছে অভাবগ্রস্ত ও বঞ্চিতের হক।	
	وَفِي الْأَرْضِ آيَاتٌ لِّلْمُوقِنِينَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ফিল্ আর্দি' আ-য়া-তুল্লিল্ মূ'কি'নীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	নিশ্চিত বিশ্বাসীদের জন্য নিদর্শন রহিয়াছে ধরিত্রীতে	
	وَ فِیۡۤ اَنۡفُسِکُمۡ ؕ اَفَلَا تُبۡصِرُوۡنَ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া ফী~ আংফুছিকুম (ط) আফালা– তুব্‌সিরূন।	
তরজমা	এবং তোমাদের মধ্যেও। তোমরা কি অনুধাবন করিবে না ?	
	وَ فِی السَّمَآءِ رِزۡقُکُمۡ وَ مَا تُوۡعَدُوۡنَ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া ফিছ্‌ছামা~ই রিঝকু'কুম্ ওয়ামা– তূ'আদূন।	
তরজমা	আকাশে রহিয়াছে তোমাদের রিযিক ও প্রতিশ্রুত সমস্ত কিছু।	
	فَوَ رَبِّ السَّمَآءِ وَ الۡاَرۡضِ اِنَّهٗ لَحَقٌّ مِّثۡلَ مَاۤ اَنَّکُمۡ تَنۡطِقُوۡنَ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ফাওয়ারাব্বিছ্ ছামা~ই ওয়াল্ আর্‌দি' ইন্নাহূ লাহ'াক্কু'ম্ মিছ্'লা মা~ আন্নাকুম্ তাংতি'ক্'ূন।	
তরজমা	আকাশ ও পৃথিবীর প্রতিপালকের শপথ! অবশ্যই তোমাদের বাক্‌স্ফূর্তির মতই এই সকল সত্য।	
	هَلۡ اَتٰىکَ حَدِیۡثُ ضَیۡفِ اِبۡرٰهِیۡمَ الۡمُکۡرَمِیۡنَ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	হাল্ আতা–কা হ'াদীছু' দ'াইফি ইবরা–হীমাল্ মুক্‌রামীন।	
তরজমা	তোমার নিকট ইব্‌রাহীমের সম্মানিত মেহমানদের বৃত্তান্ত আসিয়াছে কি ?	
	اِذۡ دَخَلُوۡا عَلَیۡهِ فَقَالُوۡا سَلٰمًا ؕ قَالَ سَلٰمٌ ۚ قَوۡمٌ مُّنۡکَرُوۡنَ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	ইয্' দাখালূ 'আলাইহি ফাক'া–লূ ছালা–মাং (ط) ক'া–লা ছালা–মুং (ج) ক'াওমুম্ মুংকারূন।	
তরজমা	যখন উহারা তাহার নিকট উপস্থিত হইয়া বলিল, 'সালাম'। উত্তরে সে বলিল,'সালাম'। ইহারা তো অপরিচিত লোক।	
	فَرَاغَ اِلٰۤی اَهۡلِهٖ فَجَآءَ بِعِجۡلٍ سَمِیۡنٍ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	ফারা–গা ইলা~ আহ্‌লিহী ফাজা~আ বি'ইজলিং ছামীন।	
তরজমা	অতঃপর ইব্‌রাহীম তাহার স্ত্রীর নিকট গেল এবং একটি মাংসল গো-বৎস ভাজা লইয়া আসিল	
	فَقَرَّبَهٗۤ اِلَیۡهِمۡ قَالَ اَلَا تَاۡکُلُوۡنَ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ফাক'াররাবাহূ~ ইলাইহিম্ ক'া–লা আলা– তা'কুলূন।	
তরজমা	ও তাহাদের সামনে রাখিল এবং বলিল, 'তোমরা খাইতেছ না কেন ?'	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَأَوْجَسَ مِنْهُمْ خِيفَةً ۖ قَالُوا لَا تَخَفْ ۖ وَبَشَّرُوهُ بِغُلَامٍ عَلِيمٍ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ফাআওজাছা মিন্হুম্ খীফাতাং (ط) ক'া-লূ লা- তাখাফ (ط) ওয়াবাশ্শারূহু বিগুলা-মিন্ 'আলীম্।	
তরজমা	ইহাতে উহাদের সম্পর্কে তাহার মনে ভীতির সঞ্চার হইল। উহারা বলিল, 'ভীত হইও না।' অতঃপর উহারা তাহাকে এক জ্ঞানী পুত্র সন্তানের সুসংবাদ দিল।	
	فَأَقْبَلَتِ امْرَأَتُهُ فِي صَرَّةٍ فَصَكَّتْ وَجْهَهَا وَقَالَتْ عَجُوزٌ عَقِيمٌ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাআক'বালাতিম্ রাআতুহূ ফী সার্‌রাতিং ফাসাক্কাত্ ওয়াজহাহা- ওয়াক'া-লাত 'আজূঝুং 'আক'ীম।	
তরজমা	তখন তাহার স্ত্রী চিৎকার করিতে করিতে সম্মুখে আসিল এবং গাল চাপড়াইয়া বলিল, 'এই বৃদ্ধ-বন্ধ্যার সন্তান হইবে!'	
	قَالُوا كَذَٰلِكِ قَالَ رَبُّكِ ۖ إِنَّهُ هُوَ الْحَكِيمُ الْعَلِيمُ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ক'া-লূ কায'া-লিকি (لا) ক'া-লা রাব্বুকি (ط) ইন্নাহূ হুওয়াল্ হ'াকীমুল্ 'আলীম।	
তরজমা	তাহারা বলিল, 'তোমার প্রতিপালক এইরূপই বলিয়াছেন ; তিনিই প্রজ্ঞাময়, সর্বজ্ঞ।'	
	قَالَ فَمَا خَطْبُكُمْ أَيُّهَا الْمُرْسَلُونَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ক'া-লা ফামা-খাত'বুকুম্ আইয়ুহাল্ মুর্‌ছালূন।	
তরজমা	ইব্‌রাহীম বলিল, 'হে ফিরিশ্‌তাগণ ! তোমাদের বিশেষ কাজ কী ?'	
	قَالُوا إِنَّا أُرْسِلْنَا إِلَىٰ قَوْمٍ مُجْرِمِينَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ক'া-লূ ইন্না উর্‌ছিল্‌না ইলা- ক'াওমিম্ মুজরিমীন।	
তরজমা	উহারা বলিল, 'আমাদেরকে এক অপরাধী সম্প্রদায়ের প্রতি প্রেরণ করা হইয়াছে।	
	لِنُرْسِلَ عَلَيْهِمْ حِجَارَةً مِنْ طِينٍ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	লিনুরছিলা 'আলাইহিম হি'জা-রাতাম্ মিং ত'ীন।	
তরজমা	'উহাদের উপর নিক্ষেপ করিবার জন্য মাটির শক্ত ঢেলা,	
	مُسَوَّمَةً عِنْدَ رَبِّكَ لِلْمُسْرِفِينَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	মুছাওয়ামাতান্ 'ইন্দা রাব্বিকা লিল্‌মুছ্‌রিফীন।	
তরজমা	'যাহা সীমালংঘনকারীদের জন্য চিহ্নিত তোমার প্রতিপালকের নিকট হইতে।'	
	فَأَخْرَجْنَا مَنْ كَانَ فِيهَا مِنَ الْمُؤْمِنِينَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ফাআখ্‌রাজনা- মাং কা-না ফীহা- মিনাল্ মু'মিনীন।	
তরজমা	সেখানে যেসব মু'মিন ছিল আমি তাহাদেরকে উদ্ধার করিয়াছিলাম,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فَمَا وَجَدْنَا فِيهَا غَيْرَ بَيْتٍ مِّنَ الْمُسْلِمِينَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ফামা–ওয়াজাদ্‌না– ফীহা–গাইরা বাইতিম্ মিনাল্ মুছ্‌লিমীন।	
তরজমা	আর সেখানে আমি একটি পরিবার ব্যতীত কোন আত্মসমর্পণকারী পাই নাই।	
	وَتَرَكْنَا فِيهَا آيَةً لِّلَّذِينَ يَخَافُونَ الْعَذَابَ الْأَلِيمَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়াতারাক্‌না– ফীহা ̃আ-য়াতাল্লিল্লায ̃ীনা ইয়াখা–ফূনাল্ ‘আয ̃া–বাল্ আলীম।	
তরজমা	যাহারা মর্মন্তুদ শাস্তিকে ভয় করে আমি তাহাদের জন্য উহাতে একটি নিদর্শন রাখিয়াছি।	
	وَفِي مُوسَىٰ إِذْ أَرْسَلْنَاهُ إِلَىٰ فِرْعَوْنَ بِسُلْطَانٍ مُّبِينٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ওয়া ফী মূছা ̃ইয ̃ আর্‌ছাল্‌না–হু ইলা–ফির‘আওনা বিছুলত ̃া–নিম্ মুবীন।	
তরজমা	এবং নিদর্শন রাখিয়াছি মূসার বৃত্তান্তে, যখন আমি তাহাকে স্পষ্ট প্রমাণসহ ফির‘আওনের নিকট প্রেরণ করিয়া-ছিলাম,	
	فَتَوَلَّىٰ بِرُكْنِهِ وَقَالَ سَاحِرٌ أَوْ مَجْنُونٌ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ফাতাওয়াল্লা–বিরুক্‌নিহী ওয়াক ̃া–লা ছা–হি ̃রুন্ আও মাজনূন।	
তরজমা	তখন সে ক্ষমতার দম্ভে মুখ ফিরাইয়া লইল এবং বলিল, ‘এই ব্যক্তি হয় এক জাদুকর, না হয় এক উন্মাদ।	
	فَأَخَذْنَاهُ وَجُنُودَهُ فَنَبَذْنَاهُمْ فِي الْيَمِّ وَهُوَ مُلِيمٌ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ফাআখায ̃না–হু ওয়া জুনূদাহূ ফানাবায ̃না–হুম্ ফিল্ ইয়াম্মি ওয়া হুওয়া মুলীম।	
তরজমা	সুতরাং আমি তাহাকে ও তাহার দলবলকে শাস্তি দিলাম এবং উহাদের সমুদ্রে নিক্ষেপ করিলাম, সে তো ছিল তিরস্কারযোগ্য।	
	وَفِي عَادٍ إِذْ أَرْسَلْنَا عَلَيْهِمُ الرِّيحَ الْعَقِيمَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ওয়া ফী ‘আ–দিন্ ইয ̃ আর্‌ছাল্‌না– ‘আলাইহিমুর্‌রী হ ̃াল্ ‘আক ̃ীম।	
তরজমা	এবং নিদর্শন রহিয়াছে ‘আদের ঘটনায়, যখন আমি তাহাদের বিরুদ্ধে প্রেরণ করিয়াছিলাম অকল্যাণকর বায়ু ;	
	مَا تَذَرُ مِن شَيْءٍ أَتَتْ عَلَيْهِ إِلَّا جَعَلَتْهُ كَالرَّمِيمِ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	মা–তায ̃ারু মিং শাইয়িন্ আতাত্ ‘আলাইহি ইল্লা–জা‘আলাত্‌হু কার্‌রামীম।	
তরজমা	ইহা যাহা কিছুর উপর দিয়া বহিয়া গিয়াছিল তাহাকেই চূর্ণ-বিচূর্ণ করিয়া দিয়াছিল,	
	وَفِي ثَمُودَ إِذْ قِيلَ لَهُمْ تَمَتَّعُوا حَتَّىٰ حِينٍ ﴿٤٣﴾	43

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ফী ছ'ামূদা ইয'ক'ীলা লাহুম্ তামাত্তা'ঊ হ'াত্তা– হ'ীন।	
তরজমা	আরও নিদর্শন রহিয়াছে সামূদের বৃত্তান্তে, যখন তাহাদেরকে বলা হইয়াছিল, 'ভোগ করিয়া নাও স্বল্পকাল।'	
	فَعَتَوْا عَنْ اَمْرِ رَبِّهِمْ فَاَخَذَتْهُمُ الصّٰعِقَةُ وَهُمْ يَنْظُرُوْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ফা'আতাও 'আন্ আম্রি রাব্বিহিম্ ফাআখায'াতহুমুসসা–'ইক'াতু ওয়া হুম্ ইয়াংজু'রূন।	
তরজমা	কিন্তু উহারা উহাদের প্রতিপালকের আদেশ অমান্য করিল ; ফলে উহাদের প্রতি বজ্রাঘাত হইল এবং উহারা উহা দেখিতেছিল।	
	فَمَا اسْتَطَاعُوْا مِنْ قِيَامٍ وَّمَا كَانُوْا مُنْتَصِرِيْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ফামাছ্তাত'া–'ঊ মিং কি'য়া–মিওঁ ওয়ামা– কা–নূ মুংতাসিরীন।	
তরজমা	উহারা উঠিয়া দাঁড়াইতে পারিল না এবং উহা প্রতিরোধ করিতেও পারিল না।	
	وَقَوْمَ نُوْحٍ مِّنْ قَبْلُ ؕ اِنَّهُمْ كَانُوْا قَوْمًا فٰسِقِيْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াওমা নূহি'ম্ মিং ক'াবলু (ত্ব) ইন্নাহুম্ কা–নূ ক'াওমাং ফা–ছিক'ীন।	
তরজমা	আমি ধ্বংস করিয়াছিলাম ইহাদের পূর্বে নূহের সম্প্রদায়কে, ইহারা তো ছিল সত্যত্যাগী সম্প্রদায়।	
	وَالسَّمَآءَ بَنَيْنٰهَا بِاَيْىدٍ وَّاِنَّا لَمُوْسِعُوْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ ছামা~আ বানাইনা–হা– বিআইদিওঁ ওয়া ইন্না– লামূছি'ঊন।	
তরজমা	আমি আকাশ নির্মাণ করিয়াছি আমার ক্ষমতাবলে এবং আমি অবশ্যই মহা-সম্প্রসারণকারী।	
	وَالْاَرْضَ فَرَشْنٰهَا فَنِعْمَ الْمٰهِدُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়াল্ আর্দ'া ফারাশ্–হা– ফানি'মাল্ মা–হিদূন।	
তরজমা	আর ভূমি, আমি উহাকে বিছাইয়া দিয়াছি, আমি কত সুন্দর প্রসারণকারী!	
	وَمِنْ كُلِّ شَىْءٍ خَلَقْنَا زَوْجَيْنِ لَعَلَّكُمْ تَذَكَّرُوْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া মিন্ কুল্লি শাইয়িন্ খালাক'না– ঝাওজাইনি লা'আল্লাকুম্ তায'াক্কারূন।	
তরজমা	আর প্রত্যেক বস্তু আমি সৃষ্টি করিয়াছি জোড়ায় জোড়ায়, যাহাতে তোমরা উপদেশ গ্রহণ কর।	
	فَفِرُّوْٓا اِلَى اللّٰهِ ؕ اِنِّىْ لَكُمْ مِّنْهُ نَذِيْرٌ مُّبِيْنٌ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফাফির্রূ~ইলাল্লা–হি (ত্ব) ইন্নী লাকুম মিন্হু নায'ীরুম মুবীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতএব তোমরা আল্লাহ্‌র দিকে ধাবিত হও, আমি তো তোমাদের প্রতি আল্লাহ্‌-প্রেরিত স্পষ্ট সতর্ককারী।	
	وَلَا تَجْعَلُوْا مَعَ اللّٰهِ اِلٰهًا اٰخَرَ ؕ اِنِّیْ لَكُمْ مِّنْهُ نَذِیْرٌ مُّبِیْنٌ ۝۵۱	51
প্রতিবর্ণায়ন	ওয়ালা– তাজ'আলূ মা'আল্লা–হি ইলা–হান্ আ–খারা (ط) ইন্নী লাকুম্ মিন্হু নায'ীরুম মুবীন।	
তরজমা	তোমরা আল্লাহ্‌র সঙ্গে কোন ইলাহ্ স্থির করিও না; আমি তোমাদের প্রতি আল্লাহ্‌-প্রেরিত স্পষ্ট সতর্ককারী।	
	كَذٰلِكَ مَاۤ اَتَی الَّذِیْنَ مِنْ قَبْلِهِمْ مِّنْ رَّسُوْلٍ اِلَّا قَالُوْا سَاحِرٌ اَوْ مَجْنُوْنٌ ۝۵۲	52
প্রতিবর্ণায়ন	কায'া–লিকা মা~আতাল্লায'ীনা মিং ক'াব্‌লিহিম্ মির্ রাছূলিন্ ইল্লা– ক'া–লূ ছা–হি'রুন্ আও মাজনূন।	
তরজমা	এইভাবে উহাদের পূর্ববর্তীদের নিকট যখনই কোন রাসূল আসিয়াছে উহারা তাহাকে বলিয়াছে, 'তুমি তো এক জাদুকর, না হয় এক উন্মাদ!'	
	اَتَوَاصَوْا بِهٖ ۚ بَلْ هُمْ قَوْمٌ طَاغُوْنَ ۝۵۳	53
প্রতিবর্ণায়ন	আতাওয়া–সাও বিহী (ج) বাল্ হুম্ ক'াওমুং ত'া–গূন।	
তরজমা	উহারা কি একে অপরকে এই যন্ত্রণাই দিয়া আসিয়াছে ? বস্তুত উহারা সীমা–লংঘনকারী সম্প্রদায়।	
	فَتَوَلَّ عَنْهُمْ فَمَاۤ اَنْتَ بِمَلُوْمٍ ۝۵۴	54
প্রতিবর্ণায়ন	ফাতাওয়াল্লা 'আন্হুম্ ফামা~আংতা বিমালূম।	
ZiRgv	অতএব তুমি উহাদেরকে উপেক্ষা কর, ইহাতে তুমি অভিযুক্ত হইবে না।	
	وَّ ذَكِّرْ فَاِنَّ الذِّكْرٰی تَنْفَعُ الْمُؤْمِنِیْنَ ۝۵۵	55
প্রতিবর্ণায়ন	ওয়া য'াক্কির্ ফাইন্নায'ি'ক্‌রা– তাংফা'উল্ মু'মিনীন।	
তরজমা	তুমি উপদেশ দিতে থাক, কারণ উপদেশ মু'মিনদেরই উপকারে আসে।	
	وَمَا خَلَقْتُ الْجِنَّ وَالْاِنْسَ اِلَّا لِیَعْبُدُوْنِ ۝۵۶	56
প্রতিবর্ণায়ন	ওয়ামা– খালাক'তুল্ জিন্না ওয়াল্ ইংছা ইল্লা– লিইয়া'বুদূন।	
তরজমা	আমি সৃষ্টি করিয়াছি জিন এবং মানুষকে এইজন্য যে, তাহারা আমারই 'ইবাদত করিবে।	
	مَاۤ اُرِیْدُ مِنْهُمْ مِّنْ رِّزْقٍ وَّ مَاۤ اُرِیْدُ اَنْ یُّطْعِمُوْنِ ۝۵۷	57
প্রতিবর্ণায়ন	মা~ উরীদু মিন্হুম্ মির্ রিঝকি'ওঁ ওয়ামা~ উরীদু আইঁ ইয়ুত'ইমূন।	

তরজমা	আমি উহাদের নিকট হইতে জীবিকা চাহি না এবং ইহাও চাহি না যে, উহারা আমার আহার্য যোগাইবে।	
	إِنَّ اللَّهَ هُوَ الرَّزَّاقُ ذُو الْقُوَّةِ الْمَتِينُ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লা–হা হুওয়ার্‌রাঝ্‌ঝা–কু' যু'ল্ কু'ওওয়াতিল্ মাতীন।	
তরজমা	আল্লাহ্‌ই তো রিযিক দান করেন এবং তিনি প্রবল, পরাক্রান্ত।	
	فَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا ذَنُوبًا مِثْلَ ذَنُوبِ أَصْحَابِهِمْ فَلَا يَسْتَعْجِلُونِ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	ফাইন্না লিল্লায'ীনা জ'ালামূ য'ানূবাম্ মিছ্'লা য'ানূবি আসহ'া–বিহিম্ ফালা– ইয়াছ্‌তা'জিলূন্।	
তরজমা	জালিমদের প্রাপ্য তাহাই যাহা অতীতে উহাদের সমমতাবলম্বীরা ভোগ করিয়াছে। সুতরাং উহারা ইহার জন্য আমার নিকট যেন ত্বরা না করে।	
	فَوَيْلٌ لِّلَّذِينَ كَفَرُوا مِن يَوْمِهِمُ الَّذِي يُوعَدُونَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ফাওয়াইলুল্লিল্লায'ীনা কাফারূ মিইঁ ইয়াওমিহিমুল্লায'ী ইঊ'আদুন।	
তরজমা	কাফিরদের জন্য দুর্ভোগ তাহাদের সেই দিনের, যেই দিনের বিষয়ে উহাদেরকে সতর্ক করা হইয়াছে।	

52 - At-Tur-তূর -الطور

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	وَالطُّورِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াত'ূ'রি।	
তরজমা	শপথ তূর পর্বতের,	
	وَكِتَابٍ مَّسْطُورٍ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়া কিতা–বিম্ মাছ্‌তূ'র্।	
তরজমা	শপথ কিতাবের, যাহা লিখিত আছে	
	فِي رَقٍّ مَّنشُورٍ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ফী– রাক্কি'ম্ মাংশূর।	
তরজমা	উন্মুক্ত পত্রে,	
	وَالْبَيْتِ الْمَعْمُورِ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্ বাইতিল্ মা'মূর।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	শপথ বায়তুল মা'মূরের,	
	وَالسَّقْفِ الْمَرْفُوْعِ ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ছাক'ফিল্ মার্ফূ' ।	
তরজমা	শপথ সমুন্নত আকাশের,	
	وَالْبَحْرِ الْمَسْجُوْرِ ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়াল্ বাহ'রিল্ মাছজূর ।	
তরজমা	এবং শপথ উদ্বেলিত সমুদ্রের-	
	اِنَّ عَذَابَ رَبِّكَ لَوَاقِعٌ ۙ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ইন্না 'আয'া-বা রাব্বিকা লাওয়া-কি'' ।	
তরজমা	তোমার প্রতিপালকের শাস্তি তো অবশ্যম্ভাবী,	
	مَّا لَهٗ مِنْ دَافِعٍ ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	মা- লাহূ মিং দা-ফি' ।	
তরজমা	ইহার নিবারণকারী কেহ নাই।	
	يَّوْمَ تَمُوْرُ السَّمَآءُ مَوْرًا ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তামূরুছ্ ছামা~উ মাওরা- ।	
তরজমা	যেদিন আকাশ আন্দোলিত হইবে প্রবলভাবে	
	وَّتَسِيْرُ الْجِبَالُ سَيْرًا ۭ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া তাছীরুল জিবা-লু ছাইরা- ।	
তরজমা	এবং পর্বত চলিবে দ্রুত ;	
	فَوَيْلٌ يَّوْمَىِٕذٍ لِّلْمُكَذِّبِيْنَ ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ফাওয়াইলুই্ঁ ইয়াওমাইযি'ল্লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	দুর্ভোগ সেই দিন সত্য অস্বীকারকারীদের,	
	الَّذِيْنَ هُمْ فِيْ خَوْضٍ يَّلْعَبُوْنَ ۘ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা হুম্ ফী খাওদি'ই্ঁ ইয়াল্'আবূন ।	
তরজমা	যাহারা ক্রীড়াচ্ছলে অসার কার্যকলাপে লিপ্ত থাকে।	
	يَوْمَ يُدَعُّوْنَ اِلٰى نَارِ جَهَنَّمَ دَعًّا ۭ﴿۱۳﴾	13
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইউদা''উনা ইলা-না-রি জাহান্নামা দা''আ- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	যেদিন উহাদেরকে ধাক্কা মারিতে মারিতে লইয়া যাওয়া হইবে জাহান্নামের অগ্নির দিকে	
	هٰذِهِ النَّارُ الَّتِيْ كُنْتُمْ بِهَا تُكَذِّبُوْنَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	হা-যি'হিন্না-রুল্লাতী কুংতুম্ বিহা- তুকায'যি'বূন।	
তরজমা	'ইহাই সেই অগ্নি যাহাকে তোমরা মিথ্যা মনে করিতে।'	
	اَفَسِحْرٌ هٰذَآ اَمْ اَنْتُمْ لَا تُبْصِرُوْنَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	আফাছিহ'রুন্ হা-য'া~ আম্ আংতুম্ লা-তুব্সিরূন।	
তরজমা	ইহা কি জাদু ? না কি তোমরা দেখিতে পাইতেছ না ?	
	اِصْلَوْهَا فَاصْبِرُوْٓا اَوْ لَا تَصْبِرُوْا ۚ سَوَآءٌ عَلَيْكُمْ ۭ اِنَّمَا تُجْزَوْنَ مَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ইসলাওহা-ফাসবিরূ~ আওলা-তাসবিরূ (ج) ছাওয়া~উন্ 'আলাইকুম (ط) ইন্নামা- তুজঝাওনা মা- কুংতুম্ তা'মালূন।	
তরজমা	তোমরা ইহাতে প্রবেশ কর, অতঃপর তোমরা ধৈর্য ধারণ কর অথবা ধৈর্য ধারণ না কর, উভয়ই তোমাদের জন্য সমান। তোমরা যাহা করিতে তাহারই প্রতিফল তোমাদেরকে দেওয়া হইতেছে।	
	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ جَنّٰتٍ وَّنَعِيْمٍ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুত্তাক'ীনা ফী জান্না-তিওঁ ওয়া না'ঈম।	
তরজমা	মুত্তাকীরা তো থাকিবে জান্নাতে ও আরাম-আয়েশে,	
	فٰكِهِيْنَ بِمَآ اٰتٰىهُمْ رَبُّهُمْ ۚ وَوَقٰىهُمْ رَبُّهُمْ عَذَابَ الْجَحِيْمِ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ফা-কিহীনা বিমা~আ-তা-হুম্ রাব্বুহুম্ (ج) ওয়া ওয়াক'া-হুম্ রাব্বুহুম্ 'আয'া-বাল্ জাহীম।	
তরজমা	তাহাদের প্রতিপালক তাহাদেরকে যাহা দিবেন তাহারা তাহা উপভোগ করিবে এবং তাহাদের রব তাহাদেরকে রক্ষা করিবেন জাহান্নামের আযাব হইতে,	
	كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْۗـًٔا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	কুলূ ওয়াশ্রাবূ হানী~আম্ বিমা- কুংতুম্ তা'মালূন।	
তরজমা	'তোমরা যাহা করিতে তাহার প্রতিফলস্বরূপ তোমরা তৃপ্তির সঙ্গে পানাহার করিতে থাক।'	
	مُتَّكِـِٕيْنَ عَلٰي سُرُرٍ مَّصْفُوْفَةٍ ۚ وَزَوَّجْنٰهُمْ بِحُوْرٍ عِيْنٍ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	মুত্তাকিঈনা 'আলা- ছুরুরিম্ মাসফূফাতিওঁ (ج) ওয়াঝাওওয়াজনা-হুম্ বিহূ'রিন্ 'ঈন্।	

তরজমা	তাহারা বসিবে শ্রেণীবদ্ধভাবে সজ্জিত আসনে হেলান দিয়া ; আমি তাহাদের মিলন ঘটাইব আয়তলোচনা হূরের সঙ্গে;	
	وَالَّذِيْنَ اٰمَنُوْا وَاتَّبَعَتْهُمْ ذُرِّيَّتُهُمْ بِاِيْمَانٍ اَلْحَقْنَا بِهِمْ ذُرِّيَّتَهُمْ وَمَآ اَلَتْنٰهُمْ مِّنْ عَمَلِهِمْ مِّنْ شَيْءٍ ؕ كُلُّ امْرِئٍۢ بِمَا كَسَبَ رَهِيْنٌ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায ীনা আ–মানূ ওয়াত্তাবা'আত্হুম্ য ুর্রিইইয়াতুহুম্ বিঈমা–নিন আল্হ াক্না–বিহিম্ যু র্রিইইয়াতাহুম্ ওয়ামা~ আলাত্না–হুম্ মিন্ 'আমালিহিম্ মিং শাইয়িং (ج) কুল্লুম্রিইম্ বিমা–কাছাবা রাহীন্।	
তরজমা	এবং যাহারা ঈমান আনে আর তাহাদের সন্তান-সন্ততি ঈমানে তাহাদের অনুগামী হয়, তাহাদের সঙ্গে মিলিত করিব তাহাদের সন্তান-সন্ততিকে এবং তাহাদের কর্মফল আমি কিছুমাত্র হ্রাস করিব না; প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের জন্য দায়ী।	
	وَاَمْدَدْنٰهُمْ بِفَاكِهَةٍ وَّلَحْمٍ مِّمَّا يَشْتَهُوْنَ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া আম্দাদ্না–হুম্ বিফা–কিহাতিওঁ ওয়া লাহ মিম্ মিম্মা– ইয়াশ্তাহূন্।	
তরজমা	আমি তাহাদেরকে দিব ফলমূল এবং গোশ্ত যাহা তাহারা পসন্দ করে।	
	يَتَنَازَعُوْنَ فِيْهَا كَاْسًا لَّا لَغْوٌ فِيْهَا وَلَا تَاْثِيْمٌ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইয়াতানা–ঝা'উনা ফীহা– কা'ছাল্ লা–লাগ্উং ফীহা– ওয়ালা–তা'ছ ীম।	
তরজমা	সেখানে তাহারা পরস্পরের মধ্যে আদান-প্রদান করিতে থাকিবে পানপাত্র, যাহা হইতে পান করিলে কেহ অসার কথা বলিবে না এবং পাপ কর্মেও লিপ্ত হইবে না।	
	وَيَطُوْفُ عَلَيْهِمْ غِلْمَانٌ لَّهُمْ كَاَنَّهُمْ لُؤْلُؤٌ مَّكْنُوْنٌ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াতূ ফু 'আলাইহিম্ গিল্মা–নুল্লাহুম্ কাআন্নাহুম্ লু'লুউম্ মাক্নূন্।	
তরজমা	তাহাদের সেবায় নিয়োজিত থাকিবে কিশোরেরা, সুরক্ষিত মুক্তাসদৃশ।	
	وَاَقْبَلَ بَعْضُهُمْ عَلٰى بَعْضٍ يَّتَسَآءَلُوْنَ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়া আক বালা বা'দ্হুম্ 'আলা– বা'দি ইঁ ইয়াতাছা~আলূন।	
তরজমা	তাহারা একে অপরের দিকে ফিরিয়া জিজ্ঞাসা করিবে,	
	قَالُوْٓا اِنَّا كُنَّا قَبْلُ فِيْٓ اَهْلِنَا مُشْفِقِيْنَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ক া–লূ~ইন্না– কুন্না–ক াব্লু ফী~আহ্লিনা– মুশ্ফিক ীন।	
তরজমা	এবং বলিবে, 'পূর্বে আমরা পরিবার-পরিজনের মধ্যে শঙ্কিত অবস্থায় ছিলাম।	
	فَمَنَّ اللّٰهُ عَلَيْنَا وَوَقٰىنَا عَذَابَ السَّمُوْمِ ﴿٢٧﴾	27

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফামান্নাল্লা-হু ‘আলাইনা- ওয়া ওয়াক¯া-না ‘আয¯া-বাছ্ছামূম।	
তরজমা	‘অতঃপর আমাদের প্রতি আল্লাহ্ অনুগ্রহ করিয়াছেন এবং আমাদেরকে অগ্নিশাস্তি হইতে রক্ষা করিয়াছেন।	
	إِنَّا كُنَّا مِن قَبْلُ نَدْعُوهُ ۖ إِنَّهُ هُوَ الْبَرُّ الرَّحِيمُ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইন্না- কুন্না- মিং ক¯াব্লু নাদ্‘উহু (ত্ব) ইন্নাহূ হুওয়াল্ বার্রুর্ রাহ¯ীম।	
তরজমা	‘আমরা পূর্বেও আল্লাহকে আহ্বান করিতাম, তিনি তো কৃপাময়, পরম দয়ালু।’	
	فَذَكِّرْ فَمَا أَنتَ بِنِعْمَتِ رَبِّكَ بِكَاهِنٍ وَلَا مَجْنُونٍ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফায¯াক্কির্ ফামা~ আংতা বিনি‘মাতি রাব্বিকা বিকা-হিনিওঁ ওয়ালা- মাজনূন্।	
তরজমা	অতএব তুমি উপদেশ দান করিতে থাক, তোমার প্রতিপালকের অনুগ্রহে তুমি গণক নও, উন্মাদও নও।	
	أَمْ يَقُولُونَ شَاعِرٌ نَّتَرَبَّصُ بِهِ رَيْبَ الْمَنُونِ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	আম্ ইয়াকূ¯লূনা শা-‘ইরুন নাতারাব্বাসু বিহী রাইবাল্ মানূন।	
তরজমা	উহারা কি বলিতে চাহে সে একজন কবি ? আমরা তাহার মৃত্যুর প্রতীক্ষা করিতেছি।’	
	قُلْ تَرَبَّصُوا فَإِنِّي مَعَكُم مِّنَ الْمُتَرَبِّصِينَ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	কু¯ল্ তারাব্বাসূ ফাইন্নী মা‘আকুম্ মিনাল মুতারাব্বিসীন।	
তরজমা	বল, ‘তোমরা প্রতীক্ষা কর, আমিও তোমাদের সঙ্গে প্রতীক্ষা করিতেছি।’	
	أَمْ تَأْمُرُهُمْ أَحْلَامُهُم بِهَٰذَا أَمْ هُمْ قَوْمٌ طَاغُونَ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	আম্ তা’মুরুহুম্ আহ¯লা-মুহুম্ বিহা-য¯া~ আম্ হুম্ ক¯াওমুং ত¯া-গূন্।	
তরজমা	তবে কি উহাদের বুদ্ধি উহাদেরকে এই বিষয়ে প্ররোচিত করে, না উহারা এক সীমালংঘনকারী সম্প্রদায় ?	
	أَمْ يَقُولُونَ تَقَوَّلَهُ ۚ بَل لَّا يُؤْمِنُونَ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	আম্ ইয়াকূ¯লূনা তাক¯াওওয়ালাহূ (হ্) বাল্লা- ইউ’মিনূন।	
তরজমা	উহারা কি বলে, ‘এই কুরআন তাহার নিজের রচনা ?’ বরং উহারা অবিশ্বাসী।	
	فَلْيَأْتُوا بِحَدِيثٍ مِّثْلِهِ إِن كَانُوا صَادِقِينَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ফালইয়া’তূ বিহ¯াদীছি¯ম্ মিছ¯লিহী~ ইং কা-নূ সা-দিক¯ীন।	
তরজমা	উহারা যদি সত্যবাদী হয় তবে ইহার সদৃশ কোন রচনা উপস্থিত করুক না!	
	أَمْ خُلِقُوا مِنْ غَيْرِ شَيْءٍ أَمْ هُمُ الْخَالِقُونَ ﴿٣٥﴾	35

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আম খুলিক্বূ মিন গাইরি শাইয়িন আম হুমুল খা-লিক্বূন।	
তরজমা	উহারা কি স্রষ্টা ব্যতীত সৃষ্টি হইয়াছে, না উহারা নিজেরাই স্রষ্টা ?	
	اَمْ خَلَقُوا السَّمٰوٰتِ وَالْاَرْضَ ۚ بَلْ لَّا يُوْقِنُوْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	আম্ খালাকু'ছ্ ছামা-ওয়া-তি ওয়াল্ আর্দ'া (ج) বাল্লা-ইউকি'নূন।	
তরজমা	না কি উহারা আকাশমণ্ডলী ও পৃথিবী সৃষ্টি করিয়াছে ? বরং উহারা তো অবিশ্বাসী।	
	اَمْ عِنْدَهُمْ خَزَآئِنُ رَبِّكَ اَمْ هُمُ الْمُصَيْطِرُوْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আম্ 'ইংদাহুম্ খাযা~ইনু রাব্বিকা আম্ হুমুল্ মুসাইতি'রূন।	
তরজমা	তোমার প্রতিপালকের ভাণ্ডার কি উহাদের নিকট রহিয়াছে, না উহারা এই সমুদয়ের নিয়ন্তা?	
	اَمْ لَهُمْ سُلَّمٌ يَّسْتَمِعُوْنَ فِيْهِ ۚ فَلْيَاْتِ مُسْتَمِعُهُمْ بِسُلْطٰنٍ مُّبِيْنٍ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আম্ লাহুম্ ছুল্লামুই্ন ইয়াছ্তামি'উনা ফীহি (ج) ফাল্ইয়া'তি মুছ্তামি'উহুম্ বিছুল্ত'া-নিম্ মুবীন্।	
তরজমা	না কি উহাদের কোন সিঁড়ি আছে যাহাতে আরোহণ করিয়া উহারা শ্রবণ করে ? থাকিলে উহাদের সেই শ্রোতা সুস্পষ্ট প্রমাণ উপস্থিত করুক!	
	اَمْ لَهُ الْبَنٰتُ وَلَكُمُ الْبَنُوْنَ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	আম্ লাহুল্ বানা-তু ওয়া লাকুমুল্ বানূন।	
তরজমা	তবে কি কন্যা সন্তান তাঁহার জন্য এবং পুত্র সন্তান তোমাদের জন্য ?	
	اَمْ تَسْـَٔلُهُمْ اَجْرًا فَهُمْ مِّنْ مَّغْرَمٍ مُّثْقَلُوْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	আম্ তাছ্আলুহুম্ আজরাং ফাহুম্ মিম্ মাগ্রামিম মুছ্'ক'ালূন।	
তরজমা	তবে কি তুমি উহাদের নিকট পারিশ্রমিক চাহিতেছ যে, উহারা ইহাকে একটি দুর্বহ বোঝা মনে করে ?	
	اَمْ عِنْدَهُمُ الْغَيْبُ فَهُمْ يَكْتُبُوْنَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	আম্ 'ইংদা হুমুল্ গাইবু ফাহুম্ ইয়াক্তুবূন।	
তরজমা	না কি অদৃশ্য বিষয়ে উহাদের কোন জ্ঞান আছে যে, উহারা এই বিষয়ে কিছু লিখে ?	
	اَمْ يُرِيْدُوْنَ كَيْدًا ۭ فَالَّذِيْنَ كَفَرُوْا هُمُ الْمَكِيْدُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	আম্ ইউরীদূনা কাইদাং (ط) ফাল্লায'ীনা কাফারূ হুমুল্ মাকীদূন।	
তরজমা	অথবা উহারা কি কোন ষড়যন্ত্র করিতে চাহে ? পরিণামে কাফিররাই হইবে ষড়যন্ত্রের শিকার।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أَمْ لَهُمْ إِلَٰهٌ غَيْرُ اللَّهِ ۚ سُبْحَانَ اللَّهِ عَمَّا يُشْرِكُونَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	আম্ লাহুম্ ইলা-হুন্ গাইরুল্লা-হি (ط) ছুব্হা-নাল্লা-হি ‘আম্মা- ইউশ্‌রিকূন।	
তরজমা	না কি আল্লাহ্ ব্যতীত উহাদের অন্য কোন ইলাহ্ আছে ? উহারা যাহাকে শরীক স্থির করে আল্লাহ্ তাহা হইতে পবিত্র।	
	وَإِن يَرَوْا كِسْفًا مِّنَ السَّمَاءِ سَاقِطًا يَقُولُوا سَحَابٌ مَّرْكُومٌ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইয়ারাও কিছ্ফাম্ মিনাছ্ছামা~ই ছা-কি`ত`াইঁ ইয়াক্`লূ ছাহ`া-বুম্ মার্কূম্।	
তরজমা	উহারা আকাশের কোন খণ্ড ভাঙ্গিয়া পড়িতে দেখিলে বলিবে, ‘ইহা তো এক পুঞ্জীভূত মেঘ।’	
	فَذَرْهُمْ حَتَّىٰ يُلَاقُوا يَوْمَهُمُ الَّذِي فِيهِ يُصْعَقُونَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ফায`ার্হুম্ হ`াত্তা- ইউলা-কূ` ইয়াওমাহুমুল্লায`ী ফীহি ইউস‘আকূন।	
তরজমা	উহাদের উপেক্ষা করিয়া চল সেই দিন পর্যন্ত যেদিন উহারা বজ্রাঘাতে হতচেতন হইবে।	
	يَوْمَ لَا يُغْنِي عَنْهُمْ كَيْدُهُمْ شَيْئًا وَلَا هُمْ يُنصَرُونَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ইয়াওমা লা-ইউগ্‌নী ‘আন্হুম্ কাইদুহুম্ শাইআওঁ ওয়ালা-হুম্ ইউৎসারূন্।	
তরজমা	সেদিন উহাদের ষড়যন্ত্র কোন কাজে আসিবে না এবং উহাদেরকে সাহায্যও করা হইবে না।	
	وَإِنَّ لِلَّذِينَ ظَلَمُوا عَذَابًا دُونَ ذَٰلِكَ وَلَٰكِنَّ أَكْثَرَهُمْ لَا يَعْلَمُونَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না লিল্লায`ীনা জ`ালামূ ‘আয`া-বাং দূনা য`া-লিকা ওয়ালা- কিন্না আক্ছ`ারাহুম্ লা-ইয়া‘লামূন।	
তরজমা	ইহা ছাড়া আরও শাস্তি রহিয়াছে জালিমদের জন্য। কিন্তু উহাদের অধিকাংশই তাহা জানে না।	
	وَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ فَإِنَّكَ بِأَعْيُنِنَا وَسَبِّحْ بِحَمْدِ رَبِّكَ حِينَ تَقُومُ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়াসবির্ লিহূ`ক্মি রাব্বিকা ফাইন্নাকা বিআ‘ইউনিনা- ওয়াছাব্বিহ` বিহ`াম্দি রাব্বিকা হ`ীনা তাকূ`ম।	
তরজমা	ধৈর্য ধারণ কর তোমার প্রতিপালকের নির্দেশের অপেক্ষায়; তুমি আমার চক্ষুর সামনেই রহিয়াছ। তুমি তোমার প্রতিপালকের সপ্রশংস পবিত্রতা ও মহিমা ঘোষণা কর যখন তুমি শয্যা ত্যাগ কর,	

	وَمِنَ الَّيْلِ فَسَبِّحْهُ وَاِدْبَارَ النُّجُوْمِ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল্লাইলি ফাছাব্বিহ্‌হু ওয়া ইদ্‌বা-রান্ নুজূম।	
তরজমা	এবং তাঁহার পবিত্রতা ঘোষণা কর রাত্রিকালে ও তারকার অস্তগমনের পর।	

53 - An-Najm-নাজ্‌ম -النجم

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالنَّجْمِ اِذَا هَوٰى ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়ান্‌নাজমি ইযা'া- হাওয়া-।	
তরজমা	শপথ নক্ষত্রের, যখন উহা হয় অস্তমিত,	
	مَا ضَلَّ صَاحِبُكُمْ وَمَا غَوٰى ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	মা-দ'াল্লা সা-হি'বুকুম্ ওয়ামা- গাওয়া-।	
তরজমা	তোমাদের সঙ্গী বিভ্রান্ত নয়, বিপথগামীও নয়,	
	وَمَا يَنْطِقُ عَنِ الْهَوٰى ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইয়াংতি'কু' 'আনিল্ হাওয়া-।	
তরজমা	এবং সে মনগড়া কথাও বলে না।	
	اِنْ هُوَ اِلَّا وَحْيٌ يُّوْحٰى ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ইন্ হুওয়া ইল্লা-ওয়াহ' ইঊ ইয়ূহ'া-।	
তরজমা	ইহা তো ওহী, যাহা তাহার প্রতি প্রত্যাদেশ হয়,	
	عَلَّمَهٗ شَدِيْدُ الْقُوٰى ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	'আল্লামাহূ শাদীদুল কু'ওয়া-।	
তরজমা	তাহাকে শিক্ষা দান করে শক্তিশালী,	
	ذُوْ مِرَّةٍ ؕ فَاسْتَوٰى ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	যূ' মির্‌রাতিং (ط) ফাছ্‌তাওয়া-	
তরজমা	প্রজ্ঞাসম্পন্ন, সে নিজ আকৃতিতে স্থির হইয়াছিল,	
	وَهُوَ بِالْاُفُقِ الْاَعْلٰى ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া হুওয়া বিল্‌উফুকি'ল্ আ'লা-।	
তরজমা	তখন সে উর্ধ্বদিগন্তে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ثُمَّ دَنَا فَتَدَلّٰى ۝٨	8
প্রতিবর্ণায়ন	ছু ম্মা দানা– ফাতাদাল্লা– ।	
তরজমা	অতঃপর সে তাহার নিকটবর্তী হইল, অতি নিকটবর্তী,	
	فَكَانَ قَابَ قَوْسَيْنِ اَوْ اَدْنٰى ۝٩	9
প্রতিবর্ণায়ন	ফাকা–না ক াবা ক াওছাইনি আও আদ্না– ।	
তরজমা	ফলে তাহাদের মধ্যে দুই ধনুকের ব্যবধান রহিল অথবা উহারও কম।	
	فَاَوْحٰۤى اِلٰى عَبْدِهٖ مَاۤ اَوْحٰى ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ফাআওহ া ইলা– ‘আব্দিহী মা আওহ া– ।	
তরজমা	তখন আল্লাহ্ তাঁহার বান্দার প্রতি যাহা ওহী করিবার তাহা ওহী করিলেন।	
	مَا كَذَبَ الْفُؤَادُ مَا رَاٰى ۝١١	11
প্রতিবর্ণায়ন	মা– কায াবাল্ ফুআ–দু মা–রাআ– ।	
তরজমা	যাহা সে দেখিয়াছে, তাহার অন্তঃকরণ তাহা অস্বীকার করে নাই;	
	اَفَتُمٰرُوْنَهٗ عَلٰى مَا يَرٰى ۝١٢	12
প্রতিবর্ণায়ন	আফাতুমা–রূনাহূ ‘আলা– মা– ইয়ারা– ।	
তরজমা	সে যাহা দেখিয়াছে তোমরা কি সে বিষয়ে তাহার সঙ্গে বিতর্ক করিবে ?	
	وَلَقَدْ رَاٰهُ نَزْلَةً اُخْرٰى ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া লাক াদ্ রাআ–হু নাঝলাতান্ উখ্রা– ।	
তরজমা	নিশ্চয়ই সে তাহাকে আরেকবার দেখিয়াছিল	
	عِنْدَ سِدْرَةِ الْمُنْتَهٰى ۝١٤	14
প্রতিবর্ণায়ন	‘ইংদা ছিদ্রাতিল্ মুংতাহা– ।	
তরজমা	প্রান্তবর্তী বদরী বৃক্ষের নিকট,	
	عِنْدَهَا جَنَّةُ الْمَاْوٰى ۝١٥	15
প্রতিবর্ণায়ন	‘ইংদাহা– জান্নাতুল্ মা’ওয়া– ।	
তরজমা	যাহার নিকট অবস্থিত বাসোদ্যান।	
	اِذْ يَغْشَى السِّدْرَةَ مَا يَغْشٰى ۝١٦	16
প্রতিবর্ণায়ন	ইয্ ইয়াগ্শাস্সিদ্রাতা মা– ইয়াগ্শা– ।	
তরজমা	যখন বৃক্ষটি, যদ্দ্বারা আচ্ছাদিত হইবার তদ্দ্বারা ছিল আচ্ছাদিত,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مَا زَاغَ الْبَصَرُ وَمَا طَغٰى ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	মা- য'া-গাল্ বাসারু ওয়ামা- ত'াগা-।	
তরজমা	তাহার দৃষ্টিবিভ্রম হয় নাই, দৃষ্টি লক্ষ্যচ্যুতও হয় নাই।	
	لَقَدْ رَاٰى مِنْ اٰيٰتِ رَبِّهِ الْكُبْرٰى ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	লাক'াদ্ রাআ- মিন্ আ-য়া-তি রাব্বিহিল্ কুব্রা-।	
তরজমা	সে তো তাহার প্রতিপালকের মহান নিদর্শনাবলী দেখিয়াছিল:	
	اَفَرَءَيْتُمُ اللّٰتَ وَالْعُزّٰى ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	আফারাআইতুমুল্লা-তা ওয়াল্ 'উঝ্ঝা-।	
তরজমা	তোমরা কি ভাবিয়া দেখিয়াছ 'লাত' ও 'উয্যা' সম্বন্ধে	
	وَمَنٰوةَ الثَّالِثَةَ الْاُخْرٰى ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া মানা-তাছ্ ছ'া-লিছ'াতাল্ উখ্রা-।	
তরজমা	এবং তৃতীয় আরেকটি 'মানাত' সম্বন্ধে ?	
	اَلَكُمُ الذَّكَرُ وَلَهُ الْاُنْثٰى ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	আলাকুমুয্ য'াকারু ওয়ালাহুল্ উংছ'া-।	
তরজমা	তবে কি তোমাদের জন্য পুত্র সন্তান এবং আল্লাহ্র জন্য কন্যা সন্তান ?	
	تِلْكَ اِذًا قِسْمَةٌ ضِيْزٰى ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	তিল্কা ইয'াং কি'ছ্মাতুং দ'ীঝা-।	
তরজমা	এই প্রকার বণ্টন তো অসংগত।	
	اِنْ هِىَ اِلَّآ اَسْمَآءٌ سَمَّيْتُمُوْهَآ اَنْتُمْ وَاٰبَآؤُكُمْ مَّآ اَنْزَلَ اللّٰهُ بِهَا مِنْ سُلْطٰنٍ ؕ اِنْ يَّتَّبِعُوْنَ اِلَّا الظَّنَّ وَمَا تَهْوَى الْاَنْفُسُ ۚ وَلَقَدْ جَآءَهُمْ مِّنْ رَّبِّهِمُ الْهُدٰى ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন্ হিয়া ইল্লা~ আছ্মা~উং ছাম্মাইতুমূহা~ আংতুম্ ওয়া আ-বা~উকুম্ মা~ আংঝালাল্লা-হু বিহা- মিং ছুল্ত'া-নিন (ط) ইয়ঁ ইয়াত্তাবি'ঊনা ইল্লাজ্জ'ান্না ওয়ামা- তাহ্ওয়াল্ আংফুছু (ج) ওয়া লাক'াদ্ জা~আহুম্ মির্রাব্বিহিমুল্ হুদা-।	
তরজমা	এইগুলি কতক নামমাত্র যাহা তোমাদের পূর্বপুরুষগণ ও তোমরা রাখিয়াছ, যাহার সমর্থনে আল্লাহ্ কোন দলীল প্রেরণ করেন নাই। তাহারা তো অনুমান এবং নিজেদের প্রবৃত্তিরই অনুসরণ করে, অথচ তাহাদের নিকট তাহাদের প্রতিপালকের পথনির্দেশ আসিয়াছে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	أَمْ لِلْإِنسَانِ مَا تَمَنَّىٰ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	আম্ লিলইংছা-নি মা-তামান্না- ।	
তরজমা	মানুষ যাহা চায় তাহাই কি সে পায় ?	
	فَلِلَّهِ الْآخِرَةُ وَالْأُولَىٰ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফালিল্লা-হিল্ আ-খিরাতু ওয়াল্ উলা- ।	
তরজমা	বস্তুত ইহকাল ও পরকাল আল্লাহ্রই।	
	وَكَم مِّن مَّلَكٍ فِي السَّمَاوَاتِ لَا تُغْنِي شَفَاعَتُهُمْ شَيْئًا إِلَّا مِن بَعْدِ أَن يَأْذَنَ اللَّهُ لِمَن يَشَاءُ وَيَرْضَىٰ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়াকাম্ মিম্ মালাকিং ফিছ্ ছামা-ওয়া-তি লা-তুগ্নী শাফা-'আতুহুম্ শাইআন্ ইল্লা-মিম্ বা'দি আইঁ ইয়া'য'ানাল্লা-হু লিমাইঁ ইয়াশা~উ ওয়া ইয়ার্দ'া- ।	
তরজমা	আকাশে কত ফিরিশ্তা রহিয়াছে ; উহাদের সুপারিশ কিছুমাত্র ফলপ্রসূ হইবে না, তবে আল্লাহ্র অনুমতির পর ; যাহার জন্য তিনি ইচ্ছা করেন ও যাহার প্রতি তিনি সন্তুষ্ট।	
	إِنَّ الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِالْآخِرَةِ لَيُسَمُّونَ الْمَلَائِكَةَ تَسْمِيَةَ الْأُنثَىٰ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা লা- ইউ'মিনূনা বিল্আ-খিরাতি লাইউছাম্মূনাল্ মালা~ইকাতা তাছ্মিয়াতাল্ উংছ'া- ।	
তরজমা	যাহারা আখিরাতে বিশ্বাস করে না তাহারাই নারীবাচক নাম দিয়া থাকে ফিরিশ্তাদেরকে;	
	وَمَا لَهُم بِهِ مِنْ عِلْمٍ ۖ إِن يَتَّبِعُونَ إِلَّا الظَّنَّ ۖ وَإِنَّ الظَّنَّ لَا يُغْنِي مِنَ الْحَقِّ شَيْئًا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়ামা- লাহুম্ বিহী মিন্ 'ইল্মিন (ط) ইয়ঁ ইয়াত্তাবি'উনা ইল্লাজ্ জ'ান্না (ج) ওয়া ইন্নাজ্ জ'ান্না লা- ইউগ্নী মিনাল্ হ'াক্কি শাইআ- ।	
তরজমা	অথচ এই বিষয়ে উহাদের কোন জ্ঞান নাই, উহারা তো কেবল অনুমানেরই অনুসরণ করে; কিন্তু সত্যের মুকাবিলায় অনুমানের কোনই মূল্য নাই।	
	فَأَعْرِضْ عَن مَّن تَوَلَّىٰ عَن ذِكْرِنَا وَلَمْ يُرِدْ إِلَّا الْحَيَاةَ الدُّنْيَا ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাআ'রিদ্ 'আম্মাং তাওয়াল্লা- (لا) 'আং যি'ক্রিনা- ওয়া লাম্ ইউরিদ ইল্লাল্ হ'ায়া- তাদ্দুন্ইয়া- ।	
তরজমা	অতএব যে আমার স্মরণে বিমুখ তুমি তাহাকে উপেক্ষা করিয়া চল; সে তো কেবল পার্থিব জীবনই কামনা করে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	ذٰلِكَ مَبْلَغُهُمْ مِّنَ الْعِلْمِ ؕ اِنَّ رَبَّكَ هُوَ اَعْلَمُ بِمَنْ ضَلَّ عَنْ سَبِيْلِهٖ ۙ وَهُوَ اَعْلَمُ بِمَنِ اهْتَدٰى ﴿۳۰﴾	30
প্রতিবর্ণায়ন	য'া-লিকা মাব্লাগুহুম্ মিনাল্ 'ইল্মি (ط) ইন্না রাব্বাকা হুওয়া আ'লামু বিমাং দ'াল্লা 'আং ছাবীলিহী (ﻫ) ওয়া হুওয়া আ'লামু বিমানিহ্তাদা-।	
তরজমা	উহাদের জ্ঞানের দৌড় এই পর্যন্ত। তোমার প্রতিপালকই ভাল জানেন কে তাঁহার পথ হইতে বিচ্যুত, তিনিই ভাল জানেন কে সৎপথপ্রাপ্ত।	
	وَلِلّٰهِ مَا فِي السَّمٰوٰتِ وَمَا فِي الْاَرْضِ ۙ لِيَجْزِيَ الَّذِيْنَ اَسَآءُوْا بِمَا عَمِلُوْا وَيَجْزِيَ الَّذِيْنَ اَحْسَنُوْا بِالْحُسْنٰى ﴿۳۱﴾	31
প্রতিবর্ণায়ন	ওয়া লিল্লা-হি মা-ফিছ্ ছামা-ওয়া-তি ওয়ামা- ফিল্ আর্দি (ﻫ) লিইয়াজঝিইয়াল্লায'ীনা আছা~উ বিমা-'আমিলূ ওয়া ইয়াজঝিইয়াল্লায'ীনা আহ'ছানূ বিল্হু'ছ্না-।	
তরজমা	আকাশমণ্ডলীতে যাহা কিছু আছে ও পৃথিবীতে যাহা কিছু আছে তাহা আল্লাহ্রই। যাহারা মন্দ কর্ম করে তাহাদেরকে তিনি দেন মন্দ ফল এবং যাহারা সৎকর্ম করে তাহাদেরকে দেন উত্তম পুরস্কার।	
	اَلَّذِيْنَ يَجْتَنِبُوْنَ كَبٰٓئِرَ الْاِثْمِ وَالْفَوَاحِشَ اِلَّا اللَّمَمَ ؕ اِنَّ رَبَّكَ وَاسِعُ الْمَغْفِرَةِ ؕ هُوَ اَعْلَمُ بِكُمْ اِذْ اَنْشَاَكُمْ مِّنَ الْاَرْضِ وَاِذْ اَنْتُمْ اَجِنَّةٌ فِيْ بُطُوْنِ اُمَّهٰتِكُمْ ۚ فَلَا تُزَكُّوْٓا اَنْفُسَكُمْ ؕ هُوَ اَعْلَمُ بِمَنِ اتَّقٰى ﴿۳۲﴾	32
প্রতিবর্ণায়ন	আল্লায'ীনা ইয়াজতানিবূনা কাবা~ইরাল্ ইছ্'মি ওয়াল্ ফাওয়া-হি'শা ইল্লাল্ লামামা (ط) ইন্না রাব্বাকা ওয়া-ছি'উল্ মাগ্ফিরাতি (ط) হুওয়া আ'লামু বিকুম্ ইয'্ আংশাআকুম্ মিনাল্ আর্দি' ওয়া ইয'্ আংতুম্ আজিন্নাতুং ফী বুত্'নি উম্মাহা-তিকুম্ (ج) ফালা- তুঝাক্কু~ আংফুছাকুম (ط) হুওয়া আ'লামু বিমানিত্তাক'া-।	
তরজমা	উহারাই বিরত থাকে গুরুতর পাপ ও অশ্লীল কার্য হইতে, ছোটখাট অপরাধ করিলেও। তোমার প্রতিপালকের ক্ষমা অপরিসীম ; আল্লাহ্ তোমাদের সম্পর্কে সম্যক অবগত-যখন তিনি তোমাদেরকে সৃষ্টি করিয়াছিলেন মৃত্তিকা হইতে এবং যখন তোমরা মাতৃগর্ভে ভ্রূণরূপে ছিলে। অতএব তোমরা আত্মপ্রশংসা করিও না, তিনিই সম্যক জানেন মুত্তাকী কে।	
	اَفَرَءَيْتَ الَّذِيْ تَوَلّٰى ﴿۳۳﴾	33
প্রতিবর্ণায়ন	আফারাআইতাল্লায'ী তাওয়াল্লা-।	
তরজমা	তুমি কি দেখিয়াছ সেই ব্যক্তিকে যে মুখ ফিরাইয়া নেয়;	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاَعْطٰى قَلِيْلًا وَّاَكْدٰى ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়া আ'ত'া– ক'ালীলাওঁ ওয়া আক্‌দা– ।	
তরজমা	এবং দান করে সামান্যই, পরে বন্ধ করিয়া দেয় ?	
	اَعِنْدَهٗ عِلْمُ الْغَيْبِ فَهُوَ يَرٰى ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	আ 'ইংদাহূ 'ইলমুল্ গাইবি ফাহুওয়া ইয়ারা– ।	
তরজমা	তাহার কি অদৃশ্যের জ্ঞান আছে যে, সে প্রত্যক্ষ করে ?	
	اَمْ لَمْ يُنَبَّاْ بِمَا فِيْ صُحُفِ مُوْسٰى ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	আম্ লাম্ ইউনাব্বা' বিমা– ফী সুহু'ফি মুছা– ।	
তরজমা	তাহাকে কি অবগত করা হয় নাই যাহা আছে মূসার কিতাবে,	
	وَاِبْرٰهِيْمَ الَّذِيْ وَفّٰٓى ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়া ইবরা–হীমাল্লায'ী ওয়াফ্‌ফা~ ।	
তরজমা	এবং ইব্‌রাহীমের কিতাবে, যে পালন করিয়াছিল তাহার দায়িত্ব ?	
	اَلَّا تَزِرُ وَازِرَةٌ وِّزْرَ اُخْرٰى ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	আল্লা–তাঝিরু ওয়া– ঝিরাতুওঁ বি'ঝ্‌রা উখরা– ।	
তরজমা	উহা এই যে, কোন বহনকারী অপরের বোঝা বহন করিবে না,	
	وَاَنْ لَّيْسَ لِلْاِنْسَانِ اِلَّا مَا سَعٰى ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ওয়াআল্ লাইছা লিল্‌ইংছা–নি ইল্লা– মা–ছা'আ– ।	
তরজমা	আর এই যে, মানুষ তাহাই পায় যাহা সে করে,	
	وَاَنَّ سَعْيَهٗ سَوْفَ يُرٰى ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না ছা'ইয়াহূ ছাওফা ইউরা– ।	
তরজমা	আর এই যে, তাহার কর্ম অচিরেই দেখান হইবে-	
	ثُمَّ يُجْزٰىهُ الْجَزَآءَ الْاَوْفٰى ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইউজঝা–হুল্ জাঝা~আল্ আওফা– ।	
তরজমা	অতঃপর তাহাকে দেওয়া হইবে পূর্ণ প্রতিদান,	
	وَاَنَّ اِلٰى رَبِّكَ الْمُنْتَهٰى ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না ইলা– রাব্বিকাল্ মুংতাহা– ।	
তরজমা	আর এই যে, সমস্ত কিছুর সমাপ্তি তো তোমার প্রতিপালকের নিকট,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاَنَّهٗ هُوَ اَضۡحَكَ وَاَبۡكٰى ﴿۴۳﴾	43
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ হুওয়া আদ'হ'াকা ওয়া আব্কা–।	
তরজমা	আর এই যে, তিনিই হাসান, তিনিই কাঁদান,	
	وَاَنَّهٗ هُوَ اَمَاتَ وَاَحۡيَا ﴿۴۴﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ হুওয়া আমা–তা ওয়া আহ'ইয়া–।	
তরজমা	আর এই যে, তিনিই মারেন, তিনিই বাঁচান,	
	وَاَنَّهٗ خَلَقَ الزَّوۡجَيۡنِ الذَّكَرَ وَالۡاُنۡثٰى ﴿۴۵﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ খালাক'াঝ ঝাওজাইনিয'্য'াকারা ওয়াল্ উংছ'া–।	
তরজমা	আর এই যে, তিনিই সৃষ্টি করেন যুগল-পুরুষ ও নারী	
	مِنۡ نُّطۡفَةٍ اِذَا تُمۡنٰى ﴿۴۶﴾	46
প্রতিবর্ণায়ন	মিন্ নুত'ফাতিন্ ইয'া– তুম্না।	
তরজমা	শুক্রবিন্দু হইতে, যখন উহা স্খলিত হয়,	
	وَاَنَّ عَلَيۡهِ النَّشۡاَةَ الۡاُخۡرٰى ﴿۴۷﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না 'আলাইহিন্নাশ্আতাল্ উখ্রা–।	
তরজমা	আর এই যে, পুনরুত্থান ঘটাইবার দায়িত্ব তাঁহারই,	
	وَاَنَّهٗ هُوَ اَغۡنٰى وَاَقۡنٰى ﴿۴۸﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ হুওয়া আগ্না– ওয়া আক'না–।	
তরজমা	আর এই যে, তিনিই অভাবমুক্ত করেন ও সম্পদ দান করেন,	
	وَاَنَّهٗ هُوَ رَبُّ الشِّعۡرٰى ﴿۴۹﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ হুওয়া রাব্বুশ্ শি'রা–।	
তরজমা	আর এই যে, তিনি শি'রা নক্ষত্রের মালিক।	
	وَاَنَّهٗۤ اَهۡلَكَ عَادَا ۨ الۡاُوۡلٰى ﴿۵۰﴾	50
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ~আহ্লাকা 'আ–দানিল্ উলা–।	
তরজমা	আর এই যে, তিনিই প্রাচীন 'আদ সম্প্রদায়কে ধ্বংস করিয়াছিলেন	
	وَثَمُوۡدَا ۡ فَمَاۤ اَبۡقٰى ﴿۵۱﴾	51
প্রতিবর্ণায়ন	ওয়া ছ'ামূদা ফামা~ আব্ক'া–।	
তরজমা	এবং সামূদ সম্প্রদায়কেও; কাহাকেও তিনি বাকি রাখেন নাই-	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَوْمَ نُوحٍ مِّنْ قَبْلُ ۖ إِنَّهُمْ كَانُوا هُمْ أَظْلَمَ وَأَطْغَىٰ ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াওমা নূহি'ম্ মিং ক'াবলু (ত্ব) ইন্নাহুম্ কা-নূ হুম্ আজ্'লামা ওয়া আত'গা-।	
তরজমা	আর ইহাদের পূর্বে নূহের সম্প্রদায়কেও, উহারা ছিল অতিশয় জালিম ও অবাধ্য।	
	وَالْمُؤْتَفِكَةَ أَهْوَىٰ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	ওয়াল্ মু'তাফিকাতা আহ্ওয়া-।	
তরজমা	উল্টানো আবাসভূমিকে নিক্ষেপ করিয়াছিলেন,	
	فَغَشَّاهَا مَا غَشَّىٰ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	ফাগাশ্শা-হা- মা- গাশ্শা-।	
তরজমা	উহাকে আচ্ছন্ন করিল কী সর্বগ্রাসী শাস্তি!	
	فَبِأَيِّ آلَاءِ رَبِّكَ تَتَمَارَىٰ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ফাবিআইয়ি আ-লা~ই রাব্বিকা তাতামা-রা-।	
তরজমা	তবে তুমি তোমার প্রতিপালকের কোন্ অনুগ্রহ সম্পর্কে সন্দেহ পোষণ করিবে ?	
	هَٰذَا نَذِيرٌ مِّنَ النُّذُرِ الْأُولَىٰ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	হা-য'া-নায'ীরুম্ মিনান্ নুযু'রিল্ উলা-।	
তরজমা	অতীতের সতর্ককারীদের ন্যায় এই নবীও এক সতর্ককারী।	
	أَزِفَتِ الْآزِفَةُ ﴿٥٧﴾	57
প্রতিবর্ণায়ন	আ-ঝিফাতিল্ আ-ঝিফাহ্।	
তরজমা	কিয়ামত আসন্ন,	
	لَيْسَ لَهَا مِن دُونِ اللَّهِ كَاشِفَةٌ ﴿٥٨﴾	58
প্রতিবর্ণায়ন	লাইছা লাহা- মিং দূনিল্লা-হি কা- শিফাহ্।	
তরজমা	আল্লাহ্ ব্যতীত কেহই ইহা ব্যক্ত করিতে সক্ষম নয়।	
	أَفَمِنْ هَٰذَا الْحَدِيثِ تَعْجَبُونَ ﴿٥٩﴾	59
প্রতিবর্ণায়ন	আফামিন্ হা-য'াল্ হ'াদীছি' তা'জাবূন।	
তরজমা	তোমরা কি এই কথায় বিস্ময় বোধ করিতেছ!	
	وَتَضْحَكُونَ وَلَا تَبْكُونَ ﴿٦٠﴾	60
প্রতিবর্ণায়ন	ওয়া তাদ'হ'াকূনা ওয়ালা- তাব্কূন।	
তরজমা	এবং হাসিঠাট্টা করিতেছ! ক্রন্দন করিতেছ না ?	

	وَاَنْتُمْ سٰمِدُوْنَ ﴿٦١﴾	61
প্রতিবর্ণায়ন	ওয়া আংতুম্ ছা-মিদূন।	
তরজমা	তোমরা তো উদাসীন,	
	فَاسْجُدُوْا لِلّٰهِ وَاعْبُدُوْا ﴿٦٢﴾	62
প্রতিবর্ণায়ন	ফাছ্জূদূ লিল্লা-হি ওয়া'বুদূ (ছিজদাহ-১২)।	
তরজমা	অতএব আল্লাহ্কে সিজ্দা কর এবং তাঁহারই 'ইবাদত কর।	

54 - Al-Qamar-ক্বামার -القمر

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اِقْتَرَبَتِ السَّاعَةُ وَانْشَقَّ الْقَمَرُ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ইক্'তারাবাতিছ্ছা-'আতু ওয়াংশাক্ক'াল্ ক'ামার।	
তরজমা	কিয়ামত নিকটবর্তী হইয়াছে, আর চন্দ্র বিদীর্ণ হইয়াছে,	
	وَاِنْ يَّرَوْا اٰيَةً يُّعْرِضُوْا وَيَقُوْلُوْا سِحْرٌ مُّسْتَمِرٌّ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়ঁ ইয়ারাও আ-য়াতাইঁ ইউ'রিদূ' ওয়া ইয়াক্'লূ ছিহ্'রুম্ মুছ্তামির।	
তরজমা	উহারা কোন নিদর্শন দেখিলে মুখ ফিরাইয়া নেয় এবং বলে, 'ইহা তো চিরাচরিত জাদু।'	
	وَكَذَّبُوْا وَاتَّبَعُوْٓا اَهْوَآءَهُمْ وَكُلُّ اَمْرٍ مُّسْتَقِرٌّ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়াকায'য'াবূ ওয়াত্তাবা'উ~আহ্ওয়া~আহুম্ ওয়াকুল্লু আম্রিম্ মুছ্তাকি'র।	
তরজমা	উহারা সত্য প্রত্যাখ্যান করে এবং নিজ খেয়াল-খুশির অনুসরণ করে, আর প্রত্যেক ব্যাপারই লক্ষ্যে পৌঁছিবে।	
	وَلَقَدْ جَآءَهُمْ مِّنَ الْاَنْۢبَآءِ مَا فِيْهِ مُزْدَجَرٌ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ জা~আহুম্ মিনাল্ আম্বা~ই মা-ফীহি মুঝদাজার।	
তরজমা	উহাদের নিকট আসিয়াছে সুসংবাদ, যাহাতে আছে সাবধান বাণী;	
	حِكْمَةٌۢ بَالِغَةٌ فَمَا تُغْنِ النُّذُرُ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	হি'ক্মাতুম্ বা-লিগাতুং ফামা- তুগ্নিন নুযু'র।	
তরজমা	ইহা পরিপূর্ণ জ্ঞান, তবে এই সতর্কবাণী উহাদের কোন উপকারে আসে নাই।	
	فَتَوَلَّ عَنْهُمْ ۘ يَوْمَ يَدْعُ الدَّاعِ اِلٰى شَيْءٍ نُّكُرٍ ﴿٦﴾	6

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ফাতাওয়াল্লা ‘আন্হুম্ (م)। ইয়াওমা ইয়াদ্‘উদ্দা–‘ই ইলা– শাইয়িন্ নুকুর।	
তরজমা	অতএব তুমি উহাদের উপেক্ষা কর। যেদিন আহবানকারী আহ্বান করিবে এক ভয়াবহ পরিণামের দিকে,	
	خُشَّعًا اَبْصَارُهُمْ يَخْرُجُوْنَ مِنَ الْاَجْدَاثِ كَاَنَّهُمْ جَرَادٌ مُّنْتَشِرٌ ۙ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	খুশ্‌শা‘আন্ আবসা–রুহুম ইয়াখরুজূনা মিনাল আজদা–ছি˙ কাআন্নাহুম্ জারা–দুম্ মুংতাশির।	
তরজমা	অপমানে অবনমিত নেত্রে সেদিন উহারা কবর হইতে বাহির হইবে বিক্ষিপ্ত পঙ্গপালের ন্যায়,	
	مُّهْطِعِيْنَ اِلَى الدَّاعِ ؕ يَقُوْلُ الْكٰفِرُوْنَ هٰذَا يَوْمٌ عَسِرٌ ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	মুহ্‌তি˙‘ঈনা ইলাদ্দা–‘ই (ط) ইয়াকূ˙লুল্ কা–ফিরূনা হা–যা˙– ইয়াওমুন্ ‘আছির।	
তরজমা	উহারা আহ্বানকারীর দিকে ছুটিয়া আসিবে ভীত-বিহ্বল হইয়া। কাফিররা বলিবে, ‘কঠিন এই দিন।’	
	كَذَّبَتْ قَبْلَهُمْ قَوْمُ نُوْحٍ فَكَذَّبُوْا عَبْدَنَا وَ قَالُوْا مَجْنُوْنٌ وَّ ازْدُجِرَ ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	কায্‌য˙াবাত্ ক˙াবলাহুম্ ক˙াওমু নূহি˙ং ফাকায্‌য˙াবূ ‘আব্‌দানা–ওয়াক˙া–লূ মাজনূনুওঁ ওয়াঝদুজির।	
তরজমা	ইহাদের পূর্বে নূহের সম্প্রদায়ও অস্বীকার করিয়াছিল-অস্বীকার করিয়াছিল আমার বান্দাকে আর বলিয়াছিল, ‘এ তো এক পাগল।’ আর তাহাকে ভীতি প্রদর্শন করা হইয়াছিল।	
	فَدَعَا رَبَّهٗۤ اَنِّيْ مَغْلُوْبٌ فَانْتَصِرْ ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ফাদা‘আ– রাব্বাহূ˜ আন্নী মাগ্‌লূবুং ফাংতাসির্।	
তরজমা	তখন সে তাহার প্রতিপালককে আহ্বান করিয়া বলিয়াছিল, ‘আমি তো অসহায়, অতএব তুমি প্রতিবিধান কর।’	
	فَفَتَحْنَاۤ اَبْوَابَ السَّمَآءِ بِمَآءٍ مُّنْهَمِرٍ ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ফাফাতাহ˙না˜ আব্‌ওয়া–বাছ্ ছামা~ই বিমা~ইম্ মুন্‌হামির।	
তরজমা	ফলে আমি উন্মুক্ত করিয়া দিলাম আকাশের দ্বার প্রবল বারি বর্ষণে,	
	وَّفَجَّرْنَا الْاَرْضَ عُيُوْنًا فَالْتَقَى الْمَآءُ عَلٰۤى اَمْرٍ قَدْ قُدِرَ ﴿۱۲﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া ফাজ্জার্‌নাল আর্‌দ˙া ‘উইউনাং ফাল্‌তাক˙াল্ মা~উ ‘আলা˜ আম্‌রিং ক˙াদ্ কুদির।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং মৃত্তিকা হইতে উৎসারিত করিলাম প্রস্রবণ; অতঃপর সকল পানি মিলিত হইল এক পরিকল্পনা অনুসারে।	
	وَحَمَلْنٰهُ عَلٰى ذَاتِ اَلْوَاحٍ وَّدُسُرٍ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া হ'মাল্না–হু 'আলা– য'া–তি আল্ওয়া–হি'ওঁ ওয়াদুছুর।	
তরজমা	তখন নূহকে আরোহণ করাইলাম কাষ্ঠ ও কীলক নির্মিত এক নৌযানে,	
	تَجْرِىْ بِاَعْيُنِنَا ۚ جَزَآءً لِّمَنْ كَانَ كُفِرَ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	তাজরী বিআ'ইউনিনা– (ج) জাঝা~আল্ লিমাং কা–না কুফির।	
তরজমা	যাহা চলিত আমার প্রত্যক্ষ তত্ত্বাবধানে; ইহা পুরস্কার তাহার জন্য, যে প্রত্যাখ্যাত হইয়াছিল।	
	وَلَقَدْ تَّرَكْنٰهَآ اٰيَةً فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ তারাক্না–হা~আ–য়াতাং ফাহাল্ মিম্ মুদ্দাকির।	
তরজমা	আমি তো ইহাকে রাখিয়া দিয়াছি এক নিদর্শনরূপে; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি ?	
	فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ফাকাইফা কা–না 'আয'া–বী ওয়া নুযু'র্।	
তরজমা	কী কঠোর ছিল আমার শাস্তি ও সতর্কবাণী!	
	وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْاٰنَ لِلذِّكْرِ فَهَلْ مِنْ مُّدَّكِرٍ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়ালাক'াদ্ ইয়াছ্ছার্নাল্ কু'রআ–না লিয'্যি'ক্রি ফাহাল্ মিম্ মুদ্দাকির।	
তরজমা	কুরআন আমি সহজ করিয়া দিয়াছি উপদেশ গ্রহণের জন্য; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি ?	
	كَذَّبَتْ عَادٌ فَكَيْفَ كَانَ عَذَابِىْ وَنُذُرِ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	কায'্যা'বাত্ 'আ–দুং ফাকাইফা কা–না 'আয'া–বী ওয়া নুযু'র্।	
তরজমা	'আদ সম্প্রদায় সত্য অস্বীকার করিয়াছিল, ফলে কিরূপ ছিল আমার শাস্তি ও সতর্কবাণী!	
	اِنَّآ اَرْسَلْنَا عَلَيْهِمْ رِيْحًا صَرْصَرًا فِىْ يَوْمِ نَحْسٍ مُّسْتَمِرٍّ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ইন্না~আর্ছালনা– 'আলাইহিম্ রীহ'াং সার্সারাং ফী ইয়াওমি নাহ'ছিম্ মুছ্তামির্।	
তরজমা	উহাদের উপর আমি প্রেরণ করিয়াছিলাম ঝঞ্ঝাবায়ু নিরবচ্ছিন্ন দুর্ভাগ্যের দিনে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	تَنْزِعُ النَّاسَ ۖ كَأَنَّهُمْ أَعْجَازُ نَخْلٍ مُّنْقَعِرٍ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	তাংঝি'উন্না-ছা (ﻯ) কাআন্নাহুম্ আ'জা-ঝু নাখ্লিম্ মুংক'া'ইর।	
তরজমা	মানুষকে উহা উৎখাত করিয়াছিল উন্মূলিত খর্জুর-কাণ্ডের ন্যায়।	
	فَكَيْفَ كَانَ عَذَابِي وَنُذُرِ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ফাকাইফা কা-না 'আয'া-বী ওয়া নুয'ুর।	
তরজমা	কী কঠোর আমার শাস্তি ও সতর্কবাণী!	
	وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ فَهَلْ مِن مُّدَّكِرٍ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া লাক'াদ্ ইয়াছ্ছার্নাল্ কু'রআ-না লিয'্যি'ক্রি ফাহাল্ মিম মুদ্দাকির।	
তরজমা	কুরআন আমি সহজ করিয়া দিয়াছি উপদেশ গ্রহণের জন্য; অতএব উপদেশ গ্রহণকারী কেহ আছে কি ?	
	كَذَّبَتْ ثَمُودُ بِالنُّذُرِ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	কায'্যা'বাত্ ছ'ামূদু বিন্নুয'ুর।	
তরজমা	সামূদ সম্প্রদায় সতর্ককারীদেরকে অস্বীকার করিয়াছিল,	
	فَقَالُوا أَبَشَرًا مِّنَّا وَاحِدًا نَّتَّبِعُهُ ۖ إِنَّا إِذًا لَّفِي ضَلَالٍ وَسُعُرٍ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাক'া-লূ~ আবাশারাম মিন্না-ওয়া-হি'দান নাত্তাবি'উহূ~ (ﻯ) ইন্না~ ইয'াল্লাফী দ'ালা-লিওঁ ওয়াছু'উর।	
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না- লাম্মা- ছামি'নাল হুদা~আ-মান্না- বিহী (ط) ফামাইঁ ইউ'মিম বিরাব্বিহী ফালা- ইয়াখা-ফু বাখছাওঁ ওয়ালা- রাহাক'া- ।	
তরজমা	'আমরা যখন পথনির্দেশক বাণী শুনিলাম তাহাতে বিশ্বাস স্থাপন করিলাম। যে ব্যক্তি তাহার প্রতিপালকের প্রতি ঈমান আনে তাহার কোন ক্ষতি ও কোন অন্যায়ের আশংকা থাকিবে না।	
	وَّاَنَّا مِنَّا الْمُسْلِمُوْنَ وَمِنَّا الْقٰسِطُوْنَ ؕ فَمَنْ اَسْلَمَ فَاُولٰٓئِكَ تَحَرَّوْا رَشَدًا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া আন্না- মিন্নাল মুছলিমূনা ওয়া মিন্নাল ক'া-ছিতূ'না (ط) ফামান আছলামা ফাউলা~ইকা তাহ'াররাওঁ রাশাদা- ।	
তরজমা	'আমাদের কতক আত্মসমর্পণকারী এবং কতক সীমালংঘনকারী ; যাহারা আত্মসমর্পণ করে তাহারা সুচিন্তিতভাবে সত্যপথ বাছিয়া নেয়।	
	وَاَمَّا الْقٰسِطُوْنَ فَكَانُوْا لِجَهَنَّمَ حَطَبًا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাল ক'া-ছিতু'না ফাকা-নূ লিজাহান্নামা হাত'াবা- ।	
তরজমা	'অপরপক্ষে সীমালংঘন-কারী তো জাহান্নামেরই ইন্ধন।'	
	وَّاَنْ لَّوِ اسْتَقَامُوْا عَلَی الطَّرِیْقَةِ لَاَسْقَیْنٰهُمْ مَّآءً غَدَقًا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া আল্লাবি'ছ্‌তাক'া-মূ 'আলাত্ত'ারীক'াতি লাআছক'াইনা-হুম মা~আন গাদাক'া- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	উহারা যদি সত্যপথে প্রতিষ্ঠিত থাকিত উহাদেরকে আমি প্রচুর বারি বর্ষণের মাধ্যমে সমৃদ্ধ করিতাম,	
	لِّنَفْتِنَهُمْ فِيهِ ۚ وَمَن يُعْرِضْ عَن ذِكْرِ رَبِّهِ يَسْلُكْهُ عَذَابًا صَعَدًا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	লিনাফতিনাহুম ফীহি (ط) ওয়া মাইঁ ইউ'রিদ' 'আং যি'করি রাব্বিহী ইয়াছলুক্হু 'আয'া-বাং সা'আদা- ।	
তরজমা	যদ্দ্বারা আমি উহাদেরকে পরীক্ষা করিতাম। যে ব্যক্তি তাহার প্রতিপালকের স্মরণ হইতে বিমুখ হয় তিনি তাহাকে দুঃসহ শাস্তিতে প্রবেশ করাইবেন।	
	وَأَنَّ الْمَسَاجِدَ لِلَّهِ فَلَا تَدْعُوا مَعَ اللَّهِ أَحَدًا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাল মাছা-জিদা লিল্লা-হি ফালা- তাদ'উ মা'আল্লা-হি আহ'াদা- ।	
তরজমা	এবং এই যে মসজিদসমূহ আল্লাহ্রই জন্য। সুতরাং আল্লাহ্র সঙ্গে তোমরা অন্য কাহাকেও ডাকিও না।	
	وَأَنَّهُ لَمَّا قَامَ عَبْدُ اللَّهِ يَدْعُوهُ كَادُوا يَكُونُونَ عَلَيْهِ لِبَدًا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া আন্নাহূ লাম্মা-ক'া- মা 'আবদুল্লা-হি ইয়াদ'উহু কা-দূ ইয়াকূনূনা 'আলাইহি লিবাদা- ।	
তরজমা	আর এই যে, যখন আল্লাহ্র বান্দা তাঁহাকে ডাকিবার জন্য দণ্ডায়মান হইল তখন তাহারা তাহার নিকট ভিড় জমাইল।	
	قُلْ إِنَّمَا أَدْعُو رَبِّي وَلَا أُشْرِكُ بِهِ أَحَدًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নামা~ আদ'উ রাব্বী ওয়ালা~ উশরিকু বিহী~ আহ'াদা- ।	
তরজমা	বল, 'আমি আমার প্রতিপালককেই ডাকি এবং তাঁহার সঙ্গে কাহাকেও শরীক করি না।'	
	قُلْ إِنِّي لَا أَمْلِكُ لَكُمْ ضَرًّا وَلَا رَشَدًا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নী লা~ আমলিকু লাকুম দ'াররাওঁ ওয়ালা-রাশাদা- ।	
তরজমা	বল, 'আমি তোমাদের ইষ্ট-অনিষ্টের মালিক নই।'	
	قُلْ إِنِّي لَن يُجِيرَنِي مِنَ اللَّهِ أَحَدٌ وَلَنْ أَجِدَ مِن دُونِهِ مُلْتَحَدًا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	কু'ল ইন্নী লাইঁ ইউজীরানী মিনাল্লা-হি আহ'াদুওঁ (لا) ওয়া লান আজিদা মিং দূনিহী মুলতাহ'াদা- ।	
তরজমা	বল, 'আল্লাহ্র শাস্তি হইতে কেহই আমাকে রক্ষা করিতে পারিবে না এবং আল্লাহ্ ব্যতীত আমি কোন আশ্রয়ও পাইব না,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	اِلَّا بَلٰغًا مِّنَ اللّٰهِ وَرِسٰلٰتِهٖ ؕ وَمَنْ يَّعْصِ اللّٰهَ وَرَسُوْلَهٗ فَاِنَّ لَهٗ نَارَ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইল্লা–বালা–গাম্ মিনাল্লা–হি ওয়া রিছা–লা–তিহী (ط) ওয়া মাইঁ ইয়া'সিল্লা–হা ওয়া রাছূলাহূ ফাইন্না লাহূ না–রা জাহান্নামা খা–লিদীনা ফীহা~ আবাদা– ।	
তরজমা	'কেবল আল্লাহ্‌র পক্ষ হইতে পৌঁছান এবং তাঁহার বাণী প্রচারই আমার দায়িত্ব। যাহারা আল্লাহ্ ও তাঁহার রাসূলকে অমান্য করে তাহাদের জন্য রহিয়াছে জাহান্নামের অগ্নি, সেখানে তাহারা চিরস্থায়ী হইবে।	
	حَتّٰٓى اِذَا رَاَوْا مَا يُوْعَدُوْنَ فَسَيَعْلَمُوْنَ مَنْ اَضْعَفُ نَاصِرًا وَّاَقَلُّ عَدَدًا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ ইয়া– রাআও মা– ইউ'আদূনা ফাছাইয়া'লামূনা মান আদ'আফু না–সিরাওঁ ওয়া আক'াল্লু 'আদাদা– ।	
তরজমা	যখন উহারা প্রতিশ্রুত শাস্তি প্রত্যক্ষ করিবে, বুঝিতে পারিবে, কে সাহায্যকারীর দিক দিয়া দুর্বল এবং কে সংখ্যায় স্বল্প।	
	قُلْ اِنْ اَدْرِيْٓ اَقَرِيْبٌ مَّا تُوْعَدُوْنَ اَمْ يَجْعَلُ لَهٗ رَبِّيْٓ اَمَدًا ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	কু'ল ইন আদরী~ আক'ারীবুম মা–তূ'আদূনা আম ইয়াজ'আলু লাহূ রাব্বী~ আমাদা– ।	
তরজমা	বল, 'আমি জানি না তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা কি আসন্ন, না আমার প্রতিপালক ইহার জন্য কোন দীর্ঘ মেয়াদ স্থির করিবেন ?'	
	عٰلِمُ الْغَيْبِ فَلَا يُظْهِرُ عَلٰى غَيْبِهٖٓ اَحَدًا ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	'আ–লিমুলগাইবি ফালা–ইউজ'হিরু 'আলা– গাইবিহী~ আহ'াদা– ।	
তরজমা	তিনি অদৃশ্যের পরিজ্ঞাতা, তিনি তাঁহার অদৃশ্যের জ্ঞান কাহারও নিকট প্রকাশ করেন না,	
	اِلَّا مَنِ ارْتَضٰى مِنْ رَّسُوْلٍ فَاِنَّهٗ يَسْلُكُ مِنْۢ بَيْنِ يَدَيْهِ وَمِنْ خَلْفِهٖ رَصَدًا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইল্লা–মানির্‌তাদ'া–মির্‌রাছূলিং ফাইন্নাহূ ইয়াছলুকু মিম বাইনি ইয়াদাইহি ওয়া মিন খালফিহী রাসাদা– ।	
তরজমা	তাঁহার মনোনীত রাসূল ব্যতীত। সেই ক্ষেত্রে আল্লাহ্ রাসূলের অগ্রে এবং পশ্চাতে প্রহরী নিয়োজিত করেন,	
	لِّيَعْلَمَ اَنْ قَدْ اَبْلَغُوْا رِسٰلٰتِ رَبِّهِمْ وَاَحَاطَ بِمَا لَدَيْهِمْ وَاَحْصٰى كُلَّ شَيْءٍ عَدَدًا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	লিইয়া'লামা আং ক'াদ আবলাগূ রিছা–লা–তি রাব্বিহিম ওয়া আহ'া–ত'া বিমা– লাদাইহিম ওয়াআহ'সা– কুল্লা শাইয়িন 'আদাদা– ।	

তরজমা	রাসূলগণ তাহাদের প্রতিপালকের বাণী পৌঁছাইয়া দিয়াছেন কি না জানিবার জন্য। রাসূলগণের নিকট যাহা আছে তাহা তাঁহার জ্ঞানগোচর এবং তিনি সমস্ত কিছুর বিস্তারিত হিসাব রাখেন।	

73 - Al-Muzzammil-মুয্যাম্মিল -المزمل

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	يٰۤاَيُّهَا الۡمُزَّمِّلُ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল মুঝঝাম্মিল।	
তরজমা	হে বস্ত্রাবৃত!	
	قُمِ الَّيۡلَ اِلَّا قَلِيۡلًا ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	কু`মিল্লাইলা ইল্লা– ক`লীলা– ।	
তরজমা	রাত্রি জাগরণ কর, কিছু অংশ ব্যতীত,	
	نِّصۡفَهٗۤ اَوِ انۡقُصۡ مِنۡهُ قَلِيۡلًا ۙ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	নিসফাহূ~ আবি`ংকু`স মিনহু ক`লীলা– ।	
তরজমা	অর্ধ রাত্রি কিংবা তদপেক্ষা অল্প	
	اَوۡ زِدۡ عَلَيۡهِ وَرَتِّلِ الۡقُرۡاٰنَ تَرۡتِيۡلًا ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	আও ঝিদ ‘আলাইহি ওয়া রাত্তিলিল্ কু`রআ–না তারতীলা– ।	
তরজমা	অথবা তদপেক্ষা বেশি। আর কুরআন আবৃত্তি কর ধীরে ধীরে ও সুস্পষ্টভাবে;	
	اِنَّا سَنُلۡقِىۡ عَلَيۡكَ قَوۡلًا ثَقِيۡلًا ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ইন্না– ছানুলকী ‘আলাইকা ক`াওলাং ছ`াক`ীলা– ।	
তরজমা	আমি তোমার প্রতি অবতীর্ণ করিতেছি গুরুভার বাণী।	
	اِنَّ نَاشِئَةَ الَّيۡلِ هِىَ اَشَدُّ وَطۡاً وَّ اَقۡوَمُ قِيۡلًا ؕ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ইন্না না–শিআতাল্লাইলি হিয়া আশাদ্দু ওয়াত`‘আওঁ ওয়া আক`ওয়ামু ক`ীলা– ।	
তরজমা	অবশ্য দলনে রাত্রিকালের উত্থান প্রবলতর এবং বাকস্ফুরণে সঠিক।	
	اِنَّ لَكَ فِى النَّهَارِ سَبۡحًا طَوِيۡلًا ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ইন্না লাকা ফিন্নাহা–রি ছাবহ`াং ত`াবি`লা– ।	
তরজমা	দিবাভাগে তোমার জন্য রহিয়াছে দীর্ঘ কর্মব্যস্ততা।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَاذْكُرِ اسْمَ رَبِّكَ وَتَبَتَّلْ إِلَيْهِ تَبْتِيلًا ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়াযকুরিছমা রাব্বিকা ওয়া তাবাত্তাল্ ইলাইহি তাবতীলা- ।	
তরজমা	সুতরাং তুমি তোমার প্রতিপালকের নাম স্মরণ কর এবং একনিষ্ঠভাবে তাঁহাতে মগ্ন হও।	
	رَبُّ الْمَشْرِقِ وَالْمَغْرِبِ لَا إِلَٰهَ إِلَّا هُوَ فَاتَّخِذْهُ وَكِيلًا ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	রাব্বুল মাশরিকি ওয়াল মাগরিবি লা ইলা-হা ইল্লা-হুওয়া ফাত্তাখিয হু ওয়াকীলা- ।	
তরজমা	তিনি পূর্ব ও পশ্চিমের অধিকর্তা, তিনি ব্যতীত কোন ইলাহ্ নাই; অতএব তাঁহাকেই গ্রহণ কর কর্মবিধায়করূপে।	
	وَاصْبِرْ عَلَىٰ مَا يَقُولُونَ وَاهْجُرْهُمْ هَجْرًا جَمِيلًا ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়াসবির 'আলা-মা-ইয়াকূলূনা ওয়াহজুরহুম হাজরাং জামীলা- ।	
তরজমা	লোকে যাহা বলে, তাহাতে তুমি ধৈর্য ধারণ কর এবং সৌজন্য সহকারে উহাদেরকে পরিহার করিয়া চল।	
	وَذَرْنِي وَالْمُكَذِّبِينَ أُولِي النَّعْمَةِ وَمَهِّلْهُمْ قَلِيلًا ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়া যারনী ওয়াল মুকাযযিবীনা উলিন্ না'মাতি ওয়া মাহহিলহুম ক'ালীলা- ।	
তরজমা	ছাড়িয়া দাও আমাকে এবং বিলাস সামগ্রীর অধিকারী সত্য অস্বীকারকারীদেরকে ; আর কিছু কালের জন্য উহাদেরকে অবকাশ দাও,	
	إِنَّ لَدَيْنَا أَنكَالًا وَجَحِيمًا ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্না লাদাইনা আনকা-লাওঁ ওয়া জাহীমা- ।	
তরজমা	আমার নিকট আছে শৃংখল ও প্রজ্বলিত অগ্নি,	
	وَطَعَامًا ذَا غُصَّةٍ وَعَذَابًا أَلِيمًا ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ত'া'আ-মাং য'া-গুস্সাতিওঁ ওয়া'আয'া-বান আলীমা- ।	
তরজমা	আর আছে এমন খাদ্য, যাহা গলায় আটকাইয়া যায় এবং মর্মন্তুদ শাস্তি।	
	يَوْمَ تَرْجُفُ الْأَرْضُ وَالْجِبَالُ وَكَانَتِ الْجِبَالُ كَثِيبًا مَّهِيلًا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ইয়াওমা তারজুফুল আরদু ওয়াল্‌জিবা-লু ওয়াকা-নাতিল্ জিবা-লু কাছীবাম্ মাহীলা- ।	
তরজমা	সেই দিবসে পৃথিবী ও পর্বতমালা প্রকম্পিত হইবে এবং পর্বতসমূহ বহমান বালুকারাশিতে পরিণত হইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّآ أَرۡسَلۡنَآ إِلَيۡكُمۡ رَسُولٗا شَٰهِدًا عَلَيۡكُمۡ كَمَآ أَرۡسَلۡنَآ إِلَىٰ فِرۡعَوۡنَ رَسُولٗا ١٥	15
প্রতিবর্ণায়ন	ইন্না~ আরছালনা~ ইলাইকুম রাছূলাং (ﻻ) শা-হিদান ‘আলাইকুম কামা~ আরছালনা~ ইলা- ফির‘আওনা রাছূলা- ।	
তরজমা	আমি তোমাদের নিকট পাঠাইয়াছি এক রাসূল তোমাদের জন্য সাক্ষীস্বরূপ যেমন রাসূল পাঠাইয়াছিলাম ফির‘আওনের নিকট,	
	فَعَصَىٰ فِرۡعَوۡنُ ٱلرَّسُولَ فَأَخَذۡنَٰهُ أَخۡذٗا وَبِيلٗا ١٦	16
প্রতিবর্ণায়ন	ফা‘আসা- ফির‘আওনুর রাছূলা ফাআখায‘না- হু আখয‘াওঁ ওয়া বীলা- ।	
তরজমা	কিন্তু ফির‘আওন সেই রাসূলকে অমান্য করিয়াছিল, ফলে আমি তাহাকে কঠিন শাস্তি দিয়াছিলাম।	
	فَكَيۡفَ تَتَّقُونَ إِن كَفَرۡتُمۡ يَوۡمٗا يَجۡعَلُ ٱلۡوِلۡدَٰنَ شِيبًا ١٧	17
প্রতিবর্ণায়ন	ফাকাইফা তাত্তাকূ‘না ইং কাফারতুম ইয়াওমাইঁ ইয়াজ‘আলুল বি‘লদা-না শীবা- ।	
তরজমা	অতএব যদি তোমরা কুফরী কর তবে কি করিয়া আত্মরক্ষা করিবে সেই দিন যেই দিনটি কিশোরকে পরিণত করিবে বৃদ্ধে,	
	ٱلسَّمَآءُ مُنفَطِرُۢ بِهِۦۚ كَانَ وَعۡدُهُۥ مَفۡعُولًا ١٨	18
প্রতিবর্ণায়ন	আছ্ছামা~উ মুংফাতি‘রুম বিহী (ط) কা-না ওয়া‘দুহূ মাফ‘উলা- ।	
তরজমা	যেই দিন আকাশ হইবে বিদীর্ণ। তাঁহার প্রতিশ্রুতি অবশ্যই বাস্তবায়িত হইবে।	
	إِنَّ هَٰذِهِۦ تَذۡكِرَةٞۖ فَمَن شَآءَ ٱتَّخَذَ إِلَىٰ رَبِّهِۦ سَبِيلًا ١٩	19
প্রতিবর্ণায়ন	ইন্না হা- যি‘হী তায‘কিরাতুং (ج) ফামাং শা~আত্তাখায‘া ইলা- রাব্বিহী ছাবীলা- ।	
তরজমা	নিশ্চয়ই ইহা এক উপদেশ, অতএব যে চায় সে তাহার প্রতিপালকের পথ অবলম্বন করুক!	

20

إِنَّ رَبَّكَ يَعْلَمُ أَنَّكَ تَقُومُ أَدْنَىٰ مِن ثُلُثَيِ اللَّيْلِ وَنِصْفَهُ وَثُلُثَهُ وَطَائِفَةٌ مِّنَ الَّذِينَ
مَعَكَ ۚ وَاللَّهُ يُقَدِّرُ اللَّيْلَ وَالنَّهَارَ ۚ عَلِمَ أَن لَّن تُحْصُوهُ فَتَابَ عَلَيْكُمْ فَاقْرَءُوا مَا
تَيَسَّرَ مِنَ الْقُرْآنِ ۚ عَلِمَ أَن سَيَكُونُ مِنكُم مَّرْضَىٰ ۙ وَآخَرُونَ يَضْرِبُونَ فِي الْأَرْضِ
يَبْتَغُونَ مِن فَضْلِ اللَّهِ ۙ وَآخَرُونَ يُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ ۖ فَاقْرَءُوا مَا تَيَسَّرَ مِنْهُ ۚ
وَأَقِيمُوا الصَّلَاةَ وَآتُوا الزَّكَاةَ وَأَقْرِضُوا اللَّهَ قَرْضًا حَسَنًا ۚ وَمَا تُقَدِّمُوا لِأَنفُسِكُم مِّنْ خَيْرٍ تَجِدُوهُ عِندَ
اللَّهِ هُوَ خَيْرًا وَأَعْظَمَ أَجْرًا ۚ وَاسْتَغْفِرُوا اللَّهَ ۚ إِنَّ اللَّهَ غَفُورٌ رَّحِيمٌ ﴿٢٠﴾

প্রতিবর্ণায়ন

ইন্না রাব্বাকা ইয়া'লামু আন্নাকা তাকূ'মু আদনা- মিং ছু'লুছ'াইল্লাইলি ওয়া নিসফাহূ ওয়া ছু'লুছ'াহূ ওয়া ত'া~ইফাতুম মিনাল্লাযী'না মা'আকা (ط) ওয়াল্লা-হু ইউক'াদ্দিরুল্লাইলা ওয়ান্নাহা-রা (ط) 'আলিমা আল্লাং তুহ'সূহু ফাতা-বা 'আলাইকুম ফাক'রাউ মা- তায়াছছারা মিনাল কু'রআ-নি (ط) 'আলিমা আং ছাইয়াকূনু মিংকুম মারদ'া- (لا) ওয়া আ-খারূনা ইয়াদ'রিবূনা ফিল আরদি' ইয়াবতাগূনা মিং ফাদ'লিল্লা-হি (لا) ওয়া আ- খারূনা ইউক'া-তিলূনা ফী ছাবীলিল্লা-হি (ز) ফাক'রাউ মা-তায়াছ্ছারা মিনহু (لا) ওয়া আক'ীমুসসালা-তা ওয়া আ-তুঝ্ঝাকা-তা ওয়া আক'রিদূ'ল্লা-হা ক'ারদ'ান হ'াছানাও (ط) ওয়ামা- তুক'াদ্দিমূ লিআংফুছিকুম মিন খাইরিং তাজিদূহু 'ইংদাল্লা-হি হুওয়া খাইরাওঁ ওয়া আ'জ'ামা আজরাও (ط) ওয়াছ্তাগফিরুল্লা-হা (ط) ইন্নাল্লা-হা গাফূরুর রাহ'ীম।

	তোমার প্রতিপালক তো জানেন যে, তুমি জাগরণ কর কখনও রাত্রির প্রায় দুই-তৃতীয়াংশ, কখনও অর্ধাংশ এবং কখনও এক-তৃতীয়াংশ এবং জাগে তোমার সঙ্গে যাহারা আছে তাহাদের একটি দলও এবং আল্লাহ্ই নির্ধারণ করেন দিবস ও রাত্রির পরিমাণ। তিনি জানেন যে, তোমরা ইহা পুরাপুরি পালন করিতে পারিবে না, অতএব আল্লাহ্ তোমাদের প্রতি ক্ষমাপরবশ হইয়াছেন। কাজেই কুরআনের যতটুকু আবৃত্তি করা তোমাদের জন্য সহজ, ততটুকু আবৃত্তি কর। আল্লাহ্ জানেন যে, তোমাদের মধ্যে কেহ কেহ অসুস্থ হইয়া পড়িবে, কেহ কেহ আল্লাহ্র অনুগ্রহ সন্ধানে দেশ ভ্রমণ করিবে এবং কেহ কেহ আল্লাহ্র পথে সংগ্রামে লিপ্ত হইবে। কাজেই তোমরা কুরআন হইতে যতটুকু সহজসাধ্য আবৃত্তি কর। অতএব সালাত কায়েম কর, যাকাত প্রদান কর এবং আল্লাহ্কে দাও উত্তম ঋণ। তোমরা তোমাদের নিজেদের মঙ্গলের জন্য ভাল যাহা কিছু অগ্রিম প্রেরণ করিবে তাহা তোমরা পাইবে আল্লাহ্র নিকট। উহা উৎকৃষ্টতর এবং পুরস্কার হিসাবে মহত্তর। আর তোমরা ক্ষমা প্রার্থনা কর আল্লাহ্র নিকট; নিশ্চয়ই আল্লাহ্ ক্ষমাশীল, পরম দয়ালু।	
তরজমা		

74 - Al-Muddaththir-মুদ্দাছ্ছির -المدثر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	يٰۤاَيُّهَا الۡمُدَّثِّرُ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়ুহাল মুদ্দাছ্ছি'র।	
তরজমা	হে বস্ত্রাচ্ছাদিত!	
	قُمۡ فَاَنۡذِرۡ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	কু'ম ফাআংযি'র।	
তরজমা	উঠ, আর সতর্ক কর,	
	وَرَبَّكَ فَكَبِّرۡ ۙ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া রাব্বাকা ফাকাব্বির।	
তরজমা	এবং তোমার প্রতিপালকের শ্রেষ্ঠত্ব ঘোষণা কর।	
	وَثِيَابَكَ فَطَهِّرۡ ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়া ছি'ইয়া-বাকা ফাত'হ্হির।	
তরজমা	তোমার পরিচ্ছদ পবিত্র রাখ,	
	وَالرُّجۡزَ فَاهۡجُرۡ ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়ার্রুজঝা ফাহজু'র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	পৌত্তলিকতা পরিহার করিয়া চল,	
	وَلَا تَمْنُنْ تَسْتَكْثِرُ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়ালা–তামনুং তাছতাকছি´র।	
তরজমা	অধিক পাওয়ার প্রত্যাশায় দান করিও না।	
	وَلِرَبِّكَ فَاصْبِرْ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া লিরাব্বিকা ফাসবির।	
তরজমা	এবং তোমার প্রতিপালকের উদ্দেশ্যে ধৈর্য ধারণ কর।	
	فَإِذَا نُقِرَ فِي النَّاقُورِ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ফাইযা´া– নুকি´রা ফিন্না–কূ´র।	
তরজমা	যেদিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে	
	فَذَٰلِكَ يَوْمَئِذٍ يَوْمٌ عَسِيرٌ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ফাযা´া–লিকা ইয়াওমাইযি´ইঁ ইয়াওমুন ‘আছীর।	
তরজমা	সেই দিন হইবে এক সংকটের দিন–	
	عَلَى الْكَافِرِينَ غَيْرُ يَسِيرٍ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	‘আলাল কা–ফিরীনা গাইরু ইয়াছীর।	
তরজমা	যাহা কাফিরদের জন্য সহজ নয়।	
	ذَرْنِي وَمَنْ خَلَقْتُ وَحِيدًا ۝١١	11
প্রতিবর্ণায়ন	য´ারনী ওয়া মান খালাক´তু ওয়া হ´ীদা– ।	
তরজমা	ছাড়িয়া দাও আমাকে এবং যাহাকে আমি সৃষ্টি করিয়াছি একাকী।	
	وَجَعَلْتُ لَهُ مَالًا مَّمْدُودًا ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ওয়া জা‘আলতু লাহূ মা–লাম মামদূদা– ।	
তরজমা	আমি তাহাকে দিয়াছি বিপুল ধন–সম্পদ	
	وَبَنِينَ شُهُودًا ۝١٣	13
প্রতিবর্ণায়ন	ওয়া বানীনা শুহূদা– ।	
তরজমা	এবং নিত্য সঙ্গী পুত্রগণ,	
	وَمَهَّدتُّ لَهُ تَمْهِيدًا ۝١٤	14
প্রতিবর্ণায়ন	ওয়া মাহহাত্তু লাহূ তামহীদা– ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং তাহাকে দিয়াছি স্বচ্ছন্দ জীবনের প্রচুর উপকরণ-	
	ثُمَّ يَطْمَعُ اَنْ اَزِيْدَ ۙ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ছু ম্মা ইয়াত মা'উ আন আঝীদা।	
তরজমা	ইহার পরও সে কামনা করে যে, আমি তাহাকে আরও অধিক দেই।	
	كَلَّا ؕ اِنَّهٗ كَانَ لِاٰيٰتِنَا عَنِيْدًا ؕ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	কাল্লা- (ط) ইন্নাহূ কা-না লিআ-য়া-তিনা- 'আনীদা- ।	
তরজমা	না, তাহা হইবে না, সে তো আমার নিদর্শনসমূহের উদ্ধত বিরুদ্ধাচারী।	
	سَاُرْهِقُهٗ صَعُوْدًا ؕ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ছাউর্হিকু হূ সা'উদা- ।	
তরজমা	আমি অচিরেই তাহাকে চড়াইব শাস্তির পাহাড়ে।	
	اِنَّهٗ فَكَّرَ وَ قَدَّرَ ۙ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	ইন্নাহূ ফাক্কারা ওয়া ক াদ্দার।	
তরজমা	সে তো চিন্তা করিল এবং সিদ্ধান্ত করিল।	
	فَقُتِلَ كَيْفَ قَدَّرَ ۙ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ফাকু তিলা কাইফা ক াদ্দার, ।	
তরজমা	অভিশপ্ত হউক সে ! কেমন করিয়া সে এই সিদ্ধান্ত করিল!	
	ثُمَّ قُتِلَ كَيْفَ قَدَّرَ ۙ﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	ছু ম্মা কু তিলা কাইফা ক াদ্দার।	
তরজমা	আরও অভিশপ্ত হউক সে! কেমন করিয়া সে এই সিদ্ধান্তে উপনীত হইল!	
	ثُمَّ نَظَرَ ۙ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ছু ম্মা নাজ ার।	
তরজমা	সে আবার চাহিয়া দেখিল।	
	ثُمَّ عَبَسَ وَ بَسَرَ ۙ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	ছু ম্মা 'আবাছা ওয়া বাছার।	
তরজমা	অতঃপর সে ভ্রূকুঞ্চিত করিল ও মুখ বিকৃত করিল।	
	ثُمَّ اَدْبَرَ وَ اسْتَكْبَرَ ۙ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ছু ম্মা আদবারা ওয়াছতাক্বার।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর সে পিছন ফিরিল এবং দম্ভ প্রকাশ করিল।	
	فَقَالَ إِنْ هَٰذَآ إِلَّا سِحْرٌ يُؤْثَرُ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাক'া- লা ইন হা- য'া~ ইল্লা-ছিহ'রুইঁ ইউ'ছ'ার।	
তরজমা	এবং ঘোষণা করিল, 'ইহা তো লোক পরম্পরায় প্রাপ্ত জাদু ভিন্ন আর কিছু নয়,	
	إِنْ هَٰذَآ إِلَّا قَوْلُ الْبَشَرِ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইন্ হা-য'া~ইল্লা-ক'াওলুল বাশার।	
তরজমা	'ইহা তো মানুষেরই কথা।'	
	سَأُصْلِيهِ سَقَرَ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ছাউসলীহি ছাক'ার।	
তরজমা	আমি তাহাকে নিক্ষেপ করিব সাকার-এ,	
	وَمَآ أَدْرَىٰكَ مَا سَقَرُ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদরা-কা মা- ছাক'ার।	
তরজমা	তুমি কি জান সাকার কী ?	
	لَا تُبْقِي وَلَا تَذَرُ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	লা-তুবক'ী ওয়ালা-তায'ার।	
তরজমা	উহা উহাদেরকে জীবিতাবস্থায় রাখিবে না এবং মৃত অবস্থায়ও ছাড়িয়া দিবে না।	
	لَوَّاحَةٌ لِّلْبَشَرِ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	লাওওয়া-হ'াতুল্ লিল্বাশার।	
তরজমা	ইহা তো গাত্রচর্ম দগ্ধ করিবে,	
	عَلَيْهَا تِسْعَةَ عَشَرَ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	'আলাইহা-তিছ'আতা 'আশার।	
তরজমা	সাকার-এর তত্ত্বাবধানে রহিয়াছে উনিশজন প্রহরী।	

	وَمَا جَعَلْنَآ اَصْحٰبَ النَّارِ اِلَّا مَلٰٓئِكَةً ۙ وَّمَا جَعَلْنَا عِدَّتَهُمْ اِلَّا فِتْنَةً لِّلَّذِيْنَ كَفَرُوْا ۙ لِيَسْتَيْقِنَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَيَزْدَادَ الَّذِيْنَ اٰمَنُوْٓا اِيْمَانًا وَّلَا يَرْتَابَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ وَالْمُؤْمِنُوْنَ ۙ وَلِيَقُوْلَ الَّذِيْنَ فِيْ قُلُوْبِهِمْ مَّرَضٌ وَّالْكٰفِرُوْنَ مَاذَآ اَرَادَ اللّٰهُ بِهٰذَا مَثَلًا ۭ كَذٰلِكَ يُضِلُّ اللّٰهُ مَنْ يَّشَاۗءُ وَيَهْدِيْ مَنْ يَّشَاۗءُ ۭ وَمَا يَعْلَمُ جُنُوْدَ رَبِّكَ اِلَّا هُوَ ۭ وَمَا هِيَ اِلَّا ذِكْرٰى لِلْبَشَرِ ۝	31
প্রতিবর্ণায়ন	ওয়ামা– জা'আলনা~ আসহ'া–বান্না–রি ইল্লা–মালা~ইকাতাওঁ (ص) ওয়ামা–জা'আলনা–'ইদ্দাতাহুম ইল্লা–ফিতনাতাল্ লিল্লায'ীনা কাফারূ (لا) লিইয়াছতাইকি'নাল্লায'ীনা উতুল্ কিতা–বা ওয়া ইয়াঝদা–দাল্লায'ীনা আ–মানূ~ ঈমা–নাওঁ ওয়ালা– ইয়ারতা–বাল্লায'ীনা উতুল কিতা–বা ওয়াল মু'মিনূনা (لا) ওয়া লিয়াকূ'লাল্লায'ীনা ফী কু'লূবিহিম মারাদু'ওঁ ওয়াল কা–ফিরূনা মা–য'া~ আরা–দাল্লা–হু বিহা–য'া– মাছ'লাং (ط) কায'া–লিকা ইউদি'ল্লুল্লা–হু মাইঁ ইয়াশা~উ ওয়া ইয়াহ্দী মাইঁ ইয়াশা~উ (ط) ওয়ামা– ইয়া'লামু জুনূদা রাব্বিকা ইল্লা– হুওয়া (ط) ওয়ামা–হিয়া ইল্লা– যি'করা– লিলবাশার।	
তরজমা	আমি ফিরিশ্তাদেরকে করিয়াছি জাহান্নামের প্রহরী; কাফিরদের পরীক্ষাস্বরূপই আমি উহাদের এই সংখ্যা উল্লেখ করিয়াছি যাহাতে কিতাবীদের দৃঢ় প্রত্যয় জন্মে, বিশ্বাসীদের বিশ্বাস বর্ধিত হয় এবং বিশ্বাসীগণ ও কিতাবীগণ সন্দেহ পোষণ না করে। ইহার ফলে, যাহাদের অন্তরে ব্যাধি আছে তাহারা ও কাফিররা বলিবে, 'আল্লাহ্ এই অভিনব উক্তি দ্বারা কি বুঝাইতে চাহিয়াছেন ?' এইভাবে আল্লাহ্ যাহাকে ইচ্ছা পথভ্রষ্ট করেন এবং যাহাকে ইচ্ছা পথনির্দেশ করেন। তোমার প্রতিপালকের বাহিনী সম্পর্কে একমাত্র তিনিই জানেন। জাহান্নামের এই বর্ণনা তো মানুষের জন্য সাবধান বাণী।	
	كَلَّا وَالْقَمَرِ ۝	32
প্রতিবর্ণায়ন	কাল্লা– ওয়াল ক'ামার।	
তরজমা	কখনই না, চন্দ্রের শপথ,	
	وَالَّيْلِ اِذْ اَدْبَرَ ۝	33
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইয' আদ্বার।	
তরজমা	শপথ রাত্রির, যখন উহার অবসান ঘটে;	
	وَالصُّبْحِ اِذَآ اَسْفَرَ ۝	34

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়াসসুবহি˙ ইয˙া˜ আছফার।	
তরজমা	শপথ প্রভাতকালের, যখন উহা হয় আলোকোজ্জ্বল-	
	إِنَّهَا لَإِحْدَى الْكُبَرِ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ইন্নাহা-লাইহ˙দাল কুবার।	
তরজমা	এই জাহান্নাম ভয়াবহ বিপদসমূহের অন্যতম,	
	نَذِيرًا لِّلْبَشَرِ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	নায˙ীরাল লিল্বাশার।	
তরজমা	মানুষের জন্য সতর্ককারী-	
	لِمَن شَاءَ مِنكُمْ أَن يَتَقَدَّمَ أَوْ يَتَأَخَّرَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	লিমাং শা~আ মিংকুম আইঁ ইয়াতাক˙াদ্দামা আও ইয়াতাআখ্খার।	
তরজমা	তোমাদের মধ্যে যে অগ্রসর হইতে চায় কিংবা যে পিছাইয়া পড়িতে চায় তাহার জন্য।	
	كُلُّ نَفْسٍ بِمَا كَسَبَتْ رَهِينَةٌ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	কুল্লু নাফছিম বিমা-কাছাবাত রাহীনাহ।	
তরজমা	প্রত্যেক ব্যক্তি নিজ কৃতকর্মের দায়ে আবদ্ধ,	
	إِلَّا أَصْحَابَ الْيَمِينِ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ইল্লা˜ আসহ˙াবাল ইয়ামীন।	
তরজমা	তবে দক্ষিণ পার্শ্বস্থ ব্যক্তিগণ নয়,	
	فِي جَنَّاتٍ يَتَسَاءَلُونَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ফী জান্না-তিইঁ (قف) ইয়াতাছা~আলূন।	
তরজমা	তাহারা থাকিবে উদ্যানে এবং তাহারা জিজ্ঞাসা-বাদ করিবে-	
	عَنِ الْمُجْرِمِينَ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	‘আনিল মুজরিমীন।	
তরজমা	অপরাধীদের সম্পর্কে,	
	مَا سَلَكَكُمْ فِي سَقَرَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	মা-ছালাকাকুম ফী ছাক˙ার।	
তরজমা	‘তোমাদেরকে কিসে সাকার-এ নিক্ষেপ করিয়াছে ?’	
	قَالُوا لَمْ نَكُ مِنَ الْمُصَلِّينَ ﴿٤٣﴾	43

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ক'া-লূ লাম নাকু মিনাল্ মুসাল্লীন।	
তরজমা	উহারা বলিবে, 'আমরা মুসল্লীদের অন্তর্ভুক্ত ছিলাম না,	
	وَلَمْ نَكُ نُطْعِمُ الْمِسْكِينَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ওয়া লাম নাকু নুত্'ইমুল্ মিছকীন।	
তরজমা	'আমরা অভাবগ্রস্তকে আহার্য দান করিতাম না,	
	وَكُنَّا نَخُوضُ مَعَ الْخَائِضِينَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়া কুন্না- নাখূদু' মা'আল খা~ইদ'ীন।	
তরজমা	'এবং আমরা বিভ্রান্ত আলোচনাকারীদের সঙ্গে বিভ্রান্তিমূলক আলোচনায় নিমগ্ন থাকিতাম।	
	وَكُنَّا نُكَذِّبُ بِيَوْمِ الدِّينِ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	ওয়া কুন্না-নুকায'যি'বু বিইয়াওমিদ্দীন।	
তরজমা	'আমরা কর্মফল দিবস অস্বীকার করিতাম,	
	حَتَّىٰ أَتَانَا الْيَقِينُ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	হ'াত্তা~ আতা-নাল ইয়াক'ীন।	
তরজমা	'আমাদের নিকট মৃত্যুর আগমন পর্যন্ত।'	
	فَمَا تَنفَعُهُمْ شَفَاعَةُ الشَّافِعِينَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ফামা- তাংফা'উহুম শাফা- 'আতুশ্শা-ফি'ঈন।	
তরজমা	ফলে সুপারিশকারীদের সুপারিশ উহাদের কোন কাজে আসিবে না।	
	فَمَا لَهُمْ عَنِ التَّذْكِرَةِ مُعْرِضِينَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ফামা-লাহুম 'আনিত্তায'কিরাতি মু'রিদ'ীন।	
তরজমা	উহাদের কী হইয়াছে যে, উহারা মুখ ফিরাইয়া নেয় উপদেশ হইতে ?	
	كَأَنَّهُمْ حُمُرٌ مُّسْتَنفِرَةٌ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	কাআন্নাহুম হু'মুরুম মুছ্তাংফিরাহ।	
তরজমা	উহারা যেন ভীত-ত্রস্ত গর্দভ-	
	فَرَّتْ مِن قَسْوَرَةٍ ﴿٥١﴾	51
প্রতিবর্ণায়ন	ফারাত্ মিং ক'াছওয়ারাহ।	
তরজমা	যাহা সিংহের সম্মুখ হইতে পলায়নপর।	

	بَلْ يُرِيْدُ كُلُّ امْرِئٍ مِّنْهُمْ اَنْ يُّؤْتٰى صُحُفًا مُّنَشَّرَةً ﴿٥٢﴾	52
প্রতিবর্ণায়ন	বাল ইউরীদু কুল্লুম রিইম মিন্হুম আইঁ ইউ'তা– সুহু'ফাম মুনাশশারাহ।	
তরজমা	বস্তুত উহাদের প্রত্যেকেই কামনা করে যে, তাহাকে একটি উন্মুক্ত গ্রন্থ দেওয়া হউক।	
	كَلَّا ۭ بَلْ لَّا يَخَافُوْنَ الْاٰخِرَةَ ﴿٥٣﴾	53
প্রতিবর্ণায়ন	কাল্লা (ط) বাল্লা– ইয়াখা–ফূনাল আ–খিরাহ।	
তরজমা	না, ইহা হইবার নয়; বরং উহারা তো আখিরাতের ভয় পোষণ করে না।	
	كَلَّآ اِنَّهٗ تَذْكِرَةٌ ﴿٥٤﴾	54
প্রতিবর্ণায়ন	কাল্লা~ ইন্নাহূ তায'কিরাহ।	
তরজমা	না, ইহা হইবার নয়, কুরআনই সকলের জন্য উপদেশবাণী।	
	فَمَنْ شَاۗءَ ذَكَرَهٗ ﴿٥٥﴾	55
প্রতিবর্ণায়ন	ফামাং শা~আ য'াকারাহ।	
তরজমা	অতএব যাহার ইচ্ছা সে ইহা হইতে উপদেশ গ্রহণ করুক।	
	وَمَا يَذْكُرُوْنَ اِلَّآ اَنْ يَّشَاۗءَ اللّٰهُ ۭ هُوَ اَهْلُ التَّقْوٰى وَاَهْلُ الْمَغْفِرَةِ ﴿٥٦﴾	56
প্রতিবর্ণায়ন	ওয়ামা–ইয়ায'কুরূনা ইল্লা~ আইঁ ইয়াশা~আল্লা–হু (ط) হুওয়া আহলুত্তাক'ওয়া– ওয়া আহলুল মাগফিরাহ।	
তরজমা	আল্লাহ্‌র ইচ্ছা ব্যতিরেকে কেহ উপদেশ গ্রহণ করিবে না, একমাত্র তিনিই ভয়ের যোগ্য এবং তিনিই ক্ষমা করিবার অধিকারী।	

75 - Al-Qiyamah-কিয়ামাহ -القيامة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	لَآ اُقْسِمُ بِيَوْمِ الْقِيٰمَةِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	লা~ উক'ছিমু বিইয়াওমিল কি'য়া–মাহ্।	
তরজমা	আমি শপথ করিতেছি কিয়ামত দিবসের,	
	وَلَآ اُقْسِمُ بِالنَّفْسِ اللَّوَّامَةِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়ালা~ উক'ছিমু বিন্নাফছিল লাওওয়া–মাহ।	
তরজমা	আরও শপথ করিতেছি তিরস্কারকারী আত্মার।	
	اَيَحْسَبُ الْاِنْسَانُ اَلَّنْ نَّجْمَعَ عِظَامَهٗ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	আ ইয়াহ'ছাবুল ইংছা–নু আল্লান নাজমা'আ 'ইজ'া–মাহ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মানুষ কি মনে করে যে, আমি তাহার অস্থিসমূহ একত্র করিতে পারিব না ?	
	بَلٰى قٰدِرِيْنَ عَلٰٓى اَنْ نُّسَوِّىَ بَنَانَهٗ ۝٤	4
প্রতিবর্ণায়ন	বালা-ক'া-দিরীনা 'আলা~ আন্ নুছাওবি'য়া বানা-নাহ।	
তরজমা	বস্তুত আমি উহার অঙ্গুলীর অগ্রভাগ পর্যন্ত পুনর্বিন্যস্ত করিতে সক্ষম।	
	بَلْ يُرِيْدُ الْاِنْسَانُ لِيَفْجُرَ اَمَامَهٗ ۝٥	5
প্রতিবর্ণায়ন	বাল ইউরীদুল ইংছা-নু লিইয়াফজুরা আমা-মাহ।	
তরজমা	তবুও মানুষ তাহার ভবিষ্যতেও পাপাচার করিতে চায়।	
	يَسْـَٔلُ اَيَّانَ يَوْمُ الْقِيٰمَةِ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ইয়াছআলু আইইয়া-না ইয়াওমুল কি'য়া-মাহ।	
তরজমা	সে প্রশ্ন করে, 'কখন কিয়ামত দিবস আসিবে ?'	
	فَاِذَا بَرِقَ الْبَصَرُ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ফাইয'া-বারিক'াল বাসার।	
তরজমা	যখন চক্ষু স্থির হইয়া যাইবে,	
	وَخَسَفَ الْقَمَرُ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া খাছাফাল ক'ামার।	
তরজমা	এবং চন্দ্র হইয়া পড়িবে জ্যোতিহীন,	
	وَجُمِعَ الشَّمْسُ وَالْقَمَرُ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়া জুমি'আশ্‌শামছু ওয়াল ক'ামার।	
তরজমা	যখন সূর্য ও চন্দ্রকে একত্র করা হইবে-	
	يَقُوْلُ الْاِنْسَانُ يَوْمَئِذٍ اَيْنَ الْمَفَرُّ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ইয়াকূ'লুল ইংছা-নু ইয়াওমাইযি'ন আইনাল মাফার।	
তরজমা	সেদিন-মানুষ বলিবে, 'আজ পালাইবার স্থান কোথায় ?'	
	كَلَّا لَا وَزَرَ ۝١١	11
প্রতিবর্ণায়ন	কাল্লা-লা- ওয়াঝার।	
তরজমা	না, কোন আশ্রয়স্থল নাই।	
	اِلٰى رَبِّكَ يَوْمَئِذِ ِالْمُسْتَقَرُّ ۝١٢	12
প্রতিবর্ণায়ন	ইলা-রাব্বিকা ইয়াওমাইযি'নিল মুছতাক'ার।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	সেদিন ঠাঁই হইবে তোমার প্রতিপালকেরই নিকট।	
	يُنَبَّؤُا الْإِنسَانُ يَوْمَئِذٍ بِمَا قَدَّمَ وَأَخَّرَ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ইউনাব্বাউল ইংছা-নু ইয়াওমাইযি'ম বিমা-ক'াদ্দামা ওয়া আখখার।	
তরজমা	সেদিন মানুষকে অবহিত করা হইবে সে কী অগ্রে পাঠাইয়াছে ও কী পশ্চাতে রাখিয়া গিয়াছে।	
	بَلِ الْإِنسَانُ عَلَىٰ نَفْسِهِ بَصِيرَةٌ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	বালিল ইংছা-নু 'আলা- নাফছিহী বাসীরাহ।	
তরজমা	বস্তুত মানুষ নিজের সম্বন্ধে সম্যক অবগত,	
	وَلَوْ أَلْقَىٰ مَعَاذِيرَهُ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া লাও আলক'া- মা'আ-য'ীরাহ।	
তরজমা	যদিও সে নানা অজুহাতের অবতারণা করে।	
	لَا تُحَرِّكْ بِهِ لِسَانَكَ لِتَعْجَلَ بِهِ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	লা-তুহ'ার্‌রিক বিহী লিছা-নাকা লিতা'জালা বিহ।	
তরজমা	তাড়াতাড়ি ওহী আয়ত্ত করিবার জন্য তুমি তোমার জিহ্বা উহার সঙ্গে সঞ্চালন করিও না।	
	إِنَّ عَلَيْنَا جَمْعَهُ وَقُرْآنَهُ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইন্না 'আলাইনা-জাম'আহূ ওয়া কু'রআ-নাহ্ ।	
তরজমা	ইহা সংরক্ষণ ও পাঠ করাইবার দায়িত্ব আমারই।	
	فَإِذَا قَرَأْنَاهُ فَاتَّبِعْ قُرْآنَهُ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ফাইয'া- ক'ারা'না-হু ফাত্তাবি' কু'রআ-নাহ।	
তরজমা	সুতরাং যখন আমি উহা পাঠ করি তুমি সেই পাঠের অনুসরণ কর,	
	ثُمَّ إِنَّ عَلَيْنَا بَيَانَهُ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা ইন্না 'আলাইনা-বায়া-নাহ।	
তরজমা	অতঃপর ইহার বিশদ ব্যাখ্যার দায়িত্ব আমারই।	
	كَلَّا بَلْ تُحِبُّونَ الْعَاجِلَةَ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	কাল্লা-বাল তুহি'ব্বূনাল 'আ-জিলাহ।	
তরজমা	না, তোমরা প্রকৃতপক্ষে পার্থিব জীবনকে ভালবাস;	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَ تَذَرُوْنَ الْاٰخِرَةَ ﴿۲۱﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া তায'ারুনাল আ-খিরাহ।	
তরজমা	এবং আখিরাতকে উপেক্ষা কর।	
	وُجُوْهٌ يَّوْمَئِذٍ نَّاضِرَةٌ ﴿۲۲﴾	22
প্রতিবর্ণায়ন	উজূহুই ইয়াওমাইযি'ন না- দি'রাহ।	
তরজমা	সেদিন কোন কোন মুখমণ্ডল উজ্জ্বল হইবে,	
	اِلٰى رَبِّهَا نَاظِرَةٌ ﴿۲۳﴾	23
প্রতিবর্ণায়ন	ইলা-রাব্বিহা-না-জি'রাহ।	
তরজমা	তাহারা তাহাদের প্রতিপালকের দিকে তাকাইয়া থাকিবে।	
	وَ وُجُوْهٌ يَّوْمَئِذٍ بَاسِرَةٌ ﴿۲۴﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়া উজূহুই ইয়াওমাইযি'ম বা-ছিরাহ।	
তরজমা	কোন কোন মুখমণ্ডল হইয়া পড়িবে বিবর্ণ,	
	تَظُنُّ اَنْ يُّفْعَلَ بِهَا فَاقِرَةٌ ﴿۲۵﴾	25
প্রতিবর্ণায়ন	তাজু'ন্নু আইঁ ইউফ'আলা বিহা-ফা-কি'রাহ।	
তরজমা	আশংকা করিবে যে, এক ধ্বংসকারী বিপর্যয় তাহাদের উপর আপতিত হইবে।	
	كَلَّاۤ اِذَا بَلَغَتِ التَّرَاقِيَ ﴿۲۶﴾	26
প্রতিবর্ণায়ন	কাল্লা~ ইয'া-বালাগাতিত্তারা-ক'ী।	
তরজমা	কখনো নয়, যখন প্রাণ কণ্ঠাগত হইবে,	
	وَ قِيْلَ مَنْ ۜ رَاقٍ ﴿۲۷﴾	27
প্রতিবর্ণায়ন	ওয়া ক'ীলা মান্ (سكتة) রা-ক'।	
তরজমা	এবং বলা হইবে, 'কে তাহাকে রক্ষা করিবে ?'	
	وَّ ظَنَّ اَنَّهُ الْفِرَاقُ ﴿۲۸﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়া জ'ান্না আন্নাহুল ফিরা-ক'।	
তরজমা	তখন তাহার প্রত্যয় হইবে যে, ইহা বিদায়ক্ষণ।	
	وَ الْتَفَّتِ السَّاقُ بِالسَّاقِ ﴿۲۹﴾	29
প্রতিবর্ণায়ন	ওয়াল তাফফাতিছ্ছা-কু' বিছ্ছা-ক'।	
তরজমা	এবং পায়ের সঙ্গে পা জড়াইয়া যাইবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِلَىٰ رَبِّكَ يَوْمَئِذٍ الْمَسَاقُ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইলা-রাব্বিকা ইয়াওমাইযি'নিল মাছা-ক' ।	
তরজমা	সেই দিন তোমার প্রভুর নিকট সমস্ত কিছু প্রত্যানীত হইবে।	
	فَلَا صَدَّقَ وَلَا صَلَّىٰ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ফালা- সাদ্দাক'া ওয়ালা- সাল্লা- ।	
তরজমা	সে বিশ্বাস করে নাই এবং সালাত আদায় করে নাই।	
	وَلَٰكِن كَذَّبَ وَتَوَلَّىٰ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ওয়া লা- কিং কায'য'াবা ওয়া তাওয়াল্লা- ।	
তরজমা	বরং সে সত্য প্রত্যাখ্যান করিয়াছিল ও মুখ ফিরাইয়া লইয়াছিল।	
	ثُمَّ ذَهَبَ إِلَىٰ أَهْلِهِ يَتَمَطَّىٰ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা য'াহাবা ইলা~ আহলিহী ইয়াতামাত্ত'া- ।	
তরজমা	অতঃপর সে তাহার পরিবার-পরিজনের নিকট ফিরিয়া গিয়াছিল দম্ভভরে,	
	أَوْلَىٰ لَكَ فَأَوْلَىٰ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	আওলা-লাকা ফাআওলা- ।	
তরজমা	দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ!	
	ثُمَّ أَوْلَىٰ لَكَ فَأَوْلَىٰ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা আওলা- লাকা ফাআওলা- ।	
তরজমা	আবার দুর্ভোগ তোমার জন্য, দুর্ভোগ!	
	أَيَحْسَبُ الْإِنسَانُ أَن يُتْرَكَ سُدًى ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	আ ইয়াহ'ছাবুল ইংছা-নু আইঁ ইউত্রাকা ছুদা- ।	
তরজমা	মানুষ কি মনে করে যে, তাহাকে নিরর্থক ছাড়িয়া দেওয়া হইবে ?	
	أَلَمْ يَكُ نُطْفَةً مِّن مَّنِيٍّ يُمْنَىٰ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	আলাম ইয়াকু নুত্'ফাতাম মিম্ মানিইয়িইঁ ইউমনা- ।	
তরজমা	সে কি স্খলিত শুক্রবিন্দু ছিল না?	
	ثُمَّ كَانَ عَلَقَةً فَخَلَقَ فَسَوَّىٰ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা কা-না 'আলাক'াতাং ফাখালাক'া ফাছাওয়া- ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	অতঃপর সে 'আলাকায় পরিণত হয়। তারপর আল্লাহ্ তাহাকে আকৃতি দান করেন ও সুঠাম করেন।	
	فَجَعَلَ مِنْهُ الزَّوْجَيْنِ الذَّكَرَ وَالْأُنْثَىٰ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ফাজা'আলা মিনহুয্যাওজাইনিয্'য'াকারা ওয়াল উংছ'া- ।	
তরজমা	অতঃপর তিনি তাহা হইতে সৃষ্টি করেন যুগল-নর ও নারী।	
	أَلَيْسَ ذَٰلِكَ بِقَادِرٍ عَلَىٰ أَنْ يُحْيِيَ الْمَوْتَىٰ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	আলাইছা য'া- লিকা বিক'া-দিরিন 'আলা~ আইঁ ইউ হ'ইয়াল মাওতা- ।	
তরজমা	তবুও কি সেই স্রষ্টা মৃতকে পুনর্জীবিত করিতে সক্ষম নয় ?	

76 - Al-'Insan-দাহ্র/ইনসান -الإنسان

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	هَلْ أَتَىٰ عَلَى الْإِنسَانِ حِينٌ مِّنَ الدَّهْرِ لَمْ يَكُن شَيْئًا مَّذْكُورًا ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	হাল আতা- 'আলাল ইংছা-নি হ'ীনুম মিনাদ্দাহরি লাম ইয়াকুং শাইআম মায'কূরা- ।	
তরজমা	কালপ্রবাহে মানুষের উপর তো এমন এক সময় আসিয়াছিল যখন সে উল্লেখযোগ্য কিছু ছিল না।	
	إِنَّا خَلَقْنَا الْإِنسَانَ مِن نُّطْفَةٍ أَمْشَاجٍ نَّبْتَلِيهِ فَجَعَلْنَاهُ سَمِيعًا بَصِيرًا ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ইন্না-খালাক'নাল ইংছা-না মিন নুত'ফাতিন আমশা-জিন্ (ক) নাবতালীহি ফাজা'আলনা-হু ছামী'আম বাসীরা- ।	
তরজমা	আমি তো মানুষকে সৃষ্টি করিয়াছি মিলিত শুক্রবিন্দু হইতে, তাহাকে পরীক্ষা করিবার জন্য; এইজন্য আমি তাহাকে করিয়াছি শ্রবণ ও দৃষ্টিশক্তি সম্পন্ন।	
	إِنَّا هَدَيْنَاهُ السَّبِيلَ إِمَّا شَاكِرًا وَإِمَّا كَفُورًا ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্না-হাদাইনা- হুছ্ছাবীলা ইম্মা- শা- কিরাওঁ ওয়া ইম্মা- কাফূরা- ।	
তরজমা	আমি তাহাকে পথের নির্দেশ দিয়াছি, হয় সে কৃতজ্ঞ হইবে, না হয় সে অকৃতজ্ঞ হইবে।	
	إِنَّا أَعْتَدْنَا لِلْكَافِرِينَ سَلَاسِلَا وَأَغْلَالًا وَسَعِيرًا ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ইন্না~ আ'তাদনা- লিলকা-ফিরীনা ছালা-ছিলা ওয়া আগলা-লাওঁ ওয়া ছা'ঈরা- ।	
তরজমা	আমি অকৃতজ্ঞদের জন্য প্রস্তুত রাখিয়াছি শৃংখল, বেড়ি ও লেলিহান অগ্নি।	
	إِنَّ الْأَبْرَارَ يَشْرَبُونَ مِن كَأْسٍ كَانَ مِزَاجُهَا كَافُورًا ﴿٥﴾	5

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইন্নাল আবরা-রা ইয়াশরাবূনা মিং কা'ছিং কা-না মিঝা-জুহা- কা-ফূরা-	
তরজমা	সৎকর্মশীলেরা পান করিবে এমন পানীয় যাহার মিশ্রণ কাফূর-	
	عَيْنًا يَّشْرَبُ بِهَا عِبَادُ اللّٰهِ يُفَجِّرُوْنَهَا تَفْجِيْرًا ۝٦	6
প্রতিবর্ণায়ন	আইনাইঁ ইয়াশরাবু বিহা- 'ইবা-দুল্লা-হি ইউফাজ্জিরূনাহা- তাফজীরা- ।	
তরজমা	এমন একটি প্রস্রবণ যাহা হইতে আল্লাহ্‌র বান্দাগণ পান করিবে, তাহারা এই প্রস্রবণকে যথা ইচ্ছা প্রবাহিত করিবে।	
	يُوْفُوْنَ بِالنَّذْرِ وَيَخَافُوْنَ يَوْمًا كَانَ شَرُّهٗ مُسْتَطِيْرًا ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইউফূনা বিন্নায'রি ওয়া ইয়াখা-ফূনা ইয়াওমাং কা-না শাররুহূ মুছতাত'ীরা- ।	
তরজমা	তাহারা কর্তব্য পালন করে এবং সেই দিনের ভয় করে, যেই দিনের বিপত্তি হইবে ব্যাপক।	
	وَيُطْعِمُوْنَ الطَّعَامَ عَلٰى حُبِّهٖ مِسْكِيْنًا وَّيَتِيْمًا وَّاَسِيْرًا ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া ইউত''ইমূনাত্ত'া''আ-মা 'আলা- হু'ব্বিহী মিছকীনাওঁ ওয়া ইয়াতীমাওঁ ওয়া আছীরা- ।	
তরজমা	আহার্যের প্রতি আসক্তি সত্ত্বেও তাহারা অভাবগ্রস্ত, ইয়াতীম ও বন্দীকে আহার্য দান করে,	
	اِنَّمَا نُطْعِمُكُمْ لِوَجْهِ اللّٰهِ لَا نُرِيْدُ مِنْكُمْ جَزَآءً وَّلَا شُكُوْرًا ۝٩	9
প্রতিবর্ণায়ন	ইন্নামা- নুত''ইমুকুম লিওয়াজহিল্লা-হি লা-নুরীদু মিংকুম জাঝা~আওঁ ওয়ালা- শুকূরা- ।	
তরজমা	এবং বলে, 'কেবল আল্লাহ্‌র সন্তুষ্টি লাভের উদ্দেশ্যে আমরা তোমাদেরকে আহার্য দান করি, আমরা তোমাদের নিকট হইতে প্রতি-দান চাই না, কৃতজ্ঞতাও নয়।	
	اِنَّا نَخَافُ مِنْ رَّبِّنَا يَوْمًا عَبُوْسًا قَمْطَرِيْرًا ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ইন্না- নাখা-ফু মির্ রাব্বিনা- ইয়াওমান 'আবূছাং ক'ামত'ারীরা- ।	
তরজমা	'আমরা আশংকা করি আমাদের প্রতিপালকের নিকট হইতে এক ভীতিপ্রদ ভয়ংকর দিনের।'	
	فَوَقٰىهُمُ اللّٰهُ شَرَّ ذٰلِكَ الْيَوْمِ وَلَقّٰىهُمْ نَضْرَةً وَّسُرُوْرًا ۝١١	11
প্রতিবর্ণায়ন	ফাওয়াক'া- হুমুল্লা-হু শার্‌রা য'া-লিকাল ইয়াওমি ওয়া লাক্ক'া-হুম নাদ'রাতাওঁ ওয়া ছুরূরা- ।	
তরজমা	পরিণামে আল্লাহ্ তাহাদেরকে রক্ষা করিবেন সেই দিবসের অনিষ্ট হইতে এবং তাহাদেরকে দিবেন উৎফুল্লতা ও আনন্দ,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَجَزٰىهُمْ بِمَا صَبَرُوْا جَنَّةً وَّحَرِيْرًا ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া জাঝা–হুম বিমা–সাবারূ জান্নাতাওঁ ওয়া হ'ারীরা– ।	
তরজমা	আর তাহাদের ধৈর্যশীলতার পুরস্কারস্বরূপ তাহাদেরকে দিবেন উদ্যান ও রেশমী বস্ত্র।	
	مُّتَّكِـِٕيْنَ فِيْهَا عَلَى الْاَرَآئِكِ ۚ لَا يَرَوْنَ فِيْهَا شَمْسًا وَّلَا زَمْهَرِيْرًا ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	মুত্তাকিঈনা ফীহা– 'আলাল আরা~ইকি (ج) লা– ইয়ারাওনা ফীহা– শামছাওঁ ওয়ালা–ঝামহারীরা– ।	
তরজমা	সেখানে তাহারা সমাসীন হইবে সুসজ্জিত আসনে, তাহারা সেখানে অতিশয় গরম অথবা অতিশয় শীত বোধ করিবে না।	
	وَدَانِيَةً عَلَيْهِمْ ظِلٰلُهَا وَذُلِّلَتْ قُطُوْفُهَا تَذْلِيْلًا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া দা– নিয়াতান 'আলাইহিম জি'লা– লুহা– ওয়া যু'ল্লিলাত্ কুতূফুহা– তায'লীলা– ।	
তরজমা	সন্নিহিত বৃক্ষছায়া তাহাদের উপর থাকিবে এবং উহার ফলমূল সম্পূর্ণরূপে তাহাদের আয়ত্তাধীন করা হইবে।	
	وَيُطَافُ عَلَيْهِمْ بِاٰنِيَةٍ مِّنْ فِضَّةٍ وَّاَكْوَابٍ كَانَتْ قَوَارِيْرَا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়া ইউত'া–ফু 'আলাইহিম বিআ–নিয়াতিম মিং ফিদ্দাতিওঁ ওয়া আকওয়া–বিং কা–নাত ক'াওয়া–রীরা– ।	
তরজমা	তাহাদেরকে পরিবেশন করা হইবে রৌপ্যপাত্রে এবং স্ফটিকের মত স্বচ্ছ পানপাত্রে-	
	قَوَارِيْرَا مِنْ فِضَّةٍ قَدَّرُوْهَا تَقْدِيْرًا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ক'াওয়া–রীরা মিং ফিদ্দাতিং ক'াদ্দারূহা–তা্ক'দীরা– ।	
তরজমা	রজতশুভ্র স্ফটিক পাত্রে, পরিবেশনকারীরা যথাযথ পরিমাপে উহা পূর্ণ করিবে।	
	وَيُسْقَوْنَ فِيْهَا كَاْسًا كَانَ مِزَاجُهَا زَنْجَبِيْلًا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া ইউছক'াওনা ফীহা– কা'ছাং কা–না মিঝা–জুহা– ঝাংজাবীলা– ।	
তরজমা	সেখানে তাহাদেরকে পান করিতে দেওয়া হইবে যান্‌জাবীল মিশ্রিত পানীয়,	
	عَيْنًا فِيْهَا تُسَمّٰى سَلْسَبِيْلًا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	'আইনাং ফীহা– তুছাম্মা– ছালছাবীলা– ।	
তরজমা	জান্নাতের এমন এক প্রস্রবণের যাহার নাম সালসাবীল।	
	وَيَطُوْفُ عَلَيْهِمْ وِلْدَانٌ مُّخَلَّدُوْنَ ۚ اِذَا رَاَيْتَهُمْ حَسِبْتَهُمْ لُؤْلُؤًا مَّنْثُوْرًا ﴿١٩﴾	19

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াতূফু ‘আলাইহিম বি ˙লদা–নুম্ মুখাল্লাদূনা (ج) ইয˙া–রাআইতাহুম হ˙াছিবতাহুম ল’লুআম মাংছূ˙রা– ।	
তরজমা	তাহাদেরকে পরিবেশন করিবে চিরকিশোরগণ, যখন তুমি উহাদেরকে দেখিবে তখন মনে করিবে উহারা যেন বিক্ষিপ্ত মুক্তা,	
	وَإِذَا رَأَيْتَ ثَمَّ رَأَيْتَ نَعِيمًا وَمُلْكًا كَبِيرًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়া– রাআইতা ছ˙াম্মা রআইতা না‘ঈমাওঁ ওয়া মুলকাং কাবীরা– ।	
তরজমা	তুমি যখন সেখানে দেখিবে, দেখিতে পাইবে ভোগ-বিলাসের উপকরণ এবং বিশাল রাজ্য।	
	عَالِيَهُمْ ثِيَابُ سُندُسٍ خُضْرٌ وَإِسْتَبْرَقٌ ۖ وَحُلُّوا أَسَاوِرَ مِن فِضَّةٍ ۚ وَسَقَاهُمْ رَبُّهُمْ شَرَابًا طَهُورًا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	‘আ–লিয়াহুম ছি˙য়া–বু ছুংদুছিন খুদ˙রুওঁ ওয়া ইছতাবরাকু˙ (ز) ওঁ ওয়া হু˙ল্লূ˜ আছা–বি˙রা মিং ফিদ্দাতিওঁ (ج) ওয়া ছাক˙ী–হুম রাব্বুহুম শারা–বাং ত˙াহূরা– ।	
তরজমা	তাহাদের আবরণ হইবে সূক্ষ্ম সবুজ রেশম ও স্থূল রেশম, তাহারা অলংকৃত হইবে রৌপ্য নির্মিত কংকনে, আর তাহাদের প্রতিপালক তাহাদেরকে পান করাইবেন বিশুদ্ধ পানীয়।	
	إِنَّ هَٰذَا كَانَ لَكُمْ جَزَاءً وَكَانَ سَعْيُكُم مَّشْكُورًا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ইন্না হা–যা˙– কা–না লাকুম জাঝা~আওঁ ওয়া কা–না ছা‘ইউকুম মাশকূরা– ।	
তরজমা	অবশ্য, ইহাই তোমাদের পুরস্কার এবং তোমাদের কর্মপ্রচেষ্টা স্বীকৃত।	
	إِنَّا نَحْنُ نَزَّلْنَا عَلَيْكَ الْقُرْآنَ تَنزِيلًا ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইন্না–নাহ˙নু নাঝ্ঝালনা– ‘আলাইকাল কু˙রআ–না তাংঝীলা– ।	
তরজমা	আমি তো তোমাদের প্রতি কুরআন অবতীর্ণ করিয়াছি ক্রমে ক্রমে।	
	فَاصْبِرْ لِحُكْمِ رَبِّكَ وَلَا تُطِعْ مِنْهُمْ آثِمًا أَوْ كَفُورًا ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাসবির লিহু˙কমি রাব্বিকা ওয়ালা– তুতি‘‘ মিনহুম আ–ছি˙মান আও কাফূরা– ।	
তরজমা	সুতরাং ধৈর্যের সঙ্গে তুমি তোমার প্রতিপালকের নির্দেশের প্রতীক্ষা কর এবং উহাদের মধ্যে যে পাপিষ্ঠ অথবা কাফির তাহার আনুগত্য করিও না।	
	وَاذْكُرِ اسْمَ رَبِّكَ بُكْرَةً وَأَصِيلًا ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ওয়াযকুরিছ মা রাব্বিকা বুকরাতাওঁ ওয়া আসীলা– ।	
তরজমা	এবং তোমার প্রতিপালকের নাম স্মরণ কর সকালে ও সন্ধ্যায়,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمِنَ الَّيْلِ فَاسْجُدْ لَهٗ وَسَبِّحْهُ لَيْلًا طَوِيْلًا ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ওয়া মিনাল্লাইলি ফাছজুদ লাহূ ওয়া ছাব্বিহ্ হু লাইলাং ত'াবি লা– ।	
তরজমা	এবং রাত্রির কিয়দংশে তাঁহার প্রতি সিজ্‌দাবনত হও আর রাত্রির দীর্ঘ সময় তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা কর।	
	اِنَّ هٰٓؤُلَآءِ يُحِبُّوْنَ الْعَاجِلَةَ وَيَذَرُوْنَ وَرَآءَهُمْ يَوْمًا ثَقِيْلًا ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইন্না হা~উলা~ই ইউহি'ব্বূনাল 'আ–জিলাতা ওয়া ইয়ায'ারূনা ওয়ারা~আহুম ইয়াওমাং ছ'াক'ীলা– ।	
তরজমা	উহারা ভালবাসে পার্থিব জীবনকে এবং উহারা পরবর্তী কঠিন দিবসকে উপেক্ষা করিয়া চলে।	
	نَحْنُ خَلَقْنٰهُمْ وَشَدَدْنَآ اَسْرَهُمْ ۚ وَاِذَا شِئْنَا بَدَّلْنَآ اَمْثَالَهُمْ تَبْدِيْلًا ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	নাহ'নু খালাক'না–হুম ওয়াশাদাদনা~আছরাহুম (ج) ওয়া ইয'া– শি'না– বাদ্দালনা~আমছ'া–লাহুম তাবদীলা– ।	
তরজমা	আমি উহাদেরকে সৃষ্টি করিয়াছি এবং উহাদের গঠন সুদৃঢ় করিয়াছি। আমি যখন ইচ্ছা করিব উহাদের পরিবর্তে উহাদের অনুরূপ এক জাতিকে প্রতিষ্ঠা করিব।	
	اِنَّ هٰذِهٖ تَذْكِرَةٌ ۚ فَمَنْ شَآءَ اتَّخَذَ اِلٰى رَبِّهٖ سَبِيْلًا ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ইন্না হা–যি'হী তায'কিরাতুং (ج) ফামাং শা~আত্তাখায'া ইলা– রাব্বিহী ছাবীলা– ।	
তরজমা	ইহা এক উপদেশ, অতএব যাহার ইচ্ছা সে তাহার প্রতিপালকের দিকে পথ অবলম্বন করুক।	
	وَمَا تَشَآءُوْنَ اِلَّآ اَنْ يَّشَآءَ اللّٰهُ ۭ اِنَّ اللّٰهَ كَانَ عَلِيْمًا حَكِيْمًا ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়ামা–তাশা~উনা ইল্লা~ আইঁ ইয়াশা~আল্লা–হ; ইন্নাল্লা–হা কা–না 'আলীমান হ'াকীমা– ।	
তরজমা	তোমরা ইচ্ছা করিবে না যদি না আল্লাহ্ ইচ্ছা করেন। আল্লাহ্ সর্বজ্ঞ, প্রজ্ঞাময়।	
	يُّدْخِلُ مَنْ يَّشَآءُ فِيْ رَحْمَتِهٖ ۭ وَالظّٰلِمِيْنَ اَعَدَّ لَهُمْ عَذَابًا اَلِيْمًا ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	ইউদখিলু মাইঁ ইয়াশা~উ ফী রাহ'মাতিহী (ط) ওয়াজ'জ'া–লিমীনা আ'আদ্দা লাহুম 'আয'া–বান আলীমা– ।	
তরজমা	তিনি যাহাকে ইচ্ছা তাঁহার অনুগ্রহের অন্তর্ভুক্ত করেন, কিন্তু জালিমরা-উহাদের জন্য তো তিনি প্রস্তুত রাখিয়াছেন মর্মন্তুদ শাস্তি।	

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	وَالۡمُرۡسَلٰتِ عُرۡفًا ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াল মুরছালা– তি ‘উরফা– ।	
তরজমা	শপথ কল্যাণস্বরূপ প্রেরিত বায়ুর,	
	فَالۡعٰصِفٰتِ عَصۡفًا ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাল ‘আ– সিফা– তি ‘আসফা– ।	
তরজমা	আর প্রলয়ঙ্করী ঝটিকার,	
	وَّالنّٰشِرٰتِ نَشۡرًا ۙ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ান্না– শিরা– তি নাশরা– ।	
তরজমা	শপথ সঞ্চালনকারী বায়ুর,	
	فَالۡفٰرِقٰتِ فَرۡقًا ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ফালফা– রিক'া– তি ফারক'া– ।	
তরজমা	আর মেঘপুঞ্জ বিচ্ছিন্নকারী বায়ুর,	
	فَالۡمُلۡقِيٰتِ ذِكۡرًا ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ফাল মুলকি'য়া–তি যি'করা– ।	
তরজমা	এবং শপথ তাহাদের যাহারা মানুষের অন্তরে পৌঁছাইয়া দেয় উপদেশ–	
	عُذۡرًا اَوۡ نُذۡرًا ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	‘উয'রান আও নুয'রা– ।	
তরজমা	ওযর–আপত্তি রহিতকরণ ও সতর্ক করার জন্য।	
	اِنَّمَا تُوۡعَدُوۡنَ لَوَاقِعٌ ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ইন্নামা– তূ'আদূনা লাওয়া–কি'' ।	
তরজমা	নিশ্চয়ই তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেওয়া হইয়াছে তাহা অবশ্যম্ভাবী।	
	فَاِذَا النُّجُوۡمُ طُمِسَتۡ ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ফাইয'ান্ নুজূমু তু'মিছাত।	
তরজমা	যখন নক্ষত্ররাজির আলো নির্বাপিত হইবে,	
	وَاِذَا السَّمَآءُ فُرِجَتۡ ۙ﴿۹﴾	9

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'ছ্ছামা~উ ফুরিজাত।	
তরজমা	যখন আকাশ বিদীর্ণ হইবে	
	وَإِذَا الْجِبَالُ نُسِفَتْ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'ল জিবা-লু নুছিফাত।	
তরজমা	এবং যখন পর্বতমালা উন্মুলিত ও বিক্ষিপ্ত হইবে	
	وَإِذَا الرُّسُلُ أُقِّتَتْ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়া ইযা'র্‌রুছুলু উক'কি'তাত।	
তরজমা	এবং রাসূলগণকে নিরূপিত সময়ে উপস্থিত করা হইবে,	
	لِأَيِّ يَوْمٍ أُجِّلَتْ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	লিআইয়ি ইয়াওমিন উজ্জিলাত।	
তরজমা	এই সমুদয় স্থগিত রাখা হইয়াছে কোন্ দিবসের জন্য ?	
	لِيَوْمِ الْفَصْلِ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	লিইয়াওমিল ফাস্‌ল;	
তরজমা	বিচার দিবসের জন্য।	
	وَمَا أَدْرَاكَ مَا يَوْمُ الْفَصْلِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদরা-কা মা- ইয়াওমুল ফাসল।	
তরজমা	বিচার দিবস সম্বন্ধে তুমি কী জান?	
	وَيْلٌ يَوْمَئِذٍ لِلْمُكَذِّبِينَ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়াইলুই ইয়াওমাইযি'ল্ লিল্‌মুকায'যি'বীন।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	أَلَمْ نُهْلِكِ الْأَوَّلِينَ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আলাম নুহলিকিল আওওয়ালীন।	
তরজমা	আমি কি পূর্ববর্তীদেরকে ধ্বংস করি নাই ?	
	ثُمَّ نُتْبِعُهُمُ الْآخِرِينَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা নুতবি'উহুমুল আ-খিরীন।	
তরজমা	অতঃপর আমি পরবর্তীদেরকে উহাদের অনুগামী করিব।	
	كَذَٰلِكَ نَفْعَلُ بِالْمُجْرِمِينَ ﴿١٨﴾	18

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	কায'া–লিকা নাফ'আলু বিলমুজরিমীন।	
তরজমা	অপরাধীদের প্রতি আমি এইরূপই করিয়া থাকি।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিলমুকায্'যি'বীন।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	اَلَمْ نَخْلُقْكُّمْ مِّنْ مَّآءٍ مَّهِيْنٍ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	আলাম নাখলুক্'কুম মিম মা~ইম্মাহীন।	
তরজমা	আমি কি তোমাদেরকে তুচ্ছ পানি হইতে সৃষ্টি করি নাই ?	
	فَجَعَلْنٰهُ فِيْ قَرَارٍ مَّكِيْنٍ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ফাজা'আলনা–হু ফী ক'ারা–রিম্ মাকীন।	
তরজমা	অতঃপর আমি উহা রাখিয়াছি নিরাপদ আধারে,	
	اِلٰى قَدَرٍ مَّعْلُوْمٍ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ইলা– ক'াদারিম্মা'লূম।	
তরজমা	এক নির্দিষ্ট কাল পর্যন্ত,	
	فَقَدَرْنَا ۟ فَنِعْمَ الْقٰدِرُوْنَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ফাক'াদারনা– (ق) ফানি'মাল ক'া–দিরূন।	
তরজমা	অতঃপর আমি ইহাকে গঠন করিয়াছি পরিমিতভাবে, আমি কত নিপুণ স্রষ্টা!	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ كِفَاتًا ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	আলাম নাজ 'আলিল আরদ'া কিফা–তা– ।	
তরজমা	আমি কি ভূমিকে সৃষ্টি করি নাই ধারণকারীরূপে,	
	اَحْيَآءً وَّاَمْوَاتًا ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	আহ'ইয়া~আওঁ ওয়া আমওয়া–তা– ।	
তরজমা	জীবিত ও মৃতের জন্য ?	
	وَّجَعَلْنَا فِيْهَا رَوَاسِيَ شٰمِخٰتٍ وَّاَسْقَيْنٰكُمْ مَّآءً فُرَاتًا ﴿٢٧﴾	27

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলনা- ফীহা- রাওয়া- ছিয়া শা-মিখা-তিওঁ ওয়া আছক'াইনা-কুম মা~আং ফুরা-তা- ।	
তরজমা	আমি উহাতে স্থাপন করিয়াছি সুদৃঢ় উচ্চ পর্বতমালা এবং তোমাদেরকে দিয়াছি সুপেয় পানি।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	اِنْطَلِقُوْٓا اِلٰى مَا كُنْتُمْ بِهٖ تُكَذِّبُوْنَ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ইংত'ালিকূ~ ইলা- মা- কুংতুম বিহী তুকায'যি'বূন।	
তরজমা	তোমরা যাহাকে অস্বীকার করিতে, চল তাহারই দিকে।	
	اِنْطَلِقُوْٓا اِلٰى ظِلٍّ ذِىْ ثَلٰثِ شُعَبٍ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ইংত'ালিকূ~ ইলা-জি'ল্লিং য'ী ছ'ালা-ছি' শু'আব।	
তরজমা	চল তিন শাখাবিশিষ্ট ছায়ার দিকে,	
	لَّا ظَلِيْلٍ وَّلَا يُغْنِىْ مِنَ اللَّهَبِ ﴿٣١﴾	31
প্রতিবর্ণায়ন	লা- জ'ালীলিওঁ ওয়ালা- ইউগনী মিনাল্লাহাব।	
তরজমা	যে ছায়া শীতল নয় এবং যাহা রক্ষা করে না অগ্নিশিখা হইতে,	
	اِنَّهَا تَرْمِىْ بِشَرَرٍ كَالْقَصْرِ ﴿٣٢﴾	32
প্রতিবর্ণায়ন	ইন্নাহা- তারমী বিশারারিং কাল ক'াসরি।	
তরজমা	ইহা উৎক্ষেপ করিবে বৃহৎ স্ফুলিংগ অট্টালিকাতুল্য,	
	كَاَنَّهٗ جِمٰلَتٌ صُفْرٌ ﴿٣٣﴾	33
প্রতিবর্ণায়ন	কাআন্নাহূ জিমা-লাতুং সুফ্র।	
তরজমা	উহা পীতবর্ণ উষ্ট্রশ্রেণী সদৃশ,	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٣٤﴾	34
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	هٰذَا يَوْمُ لَا يَنْطِقُوْنَ ﴿٣٥﴾	35
প্রতিবর্ণায়ন	হা-য'া- ইয়াওমু লা- ইয়াংতি'কূ'ন।	
তরজমা	ইহা এমন একদিন যেদিন কাহারও বাকস্ফূর্তি হইবে না,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَا يُؤْذَنُ لَهُمْ فَيَعْتَذِرُوْنَ ﴿٣٦﴾	36
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইউ'য'ানু লাহুম ফাইয়া'তাযি'রূন।	
তরজমা	এবং তাহাদেরকে অনুমতি দেওয়া হইবে না ওযর পেশ করার।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٣٧﴾	37
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	هٰذَا يَوْمُ الْفَصْلِ ۚ جَمَعْنٰكُمْ وَالْاَوَّلِيْنَ ﴿٣٨﴾	38
প্রতিবর্ণায়ন	হা-য'া- ইয়াওমুল ফাসলি (ج) জামা'না-কুম ওয়াল আওওয়ালীন।	
তরজমা	'ইহাই ফয়সালার দিন, আমি একত্র করিয়াছি তোমাদেরকে এবং পূর্ববর্তীদেরকে।'	
	فَاِنْ كَانَ لَكُمْ كَيْدٌ فَكِيْدُوْنِ ﴿٣٩﴾	39
প্রতিবর্ণায়ন	ফাইং কা-না লাকুম কাইদুং ফাকীদূন।	
তরজমা	তোমাদের কোন কৌশল থাকিলে তাহা প্রয়োগ কর আমার বিরুদ্ধে।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٠﴾	40
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	اِنَّ الْمُتَّقِيْنَ فِيْ ظِلٰلٍ وَّعُيُوْنٍ ﴿٤١﴾	41
প্রতিবর্ণায়ন	ইন্নাল্ মুত্তাক'ীনা ফী জি'লালিওঁ ওয়া'উয়ূন।	
তরজমা	অবশ্যই মুত্তাকীরা থাকিবে ছায়ায় ও প্রস্রবণবহুল স্থানে,	
	وَّفَوَاكِهَ مِمَّا يَشْتَهُوْنَ ﴿٤٢﴾	42
প্রতিবর্ণায়ন	ওয়া ফাওয়া-কিহা মিম্মা- ইয়াশ্তাহূন।	
তরজমা	তাহাদের বাঞ্ছিত ফলমূলের প্রাচুর্যের মধ্যে।	
	كُلُوْا وَاشْرَبُوْا هَنِيْٓـًٔا بِمَا كُنْتُمْ تَعْمَلُوْنَ ﴿٤٣﴾	43
প্রতিবর্ণায়ন	কুলূ ওয়াশরাবূ হানী~আম বিমা- কুংতুম তা'মালূন।	
তরজমা	'তোমাদের কর্মের পুরস্কারস্বরূপ তোমরা তৃপ্তির সঙ্গে পানাহার কর।'	
	اِنَّا كَذٰلِكَ نَجْزِى الْمُحْسِنِيْنَ ﴿٤٤﴾	44
প্রতিবর্ণায়ন	ইন্না- কায'া-লিকা নাজঝিল মুহ'ছিনীন।	
তরজমা	এইভাবে আমি সৎকর্মপরায়ণদেরকে পুরস্কৃত করিয়া থাকি।	

	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٥﴾	45
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	كُلُوْا وَتَمَتَّعُوْا قَلِيْلًا اِنَّكُمْ مُّجْرِمُوْنَ ﴿٤٦﴾	46
প্রতিবর্ণায়ন	কুলূ ওয়া তামাত্তা'উ ক'ালীলান ইন্নাকুম মুজরিমূন।	
তরজমা	তোমরা আহার কর এবং ভোগ করিয়া লও অল্প কিছু দিন, তোমরা তো অপরাধী।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٧﴾	47
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
তরজমা	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	وَاِذَا قِيْلَ لَهُمُ ارْكَعُوْا لَا يَرْكَعُوْنَ ﴿٤٨﴾	48
প্রতিবর্ণায়ন	ওয়া ইয'া– ক'ীলা লাহুমুরকা'উ লা–ইয়ারকা'উন।	
তরজমা	যখন উহাদেরকে বলা হয়, 'আল্লাহ্‌র প্রতি নত হও' উহারা নত হয় না।	
	وَيْلٌ يَّوْمَئِذٍ لِّلْمُكَذِّبِيْنَ ﴿٤٩﴾	49
প্রতিবর্ণায়ন	ওয়াইলুইঁ ইয়াওমাইযি'ল্ লিল্মুকায'যি'বীন ।	
ZiRgv	সেই দিন দুর্ভোগ অস্বীকারকারীদের জন্য।	
	فَبِاَيِّ حَدِيْثٍ بَعْدَهٗ يُؤْمِنُوْنَ ﴿٥٠﴾	50
প্রতিবর্ণায়ন	ফাবিআইয়ি হ'াদীছি'ম বা'দাহূ ইউ'মিনূন।	
তরজমা	সুতরাং উহারা কুরআনের পরিবর্তে আর কোন্ কথায় বিশ্বাস স্থাপন করিবে ?	

78 - An-Naba'-নাবা -النبأ

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	عَمَّ يَتَسَآءَلُوْنَ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	'আম্মা ইয়াতাছা~আলুন।	
তরজমা	উহারা একে অপরের নিকট কী বিষয়ে জিজ্ঞাসাবাদ করিতেছে ?	
	عَنِ النَّبَاِ الْعَظِيْمِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	'আনিন্নাবাইল 'আজ'ীম।	
তরজমা	সেই মহাসংবাদ বিষয়ে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	الَّذِىْ هُمْ فِيْهِ مُخْتَلِفُوْنَ ۝٣	3
প্রতিবর্ণায়ন	আল্লাযী হুম ফীহি মুখ্‌তালিফূন।	
তরজমা	যেই বিষয়ে উহাদের মধ্যে মতানৈক্য আছে।	
	كَلَّا سَيَعْلَمُوْنَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	কাল্লা–ছাইয়া'লামূন।	
তরজমা	কখনও না, উহাদের ধারণা অবাস্তব, উহারা শীঘ্র জানিতে পারিবে;	
	ثُمَّ كَلَّا سَيَعْلَمُوْنَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ছু ম্মা কাল্লা–ছাইয়া'লামূন।	
তরজমা	আবার বলি কখনও না, উহারা অচিরেই জানিবে।	
	اَلَمْ نَجْعَلِ الْاَرْضَ مِهٰدًا ۝٦	6
প্রতিবর্ণায়ন	আলাম নাজ'আলিল আর্‌দ'া মিহা–দা–।	
তরজমা	আমি কি করি নাই ভূমিকে শয্যা	
	وَّالْجِبَالَ اَوْتَادًا ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়াল জিবা–লা আওতা–দা।	
তরজমা	ও পর্বতসমূহকে কীলক ?	
	وَّخَلَقْنٰكُمْ اَزْوَاجًا ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া খালাক'না–কুম আঝওয়া–জা–	
তরজমা	আমি সৃষ্টি করিয়াছি তোমাদেরকে জোড়ায় জোড়ায়,	
	وَّجَعَلْنَا نَوْمَكُمْ سُبَاتًا ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আল্‌না–নাওমাকুম ছুবা–তা।	
তরজমা	তোমাদের নিদ্রাকে করিয়াছি বিশ্রাম,	
	وَّجَعَلْنَا الَّيْلَ لِبَاسًا ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলনাল্লাইলা লিবা–ছা।	
তরজমা	করিয়াছি রাত্রিকে আবরণ,	
	وَّجَعَلْنَا النَّهَارَ مَعَاشًا ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আল্‌নান্নাহা–রা মা'আ–শা–।	
তরজমা	এবং করিয়াছি দিবসকে জীবিকা আহরণের সময়,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَّبَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়া বানাইনা– ফাওক'াকুম ছাব'আং শিদা–দা– ।	
তরজমা	আর আমি নির্মাণ করিয়াছি তোমাদের উর্ধ্বদেশে সুস্থিত সপ্ত আকাশ	
	وَّجَعَلْنَا سِرَاجًا وَّهَّاجًا ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া জা'আলনা– ছিরা–জাওঁ ওয়াহ্হা–জা– ।	
তরজমা	এবং সৃষ্টি করিয়াছি প্রোজ্জ্বল দীপ।	
	وَّأَنْزَلْنَا مِنَ الْمُعْصِرٰتِ مَآءً ثَجَّاجًا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ওয়া আংঝাল্না–মিনাল মু'সিরা–তি মা~আং ছ'াজ্জা–জা– ।	
তরজমা	এবং বর্ষণ করিয়াছি মেঘমালা হইতে প্রচুর বারি,	
	لِّنُخْرِجَ بِهٖ حَبًّا وَّنَبَاتًا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	লিনুখরিজা বিহী হ'াব্বাওঁ ওয়া নাবা–তা– ।	
তরজমা	যাহাতে তদ্দ্বারা আমি উৎপন্ন করি শস্য, উদ্ভিদ,	
	وَّجَنّٰتٍ أَلْفَافًا ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া জান্না–তিন আলফা–ফা– ।	
তরজমা	ও ঘন সন্নিবিষ্ট উদ্যান।	
	إِنَّ يَوْمَ الْفَصْلِ كَانَ مِيْقَاتًا ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ইন্না ইয়াওমাল ফাসলি কা–না মীক'াতা– ।	
তরজমা	নিশ্চয়ই নির্ধারিত আছে বিচার দিবস;	
	يَّوْمَ يُنْفَخُ فِي الصُّوْرِ فَتَأْتُوْنَ أَفْوَاجًا ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইউংফাখু ফিসসুরি ফাতা'তূনা আফ্ওয়া–জা ।	
তরজমা	সেই দিন শিংগায় ফুৎকার দেওয়া হইবে এবং তোমরা দলে দলে সমাগত হইবে,	
	وَّفُتِحَتِ السَّمَآءُ فَكَانَتْ أَبْوَابًا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া ফুতিহ'াতিছ্ ছামা~উ ফাকা–নাত আব্ওয়া–বা– ।	
তরজমা	আকাশ উন্মুক্ত করা হইবে, ফলে উহা হইবে বহু দ্বারবিশিষ্ট।	
	وَّسُيِّرَتِ الْجِبَالُ فَكَانَتْ سَرَابًا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ছুইয়িরাতিল জিরা–লু ফাকা–নাত ছারা–বা– ।	
প্রতিবর্ণায়ন	ওয়া ইলাছ ছামা~ই কাইফা রুফি'আত।	
তরজমা	এবং আকাশের দিকে, কিভাবে উহাকে উর্ধ্বে প্রতিষ্ঠিত করা হইয়াছে ?	
	وَإِلَى الْجِبَالِ كَيْفَ نُصِبَتْ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া ইলাল জিবা-লি কাইফা নুসিবাত।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং পর্বতমালার দিকে, কিভাবে উহাকে স্থাপন করা হইয়াছে ?	
	وَإِلَى الْأَرْضِ كَيْفَ سُطِحَتْ ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া ইলাল আরদি˙ কাইফা ছুতি˙হ˙াত।	
তরজমা	এবং ভূতলের দিকে, কিভাবে উহাকে বিস্তৃত করা হইয়াছে ?	
	فَذَكِّرْ إِنَّمَا أَنْتَ مُذَكِّرٌ ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ফাযা˙ক্কির (ط) ইন্নামা˜আংতা মুযা˙ক্কির।	
তরজমা	অতএব তুমি উপদেশ দাও; তুমি তো একজন উপদেশদাতা,	
	لَسْتَ عَلَيْهِمْ بِمُصَيْطِرٍ ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	লাছাতা ‘আলইহিম বিমুসাইতি˙র।	
তরজমা	তুমি উহাদের কর্ম নিয়ন্ত্রক নও।	
	إِلَّا مَنْ تَوَلَّىٰ وَكَفَرَ ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ইল্লা–মাং তাওয়াল্লা–ওয়া কাফার।	
তরজমা	তবে কেহ মুখ ফিরাইয়া লইলে ও কুফরী করিলে	
	فَيُعَذِّبُهُ اللَّهُ الْعَذَابَ الْأَكْبَرَ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ফাইউ‘আয্˙যি˙বুহুল্লা–হুল ‘আয˙া–বাল আকবার।	
তরজমা	আল্লাহ্ উহাকে দিবেন মহাশাস্তি।	
	إِنَّ إِلَيْنَا إِيَابَهُمْ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ইন্না ইলাইনা˜ ইয়া–বাহুম।	
তরজমা	উহাদের প্রত্যাবর্তন আমারই নিকট;	
	ثُمَّ إِنَّ عَلَيْنَا حِسَابَهُمْ ﴿٢٦﴾	26
প্রতিবর্ণায়ন	ছু˙ম্মা ইন্না ‘আলাইনা–হি˙ছা–বাহুম।	
তরজমা	অতঃপর উহাদের হিসাব–নিকাশ আমারই কাজ।	

89 - Al-Fajr-ফাজ্র -الفجر

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	وَالْفَجْرِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াল্ ফাজ্র।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	শপথ উষার,	
	وَلَيَالٍ عَشْرٍ ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া লায়া–লিন ‘আশর	
তরজমা	শপথ দশ রজনীর,	
	وَّالشَّفْعِ وَالْوَتْرِ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়াশ্‌শাফা‘ই ওয়াল ওয়াত্‌র ।	
তরজমা	শপথ জোড় ও বেজোড়ের	
	وَالَّيْلِ اِذَا يَسْرِ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইয‘া– ইয়াছ্‌র।	
তরজমা	এবং শপথ রজনীর যখন উহা গত হইতে থাকে–	
	هَلْ فِيْ ذٰلِكَ قَسَمٌ لِّذِيْ حِجْرٍ ۝٥	5
প্রতিবর্ণায়ন	হাল ফী যা‘–লিকা ক‘াছামুল্‌ লিয‘ী হি‘জর।	
তরজমা	নিশ্চয়ই ইহার মধ্যে শপথ রহিয়াছে বোধসম্পন্ন ব্যক্তির জন্য।	
	اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِعَادٍ ۝٦	6
প্রতিবর্ণায়ন	আলাম তারা কাইফা ফা‘আলা রাব্বুকা বি‘আ–দ।	
তরজমা	তুমি কি দেখ নাই তোমার প্রতিপালক কি করিয়াছিলেন আদ বংশের–	
	اِرَمَ ذَاتِ الْعِمَادِ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ইরামা যা‘–তিল ‘ইমা–দ	
তরজমা	ইরাম গোত্রের প্রতি–যাহারা অধিকারী ছিল সুউচ্চ প্রাসাদের ?–	
	الَّتِيْ لَمْ يُخْلَقْ مِثْلُهَا فِي الْبِلَادِ ۝٨	8
প্রতিবর্ণায়ন	আল্লাতী লাম ইউখ্‌লাক‘ মিছ‘লুহা– ফিল বিলা–দ।	
তরজমা	যাহার সমতুল্য কোন দেশে নির্মিত হয় নাই;	
	وَثَمُوْدَ الَّذِيْنَ جَابُوا الصَّخْرَ بِالْوَادِ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ওয়া ছ‘ামূদাল্লায‘ীনা জা–বুসসাখ্‌রা বিল ওয়া–দ।	
তরজমা	এবং সামূদের প্রতি, যাহারা উপত্যকায় পাথর কাটিয়া গৃহ নির্মাণ করিয়াছিল;	
	وَفِرْعَوْنَ ذِي الْأَوْتَادِ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়া ফির‘আউনা য‘ীল আওতা–দ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং বহু সৈন্য-শিবিরের অধিপতি ফির'আওনের প্রতি ?	
	الَّذِينَ طَغَوْا فِي الْبِلَادِ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	আল্লাযী-না ত্বাগাও ফিল বিলা-দ।	
তরজমা	যাহারা দেশে সীমালংঘন করিয়াছিল,	
	فَأَكْثَرُوا فِيهَا الْفَسَادَ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ফাআকছারূ ফীহাল ফাছা-দ।	
তরজমা	এবং সেখানে অশান্তি বৃদ্ধি করিয়াছিল।	
	فَصَبَّ عَلَيْهِمْ رَبُّكَ سَوْطَ عَذَابٍ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ফাসাব্বা 'আলাইহিম রাব্বুকা ছাওত্বা 'আযা-ব।	
তরজমা	অতঃপর তোমার প্রতিপালক উহাদের উপর শাস্তির কশাঘাত হানিলেন।	
	إِنَّ رَبَّكَ لَبِالْمِرْصَادِ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাকা লাবিলমিরসা-দ।	
তরজমা	তোমার প্রতিপালক অবশ্যই সতর্ক দৃষ্টি রাখেন।	
	فَأَمَّا الْإِنسَانُ إِذَا مَا ابْتَلَاهُ رَبُّهُ فَأَكْرَمَهُ وَنَعَّمَهُ فَيَقُولُ رَبِّي أَكْرَمَنِ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল ইংছা-নু ইযা- মাবতালা-হু রাব্বুহু ফাআকরামাহূ ওয়া না'আমাহূ (ﻩ) ফাইয়াকূলু রাব্বী~ আক্‌রামান।	
তরজমা	মানুষ তো এইরূপ যে, তাহার প্রতিপালক যখন তাহাকে পরীক্ষা করেন সম্মান ও অনুগ্রহ দান করিয়া, তখন সে বলে, 'আমার প্রতিপালক আমাকে সম্মানিত করিয়াছেন।'	
	وَأَمَّا إِذَا مَا ابْتَلَاهُ فَقَدَرَ عَلَيْهِ رِزْقَهُ فَيَقُولُ رَبِّي أَهَانَنِ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা~ ইযা- মাবতালা-হু ফাক্বাদারা 'আলাইহি রিঝক্বাহূ (ﻩ) ফাইয়াকূলু রাব্বী~ আহা-নান।	
তরজমা	এবং যখন তাহাকে পরীক্ষা করেন তাহার রিযিক সংকুচিত করিয়া, তখন সে বলে, 'আমার প্রতিপালক আমাকে হীন করিয়াছেন।'	
	كَلَّا بَل لَّا تُكْرِمُونَ الْيَتِيمَ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	কাল্লা-বাল্লা- তুক্‌রিমূনাল ইয়াতীম।	
তরজমা	না, কখনও নয়। বরং তোমরা ইয়াতীমকে সম্মান কর না,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَلَا تَحٰٓضُّوْنَ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ওয়া লা-তাহ্'আ~দ্'না 'আলা- ত'আ'আ-মিল মিছকীন।	
তরজমা	এবং তোমরা অভাবগ্রস্তদেরকে খাদ্যদানে পরস্পরকে উৎসাহিত কর না,	
	وَتَاْكُلُوْنَ التُّرَاثَ اَكْلًا لَّمًّا ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়া তা'কুলূনাত্ তুরা-ছ'া আকলাল্লাম্মা-।	
তরজমা	এবং তোমরা উত্তরাধিকারীদের প্রাপ্য সম্পদ সম্পূর্ণরূপে ভক্ষণ করিয়া ফেল,	
	وَّتُحِبُّوْنَ الْمَالَ حُبًّا جَمًّا ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ওয়া তুহি'ব্বুনাল মা-লা হু'ব্বাং জাম্মা-।	
তরজমা	এবং তোমরা ধনসম্পদ অতিশয় ভালবাস;	
	كَلَّآ اِذَا دُكَّتِ الْاَرْضُ دَكًّا دَكًّا ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	কাল্লা~ ইয'া- দুক্কাতিল আর্দু দাক্কাং দাক্কা-।	
তরজমা	ইহা সংগত নয়। পৃথিবীকে যখন চূর্ণ-বিচূর্ণ করা হইবে,	
	وَّجَآءَ رَبُّكَ وَالْمَلَكُ صَفًّا صَفًّا ﴿٢٢﴾	22
প্রতিবর্ণায়ন	ওয়া জা~আ রাব্বুকা ওয়াল মালাকু সাফ্ফাং সাফ্ফা-।	
তরজমা	এবং যখন তোমার প্রতিপালক উপস্থিত হইবেন ও সারিবদ্ধভাবে ফিরিশ্‌তাগণও,	
	وَجِايْٓءَ يَوْمَئِذٍ بِجَهَنَّمَ ۙ يَوْمَئِذٍ يَّتَذَكَّرُ الْاِنْسَانُ وَاَنّٰى لَهُ الذِّكْرٰى ﴿٢٣﴾	23
প্রতিবর্ণায়ন	ওয়া জী~আ ইয়াওমাইযি'ম বিজাহান্নামা (ﷺ) ইয়াওমাইযি'ই ইয়াতাযা'ক্কারুল ইংছা-নু ওয়া আন্না- লাহুয' যি'করা-।	
তরজমা	সেই দিন জাহান্নামকে আনা হইবে এবং সেই দিন মানুষ উপলব্ধি করিবে, তখন এই উপলব্ধি তাহার কী কাজে আসিবে ?	
	يَقُوْلُ يٰلَيْتَنِيْ قَدَّمْتُ لِحَيَاتِيْ ﴿٢٤﴾	24
প্রতিবর্ণায়ন	ইয়াকূ'লু ইয়া-লাইতানী ক'াদ্দাম্‌তু লিহ'য়া-তী।	
তরজমা	সে বলিবে, 'হায়! আমার এ জীবনের জন্য আমি যদি কিছু অগ্রিম পাঠাইতাম !'	
	فَيَوْمَئِذٍ لَّا يُعَذِّبُ عَذَابَهٗٓ اَحَدٌ ﴿٢٥﴾	25
প্রতিবর্ণায়ন	ফাইয়াওমাইযি'ল্ লা-ইউ'আয্'যি'বু 'আয'া-বাহূ~ আহ'াদ।	
তরজমা	সেই দিন তাঁহার শাস্তির মত শাস্তি কেহ দিতে পারিবে না।	
	وَّلَا يُوْثِقُ وَثَاقَهٗٓ اَحَدٌ ﴿٢٦﴾	26

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ওয়ালা-ইঊছি`কু ওয়াছ`া-ক`াহূ~ আহ`াদ।	
তরজমা	এবং তাঁহার বন্ধনের মত বন্ধন কেহ করিতে পারিবে না।	
	يَاَيَّتُهَا النَّفْسُ الْمُطْمَئِنَّةُ ﴿٢٧﴾	27
প্রতিবর্ণায়ন	ইয়া~ আইয়াতুহান্নাফ্ছুল মুত`মাইন্নাহ	
তরজমা	হে প্রশান্তচিত্ত !	
	ارْجِعِيْٓ اِلٰى رَبِّكِ رَاضِيَةً مَّرْضِيَّةً ﴿٢٨﴾	28
প্রতিবর্ণায়ন	ইরজি`ঈ~ ইলা- রাব্বিকি রা-দি`য়াতাম্ মার্দি`ইয়াহ্।	
তরজমা	তুমি তোমার প্রতিপালকের নিকট ফিরিয়া আস সন্তুষ্ট ও সন্তোষভাজন হইয়া,	
	فَادْخُلِيْ فِيْ عِبٰدِيْ ﴿٢٩﴾	29
প্রতিবর্ণায়ন	ফাদ্খুলী ফী 'ইবা-দী।	
তরজমা	আমার বান্দাদের অন্তর্ভুক্ত হও,	
	وَادْخُلِيْ جَنَّتِيْ ﴿٣٠﴾	30
প্রতিবর্ণায়ন	ওয়াদ্খুলী জান্নাতী।	
তরজমা	আর আমার জান্নাতে প্রবেশ কর।	

90 - Al-Balad-বালাদ -البلد

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	لَآ اُقْسِمُ بِهٰذَا الْبَلَدِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	লা~ উক`ছিমু বিহা-য`াল বালাদ।	
তরজমা	আমি শপথ করিতেছি এই নগরের	
	وَاَنْتَ حِلٌّۢ بِهٰذَا الْبَلَدِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়া আংতা হি`ল্লুম বিহা-য`াল বালাদ।	
তরজমা	আর তুমি এই নগরের অধিবাসী,	
	وَوَالِدٍ وَّمَا وَلَدَ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়া-লিদিওঁ ওয়ামা- ওয়ালাদ।	
তরজমা	শপথ জন্মদাতার ও যাহা সে জন্ম দিয়াছে।	
	لَقَدْ خَلَقْنَا الْاِنْسَانَ فِيْ كَبَدٍ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	লাক`াদ খালাক`নাল ইংছা-না ফী কাবাদ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	আমি তো মানুষ সৃষ্টি করিয়াছি কষ্ট-ক্লেশের মধ্যে।	
	أَيَحْسَبُ أَن لَّن يَقْدِرَ عَلَيْهِ أَحَدٌ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াহ'ছাবু আল্লাইঁ ইয়াক'দিরা 'আলাইহি আহ'াদ।	
তরজমা	সে কি মনে করে যে, কখনও তাহার উপর কেহ ক্ষমতাবান হইবে না ?	
	يَقُولُ أَهْلَكْتُ مَالًا لُّبَدًا ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	ইয়াকূ'লু আহ্লাকতু মা-লাল্ লুবাদা- ।	
তরজমা	সে বলে, 'আমি প্রচুর অর্থ নিঃশেষ করিয়াছি।'	
	أَيَحْسَبُ أَن لَّمْ يَرَهُ أَحَدٌ ﴿٧﴾	7
প্রতিবর্ণায়ন	আইয়াহ'ছাবু আল্লাম ইয়ারাহূ~ আহ'াদ।	
তরজমা	সে কি মনে করে যে, তাহাকে কেহ দেখে নাই ?	
	أَلَمْ نَجْعَل لَّهُ عَيْنَيْنِ ﴿٨﴾	8
প্রতিবর্ণায়ন	আলাম নাজ'আল্লাহূ 'আইনাইন।	
তরজমা	আমি কি তাহার জন্য সৃষ্টি করি নাই দুই চক্ষু ?	
	وَلِسَانًا وَشَفَتَيْنِ ﴿٩﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া লিছা-নাওঁ ওয়া শাফাতাইন।	
তরজমা	আর জিহ্বা ও দুই ওষ্ঠ ?	
	وَهَدَيْنَاهُ النَّجْدَيْنِ ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া হাদাইনা-হুননাজদাঈন।	
তরজমা	আর আমি তাহাকে দুইটি পথ দেখাইয়াছি।	
	فَلَا اقْتَحَمَ الْعَقَبَةَ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ফালাক'তাহ'ামাল 'আক'াবাহ।	
তরজমা	সে তো বন্ধুর গিরিপথে প্রবেশ করে নাই।	
	وَمَا أَدْرَاكَ مَا الْعَقَبَةُ ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদ্রা-কা মাল 'আক'াবাহ্।	
তরজমা	তুমি কী জান-বন্ধুর গিরিপথ কী ?	
	فَكُّ رَقَبَةٍ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ফাক্কু রাক'াবাহ ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	ইহা হইতেছে: দাসমুক্তি।	
	اَوْ اِطْعٰمٌ فِيْ يَوْمٍ ذِيْ مَسْغَبَةٍ ۙ﴿۱۴﴾	14
প্রতিবর্ণায়ন	আও ইত'আ-মুং ফী ইয়াওমিং য'ী মাছগাবাহ্ ।	
তরজমা	অথবা দুর্ভিক্ষের দিনে আহার্যদান	
	يَّتِيْمًا ذَا مَقْرَبَةٍ ۙ﴿۱۵﴾	15
প্রতিবর্ণায়ন	ইয়াতীমাং য'া-মাক'রাবাহ।	
তরজমা	ইয়াতীম আত্মীয়কে,	
	اَوْ مِسْكِيْنًا ذَا مَتْرَبَةٍ ؕ﴿۱۶﴾	16
প্রতিবর্ণায়ন	আও মিছ্কীনাং য'া-মাতরাবাহ।	
তরজমা	অথবা দারিদ্র্য-নিষ্পেষিত নিঃস্বকে,	
	ثُمَّ كَانَ مِنَ الَّذِيْنَ اٰمَنُوْا وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ ؕ﴿۱۷﴾	17
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা কা-না মিনাল্লায'ীনা আ-মানূ ওয়াতাওয়া-সাও বিসসাবরি ওয়াতাওয়া-সাও বিল মারহ'ামাহ।	
তরজমা	তদুপরি সে অন্তর্ভুক্ত হয় মু'মিনদের এবং তাহাদের, যাহারা পরস্পরকে উপদেশ দেয় ধৈর্য ধারণের ও দয়া-দাক্ষিণ্যের ;	
	اُولٰٓئِكَ اَصْحٰبُ الْمَيْمَنَةِ ؕ﴿۱۸﴾	18
প্রতিবর্ণায়ন	উলা~ইকা আসহ'া-বুল মাইমানাহ।	
তরজমা	ইহারাই সৌভাগ্যশালী।	
	وَالَّذِيْنَ كَفَرُوْا بِاٰيٰتِنَا هُمْ اَصْحٰبُ الْمَشْئَمَةِ ؕ﴿۱۹﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়াল্লায'ীনা কাফারূ বিআ-য়া-তিনা- হুম আসহ'া-বুল মাশআমাহ্।	
তরজমা	আর যাহারা আমার নিদর্শন প্রত্যাখ্যান করিয়াছে, উহারাই হতভাগ্য।	
	عَلَيْهِمْ نَارٌ مُّؤْصَدَةٌ ۠﴿۲۰﴾	20
প্রতিবর্ণায়ন	'আলাইহিম না-রুম মু'সাদাহ্।	
তরজমা	উহারা পরিবেষ্টিত হইবে অবরুদ্ধ অগ্নিতে।	

91 - Ash-Shams-শাম্স -الشمس

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَالشَّمْسِ وَضُحٰهَا ۝١	1
প্রতিবর্ণায়ন	ওয়াশ শামছি ওয়াদু'হ'া-হা- ।	
তরজমা	শপথ সূর্যের এবং উহার কিরণের,	
	وَالْقَمَرِ اِذَا تَلٰىهَا ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়াল ক'ামারি ইয'া- তালা-হা- ।	
তরজমা	শপথ চন্দ্রের, যখন উহা সূর্যের পর আবির্ভূত হয়,	
	وَالنَّهَارِ اِذَا جَلّٰىهَا ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়ান্নাহা-রি ইয'া জাল্লা-হা- ।	
তরজমা	শপথ দিবসের, যখন সে উহাকে প্রকাশ করে,	
	وَالَّيْلِ اِذَا يَغْشٰىهَا ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইয'া- ইয়াগশা-হা- ।	
তরজমা	শপথ রজনীর, যখন সে উহাকে আচ্ছাদিত করে,	
	وَالسَّمَآءِ وَمَا بَنٰىهَا ۝٥	5
প্রতিবর্ণায়ন	ওয়াছ্ ছামা~ই ওয়ামা- বানা-হা- ।	
তরজমা	শপথ আকাশের এবং যিনি উহা নির্মাণ করিয়াছেন তাঁহার,	
	وَالْاَرْضِ وَمَا طَحٰىهَا ۝٦	6
প্রতিবর্ণায়ন	ওয়াল আরদি' ওয়ামা-ত'াহ'া-হা- ।	
তরজমা	শপথ পৃথিবীর এবং যিনি উহাকে বিস্তৃত করিয়াছেন তাঁহার,	
	وَنَفْسٍ وَّمَا سَوّٰىهَا ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া নাফছিওঁ ওয়া মা- ছাওওয়া-হা- ।	
তরজমা	শপথ মানুষের এবং তাঁহার, যিনি উহাকে সুঠাম করিয়াছেন,	
	فَاَلْهَمَهَا فُجُوْرَهَا وَتَقْوٰىهَا ۝٨	8
প্রতিবর্ণায়ন	ফাআল্হামাহা- ফুজূরাহা- ওয়া তাক'ওয়া-হা- ।	
তরজমা	অতঃপর উহাকে উহার অসৎকর্ম ও উহার সৎকর্মের জ্ঞান দান করিয়াছেন।	
	قَدْ اَفْلَحَ مَنْ زَكّٰىهَا ۝٩	9
প্রতিবর্ণায়ন	ক'াদ আফ্লাহ'া মাং ঝাক্কা-হা- ।	
তরজমা	সে-ই সফলকাম হইবে, যে নিজেকে পবিত্র করিবে।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَقَدْ خَابَ مَنْ دَسّٰىهَا ﴿١٠﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া ক'াদ খা–বা মাং দাছ্ছা–হা– ।	
তরজমা	এবং সেই ব্যর্থ হইবে, যে নিজেকে কলুষাচ্ছন্ন করিবে।	
	كَذَّبَتْ ثَمُوْدُ بِطَغْوٰىهَآ ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	কায্'য'াবাত ছ'ামূদু বিত'াগওয়া–হা~ ।	
তরজমা	সামূদ সম্প্রদায় অবাধ্যতাবশত অস্বীকার করিয়াছিল।	
	اِذِ انْۢبَعَثَ اَشْقٰىهَا ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইযি'ম বা'আছ'া আশক'া–হা– ।	
তরজমা	উহাদের মধ্যে যে সর্বাধিক হতভাগ্য, সে যখন তৎপর হইয়া উঠিল,	
	فَقَالَ لَهُمْ رَسُوْلُ اللّٰهِ نَاقَةَ اللّٰهِ وَسُقْيٰهَا ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ফাক'া–লা লাহুম রাছূলুল্লা–হি না–ক'াতাল্লা–হি ওয়া ছুক'ইয়া–হা– ।	
তরজমা	তখন আল্লাহ্‌র রাসূল উহাদেরকে বলিল, 'আল্লাহ্‌র উষ্ট্রী ও উহাকে পানি পান করাইবার বিষয়ে সাবধান হও।'	
	فَكَذَّبُوْهُ فَعَقَرُوْهَا ۖ فَدَمْدَمَ عَلَيْهِمْ رَبُّهُمْ بِذَنْۢبِهِمْ فَسَوّٰىهَا ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ফাকায্'য'াবূহু ফা'আক'ারূহা– (لا) ফাদাম্‌দামা 'আলাইহিম রাব্বুহুম বিয'াম্‌বিহিম ফাছাওওয়া–হা– ।	
তরজমা	কিন্তু উহারা রাসূলকে অস্বীকার করিল এবং উহাকে কাটিয়া ফেলিল। উহাদের পাপের জন্য উহাদের প্রতিপালক উহাদেরকে সমূলে ধ্বংস করিয়া একাকার করিয়া দিলেন।	
	وَلَا يَخَافُ عُقْبٰهَا ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	ওয়ালা–ইয়াখা–ফু 'উক'বা–হা– ।	
তরজমা	এবং ইহার পরিণাম সম্পর্কে তিনি ভয় করেন না।	

92 - Al-Layl-লাইল -الليل

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالَّيْلِ اِذَا يَغْشٰى ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইয'া– ইয়াগ্‌শা– ।	
তরজমা	শপথ রজনীর, যখন সে আচ্ছন্ন করে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَالنَّهَارِ اِذَا تَجَلّٰى ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়ান্নাহা-রি ইয'া- তাজাল্লা- ।	
তরজমা	শপথ দিবসের, যখন উহা উদ্ভাসিত হয়	
	وَمَا خَلَقَ الذَّكَرَ وَالْاُنْثٰى ۙ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ামা- খালাক'ায্ যা'কারা ওয়াল উনছ'া~ ।	
তরজমা	এবং শপথ তাঁহার, যিনি নর ও নারী সৃষ্টি করিয়াছেন-	
	اِنَّ سَعْيَكُمْ لَشَتّٰى ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইন্না ছা'ইয়াকুম লাশাত্তা- ।	
তরজমা	অবশ্যই তোমাদের কর্মপ্রচেষ্টা বিভিন্ন প্রকৃতির।	
	فَاَمَّا مَنْ اَعْطٰى وَاتَّقٰى ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ফাআম্মা-মান আ'ত'া- ওয়াত্তাক'া- ।	
তরজমা	সুতরাং কেহ দান করিলে, মুত্তাকী হইলে	
	وَصَدَّقَ بِالْحُسْنٰى ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ওয়া সাদ্দাক'া বিলহু'ছনা- ।	
তরজমা	এবং যাহা উত্তম তাহা সত্য বলিয়া গ্রহণ করিলে,	
	فَسَنُيَسِّرُهٗ لِلْيُسْرٰى ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ফাছানুইয়াছ্ছিরুহূ লিল ইউছ্‌রা- ।	
তরজমা	আমি তাহার জন্য সুগম করিয়া দিব সহজ পথ।	
	وَاَمَّا مَنْۢ بَخِلَ وَاسْتَغْنٰى ۙ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা- মাম বাখিলা ওয়াছতাগনা- ।	
তরজমা	এবং কেহ কার্পণ্য করিলে ও নিজেকে স্বয়ংসম্পূর্ণ মনে করিলে,	
	وَكَذَّبَ بِالْحُسْنٰى ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	ওয়া কায্'য'াবা বিল হু'ছনা- ।	
তরজমা	আর যাহা উত্তম তাহা অস্বীকার করিলে,	
	فَسَنُيَسِّرُهٗ لِلْعُسْرٰى ؕ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ফাছানুইয়াছ্ছিরুহূ লিল'উছরা- ।	
তরজমা	তাহার জন্য আমি সুগম করিয়া দিব কঠোর পথ।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمَا يُغْنِيْ عَنْهُ مَالُهٗٓ اِذَا تَرَدّٰى ﴿١١﴾	11
প্রতিবর্ণায়ন	ওয়ামা- ইউগ্‌নী ‘আনহু মা-লুহূ~ ইযা- তারাদ্দা- ।	
তরজমা	এবং তাহার সম্পদ তাহার কোন কাজে আসিবে না, যখন সে ধ্বংস হইবে।	
	اِنَّ عَلَيْنَا لَلْهُدٰى ﴿١٢﴾	12
প্রতিবর্ণায়ন	ইন্না ‘আলাইনা- লালহুদা- ।	
তরজমা	আমার কাজ তো কেবল পথনির্দেশ করা,	
	وَاِنَّ لَنَا لَلْاٰخِرَةَ وَالْاُوْلٰى ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্না লানা- লালআ-খিরাতা ওয়ালঊলা- ।	
তরজমা	আমি তো মালিক পরলোকের ও ইহলোকের।	
	فَاَنْذَرْتُكُمْ نَارًا تَلَظّٰى ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	ফাআংয`ারতুকুম না-রাং তালাজ্জ`া- ।	
তরজমা	আমি তোমাদেরকে লেলিহান অগ্নি সম্পর্কে সতর্ক করিয়া দিয়াছি।	
	لَا يَصْلٰىهَآ اِلَّا الْاَشْقَى ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	লা-ইয়াসলা-হা~ ইল্লাল আশক`া-	
তরজমা	উহাতে প্রবেশ করিবে সে-ই, যে নিতান্ত হতভাগ্য,	
	الَّذِيْ كَذَّبَ وَتَوَلّٰى ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	আল্লায`ী কায`্য`াবা ওয়া তাওয়াল্লা- ।	
তরজমা	যে অস্বীকার করে ও মুখ ফিরাইয়া নেয়।	
	وَسَيُجَنَّبُهَا الْاَتْقَى ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ওয়া ছাইউজান্নাবুহাল্ আতক`া- ।	
তরজমা	আর উহা হইতে দূরে রাখা হইবে পরম মুত্তাকীকে,	
	الَّذِيْ يُؤْتِيْ مَالَهٗ يَتَزَكّٰى ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	আল্লায`ী ইউ’তী মা-লাহূ ইয়াতাঝাক্কা- ।	
তরজমা	যে স্বীয় সম্পদ দান করে আত্মশুদ্ধির জন্য,	
	وَمَا لِاَحَدٍ عِنْدَهٗ مِنْ نِّعْمَةٍ تُجْزٰٓى ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	ওয়ামা- লিআহ`াদিন ‘ইংদাহূ মিন্ নি‘মাতিং তুজঝা~ ।	
তরজমা	এবং তাহার প্রতি কাহারও অনুগ্রহের প্রতিদানে নয়,	

	اِلَّا ابْتِغَآءَ وَجْهِ رَبِّهِ الْاَعْلٰى ﴿٢٠﴾	20
প্রতিবর্ণায়ন	ইল্লাব্‌তিগা~আ ওয়াজহি রাব্বিহিল আ'লা- ।	
তরজমা	কেবল তাহার মহান প্রতিপালকের সন্তুষ্টির প্রত্যাশায় ;	
	وَلَسَوْفَ يَرْضٰى ﴿٢١﴾	21
প্রতিবর্ণায়ন	ওয়া লাছাওফা ইয়ারদ'া- ।	
তরজমা	সে তো অচিরেই সন্তোষ লাভ করিবে।	

93 - Ad-Duhaa-দুহা -الضحى

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالضُّحٰى ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াদ'দু'হ'া- ।	
তরজমা	শপথ পূর্বাহ্নের,	
	وَالَّيْلِ اِذَا سَجٰى ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়াল্লাইলি ইয'া- ছাজা- ।	
তরজমা	শপথ রজনীর যখন উহা হয় নিঝুম,	
	مَا وَدَّعَكَ رَبُّكَ وَمَا قَلٰى ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	মা- ওয়াদ্দা'আকা রাব্বুকা ওয়ামা- ক'ালা- ।	
তরজমা	তোমার প্রতিপালক তোমাকে পরিত্যাগ করেন নাই এবং তোমার প্রতি বিরূপও হন নাই।	
	وَلَلْاٰخِرَةُ خَيْرٌ لَّكَ مِنَ الْاُوْلٰى ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়ালাল আ-খিরাতু খাইরুল্লাকা মিনাল উলা- ।	
তরজমা	তোমার জন্য পরবর্তী সময় তো পূর্ববর্তী সময় অপেক্ষা শ্রেয়।	
	وَلَسَوْفَ يُعْطِيْكَ رَبُّكَ فَتَرْضٰى ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়া লাছাওফা ইউ'ত'ীকা রাব্বুকা ফাতারদ'া- ।	
তরজমা	অচিরেই তোমার প্রতিপালক তোমাকে অনুগ্রহ দান করিবেন আর তুমি সন্তুষ্ট হইবে।	
	اَلَمْ يَجِدْكَ يَتِيْمًا فَاٰوٰى ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	আলাম ইয়াজিদ্‌কা ইয়াতীমাং ফাআ-ওয়া- ।	

তরজমা	তিনি কি তোমাকে ইয়াতীম অবস্থায় পান নাই আর তোমাকে আশ্রয় দান করেন নাই?	
	وَوَجَدَكَ ضَآلًّا فَهَدٰى ۝٧	7
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াজাদাকা দ'া~ল্লাং ফাহাদা– ।	
তরজমা	তিনি তোমাকে পাইলেন পথ সম্পর্কে অনবহিত, অতঃপর তিনি পথের নির্দেশ দিলেন।	
	وَوَجَدَكَ عَآئِلًا فَأَغْنٰى ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াজাদাকা 'আ~ইলাং ফাআগ্না– ।	
তরজমা	তিনি তোমাকে পাইলেন নিঃস্ব অবস্থায়, অতঃপর অভাবমুক্ত করিলেন,	
	فَأَمَّا الْيَتِيمَ فَلَا تَقْهَرْ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ফাআম্মাল ইয়াতীমা ফালা– তাক'হার ।	
তরজমা	সুতরাং তুমি ইয়াতীমের প্রতি কঠোর হইও না ;	
	وَأَمَّا السَّآئِلَ فَلَا تَنْهَرْ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মাছ্ ছা~ইলা ফালা– তানহার ।	
তরজমা	এবং প্রার্থীকে ভর্ৎসনা করিও না।	
	وَأَمَّا بِنِعْمَةِ رَبِّكَ فَحَدِّثْ ۝١١	11
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা– বিনি'মাতি রাব্বিকা ফাহ'াদ্দিছ্ ।	
তরজমা	তুমি তোমার প্রতিপালকের অনুগ্রহের কথা জানাইয়া দাও।	

94 - Ash-Sharh-ইনশিরাহ্ -الشرح

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيمِ

	أَلَمْ نَشْرَحْ لَكَ صَدْرَكَ ۝١	1
প্রতিবর্ণায়ন	আলাম নাশরাহ্'লাকা সাদরাক ।	
তরজমা	আমি কি তোমার বক্ষ তোমার কল্যাণে প্রশস্ত করিয়া দেই নাই ?	
	وَوَضَعْنَا عَنْكَ وِزْرَكَ ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া ওয়াদ'া'না– 'আংকা বি'ঝরাক	
তরজমা	আমি অপসারণ করিয়াছি তোমার ভার,	
	الَّذِي أَنْقَضَ ظَهْرَكَ ۝٣	3

প্রতিবর্ণায়ন	আল্লাযী~ আংক'াদ'া জ'াহ্‌রাক।	
তরজমা	যাহা ছিল তোমার জন্য অতিশয় কষ্টদায়ক,	
	وَرَفَعْنَا لَكَ ذِكْرَكَ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া রাফা'না- লাকা যি'ক্‌রাক।	
তরজমা	এবং আমি তোমার খ্যাতিকে উচ্চমর্যাদা দান করিয়াছি।	
	فَإِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝٥	5
প্রতিবর্ণায়ন	ফাইন্না মা'আল 'উছরি ইউছ্‌রা-।	
তরজমা	কষ্টের সঙ্গেই তো স্বস্তি আছে,	
	إِنَّ مَعَ الْعُسْرِ يُسْرًا ۝٦	6
প্রতিবর্ণায়ন	ইন্না মা'আল 'উছ্‌রি ইউছ্‌রা-।	
তরজমা	অবশ্য কষ্টের সঙ্গেই স্বস্তি আছে।	
	فَإِذَا فَرَغْتَ فَانْصَبْ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ফাইয'া- ফারাগ্‌তা ফাংসাব।	
তরজমা	অতএব তুমি যখনই অবসর পাও একান্তে 'ইবাদত করিও।	
	وَإِلَىٰ رَبِّكَ فَارْغَبْ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া ইলা- রাব্বিকা ফার্‌গাব।	
তরজমা	এবং তোমার প্রতিপালকের প্রতি মনোনিবেশ করিও।	

95 - At-Tin-ত্বীন -التين

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	وَالتِّينِ وَالزَّيْتُونِ ۝١	1
প্রতিবর্ণায়ন	ওয়াত্‌তীন ওয়াঝঝাইতূন।	
তরজমা	শপথ 'তীন' ও 'যায়তূন'-এর,	
	وَطُورِ سِينِينَ ۝٢	2
প্রতিবর্ণায়ন	ওয়া তূ'রি ছীনীন।	
তরজমা	শপথ 'সিনাই' পর্বতের	
	وَهَٰذَا الْبَلَدِ الْأَمِينِ ۝٣	3
প্রতিবর্ণায়ন	ওয়া হা-য'াল বালাদিল আমীন।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	এবং শপথ এই নিরাপদ নগরীর,	
	لَقَدْ خَلَقْنَا الْإِنسَانَ فِيٓ أَحْسَنِ تَقْوِيمٍ ۝٤	4
প্রতিবর্ণায়ন	লাক'াদ খালাক'নাল ইংছা-না ফী~আহ'ছানি তাক'ব'ীম।	
তরজমা	আমি তো সৃষ্টি করিয়াছি মানুষকে সুন্দরতম গঠনে,	
	ثُمَّ رَدَدْنَٰهُ أَسْفَلَ سَٰفِلِينَ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ছু'ম্মা রাদাদ্না-হু আছফালা ছা-ফিলীন।	
তরজমা	অতঃপর আমি উহাকে হীনতাগ্রস্তদের হীনতমে পরিণত করি-	
	إِلَّا ٱلَّذِينَ ءَامَنُوا۟ وَعَمِلُوا۟ ٱلصَّٰلِحَٰتِ فَلَهُمْ أَجْرٌ غَيْرُ مَمْنُونٍ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লায'ীনা আ-মানূ ওয়া'আমিলুসসা-লিহ'া-তি ফালাহুম আজরুন গাইরু মামনূন।	
তরজমা	কিন্তু তাহাদেরকে নয় যাহারা মু'মিন ও সৎকর্মপরায়ণ; ইহাদের জন্য তো আছে নিরবচ্ছিন্ন পুরস্কার।	
	فَمَا يُكَذِّبُكَ بَعْدُ بِٱلدِّينِ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ফামা- ইউকায'যি'বুকা বা'দু বিদ্দীন।	
তরজমা	সুতরাং ইহার পর কিসে তোমাকে কর্মফল সম্বন্ধে অবিশ্বাসী করে ?	
	أَلَيْسَ ٱللَّهُ بِأَحْكَمِ ٱلْحَٰكِمِينَ ۝٨	8
প্রতিবর্ণায়ন	আলাইছাল্লা-হু বিআহ'কামিল হ'া-কিমীন।	
তরজমা	আল্লাহ্ কি বিচারকদের মধ্যে সর্বশ্রেষ্ঠ বিচারক নন ?	

96 - Al-`Alaq-আলাক্ব -العلق

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

	اقْرَأْ بِاسْمِ رَبِّكَ الَّذِي خَلَقَ ۝١	1
প্রতিবর্ণায়ন	ইক'রা বিছ্মি রাব্বিকাল্লায'ী খালাক' ।	
তরজমা	পাঠ কর তোমার প্রতিপালকের নামে, যিনি সৃষ্টি করিয়াছেন-	
	خَلَقَ الْإِنسَانَ مِنْ عَلَقٍ ۝٢	2
প্রতিবর্ণায়ন	খালাক'াল ইংছা-না মিন 'আলাক' ।	
তরজমা	সৃষ্টি করিয়াছেন মানুষকে 'আলাক' হইতে।	
	اقْرَأْ وَرَبُّكَ الْأَكْرَمُ ۝٣	3

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	ইক্‌রা' ওয়া রাব্বুকাল আকরাম	
তরজমা	পাঠ কর, আর তোমার প্রতিপালক মহামহিমান্বিত,	
	الَّذِىْ عَلَّمَ بِالْقَلَمِ ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	অল্লায্‌যী 'আল্লামা বিল্‌ক'লাম।	
তরজমা	যিনি কলমের সাহায্যে শিক্ষা দিয়াছেন-	
	عَلَّمَ الْاِنْسَانَ مَا لَمْ يَعْلَمْ ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	'আল্লামাল ইংছা-না-মা-লাম ইয়া'লাম।	
তরজমা	শিক্ষা দিয়াছেন মানুষকে, যাহা সে জানিত না।	
	كَلَّاۤ اِنَّ الْاِنْسَانَ لَيَطْغٰۤى ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	কাল্লা~ ইন্নাল ইংছা-না লাইয়াত'গা~ ।	
তরজমা	বস্তুত মানুষ তো সীমালংঘন করিয়াই থাকে,	
	اَنْ رَّاٰهُ اسْتَغْنٰى ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	আর্‌রাআ-হুছ তাগনা- ।	
তরজমা	কারণ সে নিজকে অভাবমুক্ত মনে করে।	
	اِنَّ اِلٰى رَبِّكَ الرُّجْعٰى ؕ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ইন্না ইলা- রাব্বিকার্‌ রুজ'আ- ।	
তরজমা	তোমার প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন সুনিশ্চিত।	
	اَرَءَيْتَ الَّذِىْ يَنْهٰى ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	আরাআইতাল্লায্‌যী ইয়ানহা-	
তরজমা	তুমি কি উহাকে দেখিয়াছ, যে বাধা দেয়,	
	عَبْدًا اِذَا صَلّٰى ؕ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	'আব্‌দান ইয'া-সাল্লা- ।	
তরজমা	এক বান্দাকে- যখন সে সালাত আদায় করে ?	
	اَرَءَيْتَ اِنْ كَانَ عَلَى الْهُدٰۤى ۙ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	আরাআইতা ইং কা-না 'আলাল হুদা~ ।	
তরজমা	তুমি লক্ষ্য করিয়াছ কি, যদি সে সৎপথে থাকে	
	اَوْ اَمَرَ بِالتَّقْوٰى ؕ﴿۱۲﴾	12

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
প্রতিবর্ণায়ন	আও আমারা বিত্তাক'ওয়া–।	
তরজমা	অথবা তাক্ওয়ার নির্দেশ দেয়,	
	أَرَءَيْتَ إِن كَذَّبَ وَتَوَلَّىٰ ﴿١٣﴾	13
প্রতিবর্ণায়ন	আরাআইতা ইং কায্'য'াবা ওয়া তাওয়াল্লা–।	
তরজমা	তুমি লক্ষ্য করিয়াছ কি, যদি সে মিথ্যা আরোপ করে ও মুখ ফিরাইয়া নেয়,	
	أَلَمْ يَعْلَم بِأَنَّ ٱللَّهَ يَرَىٰ ﴿١٤﴾	14
প্রতিবর্ণায়ন	আলাম ইয়া'লাম বিআন্নাল্লা–হা ইয়ারা–।	
তরজমা	তবে সে কি জানে না যে, আল্লাহ্ দেখেন ?	
	كَلَّا لَئِن لَّمْ يَنتَهِ لَنَسْفَعًۢا بِٱلنَّاصِيَةِ ﴿١٥﴾	15
প্রতিবর্ণায়ন	কাল্লা–লাইল্লাম ইয়াংতাহি (ﻫ) লানাছফা'আম বিন্না–সিয়াহ।	
তরজমা	সাবধান, সে যদি বিরত না হয় তবে আমি তাহাকে অবশ্যই হেঁচড়াইয়া লইয়া যাইব, মস্তকের সম্মুখভাগের কেশগুচ্ছ ধরিয়া–	
	نَاصِيَةٍ كَٰذِبَةٍ خَاطِئَةٍ ﴿١٦﴾	16
প্রতিবর্ণায়ন	না–সিয়াতিং কা–যি'বাতিন খা–তি'আহ্।	
তরজমা	মিথ্যাচারী, পাপিষ্ঠের কেশগুচ্ছ।	
	فَلْيَدْعُ نَادِيَهُۥ ﴿١٧﴾	17
প্রতিবর্ণায়ন	ফাল্ইয়াদ'উ নাদিয়াহ,	
তরজমা	অতএব সে তাহার পার্শ্বচরদেরকে আহ্বান করুক!	
	سَنَدْعُ ٱلزَّبَانِيَةَ ﴿١٨﴾	18
প্রতিবর্ণায়ন	ছানাদ্'উয্যাবা–নিয়াহ্।	
তরজমা	আমিও আহ্বান করিব জাহান্নামের প্রহরীদেরকে।	
	كَلَّا لَا تُطِعْهُ وَٱسْجُدْ وَٱقْتَرِب ۩ ﴿١٩﴾	19
প্রতিবর্ণায়ন	কাল্লা– (ط) লা–তুতি''হু ওয়াছজুদ ওয়াক'তারিব্ *(ছিজদাহ-১৪)*।	
তরজমা	সাবধান ! তুমি উহার অনুসরণ করিও না এবং সিজ্দা কর ও আমার নিকটবর্তী হও।	

97-Al-Qadr-কাদ্র -القدر

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	إِنَّآ أَنزَلْنَٰهُ فِى لَيْلَةِ ٱلْقَدْرِ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	ইন্না~ আংঝালনা-হু ফী লাইলাতিল ক'াদর।	
তরজমা	নিশ্চয় আমি কুরআন অবতীর্ণ করিয়াছি মহিমান্বিত রজনীতে ;	
	وَمَآ أَدْرَىٰكَ مَا لَيْلَةُ ٱلْقَدْرِ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদরা-কা-মা- লাইলাতুল ক'াদর।	
তরজমা	আর মহিমান্বিত রজনী সম্বন্ধে তুমি কী জান ?	
	لَيْلَةُ ٱلْقَدْرِ خَيْرٌ مِّنْ أَلْفِ شَهْرٍ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	লাইলাতুল ক'াদরি খাইরুম মিন আলফি শাহর।	
তরজমা	মহিমান্বিত রজনী সহস্র মাস অপেক্ষা শ্রেষ্ঠ।	
	تَنَزَّلُ ٱلْمَلَٰٓئِكَةُ وَٱلرُّوحُ فِيهَا بِإِذْنِ رَبِّهِم مِّن كُلِّ أَمْرٍ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	তানাঝঝালুল মালা~ইকাতু ওয়ার্‌রুহু ফীহা- বিইয্‌নি রাব্বিহিম (চ) মিং কুল্লি আমর।	
তরজমা	সেই রাত্রিতে ফিরিশতাগণ ও রূহ্ অবতীর্ণ হয় প্রত্যেক কাজে তাহাদের প্রতিপালকের অনুমতিক্রমে।	
	سَلَٰمٌ هِىَ حَتَّىٰ مَطْلَعِ ٱلْفَجْرِ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ছালা-মুন (ৎ) হিয়া হ'াত্তা- মাত'লা'ইল ফাজর।	
তরজমা	শান্তিই শান্তি, সেই রজনী উষার আবির্ভাব পর্যন্ত।	

98 - Al-Bayyinah-বায়্যিনাহ -البينة

بِسْمِ ٱللَّهِ ٱلرَّحْمَٰنِ ٱلرَّحِيمِ

	لَمْ يَكُنِ ٱلَّذِينَ كَفَرُوا۟ مِنْ أَهْلِ ٱلْكِتَٰبِ وَٱلْمُشْرِكِينَ مُنفَكِّينَ حَتَّىٰ تَأْتِيَهُمُ ٱلْبَيِّنَةُ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	লাম ইয়াকুনিল্লায'ীনা কাফারূ মিন আহ্‌লিল কিতা-বি ওয়াল মুশ্‌রিকীনা মুংফাক্কীনা হ'াত্তা- তা'তিয়াহুমুল বাইয়্যিনাহ্।	
তরজমা	কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করিয়াছিল তাহারা এবং মুশরিকরা আপন মতে অবিচলিত ছিল যে পর্যন্ত না তাহাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসিল-	
	رَسُولٌ مِّنَ ٱللَّهِ يَتْلُوا۟ صُحُفًا مُّطَهَّرَةً ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	রাছূলুম্ মিনাল্লা-হি ইয়াতলূ সুহু'ফাম্ মুত'াহ্হারাহ্।	
তরজমা	আল্লাহ্‌র নিকট হইতে এক রাসূল, যে আবৃত্তি করে পবিত্র গ্রন্থ,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	فِيْهَا كُتُبٌ قَيِّمَةٌ ؕ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ফীহা-কুতুবুং ক'াইয়িমাহ্।	
তরজমা	যাহাতে আছে সঠিক বিধান।	
	وَمَا تَفَرَّقَ الَّذِيْنَ اُوْتُوا الْكِتٰبَ اِلَّا مِنْۢ بَعْدِ مَا جَآءَتْهُمُ الْبَيِّنَةُ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়ামা- তাফাররাক'াল্লায'ীনা ঊতুল কিতা-বা ইল্লা- মিম বা'দি মা- জা~আত্হুমুল বাইয়িনাহ্।	
তরজমা	যাহাদেরকে কিতাব দেওয়া হইয়াছিল তাহারা তো বিভক্ত হইল তাহাদের নিকট সুস্পষ্ট প্রমাণ আসার পর।	
	وَمَآ اُمِرُوْٓا اِلَّا لِيَعْبُدُوا اللّٰهَ مُخْلِصِيْنَ لَهُ الدِّيْنَ ۙ حُنَفَآءَ وَيُقِيْمُوا الصَّلٰوةَ وَيُؤْتُوا الزَّكٰوةَ وَذٰلِكَ دِيْنُ الْقَيِّمَةِ ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ উমির্~ ইল্লা- লিয়া'বুদুল্লা-হা মুখলিসীনা লাহুদ্দীনা (ন) হু'নাফা~আ ওয়া ইউক'ীমুসসালা-তা ওয়া ইউ'তুঝ্'ঝা'কা-তা ওয়া য'া-লিকা দীনুল ক'াইয়িমাহ্।	
ZiRgv	তাহারা তো আদিষ্ট হইয়াছিল আল্লাহ্র আনুগত্যে বিশুদ্ধচিত্ত হইয়া একনিষ্ঠভাবে তাঁহার 'ইবাদত করিতে এবং সালাত কায়েম করিতে ও যাকাত দিতে, ইহাই সঠিক দীন।	
	اِنَّ الَّذِيْنَ كَفَرُوْا مِنْ اَهْلِ الْكِتٰبِ وَالْمُشْرِكِيْنَ فِيْ نَارِ جَهَنَّمَ خٰلِدِيْنَ فِيْهَا ؕ اُولٰٓئِكَ هُمْ شَرُّ الْبَرِيَّةِ ؕ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা কাফারূ মিন আহ্লিল কিতা-বি ওয়াল মুশ্রিকীনা ফী না-রি জাহান্নামা খা-লিদীনা ফীহা- (ত) উলা~ইকা হুম শার্রুল বারিইইয়াহ্।	
তরজমা	কিতাবীদের মধ্যে যাহারা কুফরী করে তাহারা এবং মুশরিকরা জাহান্নামের অগ্নিতে স্থায়িভাবে অবস্থান করিবে ; উহারাই সৃষ্টির অধম।	
	اِنَّ الَّذِيْنَ اٰمَنُوْا وَعَمِلُوا الصّٰلِحٰتِ ۙ اُولٰٓئِكَ هُمْ خَيْرُ الْبَرِيَّةِ ؕ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ইন্নাল্লায'ীনা আ-মানূ ওয়া 'আমিলুসসা-লিহা'-তি (ন) উলা~ইকা হুম খাইরুল বারিইইয়াহ্।	
তরজমা	যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে, তাহারাই সৃষ্টির শ্রেষ্ঠ।	
	جَزَآؤُهُمْ عِنْدَ رَبِّهِمْ جَنّٰتُ عَدْنٍ تَجْرِيْ مِنْ تَحْتِهَا الْاَنْهٰرُ خٰلِدِيْنَ فِيْهَآ اَبَدًا ؕ رَضِيَ اللّٰهُ عَنْهُمْ وَرَضُوْا عَنْهُ ؕ ذٰلِكَ لِمَنْ خَشِيَ رَبَّهٗ ؕ﴿۸﴾	8

	জাঝা~উহুম ‘ইংদা রাব্বিহিম জান্না-তু ‘আদনিং তাজরী মিং তাহ্‌তিহাল আন্‌হা-রু খা-লিদীনা ফীহা~ আবাদার্ (ط) রাদি'য়াল্লা-হু ‘আনহুম ওয়া রাদূ' ‘আনহু (ط) য'া-লিকা লিমান খাশিয়া রাব্বাহ।	
প্রতিবর্ণায়ন		
তরজমা	তাহাদের প্রতিপালকের নিকট আছে তাহাদের পুরস্কার-স্থায়ী জান্নাত, যাহার নিম্নদেশে নদী প্রবাহিত, সেখানে তাহারা চিরস্থায়ী হইবে। আল্লাহ্ তাহাদের প্রতি প্রসন্ন এবং তাহারাও তাঁহাতে সন্তুষ্ট। ইহা তাহার জন্য, যে তাহার প্রতিপালককে ভয় করে।	

99 - Az-Zalzalah-যিল্যাল -الزلزلة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اِذَا زُلۡزِلَتِ الۡاَرۡضُ زِلۡزَالَهَا ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইয'া- ঝুলঝিলাতিল আর্‌দু' ঝিলঝা-লাহা-।	
তরজমা	পৃথিবী যখন আপন কম্পনে প্রবলভাবে প্রকম্পিত হইবে,	
	وَاَخۡرَجَتِ الۡاَرۡضُ اَثۡقَالَهَا ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়া আখ্‌রাজাতিল আর্‌দু আছ'কা'-লাহা-।	
তরজমা	এবং পৃথিবী যখন তাহার ভার বাহির করিয়া দিবে,	
	وَقَالَ الۡاِنۡسَانُ مَا لَهَا ۚ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়া ক'া-লাল ইংছা-নু মা-লাহা-।	
তরজমা	এবং মানুষ বলিবে, ‘ইহার কী হইল ?’	
	يَوۡمَئِذٍ تُحَدِّثُ اَخۡبَارَهَا ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ইয়াওমাইযি'ং তুহ'াদ্দিছু' আখ্‌বা-রাহা-।	
তরজমা	সেই দিন পৃথিবী তাহার বৃত্তান্ত বর্ণনা করিবে,	
	بِاَنَّ رَبَّكَ اَوۡحٰى لَهَا ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	বিআন্না রাব্বাকা আওহ'া-লাহা-।	
তরজমা	কারণ তোমার প্রতিপালক তাহাকে আদেশ করিবেন,	
	يَوۡمَئِذٍ يَّصۡدُرُ النَّاسُ اَشۡتَاتًا ۙ لِّيُرَوۡا اَعۡمَالَهُمۡ ؕ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	ইয়াওমাইযি'ইঁ ইয়াসদুরুন্না-ছু আশ্‌তা-তাল্ (لا) লিউরাও আ'মা-লাহুম।	
তরজমা	সেই দিন মানুষ ভিন্ন ভিন্ন দলে বাহির হইবে, যাহাতে উহাদেরকে উহাদের কৃতকর্ম দেখান যায়,	

	فَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ خَيْرًا يَّرَهٗ ۝	7
প্রতিবর্ণায়ন	ফামাইঁ ইয়া'মাল মিছ্ক্বা-লা য্বার্‌রাতিন খাইরাইঁ ইয়ারাহ্।	
তরজমা	কেহ অণু পরিমাণ সৎকর্ম করিলে সে তাহা দেখিবে	
	وَمَنْ يَّعْمَلْ مِثْقَالَ ذَرَّةٍ شَرًّا يَّرَهٗ ۝	8
প্রতিবর্ণায়ন	ওয়া মাইঁ ইয়া'মাল মিছ্ক্বা-লা য্বার্‌রাতিং শার্‌রাইঁ ইয়ারাহ্।	
তরজমা	এবং কেহ অণু পরিমাণ অসৎকর্ম করিলে সে তাহাও দেখিবে।	

100-Al-`Adiyat-আদিয়াত -العاديات

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	وَالْعٰدِيٰتِ ضَبْحًا ۝	1
প্রতিবর্ণায়ন	ওয়াল 'আ-দিয়া-তি দ্বাব্হ্বা-।	
তরজমা	শপথ ঊর্ধ্বশ্বাসে ধাবমান অশ্বরাজির,	
	فَالْمُوْرِيٰتِ قَدْحًا ۝	2
প্রতিবর্ণায়ন	ফাল্ মূরিয়া-তি ক্বা'দ্হ্বা-।	
তরজমা	যাহারা খুরাঘাতে অগ্নি-স্ফুলিংগ বিচ্ছুরিত করে,	
	فَالْمُغِيْرٰتِ صُبْحًا ۝	3
প্রতিবর্ণায়ন	ফাল মুগীরা-তি সুবহ্বা-।	
তরজমা	যাহারা অভিযান করে প্রভাতকালে,	
	فَاَثَرْنَ بِهٖ نَقْعًا ۝	4
প্রতিবর্ণায়ন	ফাআছ্বারনা বিহী নাক্ব'আ-।	
তরজমা	এবং সেই সময়ে ধূলি উৎক্ষিপ্ত করে;	
	فَوَسَطْنَ بِهٖ جَمْعًا ۝	5
প্রতিবর্ণায়ন	ফাওয়াছাত্বনা বিহী জাম'আ-।	
তরজমা	অতঃপর শত্রুদলের অভ্যন্তরে ঢুকিয়া পড়ে।	
	اِنَّ الْاِنْسَانَ لِرَبِّهٖ لَكَنُوْدٌ ۝	6
প্রতিবর্ণায়ন	ইন্নাল ইংছা-না লিরাব্বিহী লাকানূদ।	
তরজমা	মানুষ অবশ্যই তাহার প্রতিপালকের প্রতি অকৃতজ্ঞ	

	وَاِنَّهٗ عَلٰى ذٰلِكَ لَشَهِيْدٌ ۚ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ ‘আলা– য'া–লিকা লাশাহীদ।	
তরজমা	এবং সে অবশ্যই এই বিষয়ে অবহিত,	
	وَاِنَّهٗ لِحُبِّ الْخَيْرِ لَشَدِيْدٌ ۭ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ওয়া ইন্নাহূ লিহু'ব্বিল খাইরি লাশাদীদ।	
তরজমা	এবং অবশ্যই সে ধন-সম্পদের আসক্তিতে প্রবল।	
	اَفَلَا يَعْلَمُ اِذَا بُعْثِرَ مَا فِي الْقُبُوْرِ ۙ﴿۹﴾	9
প্রতিবর্ণায়ন	আফালা– ইয়া‘লামু ইয'া– বু‘ছি'রা মা–ফিল কু'বূর।	
তরজমা	তবে কি সে সেই সম্পর্কে অবহিত নয় যখন কবরে যাহা আছে তাহা উত্থিত হইবে	
	وَحُصِّلَ مَا فِي الصُّدُوْرِ ۙ﴿۱۰﴾	10
প্রতিবর্ণায়ন	ওয়া হু'সসিলা মা– ফিস্‌সুদূর,	
তরজমা	এবং অন্তরে যাহা আছে তাহা প্রকাশ করা হইবে ?	
	اِنَّ رَبَّهُمْ بِهِمْ يَوْمَىِٕذٍ لَّخَبِيْرٌ ۧ﴿۱۱﴾	11
প্রতিবর্ণায়ন	ইন্না রাব্বাহুম বিহিম ইয়াওমাইযি'ল্লাখাবীর।	
তরজমা	সেই দিন উহাদের কী ঘটিবে, উহাদের প্রতিপালক অবশ্যই তাহা সবিশেষ অবহিত।	

101-Al-Qari`ah-ক্বারি'আ -القارعة

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اَلْقَارِعَةُ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আল ক'া–রি‘আহ্ ।	
তরজমা	মহাপ্রলয়,	
	مَا الْقَارِعَةُ ۚ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	মাল ক'া–রি‘আহ।	
তরজমা	মহাপ্রলয় কী ?	
	وَمَآ اَدْرٰىكَ مَا الْقَارِعَةُ ۭ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদরা–কা মাল ক'া–রি‘আহ্।	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
তরজমা	মহাপ্রলয় সম্বন্ধে তুমি কী জান ?	
	يَوْمَ يَكُوْنُ النَّاسُ كَالْفَرَاشِ الْمَبْثُوْثِ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ইয়াওমা ইয়াকূনুন্না–ছু কাল্ ফারা–শিল মাবছূ ছ ।	
তরজমা	সেই দিন মানুষ হইবে বিক্ষিপ্ত পতংগের মত	
	وَتَكُوْنُ الْجِبَالُ كَالْعِهْنِ الْمَنْفُوْشِ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ওয়া তাকূনুল জিবা–লু কাল'ইহ্নিল মাংফূশ ।	
তরজমা	এবং পর্বতসমূহ হইবে ধূনিত রংগিন পশমের মত।	
	فَأَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِيْنُهٗ ۝٦	6
প্রতিবর্ণায়ন	ফাআম্মা– মাং ছ াক্ুলাত মাওয়া–ঝীনুহূ ।	
তরজমা	তখন যাহার পাল্লা ভারী হইবে,	
	فَهُوَ فِيْ عِيْشَةٍ رَّاضِيَةٍ ۝٧	7
প্রতিবর্ণায়ন	ফাহুওয়া ফী 'ঈশাতির্ রা–দি য়াহ্ ।	
তরজমা	সে তো লাভ করিবে সন্তোষজনক জীবন।	
	وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِيْنُهٗ ۝٨	8
প্রতিবর্ণায়ন	ওয়া আম্মা– মান খাফ্ফাত মাওয়াঝীনুহূ	
তরজমা	কিন্তু যাহার পাল্লা হাল্কা হইবে	
	فَأُمُّهٗ هَاوِيَةٌ ۝٩	9
প্রতিবর্ণায়ন	ফাউম্মুহূ হা–বিইয়াহ্ ।	
তরজমা	তাহার স্থান হইবে 'হাবিয়া'।	
	وَمَآ أَدْرٰكَ مَا هِيَهْ ۝١٠	10
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদরা–কা মা–হিয়াহ ।	
তরজমা	তুমি কি জান উহা কী ?	
	نَارٌ حَامِيَةٌ ۝١١	11
প্রতিবর্ণায়ন	না–রুন হ ামিয়াহ্ ।	
তরজমা	উহা অতি উত্তপ্ত অগ্নি।	

102 - At-Takathur-তাকাছুর -التكاثر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اَلۡهٰكُمُ التَّكَاثُرُ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	আলহা–কুমুত্তাকা–ছু`র।	
তরজমা	প্রাচুর্যের প্রতিযোগিতা তোমাদেরকে মোহাচ্ছন্ন রাখে	
	حَتّٰى زُرۡتُمُ الۡمَقَابِرَ ؕ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	হ`াত্তা– ঝুরতুমুল্ মাক`া–বির।	
তরজমা	যতক্ষণ না তোমরা কবরে উপনীত হও।	
	كَلَّا سَوۡفَ تَعۡلَمُوۡنَ ۙ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	কাল্লা– ছাওফা তা'লামূন।	
তরজমা	ইহা সংগত নয়, তোমরা শীঘ্রই ইহা জানিতে পারিবে;	
	ثُمَّ كَلَّا سَوۡفَ تَعۡلَمُوۡنَ ؕ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা কাল্লা– ছাওফা তা'লামূন।	
তরজমা	আবার বলি, ইহা সংগত নয়, তোমরা শীঘ্রই ইহা জানিতে পারিবে।	
	كَلَّا لَوۡ تَعۡلَمُوۡنَ عِلۡمَ الۡيَقِيۡنِ ؕ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	কাল্লা– লাও তা'লামূনা 'ইলমাল ইয়াক`ীন।	
তরজমা	সাবধান ! তোমাদের নিশ্চিত জ্ঞান থাকিলে অবশ্যই তোমরা মোহাচ্ছন্ন হইতে না।	
	لَتَرَوُنَّ الۡجَحِيۡمَ ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	লাতারাউন্নাল জাহ`ীমা	
তরজমা	তোমরা তো জাহান্নাম দেখিবেই ;	
	ثُمَّ لَتَرَوُنَّهَا عَيۡنَ الۡيَقِيۡنِ ۙ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা লাতারাউন্নাহা– 'আইনাল ইয়াক`ীন।	
তরজমা	আবার বলি, তোমরা তো উহা দেখিবেই চাক্ষুষ প্রত্যয়ে,	
	ثُمَّ لَتُسۡـَٔلُنَّ يَوۡمَئِذٍ عَنِ النَّعِيۡمِ ؕ﴿۸﴾	8
প্রতিবর্ণায়ন	ছু`ম্মা লাতুছ্আলুন্না ইয়াওমাইযি`ন্ 'আনিন্না'ঈম।	
তরজমা	ইহার পর অবশ্যই সেই দিন তোমাদেরকে নিয়ামত সম্বন্ধে প্রশ্ন করা হইবে।	

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	وَالۡعَصۡرِ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াল ‘আসর।	
তরজমা	মহাকালের শপথ,	
	اِنَّ الۡاِنۡسَانَ لَفِىۡ خُسۡرٍ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ইন্নাল ইংছা–না লাফী খুছর।	
তরজমা	মানুষ অবশ্যই ক্ষতিগ্রস্ত,	
	اِلَّا الَّذِيۡنَ اٰمَنُوۡا وَعَمِلُوا الصّٰلِحٰتِ وَتَوَاصَوۡا بِالۡحَـقِّ ۙ وَتَوَاصَوۡا بِالصَّبۡرِ ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইল্লাল্লাযীনা আ–মানূ ওয়া ‘আমিলুসসা–লিহা–তি ওয়া তাওয়া–সাওবিল হাক্কি (৮) ওয়া তাওয়া–সাও বিসসাব্‌রি।	
তরজমা	কিন্তু উহারা নয়, যাহারা ঈমান আনে ও সৎকর্ম করে এবং পরস্পরকে সত্যের উপদেশ দেয় ও ধৈর্যের উপদেশ দেয়।	

104 - Al-Humazah-হুমাযাহ -الهمزة

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	وَيۡلٌ لِّكُلِّ هُمَزَةٍ لُّمَزَةِ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ওয়াইলুল্লিকুল্লি হুমাঝাতিল্ লুমাঝাহ্।	
তরজমা	দুর্ভোগ প্রত্যেকের, যে পশ্চাতে ও সম্মুখে লোকের নিন্দা করে,	
	الَّذِىۡ جَمَعَ مَالًا وَّعَدَّدَهٗ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	আল্লাযী জামা‘আ মা–লাওঁ ‘ওয়া ‘আদ্দাদাহ্।	
তরজমা	যে অর্থ জমায় ও উহা বারবার গণনা করে;	
	يَحۡسَبُ اَنَّ مَالَهٗۤ اَخۡلَدَهٗ ۚ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ইয়াহ্‌ছাবু আন্না মা–লাহূ আখলাদাহ্।	
তরজমা	সে ধারণা করে যে, তাহার অর্থ তাহাকে অমর করিয়া রাখিবে;	
	كَلَّا لَيُنۡۢبَذَنَّ فِى الۡحُطَمَةِ ۖ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	কাল্লা– লাইউম্‌বাযান্না ফিল হুত্‌মাহ।	
তরজমা	কখনও না, সে অবশ্যই নিক্ষিপ্ত হইবে হুতামায়;	

	وَمَآ اَدْرٰىكَ مَا الْحُطَمَةُ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়ামা~ আদ্‌রা-কা মাল হু'ত'ামাহ্।	
তরজমা	তুমি কি জান হুতামা কী ?	
	نَارُ اللّٰهِ الْمُوْقَدَةُ ۝	6
প্রতিবর্ণায়ন	না-রুল্লা-হিল মূক'াদাহ	
তরজমা	ইহা আল্লাহ্‌র প্রজ্বলিত হুতাশন,	
	الَّتِىْ تَطَّلِعُ عَلَى الْاَفْـِٕدَةِ ۝	7
প্রতিবর্ণায়ন	আল্লাতী তাত্ত'ালি'উ আলাল আফইদাহ্।	
তরজমা	যাহা হৃদয়কে গ্রাস করিবে;	
	اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَدَةٌ ۝	8
প্রতিবর্ণায়ন	ইন্নাহা- 'আলাইহিম মু'সাদাহ	
তরজমা	নিশ্চয়ই ইহা উহাদেরকে পরিবেষ্টন করিয়া রাখিবে	
	فِىْ عَمَدٍ مُّمَدَّدَةٍ ۝	9
প্রতিবর্ণায়ন	ফী 'আমাদিম্ মুমাদ্দাদাহ্।	
তরজমা	দীর্ঘায়িত স্তম্ভসমূহে।	

105 - Al-Fil-ফীল -الفيل

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اَلَمْ تَرَ كَيْفَ فَعَلَ رَبُّكَ بِاَصْحٰبِ الْفِيْلِ ۝	1
প্রতিবর্ণায়ন	আলাম তারা কাইফা ফা'আলা রাব্বুকা বিআসহ'া-বিল ফীল।	
তরজমা	তুমি কি দেখ নাই, তোমার প্রতিপালক হস্তী-অধিপতিদের প্রতি কী করিয়াছিলেন ?	
	اَلَمْ يَجْعَلْ كَيْدَهُمْ فِىْ تَضْلِيْلٍ ۝	2
প্রতিবর্ণায়ন	আলাম ইয়াজ'আল কাইদাহুম ফী তাদ'লীল	
তরজমা	তিনি কি উহাদের কৌশল ব্যর্থ করিয়া দেন নাই ?	
	وَّاَرْسَلَ عَلَيْهِمْ طَيْرًا اَبَابِيْلَ ۝	3
প্রতিবর্ণায়ন	ওয়া আর্‌ছালা 'আলাইহিম ত'াইরান আবা-বীল।	
তরজমা	উহাদের বিরুদ্ধে তিনি ঝাঁকে ঝাঁকে পক্ষী প্রেরণ করেন,	

	تَرْمِيْهِمْ بِحِجَارَةٍ مِّنْ سِجِّيْلٍ ۙ	4
প্রতিবর্ণায়ন	তারমীহিম বিহি`জা-রাতিম্ মিং ছিজ্জীল।	
তরজমা	যাহারা উহাদের উপর প্রস্তর-কংকর নিক্ষেপ করে।	
	فَجَعَلَهُمْ كَعَصْفٍ مَّاْكُوْلٍ ۧ	5
প্রতিবর্ণায়ন	ফাজা'আলাহুম কা'আসফিম্ মা'কূল।	
তরজমা	অতঃপর তিনি উহাদেরকে ভক্ষিত তৃণসদৃশ করেন।	

106 - Quraysh-কুরাইশ -قريش

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	لِاِيْلٰفِ قُرَيْشٍ ۙ	1
প্রতিবর্ণায়ন	লিঈলা-ফি কু`রাইশ।	
তরজমা	যেহেতু কুরায়শের আসক্তি আছে,	
	اٖلٰفِهِمْ رِحْلَةَ الشِّتَآءِ وَالصَّيْفِ ۚ	2
প্রতিবর্ণায়ন	ঈলা-ফিহিম রিহ`লাতাশ্‌শিতা~ই ওয়াসসাঈফ।	
তরজমা	আসক্তি আছে তাহাদের শীত ও গ্রীষ্মে সফরের	
	فَلْيَعْبُدُوْا رَبَّ هٰذَا الْبَيْتِ ۙ	3
প্রতিবর্ণায়ন	ফালইয়া'বুদূ রাব্বা হা-য`াল বাঈত।	
তরজমা	অতএব, উহারা 'ইবাদত করুক এই গৃহের মালিকের,	
	الَّذِىْٓ اَطْعَمَهُمْ مِّنْ جُوْعٍ ۙ وَّاٰمَنَهُمْ مِّنْ خَوْفٍ ۧ	4
প্রতিবর্ণায়ন	আল্লায`ী~ আত`া'আমাহুম মিং জূ'ইওঁ (ই) ওয়া আ-মানাহুম মিন খাওফ।	
তরজমা	যিনি উহাদেরকে ক্ষুধায় আহার দিয়াছেন এবং ভীতি হইতে উহাদেরকে নিরাপদ করিয়াছেন।	

107 - Al-Ma`un-মাউন -الماعون

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اَرَءَيْتَ الَّذِىْ يُكَذِّبُ بِالدِّيْنِ ؕ	1
প্রতিবর্ণায়ন	আরাআইতাল্লায`ী ইউকায`্‌যি`বু বিদ্দীন।	
তরজমা	তুমি কি দেখিয়াছ তাহাকে, যে দীনকে অস্বীকার করে ?	

	فَذٰلِكَ الَّذِىْ يَدُعُّ الْيَتِيْمَ ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাযা'-লিকাল্লাযী ইয়াদু'উল ইয়াতীম।	
তরজমা	সে তো সে-ই, যে ইয়াতীমকে রূঢ়ভাবে তাড়াইয়া দেয়	
	وَلَا يَحُضُّ عَلٰى طَعَامِ الْمِسْكِيْنِ ۗ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ালা- ইয়াহুদ্দু 'আলা- ত'আ-মিল মিছকীন।	
তরজমা	এবং সে অভাবগ্রস্তকে খাদ্যদানে উৎসাহ দেয় না।	
	فَوَيْلٌ لِّلْمُصَلِّيْنَ ۙ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ফাওয়াইঁলুল্লিল মুসাল্লীন।	
তরজমা	সুতরাং দুর্ভোগ সেই সালাত আদায়কারীদের,	
	الَّذِيْنَ هُمْ عَنْ صَلَاتِهِمْ سَاهُوْنَ ۙ﴿۵﴾	5
প্রতিবর্ণায়ন	আল্লাযীনাহুম 'আং সালা-তিহিমি ছা-হূন।	
তরজমা	যাহারা তাহাদের সালাত সম্বন্ধে উদাসীন,	
	الَّذِيْنَ هُمْ يُرَآءُوْنَ ۙ﴿۶﴾	6
প্রতিবর্ণায়ন	আল্লাযীনা হুম ইউরা~উনা।	
তরজমা	যাহারা লোক দেখানোর জন্য উহা করে,	
	وَيَمْنَعُوْنَ الْمَاعُوْنَ ﴿۷﴾	7
প্রতিবর্ণায়ন	ওয়া ইয়াম্না'উনাল মা-'উন।	
তরজমা	এবং গৃহস্থালীর প্রয়োজনীয় ছোট-খাট সাহায্য দানে বিরত থাকে।	

108 - Al-Kawthar-কাওছার -الكوثر

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	اِنَّآ اَعْطَيْنٰكَ الْكَوْثَرَ ۗ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইন্না~ আ'ত'াইনা-কাল্ কাওছ'ার।	
তরজমা	আমি অবশ্যই তোমাকে কাওছার দান করিয়াছি।	
	فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرْ ۗ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ফাসাল্লি লিরাব্বিকা ওয়ান্হ'ার।	

তরজমা	সুতরাং তুমি তোমার প্রতিপালকের উদ্দেশ্যে সালাত আদায় কর এবং কুরবানী কর।	
	إِنَّ شَانِئَكَ هُوَ الْأَبْتَرُ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ইন্না শা-নিআকা হুওয়াল আব্‌তার।	
তরজমা	নিশ্চয় তোমার প্রতি বিদ্বেষ পোষণকারীই তো নির্বংশ।	

109 - Al-Kafirun-কাফিরূন -الكافرون

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

	قُلْ يَا أَيُّهَا الْكَافِرُونَ ﴿١﴾	1
প্রতিবর্ণায়ন	কু'ল ইয়া~ আইয়ুহাল কা-ফিরূন।	
তরজমা	বল, 'হে কাফিররা!	
	لَا أَعْبُدُ مَا تَعْبُدُونَ ﴿٢﴾	2
প্রতিবর্ণায়ন	লা~ আ'বুদু মা-তা'বুদূন।	
তরজমা	'আমি তাহার 'ইবাদত করি না যাহার 'ইবাদত তোমরা কর	
	وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ ﴿٣﴾	3
প্রতিবর্ণায়ন	ওয়ালা~ আংতুম 'আ-বিদূনা মা~ আ'বুদ।	
তরজমা	এবং তোমরাও তাঁহার 'ইবাদতকারী নও যাঁহার 'ইবাদত আমি করি,	
	وَلَا أَنَا عَابِدٌ مَا عَبَدْتُمْ ﴿٤﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়ালা~ আনা 'আ-বিদুম্ মা-'আবাত্তুম,	
তরজমা	'এবং আমি 'ইবাদতকারী নই তাহার যাহার 'ইবাদত তোমরা করিয়া আসিতেছ।	
	وَلَا أَنْتُمْ عَابِدُونَ مَا أَعْبُدُ ﴿٥﴾	5
প্রতিবর্ণায়ন	ওয়ালা~ আংতুম 'আ-বিদূনা মা~ আ'বুদ।	
তরজমা	'এবং তোমরাও তাঁহার 'ইবাদতকারী নও যাঁহার 'ইবাদত আমি করি।	
	لَكُمْ دِينُكُمْ وَلِيَ دِينِ ﴿٦﴾	6
প্রতিবর্ণায়ন	লাকুম দীনুকুম ওয়ালিয়া দীন।	
তরজমা	'তোমাদের দীন তোমাদের, আমার দীন আমার।'	

110 - An-Nasr-নাস্র -النصر

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	اِذَا جَآءَ نَصۡرُ اللّٰهِ وَالۡفَتۡحُ ۙ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	ইযা'া- জা~আ নাসরুল্লা-হি ওয়াল ফাতহ্ ।	
তরজমা	যখন আসিবে আল্লাহ্‌র সাহায্য ও বিজয়	
	وَرَاَيۡتَ النَّاسَ يَدۡخُلُوۡنَ فِىۡ دِيۡنِ اللّٰهِ اَفۡوَاجًا ۙ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	ওয়ারাআইতান্না-ছা ইয়াদ্‌খুলূনা ফী দীনিল্লা-হি আফওয়া-জা- ।	
তরজমা	এবং তুমি মানুষকে দলে দলে আল্লাহ্‌র দীনে প্রবেশ করিতে দেখিবে	
	فَسَبِّحۡ بِحَمۡدِ رَبِّكَ وَاسۡتَغۡفِرۡهُ ؕ اِنَّهٗ كَانَ تَوَّابًا ۚ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ফাছাব্বিহ্ বিহ'াম্‌দি রাব্বিকা ওয়াছতাগ্‌ফিরহু (ط) ইন্নাহূ কা-না তাওওয়া-বা- ।	
তরজমা	তখন তুমি তোমার প্রতিপালকের প্রশংসাসহ তাঁহার পবিত্রতা ও মহিমা ঘোষণা করিও এবং তাঁহার নিকট ক্ষমা প্রার্থনা করিও, তিনি তো তওবা কবুলকারী।	

111 - Al-Masad-লাহাব -المسد

بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِيۡمِ

	تَبَّتۡ يَدَاۤ اَبِىۡ لَهَبٍ وَّتَبَّ ؕ﴿۱﴾	1
প্রতিবর্ণায়ন	তাব্বাত ইয়াদা~ আবী লাহাবিওঁ ওয়া তাব্ব ।	
তরজমা	ধ্বংস হউক, আবূ লাহাবের দুই হস্ত এবং ধ্বংস হউক সে নিজেও।	
	مَاۤ اَغۡنٰى عَنۡهُ مَالُهٗ وَمَا كَسَبَ ؕ﴿۲﴾	2
প্রতিবর্ণায়ন	মা~ আগনা- 'আনহু মা- লুহূ ওয়ামা- কাছাব্ ।	
তরজমা	উহার ধন-সম্পদ ও উহার উপার্জন উহার কোন কাজে আসে নাই।	
	سَيَصۡلٰى نَارًا ذَاتَ لَهَبٍ ۚ﴿۳﴾	3
প্রতিবর্ণায়ন	ছাইয়াসলা- না-রাং য'া-তা লাহাব ।	
তরজমা	অচিরে সে প্রবেশ করিবে লেলিহান অগ্নিতে	
	وَّامۡرَاَتُهٗ ؕ حَمَّالَةَ الۡحَطَبِ ۚ﴿۴﴾	4
প্রতিবর্ণায়ন	ওয়াম্‌রাআতুহূ; হ'াম্মা-লাতাল হাত'াব ।	
তরজমা	এবং তাহার স্ত্রীও—যে ইন্ধন বহন করে,	

	فِيْ جِيْدِهَا حَبْلٌ مِّنْ مَّسَدٍ ۝٥	5
প্রতিবর্ণায়ন	ফী জীদিহা- হ`াবলুম্ মিম্ মাছাদ্।	
তরজমা	তাহার গলদেশে পাকান রজ্জু।	

112 - Al-'Ikhlas - ইখলাস - لإخلاص

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	قُلْ هُوَ اللّٰهُ اَحَدٌ ۝١	1
প্রতিবর্ণায়ন	কু`ল হুওয়াল্লা-হু আহ`াদ।	
তরজমা	বল, 'তিনিই আল্লাহ্, এক-অদ্বিতীয়,	
	اَللّٰهُ الصَّمَدُ ۝٢	2
প্রতিবর্ণায়ন	আল্লা-হুস্সামাদ।	
তরজমা	'আল্লাহ্ কাহারও মুখাপেক্ষী নন, সকলেই তাঁহার মুখাপেক্ষী;	
	لَمْ يَلِدْ ۙ وَلَمْ يُوْلَدْ ۝٣	3
প্রতিবর্ণায়ন	লাম্ ইয়ালিদ্ (ঌ) ওয়ালাম ইউলাদ।	
তরজমা	'তিনি কাহাকেও জন্ম দেন নাই এবং তাঁহাকেও জন্ম দেওয়া হয় নাই,	
	وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ۝٤	4
প্রতিবর্ণায়ন	ওয়া লাম্ ইয়াকুল্লাহূ কুফুওয়ান আহ`াদ।	
তরজমা	'এবং তাঁহার সমতুল্য কেহই নাই।'	

113 - Al-Falaq-ফালাক -الفلق

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	قُلْ اَعُوْذُ بِرَبِّ الْفَلَقِ ۝١	1
প্রতিবর্ণায়ন	কু`ল আ'উযু` বিরাব্বিল ফালাক`	
তরজমা	বল, 'আমি শরণ লইতেছি উষার স্রষ্টার	
	مِنْ شَرِّ مَا خَلَقَ ۝٢	2
প্রতিবর্ণায়ন	মিং শার্‌রি মা-খালাক` ।	
তরজমা	'তিনি যাহা সৃষ্টি করিয়াছেন তাহার অনিষ্ট হইতে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	وَمِنْ شَرِّ غَاسِقٍ اِذَا وَقَبَ ۝	3
প্রতিবর্ণায়ন	ওয়া মিং শার্‌রি গা-ছিকি'ন ইযা'-ওয়াক'াব।	
তরজমা	'অনিষ্ট হইতে রাত্রির অন্ধকারের, যখন উহা গভীর হয়	
	وَمِنْ شَرِّ النَّفّٰثٰتِ فِي الْعُقَدِ ۝	4
প্রতিবর্ণায়ন	ওয়া মিং শার্‌রিন নাফ্‌ফা-ছ'া-তি ফিল 'উক'াদ।	
তরজমা	'এবং অনিষ্ট হইতে সমস্ত নারীদের, যাহারা গ্রন্থিতে ফুৎকার দেয়	
	وَمِنْ شَرِّ حَاسِدٍ اِذَا حَسَدَ ۝	5
প্রতিবর্ণায়ন	ওয়া মিং শার্‌রি হ'া-ছিদিন ইযা'-হ'াছাদ।	
তরজমা	এবং অনিষ্ট হইতে হিংসুকের, যখন সে হিংসা করে।'	

114 - An-Nas-নাস -الناس

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

	قُلْ اَعُوْذُ بِرَبِّ النَّاسِ ۝	1
প্রতিবর্ণায়ন	কু'ল আ'উযু' বিরাব্বিন্না-ছ,	
তরজমা	বল, 'আমি শরণ লইতেছি মানুষের প্রতিপালকের,	
	مَلِكِ النَّاسِ ۝	2
প্রতিবর্ণায়ন	মালিকিন্না-ছ,	
তরজমা	'মানুষের অধিপতির,	
	اِلٰهِ النَّاسِ ۝	3
প্রতিবর্ণায়ন	ইলা-হিন্না-ছ।	
তরজমা	'মানুষের ইলাহের নিকট	
	مِنْ شَرِّ الْوَسْوَاسِ ۙ الْخَنَّاسِ ۝	4
প্রতিবর্ণায়ন	মিং শার্‌রিল ওয়াছ ওয়া-ছিল খান্না-ছ।	
তরজমা	আত্মগোপনকারী কুমন্ত্রণাদাতার অনিষ্ট হইতে'	
	الَّذِيْ يُوَسْوِسُ فِيْ صُدُوْرِ النَّاسِ ۝	5
প্রতিবর্ণায়ন	আল্লায'ী ইউওয়াছ্‌বি'ছু ফী সুদূরিন্নাছ-।	
তরজমা	'যে কুমন্ত্রণা দেয় মানুষের অন্তরে,	

আয়াতের ধরণ	*পবিত্র কোরআনের আয়াত - বাংলা তরজমা*	আয়াত নং
	مِنَ الْجِنَّةِ وَالنَّاسِ ۝٦	6
প্রতিবর্ণায়ন	মিনাল জিন্নাতি ওয়ান্না-ছ।	
তরজমা	'জিনের মধ্য হইতে এবং মানুষের মধ্য হইতে।'	